٥٣. عَرْمَعُ عَلَيُ بُنُ الْجَعْدِ قَالَ أَخْبَرَنَا شُعْبَةُ عَنْ أَبِي جَمْرَةَ قَالَ كُنْتُ أَقَعُدُ مَعَ ابْنِ عَبَّاسِ يُجْلِسُنِي عَلَى سَرِيرِهِ فَقَالَ أَقِمْ عِنْدِي جَتَّى أَجْعَلَ لَكَ سَهُمًا مِنْ مَالِي فَأَقَمْتُ مَعَهُ شَهْرَيْنِ ثُمَّ قَالَ إِنَّ وَفُدَ عَيْرَ خَزَايَا وَلاَ الْقَيْسِ لَمَّا أَتُوا النَّبِيَ عَنَّمُ عَنْد عَيْرَ خَزَايَا وَلاَ الْقَيْسِ لَمَّا أَتُوا النَّبِي عَنَّا الْمَوْلُ اللهِ إِنَّا لاَ نَسْتَطِيعُ أَنْ نَاتِيكَ إِلاَّ فِي الشَّهْرِ الْحَرَامِ وَبَيْنَنَا وَبَيْنَكَ هَذَا الْحَيُّ مِنْ كُفَّارِ نَدَامَى فَقَالُوا يَا رَسُولَ اللهِ إِنَّا لاَ نَسْتَطِيعُ أَنْ نَاتِيكَ إِلاَّ فِي الشَّهْرِ الْحَرَامِ وَبَيْنَنَا وَبَيْنَكَ هَذَا الْحَيِّ مِنْ كُفَّارِ مُضَرَ فَمُرْنَا بِأَمْرِ فَصْلِ نُخْبِرُ بِهِ مَنْ وَرَاءَنَا وَنَدْخُلُ بِهِ الْجَنَّةَ وَسَأَلُوهُ عَنِ الأَشْرِيةِ فَأَمْرَهُمْ بِأَرْبَعِ وَنَهَاهُمْ عَنْ أَرْبَعِ عَنِ الْحَرَامُ وَلَكُ اللهِ وَحْدَهُ قَالُوا اللهُ وَرَسُولُهُ أَعْلَمُ قَالَ شَهَادَةً أَنْ مُضَرِّ فَمُرْنَا بِأَمْرُ وَمُ عَنْ أَرْبَعِ عَنِ الْحَنْتَمِ وَالدُّبَاءِ وَالنَّقِيرِ وَالْمُزَفِّتِ وَرُبَّمَا قَالَ الْمُقَيَّرِ وَقَالَ احْفَظُوهُنَ وَأَخْبِرُوا اللهُ وَرَاءَكُمْ عَنْ أَرْبَعِ عَنِ الْحَنْتَمِ وَالنَّقِيرِ وَالْمُزَفِّتِ وَرُبَّمَا قَالَ الْمُقَيَّرِ وَقَالَ احْفَظُوهُنَ وَأَنْ اللهُ عَنْ أَرْبَعِ عَنِ الْحَنْتَمِ وَالنَّقِيرِ وَالْمُزَفِّتِ وَرُبَّمَا قَالَ الْمُقَيَّرِ وَقَالَ احْفَظُوهُنَ وَأَخْبِرُوا بِهِ الللهُ وَرَاءَكُمْ.

৫৩. আবৃ জামরাহ (রহ.) হতে বর্ণিত। তিনি বলেন, আমি ইব্নু 'আব্বাস 🚌 -এর সাথে বসতাম। তিনি আমাকে তাঁর আসনে বসাতেন। একবার তিনি বললেন ঃ তুমি আমার কাছে থেকে যাও, আমি তোমাকে আমার ধন-সম্পদ হতে কিয়দংশ প্রদান করব। আমি তাঁর সাথে দু'মাস থাকলাম। অতঃপর একদা তিনি বললেন, আবদুল কায়েস-এর একটি প্রতিনিধি দল আল্লাহর রসূল 😂 এর নিকট আগমন করলে তিনি বললেন ঃ তোমরা কোন গোত্রের? কিংবা বললেন, কোন প্রতিনিধিদলের? তারা বলল, 'রাবী'আ গোত্রের।' তিনি বললেন ঃ স্বাগতম সে গোত্র বা সে প্রতিনিধি দলের প্রতি, যারা অপদস্থ ও লজ্জিত না হয়েই আগমন করেছে। তারা বলল, হে আল্লাহর রসূল! শাহরুল হারাম ব্যতীত অন্য কোন সময় আমরা আপনার নিকট আগমন করতে পারি না। আমাদের এবং আপনার মধ্যে মুযার গোত্রীয় কাফিরদের বসবাস। তাই আমাদের কিছু স্পষ্ট নির্দেশ দিন, যাতে করে আমরা যাদের পিছনে ছেড়ে এসেছি তাদের অবগত করতে পারি এবং যাতে করে আমরা জান্নাতে দাখিল হতে পারি। তারা পানীয় সম্বন্ধেও জিজ্ঞেস করল। তখন তিনি তাদেরকে চারটি বিষয়ের আদেশ এবং চারটি বিষয় হতে নিষেধ করলেন। তাদেরকে এক আল্লাহ্তে বিশ্বাস স্থাপনের নির্দেশ দিয়ে বললেন ঃ 'এক আল্লাহ্র প্রতি কীভাবে বিশ্বাস স্থাপন করা হয় তা কি তোমরা অবগত আছ?' তাঁরা বলল, 'আল্লাহ ও তাঁর রসূলই অধিক জ্ঞাত।' তিনি বললেন ঃ 'তা হচ্ছে এ সাক্ষ্য দেয়া যে, আল্লাহ্ ব্যতীত প্রকৃত কোন উপাস্য নেই এবং মুহাম্মাদ 🚐 আল্লাহ্র রসূল এবং সলাত প্রতিষ্ঠা করা, যাকাত আদায় করা, রমাযানের সিয়ামব্রত পালন করা; আর তোমরা গানীমাতের সম্পদ হতে এক-পঞ্চমাংশ আদায় করবে। তিনি তাদেরকে চারটি বিষয় হতে বিরত থাকতে বললেন। আর তা হচ্ছে ঃ সবুজ কলস, শুকনো কদুর খোল, খেজুর বৃক্ষের গুড়ি হতে তৈরী বাসন এবং আলকাতরা দারা রাঙানো পাত্র। রাবী বলেন, বর্ণনাকারী (মুযাফফাত-এর স্থলে) কখনও আননাকীর উল্লেখ করেছেন (দু'টি শব্দের অর্থ একইরূপ)। তিনি আরো বলেন, তোমরা এ বিষয়গুলো ভালো করে জেনে নাও এবং অন্যদেরও এগুলো অবগত কর। (৮৭, ৫২৩, ১৩৯৮, ৩০৯৫, ৩৫১০, ৪৩৬৮, ৪২৬৯, ৬১৭৬, ৭২৬৬, ৭৫৫৬; মুসলিম ১/৬ হাঃ ১৭) (আ.প্র. ৫১, ই.ফা. ৫১)

اَوْ اَلْأَعْمَالَ بِالنَيَّةِ وَالْحِسْبَةِ وَلِكُلِّ امْرِئَ مَا نَوَى. ১ ١/٢ عَمَالَ بِالنَيَّةِ وَالْحِسْبَةِ وَلِكُلِّ امْرِئَ مَا نَوَى. ২/৪১. অধ্যায় ঃ 'আমালসমূহ সংকল্প ও পুণ্যের আকাজ্ফা অনুযায়ী, প্রতিটি ব্যক্তির প্রাপ্য তার সংকল্প অনুযায়ী।

অর্থাৎ সংকল্প অনুসারে। মানুষ তার পরিবারবর্গের জন্য পুণ্যের আশায় যা ব্যয় করে, তা সদাক্বাহ। নাবী 🚝 বলেছেন, (এখন মাক্কাহ হতে হিজরাত নেই) তবে কেবল জিহাদ ও নিয়্যাত অবশিষ্ট রয়েছে।

٥٤. عرشنا عَبْدُ اللهِ بْنُ مَسْلَمَةً قَالَ أَخْبَرَنَا مَالكُ عَنْ يَحْيَى بْنِ سَعِيد عَنْ مُحَمَّد بْنِ إِبَسرَاهِيمَ عَسنَ عَلَى عَبْدُ اللهِ بْنُ مَسْلَمَةً قَالَ اللهِ عَلَى عَلَى اللهِ عَنْ عُمْرَ أَنْ رَسُولَ اللهِ عَلَى اللهِ وَمَنْ كَانَتْ هِجْرَتُهُ لَدُنْيَا يُصِيبُهَا أَوُ امْرَأَةٍ يَتَزَوَّجُهَا فَهِجْرَتُهُ إِلَى مَا هَاجَرَ إِلَيْهِ.
 هَاجَرَ إلَيْه.

- ৫৪. 'উমার ( হেত বর্ণিত। আল্লাহর রস্ল হেত বর্লেছেন ঃ কর্মসমূহ সংকল্পের সাথে সম্পৃক্ত এবং প্রতিটি মানুষের প্রাপ্য তার সংকল্প অনুযায়ী। কাজেই যার হিজরাত হবে আল্লাহ্ ও তদীয় রসূলের উদ্দেশে, তার হিজরাত আল্লাহ্ ও তদীয় রসূলের উদ্দেশে হয়েছে বলেই ধরা হবে। আর যার হিজরাত হয় দুনিয়া অর্জনের জন্য বা কোন নারীকে বিবাহ করার উদ্দেশে, তার হিজরাত সে উদ্দেশেই হবে যে উদ্দেশে সে হিজরাত করেছে। (১; মুসলিম ৩৩/৪৫ হাঃ ১৯০৭, আহমাদ ১৬৮) (আ.প্র. ৫২, ই.ফা. ৫২)
- ٥٥. صر*ثنا* حَجَّاجُ بْنُ مِنْهَالَ قَالَ حَدَّنَنَا شُعْبَةُ قَالَ أَخْبَرَنِي عَدِيُّ بْنُ ثَابِت قَالَ سَمعْتُ عَبْدَ اللهِ بُــنَ يَزِيدَ عَنْ أَبِي مَسْعُودِ عَنِ النَّبِيِّ ﷺ قَالَ إِذَا أَنْفَقَ الرَّحُلُ عَلَى أَهْلِهِ يَحْتَسِبُهَا فَهُوَ لَهُ صَدَقَةً.
- ৫৫. আবৃ মাস'উদ 📻 হতে বর্ণিত। আল্লাহর রসূল 🥰 বলেছেন ঃ মানুষ স্বীয় পরিবার-পরিজনের জন্য পুণ্যের আশায় যখন ব্যয় করে তখন সেটা তার জন্য সদাকাহ হয়ে যায়। (৪০০৬, ৫৩৫১) (আ.প্র. ৫৩, ই.ফা. ৫৩)
- ٥٦. **مرشنا** الْحَكَمُ بْنُ نَافِعِ قَالَ أَخْبَرَنَا شُعَيْبٌ عَنْ الزُّهْرِيِّ قَالَ حَدَّنَنِي عَامِرُ بْنُ سَعْد عَنْ سَعْد بَسِنِ أَبِي وَقَّاصٍ أَنَّهُ أَخْبَرَهُ أَنَّ رَسُولَ اللهِ ﷺ قَالَ إِنَّكَ لَنْ تُنْفِقَ نَفَقَةً تَبْتَغِي بِهَا وَجُهَ اللهِ إِلاَّ أُجِرْتُ عَلَيْهَا حَتَّى مَا تَجْعَلُ فِي فَمِ امْرَأَتِكَ.

৫৬. সা'আদ ইব্নু আবৃ ওয়াকাস হাত বর্ণিত। আল্লাহর রসূল ক্ষ্রীর বলেছেন ঃ 'তুমি আল্লাহ্র নৈকট্য অর্জনের উদ্দেশে যা-ই ব্যয় কর না কেন, তোমাকে তার প্রতিদান নিশ্চিতরূপে প্রদান করা হবে। এমনকি তুমি তোমার স্ত্রীর মুখে যা তুলে দাও, তারও।' (১২৯৫, ২৭৪২, ২৭৪৪, ৩৯৩৬, ৪৪০৯, ৫৩৫৪, ৫৬৫৯, ৫৬৬৮, ৬৩৭৩, ৬৭৩৩; মুসলিম ২৫/১ হাঃ ১৬২৮, আহমাদ ১৫৪৬) (আ.প্র. ৫৪, ই.কা. ৫৪)

٢/٢. بَابِ قَوْلِ النَّبِيِّ ﷺ الدِّينُ النَّصِيحَةُ لِلَّهِ وَلِرَسُولِهِ وَلِأَنِمَّةِ الْمُسْلِمِينَ وَعَامَّتِهِمْ.

২/৪২. অধ্যায় ঃ নাবী ক্র্রে-এর বাণী ঃ "দীন হল কল্যাণ কামনা করা আল্লাহ্র সন্তুষ্টির জন্য, তাঁর রসূলের জন্য, মুসলিম নেতৃবৃন্দের জন্য এবং সমগ্র মুসলিমের জন্য।"

وَقَوْلِهِ تَعَالَى ﴿ إِذَا نَصَحُوا للَّهِ وَرَسُولِهِ ﴾

আল্লাহ্ তা'আলার বাণী ঃ 'যদি আল্লাহ্ ও তাঁর রস্লের প্রতি আস্থা রাখে।' (স্রাহ্ আত্-তাওবাহ্ ৯/৯১)

٥٧. صر ثنا مُسَدَّدُ قَالَ حَدَّثَنَا يَحْيَى عَنْ إِسْمَاعِيلَ قَالَ حَدَّثَنِي قَيْسُ بْنُ أَبِي حَازِمٍ عَنْ جَرِيرِ بْنِ عَبْدِ

اللهِ قَالَ بَايَعْتُ رَسُولَ اللهِ عَلَى إِقَامِ الصَّلاَةِ وَإِيتَاءِ الزُّكَاةِ وَالنُّصْحِ لِكُلِّ مُسْلِمٍ.

৫৭. জারীর ইব্নু 'আঁবদুর্লাহ্ আঁল-বার্জালী ক্রি হতে বর্ণিত। তিনি বলেছেন ঃ আমি আল্লাহর রসূল ক্রি-এর নিকট বায় আত গ্রহণ করেছি সলাত কায়িম করার, যাকাত প্রদান করার এবং সমস্ত মুসলিমের মঙ্গল কামনা করার। (৫২৪, ১৪০১, ২১৫৭, ২৭১৪, ২৭১৫, ৭২০৪; মুসলিম ১/২৩ হাঃ ৫৬, আহমাদ ৩২৮১) (আ.প্র. ৫৫, ই.ফা. ৫৫)

٥٨. صرتنا أبُو النُّعْمَانِ قَالَ حَدَّثَنَا أَبُو عَوَانَةَ عَنْ زِيَادِ بْنِ عِلاَقَةَ قَالَ سَمِعْتُ جَرِيرَ بْنَ عَبْدِ اللهِ يَقُولُ يَوْمَ مَاتَ الْمُغِيرَةُ بْنُ شُعْبَةً قَامَ فَحَمدَ الله وَأَنْنَى عَلَيْهِ وَقَالَ عَلَيْكُمْ بِاتِّقَاءِ الله وَحْدَهُ لاَ شَرِيكَ لَهُ وَالْوَقَارِ وَالسَّكِينَةِ حَتَّى يَأْتِيكُمْ أَمِيرٌ فَإِنَّمَا يَأْتِيكُمْ الْآنَ ثُمَّ قَالَ اسْتَعْفُوا لِأَمِيرِكُمْ فَإِنَّهُ كَانَ يُحِبُّ الْعَفُو ثُمَّ قَالَ أَمَّا وَالسَّكِينَةِ حَتَّى يَأْتِيكُمْ أَمِيرٌ فَإِنَّهُ عَلَى الإِسْلامِ فَشَرَطَ عَلَى وَالنَّصْحِ لِكُلِّ مُسْلِمٍ فَبَايَعْتُهُ عَلَى هَلَا مَنْ وَرَبِّ هَذَا الْمَسْحِد إِنِي لَنَاصِحُ لَكُمْ ثُمَّ اسْتَغْفَرَ وَنَزَلَ.

৫৮. যিয়াদ ইব্নু 'ইলাকা (রহ.) হতে বর্ণিত। তিনি বলেনঃ মুগীরাহ ইব্নু শু'বাহ ( যেদিন ইন্তি কাল করেন সেদিন আমি জারীর ইব্নু 'আবদুল্লাহ্ ( এন)-এর নিকটে শুনেছি, তিনি (মিম্বারে) দাঁড়িয়ে আল্লাহ্র প্রশংসা ও সানা বর্ণনা করে বললেন, তোমরা এক আল্লাহ্কে ভয় কর যাঁর কোন অংশীদার নেই এবং নতুন কোন নেতার আগমন না হওয়া পর্যন্ত শৃশ্বখলা বজায় রাখ, অতি সত্ত্বর তোমাদের নেতা আগমন করবেন। অতঃপর জারীর ( বললেন, তোমাদের নেতার জন্য ক্ষমা চাও; কেননা, তিনি ক্ষমা করা পছন্দ করেন। অতঃপর বললেন, একদা আমি আল্লাহর রস্ল ক্রি-এর নিকটে এসে আর্য করলাম, আমি আপনার নিকট ইসলামের বায়'আত নিতে চাই। তিনি (অন্যান্য বিষয়ের সাথে) আমার উপর শর্ত

দিয়ে বললেন ঃ আর সকল মুসলমানের মঙ্গল কামনা করবে। অতঃপর আমি তাঁর নিকট এ শর্তের উপর বায়'আত নিলাম। এ মাসজিদের প্রতিপালকের শপথ! আমি তোমাদের মঙ্গলকামনাকারী। অতঃপর তিনি আল্লাহ্র নিকট ক্ষমা প্রার্থনা করলেন এবং (মিম্বার হতে) নেমে গেলেন। (৫৭) (আ.প্র. ৫৬, ই.ফা. ৫৬) بِسْمِ اللهِ الرَّحْمٰنِ الرَّحِيمِ পরম দয়ালু করুণাময় আল্লাহ্র নামে

# ٣-كِتَابِ الْعِلْم

# পর্ব (৩) ঃ আল-'ইল্ম (ধর্মীয় জ্ঞান)

1/٣. بَابِ فَضْلِ الْعِلْمِ.

৩/১. অধ্যায় ঃ 'ইলুমের ফাযীলাত।

وَقَوْلِ اللهِ تَعَالَى ﴿ يَرْفَعُ اللهُ الَّذِينَ آمَنُوا مِنْكُمْ وَالَّذِينَ أُوتُوا الْعِلْمَ دَرَجَاتٍ وَاللهُ بِمَا تَعْمَلُونَ خَبِيرٌ ﴾ وَقُول اللهِ عَرَّ وَجَلٌ وَقُلْ ﴿ رَبّ زِدْنِي عِلْمًا ﴾

আল্লাহ তা'আলার বাণী ঃ "তোমাদের মধ্যে যারা ঈমানদার আল্লাহ তা'আলা তাদের মর্যাদা বৃদ্ধি করে দেবেন এবং তাদেরকেও (বাড়িয়ে দিবেন) যাদেরকে ইল্ম দেয়া হয়েছে। আর আল্লাহ তোমাদের কার্যকলাপ সম্পর্কে পূর্ণ অবগত আছেন" – (সূরাহু আল-মুজাদালাহু ৫৮/১১)।

মহান আল্লাহ্র বাণী ঃ "হে আমার প্রতিপালক! আমার জ্ঞান বাড়িয়ে দাও।" (সূরাহু তোয়াহা ২০/১১৪)

. ٢/٣. بَابِ مَنْ سُئِلَ عِلْمًا وَهُوَ مُشْتَغِلُ فِي حَدِيثِهِ فَأَتَمَّ الْحَدِيثَ ثُمَّ أَجَابَ الْسَّائِلَ. ٥/২. অধ্যায় ঃ আলোচনায় রত অবস্থায় ইল্ম সম্পর্কে জিজ্ঞেস করা হলে আলোচনা শেষ করার পর প্রশ্নকারীর উত্তর দেয়া।

٥٩. عرشنا مُحَمَّدُ بَنُ سِنَانِ قَالَ حَدَّثَنَا فُلَيْحٌ ح و حَدَّثَنِي إِبْرَاهِيمُ بَنُ الْمُنْذِرِ قَالَ حَدَّثَنَا مُحَمَّدُ بَسِنُ فُلَيْحٍ قَالَ حَدَّثَنِي أَبِي هُرَيْرَةَ قَالَ بَيْنَمَا النَّبِيُّ فَلَيْ فِي فُلَيْحٍ قَالَ حَدَّثَنِي أَبِي هُلَالُ بَنُ عَلِي عَنْ عَطَاءِ بَنِ يَسَارِ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ بَيْنَمَا النَّبِيُّ فَقَالَ مَتَى السَّاعَةُ فَمَضَى رَسُولُ اللهِ فَلَمْ يُحَدِّثُ فَقَالَ بَعْضُ الْقَوْمِ سَمِعَ مَجْلُس يُحَدِّثُ الْقَوْمَ جَاءَهُ أَعْرَابِيٌّ فَقَالَ مَتَى السَّاعَةُ فَمَضَى رَسُولُ اللهِ فَلَمْ يُحَدِّثُ فَقَالَ بَعْضُ الْقَوْمِ سَمِعَ مَا قَالَ وَقَالَ بَعْضُهُمْ بَلْ لَمْ يَسْمَعْ حَتَّى إِذَا قَضَى حَدِيثَهُ قَالَ أَيْنَ أُرَاهُ السَّائِلُ عَنَ السَّاعَةِ قَالَ مَا يَا رَسُولَ اللهِ قَالَ وَقَالَ بَعْضُهُمْ بَلْ لَمْ يَسْمَعْ حَتَّى إِذَا قَضَى حَدِيثَهُ قَالَ أَيْنَ أُرَاهُ السَّائِلُ عَنْ السَّاعَةِ قَالَ كَيْفَ إِضَاعَتُهَا قَالَ إِذَا وُسِّدَ الْأَمْرُ إِلَى غَيْرِهُ مَا قَالَ فَإِذَا ضُيِّعَتُ الْأَمَانَةُ فَاثَتَظِرُ السَّاعَةَ قَالَ كَيْفَ إِضَاعَتُهَا قَالَ إِذَا وُسِّدَ الْأَمْرُ إِلَى غَيْرِهُ مَا قَالَ إِذَا وُسِّدَ الْأَمْرُ إِلَى غَيْرِهُ مَا قَالَ فَإِذَا ضُيِّعَتُ الْأَمَانَةُ فَاثَتَظِرُ السَّاعَةَ قَالَ كَيْفَ إِضَاعَتُهَا قَالَ إِذَا وُسِدَ الْأَمْرُ إِلَى غَيْرِهُ مَا قَالَ اللهِ قَالَ اللهِ قَالَ اللهِ قَالَ اللهُ قَالَ اللهُ قَالَتَظِرُ السَّاعَة قَالَ كَيْفَ إِضَاعَتُهَا قَالَ إِذَا وُسِدَ الْأَمْرُ إِلَى عَيْرِهُ السَّاعَةُ اللَّهُ فَانْتَظِرُ السَّاعَةُ اللَّهُ فَانْتَظِرُ السَّاعَةُ اللَّا اللَّهُ فَانْتَظُولُ اللَّهُ فَانْتُنْ إِلَا الْعَلَا اللَّهُ الْقَالَ الْمَالَةُ فَالْتَعْلِقُ اللَّهُ فَالْمَالَةُ الْمُعَالَى الْمَائِلَةُ فَى الْمَائِلُ اللَّهُ الْمُؤْلِقُ السَّاعِلَ اللَّالَقُولُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّالَقُلُولُ الْمُعْلَالِ اللَّهُ اللَّهُ اللَّهُ الْمَلْمُ اللَّهُ اللَّهُ

কে. আবৃ হুরাইরাহ ( হে বর্ণিত। তিনি বলেন ঃ একদা আল্লাহর রস্ল হৈ মজলিসে জনসম্মুখে কিছু আলোচনা করছিলেন। ইতোমধ্যে তাঁর নিকট জনৈক বেদুঈন এসে জিজ্ঞেস করল, 'কিয়ামত কখন সংঘটিত হবে?' আল্লাহর রস্ল হে তাঁর আলোচনায় রত থাকলেন। এতে কেউ কেউ কর্মা- ১/৬

বললেন, লোকটি যা বলেছে তিনি তা শুনেছেন কিন্তু তার কথা পছন্দ করেননি। আর কেউ কেউ বললেন বরং তিনি শুনতেই পাননি। আল্লাহর রসূল ক্ষ্ণী আলোচনা শেষে বললেন ঃ 'ক্রিয়ামাত সম্পর্কে প্রশ্নকারী লোকটি কোথায়?' সে বলল, 'এই যে আমি, হে আল্লাহর রসূল!' তিনি বললেন ঃ 'যখন কোন অনুপযুক্ত ব্যক্তির উপর কোন কাজের দায়িত্ব দেয়া হয়, তখন তুমি কিয়ামতের অপেক্ষা করবে।' (৬৪৯৬) (আ.খ্র. ৫৭, ই.ফা. ৫৭)

# . ग/٣. بَابِ مَنْ رَفَعَ صَوْتَهُ بِالْعِلْمِ. ७/७. अर्थांश ३ উচ্চৈঃস্বরে 'ইলমের আলোচনা।

٦٠. صرشنا أبو النُّعْمَان عَارِمُ بْنُ الْفَضْلِ قَالَ حَدَّنَنَا أَبُو عَوَانَةَ عَنْ أَبِي بِشْرِ عَنْ يُوسُفَ بْنِ مَاهَكَ عَنْ عَبْدِ اللهِ بْنِ عَمْرُو قَالَ تَخَلَّفَ عَنَّا النَّبِيُّ فَيْ فَي سَفْرَة سَافَرْنَاهَا فَأَدْرَكَنَا وَقَدْ أَرُّهَقَتْنَا الصَّلاَةُ وَنَحْنُ نَتَوَضَّأُ فَجَعَلْنَا نَمْسَحُ عَلَى أَرْجُلنَا فَنَادَى بَأَعْلَى صَوْته وَيْلُ للْأَعْقَابِ مِنْ النَّارِ مَرَّتَيْن أَوْ ثَلاَثًا.

৬০. 'আবদুল্লাহ্ ইবনু 'আম্র ( হাত হতে বর্ণিত। তির্নি বলেন, কোন এক সফরে আল্লাহর রস্ল আমাদের পিছনে পড়ে গেলেন। পরে তিনি আমাদের নিকট পৌছলেন, এদিকে আমরা (আসরের) সলাত আদায় করতে বিলম্ব করে ফেলেছিলাম এবং আমরা উয় করছিলাম। আমরা আমাদের পা কোনমতে পানি দ্বারা ভিজিয়ে নিচ্ছিলাম। তিনি উচ্চৈস্বঃরে বললেন ঃ পায়ের গোড়ালিগুলোর (ওকনো থাকার) জন্য জাহান্নামের 'আযাব রয়েছে। তিনি দু'বার বা তিনবার এ কথা বললেন। (৯৬, ১৬৩; মুসলিম ২/৯ হাঃ ২৪১, আহমাদ ৬৮২৩) (আ.প্র. ৫৮, ই.ফা. ৫৮)

# . بَابِ قَوْلِ الْمُحَدِّثِ حَدَّثَنَا وَأَخْبَرَنَا وَأَنْبَأَنَا. ٤/٣ وَهُرَا وَأَنْبَأَنَا. ७/८. অধ্যায় ঃ মুহাिकिरেসর উঞ্জি ঃ হািজাসানা, আখবারানা ও আমাআনা ।

وَقَالَ لَنَا الْحُمَيْدِيُّ كَانَ عِنْدَ ابْنِ عُيَيْنَةً حَدَّثَنَا وَأَخْبَرَنَا وَأَنْبَأَنَا وَسَمَعْتُ وَاحِدًا وَقَالَ ابْنُ مَسْعُود حَدَّثَنَا رَسُولُ اللهِ ﷺ وَهُوَ الصَّادِقُ الْمَصْدُوقُ وَقَالَ شَقِيقٌ عَنْ عَبْدِ اللهِ سَمَعْتُ النَّبِيِّ ﷺ كَلِمَةً وَقَالَ حُذَيْفَةُ حَدَّنَنَا رَسُولُ اللهِ ﷺ فِيمَا يَرْوِي عَنْ رَبِّهِ وَقَالَ أَنسُ عَنِ النَّبِيِّ ﷺ فِيمَا يَرْوِيهِ عَنْ رَبِّهِ وَقَالَ أَنسُ عَنِ النَّبِيِّ ﷺ فِيمَا يَرْوِيهِ عَنْ رَبِّهِ وَقَالَ أَبُو هُرَيْرَةً عَنِ النَّبِيِّ ﷺ فِيمَا يَرْوِيهِ عَنْ رَبِّهُ وَقَالَ أَبُو هُرَيْرَةً عَنِ النَّبِيِّ ﷺ يَرْوِيهِ عَنْ رَبِّكُمْ عَزَّ وَجَلًّ وَقَالَ أَبُو هُرَيْرَةً عَنِ النَّبِيِّ ﷺ يَرْوِيهِ عَنْ رَبِّكُمْ عَزَّ وَجَلًّ .

ভ্মাইদী (রহ.) বর্ণনা করেন যে, ইব্নু 'উয়াইনাহ (রহ.)-এর মতে حَدَّثَنَا وَأَخْبَرَنَا وَأَثْبَانَا وَسَلَم وَهُوَ الصَّادِقُ الْمَصْدُوقُ उत्लन, حَدَّثَنَا رَسُولُ اللهِ صلى الله عليه وسلم وَهُوَ الصَّادِقُ الْمَصْدُوقُ مَرْصَادُ مَنَ مَرْسَلُ اللهِ صلى الله عليه وسلم وَهُوَ الصَّادِقُ الْمَصْدُوقُ مَرْصَادُ مَنَا رَسُولُ اللهِ عليه وسلم كَلِمَةً (अरह वर्णना करति करति मण्डवामी এवং मण्डवामी कर्ण 'আমি مَمْتُ النَّبِيُّ صلى الله عليه وسلم كَلِمَةً (अरह वर्णना करति करति कर्णना करति عَدْتُنَا رَسُولُ اللهِ حَدِيثَشِ (अरह वर्णना करति والكافية) अर्थिक अर्थिक अर्लिहें ...। ভ্যাইফাহ عَدِيثَشِ वर्णना عَدْتُنَا رَسُولُ اللهِ حَدِيثَشِ مَرْسَولُ اللهِ حَدِيثَشِ مَرْسَولُ اللهِ حَدِيثَشِ والله عَدْسَاتُ اللهُ عَدْسَاتُ اللهُ عَدْسَدُ اللهُ عَدْسُولُ اللهِ عَدْسُتُ اللهُ اللهِ عَدْسُتُ اللهُ عَدْسُولُ اللهِ عَدْسُتُ اللهُ عَدْسُولُ اللهِ عَدْسُتُ اللهُ عَدْسُلُ اللهِ عَدْسُتُ اللهُ اللهِ عَدْسُولُ اللهِ عَدْسُنُ اللهُ عَدْسُولُ اللهِ عَدْسُلُولُ اللهِ عَدْسُولُ اللهِ عَلَيْسُ اللهُ عَلَيْسُ اللهُ عَلَيْسُولُ اللهِ عَلَيْسُ اللهُ عَدْسُ اللهُ عَلَيْسُ اللهُ عَلَيْسُ اللهُ عَدُلُولُ اللهُ عَلَيْسُ اللهُ عَلَيْسُ اللهُ عَلَيْسُ اللهُ عَلَيْسُ اللهُ عَلَيْسُ اللهُ اللهُ عَلَيْسُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ عَلَيْسُ اللهُ اللهُ

٦١. عرشنا قُتَيْبَةُ بْنُ سَعِيد حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ جَعْفَرِ عَنْ عَبْدِ اللهِ بْنِ دِينَارِ عَنْ ابْنِ عُمَرَ قَـــالَ قَـــالَ رَسُولُ اللهِ قَتَىٰ إِنَّ مِنْ الشَّحَرِ شَحَرَةً لاَ يَسْقُطُ وَرَقُهَا وَإِنَّهَا مَثَلُ الْمُسْلَمِ فَحَدَّثُونِي مَا هِيَ فَوَقَعَ النَّاسُ فِـــي شَحَرِ الْبَوَادِي قَالَ عَبْدُ اللهِ وَوَقَعَ فِي نَفْسِي أَنَّهَا النَّخَلَةُ فَاسْتَحْيَيْتُ ثُمَّ قَالُوا حَدَّثَنَا مَا هِيَ يَا رَسُولَ اللهِ قَالَ هَيَ النَّولَ اللهِ قَالَ هي النَّخَلَةُ.
 هي النَّخْلَةُ.

৬১. ইব্নু 'উমার হ্রা হতে বর্ণিত। তিনি বলেন, আল্লাহর রসূল একদা বললেন ঃ গাছগাছালির মধ্যে এমন একটি গাছ আছে যার পাতা ঝরে না। আর তা মুসলিমের উদাহরণ, তোমরা আমাকে অবগত কর 'সেটি কী গাছ?' তখন লোকেরা জঙ্গলের বিভিন্ন গাছ-গাছালির নাম ধারণা করতে লাগল। 'আবদুল্লাহ হ্রা বলেন, 'আমার ধারণা হল, সেটা হবে খেজুর গাছ।' কিন্তু আমি (ছোট থাকার কারণে) তা বলতে লজ্জা পাচ্ছিলাম। অতঃপর সহাবীগণ হ্রা বললেন, 'হে আল্লাহর রসূল! আপনি আমাদের বলে দিন সেটি কী গাছ?' তিনি বললেন ঃ 'তা হচ্ছে খেজুর গাছ।' (৬২, ৭২, ১৩১, ২২০৯, ৪৬৯৮, ৫৪৪৪, ৫৪৪৮, ৬১২২, ৬১৪৪; মুসলিম ৫০/১৫ হাঃ ২৮১১, আহমাদ ৬৪৭৭) (আ.শ্র. ৫৯,ই.ফা. ৫৯)

رم. بَابِ طَرْحِ الْإِمَامِ الْمَسْأَلَةَ عَلَى أَصْحَابِهِ لِيَخْتَبِرَ مَا عِنْدَهُمْ مِنَ الْعِلْمِ. ٥/٣ مره. अर्थाय के नियाप्तंत ब्बान यां हिंदियात উत्मर्तन निक्कत कीन विषय उँथापन कती।

77. **عرشنا** خَالِدُ بْنُ مَخْلَد حَدَّنَنَا سُلَيْمَانُ حَدَّنَنَا عَبْدُ اللهِ بْنُ دِينَارِ عَنْ ابْنِ عُمَرَ عَنِ النَّبِيِّ ﷺ قَالَ إِنَّ مِنْ الشَّحَرِ شَجَرَةً لاَّ يَسْقُطُ وَرَقُهَا وَإِنَّهَا مَثَلُ الْمُسْلَمِ حَدَّثُونِي مَا هِيَ قَالَ فَوَقَعَ النَّاسُ فِي شَجَرِ الْبَــوَادِي قَالَ عَبْدُ اللهِ فَوَقَعَ فِي نَفْسِي أَنَّهَا النَّخْلَةُ فَاسْتَحْيَيْتُ ثُنَّمَ قَالُوا حَدِّثْنَا مَا هِيَ يَا رَسُولَ اللهِ قَالَ هِيَ النَّخْلَةُ.

৬২. ইব্নু 'উমার হাতে বর্ণিত যে, নাবী হাত একদা বললেন ঃ 'গাছ-গাছালির মধ্যে এমন একটি গাছ রয়েছে যার পাতা ঝরে পড়ে না। আর তা মুসলিমের উদাহরণ। তোমরা আমাকে বল, সেটি কী গাছ?' রাবী বলেন, তখন লোকেরা জঙ্গলের বিভিন্ন গাছ-গাছালির নাম ধারণা করতে লাগল। 'আবদুল্লাহ হাত বলেন, 'আমার ধারণা হল, সেটা হবে খেজুর গাছ।' কিন্তু আমি (ছোট থাকার কারণে) তা বলতে লজ্জা পাচ্ছিলাম। অতঃপর সহাবীগণ হাত বললেন, 'হে আল্লাহর রসূল! আপনি আমাদের বলে দিন সেটি কী গাছ?' তিনি বললেন ঃ 'তা হচ্ছে খেজুর গাছ।' (৬১) (আ.প্র. ৬০, ই.ফা. ৬০)

# ٦/٣. بَابِ مَا جَاءَ في الْعلْم.

#### ৩/৬. অধ্যায় ঃ হাদীস অধ্যয়ন ও মুহাদ্দিসের নিকট বর্ণনা করা ।

القرَاءَةُ وَالْعَرْضُ عَلَى الْمُحَدِّثِ وَرَأَى الْحَسَنُ وَالتَّوْرِيُّ وَمَالِكُ الْقرَاءَةَ جَائِزَةً وَاحْتَجَّ بَعْضُ هُمْ فِي الْقَرَاءَةَ عَلَى الْعَالَمِ بِحَدِيثِ ضِمَامٍ بَنِ ثَعْلَبَةَ قَالَ لِلنَّبِي اللهُ أَمْرَكُ أَنْ تُصَلِّى الْصَّلَوَاتِ قَالَ نَعَمْ قَالَ فَهَذِه الْقَرَاءَةُ عَلَى النَّبِي الْحَلَّى الْمُقْرِعُ فَيَقُولُ وَاحْتَجَّ مَالِكُ بِالصَّكَ يُقْرَأُ عَلَى الْقَسومِ فَيَقُولُ وَا فَيَهُ لَوْ اللهُ اللهُ اللهُ اللهَ اللهُ ا

وَحَدَّثَنَا مُحَمَّدُ بْنُ إِسْمَاعِيلَ الْبُخَارِيُّ قَالَ حَدَّثَنَا عُبَيْدُ الله بْنُ مُوسَى عَنْ سُفْيَانَ قَالَ إِذَا قُرِئَ عَلَى الْعَالِمِ اللهُ بْنُ مُوسَى عَنْ سُفْيَانَ الْقِرَاءَةُ عَلَى الْعَالِمِ الْمُحَدَّثِ فَلاَ بَأْسَ أَنْ يَقُولَ حَدَّثَنِي قَالَ وَسَمِعْتُ أَبَا عَاصِمٍ يَقُولُ عَنْ مَالِكٍ وَسُفْيَانَ الْقِرَاءَةُ عَلَى الْعَالِمِ وَقَرَاءَتُهُ سَوَاءً.

হাসান বসরী (রহ.) হতে বর্ণিত। তিনি বলেন, শিক্ষকের সামনে শিষ্যদের পাঠ করাতে কোন দ্বিধা নেই। 'উবায়দুল্লাহ ইব্নু মূসা (রহ.) সুফইয়ান (রহ.) থেকে বর্ণনা করেন যে, তিনি বলেন, যখন মুহাদ্দিসের সম্মুখে (কোন হাদীস) পাঠ করা হয় তখন হাদ্দাসানী (তিনি আমার নিকট হাদীস বর্ণনা করেছেন) বলায় কোন আপত্তি নেই। বর্ণনাকারী বলেন, আমি আবু 'আসিমকে মালিক ও সুফইয়ান (রহ.) হতে বর্ণনা করতে শুনেছি যে, 'শিক্ষকের সামনে পাঠ করা এবং শিক্ষকের নিজে পাঠ করা একই পর্যায়ভুক্ত।' (আ.খ. ৬১, ই.কা. ৬১)

٦٣. عَرَثُنَا عَبْدُ اللهِ بَنُ يُوسُفَ قَالَ حَدَّثَنَا اللَّيثُ عَنْ سَعِيدِ هُوَ الْمَقْبُرِيُّ عَنْ شَرِيك بَنِ عَبْدِ اللهِ بَــنِ أَبِي نَمِرٍ أَنَّهُ سَمِعَ أَنسَ بَنَ مَالِكٍ يَقُولُ بَيْنَمَا نَحْنُ جُلُوسٌ مَعَ النَّبِيِّ ﷺ فِي الْمَسْجِدِ دَخلَ رَجُلُ عَلَى جَمَلٍ

فَأَنَاحَهُ فِي الْمَسْجِدِ ثُمَّ عَقَلَهُ ثُمَّ قَالَ لَهُمْ أَيْكُمْ مُحَمَّدٌ وَالنَّبِيُّ ﷺ مُتَّكِئٌ بَيْنَ ظَهْرَانَيْهِمْ فَقُلْنَا هَذَا الرَّجُــلُ الْأَبْيَضُ الْمُتَّكِئُ

فَقَالَ لَهُ الرَّجُلُ يَا ابْنَ عَبْدِ الْمُطَّلِبِ فَقَالَ لَهُ النَّبِيُّ ﷺ قَدْ أَجَبْتُكَ فَقَالَ الرَّجُلُ لِلنَّبِيِّ ﷺ إِنِّي سَسائِلُكَ فَمُشَدَّدُ عَلَيْكَ فِي الْمَسْأَلَة فَلاَ تَحِدُ عَلَيَّ فِي نَفْسكَ فَقَالَ سَلْ عَمَّا بَدَا لَكَ

فَقَالَ أَشَأَلُكَ بِرَبِكَ وَرَبِ مَنْ قَبَلَكَ أَاللهُ أَرْسَلُكَ إِلَى النَّاسِ كُلِّهِمْ فَقَالَ اللَّهُمَّ نَعَمْ قَالَ أَنشُدُكَ بِاللهُ أَاللهُ أَمْرَكَ أَنْ نُصَلِّي الصَّلُوَاتِ الْخَمْسَ فِي الْيُومِ وَاللَّيْلَةِ قَالَ اللَّهُمَّ نَعَمْ قَالَ أَنشُدُكَ بِاللهِ أَاللهُ أَمْرَكَ أَنْ تَلْهُمَّ نَعَمْ قَالَ النَّهُمَّ نَعَمْ قَالَ أَنشُدُكَ بِاللهِ أَاللهُ أَمْرَكَ أَنْ تَأْخُذَ هَذِهِ الصَّدَقَةَ مِنْ أَغْيَائِنَا فَتَقْسِمَهَا عَلَى الشَّهُرَ مِنْ السَّنَةِ قَالَ اللَّهُمَّ نَعَمْ فَقَالَ الرَّجُلُّ آمَنْتُ بِمَا حِثْتَ بِهِ وَأَنَا رَسُولُ مَنْ وَرَائِي مِنْ قَدومُ مِن وَاللهِ مُن وَرَائِي مِنْ قَدومُ وَاللهِ فَقَالَ الرَّجُلُّ آمَنْتُ بِمَا حِثْتَ بِهِ وَأَنَا رَسُولُ مَنْ وَرَائِي مِنْ قَدومِي وَأَنَا ضَمَامُ بُنُ تَعْلَبَةً أَخُو بَنِي سَعْدِ بْنِ بَكُر

وَرَوَاهُ مُوسَى بْنُ إِسْمَاعِيلَ وَعَلِيُّ بْنُ عَبْدِ الْحَمِيدِ عَنْ سُلَيْمَانَ بْنِ الْمُغِيرَةِ عَنْ ثَابِتٍ عَنْ أَنَسٍ عَنِ النَّبِيِّ اللهِ بَهَذَا.

৬৩. আনাস ইব্নু মালিক ( হতে বর্ণিত। তিনি বলেন ঃ একদা আমরা মাসজিদে আল্লাহর রসূল এর সাথে উপবিষ্ট ছিলাম। তখন জনৈক ব্যক্তি সওয়ার অবস্থায় প্রবেশ করল। মাসজিদে (প্রাঙ্গণে) সে তার উটটি বসিয়ে (বেঁধে) দিল। অতঃপর সহাবীদের লক্ষ্য করে বলল, 'তোমাদের মধ্যে মুহাম্মাদ কোন্ ব্যক্তি?' আল্লাহর রসূল ভ তখন তাদের সামনেই হেলান দিয়ে উপবিষ্ট ছিলেন। আমরা বললাম, 'এই হেলান দিয়ে উপবিষ্ট ফর্সা ব্যক্তিটিই হলেন তিনি।'

অতঃপর লোকটি তাঁকে লক্ষ্য করে বলল, 'হে আবদুল মুণ্ডালিবের পুত্র!' নাবী ক্ষ্রু তাকে বললেন: 'আমি তোমার উত্তর দিচ্ছি? লোকটি বলল, 'আমি আপনাকে কিছু জিজ্ঞেস করব এবং সে প্রশ্ন করার ব্যাপারে কঠোর হব, এতে আপনি আমার প্রতি অসভুষ্ট হবেন না।' 'তিনি বললেন, 'তোমার যা মনে চায় জিজ্ঞেস কর।'

সে বলল, 'আমি আপনাকে সীয় প্রতিপালক এবং আপনার পূর্ববর্তীদের প্রতিপালকের শপথ দিয়ে জিজ্ঞেস করছি, আল্লাহ্ কি আপনাকে সমগ্র মানবকুলের প্রতি রসূলরূপে প্রেরণ করেছেন?' তিনি বললেন: 'আল্লাহ্ সাক্ষী, হাা।' সে বলল, 'আমি আপনাকে আল্লাহ্র শপথ দিয়ে বলছি, আল্লাহ্ই কি আপনাকে দিনে রাতে পাঁচ ওয়াক্ত সলাত আদায়ের আদেশ দিয়েছেন?' তিনি বললেন: 'আল্লাহ্ সাক্ষী, হাা।' সে বলল, 'আমি আপনাকে আল্লাহ্র শপথ দিয়ে বলছি, আল্লাহ্ই কি আপনাকে বছরের এ মাসে (রমাযান) সিয়াম পালনের আদেশ দিয়েছেন?' তিনি বললেন: 'আল্লাহ্ সাক্ষী, হাা।' সে বলল, 'আমি আপনাকে আল্লাহ্র শপথ দিয়ে বলছি, আল্লাহ্ই কি আপনাকে আদেশ দিয়েছেন, আমাদের ধনীদের থেকে এসব সদাক্লাহ (যাকাত) আদায় করে দরিদ্রদের মাঝে বন্টন করে দিতে?' নাবী ক্লি বললেন: 'আল্লাহ্ সাক্ষী, হাা।' অতঃপর লোকটি বলল, 'আমি বিশ্বাস স্থাপন করলাম আপনি যা (যে শরী'আত) এনেছেন তার

উপর। আর আমি আমার গোত্রের রেখে আসা লোকজনের পক্ষে প্রতিনিধি, আমার নাম যিমাম ইব্নু সা'লাবা, বানী সা'আদ ইব্নু বক্র গোত্রের একজন।'

মূসা ও 'আলী ইব্নু আবদুল হামীদ (রহ.)....আনাস ( নবী 😂 হতে এরপ বর্ণনা করেছেন। (আ.এ. ৬২, ই.ফা. ৬২)

. ٧/٣ بَابِ مَا يُذْكَرُ فِي الْمُنَاوَلَةِ وَكَتَابِ أَهْلِ الْعِلْمِ بِالْعِلْمِ إِلَى الْبُلْدَانِ. ৩/٩. অধ্যায় : শায়খ কর্তৃক ছাত্রকে হাদীসের কিতাব প্রদান এবং 'আলিম কর্তৃক 'ইলমের কথা লিখে বিভিন্ন দেশে প্রেরণ।

وَقَالَ أَنَسُ بَنُ مَالِكَ نَسَخَ عُثْمَانُ بَنُ عَفَّانَ الْمَصَاحِفَ فَبَعَثَ بِهَا إِلَى الْآفَاقِ وَرَأَى عَبْدُ اللهِ بَنُ عُمَسَرَ وَيَحْيَى بَنُ سَعِيد وَمَالِكُ بَنُ أَنَسِ ذَلِكَ جَائِزًا وَاحْتَجَّ بَعْضُ أَهْلِ الْحِجَازِ فِي الْمُنَاوِلَةِ بِحَديثِ النَّبِسِيِّ عَشَى الْمَعَانِ فِي الْمُنَاوِلَةِ بِحَديثِ النَّبِسِيِّ عَشَى حَيْثُ كُتَبَ لِأُميرُ السَّرِيَّةِ كَتَابًا وَقَالُ لاَ تَقُرَأُهُ حَتَّى تَبُلغَ مَكَانَ كَذَا وَكَذَا فَلَمَّا بَلغَ ذَلِكَ الْمَكَانَ قَرَأَهُ عَلَى النَّاسِ وَأَخْبَرَهُمْ بَأَمْرِ النَّبِيِّ فَلَمَّا النَّاسِ وَأَخْبَرَهُمْ بَأَمْرِ النَّبِيِّ فَلَمَّا اللَّهِ اللهِ اللهُ اللهِ اللهُ اللهِ اللهُ اللهِ اللهِ اللهِ اللهِ اللهُ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهِ اللهُ اللّهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهِ اللهُ اللهُولِ اللهُ ا

আনাস হা বলেন, 'উসমান হা কুরআনের বহু কপি তৈরি করিয়ে বিভিন্ন দেশে প্রেরণ করেন। ''আবদুল্লাহ্ ইব্নু 'উমার হা ইয়াহইয়া ইব্নু সা'ঈদ ও মালিক (রহ.) এটাকে জায়িয মনে করেন। কোন কোন হিজাযবাসী ছাত্রকে হাদীস বর্ণনার অনুমতি প্রদানের ব্যাপারে নাবী হা এর এ হাদীস দিয়ে দলীল পেশ করেন যে, তিনি একটি সেনাদলের প্রধানকে একখানি পত্র দেন এবং তাঁকে বলে দেন, অমুক স্থানে না পৌছা পর্যন্ত এটা পড়ো না। অতঃপর তিনি যখন সে স্থানে পৌছলেন, তখন লোকের সামনে তা পড়ে শোনান এবং আল্লাহর রসূল হা এর ফরমান তাদেরকে জানান।

٦٤. حرشنا إِسْمَاعِيلُ بْنُ عَبْد اللهِ قَالَ حَدَّثَنِي إِبْرَاهِيمُ بْنُ سَعْد عَنْ صَالِح عَنْ ابْنِ شَهَاب عَنْ عُبَيْد الله اللهِ بَنِ عَبْد اللهِ بْنِ عَبْد اللهِ بْنِ عَبْد اللهِ بْنَ عَبْد اللهِ بَنَ عَبْد اللهِ عَبْد أَنْ بَنَ عَبْد اللهِ عَبْد أَنَ اللهِ عَبْد أَنْ بَنَ اللهِ عَبْد أَنْ عَلْم عَنْ أَنْ عَبْد أَنْ عَبْد أَنْ عَلْم عَلَم عَلْم عَلَم عَلْم عَلْم عَلْم

৬৪. 'আবদুল্লাহ ইব্নু 'আব্বাস হ্লু হতে বর্ণিত। আল্লাহর রস্ল হলু জনৈক ব্যক্তিকে তাঁর চিঠি দিয়ে পাঠালেন এবং তাকে বাহরাইনের গভর্নর-এর নিকট তা পৌছে দেয়ার নির্দেশ দিলেন। অতঃপর বাহরাইনের গভর্নর তা কিস্রা (পারস্য সমাট)-এর নিকট দিলেন। পত্রটি পড়ার পর সে ছিঁড়ে টুকরো টুকরো করে ফেলল। বর্ণনাকারী ইব্নু শিহাব (রহ.) বলেন। আমার ধারণা ইব্নু মুসায়্যাব (রহ.) বলেছেন, (এ ঘটনার খবর পেয়ে) আল্লাহর রস্ল হলু তাদের জন্য বদদু'আ করেন যে, তাদেরকেও যেন সম্পূর্ণরূপে টুকরো টুকরো করে ফেলা হয়। (২৯৩৯, ৪৪২৪, ৭২৬৪) (আ.প্র. ৬৪, ই.ফা. ৬৪)

٦٥. عرشنا مُحَمَّدُ بْنُ مُقَاتِلٍ أَبُو الْحَسَنِ الْمَرُوزِيُّ أَخْبَرَنَا عَبْدُ اللهِ قَالَ أَخْبَرَنَا شُعْبَةُ عَنْ قَتَسادَةً عَسَنَ أَنْ يَكْتُبَ فَقِيلَ لَهُ إِنَّهُمْ لاَ يَقْرَءُونَ كِتَابًا إِلاَّ مَخْتُومُسا أَنْ يَكْتُبَ فَقِيلَ لَهُ إِنَّهُمْ لاَ يَقْرَءُونَ كِتَابًا إِلاَّ مَخْتُومُسا

فَاتَّخَذَ خَاتَمًا مِنْ فِضَّة نَقْشُهُ مُحَمَّدٌ رَسُولُ اللهِ كَأَنِّي أَنْظُرُ إِلَى بَيَاضِهِ فِي يَدِهِ فَقُلْتُ لِقَتَادَةَ مَنْ قَالَ نَقَشُـــهُ مُحَمَّدٌ رَسُولُ الله قَالَ أَنسُ.

৬৫. আনাস ইব্ন মালিক হাতে বর্ণিত। তিনি বলেন, নাবী ক্রি একখানা পত্র লিখলেন অথবা একখানা পত্র লিখতে ইচ্ছা পোষণ করলেন। তখন তাঁকে বলা হল, তারা (রোমবাসী ও অনারবরা) সীলমোহর ব্যতীত কোন পত্র পাঠ করেনা। অতঃপর তিনি রূপার একটি আংটি (মোহর) তৈরি করিয়ে নিলেন যাতে খোদিত ছিল (মুহাম্মাদুর রস্লুল্লাহ)। আমি যেন তাঁর হাতে সে আংটির শুদ্রতা দেখতে পাচ্ছি [শু'বা (রহ.) বলেন] আমি কাতাদাহ (রহ.) কে বললাম, কে বলেছে যে, তার নকশা (মুহাম্মাদুর রস্লুল্লাহ) ছিল? তিনি বললেন, 'আনাস হার্টি)। (২৯৩৮, ৫৮৭০, ৫৮৭২, ৫৮৭৪, ৫৮৭৫, ৫৮৭৭, ৭১৬২; মুসলিম ৩৭/১২ হাঃ ২০৯২, আহমাদ ১২৯৪০) (আ.প্র. ৬৫, ই.ফা. ৬৫)

الَّمَ بَابِ مَنْ قَعَدَ حَيْثُ يَنْتَهِي بِهِ الْمَجْلِسُ وَمَنْ رَأَى فُرْجَةً فِي الْحَلْقَةِ فَجَلَسَ فِيهَا. اللهُ الْمَجُلِسُ وَمَنْ رَأَى فُرْجَةً فِي الْحَلْقَةِ فَجَلَسَ فِيهَا. اللهُ الل

77. عَبْدُ اللهِ بَنِ أَبِي طَالِبٍ أَخْبَرَهُ عَنْ أَبِي وَاقِدِ اللَّهِ عِنْ أَنْ رَسُولَ اللهِ اللهِ عَبْدِ اللهِ بَيْنَمَا هُوَ جَالِسٌ فِي الْمَسْجِدِ وَالنَّاسُ مَعَــهُ إِذَ أَبِي طَالِبٍ أَخْبَرَهُ عَنْ أَبِي وَاقِدِ اللَّهِ عِنْ أَنَّ رَسُولَ اللهِ عَلَى اللهِ عَلَى اللهِ عَلَى رَسُولِ اللهِ عَنْ فَأَمَّا أَحَــدُهُمَا أَخَـدُهُمَا وَأَمَّا النَّالِثُ فَاقَبَلَ اثْنَانِ إِلَى رَسُولِ اللهِ عَلَى وَاقِدِ اللهِ عَلَى وَسُولِ اللهِ عَنْ فَأَمَّا أَحَـدُهُمَا وَأَمَّا النَّالِثُ فَا اللهِ عَلَى رَسُولُ اللهِ فَرَاكَ اللهِ فَا وَاقَدَ فَحَلَسَ فِيهَا وَأَمَّا اللهِ عَلَى اللهِ فَا وَاهُ اللهِ فَا وَاهُ اللهِ فَا وَاهُ اللهُ وَأَمَّا اللهَ عَنْ النَّهُ وَالنَّهُ وَاللهِ عَلَى اللهِ فَا وَاهُ اللهِ وَأَمَّا اللهُ وَأَمَّا اللهُ وَامَّا اللهُ وَامَّا اللهُ وَامَّا اللهُ وَامَّا اللهُ وَامَا اللهُ وَامَّا اللهُ وَامَا اللهُ وَامِنَا اللهُ وَامَا اللهُ وَامَا اللهُ وَامَا اللهُ وَامَا اللهُ وَامَا اللهُ وَامِنْ اللهُ وَامَا اللهُ وَامَا اللهُ وَامَا اللهُ وَامَا اللهُ وَامَا اللهُ وَامِنْ اللهُ وَامِنْ اللهُ وَامِنْ اللهُ وَامِنْ اللهُ وَامَا اللهُ وَامَا اللهُ وَامَا اللهُ وَامَا اللهُ وَامَا اللهُ وَامِنْ اللهُ وَامَا اللهُ وَامِنْ اللهُ وَامَاللهُ وَامِنْ اللهُ وَامَاللهُ وَامَا اللهُ وَامَا اللهُ وَامَاللهُ وَامِنْ اللهُ وَامَا اللهُ وَامِنْ اللهُ وَامَا اللهُ وَامَا اللهُ وَامِنْ اللهُ وَامِنْ اللهُ وَامِنْ اللهُ وَامِنْ اللهُ وَامِنْ اللهُ وَامِنْ اللهُ وَامِلْمُ اللهُ وَامِنْ اللهُ اللهُ اللهُ اللهُ وَامِنْ اللهُ اللهُ ال

৬৬. আবৃ ওয়াক্বিদ আল-লায়সী হতে বর্ণিত। আল্লাহর রস্ল -একদা মাসজিদে বসে ছিলেন; তাঁর সাথে আরও লোকজন ছিলেন। এমতাবস্থায় তিনজন লোক আসলো। তন্যধ্যে দু'জন আল্লাহর রস্ল -এর দিকে এগিয়ে আসলেন এবং একজন চলে গেলেন। আবৃ ওয়াকিদ ত্রি বলেন, তাঁরা দু'জন আল্লাহর রস্ল -এর নিকট কিছুক্ষণ দাঁড়িয়ে থাকলেন। অতঃপর তাঁদের একজন মাজলিসের মধ্যে কিছুটা খালি জায়গা দেখে সেখানে বসে পড়লেন এবং অপরজন তাদের পেছনে বসলেন। আর তৃতীয় ব্যক্তি ফিরে গেল। যখন আল্লাহর রস্ল অবসর হলেন (সহাবীদের লক্ষ্য করে) বললেন: আমি কি তোমাদেরকে এই তিন ব্যক্তি সম্পর্কে কিছু বলব নাং তাদের একজন আল্লাহ্র আশ্রয় প্রার্থনা করল, আল্লাহ্ তাকে আশ্রয় দিলেন। অন্যজন লজ্জাবোধ করল, তাই আল্লাহ্ও তার ব্যাপারে লজ্জাবোধ করলেন। আর অপরজন (মাজলিসে হািযর হওয়া থেকে) মুখ ফিরিয়ে নিলেন, তাই আল্লাহ্ও তার থেকে মুখ ফিরিয়ে নিলেন। (৪৭৪; মুসলিম ৩৯/১০ হাঃ ৬১৭৬, আহমাদ ২১৯৬৬) (আ.প্র. ৬৬, ই.ফা. ৬৬)

# ٩/٣. بَابِ قَوْلِ النَّبِيِّ اللَّهُ رُبُّ مُبَلِّغٍ أَوْعَى مِنْ سَامِعٍ.

৩/৯. অধ্যায় : নাবী ্ল্ল্ড্র-এর বাণী : যাদের নিকট হাদীস পৌছান হয় তাদের মধ্যে অনেকে এমন রয়েছে, যে শ্রোতা অপেক্ষা অধিক আয়ন্ত রাখতে পারে।

77. مرثنا مُسَدَّدُ قَالَ حَدَّنَنَا بِشَرُ قَالَ حَدَّنَنَا ابْنُ عَوْن عَنْ ابْنِ سِيرِينَ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبِي بَكْرَةً عَنْ أَبِيهِ ذَكَرَ النَّبِيَ عَلَى قَعَدَ عَلَى بَعِيرِهِ وَأَمْسَكَ إِنْسَانٌ بِحطَّامِه أَوْ بِرِمَامِه قَالَ أَيُّ يَوْمٍ هَذَا فَسَكَتْنَا حَتَّى عَنْ أَبِيهِ ذَكَرَ النَّبِي عَلَى الشَمِهِ قَالَ أَلْيَسَ يَوْمَ النَّحْرِ قُلْنَا بَلَى قَالَ فَإِنَّ شَهْرٍ هَذَا فَسَكَثْنَا حَتَّى ظَنَنَا اللَّهُ اللَّهُ سَيُسَمِّيهِ سِوَى الشَمِهِ قَالَ أَلْيَسَ يَوْمَ النَّحْرِ قُلْنَا بَلَى قَالَ فَإِنَّ دِمَاءَكُمْ وَأَمْوَالُكُمْ وَأَعْرَاضَكُمْ بَيْنَكُمْ حَسرامُ سَيْسَمِيه بِغَيْرِ السَّمَه فَقَالَ أَلْيَسَ بِذِي الْحِجَّة قُلْنَا بَلَى قَالَ فَإِنَّ دِمَاءَكُمْ وَأَمْوَالُكُمْ وَأَعْرَاضَكُمْ بَيْنَكُمْ حَسرامُ كَمْ مَذَا فِي شَهْرِكُمْ هَذَا فِي بَلَدِكُمْ هَذَا لِيُبَلِّغِ الشَّاهِدُ الْغَاثِبَ فَإِنَّ الشَّاهِدَ عَسَى أَنْ يُبَلِّغَ مَسنَ هُو أَوْعَلُولُ الشَّاهِدُ الْفَائِبَ فَإِنَّ الشَّاهِدَ عَسَى أَنْ يُبَلِّغَ مَسنَ أَنْ يُبَلِّغَ مَسنَ

৬৭. আবৃ বাক্রাহ্ হতে বর্ণিত। তিনি একদা নাবী ক্রি-এর কথা উল্লেখ করে বলেন, (মিনায়) তিনি তাঁর উটের উপর উপবেশন করলেন। জনৈক ব্যক্তি তাঁর উটের লাগাম ধরে রেখছিল। তিনি বললেন : 'এটা কোন্ দিন?' আমরা চুপ করে রইলাম আর ধারণা করলাম যে, অচিরেই তিনি এ দিনটির আলাদা কোন নাম দিবেন। তিনি বললেন : "এটা কি কুরবানীর দিন নয়?' আমরা বললাম, 'জি হাা।' তিনি জিজ্জেস : 'এটা কোন্ মাস?' আমরা নীরব রইলাম আর ধারণা করলাম যে, অচিরেই তিনি এর আলাদা কোন নাম দিবেন। তিনি বললেন : 'এটা কি যিলহাজ্জ মাস নয়?' আমরা বললাম, 'জী হাা।' তিনি বললেন : 'তোমাদের রক্ত, তোমাদের ধন-সম্পদ, তোমাদের সম্মান তোমাদের পরস্পরের জন্য হারাম, যেমন আজকের তোমাদের এ দিন, তোমাদের এ মাস, তোমাদের এ শহর মর্যাদা সম্পন্ন। এখানে উপস্থিত ব্যক্তিরা (আমার এ বাণী) যেন অনুপস্থিত ব্যক্তির নিকট এসব কথা পৌছে দেয়। কারণ উপস্থিত ব্যক্তি সম্ভবত এমন এক ব্যক্তির নিকট পৌছাবে, যে এ বাণীকে তার চেয়ে অধিক আয়ন্তে রাখতে পারবে।' (১০৫, ১৭৪১, ৩১৯৭, ৪৪০৬, ৪৬৬২, ৫৫৫০, ৭০৭৮, ৭৪৪৭; মুসলিম ২৮/৯ হাঃ ১৬৭৯, আহমাদ ২০৪০৮) (আ.গ্র. ৬৭, ইফা. ৬৭)

# العَلْمُ قَبَلَ الْقَوْلِ وَالْعَمَلِ. ١٠/٣ بَابِ الْعِلْمُ قَبَلَ الْقَوْلِ وَالْعَمَلِ. ৩/১০. অধ্যায় : বলা ও করার পূর্বে জ্ঞান আবশ্যক। لقَوْل الله تَعَالَى ﴿فَاعْلَمْ أَنَهُ لاَ إِلهَ إِلاَ اللهُ ﴾ فَبَداً بِالْعِلْمِ لَقُولُ الله تَعَالَى ﴿فَاعْلَمْ أَنَهُ لاَ إِلهَ إِلاَ الله ﴾ فَبَداً بِالْعِلْمِ

মহা মহিমান্বিত আল্লাহ্ বলেন : "সুতরাং জেনে রাখ, আল্লাহ্ ব্যতীত প্রকৃত কোন উপাস্য নেই।' (স্রাহ্ মুহাম্মাদ ৪৭/১৯)। আল্লাহ্ 'ইলম দ্বারা আরম্ভ করেছেন।

وَأَنَّ الْعُلَمَاءَ هُمْ وَرَئَةُ الْأَثْبِيَاءِ وَرَّتُوا الْعِلْمَ مَنْ أَخَذَهُ أَخَذَ بِحَظٌ وَافِرٍ وَمَنْ سَلَكَ طَرِيقًا يَطْلُبُ بِهِ عِلْمًا سَهَّلَ اللهُ مِنْ عِبَادِهِ الْعُلْمَاءُ﴾ وَقَالَ ﴿وَمَا يَعْقِلُهَا إِلاَّ الْعَالِمُونَ اللهُ مِنْ عِبَادِهِ الْعُلْمَاءُ﴾ وَقَالَ ﴿وَمَا يَعْقِلُهَا إِلاَّ الْعَالِمُونَ

وَقَالُوا لَوْ كُنَّا نَسْمَعُ أَوْ نَعْقِلُ مَا كُنَّا فِي أَصْحَابِ السَّعِيرِ ﴾ وَقَالَ ﴿ هَلْ يَسْتَوِي الَّذِينَ يَعْلَمُونَ ﴾ وَقَالُ اللَّهِ يَنْ يَعْلَمُونَ ﴾ وَقَالُ النَّيْ عَلَمُ اللَّهُ عَلَى اللَّهُ عَا عَلَى اللَّهُ عَا عَلَى اللَّهُ عَلَى اللَّهُ عَلَى اللَّهُ عَلَى اللْعَلَمُ عَلَى اللَّهُ عَلَى اللَّهُ عَلَى اللَّهُ عَلَى اللَّهُ عَلَى الل

আলিমগর্ণই নাবীগর্ণের উত্তর্রাধিকারী। তাঁরা জ্ঞানের উত্তরাধিকারী হয়েছেন। যে জ্ঞান অর্জন করে সে বিরাট অংশ লাভ করে। আর যে ব্যক্তি 'ইল্ম অর্জনের জন্য পথ চলে, আল্লাহ্ তা'আলা তার জন্য জানাতের পথ সুগম করে দেন। আল্লাহ্ তা'আলা বলেন: 'আল্লাহ্র বান্দাদের মধ্যে আলিমগর্ণই তাঁকে ভয় করে— (সূরাহ্ ফাতির ৩৫/২৮)। আল্লাহ্ তা'আলা আরো বলেন: "আলিমগর্ণ ব্যতীত তা কেউ অনুধাবন করে না"— (স্রাহ্ আল-'আনকার্ভ ২৯/৩৪)। অন্যত্র আল্লাহ বলেন: তারা বলবে, 'আমরা যদি শুনতাম অথবা উপলব্ধি করতাম, তাহলে আমরা জাহানামবাসী হতাম না— (স্রাহ্ মূল্ক ৬৭/১০)। অন্যত্র তিনি বলেন: "বল, যারা জানে আর যারা জানে না, তারা কি সমান হতে পারে?' (স্রাহ্ মূঘার ৩৯/৯)। নাবী বলেন: আল্লাহ্ যার কল্যান কমেন তাকে দীনের 'ইল্ম দান করেন। আর অধ্যয়নের মাধ্যমেই জ্ঞান অর্জত হয়। আব্ যার ভ্রা তাঁর ঘাড়ের দিকে ইঙ্গিত করে বলেন, যদি তোমরা এখানে তরবারী রাখ, অতঃপর আমি বুঝতে পারি যে, তোমরা সে তরবারী আমার উপর চালাবার পূর্বে আমি একটু কথা বলার সুযোগ পাব, তবে আমি যা নাবী থেকে শুনেছ, অবশ্যই তা বলে ফেলব। নাবী ত্রে-এর বাণী: উপস্থিত ব্যক্তিরা যেন অনুপস্থিত ব্যক্তির নিকট (আমার বাণী) পৌছে দের। ইব্নু 'আব্বাস ভ্রো বলেন, উন্টো নে ত্রা ক্রানি হও।" (স্রাহ আলু ইমরান: ৩/৭৯)। এখানে ত্রানের বড় বড় বড় বিষয়ের পূর্বে ছোট ছোট বিষয় শিক্ষা দিয়ে থাকেন।

١١/٣. بَابِ مَا كَانَ النَّبِيُّ ﷺ يَتَخَوُّلُهُمْ بِالْمَوْعِظَةِ وَالْعِلْمِ كَيْ لاَ يَنْفِرُوا.

৩/১১. অধ্যায় : লোকজন যাতে বিরক্ত না হয়ে পড়ে সে জন্য আল্লাহর রসূল সল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম নসীহতে ও ইল্ম শিক্ষাদানে উপযুক্ত সময়ের প্রতি লক্ষ্য রাখতেন।

নে. *مرشنا مُحَمَّدُ بُنُ* يُوسُفَ قَالَ أَخْبَرَنَا سُفْيَانُ عَنِ الْأَعْمَشِ عَنْ أَبِي وَائِلٍ عَنْ ابْنِ مَسْعُودِ قَالَ كَانَ النَّبِيُّ ﷺ يَتَخَوَّلُنَا بِالْمَوْعِظَة فِي الْأَيَّامِ كَرَاهَةَ السَّآمَةِ عَلَيْنَا. ৬৮. ইব্নু মাস'উদ ﷺ হতে বৰ্ণিত। তিনি বৰ্লেন, নাবী ﷺ আমাদের অবস্থার প্রতি লক্ষ্য রেখে

৬৮. ইব্নু মাস'উদ ( হেত বর্ণিত। তিনি বলেন, নাবী ক্রিই আমাদের অবস্থার প্রতি লক্ষ্য রেখে নির্দিষ্ট দিনে নাসীহাত করতেন, আমরা যাতে বিরক্ত বোধ না করি। (৭০,৬৪১১; মুসলিম ৫০/১৯ হাঃ ২৮২১, আহমাদ ৪০৬০) (আ.প্র. ৬৮, ই.ফা. ৬৮)

٦٩. **مَرْشَا** مُحَمَّدُ بْنُ بَشَّارٍ قَالَ حَدَّثَنَا يَحْيَى بْنُ سَعِيد قَالَ حَدَّثَنَا شُعْبَةُ قَالَ حَدَّثَنِي أَبُو التَّيَّاحِ عَـــنَّ أَنَسِ بْنِ مَالِكٍ عَنِ النَّبِيِّ ﷺ قَالَ يَسِّرُوا وَلاَ تُعَسِّرُوا وَبَشِّرُوا وَلاَ تُنَفِّرُوا. ৬৯. আনাস ( থেকে বর্ণিত, নাবী ক্রি বলেছেন : তোমরা সহজ পন্থা অবলম্বন কর, কঠিন পন্থা অবলম্বন করো না, মানুষকে সুসংবাদ দাও, বিরক্তি সৃষ্টি করো না। (৬১২৫; মুসলিম ৩২/৩ হাঃ ১৭৩৪, আহমাদ ১৩১৭৪) (আ.প্র. ৬৯, .ফা. ৬৯)

# . أباب مَنْ جَعَلَ لِأَهْلِ الْعِلْمِ أَيَّامًا مَعْلُومَةً. ١ ٢/٣ . باب مَنْ جَعَلَ لِأَهْلِ الْعِلْمِ أَيَّامًا مَعْلُومَةً. ৩/১২. অধ্যায় : ইল্ম শিক্ষার্থীদের জন্য দিন নির্দিষ্ট করা।

٧٠. حارثنا عُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ قَالَ حُدَّنَنا جَرِيرٌ عَنْ مَنْصُورِ عَنْ أَبِي وَائِلِ قَالَ كَانَ عَبْدَ اللهِ يُذَكِّرُ النَّاسَ فِي كُلِّ خَمِيسٍ فَقَالَ لَهُ رَجُلٌ يَا أَبَا عَبْدِ الرَّحْمَنِ لَوَدُدْتُ أَنَّكَ ذَكَرُ تَنَا كُلَّ يَوْمٍ قَالَ أَمَا إِنَّهُ يَدْكُرُ النَّاسَ فِي كُلِّ خَمِيسٍ فَقَالَ لَهُ رَجُلٌ يَا أَبَا عَبْدِ الرَّحْمَنِ لَوَدُدْتُ أَنَّكَ ذَكُرَ أَنَّا كُلَّ يَوْمٍ قَالَ أَمَا إِنَّهُ يَمْنَعُنِي مِنْ ذَلِكَ أَنِّي أَكْرَهُ أَنْ أُمِلِكُمْ وَإِنِّي أَتَخَوَّلُكُمْ بِالْمَوْعِظَةِ كَمَا كَانَ النَّبِيُ عَلَيْ يَتَخَوَّلُنَا بِهَا مَخَافَة السَّآمَة عَلَيْنَا.

৭০. আবৃ ওয়াইল (২৯) হতে বর্ণিত। তিনি বলেন : ইব্নু মাস'উদ (২৯) প্রতি বৃহস্পতিবার লোকদের নাসীহাত করতেন। তাঁকে একজন বলল, 'হে আবৃ 'আবদুর রহমান! আমার ইচ্ছা জাগে, যেন আপনি প্রতিদিন আমাদের নাসীহাত করেন। তিনি বললেন : এ কাজ থেকে আমাকে যা বাধা দেয় তা হচ্ছে, আমি তোমাদেরকে ক্লান্ত করতে পছন্দ করি না। আর আমি নাসীহাত করার ব্যাপারে তোমাদের (অবস্থার) প্রতি খেয়াল রাখি, নাবী হৃষ্ণে ক্লান্তির আশংকায় আমাদের প্রতি যেমন লক্ষ্য রাখতেন। (৬৮) (আ.প্র. ৭০, ই.ফা. ৭০)

# الدِّينِ. ١٣/٣ . بَابِ مَنْ يُرِدْ اللهُ بِهِ خَيْرًا يُفَقِّهُهُ فِي الدِّينِ. ١٣/٣ . ١٥/٥. অধ্যায় : আল্লাহ্ যার মঙ্গল চান, তাকে দীনের জ্ঞান দান করেন।

٧١. صر أَنَّ سَعِيدُ بَنُ عُفَيْرٍ قَالَ حَدَّثَنَا ابْنُ وَهْبِ عَنْ يُونُسَ عَنْ ابْنِ شِهَابِ قَالَ قَالَ حُمَيْدُ بْنُ عَبَـــدِ الرَّحْمَنِ سَمِعْتُ مُعَاوِيَةَ خَطِيبًا يَقُولُ سَمِعْتُ النَّبِيَّ عَبُّ يَقُولُ مَنْ يُرِدْ الله به خَيْرًا يُفَقِّهُهُ فِي الدِّينِ وَإِنَّمَا أَنَا قَاسِمٌ وَالله يُعْطِي وَلَنْ تَزَالَ هَذِهِ الْأُمَّةُ قَائِمَةً عَلَى أَمْرِ الله لاَ يَضُرُّهُمْ مَنْ خَالَفَهُمْ حَتَّى يَأْتِيَ أَمْرُ الله.

৭১. হুমায়দ ইব্নু 'আবদুর রহমান (রহ.) হতে বর্ণিত। তিনি বলেন: আমি মু'আবিয়াহ ( ক্রা-কে খুৎবায় বলতে শুনেছি, তিনি বলেন, আমি নাবী ক্রা-কে বলতে শুনেছি, আল্লাহ্ যার মঙ্গল চান, তাকে দীনের 'ইল্ম দান করেন। আমি তো বিতরণকারী মাত্র, আল্লাহ্ই (জ্ঞান) দাতা। সর্বদাই এ উম্মাত কিয়ামাত পর্যন্ত আল্লাহ্র হুকুমের উপর কায়িম থাকবে, বিরোধিতাকারীরা তাদের কোন ক্ষতি করতে পারবে না। (৩১১৬, ৩৬৪১,৭৩১২, ৭৪৬০; মুসলিম ১২/৩৩ হাঃ ১০৩৭, আহমাদ ১৬৮৪৯, ১৬৮৭৮, ১৬৯১০) (আ.ধ্র. ৭১, ই.ফা. ৭১)

. بَابِ الْفَهُمِ فِي الْعَلْمِ. ৩/১৪ অধ্যায় : 'ইল্মের ব্যাপারে সঠিক অনুধাবন। ٧٢. حرشا عَلِيُّ بْنُ عَبْد الله حَدَّنَنَا سُفَيَانُ قَالَ قَالَ لِي ابْنُ أَبِي نَجِيحِ عَنْ مُجَاهِد قَالَ صَحَبْتُ ابْسَنَ عُمَرَ إِلَى الْمَدينَةِ فَلَمْ أَسْمَعُهُ يُحَدَّثُ عَنْ رَسُولِ الله ﷺ إِلاَّ حَديثًا وَاحِدًا قَالَ كُنَّا عِنْدُ النَّبِسِيِّ ﷺ فَسَأْتِيَ عُمَرَ إِلَى الْمَدينَةِ فَلَمْ أَسْمَعُهُ يُحَدَّثُ عَنْ رَسُولِ الله ﷺ إِلاَّ حَديثًا وَاحِدًا قَالَ كُنَّا عِنْدُ النَّبِسِيِّ ﷺ فَسَاكُمُ الْقَسَومِ بِحُمَّارٍ فَقَالَ إِنَّ مِنْ الشَّحَرِ شَحَرَةً مَنْلُهَا كَمَثْلِ الْمُسْلِمِ فَأَرَدْتُ أَنْ أَقُولَ هِيَ النَّخَلَةُ فَإِذَا أَنَا أَصْعَرُ الْقَسَومِ فَسَكَتُ قَالَ النَّبِيُّ ﷺ هِيَ النَّخَلَةُ.

৭২. মুজাহিদ (রহ.) হতে বর্ণিত। তিনি বলেন, আমি সফরে মাদীনাহ পর্যন্ত ইব্নু 'উমার ( ) এর সাথে ছিলাম। এ সময় তাঁকে আল্লাহর রসূল হতে একটি মাত্র হাদীস বর্ণনা করতে শুনেছি। তিনি বলেন, আমরা একদা নাবী ্ এন এর নিকট ছিলাম। তখন তাঁর নিকট খেজুর গাছের (অভ্যন্তরের কোমল অংশ) মাথি আনা হল। অতঃপর তিনি বললেন: বৃক্ষরাজির মধ্যে এমন একটি বৃক্ষ রয়েছে, যার দৃষ্টান্ত মুসলিমের ন্যায়। তখন আমি বলতে চাইলাম যে, তা হল খেজুর বৃক্ষ, কিন্তু আমি লোকদের মাঝে বয়সে সবচাইতে ছোট ছিলাম। তাই নীরব থাকলাম। তখন নাবী হ বললেন: 'সেটা হলো খেজুর বৃক্ষ।' (৬১) (আ.প্র. ৭২, ই.ফা. ৭২)

# ا بَابِ الْاغْتِبَاطِ فِي الْعِلْمِ وَالْحِكْمَةِ. ١٥/٣ بَابِ الْاغْتِبَاطِ فِي الْعِلْمِ وَالْحِكْمَةِ. ৩/১৫. অধ্যায় : ইল্ম ও হিকমাহ এর ক্ষেত্রে সমতুল্য হবার উৎসাহ।

وَقَالَ عُمَرُ تَفَقَّهُوا قَبْلَ أَنْ تُسَوَّدُوا قَالَ أَبُو عَبْد اللهِ وَبَعْدَ أَنْ تُسَوَّدُوا وَقَدْ تَعَلَّمَ أَصْحَابُ النَّبِيِّ ﷺ فِي كَبَر سنّهـمْ.

'উমার 📾 বলেন, তোমরা নেতা হবার পূর্বেই জ্ঞানার্জন করে নাও। আবৃ ''আবদুল্লাহ্ (বুঁখারী) বলেন, আর নেতা বানিয়ে দেয়ার পরও, কেননা নাবী 😂 এর সহাবীগণ বৃদ্ধ বয়সেও 'ইল্ম অর্জন করেছেন।

٧٣. عرشنا الْحُمَيْدِيُّ قَالَ حَدَّنَنَا سُفَيَانُ قَالَ حَدَّنَنِي إِسْمَاعِيلُ بْنُ أَبِي خَالِد عَلَى غَيْرِ مَــا حَــدَّنَنَاهُ الزُّهْرِيُّ قَالَ سَمِعْتُ عَبْدَ اللهِ بْنَ مَسْعُودِ قَالَ قَالَ النَّبِيُّ ﷺ لَا حَسَدَ إِلاَّ فِي الزُّهْرِيُّ قَالَ سَمِعْتُ عَبْدَ اللهِ بْنَ مَسْعُودِ قَالَ قَالَ النَّبِيُّ عَلَيْهُ لَا حَسَدَ إِلاَّ فِي النَّهُ اللهُ مَالاً فَسُلِّطَ عَلَى هَلَّكَتِهِ فِي الْحَقِّ وَرَجُلُّ آنَاهُ اللهُ الْحُكْمَةَ فَهُو يَقْضِي بِهَا وَيُعَلِّمُهَا.

৭৩. 'আবদুল্লাহ ইব্নু মাস'উদ ( কেবল ওনেছি, তিনি বলেন, নাবী কিটু বলেছেন : কেবল দু'টি বিষয়ে ইষ্বা করা বৈধ; (১) সে ব্যক্তির উপর, যাকে আল্লাহ্ সম্পদ দিয়েছেন, অতঃপর তাকে বৈধ পদ্মায় অকাতরে ব্যয় করার ক্ষমতা দিয়েছেন; (২) সে ব্যক্তির উপর, যাকে আল্লাহ্ তা'আলা প্রজ্ঞা দান করেছেন, অতঃপর সে তার মাধ্যমে বিচার ফায়সালা করে ও তা অন্যকে শিক্ষা দেয়। (১৪০৯,৭১৪১,৭৩১৬; মুসলিম ৬/৪৭ হাঃ ৮১৬, আহমাদ ৩৪৫১) (আ.প্র. ৭৩, ই.ফা. ৭৩)

় اَلْبَحْرِ إِلَى الْخَضِرِ. ١٦/٣ بَابِ مَا ذُكِرَ فِي ذَهَابِ مُوسَى ﷺ فِي الْبَحْرِ إِلَى الْخَضِرِ. ৩/১৬. অধ্যায় : সমুদ্রে খািথ্র (আঃ)-এর নিকট মূসা (আঃ)-এর গমন।

## وَقَوْلِهِ تَعَالَى ﴿ هَلَ أَتَّبِعُكَ عَلَى أَنْ تُعَلِّمَنِي مِمَّا عُلِّمْتَ رُشْدًا ﴾

আল্লাহ্ তা'আলার বাণী : "আমি কি আপনার অনুসরণ করব এ শর্তে যে, সত্য পথের যে জ্ঞান আপনাকে দেয়া হয়েছে তা থেকে আমাকে শিক্ষা দেবেন।" (স্রাহ্ কাহ্ফ ১৮/৬৬)

٧٤. حَرَثَى مُحَمَّدُ بَنُ غُرَيْرِ الرُّهْرِيُّ قَالَ حَدَّنَا يَعْقُوبُ بَنُ إِبْرَاهِيمَ قَالَ حَدَّنَى أَبِي عَنْ صَالِحِ عَنْ ابْنِ شَهَابِ حَدَّقُهُ أَنْ عُبَيْدَ الله بْنَ عُبَد الله أَخْبَرَهُ عَنْ ابْنِ عَبَّسِ أَنَّهُ تَمَارَى هُو وَالْحُرُّ بْنُ قَيْسِ بْنِ حَصَّنِ الْفَوْزَارِيُّ فِي صَاحِبِ مُوسَى قَالَ ابْنُ عَبَّاسٍ هُو خَضِرٌ فَمَرَّ بِهِما أُبَيُّ بْنُ كَعْبِ فَدَعَاهُ ابْنُ عَبَّاسٍ فَقَالَ إِنِّسِي الْفَوْرَيِّ فِي صَاحِبِ مُوسَى اللّهِ عَلَيْ مَوسَى السَّبِيلَ إِلَى لُقيّه هَلْ سَمِعْتُ النَّبِي يَّسَلُ اللهِ عَمْلَ اللهِ عَلَيْ اللهِ اللهِ عَلَيْ اللهِ عَلَيْ اللهِ عَلَيْ اللهِ اللهِ اللهِ عَلَيْ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ عَلَيْ اللهُ عَلَى اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهِ اللهِ اللهِ السَّالِ اللهِ السَلِيلِ اللهِ اللهِ المَالِي المَّدُونَ وَمَا اللهُ اللهُ عَلَى اللهُ اللهِ اللهُ اللهُ اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ اللهُ اللهُ عَلَى اللهِ السَلِيلِ اللهِ السَّالِيلِ اللهُ اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ عَلَى المَالِيلِي اللهُ عَلَى المَلْعَلَى اللهُ عَلَى المَلْ اللهُ عَلَى المَّذِي اللهُ عَلَى اللهُ اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ اللهُ عَلَى اللهُ عَلَى المَلْ اللهُ عَلَى اللهُ اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ اللهُ عَلَى اللهُ اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ اللهُ عَلَى المَلْ اللهُ عَلَى اللهُ عَلَى

৭৪. ইব্নু 'আব্বাস 🚌 হতে বর্ণিত। তিনি এবং হুর ইব্নু কায়স হব্নু হিসন আল-ফাযারীর মধ্যে মূসা (﴿﴿﴿﴿﴿﴿﴾)-এর সম্পর্কে বাদানুবাদ হলো। ইব্নু 'আব্বাস 🚌 বললেন, তিনি ছিলেন খিযর। ঘটনাক্রমে তখন তাদের পাশ দিয়ে উবাঈ ইব্ন কা'ব 😂 যাচ্ছিলেন। ইব্নু 'আব্বাস 😂 তাঁকে ডাক দিয়ে বললেন: আমি ও আমার এ ভাই মূসা (ﷺ)-এর সেই সহচর সম্পর্কে বাদানুবাদ করছি যাঁর সাথে সাক্ষাত করার জন্য মূসা (ﷺ) আল্লাহ্র নিকট পথের সন্ধান চেয়েছিলেন- আপনি নাবী 💢 -কে তাঁর সম্পর্কে কিছু বলতে শুনেছেন কি? তিনি বললেন, হাাঁ, আমি আল্লাহর রসূল 😂 -কে বলতে শুনেছি, একদা মূসা (ﷺ) বানী ইসরাঈলের কোন এক মাজলিসে উপস্থিত ছিলেন। তখন তাঁর নিকট জনৈক ব্যক্তি এসে বলল, 'আপনি কাউকে আপনার চেয়ে অধিক জ্ঞানী বলে মনে করেন কি?' মূসা (ﷺ) বললেন, 'না।' তখন আল্লাহ্ তা'আলা মূসা (ﷺ)-এর নিকট ওয়াহী প্রেরণ করলেন : 'হাঁা, আমার বান্দা খাযির।' অতঃপর মূসা নিদর্শন বানিয়ে দিলেন এবং তাঁকে বলা হল, যখন তুমি মাছটি হারিয়ে ফেলবে তখন ফিরে যাবে। কারণ, কিছুক্ষণের মধ্যেই তুমি তাঁর সাথে মিলিত হবে। তখন তিনি সমুদ্রে সে মাছের নিদর্শন অনুসরণ করতে লাগলেন। মূসা (ﷺ)-কে তাঁর সঙ্গী যুবক (ইউশা ইবনু নূন) বললেন, (কুরআন মজীদের ভাষায়) : "আপনি কি লক্ষ্য করেছেন আমরা যখন পাথরের নিকট বিশ্রাম নিচ্ছিলাম তখন আমি মাছের কথা ভুলে গিয়েছিলাম? শয়তানই তার কথা আমাকে ভুলিয়ে দিয়েছিল। মূসা বললেন, আমরা তো সেটিরই সন্ধান করছিলাম। অতঃপর তারা নিজেদের পদ চিহ্ন অনুসরণ করে ফিরে চলল।" (সুরাহ কাহফ ১৮/৬৩-৬৪)

তাঁরা খাযিরকে পেলেন। তাদের ঘটনা সেটাই, যা আল্লাহ্ তা'আলা তাঁর কিতাবে বিবৃত করেছেন। (২২৬৭, ২৭২৮, ৩২৭৮, ৩৪০০,৩৪০১, ৪৭২৫, ৪৭২৬, ৪৭২৭, ৬৬৭২, ৭৪৭৮) (আ.প্র. ৭৪, ই.ফা. ৭৪)

# ١٧/٣. بَابِ قَوْلِ النَّبِيِّ اللَّهُمَّ عَلَّمْهُ الْكَتَابَ.

৩/১৭. অধ্যায় : নাবী 🚎 -এর উক্তি : হে আল্লাহ্! আপনি তাকে কিতাব শিক্ষা দিন।

٧٥. *طرثنا* أَبُو مَعْمَرٍ قَالَ حَدَّنَنَا عَبْدُ الْوَارِثِ قَالَ حَدَّنَنَا خَالِدٌ عَنْ عِكْرِمَةَ عَنْ ابْنِ عَبَّاسٍ قَالَ ضَمَّنِي رَسُولُ الله ﷺ وَقَالَ اللَّهُمَّ عَلَّمُهُ الْكَتَابَ.

৭৫. ইব্নু 'আব্বাস (ক্রা হতে বর্ণিত। তিনি বলেন, আল্লাহর রস্ট্ল ক্রেই একবার আমার্কে জাপটে ধরে বললেন, 'হে আল্লাহ্! আপনি তাকে কিতাবের (কুরআন) জ্ঞান দান করুন।' (১৪৩, ৩৭৫৬, ৭২৭০; মুসলিম ৪৪/৩০ হাঃ ২৪৭৭, আহমাদ ২৩৯৭, ২৮৮১, ৩০২৩) (আ.শ্র. ৭৫, ই.ফা. ৭৫)

# ١٨/٣. بَابِ مَتَى يَصِحُ سَمَاعُ الصَّغِيرِ.

#### ৩/১৮. অধ্যায় : বালকদের কোন্ বয়সের শোনা কথা গ্রহণযোগ্য।

٧٦. حرثنا إِسْمَاعِيلُ بْنُ أَبِي أُوَيْسِ قَالَ حَدَّثَنِي مَالِكُ عَنْ ابْنِ شِهَابِ عَنْ عُبَيْدِ اللهِ بْنِ عَبْدِ اللهِ بُسِنِ عُثْمَ وَرَسُولُ اللهِ عُنْ عَبْدِ اللهِ بْنِ عَبَّاسٍ قَالَ أَقْبَلْتُ رَاكِبًا عَلَى حِمَارٍ أَتَانَ وَأَنَا يَوْمَعُذَ قَدُّ نَاهَزْتُ الْاحْتَلاَمُ وَرَسُولُ اللهِ عُثْمَ عَبْدِ اللهِ بْنِ عَبَّاسٍ قَالَ أَقْبَلْتُ رَاكُ بَيْنَ يَدَيْ بَعْضِ الصَّفِّ وَأَرْسَلَتُ الْأَتَانَ تَرْتَعُ فَدَخَلْتُ فِي الصَّفَّ فَلَا اللهِ الصَّفَّ وَأَرْسَلَتُ الْأَتَانَ تَرْتَعُ فَدَخَلْتُ فِي الصَّفَّ فَلَمْ يُنْكَرُ ذَلِكَ عَلَى الْحَدُلُ عَلَى الْحَدِيلُ فَمَرَرْتُ بَيْنَ يَدَيْ بَعْضِ الصَّفِّ وَأَرْسَلُتُ الْأَتَانَ تَرْتَعُ فَدَخَلْتُ فِي الصَّفَى فَلَمْ يُنْكُرُ ذَلِكَ عَلَى الْحَدَالُ فَعَرَرِتُ بَيْنَ يَدَيْ بَعْضِ الصَّفَا لِي اللهِ اللهُ اللهِ اللهُ اللهِ اللهِ اللهِ اللهِ اللهُ اللهِ اللهُ اللهِ اللهُ اللهِ اللهُ اللهِ اللهُ اللهِ اللهُ اللهِ اللهِ اللهُ اللهِ اللهِ اللهُ اللّهُ اللهُ اللهُ

৭৬. 'আবদুল্লাহ্ ইব্নু 'আব্বাস হতে বর্ণিত। তিনি বলেন : আমি সাবালক হবার নিকটবর্তী বয়সে একদা একটি গাধীর উপর আরোহিত অবস্থায় এলাম। আল্লাহর রসূল তথন মিনায় সলাত আদায় করছিলেন তার সামনে কোন দেয়াল না রেখেই। তখন আমি কোন এক কাতারের সামনে দিয়ে অতিক্রম করলাম এবং গাধীটিকে বিচরণের জন্য ছেড়ে দিলাম। আমি কাতারের ভেতর ঢুকে পড়লাম কিন্তু এতে কেউ আমাকে নিষেধ করেননি। (৪৯৩, ৮৬১, ১৮৫৭, ৪৪১২; মুসলিম ৪/৪৭ হাঃ ৫০৪, আহমাদ ১৮৯১) (আ.এ. ৭৬, ই.ফা. ৭৬)

٧٧ *حارثنى مُحَمَّدُ بْنُ يُوسُفَ قَالَ حَدَّثَنَا أَبُو مُسْهِرِ قَالَ حَدَّثَنِي مُحَمَّدُ بْنُ حَــرْب حَــدَّثِنِي* الزُّبَيْدِيُّ عَنْ الرُّبِيعِ قَالَ عَقَلْتُ مِنْ النَّبِيِّ عَنْ مَحْمُودِ بْنِ الرَّبِيعِ قَالَ عَقَلْتُ مِنْ النَّبِيِّ عَلَى مَحْمُودِ بْنِ الرَّبِيعِ قَالَ عَقَلْتُ مِنْ النِّبِيِّ عَلَيْهِ مِنْ اللَّهِ عَلَيْتُ مِنْ اللَّهِ مِنْ مَنْ دَلُو.

৭৭. মাহমূদ ইবনুর-রাবী' হাতে বর্ণিত। তিনি বলেন, আমার মনে আছে, নাবী হাত একবার বালতি থেকে পানি নিয়ে আমার মুখমণ্ডলের উপর কুলি করে দিয়েছিলেন, তখন আমি ছিলাম পাঁচ বছরের বালক। (১৮৯, ৮৩৯, ১১৮৫, ৬৩৫৪, ৬৪২২ দ্রষ্টব্য) (আ.গ্র. ৭৭, ই.ফা. ৭৭)

# ١٩/٣. بَابِ الْخُرُوجِ فِي طَلَبِ الْعِلْمِ.

৩/১৯. অধ্যায় : জ্ঞান অনেষণের উদ্দেশে বের হওয়া।

وَرَحَلَ جَابِرُ بْنُ عَبْدِ اللهِ مَسِيرَةَ شَهْرٍ إِلَى عَبْدِ اللهِ بْنِ أُنْيَسٍ فِي حَدِيثٍ وَاحِدٍ.

জাবির ইব্নু 'আবদুল্লাহ্ 🚌 একটি মাত্র হাদীসের জন্য 'আব্দুল্লাহ্ ইব্নু উনায়স 🕮 এর নিকট এক মাসের পথ সফর করে গিয়েছিলেন।

٧٨. حَارَثُنَا أَبُو الْقَاسِمِ خَالِدُ بْنُ حَلِيّ قَاضِي حَمْصَ قَالَ حَدَّنَنَا مُحَمَّدُ بْنُ حَرْبَ قَالَ حَدَّنَنَا الْأُوْرَاعِيُّ أَخْبَرَنَا الزُّهْرِيُّ عَنْ عُبَيْدِ اللهِ بْنِ عَبْدِ اللهِ بْنِ عُبْبَةَ بْنِ مَسْعُود عَنْ ابْنِ عَبَّاسٍ أَنَّهُ تَمَارَى هُوَ وَالْحُرُّ بْنُ قَيْسٍ بْنِ حِصْنِ الْفَزَارِيُّ فِي صَاحِبِ مُوسَى فَمَرَّ بِهِمَا أَبِيُّ بْنُ كَفَّبِ فَدَعَاهُ ابْنُ عُبَّاسٍ فَقَالَ إِنِي تَمَارَيْتَ أَنَا وَصَاحِبِي هَذَا فِي صَاحِب مُوسَى الَّذِي سَأَلَ السَّبِيلَ إِلَى لُقِيّهِ هَلْ سَمِعْتَ رَسُولَ اللهِ عَشْ يَذَكُرُ شَأَنَهُ يَقُولُ بَيْنَمَا مُوسَى فِي مَلًا مِنْ بَنِي إِسْرَائِيلَ إِذْ جَاءَهُ رَجُلٌ فَقَالَ أَتَكُمُ اللّهُ يَقَلَّلُ السَّبِيلَ إِلَى لُقِيّهِ أَنِي إِسْرَائِيلَ إِذْ جَاءَهُ رَجُلٌ فَقَالَ أَتَعْلَمُ مَنْكَ قَالَ مُوسَى لاَ فَأَوْحَى اللهُ عَزَّ وَجَلَّ إِلَى مُوسَى بَلَى عَبْدُنَا خَضِرٌ فَسَأَلَ السَّبِيلَ إِلَى لُقِيّبُ أَحَدًا أَعْلَمُ مَنْكَ قَالَ مُوسَى لاَ فَأَوْحَى اللهُ عَزَّ وَجَلَّ إِلَى مُوسَى بَلَى عَبْدُنَا خَضِرٌ فَسَأَلَ السَّبِيلَ إِلَى لُقِيّبُ فَعَلَ اللهُ لَهُ الْحُوتَ آيَةً وَقِيلَ لَهُ إِذَا فَقَدَتَ الْحُوتَ فَارَحَعْ فَإِنِّكُ سَتَلْقَاهُ فَكَانَ مُوسَى صَلَى اللهُ عَيْدِهِ يَتَّعِمُ اللهُ لَهُ الْحُوتَ آيَةً وَقِيلَ لَهُ إِذَا فَقَدَتَ الْحُوتَ فَارَتَكَ إِنَّ لَيْقِيلُ اللّهُ الْمُوسَى اللّهُ عَنْ اللّهُ عَلَى الْتُومِ مَنَى اللّهُ فَي كَالِهُ مُوسَى عَلَيْهُ وَيَتَا إِلَى الْقَرْمِ مَا قَصَطًا فَوَجَدَا خَضِيلِ اللّهُ الْمَالِيهِ إِلاَ الشَّيْطِةِ إِلاَ الشَّيْطَالُ أَنْ أَنْ أَنْ كُورُهُ فَلَ الْمُوسَى ذَلِكَ مَا كُنّا نَبْغِي فَارْتَدًا عَلَى آثَارِهِمَا قَصَصًا فَوَجَدَا خَضِيلًا أَنْ أَنْ أَنْهُ فَى كَتَابِهِ.

৭৮. ইব্নু 'আব্বাস হাত বর্ণিত। তিনি এবং হুর ইব্নু কার্মস ইব্নু হিসন আল-ফাযারীর মধ্যে মৃসা (ৠ)-এর সম্পর্কে বাদানুবাদ হলো। ইব্নু 'আব্বাস লাল বললেন, তিনি ছিলেন থিয়ে। ঘটনাক্রমে তখন তাদের পাশ দিয়ে উবাঈ ইব্ন কা'ব লাল যাছিলেন। ইব্নু 'আব্বাস লাল তাঁকে ডাক দিয়ে বললেন : আমি ও আমার এ ভাই মৃসা (ৠ)-এর সেই সহচর সম্পর্কে বাদানুবাদ করছি যাঁর সাথে সাক্ষাত করার জন্য মৃসা (ৠ) আল্লাহ্র নিকট পথের সন্ধান চেয়েছিলেন। আপনি নাবী লাল কে তাঁর সম্পর্কে কিছু বলতে শুনেছেন কি? তিনি বললেন, হাা, আমি আল্লাহর রস্ল কান কে বলতে শুনেছি, একদা মৃসা (ৠ) বানী ইসরাঈলের কোন এক মাজলিসে উপস্থিত ছিলেন। তখন তাঁর নিকট জনৈক ব্যক্তি এসে বলল, 'আপনি কাউকে আপনার চেয়ে অধিক জ্ঞানী বলে মনে করেন কি?' মৃসা (ৠ) বললেন, 'না।' তখন আল্লাহ্ তা'আলা মৃসা (ৠ)-এর নিকট ওয়াহী প্রেরণ করলেন : 'হাা, আমার বান্দা খাযির।' অতঃপর মৃসা (ৠ) তাঁর সঙ্গে সাক্ষাত করার জন্য পথের সন্ধান চাইলেন। অতঃপর আল্লাহ্ তা'আলা মাছকে তার জন্য নিদর্শন বানিয়ে দিলেন এবং তাঁকে বলা হল, যখন তুমি মাছটি হারিয়ে ফেলবে তখন ফিরে যাবে। কারণ, কিছুক্ষণের মধ্যেই তুমি তাঁর সাথে মিলিত হবে। তখন তিনি সমুদ্রে সে মাছের নিদর্শন অনুসরণ করতে লাগলেন। মৃসা (ৠ)-কে তাঁর সঙ্গী যুবক (ইউশা ইবনু নূন) বললেন, (কুরজান মজীদের ভাষায় :) আপনি কি লক্ষ্য করেছেন আমরা যখন পাথরের নিকট বিশ্রাম

নিচ্ছিলাম তখন আমি মাছের কথা ভুলে গিয়েছিলাম? শয়তানই তার কথা আমাকে ভুলিয়ে দিয়েছিল। মৃসা বললেন, আমরা তো সেটিরই সন্ধান করছিলাম। অতঃপর তারা নিজেদের পদ চিহ্ন অনুসরণ করে ফিরে চলল। (সূরাহ্ কাহাফ ১৮/৬৩-৬৪)

তাঁরা খাযিরকে পেলেন। এ হল তাদের দু'জনের ঘটনা, যা আল্লাহ্ তা'আলা তাঁর কিতাবে বিবৃতি করেছেন। (৭৪) (আ.প্র. ৭৮, ই.ফা. ৭৮)

## . بَابِ فَضْلِ مَنْ عَلِمَ وَعَلَّمَ. ৩/২০. অধ্যায় : 'ইল্ম অৱেষণকারী ও 'ইল্ম প্রদানকারীর ফাযীলাত।

٧٩. عرشنا مُحَمَّدُ بَنُ الْعَلَاءِ قَالَ حَدَّثَنَا حَمَّادُ بَنُ أُسَامَةً عَنْ بُرَيْدِ بَنِ عَبْدِ اللهِ عَنْ أَبِي بُرْدَةً عَنْ أَبِي مُومَى عَنِ النَّبِي عَنِّ قَالَ مَثَلُ مَا بَعَنْنِي الله به مِنَ الْهُدَى وَالْعَلْمِ كَمَثْلِ الْغَيْثِ الْكَثْيرِ أَصَابَ أَرْضًا فَكَانَ مَنْهَا نَقِيَّةً قَبِلَتُ الْمَاءَ فَأَنْبَتَ الْكَلَأُ وَالْعُشْبَ الْكَثِيرِ وَكَانَتْ مِنْهَا أَجَادِبُ أَمْسَكَتُ الْمَاءَ فَنَفَعَ الله بها النَّاسَ مَنْهَا نَقِيَّةً وَبِلَتُ الله عَنْفَعَ الله بها النَّاسَ فَشَرِ بُوا وَسَقَوْا وَزَرَعُوا وَأَصَابَتْ مِنْهَا طَائِفَةً أُخْرَى إِنَّمَا هِي قِيعَانُ لاَ تُمْسِكُ مَاءً وَلاَ تُنْبِتُ كَلَأَ فَذَلِكَ مَثُلُ مَنْ لَمْ يَرْفَعْ بِذَلِكَ رَأْسًا وَلَمْ يَقْبَلُ هُسَدى الله مَنْ لَمْ يَرْفَعْ بِذَلِكَ رَأْسًا وَلَمْ يَقْبَلُ هُسَدى الله الله وَنَفَعَهُ مَا بَعَثَنِي الله بِهِ فَعَلَمَ وَعَلَّمَ وَمَثَلُ مَنْ لَمْ يَرْفَعْ بِذَلِكَ رَأْسًا وَلَمْ يَقْبَلْ هُسَدى الله الله الله عَنْد الله قَالَ إِسْحَاقُ وَكَانَ مِنْهَا طَائِفَةً قَيَّلَتْ الْمَاءَ قَاعٌ يَعْلُوهُ الْمَاءُ وَالصَّفُوسَافُ الله الله عَبْد الله قَالَ إِسْحَاقُ وَكَانَ مِنْهَا طَائِفَةً قَيَّلَتُ الْمَاءَ قَاعٌ يَعْلُوهُ الْمَاءُ وَالصَّفْصَسَفُ الله الله عَبْد الله قَالَ إِسْحَاقُ وَكَانَ مِنْهَا طَائِفَةً قَيَلَتُ الْمَاءَ قَاعٌ يَعْلُوهُ الْمَاءُ وَالصَّفُصَسَفُ الْمُسَتَوي مَنَ الْأَرْضِ.

প্রুম দিয়ে পাঠিয়েছেন তার দৃষ্টান্ত হল যমীনের উপর পতিত প্রবল বর্ষণের ন্যায়। কোন কোন ভূমি থাকে উর্বর যা সে পানি শুষে নিয়ে প্রচুর পরিমাণে ঘাসপাতা এবং সবুজ তরুলতা উৎপাদন করে। আর কোন কোন ভূমি থাকে কঠিন যা পানি আটকে রাখে। পরে আল্লাহ তা'আলা তা দিয়ে মানুষের উপকার করেন; তারা নিজেরা পান করে ও (পণ্ডপালকে) পান করায় এবং তা দ্বারা চাষাবাদ করে। আবার কোন কোন জমি রয়েছে যা একেবারে মসৃণ ও সমতল; তা না পানি আটকে রাখে, আর না কোন ঘাসপাতা উৎপাদন করে। এই হল সে ব্যক্তির দৃষ্টান্ত যে দীনের জ্ঞান অর্জন করে এবং আল্লাহ্ তা'আলা আমাকে যা দিয়ে প্রেরণ করেছেন তাতে সে উপকৃত হয়়। ফলে সে নিজে শিক্ষা করে এবং অপরকে শিখায়। আর সে ব্যক্তিরও দৃষ্টান্ত- যে সে দিকে মাথা তুলে দেখে না এবং আল্লাহ্র যে হিদায়াত নিয়ে আমি প্রেরিত হয়েছি, তা গ্রহণও করে না। আবু 'আবদুল্লাহ্ (বুখারী) (রহ.) বলেন: ইসহাক (রহ.) আবৃ উসামাহ (রহ.) থেকে বর্ণনা করেছেন: তিনি قَلْتُ এর স্থলে الصَّفَّ (আটকিয়ে রাখে) ব্যবহার করেছেন। ১৯ হল এমন ভূমি যার উপর পানি জমে থাকে। আর প্রত্রিত মার্কি বিদ্বান হল সমতল ভূমি। (মুসলিম ৪৩/৫ হাঃ ২২৮২, আহমাদ ১৯৫৯০) (আ.প্র. ৭৯, ই.ফা. ৭৯)

ر الْجَهْلِ ٢ ١/٣ . بَابِ رَفْعِ الْعِلْمِ وَظُهُورِ الْجَهْلِ ٢ ٢٠. بَابِ رَفْعِ الْعِلْمِ وَظُهُورِ الْجَهْلِ ৩/২১. অধ্যায় : 'ইল্মের বিলুপ্তি ও মূর্খতার প্রসার।

# وَقَالَ رَبِيعَةُ لاَ يَنْبَغِي لِأَحَدِ عِنْدَهُ شَيْءٌ مِنَ الْعِلْمِ أَنْ يُضَيِّعَ نَفْسَهُ.

রাবী'আহ (রহ.) বলেন, 'যার নিকট সামান্য জ্ঞান আছে, তার উচিত নয় নিজেকে অপমানিত করা

٨٠. صرشنا عِمْرَانُ بْنُ مَيْسَرَةَ قَالَ حَدَّنَنَا عَبْدُ الْوَارِثِ عَنْ أَبِي التَّيَّاحِ عَنْ أَنسِ بْنِ مَالِك قَـــالَ قَـــالَ رَسُولُ اللهِ ﷺ إِنَّ مِنْ أَشْرَاطِ السَّاعَةِ أَنْ يُرْفَعَ الْعِلْمُ وَيَثْبُتَ الْحَهْلُ وَيُشْرَبُ الْخَمْرُ وَيَظْهَرَ الزَّنَا.

৮০. আনাস হাত বর্ণিত। তিনি বলেন, আল্লাহর রস্ল হাত বলেছেন যে, কিয়ামাতের কিছু 'আলামত হল : 'ইল্ম হাস পাবে, অজ্ঞতা প্রসারতা লাভ করবে, মদপানের মাত্রা বৃদ্ধি পাবে এবং যেনা ব্যভিচার বিস্তার লাভ করবে। (৮১, ৫২৩১, ৫৫৭৭, ৬৮০৮; মুসলিম ৪৭/৪ হাঃ ২৬৭১, আহমাদ ১৩০৯৩, ১৪০৮০) (আ.প্র. ৮০, ই.ফা. ৮০)

٨١. عرشنا مُسَدَّدُ قَالَ حَدَّنَنَا يَحْيَى عَنْ شُعْبَةَ عَنْ قَتَادَةَ عَنْ أَنسِ بْنِ مَالِك قَالَ لَأَحَدَّنَكُمْ حَدَيثًا لا يُحَدِّثُكُمْ أَحَدُ بَعْدي سَمِعْتُ رَسُولَ الله ﴿ يَقُولُ مِنْ أَشْرَاطِ السَّاعَةِ أَنْ يَقِلٌ الْعِلْمُ وَيَظْهَرَ الْجَهْلُ وَيَظْهَرَ الْجَهْلُ وَيَظْهَرَ النِّسَاءُ وَيَظْهَرَ النِّسَاءُ وَيَقَلَّ الرِّجَالُ حَتَّى يَكُونَ لخَمْسينَ امْرَأَةً الْقَيِّمُ الْوَاحِدُ.

৮১. আনাস ( হতে বর্ণিত। তিনি বলেন, আমি কি তোমাদের এমন একটি হাদীস বর্ণনা করব যা আমার পর তোমাদের নিকট আর কেউ বর্ণনা করবে না। আমি আল্লাহর রসূল ক্রি কে বলতে শুনেছি যে, কিয়ামতের কিছু আলামাত হল : 'ইল্ম হ্রাস পাবে, অজ্ঞতার প্রসার ঘটবে, ব্যভিচার ছড়িয়ে পড়বে, স্ত্রীলোকের সংখ্যা বৃদ্ধি পাবে এবং পুরুষের সংখ্যা কমে যাবে, এমনকি প্রতি পঞ্চাশজন স্ত্রীলোকের জন্য মাত্র একজন পুরুষ হবে পরিচালক। (৮০) (আ.প্র. ৮১, ই.ফা. ৮১)

## . ٢٢/٣ بَابِ فَضَلِ الْعِلْمِ. ٢٢/٣ ৩/২২. অধ্যায় : জ্ঞানের উপকারিতা।

٨٢. عَرَشْمَا سَعِيدُ بْنُ عُفَيْرٍ قَالَ حَدَّنَنِي اللَّيْثُ قَالَ حَدَّنَنِي عُفَيْلٌ عَنْ ابْنِ شِهَابِ عَنْ حَمْزَةَ بْنِ عَبْدِ اللهِ بْنِ عُمَرَ أَنَّ ابْنَ عُمَرَ قَالَ سَمِعْتُ رَسُولَ اللهِ ﷺ قَالَ بَيْنَا أَنَا نَائِمٌ أُتِيتُ بِقَدَحٍ لَبَنٍ فَشَرِبْتُ حَتَّى إِنِّي لَأَرَى الرِّيَّ يَخْرُجُ فِي أَظْفَارِي ثُمَّ أَعْطَيْتُ فَضْلِي عُمَرَ بْنَ الْخَطَّابِ قَالُوا فَمَا أَوَّلْتُهُ يَا رَسُولَ اللهِ قَالَ الْعِلْمَ.

৮২. ইব্নু 'উমার হাত বর্ণিত। তিনি বলেন, আমি আল্লাহর রস্ল ক্রিট্র-কে বলতে শুনেছি, একদা আমি নিদ্রাবস্থায় ছিলাম। তখন (স্বপ্নে) আমার নিকট এক পিয়ালা দুধ নিয়ে আসা হল। আমি তা পান করলাম। এমনকি আমার মনে হতে লাগল যে, সে পরিতৃপ্তি আমার নখ দিয়ে বের হয়ে যাচছে। অতঃপর অবশিষ্টাংশ আমি 'উমার ইব্নুল-খাত্তাবকে দিলাম। সহাবীগণ বললেন, হে আল্লাহর রস্ল! আপনি এ স্বপ্নের কী ব্যাখ্যা করেন? তিনি জবাবে বললেন : তা হল আল-'ইল্ম। (৩৬৮১,৭০০৬,৭০০৭,৭০২৭,৭০৩২; মুসলিম ৪৩/২ হাঃ ২৩৯১, আহমাদ ৫৫৫৫) (আ.প্র. ৮২, ই.ফা. ৮২)

# ٢٣/٣. بَابِ الْفُتْيَا وَهُوَ وَاقِفٌ عَلَى الدَّابَّةِ وَغَيْرِهَا.

৩/২৩. অধ্যায় : প্রাণী বা অন্য বাহনের উপর সওয়ারীর হয়ে দগুয়মান অবস্থায় ফাতাওয়া দেয়া।

٨٣. عرشنا إِسْمَاعيلُ قَالَ حَدَّتَني مَالكُ عَنْ ابْنِ شَهَابِ عَنْ عِيسَى بْنِ طَلْحَةَ بْنِ عُبَيْدِ الله عَنْ عَبْدِ الله عَنْ عَيْدَ الله عَنْ عَيْدِ الله عَنْ عَمْرِو بْنِ الْعَاصِ أَنَّ رَسُولَ الله عَلَى وَقَفَ فِي حَجَّةَ الْوَدَاعِ بِمِنِّى للنَّاسِ يَسْأَلُونَهُ فَجَاءَهُ رَجُلٌ فَقَالَ لَسَمُ الْمَعْرُ فَخَوْتُ قَبْلَ أَنْ أَرْمِي قَسَالَ الرَّمِ أَشْعُرُ فَخَلَقَتُ قَبْلَ أَنْ أَرْمِي قَسَالَ الرَّمِ وَلاَ حَرَجَ فَمَا سُئلَ النَّبِيُ عَنْ شَيْء قُدَّمَ وَلاَ أُخَرَ إِلاَّ قَالَ افْعَلْ وَلاَ حَرَجَ.

৮৩. 'আবদুল্লাহ্ ইব্নু 'আমর ইব্নু 'আস হ্লা হতে বর্ণিত। আল্লাহর রস্ল বিদায় হাজ্জের দিবসে মিনায় লোকদের সম্মুখে (বাহনের উপর) দাঁড়ালেন। লোকেরা তাঁকে বিভিন্ন মাসআলা জিজ্ঞেস করছিল। জনৈক ব্যক্তি তাঁর নিকট এসে বলল, আমি ভুলক্রমে কুরবানীর পূর্বেই মাথা কামিয়ে ফেলেছি। তিনি বললেন: যবেহ কর, কোন ক্ষতি নেই। আর এক ব্যক্তি এসে বলল, আমি ভুলক্রমে কঙ্কর নিক্ষেপের পূর্বেই কুরবানী করে ফেলেছি। তিনি বললেন: কঙ্কর ছুঁড়ো, কোন অসুবিধে নেই। 'আবদুল্লাহ্ ইব্নু 'আমার ক্লা বলেন, 'নাবী ক্লা সেদিন পূর্বে বা পরে করা যে কোন কাজ সম্পর্কেই জিজ্ঞাসিত হচ্ছিলেন, তিনি এ কথাই বলেছিলেন: কর, কোন ক্ষতি নেই। '(১২৪,১৭৩৬,১৭৩৭,১৭৩৮,৬৬৬৫; মুসলিম ১৫/৫৭ হাঃ ১৩০৬, আহমাদ ৬৪৯৯) (আ.প্র. ৮৩, ই.ফা. ৮৩)

. ٢٦/٣ . بَابِ مَنْ أَجَابَ الْفُتْيَا بِإِشَارَةِ الْيَدِ وَالرَّأْسِ. ٧٦/٣ و/28. अधार्य : হাত ও মাথার ইঙ্গিতে ফাতাওয়ার জওয়াব দান।

٨٤. **عرشنا** مُوسَى بْنُ إِسْمَاعِيلَ قَالَ حَدَّثَنَا وُهَيْبُ قَالَ حَدَّثَنَا أَيُوبُ عَنْ عِكْرِمَةَ عَنْ ابْنِ عَبَّــاسٍ أَنُّ النَّبِيِّ ﷺ سُئِلَ فِي حَجَّيهِ فَقَالَ ذَبَحْتُ قَبْلَ أَنْ أَرْمِيَ فَأَوْمَأَ بِيَدِهِ قَالَ وَلاَ حَرَجَ قَالَ حَلَقْتُ قَبْلَ أَنْ أَذْبَـــحَ فَأُومَا بِيَدِهِ وَلاَ حَرَجَ قَالَ حَلَقَتُ قَبْلَ أَنْ أَذْبَـــحَ فَأُومَا بِيَدِهِ وَلاَ حَرَجَ.

৮৪. ইব্নু 'আব্বাস (क्य) হতে বর্ণিত। হাজ্জের সময় নাবী (ক্রিজ্ঞাসিত হলেন। কোন একজন বলল: আমি কঙ্কর নিক্ষেপের পূর্বেই যবেহ (কুরবানী) করে ফেলেছি। ইব্নু 'আব্বাস (ক্রি) বলেন, তখন আল্লাহর রসূল ক্রি হাত দিয়ে ইঙ্গিত করে বললেন: কোন অসুবিধে নেই। আর এক ব্যক্তি বলল: আমি যবেহ করার পূর্বে মাথা মুগুন করে ফেলেছি। তিনি হাত দিয়ে ইঙ্গিত করলেন: কোন ক্ষতি নেই। (১৭২১, ১৭২২, ১৭২৩, ১৭৩৪, ৬৬৬৬ দ্রন্থব্য) (আ.প্র. ৮৪, ই.ফা. ৮৪)

٥٥. صرشنا الْمَكِّيُّ بْنُ إِبْرَاهِيمَ قَالَ أَخْبَرَنَا حَنْظَلَةُ بْنُ أَبِي سُفْيَانَ عَنْ سَالِمٍ قَالَ سَمعْتُ أَبَا هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ فَقَالَ اللَّهِ وَمَا الْهَرْجُ فَقَالَ هَكَسنَا النَّبِيِّ فَقَالَ اللَّهِ وَمَا الْهَرْجُ فَقَالَ هَكَسنَا النَّبِيِّ فَقَالَ اللَّهِ وَمَا الْهَرْجُ فَقَالَ هَكَسنَا بِيَدَهُ فَحَرَّفَهَا كَأَنَّهُ يُرِيدُ الْقَتْلَ.

হানাফী মাযহাব মতে কাফ্ফারা দিতে হবে কিন্তু এর কোন সহীহু হাদীসভিত্তিক দলীপ নেই। বরং এটা হাদীস বিরোধী মত। ফর্মা- ১/৭

৮৫. আবৃ হুরাইরাহ হাত বর্ণিত। নাবী হাত বলেন: (শেষ যামানায়) 'ইল্ম উঠিয়ে নেয়া হবে, অজ্ঞতা ও ফিতনা ছড়িয়ে পড়বে এবং 'হার্জ' বেড়ে যাবে। জিজ্ঞেস করা হল, হে আল্লাহর রসূল! 'হার্জ' কী? তিনি হাত দ্বারা ইঙ্গিত করে বললেন: 'এ রকম'। যেন তিনি এর দ্বারা 'হত্যা বৃঝিয়েছিলেন। (১০৩৬, ১৪১২, ৩৬০৮, ৪৬৩৫, ৬০৩৭, ৬৫০৬, ৬৯৩৫, ৭০৬১, ৭১২৫, ৭১২১) (আ.শ্র. ৮৫, ই.ফা. ৮৫)

٨٦. حَرَثُنَا مُوسَى بْنُ إِسْمَاعِيلَ قَالَ حَدَّثَنَا وُهَيْبٌ قَالَ حَدَّثَنَا هِشَامٌ عَنْ فَاطِمَةَ عَنْ أَسْمَاءَ قَالَتْ أَتَيْتُ عَائِشَةَ وَهِي تُصَلِّي فَقُلْتُ مَا شَأْنُ النَّاسِ فَأَشَارَتْ إِلَى السَّمَاءِ فَإِذَا النَّاسُ قِيَامٌ فَقَالَتَ سَبْحَانَ الله قُلْتُ آيــةً فَأَشَارَتْ بِرَأْسِهَا أَيْ نَعَمْ فَقُمْتُ حَتَّى تَحَلَّانِي الْغَشَى فَجَعَلْتُ أَصُبُّ عَلَى رَأْسِي الْمَاءَ فَحَمِدَ الله عَزَّ وَجَلَّ النَّبِي فَيْ فَالَمَ عَلَيْهِ ثُمَّ قَالَ مَا مِنْ شَيْء لَمَ أَكُنْ أُرِيتُهُ إِلاَّ رَأَيْتُهُ فِي مَقَامِي حَتَّى الْجَنَّةُ وَالنَّارُ فَأُوحِيَ إِلَسِيَّ النَّبِي فَيْ وَاللَّهُ وَأَنْنَى عَلَيْه ثُمَّ قَالَ مَا مِنْ شَيْء لَمَ أَكُنْ أُرِيتُهُ إِلاَّ رَأَيْتُهُ فِي مَقَامِي حَتَّى الْجَنَّةُ وَالنَّارُ فَأُوحِيَ إِلَسِيَّ النَّيْ فَيْقُولُ وَي قُبُورِكُمْ مِثْلَ أَوْ قَرِيبَ لَا أَدْرِي أَيَّهُ فَالَتْ أَسْمَاءُ مِنْ فَقَنَة الْمَسِيحِ الدَّجَّالِ يُقَالُ مَا عَلَى عَلَيْه بُورَكُمْ مِثْلَ أَوْ الْمُوقِنُ لَا أَدْرِي بَلِيَّهِمَا قَالَتْ أَسْمَاءُ مَنْ فَيْقُولُ هُوَ مُحَمَّدُ رَسُولُ الله جَاءَنَا عِلْمَا الرَّجُلِ فَأَمَّا اللهُ مُومَعَلُ اللهُ مُومَعَلُ الله عَلَيْتُ الْمَوقِيلُ اللهِ عَلَيْ اللهُ عَلَى اللهُ عَلَى اللهِ عَلَيْنَا إِنْ كُنْتَ لَمُوقِنَا بِهِ وَأَمَّا الْمُنْونُ وَاللهُ اللهُ عَلَيْه اللهُ اللهُ عَلَى اللهُ عَلَيْه اللهُ وَلُولُ اللهُ اللهُ عَلَى اللهُ اللهِ اللهُ اللهُ اللهُ عَلَيْه اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ عَلَيْه اللهُ عَلَيْهُ اللهُ اللهُ

৮৬. আসমা হাতে বর্ণিত তিনি বলেন, আমি 'আয়িশাহ ছাত্রী-র নিকট আসলাম, তিনি তখন সলাত রত ছিলেন। আমি বললাম, 'মানুষের কী হয়েছে?' তিনি আকাশের দিকে ইঙ্গিত করলেন (সূর্য গ্রহণ লেগেছে)। তখন সকল লোক (সলাতুল কুসৃষ্ণ এর জন্য) দাঁড়িয়ে রয়েছে। 'আয়িশাহ ছাত্রী বললেন, সুবহানাল্লাহ! আমি বললাম, এটা কি কোন নিদর্শন ? তিনি মাথা দিয়ে ইঙ্গিত করলেন, 'হাঁ।' অতঃপর আমি (সলাতে) দাঁড়িয়ে গেলাম। এমনকি (দীর্ঘতার কারণে) আমার জ্ঞান হারিয়ে ফেলার উপক্রম হল। তাই আমি মাথায় পানি ঢালতে আরম্ভ করলাম। পরে নাবী হাত্রী আল্লাহ্র হাম্দ ও সানা পাঠ করলেন। অতঃপর বললেন: যা কিছু আমাকে ইতোপূর্বে দেখানো হয়নি, তা আমি আমার এ স্থানেই দেখতে পেয়েছি। এমনকি জান্নাত ও জাহান্নামও। অতঃপর আল্লাহ্ তা'আলা আমার নিকট ওয়াহী প্রেরণ করলেন, 'দাজ্জালের ন্যায় (কঠিন) পরীক্ষা অথবা তার কাছাকাছি বিপদ দিয়ে তোমাদেরকে কবরে পরীক্ষায় ফেলা হবে।'

ফাতিমাহ ক্রির বলেন, আসমা ক্রির مثل (অনুরূপ) শব্দ বলেছিলেন, فريب (কাছাকাছি) শব্দ, তা ঠিক আমার স্মরণ নেই। (কবরের মধ্যে) বলা হবে, 'এ ব্যক্তি সম্পর্কে তুমি কী জান?' তখন মু'মিন ব্যক্তি বা মু'কিন (বিশ্বাসী) ব্যক্তি ফাতিমাহ ক্রির বলেন। আসমা ক্রির এর কোন্ শব্দটি বলেছিলেন আমি জানিনা], বলবে, 'তিনি মুহাম্মাদ ক্রিই, তিনি আল্লাহর রসূল। আমাদের নিকট মু'জিযা ও হিদায়াত নিয়ে এসেছিলেন। আমরা তা গ্রহণ করেছিলাম এবং তাঁর ইতিবা' করেছিলাম। তিনি মুহাম্মাদ।' তিনবার এরপ বলবে। তখন তাকে বলা হবে, আরামে ঘুমিয়ে থাক, আমরা জানতে পারলাম যে, তুমি (দুনিয়ায়) তাঁর উপর বিশ্বাসী ছিলে। আর মুনাফিক অথবা মুরতাব (সন্দেহ পোষণকারী) ফাতিমাহ বলেন, আসমা

কোন্টি বলেছিলেন, আমি ঠিক মনে করতে পারছি না- বলবে, আমি কিছুই জানি না। মানুষকে (তাঁর সম্পর্কে) যা বলতে শুনেছি, আমিও তাই বলেছি। (১৮৪, ৯২২, ১০৫৩, ১০৫৪, ১০৬১, ১২৩৫, ১৩৭৩, ২৫১৯, ২৫২০, ৭২৮৭; মুসলিম ১০/২ হাঃ ৯০৫, আহমাদ ২৬৯৯১) (আ.প্র. ৮৬, ই.ফা. ৮৬)

٣/٥٧. بَابِ تَحْرِيضِ النَّبِيِّ ﷺ وَفَدَ عَبْدِ الْقَيْسِ عَلَى أَنْ يَحْفَظُوا الإِيْمَانَ وَالْعِلْمَ وَيُخْبِرُوا مَنْ وَرَاءَهُمْ

৩/২৫. অধ্যায় : আবদুল কায়েস গোত্রের প্রতিনিধি দলকে ঈমান ও 'ইলমের রক্ষণাবেক্ষণ এবং পরবর্তীদেরকে তা জানিয়ে দেয়ার ব্যাপারে নাবী 🚎 এর উদ্বুদ্ধকরণ।

وَقَالَ مَالِكُ بْنُ الْحُوْيَرِثِ قَالَ لَنَا النَّبِيُّ ﷺ ارْجِعُوا إِلَى أَهْلِيكُمْ فَعَلِّمُوهُمْ.

মালিক ইব্নুল হুওয়াইরিস হা বলেন, নাবী (সঃ) আমাদের বলেছিলেন, তোমরা তোমাদের গোত্রের নিকট ফিরে যাও এবং তাদেরকে শিক্ষা দাও।

٨٧. حَرَثُمَا مُحَمَّدُ بَنُ بَشَّارِ قَالَ حَدَّثَنَا غُنَدَرٌ قَالَ حَدَّثَنَا شُعْبَهُ عَنْ أَبِي جَمْرَةَ قَالَ كُنْتُ أَتَرْجِمُ بَسِيْنَ الْبَاسِ فَقَالَ إِنَّ وَقَدَ عَبْدِ الْقَيْسِ أَتُوا النَّبِيَّ فَقَالَ مَنْ الْوَقْدُ أَوْ مَنْ الْقَوْمُ قَالُوا رِبِيعَةُ فَقَالَ مَرْ الْوَقْدُ أَوْ مَنْ الْقَوْمُ قَالُوا رَبِيعَةُ فَقَالَ مَرْ اللَّهُ وَبَيْنَنَا وَبَيْنَكَ هَذَا الْحَيُّ مِسْنَ مُرْجَبًا بِاللَّقَوْمِ أَوْ بِالْوَقَدِ غَيْرَ خَزَايًا وَلاَ نَدَامَى قَالُوا إِنَّا نَأْتِيكَ مِنْ شُقَة بَعِيدة وَبَيْنَنَا وَبَيْنَكَ هَذَا الْحَيَّةُ فَقَالَ كُفُّارٍ مُضَرَ وَلاَ نَسْتَطِيعُ أَنْ نَأْتِيكَ إِلاَّ فِي شَهْرِ حَرَامٍ فَمُرْنَا بِأَمْرٍ نُخْبِرٌ بِهِ مَنْ وَرَاءَنَا نَدَّحُلُ بِهِ الْحَنَّةَ فَأَمْرَهُمْ بَالْإِيمَانُ بِاللهِ عَرَّ وَجَلَّ وَحُدَهُ قَالَ هَلْ تَدُرُونَ مَا الإِيمَانُ بِاللهِ وَحْدَهُ قَالَ اللّهُ وَحْدَهُ قَالَ هَلْ تَدُولُ اللهُ وَحِدَهُ قَالَ اللهُ وَحَدَهُ قَالَ هَلْ مُوسَلُوا اللّهُ وَإِنَّامُ وَاللّهُ وَإِيقَامُ اللّهُ وَحْدَهُ قَالَ اللّهُ وَالْمَانُ بِاللّهُ وَحْدَهُ قَالَ اللّهُ وَرَعُولُ وَحُدَهُ وَالْمَالُوا اللّهُ وَإِنّا مُولِكُونَ مَا الإِيمَانُ بِاللهِ وَحْدَهُ قَالَ اللّهُ وَاللّهُ وَاللّهُ وَاللّهُ وَاللّهُ وَاللّهُ وَاللّهُ وَاللّهُ وَاللّهُ وَلَا اللللّهُ وَاللّهُ وَاللّهُ وَاللّهُ وَاللّهُ وَاللّهُ وَاللّهُ وَالْمَاللّهُ وَاللّهُ وَلَا اللّهُ وَلَا اللّهُ وَاللّهُ وَاللّهُ وَلَا اللّهُ وَاللّهُ وَاللّهُ وَاللّهُ وَاللّهُ وَاللّهُ وَاللّهُ اللّهُ وَلَا اللّهُ وَاللّهُ وَاللّهُ وَاللّهُ اللّهُ وَاللّهُ وَاللّهُ وَاللّهُ وَاللّهُ وَاللّهُ وَاللّهُ وَاللّهُ وَاللّهُ وَلَا اللللللّهُ وَاللّهُ وَاللّهُ وَاللّهُ وَاللّهُ اللّهُ وَاللّهُ وَلَا اللّهُ وَاللّهُ وَاللّهُ

৮৭. আবৃ জামরাহ হতে বর্ণিত। তিনি বলেন, আমি ইব্নু 'আব্বাস হ্রাস ও লোকদের মধ্যে ভাষান্তরের কাজ করতাম। একদা ইব্নু 'আব্বাস হ্রাস বললেন, 'আবদুল কায়স গোত্রের প্রতিনিধি দল নাবী হ্রাই-এর নিকট আসলে তিনি বললেন: তোমরা কোন্ প্রতিনিধি দল? অথবা বললেন: তোমরা কোন্ গোত্রের? তারা বলল, 'রাবী'আহ গোত্রের। তিনি বললেন: 'স্বাগতম। এ গোত্রের প্রতি অথবা এ প্রতিনিধি দলের প্রতি, এরা কোনরূপ অপদস্থ ও লাঞ্ছিত না হয়েই এসেছে। তারা বলল, 'আমরা বহু দূর হতে আপনার নিকট এসেছি। আর আমাদের ও আপনার মধ্যে রয়েছে কাফিরদের এই 'মুযার' গোত্রের বাস। আমরা নিষিদ্ধ মাস ব্যতীত আপনার নিকট আসতে সক্ষম নই। স্বৃতরাং আমাদের এমন কিছু নির্দেশ দিন, যা আমাদের পশ্চাতে যারা রয়েছে তাদের নিকট পৌছাতে এবং তার ওয়াসীলায় আমরা জান্নাতে প্রবেশ করতে পারি।' তখন তিনি তাদের চারটি কাজের নির্দেশ দিলেন এবং চারটি কাজ থেকে নিষেধ করলেন। তাদের এক আল্লাহ্র উপর বিশ্বাস স্থাপনের আদেশ করলেন। তিনি বললেন: এক

আল্লাহ্র উপর বিশ্বাস স্থাপন কীরূপে হয় জান? তারা বলল : 'আল্লাহ্ ও তাঁর রস্লই ভাল জানেন।' তিনি বললেন : 'তা হল এ সাক্ষ্য দেয়া যে, আল্লাহ্ ব্যতীত প্রকৃত কোন উপাস্য নেই এবং মুহাম্মাদ আল্লাহ্র রস্ল, সলাত প্রতিষ্ঠা করা, যাকাত আদায় করা এবং রমাযান-এর সিয়াম পালন করা আর তোমরা গনীমাতের মাল থেকে এক-পঞ্চমাংশ দান করবে।' আর তাদের নিষেধ করলেন ওকনো কদুর খোল, সবুজ কলস এবং আলকাতরা দ্বারা রঙ করা পাত্র ব্যবহার করতে। ও'বা বলেন, কখনও (আবূ জামরা) খেজুর গাছ থেকে তৈরি পাত্রের কথাও বলেছেন আবার তিনি কখনও তানের হলে المُقَرِّر বললেন : তোমরা এগুলো মনোযোগ সহকারে ম্মরণ রখি এবং তোমাদের পশ্চাতে যারা রয়েছে তাদের নিকট পৌছে দাও। (৫৩) (আ.গ্র. ৮৭, ই.ফা. ৮৭)

# ٢٦/٣. بَابِ الرِّحْلَةِ فِي الْمَسْأَلَةِ النَّازِلَةِ وَتَعْلِيمِ أَهْلُهُ.

৩/২৬. অধ্যায় : উদ্ভূত মাসআলার উদ্দেশে সফর করা এবং নিজের পরিজনদের শিক্ষা প্রদান।

٨٨. حارثنا مُحَمَّدُ بْنُ مُقَاتِلِ أَبُو الْحَسَنِ قَالَ أَخْبَرَنَا عَبْدُ اللهِ قَالَ أَخْبَرَنَا عُمْرُ بْنُ سَعِيد بْنِ أَبِي حُسَيْنِ قَالَ حَدَّنَنِي عَبْدُ اللهِ بْنُ عَزِيزٍ فَأَتَثَــهُ امْــرَأَةً قَالَ حَدَّنَنِي عَبْدُ اللهِ بْنُ عَزِيزٍ فَأَتَثَــهُ امْــرَأَةً فَالَ حَدَّنَنِي عَبْدُ اللهِ بَنْ عَزِيزٍ فَأَتَثَــهُ امْــرَأَةً فَقَالَ لَهَا عُقَبَةُ مَا أَعْلَمُ أَنَّكُ أَرْضَعْتَنِي وَلاَ أَخْبَرُتِنِي فَرَكِبَ إِلَـــى فَقَالَ لَهَا عُقْبَةُ مَا أَعْلَمُ أَنَّكُ أَرْضَعْتَنِي وَلاَ أَخْبَرُتِنِي فَرَكِبَ إِلَـــى رَسُولُ اللهِ فَقَالَ رَسُولُ اللهِ فَقَالَ رَسُولُ اللهِ فَقَالَ وَقَدْ قِيلَ فَفَارَقَهَا عُقْبَةُ وَنَكَحَتْ زَوْجًا غَيْرَهُ.

৮৮. 'উকবাহ ইব্নুল হারিস ( বর্ণনা করেন, তিনি আবৃ ইহাব ইব্নু 'আযীয ( বর্ণনা করেন) বিয়ে করলে তাঁর নিকট জনৈকা স্ত্রীলোক এসে বলল, আমি 'উকবাহ ( বর্ণনা আমি জানি না তুমি করেছে তাকে (আবৃ ইহাবের কন্যাকে) দুধ পান করিয়েছি। 'উকবাহ তাকে বললেন আমি জানি না তুমি আমাকে দুধ পান করিয়েছ, আর (ইতোপূর্বে) তুমি আমাকে একথা জানাও নি। অতঃপর তিনি মাদীনাহ্য় আল্লাহর রসূল এর নিকট গেলেন এবং তাঁকে জিজ্ঞেস করলেন। আল্লাহর রসূল করিবে বললেন: এ কথার পর তুমি কীভাবে তার সঙ্গে সংসার করবে? অতঃপর 'উকবাহ তাঁর স্ত্রীকে আলাদা করে দিলেন এবং সে মহিলা অন্য স্বামীর সঙ্গে বিবাহ বন্ধনে আবদ্ধ হল। (২০৫২, ২৬৪০, ২৬৫৯, ২৬৬০, ৫১০৪) (আ.প্র. ৮৮, ই.ফা. ৮৮)

## . ۲۷/۳ بَابِ التَّنَاوُبِ فِي الْعِلْمِ. ७/২٩. অধ্যায় : পালাক্রমে 'ইল্ম শিক্ষা করা।

٨٩. صرشنا أبُو الْيَمَانِ أَخْبَرَنَا شُعَيْبٌ عَنَ الزُّهْرِيِّ حِ قَالَ أَبُو عَبْدِ اللهِ وَقَالَ ابْنُ وَهْبِ أَخْبَرَنَا يُسوئُسُ عَنْ الْبُونِ فَهِ اللهِ وَقَالَ ابْنُ وَهْبِ أَخْبَرَنَا يُسوئُسُ عَنْ ابْنِ شِهَابٍ عَنْ عُبَيْدِ اللهِ بْنِ عَبْدِ اللهِ بْنِ عَبْدِ اللهِ بْنِ عَبْدِ اللهِ بْنِ عَبْدِ اللهِ اللهِ عَنْ عُمَرَ قَالَ كُنْتُ أَنَا وَحَسارُ لِي مِنَ الأَيْصَارِ فِي بَنِي أَمَيَّةً بْنِ زَيْدٍ وَهِيَ مِنْ عَوَالِي الْمَدينَةِ وَكُنَّا نَتَنَاوَبُ النَّزُولَ عَلَى رَسُولِ اللهِ اللهِ يَنْزِلُ لِي مِنَ الْأَيْصَارِ فِي بَنِي أَمَيَّةً بِنِ زَيْدٍ وَهِي مِنْ عَوَالِي الْمَدينَةِ وَكُنَّا نَتَنَاوَبُ النَّزُولَ عَلَى رَسُولِ اللهِ اللهِ يَشْوِلُ اللهِ عَلَى مَثْلُ ذَلِسَكَ فَنَسِرَلُ يَوْمًا فَإِذَا نَزَلُتُ حَنْدُ بِخَبَرِ ذَلِكَ الْيَوْمِ مِنَ الْوَحْيِ وَغَيْرِهِ وَإِذَا نَزَلَ فَعَلَ مِثْلَ ذَلِسَكَ فَنَسَزَلُ

صَاحِبِي الأَنْصَارِيُّ يَوْمَ نَوْبَتِهِ فَضَرَبَ بَابِي ضَرْبًا شَدِيدًا فَقَالَ أَثَمَّ هُوَ فَفَزِعْتُ فَخَرَجْتُ إِلَيْهِ فَقَالَ قَدْ حَدَثَ أَمْرٌ عَظِيمٌ قَالَ فَدَخَلْتُ عَلَى حَفْصَةَ فَإِذَا هِيَ تَبْكِي فَقُلْتُ طَلَّقَكُنَّ رَسُولُ اللهِ ﷺ قَالَتُ لاَ أَدْرِي ثُمَّ دَخَلْتُ عَلَى النَّبِي ﷺ فَقُلْتُ وَأَنَا قَائِمٌ أَطَلَّقْتُ نِسَاءَكَ قَالَ لاَ فَقُلْتُ اللهُ أَكْبَرُ.

৮৯. 'উমার হাত বর্ণিত। তিনি বলেন : আমি ও আমার এক আনসারী প্রতিবেশী বনি উমাইয়াহ ইব্নু যায়দের মহল্লায় বাস করতাম। এ মহল্লাটি ছিল মাদীনাহর উঁচু এলাকায় অবস্থিত। আমরা দু'জনে পালাক্রমে আল্লাহর রসূল —এর নিকট উপস্থিত হতাম। তিনি একদিন আসতেন আর আমি একদিন আসতাম। আমি যেদিন আসতাম, সেদিনের ওয়াহী প্রভৃতির খবর নিয়ে তাঁকে পৌছে দিতাম। আর তিনি যেদিন আসতেন সেদিন তিনিও তাই করতেন। অতঃপর একদা আমার আনসারী সাথী তাঁর পালার দিন আসলেন এবং (সেখান থেকে ফিরে) আমার দরজায় খুব জোরে জোরে আঘাত করতে লাগলেন। (আমার নাম নিয়ে) বলতে লাগলেন, তিনি কি এখানে আছেন? আমি ঘাবড়ে গিয়ে তাঁর দিকে গেলাম। তিনি বললেন, এক বিরাট ঘটনা ঘটে গেছে আল্লাহর রসূল তাঁর স্ত্রীগণকে তালাক দিয়েছেন। আমি তখনি (আমার কন্যা) হাফসাহ ক্রিল্রা-এর নিকট গেলাম। তিনি তখন কাঁদছিলেন। আমি বললাম, আল্লাহর রসূল কি তোমাদের ত্বলাক দিয়েছেন? তিনি বললেন, 'আমি জানি না।' অতঃপর আমি নাবী —এর নিকট গেলাম এবং দাঁড়িয়ে থেকেই বললাম : আপনি কি আপনার স্ত্রীদের ত্বলাক দিয়েছেন? জবাবে তিনি বললেন : 'না।' আমি তখন বললাম 'আল্লাহ আকবার'। (২৪৬৮, ৪৯১৩, ৪৯১৫, ৫১৯১, ৫২১৮, ৫৮৪৩, ৭২৫৬, ৭২৬৩) (আ.প্র. ৮৯, ই.ফা. ৮৯)

٣/٨٧. بَابِ الْغَضَبِ فِي الْمَوْعِظَةِ وَالتَّعْلِيمِ إِذَا رَأَى مَا يَكُرَهُ.

৩/২৮. অধ্যায় : অপছন্দনীয় কিছু দেখলে ওয়ায-নাসীহাত বা শিক্ষাপ্রদানের সময় রাগ করা।

٩٠. حدثنا مُحَمَّدُ بْنُ كَثِيرِ قَالَ أَخْبَرَنَا سُفْيَانُ عَنْ ابْنِ أَبِي خَالِد عَنْ قَيْسِ بْنِ أَبِي حَازِمٍ عَنْ أَبِي مَسْعُودِ الأَنْصَارِيِّ قَالَ قَالَ رَجُلُّ يَا رَسُولَ اللهِ لاَ أَكَادُ أُدْرِكُ الصَّلاَةُ مِمَّا يُطَوِّلُ بِنَا فُلاَنْ فَمَا رَأَيْسَتُ النَّبِيَ عَلَيْ فَمَا يُطَوِّلُ بِنَا فُلاَنْ فَمَا رَأَيْسَتُ النَّاسُ إِنَّكُمْ مُنَفِّرُونَ فَمَنْ صَلَّى بِالنَّاسِ فَلَيْخَفِّفْ النَّاسُ إِنَّكُمْ مُنَفِّرُونَ فَمَنْ صَلَّى بِالنَّاسِ فَلَيْخَفِّفْ فَإِنَّ فِيهِمْ الْمَرِيضَ وَالضَّعيفَ وَذَا الْحَاجَة.

৯০. আবৃ মাস'উদ আনসারী (অ) থেকে বর্ণিত, তিনি বলেন, একদা জনৈক ব্যক্তি বলল, 'হে আল্লাহর রসূল! আমি সলাতে (জামা'আতে) শামিল হতে পারি না। কারণ অমুক ব্যক্তি আমাদের নিয়ে খুব দীর্ঘ সলাত আদায় করেন। [আবৃ মাস'উদ ( বলেন, ] আমি নাবী ( কে)-কে কোন নাসীহাতের মাজলিসে সেদিনের তুলনায় অধিক রাগান্বিত হতে দেখিনি। (রাগত স্বরে) তিনি বললেন : হে লোক সকল! তোমরা মানুষের মধ্যে বিরক্তির সৃষ্টি কর। অতএব যে লোকদের নিয়ে সলাত আদায় করবে সে যেন সংক্ষেপ করে। কারণ তাদের মধ্যে রোগী, দুর্বল ও কর্মব্যস্ত লোকও থাকে। (৭০২, ৭০৪, ৬১১০, ৭১৫৯) (আ.গ্র. ১০, ই.ফা. ১০)

91. مرثنا عَبْدُ اللهِ بْنُ مُحَمَّد قَالَ حَدَّنَنَا عَبْدُ الْمَلكِ بْنُ عَمْرِ و الْعَقَدِيُّ قَالَ حَدَّنَنَا سُلَيْمَانُ بْنُ بِلاَل الْمَدينِيُّ عَنْ رَبِيعَةَ بْنِ أَبِي عَبْدِ الرَّحْمَنِ عَنْ يَزِيدَ مَوْلَى الْمُنْبَعِثِ عَنْ زَيْد بْنِ خَالد الْجُهَنِيِّ أَنَّ النَّبِيَّ فَلَا الْمَدينِيُّ عَنْ رَبِيعَةَ بْنِ أَبِي عَبْدِ الرَّحْمَنِ عَنْ يَزِيدَ مَوْلَى الْمُنْبَعِثِ عَنْ رَيْد بْنِ خَالد الْجُهنِيِّ أَنَّ النَّبِيَّ فَلَا الْمَالَةُ الْإِبلِ فَعَضِ عَنْ يَزِيدَ مَوْلَى وَعَاءَهَا وَعَفَاصَهَا ثُمَّ عَرِّفَها سَنَةً ثُمَّ اسْتَمْتِع بِهَا فَلِي مَا اللَّهُ وَكَاءَها وَعَاءَها وَعَنَالَهُ الْمَا وَمَا لَكَ وَلَها عَلَى مَا اللهُ عَنْ اللهُ وَمَا لَكَ وَلَها مَعْفَا سَقَاوُها وَحَذَاؤُها وَحَذَاوُها تَرِدُ الْمَاءَ وَتَرْعَى الشَّجَرَ فَذَرْهَا حَتَّى يَلْقَاهَا رَبُّهَا قَالَ فَضَالَّةُ الْغَنَمِ قَالَ لَكَ اللهَ الْمَا اللهُ الللهُ اللهُ ا

৯১. যায়দ ইব্নু খালিদ আল-জুহানী হতে বর্ণিত। জনৈক ব্যক্তি নাবী ক্রি-কে কুর্ড়িয়ে পার্ওয়াঁ জিনিস সম্পর্কে জিজ্ঞেস করলে তিনি বললেন : তার বাঁধনের রশি অথবা বললেন, থলে-ঝুলি ভাল করে চিনে রাখ। অতঃপর এক বছর পর্যন্ত তার ঘোষণা দিতে থাক। তারপর (মালিক পাওয়া না গেলে) তুমি তা ব্যবহার কর। অতঃপর যদি এর প্রাপক আসে তবে তাকে তা দিয়ে দেবে। সে বলল, 'হারানো উটের ব্যাপারে কী করতে হবে?' এ কথা শুনে আল্লাহর রস্ল ক্রি এমন রাগ করলেন যে, তাঁর গাল দু'টো লাল হয়ে গেল। অথবা বর্ণপাকারী বলেন, তাঁর মুখমণ্ডল লাল হয়ে গেল। তিনি বললেন : 'উট নিয়ে তোমার কী হয়েছে? তার তো আছে পানির মশক ও শক্ত পা। পানির নিকট যেতে পারে এবং গাছ খেতে পারে। কাজেই তাকে ছেড়ে দাও এমন সময়ের মধ্যে তার মালিক তাকে পেয়ে যাবে।' সে বলল, 'হারানো ছাগল পাওয়া গেলে?' তিনি বললেন, 'সেটি তোমার হবে, নাহলে তোমার ভাইয়ের, না হলে বাঘের।' (২৩৭২, ২৪২৭, ২৪২৮, ২৪২৯, ২৪৩৬, ২৪৩৮, ৫২৯২, ৬১১২) (আ.গ্র. ৯১, ইয়ে। ৯১)

97. عرشنا مُحَمَّدُ بْنُ الْعَلَاءِ قَالَ حَدَّثَنَا أَبُو أَسَامَةَ عَنْ بُرَيْدِ عَنْ أَبِي بُرْدَةَ عَنْ أَبِي مُوسَى قَالَ سُــــــلَ النَّبِيُّ عَنْ أَشِيَاءَ كَرِهَهَا فَلَمَّا أَكْثِرَ عَلَيْهِ غَضِبَ ثُمَّ قَالَ لِلنَّاسِ سَلُونِي عَمَّا شَنْتُمْ قَالَ رَجُلٌ مَنْ أَبِي قَالَ النَّبِيُّ عَنْ أَشِي عَمَّا شَنْتُمْ قَالَ رَجُلٌ مَنْ أَبِي قَالَ اللهِ فَقَالَ أَبُوكَ سَالِمْ مَوْلَى شَيْبَةَ فَلَمَّا رَأَى عُمَرُ مَا فِي وَجْهِهِ قَالَ يَكُولُ اللهِ عَنَّ وَجَلًى.

৯২. আবৃ মৃসা হতে বর্ণিত। তিনি বলেন, একদা নাবী হৈ কে কয়েকটি অপছন্দনীয় বিষয় সম্পর্কে জিজ্ঞেস করা হল। প্রশ্নের সংখ্যা অধিক হয়ে যাওয়ায় তখন তিনি রেগে গিয়ে লোকদেরকে বললেন: 'তোমরা আমার নিকট যা ইচ্ছা প্রশ্ন কর।' জনৈক ব্যক্তি বলল, 'আমার পিতা কে?' তিনি বললেন: 'তোমার পিতা হুযাফাহ।' আর এক ব্যক্তি দাঁড়িয়ে বলল, 'হে আল্লাহর রসূল! আমার পিতা কে?' তিনি বললেন: 'তোমার পিতা হল শায়বার দাস সালিম।' তখন 'উমার হ্রি) আল্লাহর রসূল হি এব চেহারার অবস্থা দেখে বললেন: 'হে আল্লাহর রসূল! আমরা মহিমান্বিত আল্লাহর নিকট তাওবাহ করছি।' (৭২৯১; মুসলিম ৪৩/৩৭ হাঃ ২৩৬০) (আ.গ্র. ৯২, ই.ফা. ৯২)

. ٢٩/٣ . بَابِ مَنْ بَرَكَ عَلَى رُكَبَتَيْهِ عِنْدَ الْإِمَامِ أَوْ الْمُحَدِّثِ. وَ/كَبَتَيْهِ عِنْدَ الْإِمَامِ أَوْ الْمُحَدِّثِ. وَ/كِهُ. অধ্যায় : ইমাম বা মুহাদ্দিসের সামনে হাঁটু পেতে বসা

٩٣. **عرشنا** أَبُو الْيَمَانِ قَالَ أَخْبَرَنَا شُعَيْبٌ عَنْ الزُّهْرِيِّ قَالَ أَخْبَرَنِي أَنَسُ بْنُ مَالِكِ أَنَّ رَسُــولَ اللهِ اللهِ اللهِ عَنْ الزُّهْرِيِّ قَالَ أَخْبَرَنِي أَنَسُ بْنُ مَالِكِ أَنَّ رَسُــولَ اللهِ اللهِ عَمْرُ عَلَـــى خَرَجَ فَقَامَ عَبْدُ اللهِ بْنُ مُخَدَّافَةُ ثُمَّ أَكْثَرَ أَنْ يَقُولَ سَلُوبِي فَبَرَكَ عُمَرُ عَلَـــى رُكْبَتَيْهِ فَقَالَ رَضِينَا بِاللهِ رَبَّا وَبِالإِسْلاَمِ دِينًا وَبِمُحَمَّدِ عَلَى نَبِيًّا فَسَكَتَ.

৯৩. আনাস ইব্নু মালিক ( হতে বর্ণিত। একদা আল্লাহর রস্ল হতে বের হলেন। তখন 'আবদুল্লাহ্ ইব্নু হুযাফাহ দাঁড়িয়ে বললেন, 'আমার পিতা কে?' তিনি বললেন: 'তোমার পিতা হুযাফাহ।' অতঃপর তিনি বারবার বলতে লাগলেন, 'তোমরা আমাকে প্রশ্ন কর।' 'উমার ( তেন জানু পেতে বসে বললেন: 'আমরা আল্লাহকে প্রতিপালক হিসেবে, ইসলামকে দীন হিসেবে এবং মুহাম্মাদ হত-কে নাবী হিসেবে সভুষ্ট চিত্তে গ্রহণ করে নিয়েছি।' তিনি এ কথা তিনবার বললেন। এতে আল্লাহর রস্ল হতি নীরব হলেন। (৫৪০, ৭৪৯, ৪৬২১, ৬৩৬২, ৬৪৬৮, ৬৪৮৬, ৭০৮৯, ৭০৯০, ৭০৯১, ৭২৯৪, ৭২৯৫; মুসলিম ৪৩/৩৭ হাঃ ২৩৫৯, আহমাদ ১২৬৫৯) (আ.প্র. ৯৩, ই.ফা. ৯৩)

## ٣٠/٣. بَابِ مَنْ أَعَادَ الْحَدِيثَ ثَلاَثًا لِيُفْهَمَ عَنْهُ.

#### ৩/৩০. অধ্যায়: ভালোভাবে বুঝানোর জন্য কোন কথা তিনবার বলা

فَقَالَ أَلاَ وَقَوْلُ الزُّورِ فَمَا زَالَ يُكَرِّرُهَا وَقَالَ ابْنُ عُمَرَ قَالَ النَّبيُّ ﷺ هَلْ بَلَّغْتُ ثَلاَّتًا.

নাবী 🥽 বলেন : 'মিথ্যা কথা থেকে সাবধান!' এ কথাটি পুনঃ পুনঃ বলতে লাগলেন। ইব্নু 'উমার (ﷺ) বলেন, নাবী 🥰 (বিদায় হাজ্জে) বলেছেন আমি কি পৌছে দিয়েছি? একথা তিনি তিনবার বলেছেন।

٩٤. صرشنا عَبْدَةُ قَالَ حَدَّنَنَا عَبْدُ الصَّمَدِ قَالَ حَدَّنَنا عَبْدُ اللهِ بْنُ الْمُثَنَّى قَالَ حَدَّثَنَا ثُمَامَةُ بْنُ عَبْدِ اللهِ
 عَنْ أَنَسٍ عَنِ النَّبِيِّ ﷺ أَنَّهُ كَانَ إِذَا سَلَّمَ سَلَّمَ ثَلاَثًا وَإِذَا تَكَلَّمَ بِكَلِمَةٍ أَعَادَهَا ثَلاَثًا.

৯৪. আনাস ( হেত বর্ণিত। তিনি বলেন, নাবী হেতু যখন সালাম দিতেন, তিনবার সালাম দিতেন। আর যখন কোন কথা বলতেন তখন তা তিনবার বলতেন। (৯৫, ৬২৪৪) (আ.প্র. নাই, ই.ফা. ৯৪)

90. عَرَمْنَا عَبْدَةُ بْنُ عَبْدِ اللهِ الصَّفَارُ حَدَّثَنَا عَبْدُ الصَّمَدِ قَالَ حَدَّثَنَا عَبْدُ اللهِ بْنُ الْمُثَنَّى قَــالَ حَــدَّنَنَا عَبْدُ الصَّمَدِ قَالَ حَدَّثَنَا عَبْدُ اللهِ عَنْ الْمُثَنَّى قَــالَ حَــدَّنَا عَبْدُ اللهِ عَنْ أَنُس عَنِ النَّبِيِ اللهِ عَنْ أَنُهُ كَانَ إِذَا تَكُلَّمَ بِكَلِمَةٍ أَعَادَهَا ثَلاَثًا حَتَّى تُفْهَمَ عَنْهُ وَإِذَا أَتَــى عُلَى قَوْم فَسَلَّمَ عَلَيْهِمْ سَلَّمُ عَلَيْهِمْ ثَلاَثًا.

৯৫. আনাস ( হাত বর্ণিত। তিনি বলেন, নাবী হাত যখন কোন কথা বলতেন তখন তা বুঝে নেয়ার জন্য তিনবার বলতেন। আর যখন তিনি কোন গোত্রের নিকট এসে সালাম দিতেন, তাদের প্রতি তিনবার সালাম দিতেন। (৯৪) (আ.প্র. ৯৪, ই.ফা. ৯৫)

٩٦. صرثنا مُسَدَّدٌ قَالَ حَدَّنَنَا أَبُو عَوَانَةَ عَنْ أَبِي بِشْرِ عَنْ يُوسُفَ بْنِ مَاهَكَ عَنْ عَبْدِ اللهِ بْنِ عَمْرِو قَالَ تَخَلُّفَ رَسُولُ اللهِ ﷺ فِي سَفَرٍ سَافَرْنَاهُ فَأَدْرَكَنَا وَقَدْ أَرْهَقَنَا الصَّلاَةَ صَلاَةَ الْعَصْرِ وَنَحْنُ نَتَوَضَّا أَفَحَعُلْنَا تَخَلُف رَسُولُ اللهِ عَنَى سَفَرٍ سَافَرْنَاهُ فَأَدْرَكَنَا وَقَدْ أَرْهَقَنَا الصَّلاَةَ صَلاَةَ الْعَصْرِ وَنَحْنُ نَتَوَضَّا فَحَعَلْنَا نَمَادَى بِأَعْلَى صَوْتِهِ وَيْلٌ لِلأَعْقَابِ مِنْ النَّارِ مَرَّتَيْنِ أَوْ ثَلاَثًا.

৯৬. 'আবদুল্লাহ ইব্নু 'আমর হাতে বর্ণিত। তিনি বলেন, কোন এক সফরে আল্লাহর রসূল আমাদের পিছনে পড়ে গেলেন। পরে তিনি আমাদের নিকট পৌছলেন, এদিকে আমরা (আসরের) সলাত আদায় করতে বিলম্ব করে ফেলেছিলাম এবং আমরা উযু করছিলাম। আমরা আমাদের পা কোনমতে পানি দ্বারা ভিজিয়ে নিচ্ছিলাম। তিনি উচ্চৈম্বঃরে বললেন। পায়ের গোড়ালিগুলোর (শুকনো থাকার) জন্য জাহান্নামের 'আযাব রয়েছে। তিনি দু'বার বা তিনবার এ কথা বললেন। (৬০) (আ.প্র. ৯৫, ই.ফা. ৯৬)

# ٣١/٣. بَابِ تَعْلِيمِ الرَّجُلِ أَمَتَهُ وَأَهْلَهُ. ٣١/٣. بَابِ تَعْلِيمِ الرَّجُلِ أَمَتَهُ وَأَهْلَهُ. ৩/৩১. অধ্যায় : নিজের দাসী ও পরিবার পরিজনকে শিক্ষা প্রদান।

90. أَخْبَرُنَا مُحَمَّدُ هُوَ ابْنُ سَلاَمٍ حَدَّثَنَا الْمُحَارِبِيُّ قَالَ حَدَّثَنَا صَالِحُ بْنُ حَيَّانَ قَالَ قَالَ عَامِرُ الشَّغْبِيُّ حَدَّنَنِي أَبُو بُرْدَةَ عَنْ أَبِيهِ قَالَ قَالَ رَسُولُ اللهِ ﷺ وَآمَسنَ بِعَبِيهِ وَآمَسنَ بِمُحَمَّد ﷺ وَالْعَبْدُ الْمَمْلُوكُ إِذَا أَدَّى حَقَّ اللهِ وَحَقَّ مَوَالِيهِ وَرَجُلُّ كَانَتْ عَنْدَهُ أَمَةً فَأَدَّبَهَا فَأَحْسَنَ تَأْدِيبَهِا بِمُحَمَّد عَلَيْهِ وَالْعَبْدُ الْمَمْلُوكُ إِذَا أَدَّى حَقَّ اللهِ وَحَقَّ مَوَالِيهِ وَرَجُلُّ كَانَتْ عَنْدَهُ أَمَةً فَأَدَّبَهَا فَأَحْسَنَ تَأْدِيبَهِا وَعَلَيْنَاكُهَا بِغَيْرِ شَيْءٍ قَدْ كَانَ يُرْكَبُ وَعَلَمْهَا فَأَحْسَنَ تَعْلِمَهَا ثُمَّ أَعْتَقَهَا فَتَزَوَّجَهَا فَلَهُ أَجْرَانِ ثُمَّ قَالَ عَامِرٌ أَعْطَيْنَاكُهَا بِغَيْرِ شَيْءٍ قَدْ كَانَ يُرْكَبُ فيمَا دُونَهَا إِلَى الْمَدينَة.

৯৭. আবৃ ব্রদাহ (क्क), তিনি তাঁর পিতা হতে বর্ণনা করে তিনি বলেন, আঁল্লাহর রস্ল (ক্রের্নেছেন : তিন ধরনের লোকের জন্য দুটি পুণ্য রয়েছে : (১) আহলে কিতাব- যে ব্যক্তি তার নাবীর উপর ঈমান এনেছে এবং মুহাম্মাদ ক্রেই-এর উপরও ঈমান এনেছে। (২) যে ক্রীতদাস আল্লাহ্র হাক আদায় করে এবং তার মালিকের হাকও (আদায় করে)। (৩) যার বাঁদী ছিল, যার সাথে সে মিলিত হত। তারপর তাকে সে সুন্দরভাবে আদব-কায়দা শিক্ষা দিয়েছে এবং ভালভাবে দীনী ইল্ম শিক্ষা দিয়েছে, অতঃপর তাকে আযাদ করে বিয়ে করেছে; তার জন্য দু'টি পুণ্য রয়েছে। অতঃপর বর্ণনাকারী 'আমির (রহ.) (তাঁর ছাত্রকে) বলেন, তোমাকে কোন কিছুর বিনিময় ব্যতীতই হাদীসটি শিক্ষা দিলাম, অথচ পূর্বে এর চেয়ে ছোট হাদীসের জন্যও লোকেরা (দূর-দূরান্ত থেকে) সওয়ার হয়ে মাদীনাহ্য় আসত। (২৫৪৪, ২৫৪৭, ২৫৫১, ৩০১১, ৩৪৪৬, ৫০৮৩; মুসলিম ১/৭০ হাঃ ১৫৪, আহমাদ ১৯৭৩২) (আ.প্র. ৯৬, ই.ছা. ৯৭)

٣٢/٣. بَابِ عِظَةِ الْإِمَامِ النِّسَاءَ وَتَعْلِيمِهِنَّ.

৩/৩২. অধ্যায় : 'আলিম কর্তৃক নারীদের উপদেশ প্রদান করা ও দীনী ''ইল্ম শিক্ষা প্রদান।

٩٨. عرشا سُلَيْمَانُ بْنُ حَرْبِ قَالَ حَدَّثَنَا شُعْبَةُ عَنْ أَيُّوبَ قَالَ سَمِعْتُ عَطَاءً قَالَ سَمِعْتُ ابْنَ عَبَّاسٍ أَنَّ رَسُولَ اللهِ عَلَى اللهِ عَلَى ابْنِ عَبَّاسٍ أَنَّ رَسُولَ اللهِ عَلَى خَرَجَ وَمَعَهُ بِلاَلٌ فَظَنَّ أَنَّهُ لَمَا أَشُهَدُ عَلَى ابْنِ عَبَّاسٍ أَنَّ رَسُولَ اللهِ عَلَى خَرَجَ وَمَعَهُ بِلاَلٌ فَظَنَّ أَنَّهُ لَمَ يُسْمِعْ فَوَعَظَهُنَّ وَأَمَرَهُنَ بِالصَّدَقَةِ فَجَعَلَت الْمَرْأَةُ تُلقِي الْقُرْطَ وَالْحَاتَمَ وَبِلاَلُ يَأْخُذُ فِي طَرَفٍ ثَوْبِهِ قَالَ أَبُو عَبْد اللهِ وَقَالَ إِسْمَاعِيلُ عَنْ أَيُوبَ عَنْ عَطَاءٍ وَقَالَ عَنْ ابْنِ عَبَّاسٍ أَشْهَدُ عَلَى النَّبِي عَلَى النَّبِي عَلَى اللهِ عَنْ اللهِ عَلَى النَّبِي عَلَى اللهِ عَنْ اللهِ عَنْ اللهِ عَنْ اللهِ عَنْ عَطَاءٍ وَقَالَ عَنْ ابْنِ عَبَّاسٍ أَشْهَدُ عَلَى النَّبِي عَلَى اللهِ عَلَى اللهِ عَنْ اللهِ عَنْ اللهِ عَنْ اللهِ عَنْ اللهِ عَلْ اللهِ عَلَى اللهِ عَنْ اللهِ عَلَى اللهِ عَلَى اللهِ عَنْ اللهِ عَلَى اللهِ عَنْ اللهِ عَلَى اللهِ عَنْ اللهِ عَنْ عَلَا عَنْ اللهِ عَلَى اللهِ عَلَى اللهِ عَلَى اللهِ عَلَى اللهِ عَنْ اللهِ عَنْ اللهِ عَلَى اللهِ عَنْ اللهِ عَلَى اللهِ عَلَى اللهِ عَلَى اللهِ عَلَى اللهِ عَنْ اللهِ اللهِ عَنْ اللهِ عَلَى اللهِ عَنْ اللهِ عَلْمَا اللهِ عَلْمَا اللهِ عَلَى اللهُ عَلَى اللهِ عَلَى اللهِ عَلَى اللهِ عَلَى اللهِ عَلْمَ اللهُ عَلَى اللهِ عَلَى اللهِ عَلَى اللهِ عَلَى اللهِ عَلَى اللهِ عَلْهُ اللهِ عَلَى اللهِ عَلَى اللهِ عَلَى اللهِ عَلَى اللهِ عَلَى اللهِ عَلْمَالِهُ عَلَى اللهِ عَلَى اللهَ عَلَى اللهِ عَلَى اللهُ عَلَى اللهِ عَلَى اللهِ عَلَى اللهَا عَلَى اللهِ عَل

৯৮. ইব্নু 'আব্বাস হাতে বর্ণিত। তিনি বলেন, আমি নাবী ক্রি কে সাক্ষী রেখে বলছি, কিংবা পরবর্তী বর্ণনাকারী 'আত্ম (রহ.) বলেন, আমি ইব্নু 'আব্বাসকে সাক্ষী রেখে বলছি যে, নাবী ক্রি সিদের দিন পুরুষের কাতার থেকে) বের হলেন আর তাঁর সঙ্গে ছিলেন বিলাল হা। আল্লাহর রসূল ধারণা করলেন যে, দূরে থাকার জন্য তাঁর নাসীহাত মহিলাদের নিকট পৌছেনি। ফলে তিনি তাঁদের নাসীহাত করলেন এবং দান-খায়রাত করার উপদেশ দিলেন। তখন মহিলারা কানের দূল ও হাতের আংটি দান করতে লাগলেন। আর বিলাল ক্রি সেগুলো তাঁর কাপড়ের প্রান্তে গ্রহণ করতে লাগলেন। ইসমা'ঈল (রহ.) 'আত্ম (রহ.) সূত্রে বলেন যে, ইব্নু 'আব্বাস ক্রি বলেন: আমি নাবী ক্রি-কে সাক্ষী রেখে বলছি। (৮৬৩, ৯৬২, ৯৬৪, ৯৭৫, ৯৭৭, ৯৭৯, ৯৮৯, ১৪৩১, ১৪৪৯, ৪৮৯৫, ৫২৪৯, ৫৮৮০, ৫৮৮১, ৫৮৮৩, ৭৩২৫; মুসলিম ৮/১ হাঃ ৮৮৪, আহমাদ ৩০৬৪) (আ.প্র. ৯৭, ই.ফা. ৯৮)

٣٣/٣. بَابِ الْحِرْصِ عَلَى الْحَدِيثِ. ৩/৩৩. षध्याय : शमीं स्त्र क्षिण नानमा ।

99. حرشنا عَبْدُ الْعَزِيزِ بْنُ عَبْدِ اللهِ قَالَ حَدَّنَنِي سُلَيْمَانُ عَنْ عَمْرِو بْنِ أَبِي عَمْرُو عَنْ سَعِيدِ بْنِ أَبِي عَمْرُو عَنْ سَعِيدِ بْنِ أَبِي عَمْرُو عَنْ سَعِيدِ بْنِ أَبِي مَنْ أَسْعَدُ النَّاسِ بِشَفَاعَتِكَ يُومَ الْقِيَامَةِ قَالَ رَسُولُ اللهِ مَنْ أَشَعَدُ النَّاسِ بِشَفَاعَتِكَ يُومَ الْقِيَامَةِ قَالَ رَسُولُ اللهِ فَلْ اللهِ فَلْ اللهِ فَلْ اللهِ عَنْ هَذَا الْحَديثِ أَحَدُ أُوّلُ مِثْكَ لِمَا رَأَيْتُ مِنْ حِرْصِكَ عَلَى اللهِ فَلْ لَا يَسْفَاعَتِي يَوْمَ الْقِيَامَةِ مَنْ قَالَ لاَ إِلَهَ إِلاَّ الله خَالِصًا مِنْ قَلْبِهِ أَوْ نَفْسِهِ.

৯৯. আবৃ হুরাইরাহ হতে বর্ণিত। তিনি বলেন: একদা আল্লাহর রস্ল করা হলঃ হে আল্লাহর রস্ল! কিয়ামতের দিন আপনার স্পারিশ লাভের ব্যাপারে কে সবচেয়ে অধিক সৌভাগ্যবান হবে? আল্লাহর রস্ল হক্ত্রী বললেন, আবৃ হুরাইরা! আমি মনে করেছিলাম, এ বিষয়ে তোমার পূর্বে আমাকে আর কেউ জিজ্ঞেস করবে না। কেননা আমি দেখেছি হাদীসের প্রতি তোমার বিশেষ লোভ রয়েছে। কিয়ামতের দিন আমার শাফা'আত লাভে সবচেয়ে সৌভাগ্যবান হবে সেই ব্যক্তি যে একনিষ্ঠচিত্তে বুটি বুটি বুটি বুটি বুটি বুটি প্রকৃত কোন ইলাহ নেই) বলে। (৬৫৭০) (আ.প্র. ৯৮, ই.ফা. ৯৯)

٣٤/٣. بَابِ كَيْفَ يُقْبَضُ الْعَلْمُ.

৩/৩৪. অধ্যায় : কীভাবে (दीनी) জ্ঞান তুলে নেয়া হবে। .

وَكَتَبَ عُمَرُ بْنُ عَبْدِ الْعَزِيزِ إِلَى أَبِي بَكْرِ بْنِ حَزْمٍ الْظُرْ مَا كَانَ مِنْ حَدِيثِ رَسُولِ اللهِ ﴿ فَاكْتُبُهُ فَإِنِّي خِفْتُ دُرُوسَ الْعَلْمِ وَذَهَابَ الْعُلَمَاءِ وَلاَ تَقْبَلَ إِلاَّ حَدِيثَ النَّبِيِ ﴿ وَلَتُفَشُوا الْعِلْمَ وَلْتَخْلِسُوا حَتَّى يُعَلَّمَ مَنَ لاَ يَعْلَمُ فَإِنَّ الْعَلْمَ لاَ يَهْلِكُ حَتَّى يَكُونَ سرَّا

حَدَّثَنَا الْعَلَاءُ بْنُ عَبْد الْجَبَّارِ قَالَ حَدَّثَنَا عَبْدُ الْعَزِيزِ بْنُ مُسْلِمٍ عَنْ عَبْدِ اللهِ بْنِ دِينَارٍ بِذَلِكَ يَعْنِي حَدِيثَ عُمَرَ بْن عَبْد الْعَزيز إِلَى قَوْله ذَهَابَ الْعُلَمَاء

'উমার ইব্নু আবদুল 'আযীয (রহ.) আবৃ বাক্র ইব্নু হার্যম (রহ.)-এর র্নিকট এর্ক চিঠিতে লিখেন : অনুসন্ধান কর, আল্লাহর রস্ল ক্র এর যে হাদীস পাও তা লিপিবদ্ধ করে নাও। আমি ধর্মীয় জ্ঞান লোপ পাওয়ার এবং আলিমদের বিদায় নেয়ার ভয় করছি এবং জেনে রাখ, নাবী ক্র এর হাদীস ব্যতীত অন্য কিছুই গ্রহণ করা হবে না এবং প্রত্যেকের উচিত ধর্মীয় জ্ঞানের প্রচার-প্রসার ঘটানো আর তারা যেন একসাথে বসে (ধর্মীয় জ্ঞানের চর্চা করে), যাতে যে না জানে সে শিক্ষা গ্রহণ করতে পারে। কারণ জ্ঞান গোপন না হওয়া পর্যন্ত বিলুপ্ত হবে না।

'আলা' ইব্নু 'আবদুল জাব্বার (রহ.).... 'আবদুল্লাহ্ ইব্নু দীনার (রহ.)-এর সূত্রে বর্ণিত রিওয়ায়াতে 'উমার ইব্নু 'আবদুল-'আযীয এর উপরোক্ত হাদীসে 'বিপ্দ্র ব্যক্তিদের বিদায় নেয়া' পর্যন্ত বর্ণিত আছে। (আ.প্র. অনুচ্ছেদ পৃঃ ৮৫, ই.ফা. ১০০)

١٠٠ حرثنا إسماعيلُ بن أبي أويس قالَ حَدَّثني مالكُ عَنْ هِشَامِ بْنِ عُرْوَةَ عَنْ أَبِيهِ عَنْ عَبْدِ اللهِ بْنِ عُمْرِو بْنِ الْعَاصِ قَالَ سَمَعْتُ رَسُولَ اللهِ عَلَيْ يَقُولُ إِنَّ اللهَ لَا يَقْبِضُ الْعِلْمَ اثْتَزَاعًا يَنْتَزِعُهُ مِنَ الْعِبَادِ وَلَكِ سَنْ عَمْرِو بْنِ الْعَاصِ قَالَ سَمَعْتُ رَسُولَ اللهِ عَلَيْ يَقُولُ إِنَّ اللهَ لَا يَقْبِضُ الْعِلْمَ الْعَلْمَ بِقَبْضِ الْعُلَمَاءِ حَتَّى إِذَا لَمْ يُبْقِ عَالِمًا اتَّخذَ النَّاسُ رُءُوسًا جُهَّالاً فَسُئِلُوا فَأَفْتَوا بِغَيْرِ عِلْمٍ فَضَلُّوا وَأَضَلُوا

قَالَ الْفِرَبْرِيُّ حَدَّنَنَا عَبَّاسٌ قَالَ حَدَّنَنَا قُتَيْبَةُ حَدَّنَنَا جَرِيرٌ عَنْ هشَام نَحْوَهُ.

১০০. 'আবদুল্লাহ ইব্নু 'আমর্র ইব্নুল 'আস হ্রেল হতে বর্ণিত তিনি বলেন, আমি আল্লাহর রস্ল ক্রেনিকে বলতে শুনেছি, আল্লাহ তাঁর বান্দাদের অন্তর থেকে ''ইল্ম উঠিয়ে নেন না, কিছু দীনের আলিমদের উঠিয়ে নেয়ার ভয় করি। যখন কোন আলিম অবশিষ্ট থাকবে না তখন লোকেরা মূর্খদেরকেই নেতা বানিয়ে নিবে। তাদের জিজ্ঞেস করা হলে না জানলেও ফাতাওয়া প্রদান করবে। ফলে তারা নিজেরাও পথভ্রষ্ট হবে, এবং অন্যকেও পথভ্রষ্ট করবে।

ফিরাবরী বলেন, ...... জরীর হিশামের নিকট হতে অনুরূপ হাদীস বর্ণনা করেছেন। (৭৩০৭; মুসলিম ৪৭/৪, হাঃ ২৬৭৩, আহমাদ ৬৫২১) (আ.প্র. ৯৯, ই.ফা. ১০১)

٣٥/٣. بَابِ هَلْ يُجْعَلُ لِلنِّسَاءِ يَوْمٌ عَلَى حِدَةٍ فِي الْعِلْمِ.

৩/৩৫. অধ্যায় : নারীদের জ্ঞান লাভের জন্য আলাদাভাবে দিন নির্ধারণ করা যায় কি?

١٠١. حَدَّثَنَا آدَمُ قَالَ حَدَّثَنَا شُعْبَةُ قَالَ حَدَّثَنِي ابْنُ الْأَصْبَهَانِي قَالَ سَمعْتُ أَبَا صَالِحٍ ذَكُوانَ يُحَدِّثُ عَنْ أَبِي سَعِيد الْخُدْرِيِ قَالَت النِّسَاءُ للنَّبِي قَالَ عَلَيْكَ الرِّجَالُ فَاجْعَلْ لَنَا يَوْمًا مِنْ نَفُسكَ فَوَعَسدَهُنَّ يَوْمًا لَقِيهُنَّ فَيُه فَوَعَظَهُنَّ وَأَمَرَهُنَّ فَكَانَ فِيمَا قَالَ لَهُنَّ مَا مِنْكُنَّ امْرَأَةٌ تُقَدِّمُ ثَلاَثَةً مِنْ وَلَدِهَا إِلاَّ كَانَ لَهَا عَلَيْكَ الرِّجَالُ اللهَ اللهَ عَلَيْكَ الرِّجَالُ اللهَ اللهَ عَلَيْكَ الْمَرَأَةُ لَوْلَا اللهَ اللهَ عَلَيْكَ الْمَرَاقَةُ لَهُ اللهَ اللهَ اللهَ عَلَيْكَ اللهَ اللهُ اللهَ اللهُ عَلَيْنَ اللهُ ا

১০১. আবৃ সা'ঈদ খুদরী (রহ.) হতে বর্ণিত। তির্নি বলেন : নারীরা একদা নাবী ক্রিট্র-কে বলর্ল, পুরুষেরা আপনার নিকট আমাদের চেয়ে প্রাধান্য বিস্তার করে আছে। তাই আপনি নিজে আমাদের জন্য একটি দিন নির্ধারিত করে দিন। তিনি তাদের বিশেষ একটি দিনের অঙ্গীকার করলেন; সে দিন তিনি তাদের সঙ্গে সাক্ষাৎ করলেন এবং তাদের নাসীহাত করলেন ও নির্দেশ দিলেন। তিনি তাদের যা যা বলেছিলেন, তার মধ্যে একথাও ছিল যে, তোমাদের মধ্যে যে স্ত্রীলোক তিনটি সন্তান পূর্বেই পাঠাবে, তারা তার জন্য জাহান্নামের প্রতিবন্ধক হয়ে দাঁড়াবে। তখন জনৈক স্ত্রীলোক বলল, আর দু'টি পাঠালে? তিনি বললেন: দু'টি পাঠালেও। (১২৪৯,৭৩১০; মুসলিম ৪৫/৪৭, হাঃ ২৬৩৩, আহমাদ ১১২৯৬) (আ.প্র. ১০০, ই.জা. ১০২)

١٠٢. حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ قَالَ حَدَّثَنَا غُنْدَرٌ قَالَ حَدَّثَنَا شُعْبَةُ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ الْأَصْبَهَانِيِّ عَنْ ذَكُوانَ عَنْ أَبِي سَعِيد الْخُدْرِيِّ عَنِ النَّبِيِّ ﷺ بِهَذَا وَعَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ الْأَصْبَهَانِيِّ قَالَ سَمِعْتُ أَبَا حَازِمٍ عَنْ أَبِي هُرَيْرَةً قَالَ تُلاَثَّنَةً لَمْ يَبُلُغُوا الْحِنْثِ.

১০২. আবৃ সা'ঈদ সৈত্র নাবী হৈছে হতে অনুরূপ বর্ণনা করেছেন। আবদুর রহমান আল-আসবাহানী (রহ.).... আবৃ হুরাইরাহ হতে বর্ণিত। তিনি বলেন: এমন তিনজন, যারা সাবালকত্বে পৌছেনি। (১২৫০ দ্রন্টব্য) (আ.প্র. ১০০ শেষাংশ, ই.ফা. ১০৩)

# رُهُ. عَنْ سَمِعَ شَيْئًا فَلَمْ يَفْهَمْهُ فَرَاجَعَ فِيهِ حَتَّى يَعْرِفَهُ. السَمِعَ شَيْئًا فَلَمْ يَفْهَمُهُ فَرَاجَعَ فِيهِ حَتَّى يَعْرِفَهُ.

١٠٣. صرتنا سَعيدُ بْنُ أَبِي مَرْيَمَ قَالَ أَخْبَرَنَا نَافِعُ بْنُ عُمَرَ قَالَ حَدَّنَنِي ابْنُ أَبِي مُلَيْكَةَ أَنَّ عَائِشَةَ زَوْجَ النَّبِيّ عَلَيْ كَانَتُ لاَ تَسْمَعُ شَيْئًا لاَ تَعْرِفُهُ إِلاَّ رَاجَعَتْ فِيهِ حَتَّى تَعْرِفُهُ وَأَنَّ النَّبِيَّ ﷺ قَالَ مَنْ حُوسِبَ عُسـذّبَ قَالَتُ عَائِشَةُ فَقُلْتُ أُولَيْسَ يَقُولُ الله تَعَالَى ﴿ فَسَوْفَ يُحَاسَبُ حِسَابًا يَسِيرًا ﴾ قَالَتْ فَقَالَ إِنَّمَا ذَلِكِ الْعَرْضُ وَلَكَنْ مَنْ نُوقِشَ الْحَسَابَ يَهْلكُ.

১০৩. ইব্নু আবৃ মুলাইকাহ ( বলেন, নাবী المستقدة -এর স্ত্রী 'আয়িশাহ المستقدة কেন কথা শুনে না বুঝলে বার বার প্রশ্ন করতেন। একদা নাবী المستقدة বললেন, "(ক্বিয়ামাতের দিন) যার কাছ থেকে হিসেব নেয়া হবে তাকে শাস্তি দেয়া হবে।" 'আয়িশাহ المستقدة বলেন : আমি জিজ্ঞেস করলাম, আল্লাহ্ তা'আলা কি ইরশাদ করেনিন, أيَسِيرًا يَسِيرًا وَسَوْفَ يُخَاسَبُ حِسَابًا يَسِيرًا (স্রাহ্ ইনশিক্বাক

৮৪/৮)। তখন তিনি বললেন: তা কেবল হিসেব প্রকাশ করা। কিন্তু যার হিসাব পুত্থানুপুত্থরূপে নেয়া হবে সে ধ্বংসপ্রাপ্ত হবে। (৪৯৩৯, ৬৫৩৬, ৬৫৩৭; মুসলিম ৫১/১৮, হাঃ ২৮৭৬, আহমাদ ২৪২৫৫) (আ.প্র. ১০১, ই.ফা. ১০৪)

## ٣٧/٣. بَابِ لِيُبَلِّغُ الْعِلْمَ الشَّاهِدُ الْغَائِبَ

৩/৩৭. অধ্যায় : উপস্থিত ব্যক্তি যেন অনুপস্থিত ব্যক্তির নিকট ইল্ম পৌছে দেয়

قَالَهُ ابْنُ عَبَّاسِ عَنِ النَّبِيِّ ﷺ.

ইব্নু 'আব্বাস 🚌 নাবী 🕰 হতে তা বর্ণনা করেন।

١٠٤. صَرَتُنَا عَبْدُ الله بْنُ يُوسُفَ قَالَ حَدَّثَني اللَّيْثُ قَالَ حَدَّثَني سَعيدٌ هُوَ ابْنُ أَبِي سَعيد عَــنْ أَبـــي

شُرَيْحِ أَنَّهُ قَالَ لِعَمْرِو ثَنِ سَعِيدٍ وَهُوَ يَبْعَثُ الْبُعُوثَ إِلَى مَكَّةَ اثْذَنَّ لِي أَيُّهَا الْأَمِيرُ أَحَدَّثْكَ قَوْلًا قَامَ بِهِ النَّبِيُّ ﷺ ٱلْغَدَ مِنْ يَوْمِ الْفَتْحِ سَمِعَتُهُ ۗ أُذُنَايَ وَوَعَاهُ قَلْبِي وَأَبْصَرَتُهُ عَيْنَايَ حَيْنَ تَكَلَّمَ بَه حَمدَ الله وَأَثْنَى عَلَيْهَ تُسَمَّ قَالَ إِنَّ مَكَّةَ حَرَّمَهَا اللَّهَ وَلَمَ يُحَرَّمُهَا النَّاسُ فَلاَ يَحِلُّ لِامْرِئِ يُؤْمِنُ بِاللهِ وَالْيَوْمِ الْآخِرِ أَنْ يَسْفِكَ بِهَا دَمَّا وَلاَ يَعْضَدَ بِهَا شَجَرَةً فَإِنْ أَحَدٌ تَرَخُّصَ لقتَال رَسُول الله ﷺ فَيُّهَا فَقُولُوا إِنَّ الله ۖ قَدْ أَذَنَ لرَسُولهَ وَلَمْ يَأْذَنُ لَكُمْ وَإِنَّمَا أَذَنَ لِي فِيهَا سَاعَةً مِنْ نَهَار ثُمَّ عَادَتْ حُرْمَتُهَا الْيَوْمَ كَحُرْمَتِهَا بَالْأَمْس وَلْيَبَلَّغُ الشَّاهِدَ الْعَائِبَ فَقيلً لَأَبِي شُرَيْحَ مَا قَالَ عَمْرُو قَالَ أَنَا أَعْلَمُ مِنْكَ يَا أَبَا شُرَيْحٍ لاَ يُعِيذُ عَاصِيًا وَلاَ فَارًّا بِذَمِ وَلاَ فَارًّا بِخَرْبَة. الْمَارِيُ عَمْرُو قَالَ أَنَا أَعْلَمُ مِنْكَ يَا أَبَا شُرَيْحٍ لاَ يُعِيذُ عَاصِيًا وَلاَ فَارًّا بِخَرْبَة. اللهُ عَمْرُو قَالَ عَمْرُو قَالَ اللهُ عَمْرُو قَالَ اللهُ عَمْرُو قَالَ اللهُ عَمْرُو فَاللهُ عَمْرُو فَاللهُ عَمْرُو فَاللهُ عَمْرُو فَاللهُ عَلَى اللهُ عَمْرُو فَاللهُ عَمْرُو فَاللهُ عَمْرُو فَاللهُ عَلَيْهِ عَلَيْكُ عَلَيْكُ عَلَيْكُ عَلَيْهِ عَلَيْكُ عَلِيكُ عَلَيْكُ عَلِيكُ عَلَيْكُ عَلِيكُ عَلَيْكُ عَلَيْكُ عَلَيْكُ عَلَيْكُ عَلَيْكُ عَلَيْكُ عَلَيْكُ عَلِيكُ عَلَيْكُ عَلَيْكُ عَلَيْكُ عَلَيْكُ عَلَيْكُ عَلِكُ عَلَيْكُ عَلِيكُ عَلَيْكُ عَلَيْكُ عَلَيْكُ عَلَيْكُ عَلِي বললেন, যখন তিনি মাক্কাহ্য় সেনাবাহিনী পাঠিয়েছিলেন- 'হে আমাদের নেতা! আমাকে অনুমতি দিলে আপনাকে এমন একটি হাদীস শুনাতে পারি যেটা মাক্কাহ বিজয়ের পরের দিন আল্লাহর রসূল 🚑 বলেছিলেন। আমার দু' কান তা শ্রবণ করেছে, আমার হৃদয় তা আয়ত্ত রেখেছে, আর আমার চোখ দু'টো তা দেখেছে। তিনি আল্লাহর হামদ ও সানা বর্ণনা করে বললেন: মাক্লাহ্কে আল্লাহ্ হারাম করেছেন, কোন মানুষ তাকে হারাম করেনি। তাই যে ব্যক্তি আল্লাহ্য় ও আখিরাতে বিশ্বাস রাখে তার জন্য সেখানে রক্তপাত করা, সেখানকার গাছ কাটা বৈধ নয়। কেউ যদি আল্লাহ্র রসূলের (সেখানকার) লড়াইকে দলীল হিসেবে পেশ করে তবে তোমরা বলে দাও, আল্লাহ্ তা'আলা তাঁর রসূলকে এর অনুমতি দিয়েছিলেন; কিন্তু তোমাদেরকে তা দেননি। আমাকেও সে দিনের কিছু সময়ের জন্য অনুমতি দিয়েছিলেন। অতঃপর পূর্বের মতই আজ আবার একে তার নিষিদ্ধ হবার মর্যাদা ফিরিয়ে দেয়া হয়েছে। উপস্থিতগণ যেন অনুপস্থিতদের নিকট (এ বাণী) পৌছে দেয়। অতঃপর আবৃ শুরায়হ্ 🗯 কে প্রশ্ন করা হল, 'আপনার এ হাদীস শুনে 'আম্র কী বললেন?' [আবূ শুরায়হ্ 🚌 উত্তর দিলেন] তিনি বললেন : 'হে আবূ শুরায়হ্! (এ বিষয়ে) আমি তোমার চেয়ে অধিক জানি। মাকাহ কোন বিদ্রোহীকে, কোন খুনের পলাতক আসামীকে এবং কোন চোরকে আশ্রয় দেয় না।' (১৮৩২,৪২৯৫; মুসলিম ১৫/৮২, হাঃ ১৩৫৪, আহমাদ ১৬৩৭৩, ২৭২৩৪) (আ.প্র. ১০২, ই.ফা. ১০৫)

١٠٥. **طَرَثنا** عَبْدُ اللهِ بْنُ عَبْدِ الْوَهَّابِ قَالَ حَدَّثَنَا حَمَّادٌ عَنْ أَيُوبَ عَنْ مُحَمَّد عَنْ ابْنِ أَبِي بَكْرَةَ عَنْ أَبُوبَ عَنْ مُحَمَّد عَنْ ابْنِ أَبِي بَكْرَةَ عَنْ أَبُوبَ عَنْ مُحَمَّدٌ وَأَحْسِبُهُ قَالَ وَأَعْرَاضَكُمْ عَلَسَيْكُمْ حَــرَامٌ

كَحُرْمَةِ يَوْمِكُمْ هَذَا فِي شَهْرِكُمْ هَذَا أَلاَ لِيُبَلِّغِ الشَّاهِدُ مِنْكُمْ الْغَائِبَ وَكَانَ مُحَمَّدٌ يَقُولُ صَدَقَ رَسُولُ اللهِ اللهِ كَانَ ذَلَكَ أَلاَ هَلَ بَلْغْتُ مَرَّتَيْن.

১০৫. আবৃ বাকরাহ ( নাবী এ এর কথা উল্লেখ করে বলেন যে, তিনি বলেছেন : তোমাদের জান তোমাদের মাল বর্ণনাকারী মুহাম্মাদ (রহ.) বলেন, 'আমার মনে হয়, তিনি বলেছিলেন : এবং তোমাদের মান-সম্মান (অন্য মুসলমানের জন্য) এ শহরে এ দিনের মতই মর্যাদা সম্পন্ন । শোন, (আমার এ বাণী যেন) তোমাদের মধ্যে উপস্থিত ব্যক্তি অনুপস্থিত ব্যক্তির নিকট পৌছে দেয় । বর্ণনাকারী মুহাম্মাদ (রহ.) বলেন : আল্লাহর রস্ল সত্য বলেছেন, তা-ই হয়েছে। তারপর আল্লাহর রস্ল দু' দু'বার করে বললেন, হে লোক সকল! 'আমি কি পৌছে দিয়েছি?' (৬৭) (আ.এ. ১০৩, ই.ফা. ১০৬)

# ٣٨/٣. إِثْمِ مَنْ كَذَبَ عَلَى النَّبِيِّ ٢

#### ৩/৩৮. অধ্যায় : নাবী 🚐 এর উপর মিথ্যারোপ করার পাপ

١٠٦. *طرثنا* عَلِيُّ بْنُ الْجَعْد قَالَ أَخْبَرَنَا شُغْبَةُ قَالَ أَخْبَرَنِي مَنْصُورٌ قَالَ سَمِعْتُ رِبْعِيَّ بْنَ حِرَاشٍ يَقُولُ سَمِعْتُ عَلِيًّا يَقُولُ قَالَ النَّبِيُّ ﷺ لَأَكَذَبُوا عَلَيَّ فَإِنَّهُ مَنْ كَذَبَ عَلَيَّ فَلْيَلَجُ النَّارَ.

১০৬. 'আলী ( হতে বর্ণিত। তিনি বলেন, নাবী ক্রিক্ট বলেছেন : তোমরা আমার উপর মিথ্যারোপ করো না। কারণ আমার উপর যে মিথ্যারোপ করবে সে জাহান্নামে যাবে। (মুসলিম মুকাদামা, দিতীয় অধ্যায়, হাঃ ২) (আ.প্র. ১০৪, ই.ফা. ১০৭)

١٠٧. **صَرَّنَا** أَبُو الْوَلِيدِ قَالَ حَدَّنَنَا شُعْبَةُ عَنْ جَامِعِ بْنِ شَدَّادِ عَنْ عَامِرِ بْنِ عَبْدِ اللهِ بْنِ الزُّبَيْرِ عَنْ أَبِيهِ قَالَ قُلْتُ لِلزُّبَيْرِ إِنِّي لاَ أَسْمَعُكَ تُحَدِّثُ عَنْ رَسُولِ اللهِ ﷺ كَمَا يُحَدِّثُ فُلاَنٌ وَفُلاَنٌ قَالَ أَمَا إِنِّي لَمْ أُفَارِقَهُ وَلَكِنْ سَمِعْتُهُ يَقُولُ مَنْ كَذَبَ عَلَيَّ فَلْيَتَبَوَّأُ مَقْعَدَهُ مِنَ النَّارِ.

১০৭. 'আবদুল্লাহ্ ইব্নু'য্-যুবায়র হ্লো হতে বর্ণিত। তিনি বলেন : আমি আমার পিতা যুবায়রকে বললাম : আমি তো আপনাকে অমুকঅমুকের মত আল্লাহর রসূল ক্লো-এর হাদীস বর্ণনা করতে শুনি না। তিনি বললেন : 'জেনে রাখ, আমি তাঁর থেকে দূরে থাকিনি, কিন্তু আমি তাঁকে বলতে শুনেছি, যে আমার উপর মিথ্যারোপ করবে সে যেন জাহান্নামে তার ঠিকানা বানিয়ে নিবে (এজন্য হাদীস বর্ণনা করি না)।' (মুসলিম মুকাদামা, দিতীয় অধ্যায়, হাঃ ৩) (আ.প্র. ১০৫, ই.ফা. ১০৮)

١٠٨. حَرْثُنَا أَبُو مَعْمَرِ قَالَ حَدَّنَنَا عَبْدُ الْوَارِثِ عَنْ عَبْدِ الْعَزِيزِ قَالَ أَنَسُ إِنَّهُ لَيَمْنَعُنِ إِنَّهُ أَحَدِثَكُمْ حَدِيثًا كَثِيرًا أَنَّ النَّبِيَ قَالَ مَنْ تَعَمَّدَ عَلَيَّ كَذِبًا فَلْيَتَبَوَّأَ مَقْعَدَهُ مِنَ النَّارِ.

১০৮. আনাস হাতে বর্ণিত। তিনি বলেন: এ কথাটি তোমাদের নিকট বহু হাদীস বর্ণনা করতে প্রতিবন্ধকতা হয়ে দাঁড়ায় যে, নাবী হাত্ত্ব বলেছেন: যে ইচ্ছাকৃতভাবে আমার উপর মিথ্যারোপ করে সে যেন জাহান্নামে তার ঠিকানা বানিয়ে নেয়। (আ.শ্র. ১০৬, ই.ফা. ১০৯) ١٠٩. **صَرَّنَا** مَكِّيُّ بْنُ إِبْرَاهِيمَ قَالَ حَدَّنَنَا يَزِيدُ بْنُ أَبِي عُبَيْدٍ عَنْ سَلَمَةَ قَالَ سَمِعْتُ النَّبِيَّ ﷺ يَقُـــولُ مَنْ يَقُلْ عَلَىَّ مَا لَمْ أَقُلُ فَلْيَتَبَوَّأُ مَقَعَدَهُ منَ النَّارِ.

১০৯. সালামাহ ইবনু আক্ওয়া' হে হতে বর্ণিত। তিনি বলেন: আমি নাবী ক্রি-কে বলতে শুনেছি, 'যে ব্যক্তি আমার উপর এমন কথা আরোপ করে যা আমি বলিনি, সে যেন জাহান্নামে তার ঠিকানা বানিয়ে নেয়।' (আ.প্র. ১০৭, ই.ফা. ১১০)

١١٠ عَرْشَا مُوسَى قَالَ حَدَّثَنَا أَبُو عَوَانَةَ عَنْ أَبِي حَصِينِ عَنْ أَبِي صَالِحٍ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ عَلَىٰ السَّيْطَانَ لاَ يَتَمَثَّلُ فِي صُسورَتِي قَالَ تَسَمَّوْا بِالشَّيْطَانَ لاَ يَتَمَثَّلُ فِي صُسورَتِي قَالَ تَسَمَّوْا بِالشَّيْطَانَ لاَ يَتَمَثَّلُ فِي صُسورَتِي وَمَنْ رَآنِي فِي الْمَنَامِ فَقَدُّ رَآنِي فَإِنَّ الشَّيْطَانَ لاَ يَتَمَثَّلُ فِي صُسورَتِي وَمَنْ كَذَبَ عَلَيَّ مُتَعَمِّدًا فَلْيَتَبَوَّأُ مَقَعَدَهُ من النَّار.

১১০. আবৃ হুরাইরাহ ( হতে বর্ণিত যে, নাবী হঠি বলেছেন : 'আমার নামে তোমরা নাম রেখ; কিন্তু আমার উপনামে (কুনিয়াতে) তোমরা নাম রেখ না। আর যে আমাকে স্বপ্নে দেখে সে ঠিক আমাকেই দেখে। কারণ শয়তান আমার আকৃতির ন্যায় আকৃতি ধারণ করতে পারে না। যে ইচ্ছা করে আমার উপর মিথ্যারোপ করে সে যেন জাহান্নামে তার আসন বানিয়ে নেয়।' (৩৫৩৯, ৬১৮৮, ৬১৯৭, ৬৯৯৩; মুসলিম মুকাদামা, দিতীয় অধ্যায়, হাঃ ৪) (আ.প্র. ১০৮, ই.কা. ১১১)

# . بَابِ كِتَابَةِ الْعِلْمِ. ٣٩/٣ . بَابِ كِتَابَةِ الْعِلْمِ. ৩/৩৯. অধ্যায় : ইল্ম লিপিবদ্ধ করা।

١١١. حاشنا مُحَمَّدُ بنُ سَلامٍ قَالَ أَخْبَرَنَا وَكِيعٌ عَنْ سُفْيَانَ عَنْ مُطَرِّف عَنْ الشَّعْبِيِّ عَنْ أَبِي جُحْيَفَة قَالَ لَا إِلاَّ كِتَابُ اللهِ أَوْ فَهُمَّ أَعْطِيهُ رَجُلٌ مُسْلِمٌ أَوْ مَا فِي هَذِهِ الصَّحِيفَةِ قَالَ الْعَقْلُ وَفَكَاكُ الْأَسِيرِ وَلاَ يُقْتَلُ مُسْلِمٌ بِكَافِر.
 هَذِهِ الصَّحِيفَةِ قَالَ قُرْتُ فَمَا فِي هَذِهِ الصَّحِيفَةِ قَالَ الْعَقْلُ وَفَكَاكُ الْأَسِيرِ وَلاَ يُقْتَلُ مُسْلِمٌ بِكَافِر.

১১১. আঁব্ জুর্ইফার হা হতে বর্ণিত। তিনি বলেন : আমি 'আলী হা—কে বললার্ম, আপনাদের নিকট কি কিছু লিপিবদ্ধ আছে? তিনি বললেন : 'না, শুধুমাত্র আল্লাহ্র কিতাব র'য়ছে, আর একজন মুসলিমকে যে জ্ঞান দান করা হয় সেই বৃদ্ধি ও বিবেক। এছাড়া কিছু এ সহীফাতে লিপিবদ্ধ রয়েছে।' তিনি [আবূ জুহাইফাহ ( ) বলেন, আমি বললাম, এ সহীফাটিতে কী আছে? তিনি বললেন, 'ক্ষতিপূরণ ও বন্দী মুক্তির বিধান, আর এ বিধানটিও যে, 'মুসলিমকে কাফির হত্যার বিনিময়ে হত্যা করা যাবে না।' (১৮৭০, ৩০৪৭, ৩১৭২, ৩১৭৯, ৬৭৫৫, ৬৯০৩, ৬৯১৫, ৭৩০০ দ্রন্থ্য) (আ.প্র. ১০৯, ই.ফা. ১১২)

١١٢. **طَرْمُنَا** أَبُو نُعَيْمِ الْفَصْلُ بْنُ دُكَيْنِ قَالَ حَدَّنَنَا شَيْبَانُ عَنْ يَحْيَى عَنْ أَبِي سَلَمَةَ عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ خُزَاعَةَ قَتَلُوا رَجُلاً مِنْ بَنِي لَيْتِ عَامَ فَتْحِ مَكَّةً بِقَتِيلٍ مِنْهُمْ قَتَلُوهُ فَأُخْبِرَ بِذَلِكَ النَّبِيُّ ﷺ فَرَكِــبَ رَاحِلَتَــهُ فَخَطَبَ فَقَالَ إِنَّ اللَّهَ حَبَسَ عَنْ مَكَّةَ الْقَتْلَ أَوِ الْفِيلِ قَالَ أَبُو عَبُد الله كَذَا قَالَ أَبُو نُعَيْم وَاجْعَلُوهُ عَلَى الشَّكِّ الْفيلَ أَوْ الْقَتْلَ وَغَيْرُهُ يَقُولُ الْفيلِ وَسَلَّطَ عَلَيْهِمْ رَسُولَ الله ﷺ وَالْمُؤْمِنِينَ أَلاَ وَإِنَّهَا لَمْ تَحِلَّ لِأَحَد قَبْلَي وَلَمْ تَحِلًّ لِأَحَد بَعْدِي أَلاَ وَإِنَّهَا حَلَّتُ لِي عَنْهُ مِنْ نَهَارٍ أَلاَ وَإِنَّهَا سَاعَتُي هَذِهِ حَرَامٌ لاَ يُخْتَلَى شَوْكُهَا وَلاَ يُعْضَدُ شَجَرُهَا وَلاَ تُلتَقَطُ سَاقطَتُهَا إِلا اللهِ فَمَنْ قُتلَ فَهُوَ بِخَيْرِ النَّظَرَيْنِ إِمَّا أَنْ يُعْقَلَ وَإِمَّا أَنْ يُقَادَ أَهْلُ الْقَتِيلِ فَجَاءَ رَجُلٌّ مِنْ أَهْلِ الْيَمَنِ فَقَالَ اللهِ فَقَالَ اللهِ فَقَالَ اللهِ فَقَالَ النَّهُ فَقَالَ اللهِ فَقَالَ اللهِ فَقَالَ رَجُلٌ مِنْ قُرَيْشٍ إِلاَّ الإِذْحِرَ يَا رَسُولَ اللهِ فَقَالَ اللهِ فَقِالَ اللهِ عَلَى اللهِ عَبْدِ اللهِ يُقَالُ يُقَادُ بِالْقَافِ فَقِيلَ لِأَبِي عَبْدِ اللهِ يُقَالُ يُقَادُ بِالْقَافِ فَقِيلَ لِأَبِي عَبْدِ اللهِ أَيْ شَيْء كَتَبَ لَهُ قَالَ النَّيِيُ عَلَيْ إِلاَ الْإِذْحِرَ قَالَ أَبُو عَبْدُ اللهِ يُقَالُ يُقَادُ بِالْقَافِ فَقِيلَ لِأَبِي عَبْدِ اللهِ أَيْ شَيْء كَتَبَ لَهُ قَالَ كَتَبَ لَهُ هَذِهِ الْخُطْبَة.

১১২. আবৃ হুরাইরাহ হতে বর্ণিত যে, মাক্কাহ্ বিজয়র্কালে খুযা'আহ গোত্র লার্মন গোর্ত্রের জনৈক ব্যক্তিকে হত্যা করল। এ হত্যা ছিল তাদের এক নিহত ব্যক্তির প্রতিশোধ, যাকে ইতোপূর্বে লায়স গোত্রের লোক হত্যা করেছিল। তারপর এ খবর নাবী হ্রি-এর নিকট পৌছল। তিনি তাঁর উটের উপর আরোহণ করে ভাষণ দিলেন, তিনি বলেন: আল্লাহ্ তা'আলা মাক্কাহ্ হতে 'হত্যা'-কে কিংবা 'হাতী'-কে রোধ করেছেন। (২৪৩৪, ৬৮৮০ দ্রষ্টব্য)

ইমাম বুখারী (রহ.) বলেন, আল্লাহর রস্ল (২০০০) বলেছেন না 'হাতী' বলেছেন এ ব্যাপারে বর্ণনাকারী আবৃ নু'আয়ম সন্দেহ পোষণ করেন। অন্যরা শুধু 'হাতী' শব্দ উল্লেখ করেছেন। অবশ্য মাঞ্চাহ্বাসীদের উপর আল্লাহর রস্ল এবং মু'মিনগণকে (যুদ্ধের মাধ্যমে) বিজয়ী করা হয়েছে। জেনে রাখ, আমার পূর্বে কারো জন্য মাঞ্চাহ্কে হালাল করা হয়নি এবং আমার পরেও হালাল হবে না। জেনে রাখ, তাও আমার জন্য দিনের কিছু সময়ের জন্য বৈধ করা হয়েছিল। আরো জেনে রাখ যে, আমার এই কথা বলার মুহুর্তে আবার তা অবৈধ হয়ে গেছে। সেখানকার কোন কাঁটা কিংবা গাছ কাটা যাবে না এবং সেখানে পড়ে থাকা কোন বস্তু কুড়িয়ে নেয়া যাবে না। তবে ঘোষণা দেয়ার জন্য তা নিতে পারবে। আর কেউ নিহত হলে তার আপনজনদের জন্য দু'টি ব্যবস্থার যে কোন একটি গ্রহণের এখতিয়ার আছে। হয় তার 'রক্তপণ নিবে নয় 'কিসাসের ফায়সালা' গ্রহণ করবে। অতঃপর ইয়ামানবাসী জনৈক ব্যক্তি এসে বলল, হে আল্লাহর রস্ল (এ কথাগুলো) আমাকে লিখে দিন। তিনি (সহাবীদের) বললেন: তোমরা অমুকের পিতাকে লিখে দাও। তারপর জনৈক কুরায়শ ('আব্বাস ক্রে) বললেন, 'হে আল্লাহর রস্ল! গাছপালা কাটার নিষেধাজ্ঞা হতে ইযথির (এক প্রকার লম্বা ঘাষ) বাদ দিন। কারণ তা আমরা আমাদের গ্রহে ও কবরে কাজে লাগাই।' নাবী ক্রেই বললেন, 'ইযথির ব্যতীত, ইযথির ব্যতীত।' (জা.প্র. ১১০, ই.ফা. ১১৩)

١١٣. صر ثنا عَلِيُّ بْنُ عَبْدِ اللهِ قَالَ حَدَّنَنَا سُفْيَانُ قَالَ حَدَّنَنَا عَمْرُو قَالَ أَخْبَرَنِي وَهْبُ بْنُ مُنَبِّهِ عَــنَ أَخِيهِ قَالَ سَمِعْتُ أَبَا هُرَيْرَةَ يَقُولُ مَا مِنْ أَصْحَابِ النَّبِيِّ عَلَيْ أَحَدُ أَكْثَرَ حَدِيثًا عَنْهُ مِنِي إِلاَّ مَا كَانَ مِنْ عَبْدِ اللهِ قَالَ سَمِعْتُ أَبَا هُرَيْرَةً يَقُولُ مَا مِنْ أَصْحَابِ النَّبِيِّ عَلَيْ أَحَدُ أَكْثَرَ حَدِيثًا عَنْهُ مِنْ يَكُ مِنْ عَبْدِ اللهِ عَنْ أَبِي هُرَيْرَةً . اللهِ بَنَ عَمْرٍو فَإِنَّهُ كَانَ يَكْتُبُ وَلاَ أَكْتُبُ تَابَعَهُ مَعْمَرُ عَنْ هَمَّامٍ عَنْ أَبِي هُرَيْرَةً.

১১৩. আবৃ হুরাইরাহ হাতে বর্ণিত। তিনি বলেন : নাবী ক্রি-এর সহাবীগণের মধ্যে 'আবদুল্লাহ্ ইব্নু 'আম্র হাতীত আর কারো নিকট আমার চেয়ে অধিক হাদীস নেই। কারণ তিনি লিখতেন, আর আমি লিখতাম না। মা'মার (রহ.) হাম্মাম (রহ.) সূত্রে আবৃ হুরাইরাহ হাত অনুরূপ বর্ণনা করেছেন। (আ.ধ্র. ১১১, ই.ফা. ১১৪)

١١٤. عَرْضَا يَحْيَى بْنُ سُلَيْمَانَ قَالَ حَدَّثَنِي ابْنُ وَهْبِ قَالَ أَخْبَرَنِي يُونُسُ عَنْ ابْنِ شَهَابِ عَنْ عُبَيْدِ اللهِ عَنْ ابْنِ عَبْدِ اللهِ عَنْ ابْنِ عَبْدِ اللهِ عَنْ ابْنِ عَبْدِ اللهِ عَنْ ابْنِ عَبَّاسٍ قَالَ لَمَّا اشْتَدَّ بِالنَّبِي ﷺ وَجَعُّهُ قَالَ اثْتُونِي بِكِتَابِ أَكْتُبُ لَكُمْ كَتَابًا لاَ تَضَلُّوا بَعْدَهُ قَالَ عُمْرُ إِنَّ اللَّهِ عَنْ عَبُلِهِ اللهِ عَنْدِي اللهِ عَنْدِي النَّنَازُعُ فَحَرَجَ ابْنُ عَبَّاسٍ يَقُولُ إِنَّ الرَّزِيَّةَ كُلَّ الرَّزِيَّةِ مَا حَالَ بَيْنَ رَسُولِ اللهِ ﷺ وَبَيْنَ كِتَابِهِ.

১১৪. ইব্নু 'আব্বাস হাতে বর্ণিত। তিনি বলেন, নাবী নি এন অসুখ যখন বৃদ্ধি পেল তখন তিনি বললেন : 'আমার নিকট লেখার জিনিস নিয়ে এস, আমি তোমাদের এমন কিছু লিখে দিব যাতে পরে তোমরা আর পথত্রষ্ট হবে না।' 'উমার ( ) বললেন, 'নাবী এন এর রোগ-যন্ত্রণা প্রবল হয়ে গেছে (এমতাবস্থায় কিছু বলতে বা লিখতে তাঁর কষ্ট হবে)। আর আমাদের নিকট তো আল্লাহ্র কিতাব আছে, যা আমাদের জন্য যথেষ্ট।' এতে সহাবীগণের মধ্যে মতানৈক্য দেখা দিল এবং শোরগোল বেড়ে গেল। তখন আল্লাহ্র রস্ল কি বললেন, 'তোমরা আমার কাছ থেকে উঠে যাও। আমার নিকট ঝগড়া-বিবাদ করা অনুচিত।' এ পর্যন্ত বর্ণনা করে ইব্নু 'আব্বাস ( ) (যেখানে বসে হাদীস বর্ণনা করছিলেন সেখান থেকে) এ কথা বলতে বলতে বেরিয়ে এলেন যে, 'হায় বিপদ, সাংঘাতিক বিপদ। আল্লাহর রস্ল এবং তাঁর লেখনীর মধ্যে যা বাধ সেধেছে।' (৩০৫৩, ৩১৬৮, ৪৪৩১, ৪৪৩২, ৫৬৬৯, ৭৩৬৬ দ্রন্থর) (আ.প্র. ১১২, ই.ফা. ১১৫)

## بَابِ الْعِلْمِ وَالْعِظَةِ بِاللَّيْلِ. ৩/৪০. অধ্যায় : রাতে 'ইল্ম শিক্ষাদান এবং ওয়ায-নাসীহাত করা।

بَن هَنْدَ عَنْ أَمِّ سَلَمَةً وَالْتَ اسْتَيَقَظَ النَّبِي عَنْ هَنْدَ عَنْ أَمِّ سَلَمَةً وَعَمْرُ وَيَحْتَى بَن سَعِيدَ عَنْ الرُّهْرِيِّ عَنْ هَنْدَ عَنْ أَمِّ سَلَمَةً قَالَت اسْتَيَقَظَ النَّبِي عَنْ هَنْدَ عَنْ أَمِّ سَلَمَةً قَالَت اسْتَيَقَظَ النَّبِي عَنْ هَنْدَ عَنْ أَمْ سَلَمَةً قَالَت اسْتَيَقَظَ النَّبِي عَنْ الدُّنْيَا عَارِيَة فِي الدُّنْيَا عَارِية فِي اللَّنْيَا عَارِية فِي اللَّنْيَا عَارِية فِي اللَّرَائِ اللَّلِلَةَ مَنَ الْخَرَائِنِ أَيْقَظُوا صَوَاحِبَاتِ الْحُجَرِ فَرُبًّ كَاسِيةٍ فِي الدُّنْيَا عَارِية فِي اللَّرَائِ اللَّلِلَة مَن اللَّحَرَةِ وَمَاذَا فُتَحَ مِنَ الْخَرَائِنِ أَيْقَظُوا صَوَاحِبَاتِ الْحُجَرِ فَرُبًّ كَاسِيةٍ فِي الدُّنْيَا عَارِية فِي اللَّرَائِ اللَّلِلَة مَا اللَّهُ الللللَّهُ الللَّهُ الللللَّهُ الللللَّهُ اللللَّهُ اللَّهُ اللَّ

السَّمَرِ في الْعَلْمِ. ٤١/٣ . بَابِ السَّمَرِ في الْعَلْمِ. ٥/8১. صلاية : र्जारंज चिल्रांग कर्जा ।

117. عَرْشَا سَعِيدُ بْنُ عُفَيْرِ قَالَ حَدَّثَنِي اللَّيْثُ قَالَ حَدَّثَنِي عَبْدُ الرَّحْمَنِ بْنُ حَالِد بْنِ مُسَافِرِ عَنْ ابْنِ شَهَابٍ عَنْ سَالِمٍ وَأَبِي بَكْرِ بْنِ سُلْيَمَانَ بْنِ أَبِي حَثْمَةَ أَنَّ عَبْدَ اللهِ بْنَ عُمَرَ قَالَ صَلَّى بِنَا النَّبِيُ ﷺ ٱلْعِشَاءُ فِي آخِرِ حَيَاتِهِ فَلُمَّا سَلَّمَ قَامَ فَقَالَ أَرَأَيْتَكُمْ لَيُلَتَّكُمْ هَذِهِ فَإِنَّ رَأْسَ مِائَةِ سَنَةٍ مِنْهَا لاَ يَبْقَى مِمَّنْ هُوَ عَلَى ظَهْرِ فَي آخِدُ. اللهُ بَنَةً مِنْهَا لاَ يَبْقَى مِمَّنْ هُوَ عَلَى ظَهْرِ الْأَرْضَ أَحَدٌ.

১১৬. 'আবদুল্লাহ্ ইব্নু 'উমার হাত বর্ণিত। তিনি বলেন: নাবী হাত তাঁর জীবনের শেষের দিকে আমাদের নিয়ে 'ইশার সলাত আদায় করলেন। সালাম ফিরানোর পর তিনি দাঁড়িয়ে বললেন: তোমরা কি এ রাতের সম্পর্কে জান? বর্তমানে যারা পৃথিবীতে রয়েছে, একশ বছরের মাথায় তাদের কেউ আর অবশিষ্ট থাকবে না। (৫৬৪, ৬০১; মুসলিম ৪৪/৫৩, হাঃ ২৫৩৬) (আ.প্র. ১১৪, ই.ফা. ১১৭)

১৯৮. 'আয়িশাহ ক্রিল্লা বলেন : নাবী — এর অসুস্থতা বেড়ে গেলে তিনি আমার ঘরে শুশ্রমার জন্য তাঁর স্ত্রীদের নিকট অনুমতি চাইলে তাঁরা অনুমতি দিলেন। নাবী — (আমার ঘরে আসার জন্য) দু' ব্যক্তির উপর ভর করে বের হলেন। আর তাঁর পা দু'খানি তখন মাটিতে চিহ্ন রেখে যাচ্ছিল। তিনি 'আব্বাস — ও অন্য এক ব্যক্তির মাঝখানে ছিলেন। 'উবাইদুল্লাহ (রহ.) বলেন: 'আমি 'আবদুল্লাহ্ ইব্দু 'আব্বাস — কে এ কথা জানালাম। তিনি বললেন: সে অন্য ব্যক্তিটি কে তা কি তুমি জান? আমি বললাম, না। তিনি বললেন: তিনি হলেন 'আলী ইব্দু আবু তুলিব — 'আয়িশাহ ক্রিল্লা বর্ণনা করেন, নাবী — তাঁর ঘরে আসলে অসুস্থতা আরো বৃদ্ধি পেল। তিনি বললেন: 'তোমরা আমার উপর মুখের বাঁধন খোলা হয়নি এমন সাতটি মশকের পানি ঢেলে দাও, তাহলে হয়ত আমি মানুষকে কিছু উপদেশ দিতে পারব।' তাঁকে তাঁর স্ত্রী হাফসাহ ক্রিল্লা—এর একটি বড় পাত্রে বসিয়ে দেয়া হল। অতঃপর আমরা তাঁর উপর সেই সাত মশক পানি ঢালতে লাগলাম। এভাবে ঢালার পর এক সময় তিনি আমাদের প্রতি ইন্ধিত করলেন, (এখন থাম) তোমরা তোমাদের কাজ করেছ। অতঃপর তিনি বের হয়ে জনসম্মুক্ষে গেলেন। (৬৬৪, ৬৬৫, ৬৭৯, ৬৮৩, ৬৮৭, ৭১২, ৭১৩, ৭১৬, ২৫৮৮, ৩০৯৯, ৩৩৮৪, ৪৪৪২, ৪৪৪৫, ৫৭১৪, ৭৩০৩ দ্রন্থর) (আ.প্র. ১৯২, ই.ফা. ১৯৮)

### يَاب الْوُ'ضُوءِ مِنْ التَّوْرِ. 8/৪৬. অধ্যায় : গামলা হতে উযু করা।

 ১৯৯. ইয়াহ্ইয়া (রহ.) বলেন : আমার চাচা উয়্র পানি অধিক খরচ করতেন। একদা তিনি 'আব্দুল্লাহ্ ইব্নু যায়দ ( কে বললেন : 'নাবী ক কীভাবে উয়্ করতেন আপনি কি তা দেখেছেন?' তিনি এক গামলা পানি আনালেন। সেটি উভয় হাতে কাত করে (তা থেকে পানি ঢেলে) হাত দু'টি তিনবার ধুলেন, অতঃপর তার হাত গামলায় ঢুকালেন। অতঃপর এক খাবল (করে) পানি দিয়ে তিনবার কুলি করলেন এবং নাক ঝাড়লেন। তারপর পানিতে তাঁর হাত ঢুকালেন। উভয় হাতে এক খাবল (করে) পানি নিয়ে মুখমণ্ডল তিনবার ধুলেন। অতঃপর উভয় হাত কনুই পর্যন্ত দু'বার করে ধুলেন। অতঃপর উভয় হাতে পানি নিয়ে মাথার সামনে এবং পেছনে মাস্হ করলেন এবং দু' পা ধুলেন। তারপর বললেন : 'আমি নাবী ক্রি-কে এভাবেই উয়ু করতে দেখেছি।' (১৮৫) (আ.এ. ১৯৬, ই.ফা. ১৯৯)

. ٢٠٠ مَرْمُنَا مُسَدَّدُ قَالَ حَدَّثَنَا حَمَّادُ عَنْ ثَابِت عَنْ أَنَسِ أَنَّ النَّبِيَّ ﷺ دَعَا بِإِنَاءِ مِنْ مَاءِ فَأْتِي بِقَــدَحِ رَحْرَاحِ فِيهِ شَيْءٌ مِنْ مَاء فَوَضَعَ أَصَابِعَهُ فِيهِ قَالَ أَنَسُّ فَجَعَلْتُ أَنْظُرُ إِلَى الْمَاءِ يَنْبُعُ مِنْ بَيْنِ أَصَّابِعِهِ قَالَ أَنسُّ فَحَرَرْتُ مَنْ تَوَضَّا مَا بَيْنُ السَّبْعِينَ إِلَى الثَّمَانِينَ.

২০০. আনাস হতে বর্ণিত। নাবী ক্রি একপার্ত্র পানি চাইর্লে একটি বড় পাত্র তাঁর নিকট আনা হল, তাতে সামান্য পানি ছিল। তারপর তিনি তার মধ্যে তাঁর আঙ্গুল রাখলেন। আনাস ক্রি বলেন আমি পানির দিকে তাকাতে লাগলাম। তাঁর আঙ্গুলের ভেতর দিয়ে পানি উপচে পড়তে লাগল। আনাস ক্রে বলেন : যারা উযু করেছিল, আমি অনুমান করলাম তাদের সংখ্যা ছিল সত্তর হতে আশি জনের মত। (১৬৯) (আ.ধ্র. ১৯৪, ই.ফা. ২০০)

# . بَابِ الْوُضُوءِ بِالْمُدِّ. ٤٧/٤. بَابِ الْوُضُوءِ بِالْمُدِّ. 8/89. अश्रांश : এক মুদ<sup>\*</sup> (পানি) দিয়ে উযু করা।

. ٢٠١. عرشنا أَبُو نُعَيْمٍ قَالَ حَدَّثَنَا مِسْعَرُ قَالَ حَدَّثَنِي ابْنُ جَبْرِ قَالَ سَمِعْتُ أَنسًا يَقُولُ كَانَ النَّبِيُّ ﷺ يَعْسِلُ أَوْ كَانَ يَغْتَسِلُ بِالصَّاعِ إِلَى خَمْسَةَ أَمْدَاد وَيَتَوَضَّأُ بِالْمُدّ. يَعْسِلُ أَوْ كَانَ يَغْتَسِلُ بِالصَّاعِ إِلَى خَمْسَةَ أَمْدَاد وَيَتَوَضَّأُ بِالْمُدّ. عَصْلَ أَوْ كَانَ يَغْتَسِلُ بِالصَّاعِ إِلَى خَمْسَة أَمْدَاد وَيَتَوَضَّأُ بِالْمُدّ.

২০১. আনাস ( হাত বর্ণিত। তির্নি বর্লেন, নাবী হাত বর্ণ ( ৪ মুদ) হতে পাঁচ মুদ পর্যন্ত পানি দিয়ে গোসল করতেন এবং উযু করতেন এক মুদ দিয়ে। (মুসনিম ৩/১০, হাঃ ৩২৫, আহমাদ ১৪০০২, ১৪০৯৫) (আ.প্র. ১৯৫, ই.ফা. ২০১)

<sup>&</sup>lt;sup>\*</sup> ১ মুদ = ৬০০ গ্রাম, চার মুদ = ১ সা' অর্থাৎ প্রায় আড়াই কেজির পাত্র বিশেষ। তবে শস্যের তারতম্যের কারণে ওজনের তারতম্য ঘটে। যেমন যব কিংবা গম হলে আড়াই কেজির কিছুটা কম হতে পারে। আবার চাল ভারি হবার কারণে বেশী হতে পারে। (ইত্তেহাফুল কিরাম তা'লীক বুলুগুল মারাম ২৩ পঃ)

विभिष्ठ সহাবী যায়দ বিন সাবিত (রাযি.) এর ব্যবহৃত পাত্র যা 'উনাইয়াহ শহরে মাটির নীচে পাওয়া গেছে সে অনুযায়ী ভাল জাতের গম হলে এক সা' সমান হয় ২ কেজি ৪০ গ্রাম। –মুহাম্মাদ বিন সালিহ বিন উসাইমিন। (আশ্-শারহুল মুফতী 'আলা যাদিল মুসতাকদি ৬ গ্রন্থ বি, ৭৪, ৭৬, ১৭৬, ১৭৭ পৃষ্ঠা) (মাজালিশে শাহরি রমাযান ১৩৮ পৃষ্ঠা) সলিহ আল 'উসাইমীনের বরাত দিয়ে অনেকে ২কেজি ৪০০ গ্রাম উল্লেখ করেছেন যা ভুল। কারণ তিনি তাঁর কিতাবে সংখ্যায় না লিখে কথায় লিখেছেন। كوين و اأربعون غراما

## ٤٨/٤. بَابِ الْمَسْحِ عَلَى الْخُفْيْنِ.

### 8/৪৮. অধ্যায় : মোজার উপর মাস্হ করা।

٢٠٢. طَرَثُنَا أَصْبَغُ بْنُ الْفَرَجِ الْمِصْرِيُّ عَنْ ابْنِ وَهْبِ قَالَ حَدَّنَنِي عَمْرُو بْنُ الْحَارِثِ حَـدَّثَنِي أَبُو النَّشِرِ عَنْ أَبِي سَلَمَةَ بْنِ عَبْدِ اللهِ بْنِ عُمَرً عَنْ عَبْدِ اللهِ بْنِ عُمَرً عَنْ عَبْدِ اللهِ بْنِ عُمَرً عَنْ اللهِ بْنِ عُمَرً عَنْ أَبِي وَقَاصٍ عَنِ النَّبِيِّ اللهِ أَنَّهُ مَسَحَ عَلَى الْخُفُيْنِ وَأَنَّ عَبْدَ اللهِ بْنَ عُمَرَ سَأَلَ عُمَرَ عَنْ ذَلِكَ فَقَالَ نَعَمْ إِذَا حَدَّنَكَ شَيْئًا سَعْدٌ عَنْ النَّبِيِّ اللهِ فَلَا عَنْ اللهِ عَنْ اللهِ عَنْ اللهِ بَنَ عُمَرَ سَأَلَ عُمَرَ عَنْ ذَلِكَ فَقَالَ نَعَمْ إِذَا حَدَّنَكَ شَيْئًا سَعْدٌ عَنْ النَّبِيِّ اللهِ فَلَا اللهِ عَنْ اللهِ عَنْ اللهِ اللهُ اللهِ ا

وَقَالَ مُوسَى بْنُ عُقْبَةً أَخْبَرَنِي أَبُو النَّصْرِ أَنَّ أَبَا سَلَمَةً أَخْبَرَهُ أَنَّ سَعْدًا حَدَّثَهُ فَقَالَ عُمَرُ لِعَبْدِ اللهِ نَحْوَهُ.

২০২. সা'দ ইব্নু আবৃ ওয়াককাস হাত বর্ণিত। নাবী হাত তাঁর উভয় মোজার উপর মাস্হ করেছেন। 'আবদুল্লাহ্ ইব্নু 'উমার (তাঁর পিতা) 'উমার হাত ক এ ব্যাপারে জিজ্ঞেস করলে তিনি বললেন: 'হাঁ! সা'দ হাত নাবী হাত হতে কিছু বর্ণনা করলে সে ব্যাপারে আর অন্যকে জিজ্ঞেস করো না।'

মূসা ইব্নু 'উকবাহ (রহ.)....সা'দ হতে বর্ণিত। তিনি বলেন : অতঃপর 'উমার 🖼 'আবদুল্লাহ

٢٠٣. **طرثنا** عَمْرُو بْنُ خَالِد الْحَرَّانِيُّ قَالَ حَدَّنَنَا اللَّيْثُ عَنْ يَحْيَى بْنِ سَعِيدِ عَنْ سَعْلَة بْنِ إِبْرَاهِيمَ عَنْ نَافِعِ بْنِ جُبَيْرٍ عَنْ عُرُوةَ بْنِ الْمُغِيرَةِ عَنْ أَبِيهِ الْمُغِيرَةِ بْنِ شُعْبَةَ عَنْ رَسُولِ اللهِ ﷺ أَنَّهُ خَرَجَ لِحَاجَتِهِ فَاتَّبَعَــهُ الْمُغِيرَةُ بِإِدَاوَةٍ فِيهَا مَاءً فَصَبَّ عَلَيْهِ حِينَ فَرَغَ مِنْ حَاجَتِهِ فَتَوَضَّأَ وَمَسَحَ عَلَى الْخُفَيْنِ.

২০৩. মুগীরাহ ইব্নু শু'বাহ হাত বর্ণিত। তিনি বলেন: একদা আল্লাহর রস্ল হাত প্রাকৃতিক প্রয়োজনে বাইরে গেলে তিনি (মুগীরাহ) পানি সহ একটা পাত্র নিয়ে তাঁর অনুসরণ করলেন। অতঃপর আল্লাহর রস্ল হাত্র প্রাকৃতিক প্রয়োজন শেষ করে এলে তিনি তাঁকে পানি ঢেলে দিলেন। আর তিনি তাঁই করলেন এবং উভয় মোজার উপর মাস্হ করলেন। (১৮২) (আ.প্র. ১৯৭, ই.ফা. ২০৩)

٢٠٤. **طَرْتُنَا** أَبُو نُعَيْمٍ قَالَ حَدَّثَنَا شَيْبَانُ عَنْ يَحْيَى عَنْ أَبِي سَلَمَةَ عَنْ جَعْفَرِ بْنِ عَمْــرِو بْـــنِ أُمَيَّـــةَ الضَّمْرِيِّ أَنَّ أَبَاهُ أَخْبَرَهُ أَنَّهُ رَأَى النَّبِيَّ ﷺ يَمْسَحُ عَلَى الْخُفَيْنِ وَتَابَعَهُ حَرْبُ بْنُ شَدَّادٍ وَأَبَانُ عَنْ يَحْيَى.

২০৪. উমাইয়াহ যামরী 😝 হতে বর্ণিত। তিনি আল্লাহর রসূল 쯪 কে উভয় মোজার উপর মাস্হ করতে দেখেছেন। হার্ক ও আবান (রহ.) ইয়াহ্ইয়া (রহ.) হতে অনুরূপ বর্ণনা করেছেন। (২০৫ দ্রষ্টব্য) (আ.প্র. ১৯৮, ই.ফা. ২০৪)

٢٠٥. حارثنا عَبْدَانُ قَالَ أَخْبَرَنَا عَبْدُ اللهِ قَالَ أَخْبَرَنَا الْأَوْزَاعِيُّ عَنْ يَخْيَى عَنْ أَبِي سَلَمَةَ عَنْ جَعْفَرِ بْنِ عَمْرُو بْنِ أُمَيَّةَ عَنْ أَبِيهِ قَالَ رَأَيْتُ النَّبِيُّ ﷺ يَمْسَحُ عَلَى عِمَامَتِهِ وَخُفْيْهِ وَتَابَعَهُ مَعْمَرٌ عَنْ يَخْيَى عَـنْ أَبِــي سَلَمَةَ عَنْ عَمْرُو قَالَ رَأَيْتُ النَّبِيُّ ﷺ.

২০৫. উমাইয়াহ ( হেল বর্ণিত। তিনি বলেন: 'আমি নাবী ক্রি-কে তাঁর পাগড়ীর উপর এবং উভয় মোজার উপর মাস্হ করতে দেখেছি'। মা'মার (রহ.) 'আম্র (রহ.) হতে অনুরূপ বর্ণনা করেন: 'আমি নাবী ক্রি-কে তা করতে দেখেছি।" (২০৪) (আ.প্র. ১৯৯, ই.ফা. ২০৫)

٤٩/٤. بَابِ إِذَا أَدْخَلَ رِجْلَيْهِ وَهُمَا طَاهِرَتَانِ.

8/৪৯. অধ্যায় : পবিত্র অবস্থায় উভয় পা (মোজায়) প্রবেশ করানো।

٢٠٦. **صرثنا** أَبُو نُعَيْمٍ قَالَ حَدَّثَنَا زَكَرِيَّاءُ عَنْ عَامِرٍ عَنْ عُرْوَةَ بْنِ الْمُغِيرَةِ عَنْ أَبِيهِ قَالَ كُنْتُ مَعَ النَّبِيِّ الله في سَفَر فَأَهْوَيْتُ لِأَنْزِعَ خُفَّيْهِ فَقَالَ دَعْهُمَا فَإِنِّي أَدْخُلْتُهُمَا طَاهِرَتَيْنِ فَمَسَحَ عَلَيْهِمَا.

২০৬. মুগীরাহ হতে বর্ণিত। তিনি বলেন: আমি নাবী ক্রি-এর সঙ্গে কোন এক সফরে ছিলাম। (উযু করার সময়) আমি তাঁর মোজা দু'টি খুলতে চাইলে তিনি বললেন: 'ও দু'টো থাক, আমি পবিত্র অবস্থায় ও দু'টি পরেছিলাম'। (এই বলে) তিনি তার উপর মাস্হ করলেন। (১৮২) (আ.প্র. ২০০, ই.কা. ২০৬)

٤/٠٥. بَابِ مَنْ لَمْ يَتَوَضَّأُ مِنْ لَحْمِ الشَّاةِ وَالسَّوِيقِ.

৪/৫০. অধ্যায় : বকরীর গোশত ও ছাতু খেয়ে উযূ না করা।

• وَأَكَلَ أَبُو بَكُرٍ وَعُمَرُ وَعُثَمَانُ رَضِيَ اللهُ عَنْهُمْ فَلَمْ يَتَوَضَّتُوا. আবু বাক্র, 'উমার ও 'উসমান 😅 গোশত খেয়ে উযু করেননি।

٢٠٧. صَرَمْنَا عَبْدُ اللهِ بَنُ يُوسُفَ قَالَ أَخْبَرَنَا مَالِكُ عَنْ زَيْدِ بْنِ أَسْلَمَ عَنْ عَطَاءِ بْنِ يَسَارٍ عَنْ عَبْدِ اللهِ بَنْ عَبَّاسٍ أَنَّ رَسُولَ اللهِ ﷺ أَكَلَ كَتِفَ شَاةٍ ثُمَّ صَلَّى وَلَمْ يَتَوَضَّأَ.

২০৭. 'আবদুল্লাহ ইব্নু 'আব্বাস ( হাত বর্ণিত। তিনি বর্লেন : একদা আল্লাহর রস্থূল হাত বকরীর কাঁধের গোশত খেলেন। অতঃপর সলাত আদায় করলেন; কিন্তু উযু করলেন না। (৫৪০৪, ৫৪০৫; মুসলিম ৩/২৪, হাঃ ৩৫৪, আহমাদ ১৯৯৪, ১৯৮৮) (আ.খ. ২০১, ই.ফা. ২০৭)

٢٠٨. **طَرْنَا** يَحْيَى بْنُ بُكَيْرٍ قَالَ حَدَّثَنَا اللَّيثُ عَنْ عُقَيْلٍ عَنْ ابْنِ شِهَابٍ قَالَ أَخْبَرَنِي جَعْفَرُ بْنُ عَمْرِو بْنِ أُمَيَّةً أَنْ أَبَاهُ أَخْبَرَهُ أَنَّهُ رَأَى رَسُولَ اللهِ ﷺ يَحْتَزُ مِنْ كَتِفِ شَاةٍ فَدُعِيَ إِلَى الصَّلاَةِ فَأَلْقَى السِّكِينَ فَصَلَّى وَلَمْ يَتَوَضَّأُ.

২০৮. উমাইয়াহ ( হেত বর্ণিত। তিনি নাবী হেতু-কে একটি বকরীর কাঁধের গোশ্ত কেটে থেতে দেখলেন। এ সময় সলাতের জন্য আহ্বান হল। তিনি ছুরিটি ফেলে দিলেন, অতঃপর সলাত আদায় করলেন; কিন্তু উযু করলেন না। (৬৭৫, ২৯২৩, ৫৪০৮, ৫৪২২, ৫৪৬২; মুসলিম ৩/২৪, হাঃ ৩৫৫, আহমাদ ১৭২৫০) (আ.প্র. ২০২, ই.ফা. ২০৮)

### اً الله وَلَمْ يَتَوَضَّأَ. السَّوِيقِ وَلَمْ يَتَوَضَّأَ. ৩ ١/٤ ৪/৫১. অধ্যায় : ছাতু খেয়ে উযু না করে কুলি করা যথেষ্ট।

٢٠٩. **طَرْثُنَا** عَبْدُ اللهِ بْنُ يُوسُفَ قَالَ أَخْبَرَنَا مَالِكُ عَنْ يَحْيَى بْنِ سَعِيد عَنْ بُشْيَرِ بْنِ يَسَارِ مَوْلَى بَنِي حَارِثَةَ أَنَّ سُوَيْدَ بْنَ النُّعْمَانِ أَخْبَرَهُ أَنَّهُ حَرَجَ مَعَ رَسُولِ اللهِ ﷺ عَامَ خَيْبَرَ حَثَّى إِذَا كَانُوا بِالصَّهْبَاءِ وَهِلَى خَارِثَةَ أَنَّ سُويَدَ بْنَ النَّعْمَانِ أَخْبَرَهُ أَنَّهُ حَرَجَ مَعَ رَسُولِ اللهِ ﷺ عَامَ خَيْبَرَ خَثَيْرَ خَثَى إِذَا كَانُوا بِالصَّهْبَاءِ وَهِلَى أَذْنَى خَيْبَرَ فَصَلَّى الْعَصْرَ ثُمَّ دَعَا بِالأَزْوَادِ فَلَمْ يُؤْتَ إِلاَّ بِالسَّوِيقِ فَأَمَرَ بِهِ فَثْرِي فَأَكُلَ رَسُولُ اللهِ ﷺ وَأَكْلَنَا أَثُمَ عَلَى عَلَى عَلَى عَلَى عَلَى اللهِ اللهِ عَلَى عَلَى اللهِ اللهِ عَلَى عَلَى اللهِ عَلَى عَلَى اللهِ اللهِ اللهِ عَلَى عَلَى اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهُ عَلَى اللهِ اللهُ اللهِ اللهُ اللهِ اللهُ عَلَى اللهُ عَلَمُ اللهُ ال

২০৯. সুওয়াইদ ইবনু নু'মান ( হতে বর্ণিত। তিনি বলেন: খায়বার যুদ্ধের বছর তিনি আল্লাহর রস্ল এর সাথে বের হলেন। চলতে চলতে তাঁরা যখন সাহবা-য় পৌছলেন, এটি খায়বরের নিকটবর্তী অঞ্চল, তখন তিনি আসরের সলাত আদায় করলেন। অতঃপর খাবার আনতে বললেন: কিছু ছাতু ব্যতীত আর কিছুই আনা হল না। অতঃপর তিনি নির্দেশ দিলে তাতে পানি মেশানো হয়। আল্লাহর রস্ল তা খেলেন এবং আমরাও খেলাম। অতঃপর তিনি মাগরিবের জন্য দাঁড়ালেন, এবং কুলি করলেন এবং আমরাও কুলি করলাম। পরে তিনি সলাত আদায় করলেন; উযু করলেন না। (২১৫, ২৯৮১, ৪১৭৫, ৪১৯৫, ৫৩৮৪, ৫৩৯০, ৫৪৫৪, ৫৪৫৫) (আ.এ. ২০৩, ই.ফা. ২০৯)

٢١٠. و حَدَّثَنَا أَصْبَغُ قَالَ أَخْبَرَنَا ابْنُ وَهْبِ قَالَ أَخْبَرَنِي عَمْرُو بْنُ الْحَارِثِ عَنْ بُكَيْرٍ عَنْ كُرَيْبٍ عَنْ مَيْمُونَةَ أَنَّ النَّبِيَّ ﷺ أَكَلَ عِنْدَهَا كَتِفًا ثُمَّ صَلَّى وَلَمْ يَتَوَضَّأَ.

২১০. উম্মুল মু'মিনীন মাইমূনাহ ্রিক্সি হতে বর্ণিত। একদা নাবী ক্রিক্স তাঁর নিকট (বকরীর) কাঁধের গোশত খেলেন, অতঃপর সলাত আদায় করলেন অথচ অযু করলেন না। (মুসলিম ৩/২৪, হাঃ ৩৫৬) (আ.প্র. ২০৪, ই.ফা. ২১০)

### . بَابِ هَلْ يُمَضْمِضُ مِنْ اللَّبَنِ. ٥٢/٤ 8/৫২. অধ্যায় : দুধ পান করে কি কুলি করতে হবে?

٢١١. **طَرْتُنَا** يَحْيَى بْنُ بُكَيْرٍ وَقُتَيْبَةُ قَالاَ حَدَّثَنَا اللَّيْتُ عَنْ عُقَيْلٍ عَنْ ابْنِ شِهَابٍ عَنْ عُبَيْدِ اللهِ بْنِ عَبْدِ اللهِ بْنِ عَبْدِ اللهِ بْنِ عَبْدِ اللهِ بْنِ عُتْبَةً عَنْ ابْنِ عَبَّاسٍ أَنَّ رَسُولَ اللهِ ﷺ شَرِبَ لَبَنَّا فَمَضْمَضَ وَقَالَ إِنَّ لَهُ دَسَمًّا تَابَعَهُ يُونُسُ وَصَــــالِحُ بْنُ كَيْسَانَ عَنِ الزُّهْرِيِّ.

২১১. ইব্নু 'আব্বাস হতে বর্ণিত। একদা আল্লাহর রসূল ক্ষ্পু দুধ পান করলেন। অতঃপর কুলি করলেন এবং বললেন: 'এতে রয়েছে তৈলাক্ত বস্তু' (কাজেই কুলি করা উত্তম)। ইউনুস ও সালিহ ইব্নু কায়সার হ্রী (রহ.) হতে অনুরূপ বর্ণনা করেছেন। (৫৬০৯; মুসলিম ৩/২৪, হাঃ ৩৫৮, আহমাদ ১৯৫১, ৩০৫১) (আ.প্র. ২০৫, ই.ফা. ২১১)

٤ / ٥٣ . بَابِ الْوُضُوءِ مِنْ النَّوْمِ وَمَنْ لَمْ يَرَ مِنْ النَّعْسَةِ وَالنَّعْسَتَيْنِ أَوْ الْخَفْقَةِ وُضُوءًا.

৪/৫৩. অধ্যায় : ঘুমালে উযু করা এবং দু'একবার তন্দ্রাচ্ছন্ন হলে বা মাথা ঝুঁকে পড়লে উযু না করা।

٢١٢. صَرَّتُنَا عَبْدُ الله بْنُ يُوسُفَ قَالَ أَخْبَرَنَا مَالِكٌ عَنْ هِشَامٍ بْنِ عُرْوَةَ عَنْ أَبِيهِ عَنْ عَائِشَةَ أَنَّ رَسُولَ الله ﷺ قَالَ إِذَا نَعَسَ أَحَدُكُمْ وَهُوَ يُصَلِّي فَلْيَرْقُدْ حَتَّى يَذْهَبَ عَنْهُ النَّوْمُ فَإِنَّ أَحَدَكُمْ إِذَا صَلَّى وَهُوَ نَاعِسٌ لاَ يَدْرِي لَعَلَّهُ يَسْتَغْفِرُ فَيَسُبُّ نَفْسَهُ.

২১২. 'আয়িশাহ ক্রিক্সে হতে বর্ণিত। তিনি বলেন : রস্লুলাহ ক্রিক্সে বলেছেন : সলাতরত অবস্থায় তোমাদের কেউ তন্দ্রাচ্ছন হয়ে পড়লে সে যেন ঘুমের আমেজ চলে না যাওয়া পর্যন্ত ঘুমিয়ে নেয়। কারণ, যে তন্দ্রাবস্থায় সলাত আদায় করে সে জানে না যে, সে কি ইয়াসতাগফির করছে নাকি নিজেকে গালি দিচ্ছে। (মুসলিম ৬/৩১, হাঃ ৭৮৬, আহমাদ ২৪৩৪১, ২৫৭৫৭) (আ.প্র. ২০৬, ই.ফা. ২১২)

٢١٣. **صَرَّمُنَا** أَبُو مَعْمَرٍ قَالَ حَدَّنَنَا عَبْدُ الْوَارِثِ حَدَّنَنَا أَيُّوبُ عَنْ أَبِي قِلاَبَةَ عَنْ أَنسٍ عَنِ النَّبِيِّ ﷺ قَالَ إِذَا نَعَسَ أَحَدُكُمْ فِي الصَّلاَّةِ فَلْيَنَمْ حَتَّى يَعْلَمَ مَا يَقْرَأُ.

২১৩. আনাস ( হেন হতে বর্ণিত। তিনি বলেন: নাবী হ্লেই বলেছেন: কেউ যদি সলাতে তন্দ্রাচ্ছনু হয়ে পড়ে, সে যেন ততক্ষণ ঘুমিয়ে নেয়, যতক্ষণ না সে কী পড়ছে, তা অনুধাবন করতে সক্ষম হয়। (আ.প্র. ২০৭, ই.ফা. ২১৩)

### ا 4 6. بَابِ الْوُصُوءِ مِنْ غَيْرِ حَدَث. 8/68. अधाय : হাদাস ব্যতীত উযু করা।

٢١٤. **صَرَّنَا** مُحَمَّدُ بُنُ يُوسُفَ قَالَ حَدَّنَنَا سُفْيَانُ عَنْ عَمْرِو بْنِ عَامِرٍ قَالَ سَمِعْتُ أَنَسَ بْنَ مَالِكُ قَالَ حَدَّثَنَا مُسَدَّدُ قَالَ كَيْ مَالِكُ قَالَ كَلُكُ عَلَى عَمْرُ وَ بْنُ عَامِرٍ عَنْ أَنْسُ بْنِ مَالِكُ قَالَ كَلُكُ عَلَى اللَّهِيُ عَلَى اللَّهُ عَلَى عَلَى اللَّهُ عَالَالِهُ عَلَى اللَّهُ عَلَى اللَّهُ عَلَى الللْهُ عَلَى اللَّهُ عَلَى اللَّهُ عَلَى اللْهُ عَلَى اللَّهُ عَلَى اللْهُ عَلَى اللَّهُ عَلَى اللَّهُ عَلَى اللْهُ عَلَى اللَّهُ عَلَى الللْهُ عَلَه

২১৪. আনাস ( হেলু হতে বর্ণিত। তিনি বলেন: নাবী হ্লু প্রত্যেক সলাতের সময় উযু করতেন। আমি বললাম: আপনারা কী করতেন? তিনি বললেন: হাদাস (উযু ভঙ্গের কারণ) না হওয়া পর্যন্ত আমাদের (পূর্বের) উযু যথেষ্ট হত। (আ.প্র. ২০৮, ই.ফা. ২১৪)

٢١٥. حاثنا خالدُ بْنُ مَخْلَد قَالَ حَدَّنَنا سُلْيَمَانُ بْنُ بِلاَلِ قَالَ حَدَّنَنِي يَخْيَى بْنُ سَعِيد قَالَ أَخْبَرَنِي بُشْيَرُ بْنُ يَسَارٍ قَالَ أَخْبَرَنِي سُوْيَدُ بْنُ النُّعْمَانِ قَالَ خَرَجْنَا مَعَ رَسُولِ اللهِ عَلَى عَامَ خَيْبَسَرَ حَتَّسَى إِذَا كُنَّا اللهِ عَلَى بَشَيْرُ بْنُ يَسَارٍ قَالَ أَخْبَرَنِي سُوْيَدُ بْنُ النَّهِ عَلَى اللهِ عَلَى

২১৫. সৃওয়াইদ ইবনু নু'মান হাত হতে বর্ণিত। তিনি বলেন: খায়বার যুদ্ধের বছর আমরা আল্লাহর রস্ল এন নাথে বের হলাম। সহ্বা নামক স্থানে পৌছে আল্লাহর রস্ল আমাদের নিয়ে আসরের সলাত আদায় করলেন। সলাত শেষে তিনি খাবার আনতে বললেন। ছাতু ব্যতীত আর কিছুই আনা হল না। আমরা তা খেলাম এবং পান করলাম। অতঃপর নাবী হাত মাণরিবের জন্য দাঁড়ালেন, অতঃপর কুলি করলেন; অতঃপর আমাদের নিয়ে মাণরিবের সলাত আদায় করলেন অথচ তিনি (নতুন) উয় করলেন না। (২০৯) (আ.গ্র. ২০৯, ই.ফা. ২১৫)

٤/٥٥. بَابِ مِنَ الْكَبَائِرِ أَنْ لاَ يَسْتَتَرَ مَنْ بَوْلُهُ.

8/৫৫. অধ্যায় : পেশাবের অপবিত্রতা হতে হুশিয়ার না হওয়া কাবীরা গুনাহর অন্তর্ভুক্ত।

২১৬. ইব্নু 'আব্বাস হতে বর্ণিত। তিনি বলেন : নাবী একদা মাদীনা বা মাক্কাহ্রর বাগানগুলোর মধ্য হতে কোন এক বাগানের পাশ দিয়ে যাচ্ছিলেন। তিনি এমন দু' ব্যক্তির আওয়ায় শুনতে পেলেন যে, তাদেরকে কবরে আযাব দেয়া হচ্ছিল। তখন নাবী করে বললেন : এদের দু'জনকে আযাব দেয়া হচ্ছে, অথচ কোন গুরুতর অপরাধে তাদের শাস্তি দেয়া হচ্ছে না। তারপর তিনি বললেন : 'হাাঁ, এদের একজন তার পেশাব করতে গিয়ে সতর্কতা অবলম্বন করত না। অপর ব্যক্তি চোগলখোরী করত। অতঃপর তিনি একটি খেজুরের ডাল আনতে বললেন, এবং তা ভেঙ্গে দু' টুকরা করে প্রত্যেকের কবরের উপর এক টুকরা করে রাখলেন। তাঁকে বলা হল, 'হে আল্লাহর রস্লা! কেন এমন করলেন?' তিনি বললেন : আশা করা যেতে পারে যতক্ষণ পর্যন্ত এ দু'টি শুকিয়ে না যায় তাদের আযাব কিছুটা হালকা করা হবে। (২১৮, ১৩৬১, ১৩৭৮, ৬০৫২, ৬০৫২, ৬০৫২, দুলিম ২/৩৪, হাঃ ২৯২, আহমাদ ১৯৮০) (আ.প্র. ২১০, ই.ফা. ২১৬)

٥٦/٤. بَابِ مَا جَاءَ فِي غَسْلِ الْبَوْلِ.

৪/৫৬. অধ্যায় : পেশাব ধোয়া সম্পর্কে যা কিছু বর্ণিত হয়েছে।

وَقَالَ النَّبِيُّ ﷺ لِصَاحِب الْقَبْرِ كَانَ لاَ يَسْتَتِرُ مِنْ بَوْلِهِ وَلَمْ يَذْكُرْ سِوَى بَوْلِ النَّاسِ.

নাবী জ্ব্রু জনৈক কবরবাসী সম্পর্কে বলেছেন, সে তার পেশাব হতে সতর্ক থাকত না। তিনি তথু মানুষের পেশাব সম্পর্কেই উল্লেখ করেছেন।

٢١٧. صرتنا يَعْقُوبُ بْنُ إِبْرَاهِيمَ قَالَ حَدَّنَنَا إِسْمَاعِيلُ بْنُ إِبْرَاهِيمَ قَالَ حَدَّثَنِي رَوْحُ بْنُ الْقَاسِمِ قَــالَ حَدَّثَنِي عَطَاءُ بْنُ أَبِي مَيْمُونَةَ عَنْ أَنْسِ بْنِ مَالِكُ قَالَ كَانَ النَّبِيُّ ﷺ إِذَا تَبَرَّزَ لِحَاجَتِهِ أَتَيْتُهُ بِمَاءٍ فَيَغْسِلُ بِهِ.

২১৭. আনাস ইব্নু মালিক (হা) হতে বর্ণিত। তিনি বলেন: আল্লাহর রসূল হাই প্রাকৃতিক প্রয়োজনে বের হলে আমি তাঁর নিকট পানি নিয়ে যেতাম। তিনি তা দিয়ে শৌচকার্য করতেন। (১৫০) (আ.প্র. ২১১, ই.ফা. ২১৭)

٢١٨. صَرَّتُنَا مُحَمَّدُ بَنُ الْمُثَنَّى قَالَ حَدَّثَنَا مُحَمَّدُ بَنُ خَارِمٍ قَالَ حَدَّثَنَا الْأَعْمَشُ عَنْ مُحَاهِد عَسَنَ طَاوُسٍ عَنْ ابْنِ عَبَّاسٍ قَالَ مَرَّ النَّبِيُّ فَقَالَ إِنَّهُمَا لَيُعَدِّبَانِ وَمَا يُعَذَّبَانِ في كَبِيرٍ أَمَّا أَحَدُهُمَا فَكَانَ لَا يَسْتَتُرُ مِنَ الْبَوْلِ وَأَمَّا الْآخِرُ فَكَانَ يَمْشِي بِالنَّمِيمَةَ ثُمَّ أَخَذَ جَرِيدَةً رَطْبَةً فَشَقَّهَا نِصَفَيْنِ فَعَرَزَ فِي كُلِّ قَبْرِ وَاحِدَةً قَالُوا يَا رَسُولَ الله لِمَ فَعَلْتَ هَذَا قَالَ لَعَلَّهُ يُخَفِّفُ عَنْهُمَا مَا لَمْ يَيْبَسَا وَقَالَ مُحَمَّدُ بُسِنُ الْمُثَنَّى وَحَدَّنَا وَكَانَ مَصْدُ بُولُهُ مَنْ عَلَى مَحْتَ مُجَاهِدًا مَثْلَهُ يَسْتَتَرُ مِنْ بَوْله.

২১৮. ইব্নু 'আব্বাস ( হেন্দ্র) হতে বর্ণিত। তিনি বলেন : নাবী হ্লান্ট্র একদা দু'টি কবরের পাশ দিয়ে অতিক্রম করছিলেন। এ সময় তিনি বললেন : এদের 'আযাব দেয়া হচ্ছে, কোন গুরুতর অপরাধের জন্য তাদের শাস্তি দেয়া হচ্ছে না। তাদের একজন পেশাব হতে সতর্ক থাকত না। আর অপরজন চোগলখোরী করে বেড়াত। তারপর তিনি একখানি কাঁচা খেজুরের ডাল নিয়ে ভেঙ্গে দু'ভাগ করলেন এবং প্রত্যেক কবরের উপর একখানি গেড়ে দিলেন। সহাবীগণ জিজ্ঞেস করলেন, হে আল্লাহর রসূল! কেন এমন করলেন? তিনি বললেন : আশা করা যেতে পারে যতক্ষণ পর্যন্ত এ দু'টি শুকিয়ে না যায় তাদের আযাব কিছুটা হালকা করা হবে। ইব্নুল মুসান্না (রহ.) আ'মাশ (রহ.) বলেন : আমি মুজাহিদ (রহ.) হতে অনুরূপ শুনেছি। সে তার পেশাব হতে সতর্ক থাকত। (২১৬) (আ.গ্র. ২১২, ই.ফা. ২১৮)

٤/٧٥. بَابِ تَرْكِ النَّبِيِّ ﷺ وَالنَّاسِ الْأَعْرَابِيَّ حَتَّى فَرَغَ مِنْ بَوْلِهِ فِي الْمَسْجِدِ.

8/৫৭. অধ্যায় : জনৈক বেদুঈন মাসজিদে পেশাব করলে পেশাব শেষ না করা পর্যন্ত নাবী 🚐 এবং অন্যান্য লোকের পক্ষ হতে অবকাশ দেয়া।

٢١٩. صَرْتُنَا مُوسَى بْنُ إِسْمَاعِيلَ قَالَ حَدَّثَنَا هَمَّامٌ أَخْبَرَنَا إِسْحَاقُ عَنْ أَنْسِ بْنِ مَالِكٍ أَنَّ النَّبِسَيَّ ﷺ رَأَى أَعْرَابِيًّا يَبُولُ في الْمَسْجد فَقَالَ دَعُوهُ حَتَّى إِذَا فَرَغَ دَعَا بِمَاء فَصَبَّهُ عَلَيْه.

২১৯. আনাস ইব্নু মার্লিক ( হেতে বর্ণিত। তির্নি বলেন: নাবী হেত্রু এক বেদুঈনকে মাসজিদে পেশাব করতে দেখলেন। তখন তিনি বললেন: 'তাকে ছেড়ে দাও'। সে পেশাব শেষ করলে পানি নিয়ে আসতে বললেন, অতঃপর তা সেখানে ঢেলে দিলেন। (২২১, ৬০২৫ দ্রন্তর্য) (আ.প্র. ২১৩, ই.ফা. ২১৯)

٥٨/٤. بَاب صَبِّ الْمَاءِ عَلَى الْبَوْلِ فِي الْمَسْجِدِ.

৪/৫৮. অধ্যায় : মাসজিদে পেশাবের উপর পানি ঢেলে দেয়া।

٢٢٠. حَرْمُنَا أَبُو الْيَمَانَ قَالَ أَخْبَرَنَا شُعَيْبٌ عَنْ الزُّهْرِيِّ قَالَ أَخْبَرَنِي عُبَيْدُ الله بْنُ عَبْدِ الله بْنِ عُتْبَةَ بْنِ مَسْعُود أَنَّ أَبَا هُرَيْرَةَ قَالَ قَامَ أَعْرَابِيُّ فَبَالَ فِي الْمَسْجِدِ فَتَنَاوَلَهُ النَّاسُ فَقَالَ لَهُمْ النَّبِيُّ ﷺ ذَعُوهُ وَهَرِيقُسوا عَلَى بَوَّلِهِ سَحْلاً مِنْ مَاءٍ أَوْ ذَنُوبًا مِنْ مَاءٍ فَإِنَّمَا بُعِثْتُمْ مُيَسِّرِينَ وَلَمْ تُبْعَثُوا مُعَسِّرِينَ. ২২০. আবৃ হুরাইরাহ ( হাত বর্ণিত। তিনি বলেন: একদা জনৈক বেদুঈন দাঁড়িয়ে মাসজিদে পেশা করল। তখন লোকেরা তাকে বাধা দিতে গেলে নাবী হাত তাদের বললেন: তোমরা তাকে ছেড়ে দাও এবং ওর পেশাবের উপর এক বালতি পানি ঢেলে দাও। কারণ তোমাদেরকে কোমল ও সুন্দর আচরণ করার জন্য পাঠানো হয়েছে, রুঢ় আচরণ করার জন্য পাঠানো হয়েছে, রুঢ় আচরণ করার জন্য পাঠানো হয়েছি, রুঢ় আচরণ করার জন্য পাঠানো হয়েছি। (৬১২৮) (আ.শু. ২১৪, ই.ফা. ২২০)

٢٢١. عَرْمُنَا عَبْدَانُ قَالَ أَخْبَرَنَا عَبْدُ اللهِ قَالَ أَخْبَرَنَا يَحْيَى بْنُ سَعِيدٍ قَالَ سَمِعْتُ أَنَسَ بْنَ مَالِكُ عَــنِ النَّبِيِّ ﷺ النَّبِيِّ ﷺ

২২১. আনাস ইবনু মালিক ( হলে) হতে বর্ণিত। তিনি নাবী ( হলে) হতে অনুরূপ হাদীস বর্ণনা করেছেন। (২১৯)

### ٤/٠٠. بَابُ يُهَرِيقُ الْمَاءَ عَلَى الْبَوْلِ

### 8/০০. অধ্যায় : পেশাবের উপর পানি গড়ানো।

حَدَّنَنَا خَالِدُ بْنُ مَخْلَد قَالَ وَحَدَّنَنَا سُلَيْمَانُ عَنْ يَحْيَى بْنِ سَعِيد قَالَ سَمِعْتُ أَنَسَ بْنَ مَالِك قَالَ جَاءَ أَعْرَابِيُّ فَبَالَ فِي طَائِفَةِ الْمَسْجِدِ فَزَجَرَهُ النَّاسُ فَنَهَاهُمْ النَّبِيُّ ﷺ فَلَمَّا قَضَى بَوْلَهُ أَمَرَ النَّبِيُّ ﷺ بِذُنُوبٍ مِنْ مَاءٍ فَأَهْرِيقَ عَلَيْهِ.

আনাস ইব্নু মালিক (২৯) হতে বর্ণিত। তিনি বলেন: একদা জনৈক বেদুঈন এসে মাসজিদের এক পাশে পেশাব করে দিল। তা দেখে লোকজন তাকে ধমক দিতে লাগল। নাবী ক্রিট্র তাদের নিষেধ করলেন। সে তার পেশাব করা শেষ করলে নাবী ক্রিট্র-এর আদেশে এর উপর এক বালতি পানি ঢেলে দেয়া হল। (আ.এ. ২১৫, ই.ফা. ২২১)

## ١/٥٥. بَاب بَوْلِ الصِّبْيَانِ.

#### ৪/৫৯. অধ্যায় : বাচ্চাদের পেশাব।

٢٢٢. طَرْشَا عَبْدُ اللهِ بْنُ يُوسُفَ قَالَ أَخْبَرَنَا مَالكُ عَنْ هِشَامِ بْنِ عُرْوَةَ عَنْ أَبِيسِهِ عَــنْ عَائِشَــةَ أُمِّ الْمُؤْمِنِينَ أَنَّهَا قَالَتَ أُتِي رَسُولُ اللهِ ﷺ بِصَبِي فَبَالَ عَلَى تُوْبِهِ فَدَعَا بِمَاءِ فَأَثْبَعَهُ إِيَّاهُ.

২২২. উম্মূল মু'মিনীন মা 'আয়িশাহ জ্জ্জ্জি হতে বর্ণিত। তিনি বলেন: আল্লাহর রসূল ক্ষ্কিই-এর নিকট একটি ছেলে শিশুকে আনা হল। শিশুটি তাঁর কাপড়ে পেশাব করে দিল। তিনি পানি আনালেন এবং এর উপর ঢেলে দিলেন। (৫৪৬৮, ৬০০২, ৬৩৫৫ দ্রষ্টব্য) (আ.প্র. ২১৬, ই.ফা. ২২২)

٢٢٣. صَرَّمُ عَبُدُ اللهِ بَنُ يُوسُفَ قَالَ أَخْبَرَنَا مَالكُ عَنْ ابْنِ شَهَابٍ عَنْ عُبَيْدِ اللهِ بْنِ عَبْدِ اللهِ بْنِ عُتْبَةَ عَنْ أُمِّ قَيْسٍ بِنْتِ مِحْصَنِ أَنَّهَا أَتَتْ بِابْنِ لَهَا صَغِيرِ لَمْ يَأْكُلُ الطَّعَامَ إِلَى رَسُولِ اللهِ عَلَى أَنَّهَا أَتَتْ بِابْنِ لَهَا صَغِيرِ لَمْ يَأْكُلُ الطَّعَامَ إِلَى رَسُولِ اللهِ عَلَى أَنْهَا أَتَتْ بِابْنِ لَهَا صَغِيرٍ لَمْ يَأْكُلُ الطَّعَامَ إِلَى رَسُولِ اللهِ عَلَى أَنْهُ عَلَى أَنْهَا أَتَتْ بِمَاءً فَنَضَحَهُ وَكُمْ يَعْسِلُهُ.

২২৩. উন্মু কায়স বিনত মিহসান হাতে বর্ণিত যে, তিনি তাঁর এমন একটি ছোট ছেলেকে নিয়ে আল্লাহর রসূল ক্রি-এর নিকট এলেন যে তখনো খাবার খেতে শিখেনি। আল্লাহর রসূল ক্রি-শিশুটিকে তাঁর কোলে বসালেন। তখন সে তাঁর কাপড়ে পেশাব করে দিল। তিনি পানি আনিয়ে এর উপর ছিটিয়ে দিলেন এবং তা ধৌত করলেন না। (৫৬৯৩; মুসলিম ২/৩১, হাঃ ২৮৭, আহমাদ ২৭০৬৪, ২৭০৭২) (আ.শ্র. ২১৭, ই.ফা. ২২৩)

### . بَابِ الْبَوْلِ قَائمًا وَقَاعدًا. 8/৬০. অধ্যায় : দাঁড়িয়ে ও বসে পেশাব করা ।

٢٢٤. صَرَّمُنَا آدَمُ قَالَ حَدَّثَنَا شُعْبَةُ عَنِ الْأَعْمَشِ عَنْ أَبِي وَائِلٍ عَنْ حُذَيْفَةَ قَالَ أَتَى النَّبِيُّ ﷺ سُــبَاطَةَ قَوْم فَبَالَ قَائمًا ثُمَّ دَعَا بِمَاءِ فَجَثْتُهُ بِمَاءِ فَتَوَضَّأَ.

২২৪. হুযাইফাহ ( হেল বর্ণিত। তিনি বলেন : নাবী হৈ একদা গোত্রের ময়লা আবর্জনা ফেলার স্থানে আসলেন। তিনি সেখানে দাঁড়িয়ে পেশাব করলেন। অতঃপর পানি আনতে বললেন। আমি তাঁকে পানি এনে দিলে তিনি উযু করলেন। (২২৫, ২২৬, ২৪৭১ দ্রম্বর্য) (আ.প্র. ২১৮, ই.ফা. ২২৪)

### ٣١/٤. بَابِ الْبَوْلِ عِنْدَ صَاحِبِهِ وَالتَّسَتُّرِ بِالْحَائِطِ.

৪/৬১. অধ্যায় : সাধীর নিকট বসে পেশাব করা এবং দেয়ালের আড়াল করা।

٢٢٥. **طرثنا** عُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ قَالَ حَدَّنَنَا جَرِيرٌ عَنْ مَنْصُورِ عَنْ أَبِي وَائِلِ عَنْ حُذَيْفَةَ قَالَ رَأَيْتُنِسِي أَنَا وَالنَّبِيُّ ﷺ نَتَمَاشَى فَأَتَى سُبَاطَةَ قَوْمٍ خَلْفَ حَائِطٍ فَقَامَ كَمَا يَقُومُ أَحَدُكُمْ فَبَالَ فَانْتَبَذْتُ مِنْهُ فَأَشَارَ إِلَيَّ فَحَنْتُهُ فَقُمْتُ عَنْدَ عَقبه حَتَّى فَرَغَ.

২২৫. হুযাইফাহ ( হেলা) হতে বর্ণিত। তিনি বলেন: আমার স্মরণ আছে যে, একদা আমি ও নাবী এক সাথে চলছিলাম। তিনি দেয়ালের পিছনে মহল্লার একটি আবর্জনা ফেলার জায়গায় এলেন। আতঃপর তোমাদের কেউ যেভাবে দাঁড়ায় সে ভাবে দাঁড়িয়ে তিনি পেশাব করলেন। এ সময় আমি তাঁর নিকট হতে সরে যাচ্ছিলাম কিন্তু তিনি আমাকে ইঙ্গিত করলেন। আমি এসে তাঁর পেশাব করা শেষ না হওয়া পর্যন্ত তাঁর পিছনে দাঁড়িয়ে রইলাম। (২২৪; মুসলিম ২/২২, হাঃ ২৭৩, আহমাদ ২০০০১, ২০৪০৫) (আ.শ্র. ২১৯, ই.শা. ২২৫)

### २ ۲/٤. بَابِ الْبَوْلِ عِنْدَ سُبَاطَةِ قَوْمٍ. ٦٢/٤ المَوْلِ عِنْدَ سُبَاطَةِ قَوْمٍ. عَنْدَ سُبَاطَةِ عَوْمٍ. عَنْدَ سُبَاطَةِ قَوْمٍ. عَلَيْهِ عَنْدَ سُبَاطَةِ

٢٢٦. صر ثنا مُحَمَّدُ بْنُ عَرْعَرَةَ قَالَ حَدَّثَنَا شُعْبَةُ عَنْ مَنْصُورٍ عَنْ أَبِي وَائِلٍ قَالَ كَــانَ أَبُــو مُوسَـــى الْأَشْعَرِيُّ يُشَدِّدُ فِي الْبَوْلِ وَيَقُولُ إِنَّ بَنِي إِشْرَائِيلَ كَانَ إِذَا أَصَابَ نَوْبَ أَحَدِهِمْ قَرَضَهُ فَقَالَ حُذَيْفَةُ لَيْنَـــهُ الْأَشْعَرِيُّ يُشَدِّدُ فِي الْبَوْلُ اللهِ عَلَى سُبَاطَةَ قَوْمٍ فَبَالَ قَائِمًا.

<sup>ঁ</sup> পেশাব অপবিত্র। তবে পেশাব লেগে যাওয়া বস্তুকে পবিত্র করার পদ্ধতি দু রকম। এক ঃ প্রাপ্ত বয়স্ক ব্যক্তি অথবা দুগ্ধপোষ্য মেয়ে হলে তার পেশাব অবশ্যই ধুয়ে ফেলতে হবে। দুই ঃ যদি দুগ্ধপোষ্য ছেলে হয় তবে পানির ছিটা দিলে তা পবিত্র হয়ে যাবে।

২২৬. আবৃ ওয়াইল হতে বর্ণিত। তিনি বলেন : আবৃ মূসা (প্রশাবের ব্যাপারে খুব কঠোরতা আরোপ করতেন এবং বলতেন : বানী ইসরাঈলের কারো কাপড়ে (পেশাব) লাগলে তা কেটে ফেলত। হ্যায়ফাহ (ক্রা বললেন, আবৃ মূসা ক্রা যদি এ হতে বিরত থাকতেন (তবে ভাল হত)। আল্লাহর রস্ল হত মহল্লার আবর্জনা ফেলার স্থানে গিয়ে দাঁড়িয়ে পেশাব করেছেন। (২২৪) (আ.প্র. ২২০, ই.ফা. ২২৬)

### . ٦٣/٤ بَابِ غَسْلِ الدَّمِ. 8/৬৩. অধ্যায় : রক্ত ধৌত করা ।

٢٢٧. **طَرْتُنَا** مُحَمَّدُ بْنُ الْمُثَنَّى قَالَ حَدَّثَنَا يَحْيَى عَنْ هِشَامٍ قَالَ حَدَّثَثَنِي فَاطِمَةُ عَنْ أَسُمَاءَ قَالَـتُ جَاءَتُ الْمَرَأَةُ النَّبِيَّ فَقَالَ تَحُتُّهُ ثُمَّ تَقْرُصُهُ بِالْمَساءِ وَتَنْضَحُهُ وَتُصَلِّي فِيه.

২২৭. আসমা ব্রাপ্তা হতে বর্ণিত। তিনি বলেন, জনৈকা মহিলা নাবী ক্রি-এর নির্কট এসে বললেন : (হে আল্লাহর রসূল!) বলুন, আমাদের কারো কাপড়ে হায়যের রক্ত লেগে গেলে সে কী করবে? তিনি বললেন : সে তা ঘষে ফেলবে, তারপর পানি দিয়ে রগড়াবে এবং ভাল করে ধুয়ে ফেলবে। অতঃপর সেই কাপড়ে সলাত আদায় করবে। (৩০৭; মুসলিম ২/৩৩, হাঃ ২৯১, আহমাদ ৬৯৯৮, ২৭০৪৯) (আ.প্র. ২২১, ই.ফা. ২২৭)

٢٢٨. حَرَثُنَا هِ مَثَنَا مُحَمَّدٌ هُوَ ابْنُ سَلَامٍ قَالَ حَدَّثَنَا أَبُو مُعَاوِيَةَ حَدَّثَنَا هِ شَامُ بْنُ عُرُوةَ عَنْ أَبِيهِ عَنْ عَائشَــةً قَالَتَ جَاءَتُ فَاطِمَةُ بِنْتُ أَبِي حُبَيْشِ إِلَى النَّبِي ﷺ فَقَالَتْ يَا رَسُولَ اللهِ إِنِّى امْرَأَةٌ أُسْتَحَاضُ فَلَا أَطُهُ رُ قَالَتْ جَاءَتُ فَاطَمَةُ بِنْتُ أَبِي حُبَيْشِ إِلَى النَّبِي ﷺ فَقَالَتْ يَا رَسُولَ اللهِ عَنْكَ أَلْفَ عَرْقُ وَلَيْسَ بِحَيْضٍ فَإِذَا أَقَبَلَتْ حَيْضَتُكِ فَدَعِي الصَّلاَةَ وَإِذَا أَقَبَلَتْ حَيْضَتُكِ فَدَعِي الصَّلاَةَ وَإِذَا أَقَبَلَتْ عَيْضَتُكِ فَدَعِي الصَّلاَةَ وَإِذَا أَقْبَلَتْ عَيْضَتُكِ فَدَعِي الصَّلاَةَ وَإِذَا أَقْبَلَتْ عَيْكَ الدَّمَ ثُمَّ صَلّى

قَالَ وَقَالَ أَبِي ثُمَّ تَوَضَّئِي لِكُلِّ صَلاَةٍ حَتَّى يَحِيءَ ذَلكَ الْوَقْتُ.

২২৮. 'আয়িশাহ জ্লিক্সী হতে বর্ণিত। তিনি বলেন : ফাতিমাহ বিনত আঁব হবায়শ হ্লি নাবী ক্ষিএর নিকট এসে বললেন, 'হে আল্লাহর রসূল! আমি একজন রক্ত-প্রদর রোগগ্রস্তা (ইস্তিহাযাহ) মহিলা।
আমি কখনো পবিত্র হতে পারি না। এমতাবস্থায় আমি কি সলাত পরিত্যাগ করবো?' আল্লাহর রসূল ক্ষিত্র বললেন : না, এতো শিরা হতে নির্গত রক্ত; হায়য নয়। তাই যখন তোমার হায়য আসবে তখন সলাত ছেড়ে দিও। আর যখন তা বন্ধ হবে তখন রক্ত ধুয়ে ফেলবে, তারপর সলাত আদায় করবে।

বর্ণনাকারী বলেন, আমার পিতা বলেছেন : অতঃপর এভাবে আরেক হায়িয না আসা পর্যন্ত প্রত্যেক সলাতের জন্য উয়ৃ করবে। (মুসলিম ৩/১৪, হাঃ ৩৩৩, আহমাদ ২৪৫৭৭) (আ.প্র. ২২২, ই.ফা. ২২৮)

8/৬৪. অধ্যায় : বীর্য ধোয়া এবং ঘষে ফেলা এবং স্ত্রীলোক হতে যা লেগে যায় তা ধুয়ে ফেলা।

٢٢٩. صر ثنا عَبْدَانُ قَالَ أَخْبَرَنَا عَبْدُ اللهِ بْنُ الْمُبَارَكِ قَالَ أَخْبَرَنَا عَمْرُو بْنُ مَيْمُـون الْحَـزِيُّ عَـنْ سُلَيْمَانَ بْنِ يَسَارٍ عَنْ عَائِشَةَ قَالَتْ كُنْتُ أَغْسِلُ الْحَنَابَةَ مِنْ ثُوبِ النَّبِيِّ فَلَى فَيَخْرُجُ إِلَى الصَّلاَةِ وَإِنْ بُقَـعَ الْمَاء فَى ثَوْبه.

২২৯. 'আয়িশাহ ্রান্ত্রা হতে বর্ণিত। তিনি বলেন: আমি নাবী ক্লান্ত-এর কাপড় হতে অপবিত্রতার চিহ্ন ধুয়ে দিতাম এবং কাপড়ে ভিজা চিহ্ন নিয়ে তিনি সলাতে বের হতেন। (২৩০, ২৩১, ২৩২; মুসলিম ২/৩২, হাঃ ২৮৯) (আ.প্র. ২২৩, ই.ফা. ২২৯)

. ٢٣٠. حرثنا قَتْيَبَةُ قَالَ حَدَّثَنَا يَزِيدُ قَالَ حَدَّثَنَا عَمْرُو يَعْنِي ابْنَ مَيْمُونِ عَنْ سُلَيْمَانَ بْنِ يَسَارٍ فَسالَ سَمَعْتُ عَائِشَةَ ح و حَدَّثَنَا مُسَدَّدُ قَالَ حَدَّثَنَا عَبْدُ الْوَاحِدِ قَالَ حَدَّثَنَا عَمْرُو بَنُ مَيْمُونِ عَنْ سُلَيْمَانَ بُسِنِ سَمِعْتُ عَائِشَةَ ح و حَدَّثَنَا مُسَدَّدُ قَالَ حَدَّثَنَا عَبْدُ الْوَاحِدِ قَالَ حَدَّثَنَا عَمْرُو بَنُ مَيْمُونِ عَنْ سُلَيْمَانَ بُسِنِ يَسَارٍ قَالَ سَأَلْتُ عَائِشَةَ عَنِ الْمَنِي يُصِيبُ النَّوْبَ فَقَالَتَ كُنْتُ أَغْسِلُهُ مِنْ تَوْبِ رَسُولِ اللهِ عَلَيْهُ فَيَخْرُجُ إِلَى الصَّلَاةَ وَأَثَرُ الْعَسْلِ فَي تَوْبِه بُقِعُ الْمَاء.

২৩০. সুলাইমান ইব্নু ইয়াসার ( হেলু) হতে বর্ণিত। 'আমি 'আয়িশাই ক্রিল্লী-কে কাপড়ে লাগা বীর্য সম্পর্কে জিজ্জেস করলাম।' তিনি বললেন : আমি আল্লাহর রসূল ক্লিই-এর কাপড় হতে তা ধুয়ে ফেলতাম। তিনি কাপড় ধোয়ার ভিজা দাগ নিয়ে সলাতে বের হতেন। (২২৯) (আ.প্র. ২২৪, ই.ফা. ২৩০)

### ٢/٥٦. بَابِ إِذَا غَسَلَ الْجَنَابَةَ أَوْ غَيْرَهَا فَلَمْ يَذْهَبْ أَثْرُهُ.

8/৬৫. অধ্যায় : জানাবাতের অপবিত্রতা বা অন্য কিছু ধোয়ার পর যদি ভিজা চিহ্ন রয়ে যায়।

٢٣١. صرتنا مُوسَى بْنُ إِسْمَاعِيلَ الْمِنْقَرِيُّ قَالَ حَدَّثَنَا عَبْدُ الْوَاحِدِ قَالَ حَدَّثَنَا عَمْرُو بْنُ مَيْمُون قَسَالَ سَأَلْتُ سُلَيْمَانَ بْنَ يَسَارٍ فِي التَّوْبِ تُصِيبُهُ الْجَنَابَةُ قَالَ قَالَتَ عَائِشَةُ كُنْتُ أَغْسِلُهُ مِنْ نَوْبِ رَسُولِ اللهِ ﷺ ثُمَّ يَخْرُجُ إِلَى الصَّلاَة وَأَثَرُ الْغَسْل فِيه بُقَعُ الْمَاء.

২৩১. 'আমর ইব্নু মায়মূন ( হতে বর্ণিত। তিনি বলেন : কার্পড়ে জানাবাতের অপর্বিত্রতা লাগা সম্পর্কে আমি সুলায়মান ইব্নু ইয়াসার (রহ.)-কে জিজ্ঞেস করলে তিনি বললেন : 'আয়িশাহ ক্রিল্লা বলেছেন : আমি আল্লাহর রসূল ক্রি-এর কাপড় হতে তা ধুয়ে ফেলতাম। অতঃপর তিনি সলাতে বেরিয়ে যেতেন আর তাতে পানি দিয়ে ধোয়ার চিহ্ন অবশিষ্ট থাকত। (২২৯) (আ.প্র. ২২৫, ই.ফা. ২৩১)

٢٣٢. *طَرْثُنا* عَمْرُو بْنُ خَالِد قَالَ حَدَّثَنَا زُهَيْرٌ قَالَ حَدَّثَنَا عَمْرُو بْنُ مَيْمُونِ بْنِ مِهْرَانَ عَنْ سُلَيْمَانَ بْنِ يَسَارِ عَنْ عَائِشَةَ أَنَّهَا كَانَتْ تَغْسِلُ الْمَنِيَّ مِنْ ثَوْبِ النَّبِيِّ ﷺ ثُمَّ أَرَاهُ فِيهِ بُقْعَةً أَوْ بُقَعًا.

২৩২. 'আয়িশাহ ক্রিক্স হতে বর্ণিত। তিনি আল্লাহর রসূল ক্রিক্ত-এর কাপড় হতে বীর্য ধুয়ে ফেলতেন। 'আয়িশাহ ক্রিক্স বললেন : তারপর আমি তাতে পানির একটি বা কয়েকটি দাগ দেখতে পেতাম। (২২৯) (আ.প্র. ২২৬, ই.ফা. ২৩২)

### ٦٦/٤. بَابِ أَبُوَالِ الْإِبِلِ وَالدَّوَابِّ وَالْغَنَمِ وَمَرَابِضِهَا

৪/৬৬. অধ্যায় : উট, চতুস্পদ জম্ভু ও বকরীর পেশাব এবং বকরীর খোঁয়াড় প্রসঙ্গে।

وَصَلَّى أَبُو مُوسَى فِي دَارِ الْبَرِيدِ وَالسِّرْقِينِ وَالْبَرِّيَّةُ إِلَى جَنْبِهِ فَقَالَ هَا هُنَا وَثُمَّ سَوَاءً.

আবৃ মৃসা ( দারুল বারীদে সলাত আদায় করেন। আর তার পাশেই গোবর এবং খালি ময়দান ছিল। তিনি বললেন: এ জায়গা এবং ঐ জায়গা একই পর্যায়ের।

مَّالُكُ مَرْمُنُ سُلَيْمَانُ بَنُ حَرْبُ قَالَ حَدَّنَنَا حَمَّادُ بَنُ زَيْدِ عَنْ أَيُّوبَ عَنْ أَبِي قِلاَبَةً عَنْ أَنَسِ بَنِ مَالِكُ قَالَ قَدِمَ أَنَاسٌ مِنْ عُكُلِ أَوْ عُرَيْنَةً فَاجْتَوَوْا الْمَدينَةَ فَأَمْرُهُمُ النَّبِي عَلَى اللَّهِ اللَّهَا وَأَلْبَانِهَا وَأَلْبَانِهَ وَاللّهُ وَلَا اللّهُ وَلَا اللّهُ وَاللّهُ وَاللّهُ وَلَا اللّهُ وَاللّهُ وَاللّهُ وَلَا اللّهُ وَاللّهُ وَاللّهُ وَاللّهُ وَاللّهُ وَرَسُولَةً وَاللّهُ وَاللّهُ وَرَسُولَةً وَاللّهُ وَاللّهُ وَاللّهُ وَاللّهُ وَاللّهُ وَاللّهُ وَاللّهُ وَاللّهُ وَلَالَهُ وَاللّهُ وَاللّهُ وَاللّهُ وَاللّهُ وَاللّهُ وَاللّهُ وَاللّهُ وَلّا اللّهُ وَاللّهُ وَاللّهُ وَاللّهُ وَاللّهُ وَلَا اللّهُ وَلَالُولُ وَكَفَرُوا اللّهُ وَاللّهُ وَاللّهُ وَاللّهُ وَاللّهُ وَلّهُ وَاللّهُ وَلَا اللّهُ وَلَا اللّهُ وَاللّهُ وَاللّهُ وَلَا اللّهُ وَلَا اللّهُ وَلَا اللّهُ وَلَا اللّهُ وَلَا اللّهُ وَلَا وَكَفَوْا وَقَلْمُ اللّهُ وَلَا اللّهُ وَاللّهُ وَلَا اللّهُ وَلَا اللّهُ وَلَا اللّهُ وَلَا اللّهُ وَلَا اللّهُ وَاللّهُ وَلَا اللّهُ وَلَا اللّهُ وَلَاللّهُ وَلَا اللّهُ وَلِولًا وَلَا اللّهُ وَلَا اللّهُ وَلَا الللّهُ وَلَا اللّهُ وَلَا الللّهُ وَلَا اللّهُ وَلَا اللّهُ وَلَا اللّهُ وَلَا الللللّهُ وَلَا اللّهُ وَلَا اللّهُ وَلَا اللّهُ وَلَا اللّهُ وَاللّهُ وَلَا اللّهُ وَلَا اللّهُ وَاللّهُ وَا اللّهُ وَا اللّهُ وَا الللّهُولُ وَلَا الللّهُ وَاللّهُ وَاللّهُ وَاللّهُ اللّهُ الللللّهُ وَل

২৩৩. আনাস হাত বর্ণিত। তিনি বলেন : 'উকল বা 'উরাইনাহ গোত্রের কিছু লোক (ইসলাম গ্রহণের উদ্দেশে) মাদীনাহ্য় এলে তারা অসুস্থ হয়ে পড়ল। নাবী হাত তাদের (সদকার) উটের নিকট যাবার এবং ওর পেশাব ও দুধ পান করার নির্দেশ দিলেন। তারা সেখানে চলে গেল। অতঃপর তারা সুস্থ হয়ে নাবী হাত-এর রাখালকে হত্যা করল এবং উটগুলো তাড়িয়ে নিয়ে গেল। এ সংবাদ দিনের প্রথম ভাগেই (তাঁর নিকট) এসে পৌছল। তিনি তাদের পশ্চাদ্ধাবন করার জন্য লোক পাঠালেন। বেলা বাড়লে তাদেরকে পাকড়াও করে আনা হল। অতঃপর তাঁর আদেশে তাদের হাত পা কেটে দেয়া হল। উত্তপ্ত শলাকা দিয়ে তাদের চোখ ফুটিয়ে দেয়া হল এবং গরম পাথুরে ভূমিতে তাদের নিক্ষেপ করা হল। তারা পানি চাইছিল, কিছু তাদেরকে পানি দেয়া হয়ন।

আবৃ কিলাবাহ (রহ.) বলেন, এরা চুরি করেছিল, হত্যাকাণ্ড ঘটিয়েছিল, ঈমান আনার পর কুফরী করেছিল এবং আল্লাহ ও তাঁর রস্লের বিরুদ্ধে যুদ্ধে লিপ্ত হয়েছিল। (১৫০১, ৩০১৮, ৪১৯২, ৪১৯৩, ৪৬১০, ৫৬৮৫, ৫৬৮৬, ৫৭২৭, ৬৮০২, ৬৮০৩, ৬৮০৪, ৬৮০৫, ৬৮৯৯; মুসলিম ২৮/২, হাঃ ১৬৭১, আহমাদ ১২৯৩৫) (আ.প্র. ২২৭, ই.ফা. ২৩৩)

٢٣٤. **صَرَّنَا** آدَمُ قَالَ حَدَّنَنَا شُعْبَةُ قَالَ أَحْبَرَنَا أَبُو التَّيَّاحِ يَزِيدُ بْنُ حُمَيْدٍ عَنْ أَنسٍ قَالَ كَانَ النَّبِيُّ ﷺ يُصَلِّي قَبْلَ أَنْ يُبْنَى الْمَسْجِدُ فِي مَرَابِضِ الْغَنَم.

২৩৪. আনাস ( হতে বর্ণিত। তিনি বলেন: মাসজিদে নাবাবী নির্মিত হবার পূর্বে নাবী ক্রিরীর ঝোঁয়াড়ে সলাত আদায় করতেন। (৪২৮, ৪২৯, ১৮৬৪, ২১০৬, ২৭৭১, ২৭৭৪, ২৭৭৯, ৩৯৩২; মুসলিম ৫/১, হাঃ ৫২৪, আহমাদ ১৩০১৭) (আ.প্র. ২২৮, ই.ফা. ২৩৪)

<sup>\*</sup> যে পশুর গোশত হালাল তার পেশাব ও গোবর অপবিত্র নয়।

#### ন্ত্ৰ নিক্ৰা فِي السَّمْنِ وَالْمَاءِ ১ ( ٦٧/ عَمَا يَقَعُ مِنَ النَّجَاسَاتِ فِي السَّمْنِ وَالْمَاءِ ১ ( ১ মধ্যায় : घि এবং পানিতে নাজাসাত হতে যা পতিত হয়।

وَقَالَ الزُّهْرِيُّ لاَ بَأْسَ بِالْمَاءِ مَا لَمْ يُغَيِّرُهُ طَعْمٌ أَوْ رِيحٌ أَوْ لَونٌ وَقَالَ حَمَّادٌ لاَ بَأْسَ بِرِيشِ الْمَيْتَةِ وَقَـــالَ الزُّهْرِيُّ فِي عِظَامِ الْمَوْتَى نَحْوَ الَّفِيلِ وَغَيْرِهِ أَدْرَكْتُ نَاسًا مِنْ سَلَفِ الْعُلَمَاءِ يَمْتَشِطُونَ بِهَا وَيَدَّهِنُونَ فِيهَا لاَ يَرُونَ بِهِ بَأْسًا وَقَالَ ابْنُ سِيرِينَ وَإِبْرَاهِيمُ وَلاَ بَأْسَ بِتِجَارَةِ الْعَاجِ.

যুহরী (রহ.) বলেন : পানিতে অপবিত্রতা পড়লে কান ক্ষতি নেই, যতক্ষণ তার স্বাদ, গন্ধ বা রং বদলে না যায়। হাম্মাদ (রহ.) বলেন : মৃত (পাখির) পালক (পানিতে পড়লে) কোন দোষ নেই। যুহরী (রহ.) মৃত জন্তু, যথা : হাতী প্রভৃতির হাড় সম্পর্কে বলেন : আমি পূর্ববর্তী আলিমদের মধ্যে কিছু আলিমকে পেয়েছি, তাঁরা তা (চিরুণী বানিয়ে) চুল আঁচড়াতেন এবং তার পাত্রে তেল রেখে ব্যবহার করতেন, এতে তাঁরা কোনরূপ দোষ মনে করতেন না। ইব্নু সীরীন (রহ.) ও ইবরাহীম (রহ.) বলেন : হাতীর দাঁতের ব্যবসায়ে কোন দোষ নেই।

٢٣٥. **صرْتنا** إِسْمَاعِيلُ قَالَ حَدَّثَنِي مَالِكُ عَنْ ابْنِ شِهَابِ الزُّهْرِيِّ عَنْ عُبَيْدِ اللهِ بْنِ عَبْدِ اللهِ عَنْ ابْسِنِ عَبَّاسٍ عَنْ مَيْمُونَةَ أَنَّ رَسُولَ اللهِ ﷺ سُئِلَ عَنْ فَأَرَةٍ سَقَطَتْ فِي سَمْنٍ فَقَالَ ٱلْقُوهَا وَمَا حَوْلَهَا فَساطَرَحُوهُ وَكُلُوا سَمْنَكُمْ.

২৩৫. মাইমূনাহ ক্রিক্স হতে বর্ণিত। আল্লাহর রসূল ক্রি-কে 'ঘি'য়ে পতিত ইনুর সম্পর্কে জিজ্ঞেস করা হলে তিনি বললেন: 'ইনুরটি এবং তার আশ পাশ হতে ফেলে দাও এবং তোমাদের অবশিষ্ট ঘি খাও। (২৩৬, ৫৫৩৮, ৫৫৩৮, ৫৫৪০ দ্রষ্টব্য) (আ.প্র. ২২৯, ই.ফা. ২৩৫)

٢٣٦. صرتنا عَلِيُّ بْنُ عَبْدِ اللهِ قَالَ حَدَّنَنَا مَعْنُ قَالَ حَدَّثَنَا مَعْنُ قَالَ حَدَّثَنَا مَالِكُ عَنْ ابْنِ شِهَابٍ عَنْ عُبَيْدِ اللهِ بْنِ عَبْدِ اللهِ بْنِ عَبْدِ اللهِ بْنِ عُنْدَ اللهِ بْنِ عُنْبَةَ بْنِ مَسْعُود عَنْ ابْنِ عَبَّاسٍ عَنْ مَيْمُونَةَ أَنَّ النَّبِيَّ ﷺ سُئِلَ عَنْ فَأَرَةٍ سَقَطَتُ فِي سَسَمْنَ فَقَالَ عَنْ أَبْنِ عَبَّاسٍ عَنْ مَيْمُونَةً. خُذُوهَا وَمَا حَوْلَهَا فَاطَّرَحُوهُ قَالَ مَعْنُ حَدَّثَنَا مَالِكُ مَا لاَ أُحْصِيهِ يَقُولُ عَنْ أَبْنِ عَبَّاسٍ عَنْ مَيْمُونَةً.

২৩৬. মাইমূনাহ ্রিক্সে হতে বর্ণিত। তিনি বলেন: নাবী ক্রিক্র-কে 'ঘি'র মধ্যে ইঁদুর পড়ে যাওয়া সম্পর্কে জিজ্ঞেস করা হল। তিনি বললেন: তা ও তার আশপাশ হতে ফেলে দাও। (জা.প্র. ২৩০)

মা'ন (রহ.) বলেন, মালিক (রহ.) আমার নিকট বহুবার এভাবে বর্ণনা করেছেন : ইব্নু 'আব্বাস হতে এবং ইব্নু 'আব্বাস মাইমূনাহ হতেও। (ই.ফা. ২৩৬)

٢٣٧. **طَرْنَا** أَحْمَدُ بْنُ مُحَمَّد قَالَ أَخْبَرَنَا عَبْدُ الله قَالَ أَخْبَرَنَا مَعْمَرٌ عَنْ هَمَّامِ بْنِ مُنَبِّهِ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ ﷺ قَالَ كُلُّ كَلْمٍ يُكْلَمُهُ الْمُسْلَمُ في سَبيلِ الله يَكُونُ يَوْمَ الْقِيَامَة كَهَيْنَتَهَا إِذْ طُعِنَتْ تَفَحَّرُ دَمِّسًا اللَّوْنُ لَوْنُ الدَّمِ وَالْعَرْفُ عَرْفُ الْمِسْنِ ২৩৭. আবৃ হুরাইরাহ (क) নাবী হু হতে বর্ণনা করেন, তিনি বলেন : আল্লাহর রাস্তায় মুসলিমদের যে যখম হয়, ক্বিয়ামাতের দিন তার প্রতিটি যখম আঘাতকালীন সময়ে যে অবস্থায় ছিল সে অবস্থাতেই থাকবে। রক্ত ছুটে বের হতে থাকবে। তার রং হবে রক্তের রং কিন্তু গন্ধ হবে মিশকের মত। (২৮০৩, ৫৫৩৩; মুসলিম ৩৩/২৮, হাঃ ১৮৭৬, আহমাদ ৯১৯৮) (আ.প্র. ২৩১, ই.ফা. ২৩৭)

### . নুম । الْبَوْلِ فِي الْمَاءِ الدَّائِمِ. ٦٨/٤ ৪/৬৮. অধ্যায় : আবদ্ধ পানিতে পেশাব করা।

٢٣٨. **حَدَّنَا** أَبُو الْيَمَانِ قَالَ أَخْبَرَنَا شُعَيْبٌ قَالَ أَخْبَرَنَا أَبُو الزِّنَادِ أَنَّ عَبْدَ الرَّحْمَنِ بْنَ هُرُمُزَ الْأَعْــرَجَ حَدَّنَهُ أَنَّهُ سَمِعَ أَبَا هُرَيْرَةَ أَنَّهُ سَمِعَ رَسُولَ اللهِ ﷺ يَقُولُ نَحْنُ الْآخِرُونَ السَّابِقُونَ.

২৩৮. আবৃ হুরাইরাহ হাতে বর্ণিত। তিনি আল্লাহর রসূল ক্রি-কে বলতে শুনেছেন যে, আমরা শেষে আগমনকারী এবং (কি্য়ামাত দিবসে) অগ্রবর্তী। (৮৭৬, ৮৯৬, ২৯৫৬, ৩৪৮৬, ৬৬২৪, ৬৮৮৭,৭০৩৬,৭৪৯৫ দ্রন্থর্য) (আ.শ্র. নাই, ই.ফা. ২৩৮)

٢٣٩. وَبِإِسْنَدْهِ قَالَ لاَ يُبُولَنَّ أَحَدُكُمْ فِي الْمَاءِ الدَّائِمِ الَّذِي لاَ يَحْرِي ثُمَّ يَغْتَسِلُ فِيهِ.

২৩৯. এ সনদেই তিনি বলেন : তোমাদের কেউ যেন স্থির- যা প্রবাহিত নয় এমন পানিতে কখনো পেশাব না করে। (সম্ভবত) পরে সে আবার তাতে গোসল করবে। (আ.প্র. ২৩২, ই.ফা. ২৩৮ শেষাংশ)

٢٩/٤. بَابِ إِذَا أُلْقِيَ عَلَى ظَهْرِ الْمُصَلِّي قَذَرٌ أَوْ جِيفَةٌ لَمْ تَفْسُدْ عَلَيْه صَلاَتُهُ

৪/৬৯. অধ্যায় : মুসল্লীর পিঠের উপর ময়লা বা মৃত জন্তু ফেললে তার সলাত বাতিল হবে না।

وَكَانَ ابْنُ عُمَرَ إِذَا رَأَى فِي تُوْبِهِ دَمًّا وَهُوَ يُصَلِّي وَضَعَهُ وَمَضَى فِي صَلاَتِهِ

وَقَالَ ابْنُ الْمُسَيَّبِ وَالشَّعْبِيُّ إِذَا صَلَّى وَفِي تَوْبِهِ دَمُّ أَوْ حَنَابَةً أَوْ لِغَيْرِ الْقِبْلَةِ أَوْ تَيَمَّمَ صَــلَّى تُـــمَّ أَدْرَكَ الْمَاءَ في وَقْته لاَ يُعيدُ.

ইব্নু 'উমার 🕮 সলাত আদায়ের অবস্থায় তাঁর কাপড়ে রক্ত দেখলে (সেভাবেই) তাঁ রেখে দিয়ে সেভাবে সলাত আদায় করে নিতেন।

ইবনুল মুসায়্যাব ও শা'বী (রহ.) বলেন, যখন কেউ সলাত আদায় করে আর তার কাপড়ের রক্ত অথবা জানাবাতের থাকে অথবা সে কিবলাহ ব্যতীত অন্যদিকে মুখ করে অথবা তায়াম্মুম করে সলাত আদায় করে অতঃপর ওয়াক্তের মধ্যেই যদি পানি পেয়ে যায় তবে (সলাত) দুহুরাবে না।

٠٤٤. **طَرْشَا** عَبْدَانُ قَالَ أَخْبَرَنِي أَبِي عَنْ شُغْبَةً عَنْ أَبِي إِسْحَاقَ عَنْ عَمْرِو بْنِ مَيْمُون عَنْ عَبْدِ اللهِ قَالَ بَيْنَا رَسُولُ اللهِ ﷺ سَاجِدٌ قَالَ ح و حَدَّنَنِي أَحْمَدُ بْنُ عُثْمَانَ قَالَ حَدَّنَنَا شُرَيْحُ بْنُ مَسْلَمَةَ قَالَ حَدَّنَنَا إِبْرَاهِيمُ بْنُ يُوسُفَ عَنْ أَبِيهِ عَنْ أَبِي إِسْحَاقَ قَالَ حَدَّنَنِي عَمْرُو بْنُ مَيْمُونِ أَنَّ عَبْدَ اللهِ بْنَ مَسْعُودِ حَدَّنَهُ أَنْ النّبي فَلَان فَيضَعُهُ عَلَى ظَهْر مُحَمَّد إِذَا سَجَدَ فَانْبَعْثَ أَشْقَى الْقَوْمِ فَجَاءَ بِهِ فَنَظَرَ حَتَّى سَجَدَ النّبِ يَّ وَضَعَهُ عَلَى ظَهْرِه بَيْنَ كَتَفَيْه وَأَنَا أَنْظُرُ لاَ أُغْنِي شَيْئًا لَوْ كَانَ لِي مَنَعَةٌ قَالَ فَجَعَلُوا يَضْحَكُونَ وَيُحِيلُ عَضُهُمْ عَلَى ظَهْرِه بَيْنَ كَتَفَيْه وَأَنَا أَنْظُرُ لاَ أُغْنِي شَيْئًا لَوْ كَانَ لِي مَنَعَةٌ قَالَ فَجَعَلُوا يَضْحَكُونَ وَيُحِيلُ بَعْضُهُمْ عَلَى بَعْضِ وَرَسُولُ الله عَلَى سَاجِدٌ لاَ يَرْفَعُ رَأْسَهُ حَتَّى جَاءَتُهُ فَاطَمَةُ فَطَرَحَت عَنْ ظَهِسِره فَرَفَع رَأْسَهُ مَّلَى بَعْضِ وَرَسُولُ الله عَلَى اللّهُمَّ عَلَيْكَ بِقُرَيْشِ ثَلَاثَ مَرَّات فَشَقَّ عَلَيْهِمْ إِذْ دَعَا عَلَيْهِمْ قَالَ وَكَانُوا يَرُونَ رَسُولُ الله عَلَيْ رَأَسَهُ ثُمَّ قَالَ اللّهُمَّ عَلَيْكَ بِغُيْمَ عَلَى بَعْشِ وَعَلَيْكَ بِغَيْمَ وَعُلَيْكَ بِعُمْ عَلَى اللّهُمْ عَلَيْكَ بِغَيْمَ وَعُلَيْكَ بِعُمْ عَلَى اللّهُمْ عَلَيْكَ بِغَيْهِمْ عَلَى اللّهُمْ عَلَيْكَ بِعُمْ عَلَى الله عَلَيْكَ بَعْتَهُمْ إِذْ دَعَا عَلَيْهِمْ قَالَ وَكَانُوا يَرُونَ أَنْ الدَّعُوةَ فِي ذَلِكَ الْبَلَد مُسْتَجَابَةً ثُمَّ سَمَّى اللّهُمُّ عَلَيْكَ بِأَبِي جَهْلٍ وَعَلَيْكَ بِعُتْبَةَ بَنِ رَبِيعَة وَشَيْبَة بَنِ اللّهُ عَلَمْ يَحْفَظُ قَالَ فَوالّذِي نَفْسِي بِيدِهِ لَقَدْ رَأُيْتُ اللّذِينَ عَدَّ رَسُولُ الله فَي عَلَمْ يَحْفَظُ قَالَ فَواللّذِي عَمْ عَلَى الْمَولُ الله عَلَيْ عَلَى اللّهُ عَلَى اللّهُ عَلَى اللّهُ عَلَى اللّهُ عَلَى اللّهُ عَلَمْ يَحْفَظُ قَالَ فَواللّذِي عَلَى الللّهُ عَلَى اللّهُ عَلَى الْمَا عَلَى اللّهُ عَلَى اللّهُ عَلَى اللّهُ عَلَى اللّهُ اللّهُ عَلَى اللّهُ عَلَى اللّهُ عَلَى اللّهُ عَلَى اللّهُ عَلَى اللّهُ عَلَى اللّهُ عَلَيْكُ اللّهُ عَلَى اللّهُ عَلَى اللّهُ عَلَى اللّهُ عَلَى اللّهُ الللّهُ اللهُ عَلَى اللّهُ عَلَى الللّهُ عَلَى اللّهُ عَلَى اللّهُ عَلَى اللّهُ عَلَى اللّهُ عَلْمَ اللّهُ عَلَمْ ا

২৪০. 'আবদুল্লাহ ইব্নু মাস'উদ (রহ.) হতে বর্ণিত i তিনি বলেন : একদা আল্লাহর রস্ল 🚎 সাজদাহ্রত অবস্থায় ছিলেন। অন্য সূত্রে আহমাদ ইব্নু 'উসমান (রহ.).... 'আবদুল্লাহ ইব্নু মাস'উদ কর্না করেন যে, নাবী 😂 একদা বায়তুল্লাহ্র পাশে সলাত আদায় করছিলেন এবং সেখানে আবৃ জাহাল ও তার সাথীরা বসা ছিল। এমন সময় তাদের একজন অন্যজনকে বলে উঠল 'তোমাদের মধ্যে কে অমুক গোত্রের উটনীর নাড়িভুঁড়ি এনে মুহাম্মাদ যখন সাজদাহ্ করেন তখন তার পিঠের উপর চাপিয়ে দিতে পারে'? তখন গোত্রের বড় পাষণ্ড ('উকবাহ) তাড়াতাড়ি গিয়ে তা নিয়ে এল এবং তাঁর প্রতি লক্ষ্য রাখল। নাবী 🚝 যখন সাজদাহ্য় গেলেন, তখন সে তাঁর পিঠের উপর দুই কাঁধের মাঝখানে তা রেখে দিল। ইব্রু মাস'উদ 🖼 বলেন, আমি (এ দৃশ্য) দেখছিলাম কিন্তু আমার কিছু করার ছিল না। হায়! আমার যদি বাধা দেবার শক্তি থাকত! তিনি বলেন, তারা হাসতে লাগল এবং একে অন্যের উপর লুটোপুটি খেতে লাগল। আর আল্লাহর রসূল 🕰 তখন সাজদাহ্য় থাকলেন, মাথা উঠালেন না। অবশেষে ফাতিমাহ 🚌 এসে সেটি তাঁর পিঠের উপর হতে ফেলে দিলেন। অতঃপর আল্লাহর রসূল 🚎 মাথা উঠিয়ে বললেন : হে আল্লাহ! আপনি কুরায়শকে ধ্বংস করুন। এরূপ তিনবার বললেন। তিনি যখন তাদের বদ দু'আ করেন তখন তা তাদের অন্তরে ভয় জাগিয়ে তুলল। বর্ণনাকারী বলেন, তারা জানত যে, এ শহরে দু'আ কবৃল হয়। অতঃপর তিনি নাম ধরে বললেন : হে আল্লাহ! আবু জাহালকে ধ্বংস করুন এবং 'উত্বাহ ইব্নু রবী'আহ, শায়বাহ ইব্নু রবী'আ, ওয়ালীদ ইবনু 'উত্বাহ, উমাইয়াহ বিন খালাফ ও 'উকবাহ ইব্নু আবী মু'আইতকে ধ্বংস করুন। রাবী বলেন, তিনি সপ্তম ব্যক্তির নামও বলেছিলেন কিন্তু তিনি স্মরণ রাখতে পারেননি। ইব্নু মাস'উদ 🚌 বলেন: সেই সন্তার কসম। যাঁর হাতে আমার প্রাণ, আল্লাহর রসূল 🚎 যাদের নাম উচ্চারণ করেছিলেন, তাদের আমি বাদারের কূপের মধ্যে নিহত অবস্থায় পড়ে থাকতে দেখেছি। (৫২০, ২৯৩৪, ৩১৮৫, ৩৮৫৪, ৩৯৬০; মুসলিম ৩২/৩৯, হাঃ ১৭৯৪, আহমাদ ৩৭২২) (আ.প্র. ২৩৩, ই.ফা. ২৩৯)

১ • / ٤ بَابِ الْبُزَاقِ وَالْمُخَاطِ وَنَحْوِهِ فِي الثَّوْبِ .٧ • / ٤ هُورِي. وَالْمُخَاطِ وَنَحْوِهِ فِي الثَّوْبِ . ٧ • / ٤ هُرُابِ . ١٤٥٥. هُرُابِي عَلَيْهِ . هُرُابِي عَلَيْهِ . هُرُابِي الْمُخَاطِ وَالْمُخَاطِ وَالْمُخْرَاطِ وَالْمُعْرَاطِ وَالْمُعْرِيْدِ وَالْمُخْرِيْدِ وَالْمُخْرِيْدِ وَالْمُخْرِيْدِ وَالْمُعْرِقِ وَالْمُعِلَّ وَالْمُعْرِيْدِ وَالْمُعْرِقِيْدِ وَالْمُعْرِقِ وَالْمُعْرِيْدِ وَالْمُعْرِقِ وَالْمِنْ وَالْمُعْرِقِ وَالْمُعْرِقِ وَالْمُعْرِقِ وَالْمُعْرِقِ وَالْمُعْرِقِ وَالْمُعْرِقِ وَالْمُعْرِقِ وَالْمُعْرِقِ وَالْمُعْرِعِيْرِقِ وَالْمُعْرِقِ وَالْمُعْرِقِ وَالْمُعْرِقِ وَالْمُعْرِقِ وَالْمُعْرِقِ وَالْمُعْرِقِ وَالْمُعْرِقِ وَالْمُعْرِقِ وَالْمُ

قَالَ عُرْوَةً عَنِ الْمِسْوَرِ وَمَرْوَانَ خَرَجَ النَّبِيُّ ﷺ زَمَنَ حُدَيْبِيَةً فَذَكَرَ الْحَدِيثَ وَمَا تَنَخَّمَ النَّبِيُّ ﷺ نُخَامَةً إِلاَّ وَقَعَتْ فِي كَفَّ رَجُلٍ مِنْهُمْ فَدَلَكَ بِهَا وَجَهْهُ وَجِلْدَهُ. 'উরওয়াহ (রহ.) মিসওয়ার ও মারওয়ান (রহ.) হতে বর্ণিত। আল্লাহর রসূল হু হুদায়বিয়ার সময় বের হলেন। অতঃপর পূর্ণ হাদীস বর্ণনার পর তিনি বলেন, 'আর নাবী হু (সেদিন) যখনই কোন শিকনি ঝেড়ে ফেলছিলেন, তখন তা তাদের কারো না কারো হাতে পড়ছিল। তারপর (বরকত স্বরূপ) ঐ ব্যক্তি তা তার মুখমণ্ডল ও শরীরে মেখে নিচ্ছিল।

٢٤١. صر ثنا مُحَمَّدُ بْنُ يُوسُفَ قَالَ حَدَّنَنَا سُفْيَانُ عَنْ حُمَيْد عَنْ أَنَسِ بْنِ مَالِكَ قَالَ بَزَقَ النَّبِ عَيْ اللَّهِ عَنْ مُمَيْد عَنْ أَنْسِ بْنِ مَالِكَ قَالَ بَزَقَ النَّبِ عَيْ أَنْسُا فِي تُوْبِهِ قَالَ أَخْبَرَنَا يَحْيَى بْنُ أَيُّوبَ حَدَّثَنِي حُمَيْدٌ قَالَ سَمِعْتُ أَنْسُا غَيْ النَّبِي عَنَ النَّبِي عَمْدُدُ قَالَ سَمِعْتُ أَنْسُا عَنِ النَّبِي عَنْ النَّبِي عَنْ النَّبِي عَنْ النَّبِي عَنْ النَّبِي عَلَى اللَّهُ عَنْ النَّبِي عَنْ النَّبِي عَلَى النَّبِي عَنْ النَّبِي عَلَى اللَّهُ عَنْ النَّبِي عَنْ النَّبِي عَلَى اللَّهُ عَنْ النَّبِي عَنْ النَّبِي عَلَى اللَّهُ عَنْ النَّبِي عَلَى اللَّهُ عَلَى اللَّهُ عَلَى اللَّهُ عَنْ عَنْ اللَّهُ عَلَى اللَّهُ عَلَى اللَّهُ عَنْ اللَّهُ عَلَى اللَّهُ عَلَى اللَّهُ عَلَى اللَّهُ عَنْ اللَّهُ عَلَى اللَّهُ عَلَى اللَّهُ عَلَى اللَّهُ عَنْ اللَّهُ عَلَى اللَّهُ عَلَى اللَّهُ عَنْ اللَّهُ عَلَى الللْهُ عَلَى اللَّهُ عَلَى اللَّهُ عَلَى اللَّهُ عَلَى اللَّهُ عَلَى الللْهُ عَلَى اللَّهُ عَلَى الللْهُ عَلْمَا عَلَا اللَّهُ عَلْلِهُ عَلَى اللَّهُ عَلْمَ اللَّهُ عَلَى اللَّهُ عَلَى اللَّهُ عَل

২৪১. আনাস হাতে বর্ণিত। তিনি বলেন, নাবী ক্রি একদা তাঁর কাপড়ে থুথু ফেললেন। ইমাম বুখারী (রহ.) বলেন যে, ইব্নু আবৃ মারইয়াম এ হাদীসটি বিশদভাবে বর্ণনা করেছেন। (৪০৫, ৪১২, ৪১৩, ৪১৭, ৫৩১, ৫৩২, ৮২২, ১৬১৪ দ্রম্ব্য) (আ.প্র. ২৩৪, ই.ফা. ২৪০)

### ٧١/٤. بَابِ لاَ يَجُوزُ الْوُضُوءُ بِالنَّبِيذِ وَلاَ الْمُسْكِرِ

৪/৭১. অধ্যায় : নাবীয (খেজুর, কিসমিস, মনাক্কা, ইত্যাদি ভিজানো পানি) এবং নেশার উদ্রেককারী পানীয় দারা উযু করা না-জায়িয।

وَكَرِهَهُ الْحَسَنُ وَأَبُو الْعَالِيَةِ وَقَالَ عَطَاءُ النَّيَمُّمُ أَحَبُّ إِلَيَّ مِنَ الْوُضُوءِ بِالنَّبِيذِ وَاللَّهَنِ.

হাসান (রহ.) ও আবুল 'আলিয়াহ (রহ.) একে মাকর্মহ বলেছেন। 'আত্মা (রহ.) বলেন : নাবীয এবং দুধ দিয়ে উয্ করার চেয়ে তায়াম্মুম করাই আমার নিকট অধিক পছন্দনীয়।

٢٤٢. صرثنا عَلِيٌّ بْنُ عَبْدِ اللهِ قَالَ حَدَّثَنَا سُفْيَانُ قَالَ حَدَّثَنَا الزُّهْرِيُّ عَنْ أَبِي سَلَمَةَ عَنْ عَاثِشَةَ عَـــنِ النَّبِيِّ عَلَىٰ أَبِي سَلَمَةَ عَنْ عَاثِشَةَ عَـــنِ النَّبِيِّ عَلَىٰ قَالَ كُلُّ شَرَابٍ أَشْكَرَ فَهُو حَرَامٌ.

২৪২. 'আয়িশাহ ্রিক্সে হতে বর্ণিত। তিনি বলেন: নাবী ক্রিক্স বলেছেন : যে সকল পানীয় নেশা সৃষ্টি করে, তা হারাম। (৫৫৮৫, ৫৫৮৬ দ্রষ্টব্য) (আ.প্র. ২৩৫, ই.ফা. ২৪১)

٧٢/٤. بَابِ غَسْلِ الْمَرْأَةِ أَبَاهَا الدَّمَ عَنْ وَجَهِهِ

৪/৭২. অধ্যায় : পিতার মুখমণ্ডল হতে কন্যা কর্তৃক রক্ত ধুয়ে ফেলা।

وَقَالَ أَبُو الْعَالِيَةِ امْسَحُوا عَلَى رِجْلِي فَإِنَّهَا مَرِيضَةً.

আবুল 'আলিয়াহ (রহ.) বলেন : আমার পায়ে ব্যথা, তোমরা আমার পা মালিশ করে দাও।

٢٤٣. طرثنا مُحَمَّدٌ يَعْنِي ابْنَ سَلاَمٍ قَالَ أَحْبَرَنَا سُفَيَانُ بْنُ عُيَيْنَةً عَنْ أَبِي حَازِمٍ سَمِعَ سَهْلَ بْنَ سَـعْدِ السَّاعِدِيَّ وَسَأَلَهُ النَّاسُ وَمَا بَيْنِي وَبَيْنَهُ أَحَدُ بَأْيِّ شَيْء دُووِيَ جُرْحُ النَّبِي ﷺ فَقَالُ مَا بَقِيَ أَحَدُ أَعْلَمُ بِـهُ السَّاعِدِيُّ وَسَأَلَهُ النَّاسُ وَمَا بَيْنِي وَبَيْنَهُ أَحَدُ بَأُي شَيْء دُووِيَ جُرْحُ النَّبِي ﷺ فَقَالُ مَا بَقِي أَحَدُ أَعْلَمُ بِهِ جُرْحُهُ. مَنِّي كَانَ عَلِيُّ يَجِيءُ بِتُرْسِهِ فِيهِ مَاءُ وَفَاطِمَةُ تَعْسِلُ عَنْ وَجُهِهِ الدَّمَ فَأُخِذَ حَصِيرٌ فَأُحْرِقَ فَحُشِيَ بِهِ جُرْحُهُ.

২৪৩. আবৃ হাযিম বলেন যে, যখন আমার এবং সাহল ইব্নু সা'দ আস-সা'ঈদী () ব মাঝখানে কেউ ছিল না, তখন লোকে তার নিকট আর্য করল : (উহুদ যুদ্ধে) কী দিয়ে নাবী () এর যখমের চিকিৎসা করা হয়েছিল? তখন তিনি বললেন : এ ব্যাপারে আমার চেয়ে অধিক জানে এমন কেউ জীবিত নেই। 'আলী () তাঁর ঢালে করে পানি আনছিলেন আর ফাতিমাহ্ हिल्ला তাঁর মুখমণ্ডল হতে রক্ত ধুয়ে দিলেন। অবশেষে চাটাই পুড়িয়ে (তার ছাই) তাঁর ক্ষতস্থানে দেয়া হল। (২৯০৩, ২৯১১, ৩০৩৭, ৪০৭৫, ৫২৪৮, ৫৭২২ দ্রষ্টব্য) (আ.প্র. ২৩৬, ই.ফা. ২৪২)

٧٣/٤. بَابِ السِّوَاكِ 8/٩७. অধ্যায় : মিসওয়াক করা। وَقَالَ ابْنُ عَبَّاسِ بِتُ عِنْدَ النَّبِيِّ ﷺ فَاسْتَنَّ.

ইব্নু 'আব্বাস ( ) বলেন, আমি নাবী 😂 এর নিকট রাত যাপন করেছিলাম। তখন তিনি মিসওয়াক করেন।

٢٤٤. **طَرْشَا** أَبُو التَّعْمَانِ قَالَ حَدَّثَنَا حَمَّادُ بْنُ زَيْدِ عَنْ غَيْلَانَ بْنِ جَرِيرِ عَنْ أَبِي بُرْدَةَ عَنْ أَبِيــهِ قَـــالَ ٱتَيْتُ النَّبِيَّ ﷺ فَوَجَدْتُهُ يَسْتَنُّ بسِوَاك بيَده يَقُولُ أَعْ أَعْ وَالسَّوَاكُ في فيه كَأَنَّه يَتَهَوَّعُ.

২৪৪. আবৃ বুরদাহ (রহ.)-র পিতা [আবৃ মৃসা [রা] হতে বর্ণিত। তিনি বলেন : একবার আমি নাবী এলাম। তখন তাঁকে দেখলাম তিনি মিসওয়াক করছেন এবং মিসওয়াক মুখে দিয়ে তিনি উ' উ' শব্দ করছেন যেন তিনি বমি করছেন। (মুসলিম ২/১৫, হাঃ ২৫৪, আহমাদ ১৯৭৫৮) (আ.প্র. ২৩৭, ই.ফা. ২৪৩)

٢٤٥. **طَرْتُنَا** عُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ قَالَ حَدَّثَنَا جَرِيرٌ عَنْ مَنْصُورٍ عَنْ أَبِي وَائِلٍ عَنْ حُذَيْفَةَ قَالَ كَـــانَ النَّبِيُّ ﷺ إِذَا قَامَ مِنْ اللَّيْل يَشُوصُ فَاهُ بالسَّواك.

২৪৫. হুযায়ফাহ হাতে বর্ণিত। তিনি বলেন: নাবী হাত যখন রাতে (সলাতের জন্য) উঠতেন তখন মিসওয়াক দিয়ে মুখ পরিষ্কার করতেন। (৮৮৯, ১১৩৬; মুসলিম ২/১৫, হাঃ ২৫৫, আহমাদ ২৩৪৭৫) (আ.প্র. ২৩৮, ই.ফা. ২৪৪)

. ٧٤/٤ بَابِ دَفَعِ السَّوَاكِ إِلَى الْأَكْبَرِ. 8/98. অধ্যায় : বয়সে বড় ব্যক্তিকে মিসওয়াক প্রদান করা ।

٢٤٦. وَقَالَ عَفَّانُ حَدَّنَنَا صَخْرُ بْنُ جُوثِيرِيَةَ عَنْ نَافِعٍ عَنْ ابْنِ عُمَرَ أَنَّ النَّبِيَّ ﷺ قَالَ أَرَانِسِي أَتَسَسُوَّكُ بِسُواكِ فَحَاءَنِي رَجُلَانِ أَحَدُهُمَا أَكْبَرُ مِنَ الْآخِرِ فَنَاوَلْتُ السِّواكَ الْأَصْغَرَ مِنْهُمَا فَقِيلَ لِي كَبِّرْ فَدَفَعْتُهُ إِلَى يَسُواكُ فَحَاءَنِي رَجُلَانِ أَحَدُهُمَا أَكْبَرُ مِنَ الْآخِرِ فَنَاوَلْتُ السِّواكَ الْأَصْغَرَ مِنْهُمَا فَقِيلَ لِي كَبِّرْ فَدَفَعْتُهُ إِلَى يَاللَّهُ الْمَعَامُ فَيْهُمُ عَنْ ابْنِ عُمَرَ. اللَّهُ اخْتَصَرَهُ نُعَيْمٌ عَنْ ابْنِ الْمُبَارِكِ عَنْ أَسَامَةَ عَنْ نَافِعٍ عَنْ ابْنِ عُمَرَ.

২৪৬. ইবনু 'উমার হাত বর্ণনা করেন যে, নাবী হাত বলেন : আমি (স্বপ্নে) দেখলাম যে, আমি মিসওয়াক করছি। আমার নিকট দু' ব্যক্তি এলেন। একজন অপরজন হতে বয়সে বড়। অতঃপর আমি তাদের মধ্যে কনিষ্ঠ ব্যক্তিকে মিসওয়াক দিতে গেলে আমাকে বলা হলো, 'বড়কে দাও'। তখন আমি তাদের মধ্যে বয়োজ্যেষ্ঠ ব্যক্তিকে দিলাম। আবৃ 'আবদুল্লাহ বলেন, 'নু'আয়ম, ইবনুল মুবারাক সূত্রে ইবনু 'উমার হাত হাদীসটি সংক্ষেপে বর্ণনা করেছেন। (মুসলিম ৪২/৪, হাঃ ২২৭১, আহমাদ ৬১০৭) (আ.প্র. ২০৯, ই.ফা. ১৭২ অনুচ্ছেদ)

### . ٧٥/٤ بَابِ فَضْلِ مَنْ بَاتَ عَلَى الْوُضُوءِ. 8/٩৫. অধ্যায় : উযু সহ রাতে ঘুমাবার ফাযীলাত।

٢٤٧. عرثنا مُحَمَّدُ بَنُ مُقَاتِلِ قَالَ أَخْبَرَنَا عَبْدُ اللهِ قَالَ أَخْبَرَنَا مَنْ مَنْ مُو عَنْ سَعْد بَنِ عُبَيْدَةً عَنِ الْبَرَاءِ بَنِ عَازِبِ قَالَ قَالَ النَّبِيُ ﷺ إِذَا أَتَيْتَ مَضْحَعَكَ فَتُوضَا وُضُوءَكَ للصَّلاَةِ ثُمَّ اضْطَحِعْ عَلَى شقَكَ الْأَيْمَنِ ثُمَّ قُلُ اللَّهُمَّ أَسْلَمْتُ وَجُهِي إِلَيْكَ وَفَوَّضْتُ أَمْرِي إِلَيْكَ وَأَجْتُهُم وَكُمْ يَعْدِي إِلَيْكَ رَغْبَةً وَرَهْبَةً إِلَيْكَ وَأَلْتَكَ اللَّهُمَّ آمَنْتُ بِحِتَابِكَ اللَّهُمَّ أَسُلَمْتُ وَجُهِي إِلَيْكَ وَقَوَّضْتُ أَمْرِي إِلَيْكَ وَأَجْتُهُم وَلَا مَنْتَ عَلَى اللّهُمَّ آمَنْتُ بِحِتَابِكَ اللّهِ وَاجْعَلَهُنَّ آحِرَ مَا تَنْكَلُم بِهِ قَالَ فَرَدَّنُهَا وَبِنَبِيِّكَ اللّهُمَّ آمَنْتُ بَكَابِكَ اللّهُ مَّ آمَنْتُ بِكَتَابِكَ اللّهِ مَلْمَ وَرَسُولِكَ قَالَ لَا وَرَدُعُهَا عَلَى اللّهُ مَا اللّهُ مَّ آمَنْتُ بِكَتَابِكَ الّذِي أَثْرَلْتَ قُلْتُ وَرَسُولِكَ قَالَ لاَ وَنَبِيكَ اللّهُمَّ آمَنْتُ بِكَتَابِكَ الّذِي أَثَوَلْتَ قُلْتَ وَرَسُولِكَ قَالَ لَا وَيَعْتَى اللّهُمُ اللّهُ مَا اللّهُمُ اللّهُ مَا اللّهُ مَا اللّهُ مَا اللّهُ عَلَى اللّهُ مَا اللّهُ مَا اللّهُ مَا اللّهُ مَا اللّهُ مَا اللّهُ مَا اللّهُ مَالَتُهُ بِكَابِكَ اللّذِي أَثَوْلَتَ عَلَى اللّهُ عَلَى اللّهُ عَلَى اللّهُ مَا اللّهُ الللّهُ اللّهُ الللّهُ الللهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ

"হে আল্লাহ! আমার জীবন আপনার নিকট সমর্পণ করলাম। আমার সকল কাজ তোমার নিকট অর্পণ করলাম এবং আমি তোমার আশ্রয় গ্রহণ করলাম তোমার প্রতি আগ্রহ ও ভয় নিয়ে। তুমি ব্যতীত প্রকৃত কোন আশ্রয়স্থল ও পরিত্রাণের স্থান নেই। হে আল্লাহ! আমি ঈমান আনলাম তোমার অবতীর্ণ কিতাবের উপর এবং তোমার প্রেরিত নাবীর প্রতি।"

নাবী হার বলেন : এটি এমন একটি বিষয় যা আল্লাহ্ তা'আলা আদম-কন্যাদের জন্য নির্ধারণ করে দিয়েছেন। কারো কারো মতে সর্বপ্রথম হায়য শুরু হয় বানী ইসরাঈলী মহিলাদের। আবৃ 'আবদুল্লাহ বুখারী (রহ.) বলেন, নাবী হার-এর হাদীসই গ্রহণযোগ্য।

## بَابُ الأَمرِ بِالنَّفَسَاءُ إِذَا نُفِسْنَ অধ্যায় : ঋष्ट्रकानीन ঋতুবতী মহিলাদের প্রতি নির্দেশ।

٢٩٤. **طَرَثنا** عَلِيُّ بْنُ عَبْد اللهِ قَالَ حَدَّثَنَا سُفْيَانُ قَالَ سَمِعْتُ عَبْدَ الرَّحْمَنِ بْنَ الْقَاسِمِ قَالَ سَـمِعْتُ الْآقَاسِمَ بْنَ مُحَمَّد يَقُولُ سَمِعْتُ عَائِشَةَ تَقُولُ حَرَجْنَا لاَ نَرَى إِلاَّ الْحَجَّ فَلَمَّا كُنَّا بِسَرِفَ حَضْتُ فَدَخَلَ عَلَيَّ رَسُولُ اللهِ عَلَى اللهِ عَلَى بَنَاتٍ آدَمَ فَاقْضِي مَا يَشُولُ اللهِ عَلَى بَنَاتٍ آدَمَ فَاقْضِي مَا يَقُضِي الْحَاجُ عَيْرَ أَنْ لاَ تَطُوفِي بِالْبَيْتِ قَالَتْ وَضَحَّى رَسُولُ اللهِ عَلَى نِسَائِهِ بِالْبَقْرِ.

২৯৪. 'আয়িশাহ হ্রান্ত্রী হতে বর্ণিত। তিনি বলেন: আমরা হাজ্জের উদ্দেশেই (মাদীনাহ হতে) বের হলাম। 'সারিফ' নামক স্থানে পৌছার পর আমার হায়য আসলো। আল্লাহর রসূল 🚎 এসে আমাকে

কাঁদতে দেখলেন এবং বললেন : কী হলো তোমার? তোমার হায়য এসেছে? আমি বললাম, হাঁ। তিনি বললেন : এ তো আল্লাহ্ তা'আলাই আদম-কন্যাদের জন্য নির্ধারণ করে দিয়েছেন। সূতরাং তুমি বাইতুল্লাহ্র তৃওয়াফ ছাড়া হাজ্জের বাকী সব কাজ করে যাও। 'আয়িশাহ ক্রিল্লা বলেন : আল্লাহর রসূল তাঁর স্ত্রীদের পক্ষ হতে গাভী কুরবানী করলেন। (৩০৫, ৩১৬, ৩১৭, ৩১৯, ৩২৮, ১৫১৬, ১৫১৮, ১৫৫৬, ১৫৬০, ১৫৬১, ১৫৬২, ১২৩৮, ১৬৫০, ১৭০৯, ১৭২০, ১৭৫৭, ১৭৬২, ১৭৭১, ১৭৭২, ১৭৮৩, ১৭৮৬, ১৭৮৭, ১৭৮৮, ২৯৫২, ২৯৮৪, ৪৩৯৫, ৪৪০১, ৪৪০৮, ৫৩২৯, ৫৫৪৮, ৫৫৫৯, ৬১৫৭, ৭২২৯; মুসলিম ১৫/১৭, হাঃ ১২১১) (আ.শ্র. ২৮৫, ই.ফা. ২৯০)

## ٢/٦. بَابِ غَسْلِ الْحَائِضِ رَأْسَ زُوْجِهَا وَتَرْجِيلُهِ.

৬/২. অধ্যায় : হায়যের সময় স্বামীর মাথা ধুয়ে দেয়া ও চুল আঁচড়ে দেয়া।

٢٩٥. صَرْشَا عَبْدُ اللهِ بَنُ يُوسُفَ قَالَ حَدَّثَنَا مَالِكٌ عَنْ هِشَامٍ بْنِ عُرْوَةَ عَنْ أَبِيهِ عَنْ عَائِشَةَ قَالَتْ كُنْتُ أُرَجَّلُ رَأْسَ رَسُولِ اللهِ ﷺ وَأَنَا حَائِضٌ.

২৯৫. 'আয়িশাহ হ্রিক্স হতে বর্ণিত। তিনি বলেন: আমি হায়য অবস্থায় আল্লাহর রসূল ক্রিক্স-এর মাথা আঁচড়ে দিতাম। (২৯৬, ৩০১, ২০২৮, ২০৩০, ২০৩১, ২০৪৬, ৫৯২৫ দ্রম্ভব্য) (আ.প্র. ২৮৬, ই.ফা. ২৯১)

٢٩٦. صَرَمُنَا إِبْرَاهِيمُ بْنُ مُوسَى قَالَ أَخْبَرَنَا هِشَامُ بْنُ يُوسُفَ أَنَّ ابْنَ جُرَيْجِ أَخْبَرَهُمْ قَــالَ أَخْبَرَنِـــي هِشَامُ بْنُ عُرْوَةً عَنْ عُرُوَةً أَنَّهُ سُئِلَ أَتَحْدُمُنِي الْحَائِضُ أَوْ تَدْنُو مِنِي الْمَرْأَةُ وَهِيَ جُنُبُ فَقَالَ عُرُوَةً كُلُّ ذَلكَ عَلَى أَحَد فِي ذَلكَ بَأْسُ أَخْبَرَثَنِي عَائشَةُ أَنَّهَا كَانَتُ تُرَجِّلُ تَعْنِي رَأَسَ عَلَى أَحَد فِي ذَلكَ بَأْسُ أَخْبَرَثَنِي عَائشَةُ أَنَّهَا كَانَتُ تُرَجِّلُ تَعْنِي رَأَسَ مَلَى أَحَد فِي ذَلكَ بَأْسُ أَخْبَرَثَنِي عَائشَةُ أَنَّهَا كَانَتُ تُرَجِّلُ تَعْنِي رَأَسَ رَسُولَ اللهِ عَلَى أَحَد فِي ذَلكَ بَأْسُ أَخْبَرَثِنِي عَائشَةُ لَهُا رَأَسَهُ وَهِيَ فِي حُجْرَتِهَا رَسُولُ اللهِ عَلَى أَحْدُورٌ فِي الْمَشَجِدِ يُدْنِي لَهَا رَأَسَهُ وَهِيَ فِي حُجْرَتِهَا فَتُرَجِّلُهُ وَهِيَ حَائضٌ.

২৯৬. 'উরওয়াহ (রহ.) হতে বর্ণিত। তাঁকে ('উরওয়াহ্কে) প্রশ্ন করা হয়েছিল যে, ঋতুর্বতী স্ত্রী কি স্বামীর খিদমত করতে পারে? অথবা গোসল ফার্য হওয়ার অবস্থায় কি স্ত্রী স্বামীর নিকটবর্তী হতে পারে? 'উরওয়াহ (রহ.) জওয়াব দিলেন, এ সবই আমার নিকট সহজ। এ ধরনের সকল মহিলাই স্বামীর খিদমত করতে পারে। এ ব্যাপারে কারো অসুবিধা থাকার কথা নয়। আমাকে 'আয়িশাহ ক্রিল্রী বলেছেন যে, তিনি হায়য়ের অবস্থায় আল্লাহর রসূল ক্রি-এর চুল আঁচড়ে দিতেন। আর আল্লাহর রসূল ক্রিম্বা মাসজিদ হতে তাঁর ('আয়িশার) হুজরার দিকে তাঁর নিকট মাথাটা বাড়িয়ে দিতেন। তখন তিনি মাথার চুল আঁচড়াতেন অথচ তিনি ছিলেন ঋতুবতী। (২৯৫) (আ.প্র. ২৮৭ শেষাংশ, ই.ফা. ২৯২)

## ٣/٦. بَابِ قِرَاءَةِ الرَّجُلِ فِي حَجْرِ اهْرَأَتِهِ وَهِيَ حَائِضٌ

৬/৩. অধ্যায় : স্ত্রীর হায়য অবস্থায় তার কোলে মাপা রেখে কুরআন তিলাওয়াত করা।

وَكَانَ أَبُو وَائِلِ يُرْسِلُ خَادِمَهُ وَهِيَ حَائضٌ إِلَى أَبِي رَزِينِ فَتَأْتِيهِ بِالْمُصْحَفِ فَتُمْسِكُهُ بِعِلاَقَتِهِ. আবৃ ওয়াইল (রহ.) তাঁর ঋতুবতী দাসীকে আবৃ রাযীন (রহ.)-এর নিকট পাঠাতেন, আর দাসী জুযদানে পেঁচিয়ে কুরআন মাজীদ নিয়ে আসত। ٢٩٧. صرَّنَا أَبُو نُعَيْمِ الْفَصْلُ بْنُ دُكَيْنٍ سَمِعَ زُهَيْرًا عَنْ مَنْصُورِ بْنِ صَفِيَّةَ أَنَّ أُمَّهُ حَدَّنَتُهُ أَنَّ عَائِشَــةَ حَدَّنَتُهَا أَنَّ النَّبِيَّ ﷺ كَانَ يَتَّكِئُ في حَجْرِي وَأَنَا حَائضٌ ثُمَّ يَقْرَأُ الْقُرْآنَ.

২৯৭. 'আয়িশাহ জ্রিক্স হতে বর্ণিত। তিনি বলেন : নাবী ক্রিক্স আর্মার কোলে হেলান দিয়ে কুরআন তিলাওয়াত করতেন। আর তখন আমি হায়যের অবস্থায় ছিলাম। (৭৫৪৯; মুসলিম ৩/৩, হাঃ ৩০১) (আ.প্র. ২৮৮, ই.ফা. ২৯৩)

### ٤/٦. بَابِ مَنْ سَمَّى النَّفَاسَ حَيْضًا وَالْحَيْضَ نَفَاسًا.

#### ৬/৪. অধ্যায় : यात्रा निकां अत्र वाय्य এবং वाय्य कि निकां अत्र राज्य ।

٢٩٨. **طَرَثُنَا** الْمَكِّيُ بْنُ إِبْرَاهِيمَ قَالَ حَدَّثَنَا هِشَامٌ عَنْ يَحْيَى بْنِ أَبِي كَثِيرِ عَنْ أَبِي سَلَمَةَ أَنَّ زَيْنَبَ بنْتَ أُمِّ سَلَمَةَ حَدَّثَتُهُ أَنَّ أُمَّ سَلَمَةَ حَدَّثَتُهَا قَالَتْ بَيْنَا أَنَا مَعَ النَّبِيِّ اللَّهُ مُضْطَجَعَةً فِي خَمِيصَـة إِذْ حِضـتُ فَانْسَلَلْتُ فَأَخَذْتُ ثِيَابَ حِيضتِي قَالَ أَنْفِشتِ قُلْتُ نَعَمْ فَدَعَانِي فَاضْطَجَعْتُ مَعَهُ فِي الْحَمِيلَةِ.

২৯৮. উন্মু সালামাহ ক্রিক্স হতে বর্ণিত। তিনি বলেন: আমি নাবী ক্রি-এর সঙ্গে একই চাদরের নীচে শুয়ে ছিলাম। হঠাৎ আমার হায়য দেখা দিলে আমি চুপি চুপি বেরিয়ে গিয়ে হায়যের কাপড় পরে নিলাম। তিনি বললেন: তোমার কি নিফাস দেখা দিয়েছে? আমি বললাম, হাঁ। তখন তিনি আমাকে ডাকলেন। আমি তাঁর সঙ্গে চাদরের ভেতর শুয়ে পড়লাম। (৩২২, ৩২৩, ১৯২৯; মুসন্দিম ৩/২, হাঃ ২৯৬, আহমাদ ২৬৫৮৭) (আ.শ্র. ২৮৯, ই.ফা. ২৯৪)

## ٥/٦. بَابِ مُبَاشَرَةِ الْحَائِضِ.

#### ৬/৫. অধ্যায় : হায়য অবস্থায় স্ত্রীর সাথে সংস্পর্শ করা।

٢٩٩. *مرثنا* قَبِيصَةُ قَالَ حَدَّثَنَا سُفْيَانُ عَنْ مَنْصُورٍ عَنْ إِبْرَاهِيمَ عَنِ الْأَسْوَدِ عَنْ عَائِشَةَ قَالَـــتْ كُنَـــتُ أَغْتَسلُ أَنَا وَالنَّبيُّ ﷺ مَنْ إِنَاء وَاحد كَلَانَا جُنُبٌ.

২৯৯. 'আয়িশাহ ক্রিক্স হতে বর্ণিত। তিনি বলেন: আমি ও নার্বী ॐ জানাবাত অবস্থায় একই পাত্র হতে পানি নিয়ে গোসল করতাম। (২৫০) (আ.প্র. ২৯০, ই.ফা. ২৯৫)

٣٠٠. وَكَانَ يَأْمُرُنِي فَأَتَّزِرُ فَيُبَاشِرُنِي وَأَنَا حَائضٌ.

৩০০. এবং তিনি আমাকে নির্দেশ দিলে আমি ইয়ার পরে নির্তাম, আর আমার হায়য অবস্থায় তিনি আমার সাথে মিশামিশি করতেন। (৩০২, ২০৩০ দ্রষ্টব্য) (আ.প্র. ২৯০, ই.ফা. ২৯৫)

٣٠١. وَكَانَ يُخْرِجُ رَأْسَهُ إِلَيَّ وَهُوَ مُعْتَكِفُ فَأَغْسِلُهُ وَأَنَا حَائِضٌ.

৩০১. তাছাড়া তিনি ই'তিকাফ অবস্থায় মার্থা বের করে দিতেন, আর আর্মি হায়য অবস্থায় মাথা ধুয়ে দিতাম। (২৯৫) (আ.প্র. ২৯০, ই.ফা. ২৯৫)

ফর্মা- ১/১৩

٣٠٢. صَرَمُنَا إِسْمَاعِيلُ بْنُ خَلِيلٍ قَالَ أَخْبَرَنَا عَلِيُّ بْنُ مُسْهِرٍ قَالَ أَخْبَرَنَا أَبُو إِسْحَاقَ هُوَ الشَّيْبَانِيُّ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ الْأَسْوَدِ عَنْ أَبِيهِ عَنْ عَائِشَةَ قَالَتْ كَانَتْ إِحْدَانَا إِذَا كَانَتْ حَائِضًا فَأَرَادَ رَسُولُ اللهِ عَنْ عَائِشَةً قَالَتْ كَانَتْ إِحْدَانَا إِذَا كَانَتْ حَائِضًا فَأَرَادَ رَسُولُ اللهِ عَنْ عَائِشَةً قَالَتْ وَأَيْكُمْ يَمْلِكُ إِرْبَهُ كَمَا كَانَ النَّبِيُّ عَنْ يَمْلِكُ يُبَاشِرُهَا قَالَتْ وَأَيْكُمْ يَمْلِكُ إِرْبَهُ كَمَا كَانَ النَّبِيُّ عَنْ يَمْلِكُ إِرْبَهُ كَمَا كَانَ النَّبِيُّ عَنْ يَمْلِكُ إِرْبَهُ خَالِدٌ وَجَرِيرٌ عَنِ الشَّيْبَانِيّ.

৩০২. 'আয়িশাহ ক্রিল্লা হতে বর্ণিত। তিনি বলেন: আমাদের কেউ হায়য অবস্থায় থাকলে আল্লাহর রস্ল তার সাথে মিশামিশি করতে চাইলে তাকে প্রবল হায়েযে ইযার পরার নির্দেশ দিতেন। তারপর তার সাথে মিশামিশি করতেন। তিনি ['আয়িশাহ ক্রিল্লা)। বলেন: তোমাদের মধ্যে নাবী ক্রি-এর মত কাম-প্রবৃত্তি দমন করার শক্তি রাখে কে? খালিদ ও জারীর (রহ.) শায়বানী (রহ.) হতে এ হাদীসের অনুরূপ বর্ণনা করেছেন। (৩০০; মুসলিম ৩/১, হাঃ ২৯৩) (আ.প্র. ২৯১, ই.ফা. ২৯৬)

٣٠٣. **طرشا** أَبُو النَّعْمَانِ قَالَ حَدَّثَنَا عَبْدُ الْوَاحِدِ قَالَ حَدَّثَنَا الشَّيْبَانِيُّ قَالَ حَدَّثَنَا عَبْدُ اللهِ بَنُ شَدَّادِ قَالَ سَمِعْتُ مَيْمُونَةَ تَقُولُ كَانَ رَسُولُ اللهِ ﷺ إِذَا أَرَادَ أَنَّ يُبَاشِرَ الْمَرَأَةُ مِنْ نِسَائِهِ أَمَرَهَا فَاتَّزَرَتْ وَهِيَ حَـــاً ئِضٌ وَرَوَاهُ سُفْيَانُ عَنِ الشَّيْبَانِيِّ.

৩০৩. মাইমূনাহ ্রিল্রী হতে বর্ণিত। তিনি বলেন: রসূলুল্লাহ্ ট্রিক্র তাঁর কোন স্ত্রীর সাথে হায়য অবস্থায় মিশামিশি করতে চাইলে তাকে ইযার পরতে বলতেন। শায়বানী (রহ.) হতে সৃফ্ইয়ান (রহ.) এ বর্ণনা করেছেন। (মুসলিম ৩/১, হাঃ ২৯৪, আহমাদ ২৬৯১৮) (আ.প্র. ২৯২, ই.ফা. ২৯৭)

## ٦/٦. بَابِ تَرْكِ الْحَائِضِ الصَّوْمَ.

#### ৬/৬. অধ্যায় : হায়য অবস্থায় সওম ছেড়ে দেয়া।

٣٠٤. حارثنا سعيدُ بنُ أبي مَرْيَمَ قَالَ أَخْبَرُنَا مُحَمَّدُ بنُ جَعْفَرِ قَالَ أَخْبَرَنِي زَيْدٌ هُوَ ابْنُ أَسَلَمَ عَنَ عَيَاضِ بَنِ عَبْدِ اللهِ عَنْ أبي سَعِيدِ الْخُدْرِيِّ قَالَ خَرَجَ رَسُولُ اللهِ عَلَى أَضَحَى أَوْ فِطْرِ إِلَى الْمُصَلَّى فَمَرً عَلَى النِسَاء فَقَالَ يَا مَعْشَرَ النِسَاء تَصَدَّقْنَ فَإِنِي أُرِيتُكُنَّ أَكْثَرَ أَهْلِ النَّارِ فَقُلْنَ وَبِمَ يَا رَسُولَ اللهِ قَالَ تُكثِرُنَ عَلَى النِسَاء فَقَالَ يَا مَعْشَرَ النِسَاء تَصَدَّقْنَ فَإِنِي أُرِيتُكُنَّ أَكْثَرَ أَهْلِ النَّارِ فَقُلْنَ وَبِمَ يَا رَسُولَ اللهِ قَالَ اللهِ قَالَ وَدِينِ أَذَهَبَ لِلْبِ الرَّجُلِ الْحَازِمِ مِنْ إِحْدَاكُنَّ قُلْنَ وَمَا اللهِ قَالَ اللهِ قَالَ اللهِ قَالَ فَذَلِكِ مِنْ نَقْصَانُ دَينِنَا وَعَقْلِنَا يَا رَسُولَ اللهِ قَالَ اللهُ قَالَ اللهِ قَالَ اللهِ قَالَ اللهِ قَالَ اللهُ اللهِ قَالَ اللهِ قَالَ اللهِ قَالَ اللهِ قَالَ اللهِ قَالَ اللهِ قَالَ اللهِ اللهِ قَالَ اللهِ قَالَ اللهِ اللهِ قَالَ اللهُ اللهِ قَالَ اللهُ اللهِ قَالَ اللهِ اللهُ اللهِ قَالَ اللهِ قَالَ اللهِ اللهِ اللهِ قَالَ اللهُ اللهِ اللهِ اللهِ اللهِ قَالَ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهِ اللهِ اللهُ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهُ اللهِ اللهِ اللهُ اللهِ اللهُ اللهُ اللهُ اللهُ اللهِ اللهُ اللهِ اللهُ اللّهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ

৩০৪. আবৃ সার্চিদ খুদরী 📻 হতে বর্ণিত। একবার ঈদুল আযহা অথবা ঈদুল ফিতরের সলাত আদায়ের জন্য আল্লাহর রসূল 😂 ঈদগাহের দিকে যাচ্ছিলেন। তিনি মহিলাদের পাশ দিয়ে যাওয়ার সময় বললেন : হে মহিলা সমাজ! তোমরা সদাক্বাহ করতে থাক। কারণ আমি দেখেছি জাহান্লামের

অধিবাসীদের মধ্যে তোমরাই অধিক। তাঁরা জিজ্ঞেস করলেন : কী কারণে, হে আল্লাহর রসূল? তিনি বললেন : তোমরা অধিক পরিমাণে অভিশাপ দিয়ে থাক আর স্বামীর অকৃতজ্ঞ হও। বুদ্ধি ও দীনের ব্যাপারে ক্রটি থাকা সত্ত্বেও একজন সদাসতর্ক ব্যক্তির বুদ্ধি হরণে তোমাদের চেয়ে পারদর্শী আমি আর কাউকে দেখিনি। তাঁরা বললেন : আমাদের দীন ও বুদ্ধির ক্রটি কোথায়, হে আল্লাহ্র রসূল? তিনি বললেন : একজন মহিলার সাক্ষ্য কি একজন পুরুষের সাক্ষ্যের অর্ধেক নয়? তাঁরা উত্তর দিলেন, 'হাঁ'। তখন তিনি বললেন : এ হচ্ছে তাদের বুদ্ধির ক্রটি। আর হায়য অবস্থায় তারা কি সলাত ও সিয়াম হতে বিরত থাকে না? তাঁরা বললেন, 'হাঁ।' তিনি বললেন : এ হচ্ছে তাদের দীনের ক্রটি। (১৪৬২, ১৯৫১, ২৬৫৮; মুসলিম ১/৩৪, হাঃ ৭৯, ৮০ আহমাদ ৫৪৪৩) (আ.প্র. ২৯৩, ই.ফা. ২৯৮)

٧/٦. بَابِ تَقْضِي الْحَائِضُ الْمَنَاسِكَ كُلُّهَا إِلاَّ الطُّوَافَ بِالْبَيْتِ.

৬/৭. অধ্যায় : ঋতুবতী নারী হাচ্ছের যাবতীয় বিধান পালন করবে তবে কাবা গৃহের ত্তুগুয়াফ ব্যতীত।

وَقَالَ إِبْرَاهِيمُ لاَ بَأْسَ أَنْ تَقْرَأُ الْآيَةَ وَلَمْ يَرَ ابْنُ عَبَّاسٍ بِالْقِرَاءَةِ لِلْحُنُبِ بَأْسًا وَكَانَ النَّبِيُ عَلَيْ يَذْكُرُ الله عَلَى كُلِّ وَقَالَ إِبْرَاهِيمُ لاَ بَأْسَ أَنْ يَفْرُ أَنْ يَخْرُجَ الْحُيَّضُ فَيُكَبِّرِهِ بَنْكَبِرِهِمْ وَيَدْعُونَ وَقَالَ ابْنُ عَبَّاسٍ أَخْبَرَنِسِي أَبُو سُفْيَانَ أَنَّ هِرَقُلَ دَعَا بِكِتَابِ النَّبِيِ عَلَيْ فَقَرَأَ فَإِذَا فِيهِ بِشَمِ اللهِ الرَّحْمَنِ الرَّحِيمِ ﴿ وَيَا أَهْلَ الْكِتَابِ تَعَالَوْا إِلَى سُفْيَانَ أَنَّ هِرَقُلَ دَعَا بِكِتَابِ النَّبِي عَلَيْهِ فَقَرَأَ فَإِذَا فِيهِ بِشَمِ اللهِ الرَّحْمَنِ الرَّحِيمِ ﴿ وَيَا أَهْلَ الْكِتَابِ تَعَالَوْا إِلَى سُفْيَانَ أَنَّ هِرَقُلَ دَعَا بِكِتَابِ النَّبِي عَلَيْهِ فَقَرَأَ فَإِذَا فِيهِ بِشَمِ اللهِ الرَّحْمَنِ الرَّحِيمِ ﴿ وَيَا أَهْلَ الْكِتَابِ تَعَالَوْا إِلَى كُلُوا مِنَا اللهِ عَلَيْهِ اللهُ عَلَيْهِ اللهُ عَلَى اللهُ عَلَيْهِ اللهِ عَلَيْهِ اللهِ عَلَيْهِ اللهِ عَلَيْهِ اللهِ عَلَيْهِ اللهُ عَلَيْهِ اللهُ عَلَيْهِ اللهُ عَلَيْهِ اللهِ عَلَيْهِ اللهِ عَلَيْهِ اللهِ عَلَيْهِ اللهِ عَلَيْهِ اللهِ عَلَيْهِ اللهِ عَلَيْهِ الْعُولُ وَاللَّهُ عَلَيْهِ اللّهِ عَلَيْهِ اللهِ عَلَيْهِ اللهِ عَلَيْهِ اللهِ عَلَيْهِ الللهِ عَلَيْهِ الللهِ عَلَيْهِ اللهِ عَلَيْهِ الللهِ عَلَيْهِ اللهِ عَلَيْهِ اللهِ عَلَيْهِ اللهُ عَلَيْهِ اللهِ اللهِ عَلَيْهِ اللْهُ عَلَيْهِ الللهِ عَلَيْهِ الللهِ عَلَيْهِ اللهِ اللهُ اللهِ اللهِ اللهُ اللهُ اللهِ اللهُ اللهُ اللهِ عَلَيْهِ اللهُ اللهُ اللهِ اللهُ اللهِ اللهُ اللهِ اللهُ اللهُ اللهِ اللهُ اللهُ اللهِ اللهُ اللهُ اللهُ اللهُ اللهِ اللهُ اللهِ اللهِ اللهِ اللهِ اللهُ اللهِ اللهُ ا

ইব্রাহীম (রহ.) বলেছেন : (হায়য অবস্থায়) আয়াত পাঠে কোন দোষ নেই। ইব্নু 'আব্বাস জুনুবীর জন্য কুরআন পাঠে কোন দোষ মনে করতেন না। নাবী স্কু সর্বাবস্থায় আল্লাহ্র যিক্র করতেন। উন্মু 'আতিয়্যাহ ক্রিল্লা বলেন : (ঈদেন দিন) হায়য অবস্থায় মহিলাদের বাইরে নিয়ে আসার জন্য আমাদের বলা হতো, যাতে তারা পুরুষদের সাথে তাকবীর বলে ও দু'আ করে। ইব্নু 'আব্বাস আ আরু সুফ্ইয়ান তারে বর্ণনা করেন যে, হিরাক্লিয়াস (রোম সম্রাট) নাবী ক্রি-এর পত্র চেয়ে নিলেন এবং তা পাঠ করলেন। তাতে লেখা ছিল : "দয়ায়য় পরম দয়ালু আল্লাহ্র নামে। (আপনি বলুন!) হে কিতাবীগণ! এস সে কথায় যা আমাদের ও তোমাদের মধ্যে একই-যেন আমরা আল্লাহ্ ব্যতীত কারো ইবাদত না করি। কোন কিছুকেই তার শারীক না করি এবং আমাদের কেউ কাওকে আল্লাহ্ ব্যতীত রবরূপে গ্রহণ না করি। যদি তারা মুখ ফিরিয়ে নেয় তবে বলুন, তোমরা সাক্ষী থাক আমরা মুসলিম–(স্রাহ্ আলু-ইমরান ৩/৬৪)। 'আত্মা (রহ.) জাবির ক্রি হতে বর্ণনা করেন যে, 'আয়িশাহ ক্রিল্লা হায়য অবস্থায় কাবা ত্ওয়াফ ছাড়া হাজ্জের অন্যান্য আহকাম পালন করেছেন কিন্তু সলাত আদায় করেননি। হাকাম (রহ.) বলেছেন : আমি জুনুবী অবস্থায়ও যবহ করে থাকি। অথচ আল্লাহ্র বাণী হলো : "তোমরা আহার করো না সে সব প্রাণী, যার উপর আল্লাহ্র নাম নেয়া হয়নি।" (সুরাহ্ আন'আম ৬/১১)

٣٠٥. عَرْشَا أَبُو نُعَيْمٍ قَالَ حَدَّثَنَا عَبْدُ الْعَزِيزِ بْنُ أَبِي سَلَمَةَ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ الْقَاسِمِ عَنِ الْقَاسِمِ بْنِ مُحَمَّدِ عَنْ عَائِشَةَ قَالَتَ خَرَجْنَا مَعَ النَّبِيِ عَلَيْلًا نَذْكُرُ إِلاَّ الْحَجَّ فَلَمَّا جَنَنَا سَرِفَ طَمِثْتُ فَدَحَلَ عَلَيَّ النَّبِيُ مُحَمَّدِ عَنْ عَائِشَةَ قَالَتَ خَرَجْنَا مَعَ النَّبِيِ عَلَيْلًا نَذْكُرُ إِلاَّ الْحَجَّ الْعَامَ قَالَ لَعَلَى اللَّهِ عَلَى اللَّهِ عَلَى اللَّهِ أَنِّي لَمْ أَحُجَّ الْعَامَ قَالَ لَعَلَى اللَّهُ عَلَى اللَّهُ عَلَى اللَّهُ عَلَى بَنَاتِ آدَمَ فَافْعَلِي مَا يَفْعَلُ الْحَاجُ عَيْرَ أَنْ لاَ تَطُوفِي بِالْبَيْتِ حَتَّى تَطْهُرِي. فَلْكِ شَيْءً كَتَبَهُ اللهُ عَلَى بَنَاتِ آدَمَ فَافْعَلِي مَا يَفْعَلُ الْحَاجُ عَيْرَ أَنْ لاَ تَطُوفِي بِالْبَيْتِ حَتَّى تَطْهُرِي.

৩০৫. 'আয়িশাহ ক্রিন্ত্রা হতে বর্ণিত। তিনি বলেন: আমরা আল্লাহর রসূল (সঃ)-এর সঙ্গে হজ্জের উদ্দেশ্যে বেরিয়েছিলাম। আমরা 'সারিফ' নামক স্থানে পৌছলে আমি ঋতুবতী হই। এ সময় নাবী ক্রিন্ত্রে এসে আমাকে কাঁদতে দেখলেন এবং জিজ্ঞেস করলেন: তুমি কাঁদছ কেন? আমি বললাম: আল্লাহর শপথ! এ বছর হাজ্জ না করাই আমার জন্য পছন্দনীয়। তিনি বললেন: সম্ভবত তুমি ঋতুবতী হয়েছ। আমি বললাম, 'হাঁ'। তিনি বললেন: এটাতো আদম-কন্যাদের জন্যে আল্লাহ নির্ধারিত করেছেন। তুমি পবিত্র হওয়া পর্যন্ত অন্যান্য হাজীদের মত সমস্ত কাজ করে যাও, কেবল কা'বার তাওয়াফ করবে না। (২৯৪) (আ.শ্র. ২৯৪, ই.ফা. ২৯৯)

#### . ٨/٦. بَابِ الاَسْتِحَاضَة. ৬/৮. অধ্যার্ম : ইসতিহাযাহ

٣٠٦. **صرَّنَا** عَبْدُ اللهِ بْنُ يُوسُفَ قَالَ أَخْبَرَنَا مَالكُ عَنْ هِشَامِ بْنِ عُرُوَةً عَنْ أَبِيهِ عَنْ عَائِشَةَ أَنَّهَـــا قَالَـــتُ قَالَتْ فَاطِمَةُ بِنْتُ أَبِي حُبَيْشِ لِرَسُولِ اللهِ ﷺ يَا رَسُولَ اللهِ إِنِّيَ لاَ أَطْهُرُ أَفَأَدَعُ الصَّلاَةَ فَقَالَ رَسُولُ اللهِ ﷺ إِنَّمَا ذَلِكِ عِرْقٌ وَلَيْسَ بِالْحَيْضَةِ فَإِذَا أَقْبَلَتَ الْحَيْضَةُ فَاثْرُكِي الصَّلاَةَ فَإِذَا ذَهَبَ قَدْرُهَا فَاغْسِلِي عَنْكِ الدَّمَ وَصَلِّي.

৩০৬. 'আয়িশাহ হতে বর্ণিত। তিনি বলেন : ফাতিমাহ বিনতু আবু হুবায়শ ছাল্ল আল্লাহর রসূল কে জিজ্ঞেস করলেন : হে আল্লাহর রসূল! আমি কখনও পবিত্র হই না। এমতাবস্থায় আমি কি সলাত ছেড়ে দেব? আল্লাহর রসূল কলেন : এ হলো এক ধরনের বিশেষ রক্ত, হায়যের রক্ত নয়। যখন তোমার হায়য শুরু হয় তখন তুমি সলাত ছেড়ে দাও। আর হায়য শেষ হলে রক্ত ধুয়ে সলাত আদায় কর। (২২৮) (আ.প্র. ২৯৫, ই.ফা. ৩০০)

## . ٩/٦ بَابِ غَسْلِ دَمِ الْمَحِيضِ. ٩/٦ ৬/৯. অধ্যায় : হায়যের রক্ত ধুয়ে ফেলা।

٣٠٧. **عَرَثُنَا** عَبْدُ اللهِ بْنُ يُوسُفَ قَالَ أَخْبَرَنَا مَالكُ عَنْ هِشَامٍ بْنِ عُرُوَةً عَنْ فَاطِمَةَ بِنْتِ الْمُنْذِرِ عَــنْ أَسْمَاءً بِنْتِ أَبِي بَكْرِ الصَّدِّيقِ أَنَّهَا قَالَتْ سَأَلَتْ امْرَأَةً رَسُولَ اللهِ عَلَىٰ فَقَالَتْ يَا رَسُولَ اللهِ أَرَأَيْتَ إِخَدَانَا إِذَا أَصَابَ ثَوْبَ إِحْدَاكُنَّ الدَّمُ مِنَ الْحَيْضَةِ أَصَابَ ثُوبَ إِحْدَاكُنَّ الدَّمُ مِنَ الْحَيْضَةِ فَلَالَ رَسُولُ اللهِ عَلَىٰ إِذَا أَصَابَ ثَوْبَ إِحْدَاكُنَّ الدَّمُ مِنَ الْحَيْضَةِ فَلَالَ رَسُولُ اللهِ عَلَىٰ إِذَا أَصَابَ ثَوْبَ إِحْدَاكُنَّ الدَّمُ مِنَ الْحَيْضَةِ فَلَالَ رَسُولُ اللهِ عَلَىٰ إِذَا أَصَابَ ثَوْبَ إِحْدَاكُنَّ الدَّمُ مِنَ الْحَيْضَةِ فَلَالَ رَسُولُ اللهِ عَلَىٰ إِذَا أَصَابَ ثَوْبَ إِحْدَاكُنَّ الدَّمُ مِنَ الْحَيْضَةِ فَلَالَ رَسُولُ اللهِ عَلَىٰ إِذَا أَصَابَ ثَوْبَ إِحْدَاكُنَّ الدَّمُ مِنَ الْحَيْضَةِ فَقَالَ رَسُولُ اللهِ عَلَىٰ إِذَا أَصَابَ ثَوْبَ إِحْدَاكُنَّ الدَّمُ مِنَ الْحَيْضَةِ فَقَالَ رَسُولُ اللهِ عَلَىٰ إِذَا أَصَابَ ثَوْبَ إِحْدَاكُنَّ الدَّمُ مِنَ الْحَيْفَةِ فَالَ مَالَالَ وَسُولُ اللهِ عَلَىٰ إِذَا أَصَابَ ثَوْبَ إِخْدَاكُنَّ الدَّمُ مِنَ الْحَيْفَةِ اللهُ عَلَىٰ اللهُ عَلَىٰ اللهُ عَلَىٰ اللهُ عَلَىٰ اللهُ عَلَىٰ اللهُ عَلَىٰ اللهُ اللّهُ اللّهُ اللّهُ اللهُ اللهُ اللّهُ اللهُ اللهُ اللهُ اللّهُ اللّهُ اللهُ اللّهُ اللّهُ اللهُ اللهُ اللّهُ اللّهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُولُولُ اللهُ اللّهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ الل

৩০৭. আসমা বিন্ত আবৃ বাক্র সিদ্দীক জ্বিল্লী হতে বর্ণিত। তিনি বলেন: এক মহিলা আল্লাহর রসূল ক্রিলেন: এক মহিলা আল্লাহর রসূল জিজ্ঞেস করলো: হে আল্লাহর রসূল! আমাদের কারো কাপড়ে হায়যের রক্ত লাগলে কৌ করবে? আল্লাহর রসূল ক্রিক্র বললেন: তোমাদের কারো কাপড়ে হায়যের রক্ত লাগলে সে তা রগড়িয়ে,তারপর পানিতে ধুয়ে নেবে এবং সে কাপড়ে সলাত আদায় করবে। (২২৭) (আ.প্র. ২৯৬, ই.ফা. ৩০১)

٣٠٨. **صَرَّنَا** أَصْبَغُ قَالَ أَخْبَرَنِي ابْنُ وَهْبِ قَالَ أَخْبَرَنِي عَمْرُو بْنُ الْحَارِثِ عَنْ عَبْدِ السَّرَّحْمَنِ بَسنِ الْقَاسِمِ حَدَّنَهُ عَنْ أَبِيهِ عَنْ عَائِشَةَ قَالَتْ كَانَتْ إِحْدَانَا تَحِيضُ ثُمَّ تَقْتَرِصُ الدَّمَ مِنْ ثَوْبِهَا عِنْدَ طُهْرِهَا فَتَغْسِلُهُ وَتَنْضَحُ عَلَى سَائره ثُمَّ تُصلّي فيه.

৩০৮. 'আয়িশাহ ্লিক্স্ত্র হতে বর্ণিত। তিনি বলেন: আমাদের কারো হায়য হলে, পবিত্র হওয়ার পর রক্ত রগড়িয়ে কাপড় পানি দিয়ে ধুয়ে সেই কাপড়ে তিনি সলাত আদায় করতেন। (আ.প্র. ২৯৭, ই.ফা. ৩০২)

### ١٠/٦. بَابِ اعْتَكَافِ الْمُسْتَحَاضَة.

#### ৬/১০. অধ্যায় : 'মুস্তাহাযা'র ই'তিকাফ।

٣٠٩. حَدَّثَنَا إِسْحَاقُ قَالَ حَدَّثَنَا خَالدُ بْنُ عَبْدِ اللهِ عَنْ خَالدِ عَنْ عِكْرِمَةَ عَنْ عَائِشَــةَ أَنَّ النَّبِــيَّ ﷺ الْقَاكَافُ مَعْهُ بَعْضُ نِسَائِهِ وَهِيَ مُسْتَحَاضَةٌ تَرَى الدَّمَ فَرُبَّمَا وَضَعَتْ الطَّسْتَ تَحْتَهَا مِنْ الـــدَّمِ وَزَعَـــمَ أَنُ عَائِشَةَ رَأَتْ مَاءَ الْعُصْفُرِ فَقَالَتْ كَأَنَّ هَذَا شَيْءُ كَانَتْ فُلاَنَةُ تَجدُهُ.

৩০৯. 'আয়িশাহ ক্রিক্স হতে বর্ণিত। তিনি বলেন: নাবী ্রিক্স-এর সঙ্গে তাঁর কোন এক স্ত্রী ইস্তি হাযার অবস্থায় ই'তিকাফ করেন। তিনি রক্ত দেখতেন এবং স্রাবের কারণে প্রায়ই তাঁর নীচে একটি পাত্র রাখতেন। রাবী বলেন: 'আয়িশাহ ক্রিক্স হলুদ রঙের পানি দেখে বলেছেন, এ যেন আল্লাহর রসূল ক্রিক্স-এর অমুক স্ত্রীর ইস্তিহাযার রক্ত। (৩১০, ৩১১, ২০৩৭ দ্রুইব্য) (আ.প্র. ২৯৮, ই.ফা. ৩০৩)

٣١٠. صرثنا قُتَيْبَةُ قَالَ حَدَّثَنَا يَزِيدُ بْنُ زُرَيْعِ عَنْ خَالِد عَنْ عِكْرِمَةَ عَنْ عَائِشَةَ قَالَتَ اعْتَكَفَــتْ مَــعَ رَسُولِ اللهِ ﷺ امْرَأَةً مِنْ أَزْوَاجِهِ فَكَانَتْ تَرَى الدَّمَ وَالصُّفْرَةُ وَالطَّسْتُ تَحْتَهَا وَهِيَ تُصَلِّي.

৩১০. 'আয়িশাহ হ্রিন্ত্র হতে বর্ণিত। তিনি বলেন: আল্লাহর রসূল ক্রি-এর সঙ্গে তাঁর কোন একজন স্ত্রী ই'তিকাফ করেছিলেন। তিনি রক্ত ও হলদে পানি বের হতে দেখতেন আর তাঁর নীচে একটা পাত্র বসিয়ে রাখতেন এবং সে অবস্থায় সলাত আদায় করতেন। (৩০৯) (আ.প্র. ২৯৯, ই.ফা. ৩০৪)

٣١١. **طَرْنَنَا** مُسَدَّدٌ قَالَ حَدَّثَنَا مُعْتَمِرٌ عَنْ خَالِدٍ عَنْ عِكْرِمَةَ عَنْ عَائِشَةَ أَنَّ بَعْضَ أُمَّهَاتِ الْمُسؤمِنِينَ اغْتَكَفَتْ وَهِيَ مُسْتَحَاضَةً. ৩১১. 'আয়িশাহ জ্রুক্র হতে বর্ণিত। উদ্মু'ল-মু'মিনীনের একজন ইস্তিহাযা অবস্থায় ই'তিকাফ করেছিলেন। (৩০৯) (আ.প্র. ৩০০, ই.ফা. ৩০৫)

## اً ١ ١ ١ . بَابِ هَلْ تُصَلِّي الْمَرْأَةُ فِي ثَوْبٍ حَاضَتْ فِيهِ. الْمَرْأَةُ فِي ثَوْبٍ حَاضَتْ فِيهِ. الله هَلْ يُصلِّي الْمَرْأَةُ فِي ثَوْبٍ حَاضَتْ فِيهِ. الله عَلَى الله عَلَى

٣١٢. **صَرَّنَا** أَبُو نُعَيْمٍ قَالَ حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ نَافِعٍ عَنْ ابْنِ أَبِي نَجِيحٍ عَنْ مُحَاهِد قَالَ قَالَتْ عَائِشَةُ مَا كَانَ لِإِحْدَانَا إِلاَّ تَوْبُ وَاحِدٌ تَحِيضُ فِيهِ فَإِذَا أَصَابَهُ شَيْءٌ مِنْ دَم قَالَتْ برِيقِهَا فَقَصَعَتْهُ بِظُفْرِهَا

৩১২. 'আয়িশাহ হ্রিল্র হতে বর্ণিত। তিনি বলেন: আমাদের কারো একটির অধিক কাপড় ছিল না। তিনি হায়য অবস্থায়ও এই কাপড়খানিই ব্যবহার করতেন, তাতে রক্ত লাগলে থুথু দিয়ে ভিজিয়ে নখ দ্বারা খুঁটিয়ে নিতেন। (আ.প্র. ৩০১, ই.কা. ৩০৬)

## المَحِيضِ. ١٢/٦. بَابِ الطِّيبِ لِلْمَرْأَةِ عِنْدَ غُسْلِهَا مِنَ الْمَحِيضِ. ١٢/٦. بَابِ الطِّيبِ لِلْمَرْأَةِ عِنْدَ غُسْلِهَا مِنَ الْمَحِيضِ. ৬/১২. অধ্যায় : হায়য হতে পবিত্ৰতার গোসলে সুগন্ধি ব্যবহার।

٣١٣. صَرَّمُ عَبُدُ اللهِ بَنُ عَبْدِ الْوَهَّابِ قَالَ حَدَّنَا حَمَّادُ بَنُ زَيْدِ عَنْ أَيُّوبَ عَنْ حَفْصَةً قَالَ أَبُو عَبْدِ اللهِ أَوْ هِشَامِ بَنِ حَسَّانَ عَنْ حَفْصَةً عَنْ أَمِّ عَطِيَّةً عَنِ النَّبِي فَلَمْ قَالَتُ كُنَّا نُنْهَى أَنْ نُحِدًّ عَلَى مَيِّت فَــوْقَ ثَلاَثُ إِلاَّ عَلَى زَوْجٍ أَرْبَعَةً أَشْهُرٍ وَعَشَرًا وَلاَ نَكْتَحِلَ وَلاَ نَتَطَيَّبَ وَلاَ نَلْبَسَ ثَوْبًا مَصْبُوغًا إِلاَّ ثَوْبَ عَصْبِ لَلاَ عَلَى زَوْجٍ أَرْبَعَةً أَشْهُرٍ وَعَشَرًا وَلاَ نَكْتَحِلَ وَلاَ نَتَطَيَّبَ وَلاَ نَلْبَسَ ثَوْبًا مَصْبُوغًا إِلاَّ ثَوْبَ عَصْب وَقَدْ رُحِصَ لَنَا عِنْدَ الطَّهْرِ إِذَا اغْتَسَلَت إِحْدَانَا مِنْ مَحِيضِهَا فِي نُبْذَةً مِنْ كُسْتِ أَظْفَارٍ وَكُنَّا نُنْهَلَى عَــنُ النَّهِيَ عَلَى النَّهِي قَالَ أَبُو عَبْدَ اللهِ رَوَاهُ هِشَامُ بْنُ حَسَّانَ عَنْ حَفْصَةً عَنْ أُمِّ عَطِيَّةً عَنِ النَّبِي عَلَى النَّهِ عَبْدَ اللهِ رَوَاهُ هِشَامُ بْنُ حَسَّانَ عَنْ حَفْصَةً عَنْ أُمِّ عَطِيَّةً عَنِ النَّبِي عَنْ اللهِ رَوَاهُ هِشَامُ بْنُ حَسَّانَ عَنْ حَفْصَةً عَنْ أُمِّ عَطِيَّةً عَنِ النَّبِي عَلَى اللهِ مَوْلُهُ اللهِ مَوْلُولُ اللهِ عَنْ اللهِ مَوْلُولُهُ اللهِ عَبْدُ اللهِ مَوْلُهُ اللهِ عَبْدُ اللهِ مَوْلَهُ هُ مِنْ أَنْهُ حَسَّانَ عَنْ حَفْصَةً عَنْ أُمَّ عَطِيَّةً عَنِ النَّهِي قَلْدُ الْعَلْمُ لِنَا عَنْ النَّهُ مِنْ اللهِ مَا عُنْ اللهُ عَنْ اللهُ عَنْ اللّهُ مَا اللّهُ عَنْ اللّهُ اللّهُ اللهُ اللهِلَ اللهُ الله

৩১৩. উম্মু 'আতিয়্যাহ ক্রিল্লী হতে বর্ণিত। তিনি বলেন: কোন মৃত ব্যক্তির জন্যে আমাদের তিন দিনের অধিক শোক পালন করা হতে নিষেধ করা হতো। কিন্তু স্বামীর ক্ষেত্রে চার মাস দশদিন (শোক পালনের অনুমতি ছিল)। আমরা তখন সুরমা লাগাতাম না, সুগিন্ধি ব্যবহার করতাম না, ইয়েমেনের তৈরি রঙিন কাপড় ছাড়া অন্য কোন রঙিন কাপড় পরিধান করতাম না। তবে হায়্ম হতে পবিত্রতার গোসলে আজফারের খোশ্বু মিশ্রিত বস্ত্রখণ্ড ব্যবহারের অনুমতি ছিল। আর আমাদের জানাযার পেছনে যাওয়া নিষিদ্ধ ছিল। এই বর্ণনা হিশাম ইব্নু হাস্সান (রহ.) হাফসাহ ক্রিল্লী হতে, তিনি উম্মে 'আতিয়্যাহ ক্রিল্লী হতে এবং তিনি নাবী ক্রিক্ত হতে বিবৃত করেছেন। (১২৭৮, ১২৭৯, ৫৩৪০, ৫৩৪১, ৫৩৪২, ৫৩৪৩; মুসলিম ১১/১১, হাঃ ৯৩৮) (আ.প্র. ৩০২, ই.ফা. ৩০৭)

١٣/٦. بَابِ دَلْكِ الْمَرْأَةِ نَفْسَهَا إِذَا تَطَهَّرَتْ مِنَ الْمَحيضِ وَكَيْفَ تَعْتَسِلُ وَتَأْخُذُ فِرْصَةً مُمَسَّكَةً فَتَتَّبِعُ أَثَرَ الدَّمِ. ৬/১৩. অধ্যায় : হায়যের পরে পবিত্রতা অর্জনের সময় দেহ ঘষা মাজা করা, গোসলের পদ্ধতি এবং মিশ্কযুক্ত বস্ত্রখণ্ড দিয়ে রক্তের চিহ্ন পরিষ্কার করা।

٣١٤. **عَرَثُنَا** يَحْيَى قَالَ حَدَّثَنَا ابْنُ عُيْيَنَةَ عَنْ مَنْصُورِ بْنِ صَفِيَّةَ عَنْ أُمِّهِ عَنْ عَائِشَةَ أَنَّ امْرَأَةً سَــأَلَتْ النَّبِيَّ عَلَيْهَ عَنْ غُسُلُهَا مِنَ الْمَحِيضِ فَأَمَرَهَا كَيْفَ تَعْتَسِلُ قَالَ خُذِي فِرْصَةً مِنْ مَسْكَ فَتَطَهَّرِي بِهَا قَالَــتُ كَيْفَ أَتَلُو اللهِ تَطَهَّرِي فَاجْتَبَذَتُهَا إِلَيَّ فَقُلُّتُ تَبَّعِي بِهَا أَثْرَ الدَّمِ. كَيْفَ أَتَطَهَّرِي فَاجْتَبَذَتُهَا إِلَيَّ فَقُلُتُ تَبَعِي بِهَا أَثْرَ الدَّمِ.

৩১৪. 'আয়িশাহ ক্রিল্লী হতে বর্ণিত। এক মহিলা আল্লাহর রস্ল ক্রি-কে হায়যের গোসল সম্পর্কে জিজেস করলেন। তিনি তাকে গোসলের নিয়ম বলে দিলেন যে, এক টুকরা কন্তুরী লাগানো নেকড়া নিয়ে পবিত্রতা হাসিল কর। মহিলা বললেন: কীভাবে পবিত্রতা হাসিল করবং আল্লাহর রস্ল ক্রি বললেন: তা দিয়ে পবিত্রতা হাসিল কর। মহিলা (তৃতীয়বার) বললেন: কীভাবেং আল্লাহর রস্ল ক্রি বললেন: সুবহানাল্লাহ! তা দিয়ে তুমি পবিত্রতা হাসিল কর। 'আয়িশাহ ক্রিল্লী বলেন: তখন আমি তাকে টেনে আমার নিকট নিয়ে আসলাম এবং বললাম: তা দিয়ে রক্তের চিহ্ন বিশেষভাবে মুছে ফেল। (৩১৫, ৭৩৫৭; মুসলিম ৩/১৩, হাঃ ৩৩২) (আ.প্র. ৩০৩, ই.ফা. ৩০৮)

### . بَابِ غَسْلِ الْمَحِيضِ. ١٤/٦ ৬/১৪. অধ্যায় : হায়যের গোসলের বিবরণ।

٣١٥. صَرَمُنَا مُسَلِمُ بَنُ إِبْرَاهِيمَ قَالَ حَدَّثَنَا وُهَيْبُ حَدَّثَنَا مَنْصُورٌ عَنْ أُمِّهِ عَنْ عَائِشَةَ أَنَّ امْسِرَأَةً مِسنَ الأَنْصَارِ قَالَتْ لِلنَّبِيِّ ﷺ كَيْفَ أَغْتَسِلُ مِنَ الْمَحِيضِ قَالَ خُذِي فِرْصَةً مُمَسَّكَةً فَتَوَضَّئِي ثَلاَثًا ثُمَّ إِنَّ النَّبِسِيَّ ﷺ اسْتَحْيَا فَأَعْرَضَ بِوَجْهِهِ أَوْ قَالَ تَوَضَّنِي بِهَا فَأَحَذَتُهَا فَجَذَبَتُهَا فَأَخْبَرْتُهَا بِمَا يُرِيدُ النَّبِيُّ ﷺ

৩১৫. 'আয়িশাহ ক্রিল্রা হতে বর্ণিত যে, একজন আনসারী মহিলা আল্লাহর রসূল ক্রিলা করেনে করেনে : আমি কীভাবে হায়যের গোসল করবো? আল্লাহর রসূল ক্রি বললেন : এক টুকরো কস্থরীযুক্ত নেকড়া লও এবং তিনবার ধুয়ে নাও। নাবী ক্রি অতঃপর লজ্জাবশত অন্যদিকে মুখ ঘুরিয়ে নিলেন এবং বললেন : তা দিয়ে তুমি পবিত্র হও। 'আয়িশাহ ক্রিল্রা বলেন : আমি তাকে নিজের দিকে টেনে নিলাম। তারপর তাকে নাবী ক্রি-এর কথার মর্ম বুঝিয়ে দিলাম। (৩১৪) (আ.প্র. ৩০৪, ই.ফা. ৩০৯)

. ١٥/٦. بَابِ امْتِشَاطِ الْمَرْأَةِ عِنْدَ غُسْلِهَا مِنَ الْمَحِيضِ. ١٥/٦. بَابِ امْتِشَاطِ الْمَرْأَةِ عِنْدَ غُسْلِهَا مِنَ الْمَحِيضِ. ৬/১৫. অধ্যায় : হায়যের গোসলের সময় চুল আঁচড়ানো।

 حَتَّى دَخَلَتْ لَيْلَةُ عَرَفَةَ فَقَالَتْ يَا رَسُولَ اللهِ هَذِهِ لَيْلَةُ عَرَفَةَ وَإِنَّمَا كُنْتُ تَمَتَّعْتُ بِعُمْرَةٍ فَقَالَ لَهَا رَسُولُ اللهِ اللهِ انْقُضِي رَأْسَكِ وَامْتَشِطِي وَأَمْسِكِي عَنْ عُمْرَتِكِ فَفَعَلْتُ فَلَمَّا قَضَيْتُ الْحَجَّ أَمَرَ عُبْدَ السِرَّحْمَنِ لَيُلَــةً الْحَصْبَةِ فَأَعْمَرَنِي مِنْ التَّنْعِيمِ مَكَانَ عُمْرَتِي الَّتِي نَسَكَّتُ.

৩১৬. 'আয়িশাহ জ্রা হতে বর্ণিত। তিনি বলেন : আমি আল্লাহর রসূল এর সঙ্গে বিদায় হাজ্জের ইহরাম বেঁধেছিলাম। আমিও তাদেরই একজন ছিলাম যারা তামাত্ন'র নিয়্যত করেছিল এবং সঙ্গে কুরবানীর পশু নেয়নি। তিনি বলেন : তাঁর হায়্যয় শুরু হয়় আর আরাফা-এর রাত পর্যন্ত তিনি পাক হননি। 'আয়িশাহ জ্রা বলেন : আমি বললাম, হে আল্লাহর রসূল! আজ তো আরাফার রাত, আর আমি হাজ্জের সঙ্গে উমরারও নিয়্যত করেছি। আল্লাহর রসূল তাঁকে বললেন : মাথার বেণী খুলে ফেল, চুল আঁচড়াও আর 'উমরাহ হতে বিরত থাক। আমি তা-ই করলাম। হাজ্জ সমাধা করার পর আল্লাহর রসূল 'আবদুর রহমান (রহ.)-কে 'হাস্বায়' অবস্থানের রাতে (আমাকে 'উমরাহ করানোর) নির্দেশ দিলেন। তিনি তান'ঈম হতে আমাকে 'উমরাহ করালেন, যেখান হতে আমি 'উমরাহর ইহ্রাম বেঁধেছিলাম। (২৯৪) (আ.শ্র. ৩০৫, ই.ফা. ৩১০)

### . ١٦/٦ . بَابِ نَقْضِ الْمَرْأَةِ شَعَرَهَا عِنْدَ غُشْلِ الْمَحِيضِ. ١٦/٦ ৬/১৬. অধ্যায় : হায়যের গোর্সলে চুল খোলা।

٣١٧. صر عُن عَائِشَة قَالَ رَسُولُ الله عَلَى مَن أَحَب أَن يُهِل بِعُمْرَة فَلَيَهَلِلْ فَإِنِي لَوْلَا أَنِسِي أَهْدَيْتُ مُوافِينَ لِهِلَالِ ذِي الْحِجَّة فَقَالَ رَسُولُ الله عَلَى مَن أَحَب أَن يُهِل بِعُمْرَة فَلَيَهُلِلْ فَإِنِي لَوْلَا أَنِسِي أَهْدَيْتُ لَا مَمْرَة فَلَيهُلِلْ فَإِنِي لَوْلَا أَنِسِي أَهْدَيْتُ لَا مَمْرَة فَلَا بَعُمْرَة وَأَهَل بَعُمْرَة وَأَهَل بَعْضُهُمْ بِحَج وَكُنْتُ أَنَا مِمَّن أَهَل بِعُمْرَة فَأَدْرَكَنِي يَوْمُ عَرَفَة وَأَنَا حَائِضٌ فَشَكَوْتُ إِلَى النّبِي عَنْ فَقَالَ دَعِي عُمْرَتك وَانْقُضِي رَأْسَك وَامْتَشطي وَأَهُلِي بِحَج فَفَعَلْتُ حَتَّى حَائِضٌ فَشَكُونُ لَ إِلَى النّبِي عَنْ فَقَالَ دَعِي عُمْرَتك وَانْقُضِي رَأْسَك وَامْتشطي وَأَهُلِي بِحَج فَفَعَلْتُ حَتَّى إِذَا كَانَ لَيْلَةُ الْحَصْبَة أَرْسَلُ مَعِي أَخِي عَبْدَ الرَّحْمَنِ بْنَ أَبِي بَكُر فَخَرَجْتُ إِلَى النَّنَعِيمِ فَأَهْلَلْتُ بِعُمْرَة مَكَانَ عَمْرَتِي قَالَ هِشَامٌ وَلَمْ يَكُنْ فِي شَيْء مِنْ ذَلِكَ هَدْيُّ وَلاَ صَوْمٌ وَلاَ صَدَقَةً.

৩১৭. 'আয়িশাহ ক্রিল্লী হতে বর্ণিত। তিনি বলেন : আমর্রা যিলহার্জ্জ মাসের চাঁদ দেখার সময় নিকটবর্তী হলে বেরিয়ে পড়লাম। আল্লাহর রসূল বললেন : যে 'উমরাহর ইহরাম বাঁধতে চায় সে তা করতে পারে। কারণ, আমি সাথে কুরবানীর পশু না আনলে 'উমরাহর ইহরামই বাঁধতাম। তারপর কেউ উমরার ইহরাম বাঁধলেন, আর কেউ হাজ্জের ইহরাম বাঁধলেন। আমি ছিলাম 'উমরাহর ইহরামকারীদের মধ্যে। আরাফার দিনে আমি ঋতুবতী ছিলাম। আমি নাবী তিন নকট আমার অসুবিধার কথা বললাম। তিনি বললেন : তোমার 'উমরাহ ছেড়ে দাও, মাথার বেণী খুলে চুল আঁচড়াও, আর হাজ্জের ইহরাম বাঁধ। আমি তাই করলাম। 'হাসবা' নামক স্থানে অবস্থানের রাতে নাবী স্ক্রে আমার সাথে আমার ভাই 'আবদুর রহমান ইব্রু আবৃ বাক্র ক্রি-কে পাঠালেন। আমি তান সমের দিকে বের হলাম। সেখানে পূর্বের 'উমরাহ্র পরিবর্তে ইহরাম বাঁধলাম। হিশাম (রহ.) বলেন : এসব কারণে কোন দম (কুরবানী), সওম বা সদাকাহ দিতে হয়নি। (২৯৪) (আ.প্র. ৩০৬, ই.ফা. ৩১১)

## ١٧/٦. بَابِ قَوْلِ اللهِ عَزَّ وَجَلَّ ﴿ مُخَلَّقَةٍ وَغَيْرٍ مُخَلَّقَةٍ. ﴾

#### ৬/১৭. অধ্যায়: "পূর্ণাকৃতি ও অপূর্ণাকৃতি গোশ্ত পিও।" (স্রাহ হাচ্ছ ২২/৫)

٣١٨. **طرثنا** مُسَدَّدٌ قَالَ حَدَّثَنَا حَمَّادٌ عَنْ عُبَيْد الله بْنِ أَبِي بَكْرِ عَنْ أَنْسِ بْنِ مَالِك عَنِ النَّبِيِّ عَلَقَهُ إِنَّ اللهُ عَزَّ وَجَلَّ وَكُلَّ بِالرَّحِمِ مَلَكًا يَقُولُ يَا رَبِّ نُطْفَةٌ يَا رَبِّ عَلَقَةٌ يَّا رَبِّ مُضْغَةٌ فَإِذَا أَرَّادَ أَنْ يَقَضِيَ خَلْقَهُ وَاللهُ عَزَّ وَجَلٌ وَكُلُ اللهِ عَنْ اللهِ عَنْ اللهِ عَنْ اللهِ وَقُلُ مَا الرِّزْقُ وَالاَّجَلُ فَيُكْتَبُ فَي بَطْنَ أُمّه.

৩১৮. আনাস ইব্নু মালিক হ্রি হতে বর্ণিত। তিনি বলেন : নাবী হ্রি বলেন : আল্লাহ তা'আলা মাতৃগর্ভের জন্যে একজন মালাইকাহ নির্ধারণ করেছেন। তিনি (পর্যায়ক্রমে) বলতে থাকেন, হে রব! এখন বীর্য-আকৃতিতে আছে। হে রব! এখন জমাট রক্তে পরিণত হয়েছে। হে রব! এখন মাংসপিওে পরিণত হয়েছে। অতঃপর আল্লাহ তা'আলা যখন তার সৃষ্টি পূর্ণ করতে চান, তখন জিজ্ঞেস করেন : পুরুষ, না স্ত্রী? সৌভাগ্যবান, না দুর্ভাগা? রিয্ক ও বয়স কত? আল্লাহর রস্ল হ্রি বলেছেন : তার মাতৃগর্ভে থাকতেই তা লিখে দেয়া হয়। (৩৩৩৩, ৬৫৯৫; মুসলিম ৪৬/১, হাঃ ২৬৪৬) (আ.প্র. ৩০৭, ই.ফা. ৩১২)

## ١٨/٦. بَابِ كَيْفَ تُهِلُّ الْحَائِضُ بِالْحَجِّ وَالْعُمْرَةِ.

#### ৬/১৮. অধ্যায় : ঋতুবতী কীভাবে হাচ্ছ ও উমরাহ'র ইহরাম বাঁধবে?

٣١٩. حارثنا يَحْيَى بْنُ بُكَيْرِ قَالَ حَدَّنَنَا اللَّيْثُ عَنْ عُفَيْلِ عَنْ ابْنِ شِهَابِ عَنْ عُرُوةً عَنْ عَائِشَةً قَالَتُ حَرَجْنَا مَعَ النَّبِي عَلَىٰ فِي حَجَّةِ الْوَدَاعِ فَمِنَّا مَنْ أَهَلَّ بِعُمْرَةً وَمِنَّا مَنْ أَهَلَّ بِعُمْرَةً وَمَنَّا مَنْ أَهَلَّ بِحَجٍ فَقَدَمْنَا مَكَةً فَقَالَ رَسُولُ اللهِ عَرَجْنَا مَعَ النَّبِي عَلَىٰ فِي حَجَّةِ الْوَدَاعِ فَمِنَّا مَنْ أَهْلَ بِعُمْرَةً وَلَمْ يَعْمُ وَمَنْ أَهْلَ يُحِلِّ جَحَّةً فَقَالَ رَسُولُ اللهِ عَمْرَةً وَلَمْ أَهْلِلْ إِلاَّ بِعُمْرَةً وَلَمْ يُعْفَى النَّبِي اللَّهِ عَلَىٰ وَالْمَرْمَةُ فَلَعَلْتُ ذَلِكَ حَتَّى قَضَيْتُ حَجِّي فَبَعَثَ مَعِي عَبْدَ اللَّهُ عَلَىٰ اللهُ عَلَىٰ اللهُ اللهُ اللهُ اللهُ عَلَىٰ اللهُ اللهُ عَلَىٰ اللهُ عَلَىٰ اللهُ عَلَىٰ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ عَلَىٰ اللهُ عَلَىٰ اللهُ عَلَىٰ اللهُ عَلَىٰ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ عَلَىٰ اللهُ اللهُ عَلَىٰ اللهُ اللهُ اللهُ اللهُ عَلَىٰ عَمْرَتِي مِنْ التَّنْعِيمِ وَالْمَرِنِي أَنْ أَعْتَمِ مَكَانَ عُمْرَتِي مِنْ التَّنْعِيمِ.

৩১৯. 'আয়িশাহ ক্রিল্লী হতে বর্ণিত। তিনি বলেন : আমরা আল্লাহর রসূল — এর সঙ্গে বিদায় হাজের সময় বের হয়েছিলাম। আমাদের কেউ ইহরাম বেঁধেছিল 'উমরাহ্র আর কেউ বেঁধেছিল হজের। আমরা মাকাহ্য় এসে পৌছলে আল্লাহর রসূল তেওঁ বললেন : যারা 'উমরাহ্র ইহরাম বেঁধেছে কিতু কুরবানীর পশু সাথে আনেনি, তারা যেন ইহরাম খুলে ফেলে। আর যারা উমরার ইহরাম বেঁধেছে ও কুরবানীর পশু সাথে এনেছে, তারা যেন কুরবানী করা পর্যন্ত ইহরাম না খোলে। আর যারা হজের ইহরাম বেঁধেছে তারা যেন হাজ পূর্ণ করে। 'আয়িশাহ ক্রিল্লী বলেন : অতঃপর আমার হায়য শুরু হয় এবং আরাফার দিনেও তা বহাল থাকে। আমি শুর্ধ 'উমরাহ্র ইহরাম বেঁধেছিলাম। নাবী ক্রি আমাকে মাথার বেণী খোলার, চুল আঁচড়ে নেয়ার এবং 'উমরাহ্র ইহরাম ছেড়ে হজের ইহরাম বাঁধার নির্দেশ দিলেন। আমি তাই করলাম। পরে হাজে সমাধা করলাম। অতঃপর 'আবদুর রহমান ইব্নু আবৃ বাক্র ক্রি-কে

আমার সাথে পাঠালেন। তিনি আমাকে তান'ঈম হতে আমার পূর্বের পরিত্যক্ত 'উমরার পরিবর্তে 'উমরাহ পালনের আদেশ করলেন। (১৯৪) (আ.প্র. ৩০৮, ই.ফা. ৩১৩)

### اً . ١٩/٦ بَابِ إِقْبَالِ الْمَحِيضِ وَإِدْبَارِهِ ৬/১৯. অধ্যায় : হায়য শুক্ল ও শেষ হওয়া।

وَكُنَّ نِسَاءٌ يَبْعَثْنَ إِلَى عَائِشَةَ بِالدُّرَجَة فِيهَا الْكُرْسُفُ فِيهِ الصُّفْرَةُ فَتَقُولُ لاَ تَعْجَلْنَ حَتَّى تَرَيْنَ الْقَصَّـةَ الْبَيْضَاءَ تُرِيدُ بِذَلِكَ الطَّهْرَ مِنَ الْحَيْضَةِ وَبَلَغَ بِنْتَ زَيْدِ بْنِ ثَابِت أَنَّ نِسَاءً يَدْعُونَ بِالْمَصَابِيحِ مِنْ جَوْفِ اللَّيْلِ يَنْظُرْنَ إِلَى الطَّهْرِ فَقَالَتْ مَا كَانَ النِّسَاءُ يَصْنَعْنَ هَذَا وَعَابَتْ عَلَّيْهِنَّ.

মহিলারা 'আয়িশাহ ক্রিক্স-এর নিকট কৌটায় করে তুলা প্রেরণ করতো। তাতে হলুদ রং দেখলে 'আয়িশাহ ক্রিক্স বলতেন। তাড়াহুড়া করো না, সাদা পরিষ্কার দেখা পর্যন্ত অপেক্ষা কর। এ দ্বারা তিনি হায়য হতে পাক হওয়া বোঝাতেন। যায়দ ইব্নু সাবিত ক্রিক্স-এর কন্যার নিকট সংবাদ এলো যে, স্ত্রীলোকেরা রাতের অন্ধকারে প্রদীপ চেয়ে নিয়ে হায়য হতে পবিত্র হলো কিনা তা দেখতেন। তিনি বললেন। স্ত্রীলোকেরা (পূর্বে) এমনটি করতেন না। তিনি তাদের দোষারোপ করেন।

. ٣٢. صرتنا عَبْدُ الله بْنُ مُحَمَّد قَالَ حَدَّثَنَا سُفْيَانُ عَنْ هِشَامٍ عَنْ أَبِيهِ عَنْ عَائِشَةَ أَنَّ فَاطِمَةَ بِنْتَ أَبِي حُبَيْشٍ كَانَتْ تُسْتَحَاضُ فَسَأَلَتْ النَّبِيُّ عَلَى فَقَالَ ذَلِكِ عِرْقُ وَلَيْسَتْ بِالْحَيْضَةِ فَإِذَا أَقْبَلَتْ الْحَيْضَةُ فَسلاَعِي الصَّلاَةُ وَإِذَا أَدْبَرَتْ فَاغْتَسلي وَصَلِّي.

৩২০. 'আয়িশাহ ক্রিক্স হতে বর্ণিত। তিনি বলেন : ফাতিমাহ বিনতে আঁবৃ হুবায়শ ক্রিক্স-এর ইস্তি হাযা হতো। তিনি এ বিষয়ে নাবী ক্রি-কে জিজ্ঞেস করলেন। আল্লাহর রসূল ক্রিক্স বললেন : এ হচ্ছে রগের রক্ত, হায়যের রক্ত নয়। স্তরাং হায়য শুরু হলে সলাত ছেড়ে দেবে। আর হায়য শেষ হলে গোসল করে সলাত আদায় করবে। (২২৮) (আ.প্র. ৩০৯, ই.ফা. ৩১৪)

## ٣ ، ٧ . بَابِ لاَ تَقْضِي الْحَائِضُ الصَّلاَةَ

৬/২০. অধ্যায় : হায়যকালীন সলাতের কাষা নেই।

وَقَالَ جَابِرُ بْنُ عَبْدِ اللهِ وَأَبُو سَعِيدِ عَنِ النَّبِيِّ ﷺ تَدَعُ الصَّلاَّةَ.

জাবির ইব্নু 'আবদুল্লাহ ও আবৃ সা'ঈদ খুদরী ( নাবী 😂 হতে বর্ণনা করেন যে, (স্ত্রীলোক হায়যকালীন সময়ে) সলাত ছেড়ে দেবে।

٣٢١. **طرثنا** مُوسَى بْنُ إِسْمَاعِيلَ قَالَ حَدَّثَنَا هَمَّامٌ قَالَ حَدَّثَنَا قَتَادَةُ قَالَ حَدَّثَنَا مُعَاذَةُ أَنَّ الْمَرَأَةُ قَالَتَ الْمَرَّاةُ قَالَتَ أَحَرُورِيَّةٌ أَنْتِ كُنَّا نَحِيضُ مَعَ النَّبِيِّ ﷺ فَلاَ يَأْمُرُنَا بِهِ أَوْ قَالَتْ فَلاَ نَفْعَلُهُ. ৩২১. মু'আযাহ (রহ.) হতে বর্ণিত। জনৈকা মহিলা 'আয়িশাহ ক্রিল্ল-কে বললেন: হায়যকালীন কাযা সলাত পবিত্র হওয়ার পর আদায় করলে আমাদের জন্য চলবে কি-না? 'আয়িশাহ ক্রিল্ল বললেন: তুমি কি হারারিয়্যাহ? (খারিজীদের একদল) আমরা নাবী ক্রিল্ক-এর সময়ে ঋতুবতী হতাম কিন্তু তিনি আমাদের সলাত কাযার নির্দেশ দিতেন না। অথবা তিনি ['আয়িশাহ ক্রিল্লী বলেন: আমরা তা কাযা করতাম না। (মুসলিম ৩/১৫, হাঃ ৩৩৫, আহমাদ ২৪৭১৪) (আ.প্র. ৩১০, ই.কা. ৩১৫)

## ٢١/٦. بَابِ النَّوْمِ مَعَ الْحَائِضِ وَهِيَ فِي ثِيَابِهَا.

৬/২১. অধ্যায় : ঋতুবতী মহিলার সাথে হায়যের কাপড় পরিহিত অবস্থায় একত্রে শোয়া।

٣٢٢. عرشا سَعْدُ بَنُ حَفْصِ قَالَ حَدَّنَا شَيْبَانُ عَنْ يَحْيَى عَنْ أَبِي سَلَمَةَ عَنْ زَيْنَبَ بِثَتَ أَبِي سَلَمَةَ وَالْتَ مِضْتُ وَأَنَا مَعَ النَّبِي عَلَيْ فِي الْخَمِيلَةِ فَانْسَلَلْتُ فَخَرَجْتُ مِنْهَا فَأَخَذَتُ ثَيِسابَ حَدَّنَتُهُ أَنْ أُمَّ سَلَمَةً فَالَتَ حَضْتُ وَأَنَا مَعَ النَّبِي عَلَيْ فِي الْخَمِيلَةِ فَانْسَلَلْتُ فَخَرَجْتُ مِنْهَا فَأَخَدَتُ ثَيِسابَ حِيضَتِي فَلَبِسْتُهَا فَقَالَ لِي رَسُولُ اللهِ عَلَيْ أَنْفَسْتَ قُلْتُ نَعَمْ فَدَعَانِي فَأَدْخَلَنِي مَعَهُ فِي الْخَمِيلَةِ قَالَيتَ حِيضَتِي فَلَيْسَتُهَا فَقَالَ لِي رَسُولُ اللهِ عَلَيْ أَنْفَسْتَ قُلْتُ نَعَمْ فَدَعَانِي فَأَدْخَلَنِي مَعَهُ فِي الْخَمِيلَةِ قَالَيتَ وَاحِد مِنَ الْحَنَابَةِ. وَحَدَّنَتَنِي أَنَّ النَّبِي عَلَيْ كَانَ يُقَبِّلُهَا وَهُو صَائِمٌ وَكُنْتُ أَغْتَسِلُ أَنَا وَالنَّبِي عَلَيْ مِنْ إِنَاءَ وَاحِد مِنَ الْحَنَابَةِ. وَحَدَّنَتِي أَنَّ النَّبِي عَلَيْ كَانَ يُقَبِّلُهَا وَهُو صَائِمٌ وَكُنْتُ أَغْتَسِلُ أَنَا وَالنَّبِي عَلَيْ مِنْ إِنَاءَ وَاحِد مِنَ الْحَنَابَةِ. وَحَدَّنَتِي أَنَّ النَّبِي عَلَيْهِ وَهُو صَائِمٌ وَكُنْتُ أَغْتَسِلُ أَنَا وَالنَّبِي عَنِي مَعَهُ فِي الْحَمِيلَةِ وَاحِد مِنَ الْحَمَيلَةِ وَاحِد مِنَ الْحَمِيلَةِ وَاحِد مِنَ الْحَنَابَةِ. وَحَدَّا تَنِي أَنَّ النَّبِي عَلَيْهُ وَلَهُ وَالْمَالَمُ الْعَلَيْدِ وَاحِدُ مِنَ الْحَمِيلِةِ وَاحِدُونَ وَاحَدُم وَالْمَالَاقِ وَاحِدُ مِنَ الْحَمِيلِ وَاحِدُ مِنَ الْحَدِي الْمَنْفَالِقُونَ وَاحِدُ مِنَ الْمَسُولُ اللّهِ اللّهِ الْفَاقِيقُونَ وَاحَمُ وَالْمَالِي اللّهَ عَلَيْهِ وَلَا مَا اللّهُ الْعَلَيْنِ اللّهَ وَاحِدُ مِنَ الْمَالِقُونَ اللّهُ الْمُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ الل

. ٢٣٢/٦. بَابِ مَنْ اتَّخَذَ ثِيَابِ الْحَيْضِ سِوَى ثِيَابِ الطُّهْرِ. ৬/২২. অধ্যায় : হায়যের জন্যে স্বতন্ত্র কাপড় পরিধান করা ।

আমাকে উন্মু সালামাহ 📻 এও বলেছেন যে, নাবী 😂 রোযা রাখা অবস্থায় তাঁকে চুমু খেতেন। ডিন্মে সালামাহ 📻 আরও বলেন) আমি ও নাবী 😂 একই পাত্র হতে পানি নিয়ে জানাবাতের গোসল

٣٢٣. طرثنا مُعَادُ بْنُ فَضَالَةَ قَالَ حَدَّثَنَا هِشَامٌ عَنْ يَحْيَى عَنْ أَبِي سَلَمَةَ عَنْ زَيْنَبَ بِنْت أَبِي سَلَمَةَ عَنْ أَمِّ سَلَمَةَ عَنْ أَبِي سَلَمَةَ عَنْ أَسَلَلْتُ فَأَخَذْتُ ثِيَابَ حِيضَتِي فَقَالَ أُمِّ سَلَمَةَ قَالَتْ بَيْنَا أَنَا مَعَ النَّبِي ﴿ اللَّهِ مَعْمُ فِي الْحَمِيلَةِ حِضْتُ فَاتُسَلَلْتُ فَأَخَذَتُ ثِيَابَ حِيضَتِي فَقَالَ اللَّهِ عَلَى الْحَمِيلَة. أَنْفِسْتِ فَقُلْتُ نَعَمْ فَدَعَانِي فَاضْطَجَعْتُ مَعَهُ فِي الْحَمِيلَة. أَنْفِسْتِ فَقُلْتُ نَعَمْ فَدَعَانِي فَاضْطَجَعْتُ مَعَهُ فِي الْحَمِيلَة.

৩২৩. উন্মু সালামাহ ক্রিক্স হতে বর্ণিত। তিনি বর্লেন : এক সময় আমি ও নাবী ক্রিক্স একই চাদরের নীচে ওয়েছিলাম। আমার হায়য শুরু হলো। তখন আমি গোপনে বেরিয়ে গিয়ে হায়যের কাপড় পরে নিলাম। তিনি জিজ্ঞেস করলেন : তোমার কি হায়য আরম্ভ হয়েছে? আমি বললা, হাঁ। তিনি আমাকে ডেকে নিলেন এবং আমি তাঁর সঙ্গে একই চাদরের নীচে গুয়ে পড়লাম। (২৯৮) (আ.প্র. ৩১২, ই.ফা. ৩১৭)

করতাম। (২৯৮) (আ.প্র. ৩১১, ই.ফা. ৩১৬)

<sup>ँ</sup> খারিজী : যারা ঋতুবতী নারীদের সলাত কাযা করা ওয়াজিব মনে করে।

المُسْلَمِينَ وَيَعْتَزِلْنَ الْمُصَلَّى. ٢٣/٦ بَابِ شُهُودِ الْحَائِضِ الْعِيدَيْنِ وَدَعْوَةَ الْمُسْلَمِينَ وَيَعْتَزِلْنَ الْمُصَلَّى. ৬/২৩. অধ্যায় : ঋতুবতী মহিলাদের উভয় ঈদ ও মুসলমানদের দাওয়াতী সমাবেশে উপস্থিত হওয়া এবং ঈদগাহ হতে দূরে অবস্থান করা।

٣٢٤. مرثنا مُحمَّدُ هُوَ ابنُ سَلامٍ قَالَ أَخْبَرُنَا عَبْدُ الْوَهَّابِ عَنْ أَيُّوبِ عَنْ حَفْصَةَ قَالَتْ كُنَّا نَمْنَا عُورَاتَقَنَا أَنْ يَخْرُجْنَ فِي الْعِيدَيْنِ فَقَدَمَتُ الْمَرَأَةُ فَنَرَلَتْ قَصْرَ بَنِي خَلَف فَحَدَّثَتْ عَنْ أُخْتِهَا وَكَانَ ذَوْجُ أَخْتِهَا غَزَا مَعَ النَّبِي عَلَى الْعَيدَيْنِ فَقَدَمَتُ الْمَرَاةُ فَنَرَلَتْ أَخْتِي مَعَهُ فِي سِتٌ قَالَتْ كُنَّا لُدَاوِي الْكَلْمَى وَنَقُومُ أَخْتِها غَزَا مَعَ النَّبِي عَلَى الْمَرْضَى فَسَأَلَتْ أَخْتِي النَّبِي عَلَى إِحْدَانَا بَأْسُ إِذَا لَمْ يَكُنْ لَهَا جَلْبَابُ أَنْ لاَ تَخْرُجَ قَالَ لِتُلْبِسَهَا عَلَى الْمَرْضَى فَسَأَلُتُ أَخْتِي النَّبِي عَلَى إِحْدَانَا بَأْسُ إِذَا لَمْ يَكُنْ لَهَا جَلْبَابُ أَنْ لاَ تَخْرُجَ قَالَ لِتُلْبِسَهَا عَلَى الْمَرْضَى فَسَأَلُتُ أَخْتِي النَّبِي عَلَى إِحْدَانَا بَأْسُ إِذَا لَمْ يَكُنْ لَهَا جَلْبَابُ أَنْ لاَ تَخْرُجَ قَالَ لِتُلْبِسَهَا صَاحِبُتُهَا مِنْ جَلْبَابِهَا وَلْتَشْهَد الْخَيْرَ وَدَعُوةَ الْمُشْلِمِينَ فَلَمَّا قَدَمَتُ أَمُّ عَطِيَّةَ سَأَلْتُهَا أَسَمِعْتِ النَّبِي عَلَى الْعَرَابُ بَالْمُ اللَّهُ الْعَوَاتِ فَو ذَوَاتُ الْحُلُورِ وَالْحَلُورِ وَالْحَيْرَ وَكَانَتُ الْحَيْرَ وَدَعُونَ الْمُؤْمِنِينَ وَيَعْتَزِلُ الْحُيَّقُ الْمُصَلِّى قَالَتْ حَفْصَةُ فَقُلْتُ الْحُيْرَ وَدَعُونَ الْمُعَلِّي وَلَاتُ حَفْصَةً فَقُلْتُ الْحُلِيقُ الْمُعَلِي وَالْتُ حَفْصَةً فَقُلْتُ الْحُيْرَ وَدَعُونَ الْمُؤْمِنِينَ وَيَعْتَزِلُ الْحُيَّقُ الْمُصَلِّى قَالَتْ حَفْصَةً فَقُلْتُ الْحَيْرَ وَلَاكُ وَكُذَا وَكَذَا وَكَذَا وَكَذَا وَكَذَا وَكَذَا وَكَذَا وَكَذَا وَكَذَا وَكُذَا وَكَذَا وَكَنَا وَلَاتُ وَلَاتُ وَكَذَا وَكَذَا وَكَذَا وَكَذَا وَكَذَا وَكَذَا وَلَاتُ وَلَاتُ وَلَاتُ وَلَالَ وَلَاتُ وَلَالَ وَلَالَ وَكُونَا وَلَالَالُهُ وَلَالَ الْعَلَى وَالْتُولُولُونِ وَلَالُوا وَلَالُوا وَلَالُهُ وَلَا اللَّهُ وَلَالَ وَلَالَالُوا وَلَالُهُ الْمُؤْمِنِينَ وَيَعْمَلُوا وَلَالَا وَلَا اللَّهُ الْمُلْمِعُلُولُ وَلَالَ وَلَالَا وَلَالَاقُ اللَّالَالَا وَلَالَالَا وَلَالَ

৩২৪. হাফসাহ হাত বর্ণিত। তিনি বলেন: আমরা আমাদের যুবতীদের ঈদের সলাতে বের হতে নিষেধ করতাম। এক মহিলা বনু কালাফের মহলে এসে পৌছলেন এবং তিনি তাঁর বোন হতে বর্ণনা করলেন। তাঁর ভগ্নীপতি নাবী এ-এর সঙ্গে বারটি গায্ওয়াহ (বড় যুদ্ধ)-এ অংশ গ্রহণ করেছিলেন। তিনি বলেন: আমার বোনও তাঁর সঙ্গে ছয়টি গায্ওয়ায় শরীক ছিলেন। সেই বোন বলেন: আমরা আহতদের পরিচর্যা ও অসুস্থদের সেবা করতাম। তিনি নাবী এ-ক-কে জিজ্ঞেস করলেন: আমাদের কারো ওড়না না থাকার কারণে বের না হলে কোন অসুবিধা আছে কি? আল্লাহর রস্ল বললেন: তার সাথীর ওড়না তাকে পরিয়ে দেবে, যাতে সে ভাল মজলিস ও মু'মিনদের দা'ওয়াতে শরীক হতে পারে। যখন উন্মু আতিয়ায় ক্রিল আসলেন, আমি তাকে জিজ্ঞেস করলাম: আপনি কি নাবী ক্রিল হতে এরপ ওনেছেন? উত্তরে তিনি বললেন: আমার পিতা তাঁর জন্য কুরবান হোক। হাঁ, তিনি এরপ বলেছিলেন। নাবীর কথা আলোচিত হলেই তিনি বলতেন, "আমার পিতা তাঁর জন্য কুরবান হোক। আমি নাবী ক্রিল বলতে ওনেছি যে, যুবতী, পর্দানশীন ও ঋতুবতী মহিলারা বের হবে এবং ভাল স্থানে ও মু'মিনদের দা'ওয়াতে অংশ গ্রহণ করবে। অবশ্য ঋতুবতী মহিলা ঈদগাহ হতে দূরে থাকবে। হাফসাহ ক্রিল বলেন: আমি জিজ্ঞেস করলাম ঋতুবতীও কি বেরুবে? তিনি বললেন: সে কি 'আরাফাতে ও অমুক অমুক স্থানে উপস্থিত হবে না? (৯৩৫১,৯৭১,৯৭৪,৯৮০,৯৮১,১৬৫২; মুসলিম ৮/১, হায় ৮৯০) (আ.প্র. ৩১৩, ই.ফা. ৩১৮)

٢٤/٦ . بَابِ إِذَا حَاضَتَ فِي شَهْرٍ ثَلاَثَ حِيَضٍ وَمَا يُصَدَّقُ النِّسَاءُ فِي الْحَيْضِ وَالْحَمْلِ فِيمَا يُحَدِّقُ النِّسَاءُ فِي الْحَيْضِ وَالْحَمْلِ فِيمَا يُمْكِنُ مِنَ الْحَيْضِ.

৬/২৪. অধ্যায় : একই মাসে তিন হায়য হলে। সম্ভাব্য হায়য ও গর্ভধারণের ব্যাপারে স্ত্রীলোকের কথা গ্রহণযোগ্য।

## لِقَوْلِ اللهِ تَعَالَى ﴿ وَلاَ يَحِلُّ لَهُنَّ أَنْ يَكْتُمْنَ مَا خَلَقَ اللَّهُ فِي أَرْحَامِهِنَّ ﴾

কারণ আল্লাহ্ তা'আলা ঘোষণা করেছেন : "তাদের পক্ষে বৈধ নয় গোপন রাখা যা আল্লাহ তাদের জরায়ুতে সৃষ্টি করেছেন।" (সূরাহ্ আল-বাক্বারাহ ২/২৮)

وَيُذْكُرُ عَنْ عَلِي وَشُرَيْحٍ إِنْ امْرَأَةٌ جَاءَتْ بِبَيِّنَةٍ مِنْ بِطَانَةِ أَهْلِهَا مِمَّنْ يُرْضَى دِينُهُ أَنَّهَا حَاضَتْ تَلاَثًا فِي شَهْرٍ صُدَّقَتْ وَقَالَ عُطَاءٌ أَقْرَاؤُهَا مَا كَانَتْ وَبِهِ قَالَ إِبْرَاهِيمُ وَقَالَ عَطَاءٌ الْحَيْضُ يَوْمٌ إِلَى خَمْــسَ عَشْــرَةَ وَقَالَ مُعْتَمِرٌ عَنْ أَبِيهِ سَأَلْتُ ابْنَ سِيرِينَ عَنِ الْمَرْأَةِ تَرَى الدَّمَ بَعْدَ قُرْئِهَا بِخَمْسَةِ أَيَّامٍ قَالَ النِّسَاءُ أَعْلَمُ بِذَلِكَ.

'আলী ( ও গুরায়হ্ (রহ.) হতে বর্ণিত। যদি মহিলার নিজ পরিবারের দ্বীনদার কেউ সাক্ষ্য দেয় যে, এ মহিলা মাসে তিনবার ঋতুবতী হয়েছে, তবে তার কথা গ্রহণযোগ্য হবে। 'আত্মা (রহ.) বলেন : মহিলার হায়যের দিন গণনা করা হবে তার পূর্ব স্বভাব অনুসারে। ইবরাহীম (রহ.)-ও অনুরূপ বলেন। 'আত্মা (রহ.) আরো বলেন : হায়য একদিন হতে পনের দিন পর্যন্ত হওয়ার সম্ভাবনা রয়েছে। মু'তামির তাঁর পিতা হতে বর্ণনা করেন, তিনি বলেছেন : আমি ইব্নু সীরীন (রহ.)-কে এমন মহিলা সম্পর্কে জিজ্ঞেস করলাম যে তার পূর্ব অভ্যাস অনুযায়ী হায়যের পাঁচ দিন পূর্ণ হওয়ার পরও রক্ত দেখে? তিনি জবাবে বললেন : এ ব্যাপারে মহিলারা ভাল জানে।

٣٢٥. صرشنا أَحْمَدُ ابْنُ أَبِي رَجَاءِ قَالَ حَدَّثَنَا أَبُو أَسَامَةَ قَالَ سَمِعْتُ هِشَامَ بْنَ عُرُوَةَ قَالَ أَخْبَرَنِي أَبِي عَنْ عَائِشَةَ أَنَّ فَاطِمَةَ بِنْتَ أَبِي حُبَيْشٍ سَأَلَتْ النَّبِيَّ ﷺ قَالَتْ إِنِّي أَسْتَحَاضُ فَلاَ أَطْهُرُ أَفَأَدَعُ الصَّلاَةَ فَقَالَ لاَ إِنَّ ذَلِكِ عِرْقُ وَلَكِنْ دَعِي الصَّلاَةَ قَدْرَ الْأَيَّامِ الَّتِي كُنْتِ تَحِيضِينَ فِيهَا ثُمَّ اغْتَسِلِي وَصَلِّي.

৩২৫. 'আয়িশাহ ক্রিল্রী হতে বর্ণিত। তিনি বলেন : ফাতিমাহ বিনতু আবূ হুবায়শ ক্রিল্রী নাবী ক্রিলেন কে জিজ্ঞেস করলেন, আমার ইস্তিহাযাহ হয়েছে এবং পবিত্র হচ্ছি না। আমি কি সলাত পবিত্যাগ করবো? নাবী ক্রিল্র বললেন : না, এ হলো রগ থেকে বের হওয়া রক্ত। তবে এরপ হওয়ার পূর্বে যতদিন হায়য হতো সে কয়দিন সলাত অবশ্যই পরিত্যাগ করো। তারপর গোসল করে নিবে ও সলাত আদায় করবে। (২২৮) (আ.গ্র. ৩১৪, ই.জা. ৩১৯)

. ٢٥/٦ بَابِ الصَّفْرَةِ وَالْكُدُرَةِ فِي غَيْرِ أَيَّامِ الْحَيْضِ. ४٥/٦ في غَيْرِ أَيَّامِ الْحَيْضِ. ৬/২৫. অধ্যায় : হায়যের দিনগুলো ছাড়া হলুদ এবং মেটে রং দেখা।

٣٢٦. **طَرْمُنَا** قُتَيْبَةُ بْنُ سَعِيدٍ قَالَ حَدَّنَنَا إِسْمَاعِيلُ عَنْ أَيُّوبَ عَنْ مُحَمَّدٍ عَنْ أُمِّ عَطِيَّةَ قَالَتْ كُنَّا لاَ نَعُدُّ الْكُدْرَةَ وَالصُّفْرَةَ شَيْئًا. ৩২৬. উম্মু 'আতিয়্যাহ হ্রিক্স হতে বর্ণিত। তিনি বলেন: আমরা মেটে ও হলুদ রং হায়যের মধ্যে গণ্য করতাম না। (আ.প্র. ৩১৫, ই.ফা. ৩২০)

### . ۲٦/٦. بَابِ عِرْقِ الاِسْتِحَاضَةِ. ৬/২৬. অধ্যায় : ইস্তিহাযার শিরা।

٣٢٧. حَرْثُنَا إِبْرَاهِيمُ بْنُ الْمُنْذِرِ قَالَ حَدَّثَنَا مَعْنُ قَالَ حَدَّثَنِي ابْنُ أَبِي ذِئْبِ عَنْ ابْنِ شِهَابِ عَنْ عُرُوَةً وَعَنْ عَمْرَةَ عَنْ عَائِشَةَ زَوْجِ النَّبِيِّ ﷺ أَنَّ أُمَّ حَبِيبَةَ اسْتُحِيضَتْ سَبْعَ سِنِينَ فَسَأَلَتُ رَسُولَ اللهِ ﷺ عَنْ ذَلِكَ فَأَمْرَهَا أَنْ تَعْتَسِلَ فَقَالَ هَذَا عِرْقٌ فَكَانَتْ تَعْتَسِلُ لِكُلِّ صَلاَةٍ.

৩২৭. নবী ্রে-এর স্ত্রী 'আয়িশাহ ক্রিক্স হতে বর্ণিত। তিনি বলেন: উম্মু হাবীবাহ ক্রিক্স সাত বছর পর্যন্ত ইস্তিহাযাহ্য় আক্রান্ত ছিলেন। তিনি এ ব্যাপারে আল্লাহর রসূল ক্রি-কে জিজ্ঞেস করলেন। তিনি তাঁকে গোসলের নির্দেশ দিলেন এবং বললেন: এ রগ থেকে বের হওয়া রক্ত। অতঃপর উম্মু হাবীবাহ প্রতি সলাতের জন্য গোসল করতেন। (মুসলিম ৩/১৪, হাঃ ৩০৪, আহমাদ ২৭৫১৬) (আ.প্র. ৩১৬, ই.ফা. ৩২১)

## . ۲۷/٦ بَابِ الْمَرْأَةِ تَحِيضُ بَعْدَ الْإِفَاضَةِ . ۲۷/٦ بَابِ الْمَرْأَةِ تَحِيضُ بَعْدَ الْإِفَاضَةِ . ٢٧/٦ باب الْمَرْأَةِ تَحِيضُ بَعْدَ الْإِفَاضَةِ . ٢٧/٦ باب الْمَرْأَةِ تَحِيضُ بَعْدَ الْإِفَاضَةِ . ٢٧/٦ باب الْمَرْأَةِ تَحِيضُ بَعْدَ الْإِفَاضَةِ

٣٢٨. صَرَتُنَا عَبْدُ اللهِ بَنُ يُوسُفَ أَخْبَرَنَا مَالِكُ عَنْ عَبْدِ اللهِ بَنِ أَبِي بَكْرِ بَنِ مُحَمَّدِ بَنِ عَمْرِو بَنِ حَزْمٍ عَنْ أَبِيهِ عَنْ عَمْرَةً بِنْتِ عَبْدِ اللهِ عَنْ عَائِشَةً زَوْجِ النَّبِيِّ ﷺ أَنَّهَا قَالَتْ لِرَسُولِ اللهِ ﷺ يَا رَسُولَ اللهِ إِنَّ صَفِيَّةً بِثْتَ حُبَيٍّ قَدْ حَاضَتُ قَالَ رَسُولُ اللهِ ﷺ لَعَلَّهَا تَحْبِسُنَا أَلَمْ تَكُنْ طَافَتْ مَعَكُنَّ فَقَالُوا بَلَسَى قَلَالًا فَاخْرُجِي.

৩২৮. নাবী ্র-এর স্ত্রী 'আয়িশাহ ক্রিক্স হতে বর্ণিত। তিনি আল্লাহর রস্ল ক্রি-কে জিজ্ঞেস করলেন : হে আল্লাহ্র রসূল! সফিয়্যাহ বিনতু হুয়াইয়ের হায়য শুরু হয়েছে। তিনি বললেন : সে তো আমাদেরকে আটকিয়ে রাখবে। সে কি তোমাদের সঙ্গে তাওয়াফে-যিয়ারত করেনি? তাঁরা জবাব দিলেন, হাঁ করেছেন। তিনি বললেন : তা হলে বের হও। (২৯৪) (আ.প্র. ৩১৭, ই.ফা. ৩২২)

٣٢٩. **صَرَّمْنَا** مُعَلِّى بْنُ أَسَدٍ قَالَ حَدَّنَنَا وُهَيْبٌ عَنْ عَبْدِ اللهِ بْنِ طَاوُسٍ عَنْ أَبِيهِ عَنْ ابْنِ عَبَّــاسٍ قَـــالَ رُحِّصَ لِلْحَائِضِ أَنْ تَنْفِرَ إِذَا حَاضَتَ.

৩২৯. 'আবদুল্লাহ ইব্নু 'আব্বাস 🚌 হতে বর্ণিত। তিনি বলেন: (তাওয়াফে যিয়ারতের পর) মহিলার হায়য হলে তার চলে যাওয়ার অনুমতি রয়েছে। (১৭৫৫, ১৭৬০) (আ.প্র. ৩১৮, ই.ফা. ৩২৩)

٣٣٠. وَكَانَ ابْنُ عُمَرَ يَقُولُ فِي أُوَّلِ أَمْرِهِ إِنَّهَا لاَ تَنْفِرُ ثُمَّ سَمِعْتُهُ يَقُولُ تَنْفِرُ إِنَّ رَسُولَ اللهِ ﷺ رَخَّصَ لَهُنَّ.

৩৩০. এর পূর্বে ইব্নু 'উমার 🕽 বলতেন : সে যেতে পারবে না। তারপর তাঁকে বলতে শুনেছি যে, সে যেতে পারে। কারণ, আল্লাহর রসূল 🥽 তাদের জন্য (যাওয়ার) অনুমতি দিয়েছিলেন। (১৭৬১ দ্রষ্টব্য) (আ.শ্র. ৩১৮ শেষাংশ, ই.ফা. ৩২৩ শেষাংশ)

## رَأَتُ الْمُسْتَحَاضَةُ الطَّهْرَ .٢٨/٦ ৬/২৮. অধ্যায় : ইস্তিহাযাহ্যন্তা নারীর পবিত্রতা দেখা।

قَالَ ابْنُ عَبَّاسٍ تَغْتَسِلُ وَتُصَلِّي وَلَوْ سَاعَةً وَيَأْتِيهَا زَوْجُهَا إِذَا صَلَّتَ الصَّلاَّةُ أَعْظَمُ.

ইব্ন 'আব্বাস ( বলেন : ইস্তিহাযাহগুস্তা নারী দিনের কিছু সময়ের জন্য হলেও পবিত্রতা দেখলে গোসল করবে ও সলাত আদায় করবে। আর সলাত আদায় করার পর তার স্বামী তার সাথে মিলতে পারে। কারণ, সলাতের গুরুত্ব অত্যধিক।

٣٣١. صر ثنا أَحْمَدُ بْنُ يُونُسَ عَنْ زُهَيْرٍ قَالَ حَدَّثَنَا هِشَامُ بْنُ عُرْوَةَ عَنْ عُرُوَةَ عَنْ عَائِشَةَ قَالَتْ قَـــالَ النَّبِيُ ﷺ إِذَا أَقْبَلَتْ الْحَيْضَةُ فَدَعِي الصَّلاَةَ وَإِذَا أَدْبَرَتْ فَاغْسِلِي عَنْكِ الدَّمَ وَصَلِّي.

৩৩১. 'আয়িশাহ ক্রিক্স হতে বর্ণিত। তিনি বলেন: আল্লাহর রস্ল ক্রিক্স বলেছেন: হায়য দেখা দিলে সলাত ছেড়ে দাও আর হায়যের সময় শেষ হয়ে গেলে রক্ত ধুয়ে নাও এবং সলাত আদায় কর। (২২৮) (আ.গু. ৩১৯, ই.ফা. ৩২৪)

## ٢٩/٦. بَابِ الصَّلاَة عَلَى النُّفَسَاء وَسُنَّتهَا.

৬/২৯. অধ্যায় : নিফাস অবস্থায় মৃত দ্রীলোকের জানাযার নামায ও তার পদ্ধতি।

٣٣٢. **صَرَّمُنَا** أَحْمَدُ بْنُ أَبِي سُرَيْجٍ قَالَ أَخْبَرَنَا شَبَابَةُ قَالَ أَخْبَرَنَا شُعْبَةُ عَنْ حُسَيْنِ الْمُعَلِّمِ عَنْ عَبْدِ اللهِ بْنِ بُرَيْدَةَ عَنْ سَمُرَةَ بْنِ جُنْدُبِ أَنَّ امْرَأَةً مَاتَتْ فِي بَطْنِ فَصَلَّى عَلَيْهَا النَّبِيُّ ﷺ فَقَامَ وَسَطَهَا.

৩৩২. সামুরাহ ইব্নু জুনদুব (क्क) হতে বর্ণিত। তিনি বলেন : একজন প্রসৃতি মহিলা মারা গেলে নাবী ক্কি তার জানাযার সলাত আদায় করলেন। সলাতে তিনি মহিলার দেহের মাঝ বরাবর দাঁড়িয়েছিলেন। (১৩৩১, ১৩৩২ দ্রম্ব্য) (আ.প্র. ৩২০, ই.ফা. ৩২৫)

#### ٣٠/٦. يَاب

#### ৬/৩০. অধ্যায় ঃ

٣٣٣. عرشا الْحَسَنُ بْنُ مُدْرِكُ قَالَ حَدَّثَنَا يَحْيَى بْنُ حَمَّادِ قَالَ أَخْبَرَنَا أَبُو عَوَانَةَ اسْمُهُ الْوَضَّاحُ مِسْنَ ٢٣٣. عرشا الْحَسَنُ بْنُ مُدْرِكُ قَالَ حَبْد اللهِ بْنِ شَدَّادٍ قَالَ سَمْعَتُ خَالَتِي مَيْمُونَةَ زَوْجَ النَّبِيِّ اللهِ أَنَّهَا كَتَابِهِ قَالَ أَخْبَرَنَا سُلَيْمَانُ الشَّيْبَانِيُّ عَنْ عَبْد اللهِ بْنِ شَدَّادٍ قَالَ سَمْعَتُ خَالَتِي مَيْمُونَةَ زَوْجَ النَّبِي اللهِ اللهِ عَلَى مَيْمُونَةً وَهُوَ يُصَلِّي عَلَى خُمْرَتِهِ إِذَا كَانَتُ تَكُونُ حَائِضًا لاَ تُصَلِّي عَلَى خُمْرَتِهِ إِذَا سَحَدَ أَصَابَنِي بَعْضُ تَوْبه.

৩৩৩. 'আবদুল্লাহ্ ইব্নু শাদ্দাদ ( হতে বর্ণিত। তিনি বলেন: আমি আমার খালা নাবী ্ এর স্ত্রী মাইমূনাহ ক্রিল্লা হতে শুনেছি যে, তিনি হায়য অবস্থায় সলাত আদায় করতেন না; তখন তিনি আল্লাহর রস্ল এর সলাতের সাজদাহ্র জায়গায় সোজাসুজি শুয়ে থাকতেন। নাবী ্ তাঁর চাটাইয়ে সলাত আদায় করতেন। সাজদাহ করার সময় তাঁর কাপড়ের অংশ আমার (মাইমূনাহ্র) শরীর স্পর্শ করতো। (৩৭৯, ৩৮১, ৫১৭, ৫১৮ দ্রন্টব্য) (আ.প্র. ৩২১, ই.ফা. ৩২৬)

بِسْمِ اللهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ পরম দয়ালু করুণাময় আল্লাহ্র নামে

## . كِتَابِ التَّيَمُّمِ. পৰ্ব (৭) : তায়ামুম

> باب . ١/٧ ٩/১. অধ্যায় ঃ

٣٣٤. صر ثنا عَبْدُ الله بَنُ يُوسُفَ قَالَ أَخْبَرَنَا مَالِكُ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بَنِ الْقَاسِمِ عَنْ أَبِيهِ عَنْ عَائِشَتَ وَوَجِ النَّبِي عَلَى قَالَتَ خَرَجْنَا مَعَ رَسُولِ الله فَلَمْ فِي بَعْضِ أَسْفَارِهِ حَتَّى إِذَا كُنَّا بِالْبَيْدَاء أَوْ بِذَاتِ الْحَسِيْشِ انْقَطَعَ عَقَدٌ لِي فَأَقَامَ رَسُولُ الله فَلَمْ عَلَى الْتَمَاسِهِ وَأَقَامَ النَّاسُ مَعَهُ وَلَيْسُوا عَلَى مَاء فَأَتَى النَّاسُ إِلَى أَبِي بَكُرِ الصَّدِيقِ فَقَالُوا أَلاَ تَرَى مَا صَنَعَتَ عَائِشَةُ أَقَامَتَ بَرَسُولِ الله فَلَمْ وَالنَّاسِ وَلَيْسُوا عَلَى مَاء وَلَيْسَ مَعَهُمْ مَاءً فَعَلَى فَحِذِي قَدْ نَامَ فَقَالَ حَبَسَت رَسُولُ الله فَلَى وَالنَّاسُ وَلَيْسُوا عَلَى مَاء وَلَيْسَ مَعَهُمْ مَاءً فَكَالَ عَلَى فَحِذِي قَدْ نَامَ فَقَالَ حَبَسَت رَسُولُ الله فَلَى وَالنَّاسُ وَلَيْسُوا عَلَى مَاء وَلَيْسَ مَعَهُمْ مَاءً فَقَالَتَ عَائِشَةُ فَعَاتَبَنِي أَبُو بَكُر وَقَالَ مَا شَاءَ الله أَنْ يَقُولُ وَحَعَلَ يَطَعُننِي وَلَيْسُوا عَلَى مَاء وَلَيْسَ مَعَهُمْ مَاءٌ فَقَالَتَ عَائِشَةُ فَعَاتَبَنِي أَبُو بَكُر وَقَالَ مَا شَاءَ الله أَنْ يَقُولُ وَحَعَلَ يَطَعُنني وَلَيْسُوا عَلَى مَاء وَلَيْسَ مَعَهُمْ مَاء فَقَالَتَ عَائِشَةُ فَعَاتَبَنِي أَبُو بَكُر وَقَالَ مَا شَاءَ الله أَنْ يَشُولُ الله فَلَا عَلَى مَاء وَلَيْسَ مَعَهُمْ مَاء وَلَيْسَ مَعَهُمْ مَاء وَلَيْسَ مَعَهُمْ مَاء وَلَيْسَ مَعَهُمْ مَاء وَلَيْسَ مَعْهُمْ مَاء وَلَيْسَ مِنْ التَّحَرُكُ إِلَّا مَكَانُ رَسُولِ الله فَي عَلَى فَحِذِي فَقَامَ رَسُولُ الله فَلَى اللهُ عَلَى فَحِذِي فَقَامَ رَسُولُ الله فَلَ عَلَى اللهُ عَلَى فَحِذِي فَقَامَ رَسُولُ الله فَي بِأُولَ بَرَكَتِكُمْ يَسَا اللهُ أَنْ الْمُؤْمِنَ الْمُومَ اللهُ عَلَى مَاء فَاللهُ اللهُ اللهِ اللهُ اللهُ عَلَى اللهُ ال

৩৩৪. নাবী — এর ন্ত্রী 'আয়িশাহ ক্রিল্রা হতে বর্ণিত। তিনি বলেন: আমর্রা আল্লাহর রস্ল কর্ত্বি এর সঙ্গে কোন সফরে বের হয়েছিলাম যখন আমরা 'বায়যা' অথবা 'যাতুল জায়শ' নামক স্থানে পৌছলাম তখন আমার একখানা হার হারিয়ে গেল। আল্লাহর রস্ল ক্রি সেখানে হারের খোঁজে থেমে গেলেন আর লোকেরাও তাঁর সঙ্গে থেমে গেলেন, অথচ তাঁরা পানির নিকটে ছিলেন না। তখন লোকেরা আবৃ বাক্র ক্রি-এর নিকট এসে বললেন: 'আয়িশাহ কী করেছেন আপনি কি দেখেন নি? তিনি রস্লুল্লাহ তালকদের আটকিয়ে ফেলেছেন, অথচ তাঁরা পানির নিকটে নেই এবং তাঁদের সাথেও পানি নেই। আব্ বাক্র আমার নিকট আসলেন, তখন আল্লাহর রস্ল স্ক্র আমার উক্লর উপরে মাথা রেখে

ঘুমিয়েছিলেন। আবৃ বাক্র ( বললেন : তুমি আল্লাহর রস্ল ক্রি-এর লোকদের আটকিয়ে ফেলেছ! অথচ আশেপাশে কোথাও পানি নেই। এবং তাদের সাথেও পানি নেই। 'আয়িশাহ ক্রিল্রী বলেন : আবৃ বাক্র আমাকে খুব তিরস্কার করলেন আর, আল্লাহ্র ইচ্ছা, তিনি যা খুশি তাই বললেন। তিনি আমার কোমরে আঘাত দিতে লাগলেন। আমার উরুর উপর আল্লাহর রস্ল ক্রি-এর মাথা থাকায় আমি নড়তে পারছিলাম না। আল্লাহর রস্ল ভিক্র ভোরে উঠলেন, কিন্তু পানি ছিল না। তখন আল্লাহ তা'আলা তায়ামুমের আয়াত নাযিল করলেন। অতঃপর সবাই তায়ামুম করে নিলেন। উসায়দ ইব্নু হুযায়র ক্রিল বলনে : হে আবৃ বাক্রের পরিবারবর্গ! এটাই আপনাদের প্রথম বরকত নয়। 'আয়িশাহ ক্রিল্রী বলেন : তারপর আমি যে উটে ছিলাম তাকে দাঁড় করালে দেখি আমার হারখানা তার নীচে পড়ে আছে। (৩০৬, ৩৬৭২, ৩৭৭৩, ৪৫৮৩, ৪৬০৭, ৪৬০৮, ৫১৬৪, ৫২৫০, ৫৮৮২, ৬৮৪৪, ৬৮৪৫; মুসলিম ৩/২৮, হাঃ ৩৬৭, আহমাদ ২৫৫১০) (আ.প্র. ৩২২, ই.ফা. ৩২৭)

٣٣٥. حَرَثُنَا مُحَمَّدُ بَنُ سِنَانِ هُوَ الْعَوَقِيُّ قَالَ حَدَّثَنَا هُشَيْمٌ قَالَ ح و حَدَّثَنِي سَعِيدُ بَنُ النَّضِرِ قَالَ أَخْبَرَنَا مُشَيْمٌ قَالَ أَخْبَرَنَا حَبِرُ بَنُ عَبْدِ اللهِ أَنْ النَّبِيَّ أَخْبَرَنَا هُشَيْمٌ قَالَ أَخْبَرَنَا حَابِرُ بَنُ عَبْدِ اللهِ أَنْ النَّبِيَّ أَخْبَرَنَا مُشَيْمٌ قَالَ أَخْبَرَنَا حَابِرُ بَنُ عَبْدِ اللهِ أَنْ النَّبِيَّ أَخْبَرَنَا مُشَيْرَةً سَهْرٍ وَجُعِلَتَ لِي الْأَرْضُ مَسْحِدًا فَاللَّهُ قَالَ أَعْطِيتُ حَمْسًا لَمْ يُعْطَهُنَّ أَحَدُ قَبْلِي نُصِرْتُ بِالرُّعْبُ مَسِيرَةً شَهْرٍ وَجُعِلَتَ لِي الْأَرْضُ مَسْحِدًا وَطَهُورًا فَأَيْمًا رَجُلٍ مِنْ أُمَّتِي أَذْرَكَتُهُ الصَّلاَةُ فَلْيُصَلِّ وَأُحلَّتَ لِي الْمَغَانِمُ وَلَمْ تَحِلُ لِأَحَدُ قَبْلِي وَأَعْطِيتُ وَلَعْمُ اللهِ اللهِ اللهِ اللهِ اللهُ اللهِ اللهُ اللهِ اللهِ اللهُ اللهِ اللهُ اللهِ اللهِ اللهُ اللهِ اللهُ اللهُ اللهِ اللهُ اللهِ اللهُ اللهُ اللهِ اللهُ اللهُ اللهِ اللهُ اللهُ اللهِ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهِ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهِ اللهُ اللهِ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهِ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهِ اللهُ اللهُ اللهِ اللهُ اللهِ اللهُ اللهِ اللهُ ا

৩৩৫. জাবির ইব্নু 'আবদুল্লাহ ( হতে বর্ণিত। নাবী হতে বর্ণেন: আমাকে এমন পাঁচটি বিষয় দান করা হয়েছে, যা আমার পূর্বে কাউকেও দেওয়া হয়নি। (১) আমাকে এমন প্রভাব দিয়ে সাহায্য করা হয়েছে যে, একমাস দূরত্বেও তা প্রতিফলিত হয়; (২) সমস্ত যমীন আমার জন্য পবিত্র ও সলাত আদায়ের উপযোগী করা হয়েছে। কাজেই আমার উদ্মতের যে কোন লোক ওয়াক্ত হলেই সলাত আদায় করতে পারবে; (৩) আমার জন্য গানীমাতের মাল হালাল করে দেওয়া হয়েছে, যা আমার পূর্বে আর কারো জন্য হালাল করা হয়নি; (৪) আমাকে (ব্যাপক) শাফা'আতের অধিকার দেয়া হয়েছে; (৫) সমস্ত নাবী প্রেরিত হতেন কেবল তাঁদের সম্প্রদায়ের জন্য, আর আমাকে প্রেরণ করা হয়েছে সমগ্র মানব জাতির জন্য। (৪৩৮, ৩১২২; মুসলিম ৫/১, য়ঃ ৫২১ আহমাদ ১৪২৬৮) (আ.গ্র. ৩২৩, ই.ফা. ৩২৮)

। بَابِ إِذَا لَمْ يَجِدُ مَاءً وَلاَ تُوابًا. 7/V 9/2. অধ্যায় : পানি ও মাটি না পাওয়া গেলে ।

٣٣٦. صرشا زَكَرِيَّاءُ بَنُ يَحْيَى قَالَ حَدَّثَنَا عَبْدُ اللهِ بَنُ نُمَيْرِ قَالَ حَدَّثَنَا هِشَامُ بَنُ عُرُوةَ عَنْ أَبِيهِ عَــنَ عَائِشَةَ أَنَهَا اسْتَعَارَتْ مِنْ أَسْمَاءَ قِلَادَةً فَهَلَكَتْ فَبَعَثَ رَسُولُ اللهِ ﷺ رَجُلاً فَوَجَدَهَا فَــاَدْرَكَتَهُمْ الصَّــلاَةُ وَلَيْسَ مَعَهُمْ مَاءٌ فَصَلَّوْا فَشَكَوْا ذَلِكَ إِلَى رَسُولِ اللهِ ﷺ فَأَنْزَلَ اللهُ آيَةَ النَّيَمُ مِ فَقَالَ أُسَيْدُ بَنُ حُضَيْرٍ لِعَائِشَةَ جَزَاكِ اللهُ خَيْرًا فَوَاللهِ مَا نَزَلَ بِكَ أَمْرٌ تَكْرَهِينَهُ إِلاَّ جَعَلَ اللهُ ذَلك لَك وَللْمُسْلَمِينَ فِيه خَيْرًا.

৩৩৬. 'আয়িশাহ ক্রিক্স হতে বর্ণিত। তিনি একদা (তাঁর বোন) আসমা ক্রিক্স-এর হার ধার করে নিয়ে গিয়েছিলেন। (পথিমধ্যে) হারখানা হারিয়ে গেল। আল্লাহর রসূল ক্রিক্স সেটির অনুসন্ধানে লোক পাঠালেন। তিনি হারটি এমন সময় পেলেন, যখন তাঁদের সলাতের সময় হয়ে গিয়েছিল অথচ তাঁদের কাছে পানি ছিল না। তাঁরা সলাত আদায় করলেন। তারপর বিষয়টি তাঁরা আল্লাহর রসূল ক্রিক্স-এর নিকট বর্ণনা করেন। তখন আল্লাহ্ তা'আলা তায়ামুমের আয়াত অবতীর্ণ করেন। সেজন্য উসায়্দ ইব্নু হয়য়য়য় র্বার্র 'আয়িশাহ ক্রিক্স-কে লক্ষ্য করে বললেন। আল্লাহ্ আপনাকে উত্তম প্রতিদান প্রদান করুন। আল্লাহ্র কসম! আপনি যে কোন অপছন্দনীয় অবস্থার মুখোমুখী হয়েছেন, তাতেই আল্লাহ তা'আলা আপনার ও সমস্ত মুসলমানের জন্যে মঙ্গল রেখেছেন। (৩৩৪) (আ.প্র. ৩২৪, ই.ফা. ৩২৯)

٣/٧. بَابِ التَّيَمُّمِ فِي الْحَضَرِ إِذَا لَمْ يَجِدُ الْمَاءَ وَخَافَ فَوْتَ الصَّلاَةِ.

৭/৩. অধ্যায় : মুকীম অবস্থায় পানি না পেলে এবং সলাত ছুটে যাওয়ার আশংকা থাকলে তায়াম্মুম করা।

وَبِهِ قَالَ عَطَاءٌ وَقَالَ الْحَسَنُ فِي الْمَرِيضِ عِنْدَهُ الْمَاءُ وَلاَ يَحِدُ مَنْ يُنَاوِلُهُ يَتَيَمُّمُ

وَأَقْبَلَ ابْنُ عُمَرَ مِنْ أَرْضِهِ بِالْجُرُفِ فَحَضَرَتْ الْعَصْرُ بِمَرْبَدِ النَّعَمِ فَصَلَّى ثُمَّ دَخَلَ الْمَدِينَةَ وَالشَّــمْسُ مُرْتَفَعَةً فَلَمْ يُعدُ.

'আত্মা (রহ.)-এর মতামতও তাই। হাসান বসরী (রহ.) বলেন: যে রোগীর নিকট পানি আছে কিন্তু তার নিকট তা পৌঁছাবার কোন লোক না থাকে, তবে সে তায়ামুম করবে।

ইব্নু 'উমার ( ) তাঁর জরুফ নামক স্থানের জমি হতে ফেরার সময় 'মিরবাদুল গানাম'-এ পৌছলে আসরের সময় হয়ে যায়। তখন তিনি (তায়াম্মুম করে) সলাত আদায় করলেন। পরে তিনি মাদীনা পৌছলেন। তখনো সূর্য উপরে ছিল। কিন্তু তিনি সলাত পুনরায় আদায় করলেন না।

٣٣٧. حرثنا يَحْيَى بْنُ بُكَيْرٍ قَالَ حَدَّنَنَا اللَّيْثُ عَنْ جَعْفَرِ بْنِ رَبِيعَةَ عَنِ الْأَعْرَجِ قَالَ سَمِعْتُ عُمَيْسِرًا مَوْلَى الْبَنِ عَبَّاسٍ قَالَ أَقْبَلْتُ أَنَا وَعَبْدُ اللهِ بْنُ يَسَارٍ مَوْلَى مَيْمُونَةَ زَوْجِ النَّبِيِّ عَلَى حَتَى دَخَلْنَا عَلَى أَبِي جُهَيْمِ مَوْلَى اللهِ عَنْ اللهِ عَنْ اللهِ عَلَى أَبِي جُهَيْمِ الْأَنْصَارِيُّ أَقْبَلَ النَّبِيِّ عَلَى مَنْ نَحْو بِئْرِ حَمَلٍ فَلَقِيّهُ رَجُلً فَسَلَمْ عَلَيْهِ فَلَمْ يَرُدُ عَلَيْهِ النَّبِيُ عَلَيْهِ السَّلامَ.

৩৩৭. আবৃ জুহায়ম 🕽 হতে বর্ণিত। তিনি বলেন: নাবী 😂 মাদীনার কাছে অবস্থিত 'বি'রে জামাল' হতে আসছিলেন। পথিমধ্যে তাঁর সাথে এক ব্যক্তির সাক্ষাত হলো। লোকটি তাঁকে সালাম করলো। নাবী 🥰 জওয়াব না দিয়ে দেয়ালের নিকট অগ্রসর হয়ে তাতে (হাত মেরে) নিজের চেহারা ও হস্তদ্বয় মাস্হ করে নিলেন,তারপর সালামের জবাব দিলেন। (মুসলিম ৩/২৮, হাঃ ৩৬৯ আহমদ ১৭৫৪৯) (আ.প্র. ৩২৫, ই.ফা. ৩৩০)

# ٧/٤. بَابِ الْمُتَيَمِّمُ هَلْ يَنْفُخُ فِيهِمَا.

৭/৪. অধ্যায় : তায়াম্মুমের জন্য মাটিতে হাত মারার পর উভয় হাতে ফুঁ দেয়া।

٣٣٨. عَرْشَا آدَمُ قَالَ حَدَّثَنَا شُعْبَهُ حَدَّثَنَا الْحَكَمُ عَنْ ذَرِّ عَنْ سَعِيدِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبْزَى عَنْ أَبِيهِ قَالَ جَاءَ رَجُلُ إِلَى عُمَرَ بْنِ الْخَطَّابِ فَقَالَ إِنِّي أَحْنَبْتُ فَلَمْ أُصِبْ الْمَاءَ فَقَالَ عَمَّارُ بْنُ يَاسِرِ لِعُمَـرَ بْسِنِ الْخَصَّابِ فَقَالَ عَمَّارُ بُنُ يَاسِرِ لِعُمَـرَ بُسِنِ الْخَصَّابِ أَمَا تَذْكُرُ أَنَا كُنَا فِي سَفَرِ أَنَا وَأَنْتَ فَأَمَّا أَنْتَ فَلَمْ تُصَلِّ وَأَمَّا أَنَا فَتَمَعَّكُتُ فَصَلَّيْتُ فَذَكُرْتُ لِلنَّبِيِّ الْخَطَّابِ أَمَا تَذْكُرُ أَنَا كُنَا فِي سَفَرٍ أَنَا وَأَنْتَ فَأَمَّا أَنْتَ فَلَمْ تُصَلِّ وَأَمَّا أَنَا فَتَمَعَّكُتُ فَصَلَيْتُ فَذَكُرْتُ لِلنَّبِيِّ الْمُعَلِّ وَأَمَّا النَّبِيُّ فَقَالَ النَّبِيُّ فَقَالَ النَّبِيُّ فَقَالَ النَّبِيُّ فَقَالَ النَّبِيُّ عَلَى يَكُفِيكُ هَكَذَا فَصَرَبَ النَّبِيُّ فَقَالَ النَّبِيُّ عَلَى إِنَّانَ يَكُفِيكُ هَكَذَا فَصَرَبَ النَّبِيُّ فَقَالَ النَّبِيُّ عَلَى إِنَّانَ يَكُفِيكُ هَكَذَا فَصَرَبَ النَّبِيُ عَلَى إِلَى عُمْرَاتُ وَلَقَعَ فِيهِمَا ثُمَّ مَسَحَ بِهِمَا وَنَانَ يَكُفِيكُ مَكَذَا فَصَرَبَ النَّبِيُّ فَقَالَ النَّبِيُّ عَلَى إِلَى اللَّهِ عَلَى اللَّهِ عَلَى اللَّهُ وَكُولُونَ وَلَقَعَ فِيهِمَا ثُمَّ مَسَحَ بِهِمَا اللَّهُ وَكُفَلُهُ وَكُفُولُ وَلَعَلَى اللَّهِ اللَّهُ عَلَى اللَّهُ عَلَى اللَّهُ اللَّ

৩৩৮. জনৈক ব্যক্তি 'উমার ইব্নুল খান্তাব — এর নিকট এসে জানতে চাইল : একবার আমার গোসলের দরকার হল অথচ আমি পানি পেলাম না। তখন 'আমার ইব্নু ইয়াসার — 'উমার ইব্নুল খান্তাব — কে বললেন : আপনার কি সেই ঘটনা মনে আছে যে, একদা আমরা দু'জন সফরে ছিলাম এবং দু'জনেরই গোসলের প্রয়োজন দেখা দিল। আপনি তো সলাত আদায় করলেন না। আর আমি মাটিতে গড়াগড়ি দিয়ে সলাত আদায় করলাম। তারপর আমি ঘটনাটি নাবী — এর নিকট বর্ণনা করলাম। তখন নাবী — বললেন : তোমার জন্য তো এতটুকুই যথেষ্ট ছিল— এ বলে নাবী — দু' হাত মাটিতে মারলেন এবং দু'হাতে ফুঁ দিয়ে তাঁর চেহারা ও উভয় হাত মাস্হ করলেন। (৩৩৯, ৩৪০, ৩৪১, ৩৪২, ৩৪৬, ৩৪৭, মুদলিম ৩/২৮, হাঃ ৩৬৮, আহমাদ ১৮৩৫৬) (আ.প্র. ৩২৬, ই.ফা. ৩৩১)

# ٧/٥. بَابِ التَّيَمُّمُ لِلْوَجْهِ وَالْكَفَّيْنِ.

৭/৫. অধ্যায় : মুখমগুলে ও হস্তদ্বয়ে তায়ান্মুম করা।

٣٣٩. **طَرْنَا** حَجَّاجٌ قَالَ أَخْبَرُنَا شُعْبَةُ أَخْبَرَنِي الْحَكَمُ عَنْ ذَرِّ عَنْ سَعِيدِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبْــزَى عَنْ أَبِيهِ قَالَ عَمَّارٌ بِهَذَا وَضَرَبَ شُعْبَةُ بِيَدَيْهِ الْأَرْضَ ثُمَّ أَدْنَاهُمَا مِنْ فِيهِ ثُمَّ مَسَحَ بِهِمَا وَجْهَةُ وَكَفَّيْهِ

<sup>\*</sup> অত্র হাদীস দ্বারা একবার পবিত্র মাটিতে হাত মারার কথা প্রমাণিত হয়। অথচ হানাফী বিদ্বানগণ তায়ামুমের জন্য দু'বার মাটিতে হাত মারার কথা ফিকহের কিতাবে উল্লেখ করেছেন। এমন কোন মারফু' হাদীস নেই যদ্দ্বারা দু'বার হাত মারা প্রমাণিত হতে পারে। রাবী বিন বদর কর্তৃক বর্ণিত হাদীসের দ্বারাই হানাফী বিদ্বানগণ দু'বার হাত মারা ও কনুই পর্যন্ত মাস্হ করার কথা উল্লেখ করে থাকেন। কিন্তু ইমাম বায়হাকী এ রাবীকে দুর্বল বলেছেন, ইমাম নাসায়ী ও দারাকুতনী তাকে মাতককুল হাদীস বলেছেন। এছাড়াও শরহে বিকায়ার ১ম খণ্ডে দু'হাতের কনুই পর্যন্ত মাসহ করার যে সুন্দর পদ্ধতি বর্ণিত তাও সহীহ হাদীস দ্বারা প্রমাণিত নয়। কোন কোন কিতাবে আংটি কিংবা চুড়ি থাকলে নড়িয়ে নেয়ার কথা বলা হয়্নেছে। এও বলা হয়েছে যে, যদি এক গাছি লোম পরিমাণ স্থানও হাতে কিংবা মুখে মুছা না যায় তবে তায়ামুম হবে না। এ সকল কথা প্রমাণহীন ও নবাবিষ্কৃত।

وَقَالَ النَّضْرُ أَخْبَرَنَا شُعْبَةً عَنِ الْحَكَمِ قَالَ سَمِعْتُ ذَرًّا يَقُولُ عَنْ ابْنِ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبْزَى قَالَ الْحَكَمُ وَقَدْ سَمِعْتُهُ مِنْ ابْنِ عَبْدِ الرَّحْمَنِ عَنْ أَبِيهِ قَالَ قَالَ عَمَّارٌ.

৩৩৯. 'আম্মার (ক্লা-ও এ কথা (যা পূর্বের হাদীসে বর্ণনা করা হয়েছে তা) বর্ণনা করেছেন। শু'বাহ (রহ.) নিজের হস্তদ্বয় মাটিতে মেরে মুখের নিকট নিলেন (ফুঁ দিলেন)। তারপর নিজের চেহারা ও উভয় হাত মাস্হ করলেন। নাযর (রহ.) শু'বাহ (রহ.) সূত্রে অনুরূপ বর্ণনা করেন। (৩৩৮) (আ.প্র. ৩২৭, ই.ফা. ৩৩২)

٣٤٠. **صرَّنَا** سُلَيْمَانُ بْنُ حَرْبِ قَالَ حَدَّنَنَا شُغْيَةُ عَنِ الْحَكَمِ عَنْ ذَرِّ عَنْ ابْنِ عَبْدِ الرَّحْمَٰنِ بْنِ أَبْـــزَى عَنْ أَبيه أَنَّهُ شَهدَ عُمَرَ وَقَالَ لَهُ عَمَّارٌ كُنَّا في سَريَّة فَأَجْنَبْنَا وَقَالَ تَفَلَ فيهمًا.

٣٤١. صر أن مُحَمَّدُ بْنُ كَثِيرٍ أَخْبَرَنَا شُعْبَةُ عَنِ الْحَكَمِ عَنْ ذَرَّ عَنْ ابْنِ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبْزَى عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبْزَى عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبْزَى قَالَ عَمَّارُ لِعُمَرَ تَمَعَّكْتُ فَأَتْيَتُ النَّبِيِّ ﷺ فَقَالَ يَكُفِيكَ الْوَحْةَ وَالْكَفَّيْنِ.

৩৪১. 'আবদুর রহমান ( হেত বর্ণিত। তিনি বলেন: 'আম্মার ( উমার ( কে)-কে বলেছিলেন: আমি (তায়াম্মুমের জন্য) মাটিতে গড়াগড়ি দিলাম। পরে নাবী ( এ৯-এর নিকট গেলাম। তখন তিনি বলেছিলেন: চেহারা ও হাত দু'টো মাস্হ করাই তোমার জন্য যথেষ্ট। (৩৩৮) (আ.প্র. ৩২৯, ই.কা. ৩৩৪)

٣٤٢. حَدَّثَنَا مُسْلِمٌ حَدَّثَنَا شُعْبَةُ عَنِ الْحَكَمِ عَنْ ذَرِّ عَنْ ابْنِ عَبْدِ الرَّحْمَنِ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بَنِ أَبْزَى قَالَ شَهدْتُ عُمَرَ فَقَالَ لَهُ عَمَّارٌ وَسَاقَ الْحَديثَ.

৩৪২. 'আবদুর রহমান 📺 হতে বর্ণিত। তিনি বলেন, আমি 'উমার 🚌 -এর নিকট উপস্থিত ছিলাম, 'আম্মার 🚌 তাঁকে বললেন,.....এরপর রাবী পূর্বের হাদীসটি বর্ণনা করেন। (৩৩৮) (আ.প্র. নাই, ই.ফা. ৩৩৫)

٣٤٣. **صرتنا** مُحَمَّدُ بْنُ بَشَّارٍ قَالَ حَدَّثَنَا غُنْدَرٌ حَدَّثَنَا شُعْبَةُ عَنِ الْحَكَمِ عَنْ ذَرِّ عَنْ ابْنِ عَبْدِ الرَّحْمَنِ بَنِ أَبْزَى عَنْ أَبِيهِ قَالَ قَالَ عَمَّارٌ فَضَرَبَ النَّبِيُّ ﷺ بِيدِهِ الْأَرْضَ فَمَسَحَ وَجُهَهُ وَكَفَّيْهِ.

৩৪৩. ইবনু 'আবদুর রহমান ইব্নু আব্যা তাঁর পিতা ('আবদুর রহমান) হতে বর্ণনা করেন যে, 'আন্মার 🚍 বলেছেন : নাবী 🚎 মাটিতে হাত মারলেন এবং তাঁর চেহারা ও হস্তদ্বয় মাস্হ করলেন। (৩৩৮) (আ.প্র. ৩৩০, ই.ফা. ৩৩৬)

# ٦/٧. بَابِ الصَّعيدُ الطَّيّبُ وَضُوءُ الْمُسْلِمِ يَكُفِيهِ مِنَ الْمَاءِ

৭/৬. অধ্যায় : পবিত্র মাটি মুসলমানদের উয়্র পানির স্থলবর্তী। পবিত্রতার জন্য পানির পরিবর্তে এটাই যথেষ্ট।

وَقَالَ الْحَسَنُ يُحْزِئُهُ التَّيَمُّمُ مَا لَمْ يُحْدِثُ وَأَمَّ ابْنُ عَبَّاسٍ وَهُوَ مُتَيَمِّمُ وَقَالَ يَحْيَى بْنُ سَعِيدٍ لاَ بَأْسَ بِالصَّلاَةِ عَلَى السَّبَحَة وَالتَّيَمُّم بِهَا.

হাসান (রহ.) বলেন : হাদাস না হওয়া পর্যন্ত তার জন্য তায়াম্মুমই যথেষ্ট। ইব্নু 'আব্বাস 🚌 তাযাম্মুম করে ইমামত করেছেন। ইয়াহ্ইয়া ইব্নু সা'ঈদ (রহ.) বলেন : লোনা ভূমিতে সলাত আদায় করা বা তাতে তায়াম্মুম করায় কোন বাধা নেই।

٣٤٤. ص*رثنا* مُسَدَّدٌ قَالَ حَدَّثَني يَحْيَى بْنُ سَعيد قَالَ حَدَّثَنَا عَوْفٌ قَالَ حَدَّثَنَا أَبُو رَجَاءِ عَنْ عِمْــرَانَ قَالَ كُنَّا فِي سَفَرٍ مَعَ النَّبِيِّ ﷺ وَإِنَّا أَشَرَيْنَا حَتَّى كُنَّا فِي آخِرِ اللَّيْلِ وَقَعْنَا وَقَعَةً وَلاَ وَقَعَةً أَحْلَى عَنْدَ الْمُسَافِرِ مِنْهَا فَمَا أَيْقَظَنَا إِلاَّ حَرُّ الشَّمْسِ وَكَانَ أَوَّلَ مَنْ اسْتَيْقَظَ فُلاَنَّ ثُمَّ فُلاَنَّ يُسَمِّيهِمْ أَبُو رَحَاءِ فَنَسيي مَا يَحْدُثُ لَهُ في نَوْمه فَلَمَّا اسْتَيْقَظَ عُمَرُ وَرَأَى مَا أَصَابَ النَّاسَ وَكَانَ رَجُلاً جَليدًا فَكَبَّرَ وَرَفَـــعَ صَـــوْتَهُ بِالتَّكْبِيرِ فَمَا زَالَ يُكَبِّرُ وَيَرْفَعُ صَوْتَهُ بِالتَّكْبِيرِ حَتَّى اسْتَيْقَظَ بِصَوْتِهِ النَّبِيُّ ﷺ فَلَمَّا اسْتَيْقَظَ شَكُوا إلَيْهِ الَّــذي أَصَابَهُمْ قَالَ لاَ ضَيْرَ أَوْ لاَ يَصِيرُ ارْتَحِلُوا فَارْتَحَلَ فَسَارَ غَيْرَ بَعِيد ثُمَّ نَزَلَ فَدَعَا بِالْوَضُوء فَتَوَضَّــاً وَنُـــوديَ بِالصَّلاَةِ فَصَلَّى بِالنَّاسِ فَلَمَّا انْفَتَلَ مِنْ صَلاَتِهِ إِذَا هُوَ بِرَجُلِ مُعْتَزِلِ لَمْ يُصَلّ مَعَ الْقَوْمِ قَالَ مَا مَنَعَكَ يَا فُلاَنُ أَنْ تُصَلِّيَ مَعَ الْقَوْمِ قَالَ أَصَابَتْنِي جَنَابَةً وَلاَ مَاءَ قَالَ عَلَيْكَ بِالصَّعِيدِ فَإِنَّهُ يَكُفيكَ ثُمَّ سَارَ النَّبِيُّ ﷺ فَاشْتَكَى إَلَيْهِ النَّاسُ مِنَ الْعَطَشِ فَنَزَلَ فَدَعَا فُلاَنًا كَانَ يُسَمِّيهِ أَبُو رَجَاءٍ نَسيَهُ عَوْفٌ وَدَعَا عَلَيًّا فَقَالَ اذْهَبَا فَابْتَغَيَا الْمَاءَ فَانْطَلَقًا فَتَلَقُّنَا امْرَأَةً بَيْنَ مَزَادَتَيْنِ أَوْ سَطِيحَتَيْنِ مِنْ مَاءِ عَلَى بَعِيرِ لَهَا فَقَالاً لَهَا أَيْنَ الْمَاءُ قَالَت عَهْدي بِالْمَاءِ أَمْسِ هَذِهِ السَّاعَةَ وَنَفَرُنَا خُلُوفًا قَالاَ لَهَا انْطَلِقِي إِذًا قَالَتْ إِلَى أَيْنَ قَالاً إِلَى رَسُولِ اللهِ ﷺ قَالَتْ الَّذِي يُقَالُ لَهُ الصَّابِئُ قَالاً هُوَ الَّذِي تَعْنِينَ فَانْطَلِقِي فَحَاءًا بِهَا إِلَى النَّبِيِّ ﷺ وَحَدَّثَاهُ الْحَديثَ قَالَ فَاسْــتَنْزَلُوهَا عَـــنْ بَعِيرِهَا وَدَعَا النَّبِيُّ ﷺ بِإِنَاءِ فَفَرَّغَ فِيهِ مِنْ أَفْوَاهِ الْمَزَادَتَيْنِ أَوْ سَطِيحَتَيْنِ وَأَوْكَأَ أَفْوَاهَهُمَا وَأَطْلَــقَ الْعَزَالِــيَ وَنُودِيَ فِي النَّاسِ اشْقُوا وَاسْتَقُوا فَسَقَى مَنْ شَاءَ وَاسْتَقَى مَنْ شَاءَ وَكَانَ آخِرُ ذَاكَ أَنْ أَعْطَى الَّذِي أَصَابَتْهُ الْجَنَابَةُ إِنَاءً منْ مَاء قَالَ اذْهَبْ فَأَفْرغَهُ عَلَيْكَ وَهِيَ قَائمَةٌ تَنْظُرُ إِلَى مَا يُفْعَلُ بِمَائِهَا وَايْمُ اللهِ لَقَدْ أُقْلِعَ عَنْهَا

وَإِنَّهُ لَيُحَيَّلُ إِلَيْنَا أَنَهَا أَشَدُ مِلْأَةً مِنْهَا حِينَ ابْتَدَأَ فِيهَا فَقَالَ النَّبِيُ اللَّهِ اَجْمَعُوا لَهَا فَجَعُلُوهَا فِي ثَوْبِ وَحَمَلُوهَا عَلَى بَعِيرِهَا وَوَضَعُوا النَّوْبَ بَيْنَ يَدَيْهَا وَدَقِيقَة وَسَوِيقَة حَتَّى جَمَعُوا لَهَا طَعَامًا فَجَعَلُوهَا فِي ثَوْبِ وَحَمَلُوهَا عَلَى بَعِيرِهَا وَوَضَعُوا النَّوْبَ بَيْنَ يَدَيْهَا قَالَ لَهُ الْعَالَمِينُ مَا رَزِئْنَا مِنْ مَائِكَ شَيْعًا وَلَكِنَّ اللهَ هُوَ اللّهِ يَا اللّهُ عَلَى اللّهَ الصَّاعِئُ فَفَعَلَ كَذَا وَكَدَا اللّهُ عَبَسَكَ يَا فُلاَنَةً قَالَتَ الْعَجَبُ لَقِينِي رَجُلَان فَذَهَبَا بِي إِلَى هَذَا الّذِي يُقَالُ لَهُ الصَّاعِئُ فَفَعَلَ كَذَا وَكَدَا وَكَدَا وَكَدَا وَكَدَا اللّهُ إِنَّهُ لَأَسْحَرُ النَّاسِ مِنْ بَيْنِ هَذِهِ وَقَالَتْ بِإِصَبَعْيَهَا الْوُسُطَى وَالسَّبَّابَةِ فَرَفَعَتْهُمَا إِلَى السَّمَاءِ تَعْنِسِي فَوَاللّهُ إِنَّهُ لَأَسْحَرُ النَّاسِ مِنْ بَيْنِ هَذِهِ وَقَالَتْ بِإِصْبَعْيَهَا الْوُسُطَى وَالسَّبَّابَةِ فَرَفَعَتْهُمَا إِلَى السَّمَاءِ تَعْنِسِي فَوَاللّهُ إِنَّهُ لَأَرْضَ أَوْ إِنَّهُ لَرَسُولُ اللهَ حَقًا فَكَانَ الْمُسْلَمُونَ بَعْدَ ذَلِكَ يُعْيَرُونَ عَلَى مَنْ حَوْلَهَا مِنَ الْمُشْرَكِينَ السَّمَاءَ وَالْأَرْضَ أَوْ إِنَّهُ لَرَسُولُ اللهَ حَقًا لَتَ يَوْمًا لِقَوْمِهَا مَا أَرَى أَنَّ هَوُلُكَ يُعْرُونَ عَلَى مَنْ حَوْلَهَا مِنَ الْمُسْلِكُم وَلَا السَّاعِينَ فِرْقَعْ مَنْ عَيْرُهِ وَقَالَ أَبُو عَبْدَ اللهِ صَبَأَ خَرَجَ مِنْ دِينٍ إِلَى غَيْرِهِ وَقَالَ أَبُو الْعَالِيسَةِ السَّاعِينَ فِرْقَةً مِنْ أَهُل الكَتَابِ يَقَرَعُونَ الزَّبُورَ.

৩৪৪. 'ইমরান 🚌 হতে বর্ণিত। তিনি বলেন: আমরা নাবী 🚎 - এর সঙ্গে এক সফর্রে ছিলাম। আমরা রাতে চলতে চলতে শেষরাতে এক স্থানে ঘুমিয়ে পড়লাম। মুসাফিরের জন্যে এর চেয়ে মধুর ঘুম আর হতে পারে না। (আমরা এমন ঘোর নিদ্রায় নিমগ্ন ছিলাম যে,) সূর্যের উত্তার্প ছাড়া অন্য কিছু আমাদের জাগাতে পারেনি। সর্বপ্রথম জাগলেন অমুক, তারপর অমুক, তারপর অমুক। (রাবী) আবূ রাজা (রহ.) তাঁদের সবার নাম নিয়েছিলেন কিন্তু 'আওফ (রহ.) তাঁদের নাম মনে রাখতে পারেন নি। চতুর্থবারের জেগে উঠা ব্যক্তি ছিলেন 'উমার ইব্নুল খাত্তাব 🚌 । নাবী 쯪 ঘুমালে আমরা কেউ তাঁকে জাগাতাম না, যতক্ষণ না তিনি নিজেই জেগে উঠতেন। কারণ নিদ্রাবস্থায় তাঁর উপর কী অবতীর্ণ হচ্ছে তা তো আমাদের জানা নেই ৷ 'উমার 🚌 জেগে মানুষের অবস্থা দেখলেন, আর তিনি ছিলেন দৃঢ়চিত্ত ব্যক্তি-উচ্চৈঃশ্বরে তাকবীর বলতে আরম্ভ করলেন। তিনি ক্রমাগত উচ্চৈঃশ্বরে তাকবীর বলতে থাকলেন। এমন কি তাঁর শব্দে নাবী 🚝 জেগে উঠলেন। তখন লোকেরা তাঁর নিকট ওজর পেশ করলো। তিনি বললেন: কোন ক্ষতি নেই বা বললেন : কোন ক্ষতি হবে না। এখান হতে চল। তিনি চলতে লাগলেন। কিছু দূর গিয়ে থামলেন। উযূর পানি আনালেন এবং উযু করলেন। সলাতের আযান দেয়া হলো। তিনি লোকদের নিয়ে সলাত আদায় করলেন। সলাত শেষে দেখলেন, এক ব্যক্তি আলাদা দাঁড়িয়ে আছেন। তিনি লোকদের সাথে সলাত আদায় করেন নি। নাবী 🚎 তাকে জিজ্ঞেস করলেন : হে অমুক! তোমাকে লোকদের সাথে সলাত আদায় করতে কিসে বিরত রাখলো? তিনি বললেন : আমার উপর গোসল ফার্য হয়েছে। অথচ পানি নেই। তিনি বললেন : পবিত্র মাটি নাও (তায়াম্মুম কর), এটাই তোমার জন্য যথেষ্ট। নাবী 🚎 পুনরায় সফর শুরু করলেন। লোকেরা তাঁকে পিপাসার কষ্ট জানালো। তিনি অবতরণ করলেন, তারপর অমুক ব্যক্তিকে ডাকলেন। (রাবী) আবূ রাজা' (রহ.) তাঁর নাম উল্লেখ করেছিলেন কিন্তু 'আওফ (রহ.) তা ভুলে গেছেন। তিনি 'আলী 🚌 কেও ডাকলেন। তারপর উভয়কেই পানি খুঁজে আনতে বললেন। তাঁরা পানির খোঁজে বের হলেন। তাঁরা পথে এক মহিলাকে দুই মশক পানি উটের উপর করে

নিতে দেখলেন। তাঁরা তাকে জিজ্ঞেস করলেন: পানি কোথায়? সে বললো: গতকাল এ সময়ে আমি পানির নিকটে ছিলাম। আমার গোত্র পেছনে রয়ে গেছে। তাঁরা বললেন: এখন আমাদের সঙ্গে চলো। সে বললো : কোথায়? তাঁরা বললেন : আল্লাহর রসূল 🚝 এর নিকট। সে বললো : সেই লোকটির নিকট যাকে সাবি' (ধর্ম পরিবর্তনকারী) বলা হয়? তাঁরা বললেন : হাঁা, তোমরা যাকে এই বলে থাক। আচ্ছা, এখন চল। তাঁরা তাকে নিয়ে আল্লাহর রসূল 😂 এর নিকট এলেন এবং সমস্ত ঘটনা খুলে বললেন। 'ইমরান 🚍 বলেন: লোকেরা স্ত্রীলোকটিকে তার উট হতে নামালেন। তারপর নাবী 🕰 একটি পাত্র আনতে বললেন এবং উভয় মশকের মুখ খুলে তাতে পানি ঢাললেন এবং সেগুলোর মুখ বন্ধ করে দিলেন। তারপর সে মশকের নীচের মুখ খুলে দিয়ে লোকদের মধ্যে পানি পান করার ও জন্তু-জানোয়ারকে পানি পান করানোর ঘোষণা দিয়ে দিলেন। তাঁদের মধ্যে যার ইচ্ছা পানি পান করলেন ও জন্তুকে পান করালেন। অবশেষে যে ব্যক্তির গোসলের দরকার ছিল, তাকেও এক পাত্র পানি দিয়ে নাবী 🚎 বললেন : এ পানি নিয়ে যাও এবং গোসল সার। ঐ মহিলা দাঁড়িয়ে দেখছিল যে, তার পানি নিয়ে কী করা হচ্ছে। আল্লাহ্র কসম! যখন তার হতে পানি নেয়া শেষ হ'ল তখন আমাদের মনে হ'ল, মশকগুলো পূর্বাপেক্ষা অধিক ভর্তি। তারপর নাবী 🚎 বললেন : মহিলার জন্যে কিছু একত্র কর। লোকেরা মহিলার জন্যে আজওয়া (বিশেষ খেজুর), আটা ও ছাতু এনে একত্র করলেন। যখন তাঁরা উল্লেখযোগ্য পরিমাণ খাদ্যসাম্গ্রী জমা করলেন, তখন তা একটা কাপড়ে বেঁধে মহিলাকে উটের উপর সওয়ার করালেন এবং তার সামনে কাপড়ে বাঁধা গাঁঠরিটি রেখে দিলেন। আল্লাহর রসূল 🚎 বললেন : তুমি জান যে, আমরা তোমার পানি মোটেই কম করিনি ; বরং আল্লাহ তা'আলাই আমাদের পানি পান করিয়েছেন। অতঃপর সে তার পরিজনের নিকট ফিরে গেল। তার বেশ দেরী হয়েছিল। পরিবারের লোকজন তাকে জিজ্ঞেস করলো, হে অমুক! তোমার এত দেরী হল কেন? উত্তরে সে বলল : একটি আশ্চর্যজনক ঘটনা! দু'জন লোকের সাথে আমার দেখা হয়েছিল। তারা আমাকে সেই লোকটির নিকট নিয়ে গিয়েছিল, যাকে সাবি বলা হয়। আর সেখানে সে এসব করল। এ বলে সে মধ্যমা ও তর্জনী আঙুল দিয়ে আসমান ও যমীনের দিকে ইঙ্গিত করে বলল, আল্লাহ্র কসম! সে এ দু'টির মধ্যে সবচেয়ে বড় জাদুকর, নয় তো সে বাস্ত বিকই আল্লাহ্র রসুল। এ ঘটনার পর মুসলিমরা ঐ মহিলার গোত্রের আশপাশের মুশরিকদের উপর হামলা করতেন কিন্তু মহিলার সাথে সম্পর্কযুক্ত গোত্রের কোন ক্ষতি করতেন না। একদা মহিলা নিজের গোত্রকে বলল :

وَيُذْكَرُ أَنَّ عَمْرَو بَنَ الْعَاصِ أَجْنَبَ فِي لَيْلَةٍ بَارِدَةٍ فَتَيَمَّمَ وَتَلاَ ﴿ وَلاَ تَقْتُلُوا أَنْفُسَكُمْ إِنَّ اللَّهَ كَانَ بِكُمْ رَحِيمًا ﴾ فَذَكَرَ للنَّبِي ﷺ فَلَمْ يُعَنَّفُ.

বর্ণিত আছে যে, এক শীতের রাতে 'আমার ইব্নু'ল 'আস্ ( রুনুবী হয়ে পড়লে তায়ামুম করলেন। আর (এ প্রসঙ্গে) তিনি এই আয়াত তিলাওয়াত করলেন: "তোমরা নিজেদের হত্যা করো না, নিশ্চয়ই আল্লাহ তোমাদের প্রতি পরম দয়ালু" – (স্রাহ্ আন-নিসা ৪/২৯)। অতঃপর নাবী ক্লিট্র-এর নিকট বিষয়টির উল্লেখ করা হলে তিনি তাকে দোষারোপ করেননি।

٣٤٥. **طَرَثُنَا** بِشَرُ بَنُ خَالِد قَالَ حَدَّثَنَا مُحَمَّدُ هُوَ غُنْدَرُ أَخْبَرَنَا شُعْبَةُ عَنْ سُلَيْمَانَ عَنْ أَبِي وَائِلِ قَسَالَ قَالَ أَبُو مُوسَى لِعَبْدَ اللهِ لَوْ رَخَّصْتُ لَهُمْ فِي هَذَا كَسَانَ قَالَ عَبْدُ اللهِ لَوْ رَخَّصْتُ لَهُمْ فِي هَذَا كَسَانَ إِذَا وَجَدَ أَجَدُهُمْ الْبَرْدَ قَالَ هَكَذَا يَعْنِي تَيَمَّمَ وَصَلَّى قَالَ قُلْتُ فَأَيْنَ قَوْلُ عَمَّارٍ لِعُمَرَ قَالَ إِنِّي لَمْ أَرَ عُمَرَ قَنِعَ بَقَوْلُ عَمَّارٍ لِعُمَرَ قَالَ إِنِّي لَمْ أَرَ عُمَرَ قَنِعَ بَقَوْلُ عَمَّارٍ لِعُمَرَ قَالَ إِنِّي لَمْ أَرَ عُمَرَ قَنِعَ بَقَوْلُ عَمَّارٍ لِعُمَرَ قَالَ إِنِّي لَمْ أَرَ عُمَرَ قَنِعَ بَقَوْلُ عَمَّارٍ لِعُمَرَ قَالَ إِنِّي لَمْ أَرَ عُمَرَ قَنِعَ بَقَوْلُ عَمَّارٍ لِعُمَرَ قَالَ إِنِّي لَمْ أَرَ عُمَرَ قَنِعَ بَقَوْلُ عَمَّارٍ لِعُمَر

৩৪৫. আবৃ ওয়াইল হাতে বর্ণিত। তিনি বলেন: আবৃ মৃসা হাত 'আবদুল্লাহ ইব্রু মাস'উদ কি জিজ্ঞেস করলেন: (অপবিত্র ব্যক্তি) পানি না পেলে কি সলাত আদায় করবে না? 'আবদুল্লাহ বললেন: হাঁ, আমি একমাসও যদি পানি না পাই তবে সলাত আদায় করবো না। এ ব্যাপারে যদি লোকদের অনুমতি দেই তা হলে তারা একটু শীত বোধ করলেই এরপ করতে থাকবে। অর্থাৎ তায়াম্মুম করে সলাত আদায় করবে। আবৃ মৃসা বললেন: তাহলে 'উমার () এর সামনে 'আমার () এর কথার সভুষ্ট হয়েছেন বলে আমি মনে করি না। (৩৩৮) (আ.প্র. ৩৩২, ই.ফা. ৩৩৮)

٣٤٦. حاثناً عُمَرُ بْنُ حَفْصِ قَالَ حَدَّنَنَا أَبِي قَالَ حَدَّنَنَا الْأَعْمَشُ قَالَ سَمَعْتُ شَقِيقَ بْنَ سَلَمَةً قَــالَ كُثُنتُ عِنْدَ عَبْد اللهِ وَأَبِي مُوسَى فَقَالَ لَهُ أَبُو مُوسَى أَرَأَيْتَ يَا أَبَا عَبْد الرَّحْمَنِ إِذَا أَجْنَبَ فَلَمْ يَجِدَ مَــاءً كَيْفَ يَصْنَعُ فَقَالَ عَبْدُ اللهِ وَمُوسَى فَكَيْفَ تَصْنَعُ بِقَوْلِ عَمَّارِ حِينَ قَالَ لَهُ النَّبِيُ وَهُوسَى فَكَيْفَ تَصْنَعُ بِقَوْلِ عَمَّارِ حِينَ قَالَ لَهُ النَّبِيُ وَهُوسَى فَكَيْفَ تَصْنَعُ بِقَوْلِ عَمَّارِ حَينَ قَالَ لَهُ النَّبِيُ وَهُوسَى فَدَعْنَا مِنْ قَوْلِ عَمَّارِ حَينَ قَالَ لَهُ النَّبِيُ وَهُو كَانَ يَكُفِيكَ قَالَ أَلَمْ تَرَ عُمَرَ لَمْ يَقَنَعُ بِذَلِكَ فَقَالَ أَبُو مُوسَى فَدَعْنَا مِنْ قَوْلِ عَمَّارِ كَيْفَ تَصْنَعُ بَقُولُ عَمَّارِ كَيْفَ تَصْنَعُ بَعْدَ اللهِ فَقَالَ إِنَّا لَوْ رَخَصْنَا لَهُمْ فِي هَذَا لَأُوْشَكَ إِذَا بَرَدَ عَلَى أَحَدِهِمْ الْمَاءُ اللهِ لِهَذَه اللهِ لِهَذَه اللهِ لِهَذَا لَأُوشَكَ إِذَا بَرَدَ عَلَى أَحَدِهِمْ الْمَاءُ أَنْ يَتَكُونُ مَنْ فَقُلْتُ لِشَقِيقِ فَإِنَّمَا كُرِهَ عَبْدُ اللهِ لِهَذَا قَالَ نَعَمْ.

৩৪৬. শাঝীক ইব্নু সালামাহ (রহ.) হতে বর্ণিত। তিনি বলেন: আমি 'আবদুল্লাহ ইব্নু মাস'উদ ও আবৃ মৃসা ()-এর নিকট ছিলাম। তাঁকে আবৃ মৃসা () বললেন: হে আবৃ 'আবদুর রহমান। কেউ অপবিত্র হলে যদি পানি না পায় তবে কী করবে? তখন 'আবদুল্লাহ () বললেন: পানি না পাওয়া পর্যন্ত সলাত আদায় করবে না। আবৃ মৃসা () বললেন: তা হলে 'আমার () এর কথার উত্তরে আপনি কী বলবেন? তাঁকে যে নাবী () বলছিলেন (তায়ামুম করে নেয়া) তোমার জন্যে যথেষ্ট ছিল। 'আবদুল্লাহ

(ইব্নু মাস'উদ) ( বললেন : তুমি দেখ না 'উমার ( ) 'আম্মারের এই কথায় সভুষ্ট ছিলেন না? আব্ মূসা ( ) পুনরায় বললেন 'আম্মারের কথা বাদ দিলেও তায়াম্মুমের আয়াতের কী ব্যাখ্যা করবেন? 'আবদুল্লাহ ( ) এর কোন উত্তর দিতে পারলেন না। তিনি তবুও বললেন : আমরা যদি লোকদের তার অনুমতি দিয়ে দেই তাহলে আশঙ্কা হয়, কারো নিকট পানি ঠাণ্ডা মনে হলেই তায়াম্মুম করবে। রাবী আ'মাশ (রহ.) বলেন : আমি শাকীক (রহ.)-কে প্রশ্ন করলাম, "আবদুল্লাহ ( ) এ কারণে কি তায়ামমুম অপছন্দ করেছিলেন?" তিনি বললেন : হাঁ। (৩৩৮; মুসলিম ৩/২৮, হাঃ ৩৬৮ আহমদ ১৯৫৫৯) (আ.প্র. ৩৩৩, ই.ফা. ৩৩৯)

# ٨/٧. بَابِ التَّيَمُّمُ ضَرْبَةً.

#### ৭/৮. অধ্যায় : তায়াম্মুমের জন্য মাটিতে একবার হাত মারা।

٣٤٧. حرثنا مُحَمَّدُ بَنُ سَلاَمٍ قَالَ أَخْبَرُنَا أَبُو مُعَاوِيَةً عَنِ الْأَعْمَشِ عَنْ شَقِيقِ قَالَ كُثْتُ جَالسًا مَعَ عَبْدِ اللهِ وَأَبِي مُوسَى الْأَشْعَرِيِ فَقَالَ لَهُ أَبُو مُوسَى لَوْ أَنَّ رَجُلاً أَجْنَبَ فَلَمْ يَجِدُ الْمَاءَ شَهْرًا أَمَا كَانَ يَتَيَمَّمُ وَيُصَلِّي فَكَيْفَ تَصْنَعُونَ بِهَذِهِ الْآيَةِ فِي سُورَةِ الْمَاءُ أَنْ يَتَيَمَّمُوا الصَّعِيدُ قُلْتُ وَإِنَّمَا كَرِهْتُمْ هَذَا لَذَا قَالَ عَبْدُ اللهِ لَوْ رُخْصَ لَهُمْ فِي هَذَا لَأُوشَكُوا إِذَا بَرَدَ عَلَيْهِمْ الْمَاءُ أَنْ يَتَيَمَّمُوا الصَّعِيدَ قُلْتُ وَإِنَّمَا كَرِهْتُمْ هَذَا لِذَا قَالَ اللهَ عَلَى اللهُ عَمْدَ اللهُ عَلَى اللهَ عَلَى اللهُ اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ وَمُ مَسَعَ بِهِمَا ظَهْرَ كَفّه بِشَمَالِه أَوْ ظَهْرَ شَمَالِه بِكَفّه ثُمَّ مَسَعَ بِهِمَا ظَهْرَ كَفّه بِشَمَالِه أَوْ ظَهْرَ شَمَالِه بِكَفّه ثُمَّ مَسَعَ بِهِمَا طَهُرَ كَفّه بِشَمَالِه أَوْ ظَهْرَ شَمَالِه بِكَفّه ثُمَّ مَسَعَ بِهِمَا طَهْرَ كَفّه بِشَمَالِه أَوْ ظَهْرَ شَمَالِه بِكَفّه ثُمَّ مَسَعَ بِهِمَا وَجُهَةُ فَقَالَ قِبْدُ اللهِ أَقَلَلُ أَبُو مُوسَى أَلَمْ تَسَعَ بَقَوْلَ عَمَّارٍ وَزَادَ يَعْلَى عَنِ الْأَعْمَشِ عَنَ شَقِيقٍ كُثُتُ مَسَعَ بِهِمَا وَجُهَةً فَقَالَ عَبْدُ اللهِ أَقَلَمْ تَرَعُ عُمْرَ لَمْ يَقَنَعُ بِقُولُ عَمَّارٍ وَزَادَ يَعْلَى عَنِ الْأَعْمَشِ عَنَ شَقِيقٍ كُثُتُ مَسَعَ بِهِمَا وَجُهَةً فَقَالَ عَبْدُ اللهِ أَقَلَمُ تَرَعُ مُ لَمْ يَشَعُعُ قُولُ عَمَّر لِعُمَر إِنَّ رَعُولًا عَمَّارٍ لِعُمْ اللهِ اللهِ اللهُ عَنْ بَعْنَدَى مَنْ اللهُ عَلَيْ بَعْنَدَى مُ اللهُ اللهُ عَنْ اللهُ الل

৩৪৭. শাকীক (রহ.) হতে বর্ণিত। তিনি বলেন: আমি 'আবদুল্লাহ (ইব্নু মাস'উদ) ও আর্থ মূসা আশ'আরী ()-এর সঙ্গে বসা ছিলাম। আবৃ মূসা () 'আবদুল্লাহ ()-কে বললেন: কোন ব্যক্তি জুনুবী হলে সে যদি এক মাস পর্যন্ত পানি না পায়, তা হলে কি সে তায়াম্মুম করে সলাত আদায় করবে না? শাকীক (রহ.) বলেন, 'আবদুল্লাহ () বললেন: একমাস পানি না পেলেও সে তায়াম্মুম করবে না। তখন তাঁকে আবৃ মূসা () বললেন: তাহলে সূরাহ্ মায়িদাহ্র এ আয়াত সম্পর্কে কী করবেন যে, "পানি না পেলে পাক মাটি দিয়ে তায়াম্মুম করবে" (স্রাহ্ আল-মায়দাহ ৫/৬)। 'আবদুল্লাহ () জওয়াব দিলেন, মানুষকে সেই অনুমতি দিলে অবস্থা এমন পর্যায়ে পৌছার সম্ভাবনা রয়েছে যে, সামান্য ঠাণ্ডা লাগলেই লোকেরা মাটি দ্বারা তায়াম্মুম করবে। আমি বললাম: আপনারা এ জন্যেই কি তা অপছন্দ করেন? তিনি

জবাব দিলেন, হাঁ। আবৃ মৃসা বললেন : আপনি কি 'উমার ইব্নু খাত্তাব ()-এর সম্মুখে 'আম্মার )-এর এ কথা শোনেননি যে, আমাকে আল্লাহর রস্ল একটা প্রয়োজনে বাইরে পাঠিয়েছিলেন। সফরে আমি জুনুবী হয়ে পড়লাম এবং পানি পেলাম না। এজন্য আমি জুরুর মত মাটিতে গড়াগড়ি দিলাম। পরে আল্লাহর রস্ল এন এর নিকট ঘটনাটি বর্ণনা করলাম। তখন তিনি বললেন : তোমার জন্য তো এটুকুই যথেষ্ট ছিল— এই বলে তিনি দু' হাত মাটিতে মারলেন, তারপর তা ঝেড়ে নিলেন এবং তা দিয়ে তিনি বাম হাতে ডান হাতের পিঠ মাস্হ করলেন কিংবা রাবী বলেছেন, বাম হাতের পিঠ ডান হাতে মাস্হ করলেন। তারপর হাত দু'টো দিয়ে তাঁর মুখমণ্ডল মাস্হ করলেন। 'আবদুল্লাহ () বললেন : আপনি দেখেন নি যে, 'উমার () 'আম্মার ()-এর কথায় সভুষ্ট হননি? ইয়া'লা () আমান (রহ.) হতে এবং তিনি শান্ধীক (রহ.) হতে আরো বলেছেন যে, তিনি বললেন : আমি 'আবদুল্লাহ () ও আব্ মৃসা ()-এর নিকট হাযির ছিলাম : আবৃ () বলেছিলেন : আপনি 'উমার () হতে 'আম্মারের এ কথা শোনেননি যে, আল্লাহর রস্ল () আমাকে ও আপনাকে বাইরে পাঠিয়েছিলেন। তখন আমি জুনুবী হয়ে গিয়ে মাটিতে গড়াগড়ি দিয়েছিলাম। তারপর আমরা আল্লাহর রস্ল () এর নিকট এসে এ বিষয় তাঁকে জানালাম। তখন তিনি বললেন : তোমার জন্যে এই যথেষ্ট ছিল— এ বলে তিনি তাঁর মুখমণ্ডল ও দু' হাত একবার মাস্হ করলেন? (৩৩৮; মুসলিম ৩/২৮, হাঃ ৩৬৮ আহমদ ১৯৫৫৯) (আ.প্র. ৩৩৪, ই.লা. ৩৪০)

#### ٩/٧. بَاب

#### ৭/৯. অধ্যায় ঃ

٣٤٨. بَابِ حَدَّثَنَا عَبْدَانُ قَالَ أَخْبَرَنَا عَبْدُ اللهِ قَالَ أَخْبَرَنَا عَوْفٌ عَنْ أَبِي رَجَاءِ قَالَ حَدَّثَنَا عِمْرَانُ بَـــنُ عَمْدَ اللهِ عَبْدُ اللهِ قَالَ أَخْبَرَنَا عَوْفٌ عَنْ أَبِي رَجَاءٍ قَالَ حَدَّثَنَا عِمْرَانُ بَــنُ عُمْرَانُ بَــنُ عُمْرَانُ بَــنُ عَمْرَانُ بَعْدَ لِللهِ عَلَيْكَ فِي الْقَوْمِ فَقَالَ يَا فُلاَنُ مَا مَنَعَكَ أَنْ تُصَلِّي فِي الْقَوْمِ فَقَالَ يَا قُلاَنُ مَا مَنَعَكَ أَنْ تُصَلِّي فِي الْقَوْمِ فَقَالَ يَا رَسُولَ اللهِ أَصَابَتْنِي جَنَابَةً وَلاَ مَاءَ قَالَ عَلَيْكَ بِالْصَّعِيدِ فَإِنَّهُ يَكْفِيكَ.

৩৪৮. 'ইমরান ইব্নু হুসায়ন আল-খুযা'ঈ ( বলেছেন যে, আল্লাহর রসূল এক ব্যক্তিকে জামা'আতে সলাত আদায় না করে পৃথক দাঁড়িয়ে থাকতে দেখলেন। তিনি লোকটিকে ডেকে বললেন: হে অমুক! তুমি জামা'আতে সলাত আদায় করলে না কেন? লোকটি বললো: হে আল্লাহ্র রসূল! আমার গোসলের প্রয়োজন হয়েছিল, কিন্তু পানি নেই। তিনি বললেন: তুমি পবিত্র মাটির ব্যবহার (তায়াম্মুম) করবে। তা-ই তোমার জন্য যথেষ্ট। (৩৪৪) (আ.প্র. ৩৩৫, ই.ফা. ৩৪১)

بسُم الله الرَّحْمٰنِ الرَّحِيمِ পরম দর্মালু করুণাময় আল্লাহ্র নামে

٨-كتاب الصلاة.পর্ব (৮) : সলাত

١/٨. بَابِ كَيْفَ فُرِضَتْ الصَّلاَةُ فِي الإِسْرَاءِ ١/٨. بَابِ كَيْفَ فُرِضَتْ الصَّلاَةُ فِي الإِسْرَاءِ هـ/٤. অধ্যায় : ইসরা\* মি'রাজে কীভাবে সলাত ফার্য হলো?

وَقَالَ ابْنُ عَبَّاسٍ حَدَّثَنِي أَبُو سُفَيَانَ فِي حَدِيثِ هِرَقَلَ فَقَالَ يَأْمُرُنَا يَعْنِي النَّبِيَّ ﷺ بِالصَّلاَةِ وَالصِّدْقِ وَالْعَفَاف.

ইবনু 'আব্বাস ( বেলন : আমার নিকট আবৃ সুফ্ইয়ান ইব্নু হারব ( হিরাকল-এর হাদীসে বর্ণনা করেছেন। তাতে তিনি এ কথা বলেছেন যে, নাবী হিন্তু আমাদেরকে সলাত, সত্যবাদিতা ও চারিত্রিক পবিত্রতার নির্দেশ দিয়েছেন।

٣٤٩. حَلَّمُنا يَحْيَى بَنُ بُكَيْرِ قَالَ حَدَّنَا اللَّيْثُ عَنْ يُونُسَ عَنْ ابْنِ شِهَابِ عَنْ أَنْسِ بْنِ مَالِكُ قَالَ كَانَ أَبُو ذَرِّ يُحَدِّثُ أَنَّ رَسُولَ اللهِ فَلَيْ قَالَ فُرِجَ عَنْ سَقْفِ بَيْتِي وَأَنَا بِمَكَّةً وَيَعَالُنَا فَأَفْرَعَهُ فِي صَدْرِي ثُمَّ أَطْبَقَهُ ثُسمَّ أَخَسَدُ غَسَلُهُ بِمَاءِ زَمْزَمَ ثُمَّ جَاءَ بِطَسْت مِنْ ذَهَبِ مُمْتَلِيْ حَكْمَةً وَإِيمَانًا فَأَفْرَعَهُ فِي صَدْرِي ثُمَّ أَطْبَقَهُ ثُسمَّ أَخَسَدُ عَسَلَهُ بِمَاءِ زَمْزَمَ ثُمَّ جَاءَ بِطَسْت مِنْ ذَهَبِ مُمْتَلِيْ حَكْمَةً وَإِيمَانًا فَأَفْرَعَهُ فِي صَدْرِي ثُمَّ أَطْبَقَهُ ثُسمَّ أَخَسَدُ بَيْدِي فَعَرَجَ بِي إِلَى السَّمَاءِ الدُّنْيَا فَلَمَّا حَثْثُ إِلَى السَّمَاءِ الدُّنْيَا فَالَ مَرْمَ عَلَى السَّمَاءِ الدُّنْيَا فَالَ مَرْمَالُ إِلَيْهِ قَالَ نَعَمْ مَعِي مُحَمَّدٌ وَلِيمَا فَقَالَ أَرْسِلَ إِلَيْهِ قَالَ نَعَمْ فَلَمَّا فَتَحَ عَلَوْنَا السَّمَاءِ الدُّنْيَا فَإِذَا رَجُلٌ قَالَ مَعْفَ أَحَدُ قَالَ نَعَمْ مَعِي مُحَمَّدٌ وَلَيْ فَقَالَ أَرْسِلَ إِلَيْهِ قَالَ نَعَمْ فَلَمَّا فَتَحَ عَلَوْنَا السَّمَاءِ الدُّنْيَا فَإِذَا رَجُلٌ قَاعِدُ عَلَى يَمِينِهِ أَسُودَةً وَعَلَى يَسَارِهِ أَشُودَةً إِذَا نَظَرَ قِبَلَ يَمِينِهِ صَحِكَ وَإِذَا نَظَرَ عَنْ يَمِينِهِ وَشِمَالِهِ نَسَمُ بَنِيهِ فَأَهُلُ النَّيْنِ الصَّالِحِ قُلْتُ لَحِرُيلَ مَنْ هَذَا قَسَالَ هَمُ النَّارِ فَإِذَا لَمُ مَلَ مَنْ عَنْ شَمَالِهِ أَهُمُ النَّارِ فَإِذَا لَعْرَالِهُ الْمَالِودَةُ عَنْ يَمِينِهِ وَشِمَالِهِ نَشَمُ بَنِيهِ فَأَهُلُ النَّيْرِ مِنْهُمُ أَهُلُ الْحَثَّةُ وَالْأَسُودَةُ النَّالِ فَإِذَا لَمَ وَلَا مُؤْلُ مَا قَالَ الْأَوى فَقَالَ لَحَارِنِهَا فَتَحَ قَالَ الْعَلَوْلَ الْمُعَلِي عَنْ السَّمَاءِ الثَّالِ فَالِكُ وَلَا مُؤْلُ مَا قَالَ الْأَوْلُ فَعَتَحَ قَالَ أَنْسُ فَذَكَرَ أَنَّهُ وَجَدَ فِي السَّمَاءِ آدَمَ وَإِذْرِيسَ وَمُوسَى وَعِيسَسَى

<sup>ំ</sup> ইসরা ঃ মুহাম্মাদ 🚰 কর্তৃক রাতের বেলায় সপ্তাকাশ ভ্রমণ।

وَإِبْرَاهِيمَ صَلَوَاتُ اللهِ عَلَيْهِمْ وَلَمْ يُثْبِتْ كَيْفَ مَنَازِلُهُمْ غَيْرَ أَنَّهُ ذَكَرَ أَنَّهُ وَجَدَ آدَمَ فِي السَّمَاءِ الدُّنْيَا وَإِبْرَاهِيمَ فِي السَّمَاء السَّادِسَةِ

قَالَ أَنَسٌ فَلَمَّا مَرَّ جَبْرِيلُ بِالنَّبِي فَقَالَ مَرْحَبًا بِالنَّبِي الصَّالِحِ وَالْأَخِ الصَّالِحِ وَالْأَخِ الصَّالِحِ فَلْتُ مَنْ هَذَا قَالَ هَذَا فَلَ مَنْ هَذَا قَالَ هَذَا فَلَ مَنْ هَذَا قَالَ هَذَا عِيسَى فَقَالَ مَرْحَبًا بِالأَخِ الصَّالِحِ وَالنَّبِي الصَّالِحِ قُلْتُ مَنْ هَذَا قَالَ هَذَا عِيسَى فَقَالَ مَرْحَبًا بِالأَخِ الصَّالِحِ وَالنَّبِي الصَّالِحِ قُلْتُ مَنْ هَذَا قَالَ هَذَا إِبْرَاهِيمُ فَقَالَ مَرْحَبًا بِالنَّبِي الصَّالِحِ وَالنَّبِي الصَّالِحِ قُلْتُ مَنْ هَذَا قِلَ النَّبِي فَقَالَ مَرْحَبًا بِالنَّبِي الصَّالِحِ وَالنَّبِي الصَّالِحِ قُلْتُ مَنْ هَذَا قِلَ النَّبِي فَقَالَ مَرْحَبًا بِالنَّبِي الصَّالِحِ وَالنَّبِي الصَّالِحِ قُلْتُ مَنْ هَذَا وَالنَّبِي قَلْلَ هَذَا إِبْرَاهِيمُ فَقَالَ النَّبِي فَقَالَ اللَّهُ فَقَرَضَ اللهُ عَلَى الْمَسْتُونَ عَلَى اللَّهُ فَقَرَضَ اللهُ عَلَى الْمَعْلَ فَرَضَ اللهُ عَلَى اللهُ اللهُ اللهُ عَلَى اللهُ الْمُسْلِكُ.

৩৪৯. আনাস ইব্নু মালিক ( হতে বর্ণিত। তিনি বলেন: আবৃ যার ( রস্পুল্লাহ হতে বর্ণনা করেন যে, তিনি বলেছেন: আমি মাক্কাহ্য় থাকা অবস্থায় আমার গৃহের ছাদ উনুক্ত করা হ'ল। অতঃপর জিব্রীল (ৠয়) অবতীর্ণ হয়ে আমার বক্ষ বিদীর্ণ করলেন। আর তা যমযমের পানি দ্বারা ধৌত করলেন। অতঃপর হিকমাত ও ঈমানে ভর্তি একটি সোনার পাত্র নিয়ে আসলেন এবং তা আমার বুকের মধ্যে ঢেলে দিয়ে বন্ধ করে দিলেন। অতঃপর হাত ধরে আমাকে দুনিয়ার আকাশের দিকে নিয়ে চললেন। পরে যখন দুনিয়ার আকাশে আসলাম জিব্রীল (ৠয়) আসমানের রক্ষককে বললেন: দরজা খোল। আসমানের রক্ষক বললেন: কে আপনি? জিবরীল (ৠয়) বললেন: আমি জিব্রীল (ৠয়)। (আকাশের রক্ষক) বললেন: আপনার সঙ্গে কেউ রয়েছেন কি? জিব্রীল বললেন: হাঁ মুহাম্মাদ হার রয়েছেন। অতঃপর রক্ষক বললেন: তাকে কি ডাকা হয়েছে? জিবরীল বললেন: হাঁ। অতঃপর যখন আমাদের জন্য দুনিয়ার আসমানকে খুলে দেয়া হল আর আমরা দুনিয়ার আসমানে প্রবেশ করলাম তখন দেখি সেখানে এমন এক ব্যক্তি উপবিষ্ট রয়েছেন যার ডান পাশে অনেকগুলো মানুষের আকৃতি রয়েছে আর বাম পাশে রয়েছে অনেকগুলো মানুষের আকৃতি রয়েছে আর যখন বাম

দিকে তাকাচ্ছেন কাঁদছেন। অতঃপর তিনি বললেন: স্বাগতম ওহে সৎ নাবী ও সৎ সন্তান। আমি (রস্লুল্লাহ) জিব্রীল (ক্ষ্মা)-কে বললাম: কে এই ব্যক্তি? তিনি জবাব দিলেন: ইনি হচ্ছেন আদম (ক্ষমা)। আর তার ডানে বামে রয়েছে তাঁর সন্তানদের রহ। তাদের মধ্যে ডান দিকের লোকেরা জান্নাতী আর বাম দিকের লোকেরা জাহান্নামী। ফলে তিনি যখন ডান দিকে তাকান তখন হাসেন আর যখন বাম দিকে তাকান তখন কাঁদেন। অতঃপর জিব্রীল (ক্ষমা) আমাকে নিয়ে দ্বিতীয় আসমানে উঠলেন। অতঃপর তার রক্ষককে বললেন: দরজা খোল। তখন এর রক্ষক প্রথম রক্ষকের মতই প্রশ্ন করলেন। পরে দরজা খুলে দেয়া হল। আনাস বলেন: আবৃ যার তার ক্রিন্তা করেন যে, তিনি (রস্লুল্লাহ ক্রিমা) আসমানসমূহে আদাম, ইদরীস, মৃসা, 'ঈসা এবং ইব্রাহীম ('আলাইহিমুস্ সালাম)-কে পান। কিন্তু আবৃ যার ক্রিন্তা তাদের স্থানসমূহ নির্দিষ্টভাবে উল্লেখ করেননি। তবে এতটুকু উল্লেখ করেছেন যে, তিনি আদম (ক্রিমা)-কে দুনিয়ার আকাশে এবং ইব্রাহীম (ক্রিমা)-কে ষষ্ঠ আসমানে পান।

আনাস 🚌 বলেন : জিব্রীল () যখন নাবী 🚎কে নিয়ে ইদরীস ()এর নিকট দিয়ে অতিক্রম করেন তখন ইদ্রীস (अधा) বলেন : মারহাবা ওহে সৎ ভাই ও পুণ্যবান নবী। আমি (রস্লুল্লাহ) বললাম : ইনি কে? জিবরীল বললেন : ইনি হচ্ছেন ইদ্রীস (﴿﴿ اللهِ নিকট দিয়ে অতিক্রম করাকালে তিনি বলেন : মারহাবা হে সৎ নাবী ও পুণ্যবান ভাই। আমি বললাম : ইনি কে? জিবরীল বললেন : ইনি মূসা (ﷺ)। অতঃপর আমি 'ঈসা (ﷺ)-এর নিকট দিয়ে অতিক্রম করাকালে তিনি বলেন : মারহাবা হৈ সৎ নাবী ও পুণ্যবান ভাই। আমি বললাম : ইনি কে? জিবরীল (經의) বললেন : ইনি হচ্ছেন 'ঈসা (經의)। অতঃপর আমি ইব্রাহীম (經의)-এর নিকট দিয়ে অতিক্রম করলে তিনি বলেন : মারহাবা হে পুণ্যবান নাবী ও নেক সন্তান। আমি বললাম : ইনি কে? জিবরীল (జ্ఞা) বললেন : ইনি হচ্ছেন ইব্রাহীম (జ্ఞা)। ইব্নু শিহাব বলেন : ইবনু হায্ম (রহ.) আমাকে সংবাদ দিয়েছেন যে, ইবনু 'আব্বাস ও আবৃ হাব্বা আল-আনসারী উভয়ে বলতেন : নাবী 🚎 বলেছেন : অতঃপর আমাকে আরো উপরে উঠানো হল অতঃপর এমন এক সমতল স্থানে এসে আমি উপনীত হই যেখানে আমি লেখার শব্দ শুনতে পাই। ইব্নু হায্ম ও আনাস ইবনু মালিক (🚌) বলেন : রস্লুল্লাহ 😂 বলেছেন : অতঃপর আল্লাহ আমার উম্মাতের উপর পঞ্চাশ ওয়াক্ত সলাত ফার্য করে দেন। অতঃপর তা নিয়ে আমি ফিরে আসি। অবশেষে যখন মূসা (ﷺ)-এর নিকট দিয়ে অতিক্রম করি তখন তিনি বললেন : আল্লাহ তা'আলা আপনার উন্মাতের উপর কী ফার্য করেছেন? আমি বললাম : পঞ্চাশ ওয়াক্ত সলাত ফার্য করেছেন। তিনি বললেন: আপনি আপনার পালনকর্তার নিকট ফিরে যান, কেননা আপনার উম্মাত তা আদায় করতে পারবে না। আমি ফিরে গেলাম। আল্লাহ ডা'আলা কিছু অংশ কমিয়ে দিলেন। আমি মূসা ('আ)-এর নিকট পুনরায় গেলাম আর বললাম : কিছু অংশ কমিয়ে দিয়েছেন। তিনি বললেন : আপনি পুনরায় আপনার রবের নিকট ফিরে যান। কারণ আপনার উম্মাত এটিও আদায় করতে পারবে না। আমি ফিরে গেলাম। তখন আরো কিছু অংশ কমিয়ে দেয়া হলো। আবারও মূসা (ﷺ)-এর নিকট গেলাম, এবারও তিনি বললেন : আপনি পুনরায় আপনার প্রতিপালকের নিকট যান। কারণ আপনার উম্মত এটিও আদায় করতে সক্ষম হবে না। তখন আমি পুনরায় গেলাম, তখন আল্লাহ বললেন : এই পাঁচই (নেকির দিক দিয়ে) পঞ্চাশ (বলে গণ্য হবে)। আমার কথার কোন রদবদল হয় না। আমি পুনরায় 

যান। আমি বললাম : পুনরায় আমার প্রতিপালকের নিকট যেতে আমি লজ্জাবোধ করছি। অতঃপর জিব্রীল (﴿﴿

) আমাকে সিদরাতুল মুনতাহা\* পর্যন্ত নিয়ে গেলেন। আর তখন তা বিভিন্ন রঙে আবৃত ছিল, যার তাৎপর্য আমি অবগত ছিলাম না। অতঃপর আমাকে জান্নাতে প্রবেশ করানো হলে আমি দেখতে পেলাম যে, তাতে রয়েছে মুক্তোমালা আর তার মাটি হচ্ছে কস্তুরী। (১৬৩৬, ৩৩৪২; মুসলিম ১/৭৪, হাঃ ১৬৩, আহমাদ ২১১৯৩) (আ.প্র. ৩৩৬, ই.ফা. ৩৪২)

٣٥٠. حَرَّمُنَا عَبُدُ اللهِ بَنُ يُوسُفَ قَالَ أَخْبَرَنَا مَالِكُ عَنْ صَالِحِ بَنِ كَيْسَانَ عَنْ عُرُوَةَ بَنِ الزُّبَيْسِرِ عَــنَ عَائِشَةً أُمِّ الْمُؤْمِنِينَ قَالَتَ فَرَضَ اللهُ الصَّلاَةَ حِينَ فَرَضَهَا رَكَعَتَيْنِ رَكَعَتَيْنِ فِي الْحَضَرِ وَالسَّفَرِ فَأُقِرَّتُ صَلاَةُ السَّفَرِ وَزِيدَ فِي صَلاَةِ الْحَضَرِ. السَّفَرِ وَزِيدَ فِي صَلاَةٍ الْحَضَرِ.

৩৫০. উম্মূল মু'মিনীন 'আয়িশাহ ক্লক্স্ত্রে হতে বর্ণিত। তিনি বলেন: আল্লাহ তা আলা মুকীম অবস্থায় ও সফরে দু' রাক'আত করে সলাত ফার্য করেছিলেন। পরে সফরের সলাত আগের মত রাখা হয় আর মুকীম অবস্থার সলাত বাড়িয়ে দেয়া হয়। (১০৯০, ৩৯৩৫; মুসলিম ৬/১, হাঃ ৬৮৫) (আ.প্র. ৩৩৭, ই.ফা. ৩৪৩)

## ٢/٨. بَابِ وُجُوبِ الصَّلاَةِ فِي الثِّيَابِ

৮/২. অধ্যায় : সলাত আদায়কালীন সময়ে কাপড় পরিধান করার আবশ্যকতা।

وَقَوْلِ اللهِ تَعَالَى. ﴿ خُذُوا زِينَتَكُمْ عِنْدَ كُلِّ مَسْجِدٍ ﴾ وَمَنْ صَلَّى مُلْتَحِفًا فِي ثَوْبٍ وَاحِدٍ

আল্লাহ্ তা'আলার বাণী : "তোমরা প্রত্যেক সলাতের সময় সুন্দর পরিচ্ছদ পরিধান করবে" – (সূরাহ্ আরাফ ৭/৩১)। এবং এক বস্ত্র শরীরে জড়িয়ে সালাত আদায়কারী প্রসঙ্গ।

وَيُذْكُرُ عَنْ سَلَمَةَ بْنِ الأَكْوَعِ أَنَّ النَّبِيَّ ﷺ قَالَ يَزْرُهُ وَلَوْ بِشَوْكَة فِي إِسْنَادِهِ نَظُرٌ وَمَنْ صَلَّى فِي التَّوْبِ النَّوْبِ النَّوْبِ النَّامِيُّ اللَّهِيَّ النَّوْبِ النَّبِيَّ عُرُّيَانٌ.

সালামাহ ইব্নুল আকওয়া' হতে বর্ণিত যে, নাবী ক্রি বলেছেন: তোমরা জামায় বোতাম লাগিয়ে নাও এমন কি কাঁটা দিয়ে হলেও। এই হাদীসের সনদ সম্পর্কে কথা আছে। যে কাপড় পরে স্ত্রী সহবাস করা হয়েছে তাতে কোন অপবিত্রতা দেখা না গেলে তা পরিধান করে সলাত আদায় করা যায়। আর নাবী ক্রি নির্দেশ দিয়েছেন যে, উলঙ্গ অবস্থায় যেন কেউ বায়তুল্লাহর তাওয়াফ না করে।

٣٥١. حدثنا مُوسَى بْنُ إِسْمَاعِيلَ قَالَ حَدَّثَنَا يَزِيدُ بْنُ إِبْرَاهِيمَ عَنْ مُحَمَّدُ عَنْ أُمِّ عَطِيَّةً قَالَتْ أُمِرْنَا أَنْ نُحْرِجَ الْحُيَّضَ يَوْمَ الْعِيدَيْنِ وَذُواتِ الْحُدُورِ فَيَشْهَدُنَ جَمَاعَةً الْمُسْلِمِينَ وَدَعْوَتُهُمْ وَيَعْتَزِلُ الْحُسِيْضُ عَـنْ مُصَلَّاهُنَّ قَالَ النَّلِمِينَ وَمَعْوَتُهُمْ مِنْ جَلْبَابِهَا مُصَلَّاهُنَّ قَالَ لِتُلْبِسُهَا صَاحِبَتُهَا مِنْ جَلْبَابِهَا

<sup>\*</sup> সিদরাতুল মুনতাহা : উর্দ্ধাকাশে মালাকগণের চলাচলের শেষ সীমানায় একটি কুল বৃক্ষ আছে। সেই কুল বৃক্ষটিকে সিদরাতুল মুনতাহা বলা হয়।

وَقَالَ عَبْدُ اللهِ بْنُ رَجَاءٍ حَدَّثَنَا عِمْرَانُ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ سِيرِينَ حَدَّثَنَا أُمُّ عَطِيَّةَ سَمِعْتُ النَّبِيَّ ﷺ اللهِ بِهٰذَا.

৩৫১. উন্মু 'আতিয়্যাহ ক্রিক্সী হতে রিওয়ায়াত হয়েছে , তিনি বলেন : নাবী ক্রিষ্ট ঈদের দিবসে ঋতুবতী এবং পর্দানশীন নারীদের বের করে আনার আদেশ দিলেন, যাতে তারা মুসলমানদের জামা আত ও দু'আয় অংশ গ্রহণ করতে পারে। অবশ্য ঋতুবতী নারীগণ সলাতের জায়গা হতে দূরে অবস্থান করবে। এক মহিলা বললেন : হে আল্লাহ্র রসূল! আমাদের কারো কারো ওড়না নেই। তিনি বললেন : তার সাথীর উচিত তাকে নিজের ওড়না পরিয়ে দেয়া। (আ.প্র.৩৩৮, ই.ফা.৩৪৪)

'আবদুল্লাহ ইব্নু রাজা' (রহ.) সূত্রে উম্মু 'আতিয়্যাহ ্রিল্ফ্র হতে বর্ণিত। তিনি বলেন: আমি নাবী

# ٣/٨. بَابِ عَقْدِ الإِزَارِ عَلَى الْقَفَا فِي الصَّلاَةِ ৮/৩. অধ্যায় : সলাতে কাঁধে लूनि বাঁধা।

وَقَالَ أَبُو حَازِمٍ عَنْ سَهُلِ بَنِ سَعْد صَلُّوا مَعَ النَّبِيِّ ﷺ عَاقِدِي أُزْرِهِمْ عَلَى عَوَاتِقَهِمْ. আবৃ হার্যিম (রহ.) সাহল ইব্রু সা'দ 📻 হতে বর্ণনা করেন যে, সহাবায়ে কিরাম নাবী 🚗 এর সঙ্গে তহবন্দ কাঁধে বেঁধে সলাত আদায় করেছিলেন।

٣٥٢. عرشنا أَحْمَدُ بْنُ يُونُسَ قَالَ حَدَّثَنَا عَاصِمُ بْنُ مُحَمَّد قَالَ حَدَّثَنِي وَاقِدُ بْنُ مُحَمَّد عَنْ مُحَمَّد بْنِ الْمُنْكَدِرِ قَالَ صَلَّى جَابِرٌ فِي إِزَارٍ قَدْ عَقَدَهُ مِنْ قَبَلِ قَفَاهُ وَثِيَابُهُ مَوْضُوعَةٌ عَلَى الْمَشْجَبِ قَالَ لَهُ قَائِلٌ تُصَلِّي الْمُنْكَدِرِ قَالَ صَلَّى جَابِرٌ فِي إِزَارٍ قَدْ عَقَدَهُ مِنْ قَبَلِ قَفَاهُ وَثِيَابُهُ مُوضُوعَةٌ عَلَى الْمَشْجَبِ قَالَ لَهُ قَائِلٌ تُصَلِّي الْمُنْكَوِرُ وَاحِدٍ فَقَالَ إِنَّمَا صَنَعْتُ ذَلِكَ لِيَرَانِي أَحْمَقُ مِنْلُكَ وَأَيْنَا كَانَ لَهُ تَوْبَانِ عَلَى عَهْدِ النَّبِي اللَّيْ اللَّهُ اللَّهُ اللَّهِ عَلَى عَهْدِ النَّبِي اللَّهُ اللَّهِ اللَّهُ اللَّ

৩৫২. মুহাম্মাদ ইব্নুল মুনকাদির (রহ.) হতে রিওয়ায়াত হয়েছে, তিনি বলেন : একদা জাবির কাঁধে লুঙ্গি বেঁধে সলাত আদায় করেন। আর তাঁর কাপড় (জামা) আলনায় রাখা ছিল। তখন তাঁকে এক ব্যক্তি বললো : আপনি যে এক লুঙ্গি পরে সলাত আদায় করলেন? তিনি জবাবে বললেন : তোমার মত আহাম্মকদের দেখানোর জন্য আমি এমন করেছি। নাবী ক্রিট্র-এর যুগে আমাদের কার দু'টো কাপড় ছিল? (৩৫৩, ৩৬১, ৩৭০ দ্রন্থর) (আ.প্র.৩৩৯, ই.ফা. ৩৪৫)

٣٥٣. **حدثنا** مُطَرِّفُ أَبُو مُصْعَبِ قَالَ حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ أَبِي الْمَوَالِي عَنْ مُحَمَّدِ بْنِ الْمُنْكَدِرِ قَالَ رَأَيْتُ جَابِرَ بْنَ عَبْدِ اللهِ يُصَلِّي فِي ثَوْبٍ وَاحِدٍ وَقَالَ رَأَيْتُ النَّبِيَّ ﷺ يُصَلِّي فِي ثَوْبِ.

৩৫৩. মুহাম্মাদ ইব্নুল মুনকাদির (রহ.) হতে বর্ণিত। তিনি বলেন: আমি জাবির ইবনু 'আবদুল্লাহ ক্লো-কে এক কাপড়ে সলাত আদায় করতে দেখেছি। আর তিনি বলেছেন: আমি নাবী ক্লো-কে এক কাপড়ে সলাত আদায় করতে দেখেছি। (৩৫২; মুসলিম, ৪/৫২, হাঃ ৫১৮, আহমাদ ১৫১৩৩) (আ.প্র.৩৪০, ই.ফা. ৩৪৬)

# ٨/٤. بَابِ الصَّلاَةِ فِي النَّوْبِ الْوَاحِدِ مُلْتَحِفًا بِهِ

#### ৮/৪. অধ্যায় : একটি মাত্র কাপড় গায়ে জড়িয়ে সলাত আদায় করা ।

قَالَ الزُّهْرِيُّ فِي حَدِيثهِ الْمُلْتَحِفُ الْمُتَوَشِّحُ وَهُوَ الْمُخَالِفُ بَيْنَ طَرَفَيْهِ عَلَى عَاتِقَيْهِ وَهُوَ الِاشْتِمَالُ عَلَى مَنْكَبَيْه قَالَ قَالَتْ أُمُّ هَانِئَ الْتَحَفَ النَّبِيُّ ﷺ بِثَوْبِ وَخَالَفَ بَيْنَ طَرَفَيْهِ عَلَى عَاتِقَيْهِ.

যুহরী (রহ.) তাঁর হাদীসে বর্ণনা করেছেন যে, الْمُلْتَحِدُّ -এর অর্থ الْمُتُوخِّدُ অর্থাৎ ঐ ব্যক্তি যে চাদরের উভয় অংশ বিপরীত কাঁধে রাখে। এভাবে উভয় কাঁধের উপর চাদর রাখাকে ইশতিমাল বলে। উন্মু হানী ( বলেন যে, নাবী الله একটি মাত্র চাদর গায়ে দিলেন এবং তিনি চাদরের উভয় প্রান্ত বিপরীত কাঁধে রাখলেন।

٣٥٤. **صَرْتُنَا** عُبَيْدُ الله بْنُ مُوسَى قَالَ حَدَّثَنَا هِشَامُ بْنُ عُرْوَةً عَنْ أَبِيهِ عَنْ عُمَرَ بْنِ أَبِي سَلَمَةً أَنَّ النَّبِيَّ عَلَى ضَلَّى فِي ثُوْبِ وَاحِد قَدْ خَالَفَ بَيْنَ طَرَفَيْهِ.

৩৫৪. 'উমার ইব্নু আবৃ সালামাহ হাতে বর্ণিত যে, নাবী ক্রি একটি মাত্র কাপ্ড় পরিধান করে সলাত আদায় করেছেন, যার উভয় প্রান্ত বিপরীত দিকে রেখেছিলেন। (৩৫৫, ৩৫৬; মুসলিম ৪/৫২, হাঃ ৫১৭, আহমাদ ২৭৬০) (আ.প্র. ৩৪১, ই.ফা. ৩৪৭)

٣٥٥. حارثنا مُحَمَّدُ بْنُ الْمُثَنَّى قَالَ حَدَّثَنَا يَحْيَى قَالَ حَدَّثَنَا هِشَامٌ قَالَ حَدَّثَنِي أَبِي عَنْ عُمَرَ بْنِ أَبِسِي سَلَمَةَ أَنَّهُ رَأَى النَّبِيَّ ﷺ يُصَلِّى في ثُوْب وَاحد في بَيْت أُمَّ سَلَمَةَ قَدْ أَلْقَى طَرَفَيْه عَلَى عَاتِقَيْهِ.

৩৫৫. 'উমার ইব্নু আবৃ সালামাহ হাতে বর্ণিত যে, তিনি নাবী ক্রে-কে উদ্মু সালামাহ ক্রিন্ত্র- এর ঘরে একটি মাত্র কাপড় পরিধান করে সলাত আদায় করতে দেখেছেন। তিনি [নাবী ক্রি] সেকাপড়ের উভয় প্রান্ত নিজের উভয় কাঁধে রেখেছিলেন। (৩৫৪) (আ.প্র. ৩৪২, ই.ফা. ৩৪৮)

٣٥٦. **طَرَثنا** عُبَيْدُ بْنُ إِسْمَاعِيلَ قَالَ حَدَّثَنَا أَبُو أُسَامَةَ عَنْ هِشَامٍ عَنْ أَبِيهِ أَنْ عُمَرَ بْنَ أَبِي سَلَمَةَ أَخْبَرَهُ قَالَ رَأَيْتُ رَسُولَ اللهِ ﷺ يُصَلِّي فِي نُوْبٍ وَاحِدٍ مُشْتَمِلاً بِهِ فِي بَيْتٍ أُمِّ سَلَمَةَ وَاضِعًا طَرَفَيْهِ عَلَى عَاتِقَيْهِ.

৩৫৬. 'উমার ইব্নু আবৃ সালামাহ হাতে বর্ণিত। তিনি বলেন: আমি আল্লাহর রসূল ক্ষ্ণী-কে একটি মাত্র পোষাক জড়িয়ে উন্মু সালামাহ ক্ষ্ণীন্তী-এর ঘরে সলাত আদায় করতে দেখেছি, যার প্রান্তদ্বয় তাঁর দুই কাঁধের উপর রেখেছিলেন। (৩৫৪; মুসলিম ৪/৫২, হাঃ ৫১৭, আহমাদ ১৬৩৩৫) (আ.প্র. ৩৪৩, ই.ফা. ৩৪৯)

٣٥٧. حَرَثُنَا إِسْمَاعِيلُ بْنُ أَبِي أُويْسِ قَالَ حَدَّثَنِي مَالِكُ بْنُ أَنَسٍ عَنْ أَبِي النَّضْرِ مَوْلَى عُمَرَ بْنِ عُبَيْدِ اللهِ أَنْ أَبَا مُرَّةً مَوْلَى أُمِّ هَانِي بِثْتَ أَبِي طَالِبِ تَقُولُ ذَهَبْتُ إِلَى اللهِ أَنَّ أَبَا مُرَّةً مَوْلَى أُمِّ هَانِي بِثْتَ أَبِي طَالِبِ تَقُولُ ذَهَبْتُ إِلَى اللهِ أَنَّ أَبَا مُرَّةً مَوْلَى اللهِ عَلَيْهِ فَقَالَ مَنْ هَذِهِ فَقُلْتُ أَنَا رَسُولِ اللهِ عَلَيْهِ عَلَيْهِ فَقَالَ مَنْ هَذِهِ فَقُلْتُ أَنَا وَفَاطَمَةً ابْنَتُهُ تَسْتُرُهُ قَالَتَ فَسَلَّمْتُ عَلَيْهِ فَقَالَ مَنْ هَذِهِ فَقُلْتُ أَنَا أُمَّ هَانِي بِثَتُ أَبِي طَالِبٍ فَقَالَ مَرْحَبًا بِأُمِّ هَانِئٍ فَلَمَّا فَرَغَ مِنْ غُسْلِهِ قَامَ فَصَلَّى ثَمَانِي رَكَعَاتٍ مُلْتَحِفًا فِي

ئَوْب وَاحد فَلَمَّا انْصَرَفَ قُلْتُ يَا رَسُولَ الله زَعَمَ ابْنُ أُمِّي أَنَّهُ قَاتِلٌ رَجُلاً قَدْ أَجَرْتُهُ فُلاَنَ ابْنَ هُبَيْرَةَ فَقَـــالَ رَسُوِّلُ الله ﷺ قَدْ أَجَرْنَا مَنْ أَجَرْت يَا أُمَّ هَانِئَ قَالَتْ أُمُّ هَانِئِ وَذَاكَ ضُحَّى.

৩৫৭. উন্মু হানী বিনতু আবৃ ত্বলিব ক্রিল্র বলেন : আমি ফত্হে মাক্কাহ্র বছর আল্লাহর রস্ল এর নিকট গিয়ে দেখলাম যে, তিনি গোসল করছেন আর তাঁর মেয়ে ফাতিমাহ ক্রিল্র তাঁকে আড়াল করে রেখেছেন। তিনি বলেন : আমি তাঁকে সালাম প্রদান করলাম। তিনি জানতে চাইলেন : এ কে? আমি বললাম : আমি উন্মু হানী বিনতু আবৃ ত্বলিব। তিনি বললেন : মারহাবা, হে উন্মু হানী! গোসল শেষ করে তিনি এক কাপড় জড়িয়ে আট রাক'আত সলাত আদায় করলেন। সলাত সমাধা করলে তাঁকে আমি বললাম : হে আল্লাহ্র রস্ল! আমার সহোদর ভাই ['আলী ইব্নু আবৃ ত্বলিব (ক্রি)] এক ব্যক্তিকে হত্যা করতে চায়, অথচ আমি তাকে আশ্রয় দিয়েছি। সে ব্যক্তিটি হুবায়রার ছেলে অমুক। তখন আল্লাহর রস্ল বললেন : হে উন্মু হানী! তুমি যাকে নিরাপত্তা দিয়েছ, আমিও তাকে নিরাপত্তা দিলাম। উন্মু হানী ক্রিল্লা বলেন : এ সময় ছিল চাশতের ওয়াক্ত। (২৮০; মুস্লিম ৩/১৬, হাঃ ৩৩৬, আহমাদ ২৬৯৭৩) (আ.প্র. ৩৪৪, ই.ফা. ৩৫০)

٨/٥. بَابِ إِذَا صَلَّى فِي النُّوْبِ الْوَاحِدِ فَلْيَجْعَلْ عَلَى عَاتِقَيْهِ.

৮/৫. অধ্যায় : কেউ এক কাপড়ে সলাত আদায় করলে সে যেন উভয় কাঁধের উপরে (কিছু অংশ) রাখে।

٣٥٩. **صرَّنَا** أَبُو عَاصِمٍ عَنْ مَالِكَ عَنْ أَبِي الزِّنَادِ عَنْ عَبْدِ الرَّحْمَنِ الْأَعْرَجِ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ قَـــالَ النَّبِيُّ ﷺ لَا يُصَلِّي أَحَدُكُمْ فِي النُّوْبِ الْوَاحِدِ لَيْسَ عَلَى عَاتِقَيْهِ شَيْءٌ.

৩৫৯. আবৃ হুরাইরাহ্ ( হেন্স) হতে বর্ণিত। তিনি বলেন: আল্লাহর রসূল ক্ষ্মী বলেছেন, তোমাদের কেউ এক কাপড় পরে এমনভাবে যেন সলাত আদায় না করে যে, তার উভয় কাঁধে এর কোন অংশ নেই। (৩৬০; মুসলিম ৪/৫২, হাঃ ৫১৬, আহমাদ ৭৩১১) (আ.প্র. ৩৪৬, ই.ফা. ৩৫২)

٣٦٠. **طَرَثُنَا** أَبُو نُعَيْمٍ قَالَ حَدَّثَنَا شَيْبَانُ عَنْ يَحْيَى بْنِ أَبِي كَثِيرِ عَنْ عِكْرِمَةَ قَالَ سَسِمِعْتُهُ أَوْ كُنْسَتُ سَأَلَتُهُ قَالَ سَمِعْتُهُ أَنِي سَمِعْتُهُ رَسُولَ اللهِ ﷺ يَقُولُ مَنْ صَلَّى فِي نُسَوْبٍ وَاحِسِدٍ فَالْيَخَالِفُ بَيْنَ طَرَفَيْهِ.

৩৬০. আবৃ হুরাইরাহ্ হতে বর্ণিত। তিনি বলেন: আমি সাক্ষ্য দিচ্ছি যে, আমি আল্লাহর রসূল ক্রি-কে বলতে শুনেছি: যে ব্যক্তি এক কাপড়ে সলাত আদায় করে, সে যেন কাপড়ের দু' প্রান্ত বিপরীত পাশে রাখে। (৩৫৯) (আ.প্র. ৩৪৭, ই.ফা. ৩৫৩)

.٦/٨ بَابِ إِذَا كَانَ النَّوْبُ ضَيِّقًا. ৮/৬. অধ্যায় : কাপড় সংকীর্ণ হয় যদি।

٣٦١. حارثنا يَحْيَى بْنُ صَالِحٍ قَالَ حَدَّثَنَا فُلَيْحُ بْنُ سُلَيْمَانَ عَنْ سَعِيد بْنِ الْحَارِثِ قَالَ سَأَلْنَا حَابِرَ بْنَ عَبْدِ اللهِ عَنْ الصَّلَاةِ فِي التَّوْبِ الْوَاحِدِ فَقَالَ خَرَجْتُ مَعَ النَّبِيِ عَلَيْ فِي بَعْضِ أَسْفَارِهِ فَحَثْتُ لَيْلَـةً لِسَبَعْضِ عَبْدِ اللهِ عَنْ الصَّلَةِ فِي التَّوْبِ الْوَاحِدِ فَقَالَ خَرَجْتُ مَعَ النَّبِي عَلَيْ فِي بَعْضِ أَسْفَارِهِ فَحَثْتُ لَيْلَـةً لِسَبَعْضِ أَسْفَارِهِ فَحَثْتُ لَيْلَـةً لِسَبَعْضِ أَسْفَارِهِ فَحَثْتُ لَيْلَـةً لِسَبَعْضِ أَشْوَرُفَ قَالَ مَا السَّرَى يَسَا أَمْرِي فَوَجَدْتُهُ يُصَلِّي وَعَلَيَّ ثَوْبٌ وَاحَدُ فَاشْتَمَلْتُ بِهِ وَصَلَّيْتُ إِلَى جَانِيهِ فَلَمَّا انْصَرَفَ قَالَ مَا السَّرَى يَسَا جَابِهُ فَلَمَّا فَرَعْتُ قَالَ مَا هَذَا الِاشْتِمَالُ الَّذِي رَأَيْتُ قُلْتُ كَانَ ثُوبٌ يَعْنِي ضَاقَ قَالَ فَإِنْ كَانَ ضَيَّقًا فَاتَرْرُ به.

৩৬১. সা'ঈদ ইব্নু হারিস (রহ.) হতে বর্ণিত। তিনি বলেন: আমরা জাবির ইব্নু 'আবদুল্লাহ () কে একটি কাপড়ে সলাত আদায় করা সম্পর্কে প্রশ্ন করেছিলাম। তিনি বললেন: আমি নাবী । এক সঙ্গের কোন এক সফরে বের হয়েছিলাম। এক রাতে আমি কোন দরকারে তাঁর নিকট গোলাম। দেখলাম, তিনি সলাতে রত আছেন। তখন আমার শরীরে মাত্র একখানা কাপড় ছিল। আমি কাপড় দিয়ে শরীর জড়িয়ে নিলাম আর তাঁর পার্শ্বে সলাতে দাঁড়ালাম। তিনি সলাত শেষ করে জিজ্ঞেস করলেন: জাবির! রাতের বেলা আসার কারণ কী? তখন আমি তাঁকে আমার প্রয়োজনের কথা জানালাম। আমার কাজ শেষ হলে তিনি বললেন: এ কিরূপ জড়ানো অবস্থায় তোমাকে দেখলাম? আমি বললাম: কাপড় একটিই ছিল (তাই এভাবে করেছি)। তিনি বললেন: কাপড় যদি বড় হয়, তাহলে শরীরে জড়িয়ে পরবে। আর যদি ছোট হয় তাহলে লুঙ্গি হিসেবে ব্যবহার করবে। (৩৫২; মুসলিম ৫৩/১৮, হাঃ ৩০১০) (আ.প্র. ৩৪৮, ই.ফা. ৩৫৪)

٣٦٢. صَرْمُنَا مُسَدَّدٌ قَالَ حَدَّنَنَا يَحْيَى عَنْ سُفْيَانَ قَالَ حَدَّنَنِي أَبُو حَازِمٍ عَنْ سَهْلِ بْنِ سَعْد قَالَ كَانَ رِجَالٌ يُصَلُّونَ مَعَ النَّبِيِّ ﷺ عَاقِدِي أُزْرِهِمْ عَلَى أَعْنَاقِهِمْ كَهَيْئَةِ الصَّبْيَانِ وَيُقَالُ لِلنِّسَاءِ لاَ تَرْفَعْنَ رُءُوسَــكُنَّ حَتَّى يَسْتَوِيَ الرِّجَالُ جُلُوسًا.

৩৬২. সাহল ( হতে বর্ণিত। তিনি বলেন, লোকেরা শিশুদের মত নিজেদের লুঙ্গি কাঁধে বেঁধে সলাত আদায় করতেন। আর মহিলাদের প্রতি নির্দেশ ছিল যে, তারা যেন পুরুষদের ঠিকমত বসে যাওয়ার পূর্বে সাজদাহ হতে মাথা না উঠায়। (৮১৪, ১২১৫; মুসলিম ৪/২৯, হাঃ৪৪১, আহমাদ ১৫৫৬২) (আ.প্র.৩৪৯, ই.ফা.৩৫৫)

. ٧/٨. بَابِ الصَّلاَةِ فِي الْجُبَّةِ الشَّامِيَّةِ. ৮/٩. अर्थ्यायः : শीমी জুर्सा পরে সলাত আদায় করা। وَقَالَ الْحَسَنُ فِي الثِّيَابِ يَنْسُجُهَا الْمَجُوسِيُّ لَمْ يَرَ بِهَا بَأْسًا وَقَالَ مَعْمَرُّ رَأَيْتُ الزُّهْرِيُّ يَلْبَسُ مِنْ ثِيَابِ الْيَمَنِ مَا صُبِغَ بِالْبَوْلِ وَصَلَّى عَلِيُّ بْنُ أَبِي طَالِب فِي ثَوْبَ غَيْر مَقْصُور.

হাসান (রহ.) বলেন : মাজ্সী (অগ্নিপ্জর্ক)-দের বানানো পোষাকে সলাত আদায় করায় কোন অসুবিধা নেই। আর মা'মার (রহ.) বলেন : আমি যুহরী (রহ.)-কে ইয়ামান দেশীয় তৈরি কাপড়ে সলাত আদায় করতে দেখেছি, যা পেশাবের দ্বারা রঞ্জিত ছিল। 'আলী 🖼 আধোয়া নতুন কাপড়ে সলাত আদায় করেছেন।

٣٦٣. عَرْشَا يَحْيَى قَالَ حَدَّثَنَا أَبُو مُعَاوِيَةً عَنِ الْأَعْمَشِ عَنْ مُسْلَمٍ عَنْ مَسْرُوق عَنْ مُغِيرَةً بَنِ شُعْبَةً قَالَ كُنْتُ مَعَ النَّبِي عَلَى اللهِ عَلَى اللهِ عَنْ مُعَاوِيَةً عَنِ الْأَعْمَشِ عَنْ مُسْلَمٍ عَنْ مَسْرُوق عَنْ مُغِيرَةً بَنِ شُعْبَةً قَالَ يَا مُغِيرَةً خُذَ الْإِدَاوَةَ فَأَخَذَتُهَا فَانْطَلَقَ رَسُولُ اللهِ عَلَى حَلَيْهِ حَبَّةً شَأَمَيَّةً فَذَهَبَ لِيُحْرِجَ يَدَهُ مِنْ كُمِّهَا فَضَاقَتْ فَأَخْرَجَ يَدَهُ مِنْ أَسْفَلِهَا فَصَاقَتْ فَأَخْرَجَ يَدَهُ مِنْ أَسْفَلِهَا فَصَابَتُ عَلَى خُفَيْه نُمَّ صَلَّى.

৩৬৩. মুগীরাহ ইব্নু শু'বা হাত বর্ণিত। তিনি বলেন: আমি কোন এক সফরে নাবী হাত এর সাথে ছিলাম। তিনি বললেন: হে মুগীরাহ! বদনাটি নাও। আমি তা নিলাম। তিনি আমার দৃষ্টির অগোচরে গিয়ে প্রয়োজন সারলেন। তখন তাঁর শরীরে ছিল শামী জুব্বা। তিনি জুব্বার আন্তিন হতে হাত বের করতে চাইলেন। কিন্তু আন্তিন সংকীর্ণ হবার ফলে তিনি নীচের দিক দিয়ে হাত বের করলেন। আমি পানি ঢেলে দিলাম এবং তিনি সলাতের উযূর ন্যায় উযু করলেন। আর তাঁর উডয় মোজার উপর মাস্হ করলেন ও পরে সলাত আদায় করলেন। (১৮২) (আ.প্র. ৩৫০, ই.ফা. ৩৫৬)

## ۸/۸. بَابِ كَرَاهِيَةِ التَّعَرِّي فِي الصَّلاَةِ وَغَيْرِهَا. ৮/৮. অধ্যায় : সলাতে ও তার বাইরে উলঙ্গ হওয়া অপছন্দনীয়।

٣٦٤. حار مَن مَظُرُ بْنُ الْفَضْلِ قَالَ حَدَّنَنَا رَوْحٌ قَالَ حَدَّنَنَا زَكَرِيَّاءُ بْنُ إِسْحَاقَ حَدَّنَنَا عَمْرُو بْنُ دِينَا وَقَلَ مَدَّنَا وَكُو يَنَا وَكُو يَنَا وَكُو يَنَا وَكُو يَنَا وَكُو يَنَا وَكُو يَنَا عُمْرُو بَنُ عَبْدِ اللهِ يُحَدِّثُ أَنَّ رَسُولَ اللهِ عَلَى كَانَ يَنْقُلُ مَعَهُمْ الْحِجَارَةَ لَلْكَعْبَة وَعَلَيْهِ إِزَارُهُ فَعَلَا كَانَ يَنْقُلُ مَعْهُمْ الْحِجَارَةِ قَالَ فَحَلَّهُ فَجَعَلَتُ عَلَى مَنْكَبَيْكَ دُونَ الْحِجَارَةِ قَالَ فَحَلَّهُ فَجَعَلْتُ عَلَى مَنْكَبَيْكَ دُونَ الْحِجَارَةِ قَالَ فَحَلَّهُ فَجَعَلْتُ عَلَى مَنْكَبَيْكَ دُونَ الْعَجَارِةِ قَالَ فَعَالَ فَهُونَ اللهُ عَلْمَانَ عَلَيْهُ فَعَالَ لَهُ الْعَلَى مَنْكَبَيْكُ وَلَى اللهُ عَلَى مَنْكَبَيْكَ وَلَا اللهُ عَلَيْهُ فَلَا لُكُونَا اللهُ الْعَلَى اللّهُ اللّهُ عَلْمُ لَا اللّهُ الْعَلَالُ لَكُونَا اللّهُ الْعَلَى مَنْكَبَيْهُ وَلَا لَكُونُ اللّهُ عَلْمَ اللّهُ الْعَلَى مَنْكَبَيْهُ وَلَا اللّهُ الْعَلَالُ لَكُونُ اللّهُ اللّهُ عَلَى اللّهُ اللّهُ اللّهُ اللّهُ الْحَالَ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ الْعَلَى اللّهُ اللّهُل

٥٠٤. صَرَتُنَا قُتَيْبَةُ قَالَ حَدَّنَنَا إِسْمَاعِيلُ بْنُ جَعْفَرِ عَنْ حُمَيْدِ عَنْ أَنسِ بْنِ مَالِكَ أَنَّ النَّبِيَّ اللَّهِ رَأَى لَخَامَةً فِي الْقَبْلَةِ فَشَقَّ ذَلِكَ عَلَيْهِ حَتَّى رُبُي فِي وَجْهِهٌ فَقَامَ فَحَكَّهُ بِيَدِهِ فَقَالَ إِنَّ أَحَدَّكُمْ إِذَا قَامَ فِي صَلاَتِهِ فَإِنَّهُ يُنَاجِي رَبَّهُ أَوْ إِنَّ رَبَّهُ بَيْنَهُ وَبَيْنَ الْقَبْلَةِ فَلاَ يَبْزُقَنَّ أَحَدُكُمْ قَبَلَ قَبْلَتِهُ وَلَكِنْ عَنْ يَسَارِهِ أَوْ تَحْتَ قَدَمَيْهِ ثُمَّ وَاللَّهُ يَنَاجِي رَبَّهُ أَوْ إِنَّ رَبَّهُ بَيْنَهُ وَبَيْنَ الْقَبْلَةِ فَلاَ يَبْزُقَنَّ أَحَدُكُمْ قَبَلَ قَبْلَتِهُ وَلَكِنْ عَنْ يَسَارِهِ أَوْ تَحْتَ قَدَمَيْهِ ثُمَّ أَخَدُ طَرَفَ رِدَائِهِ فَبَصَقَ فِيهِ ثُمَّ رَدَّ بَعْضَهُ عَلَى بَعْضِ فَقَالَ أَوْ يَفْعَلُ هَكَذَا.

8০৫. আনাস ইব্নু মালিক (ত্রু) হতে বর্ণিত যে, নাবী ক্রু ক্বিবলাহ্র দিকে (দেয়ালে) 'কফ' দেখলেন। এটা তাঁর নিকট কষ্টদায়ক মনে হলো। এমনকি তাঁর চেহারায় তা ফুটে উঠলো। তিনি উঠে গিয়ে তা হাত দিয়ে পরিষ্কার করলেন। অতঃপর তিনি বললেন: তোমাদের কেউ যখন সলাতে দাঁড়ায় তখন সে তার রবের সাথে একান্তে কথা বলে। অথবা বলেছেন, তার ও ক্বিবলাহ্র মাঝখানে তার রব আছেন। কাজেই, তোমাদের কেউ যেন ক্বিবলাহ্র দিকে থুথু না ফেলে। বরং সে যেন তার বাম দিকে

অথবা পায়ের নীচে তা ফেলে। অতঃপর চাদরের আঁচল নিয়ে তাতে তিনি থুথু ফেললেন এবং তার এক অংশকে অন্য অংশের উপর ভাঁজ করলেন এবং বললেন : অথবা সে এমন করবে। (২৪১; মুসলিম ৫/১৩, হাঃ . ৫৫১, আহমাদ ১২৮০৯) (আ.প্র. ৩৯০, ই.ফা. ৩৯৬)

٤٠٦. صرثنا عَبْدُ الله بْنُ يُوسُفَ قَالَ أَخْبَرَنَا مَالِكُ عَنْ نَافِعِ عَنْ عَبْدِ الله بْنِ عُمَرَ أَنَّ رَسُــولَ الله عَلَى أَعْبَرَنَا مَالِكُ عَنْ نَافِعِ عَنْ عَبْدِ الله بْنِ عُمَرَ أَنَّ رَسُــولَ الله عَلَى أَخْبَرَنَا مَالِكُ عَنْ نَافِعِ عَنْ عَبْدِ الله بْنِ عُمَرَ أَنَّ رَسُــولَ الله عَلَى وَجُهِــه رَأَى بُصَاقًا فِي حَدَارِ الْقَبْلَةِ فَحَكَّهُ ثُمَّ أَقْبَلَ عَلَى النَّاسِ فَقَالَ إِذَا كَانَ أَحَدُكُمُ يُصَلِّي فَلاَ يَبْصُنُ قِبَلَ وَجُهِــه فَإِنَّ الله قَبَلَ وَجُهَــه إِذَا صَلَّى...

৪০৬. 'আবদুল্লাহ ইব্নু 'উমার ( হতে বর্ণিত। আল্লাহর রসূল্ ক্রিবলাহর দিকের দেওয়ালে থুথু দেখে তা পরিষ্কার করে দিলেন। অতঃপর লোকদের দিকে ফিরে বললেন: যখন তোমাদের কেউ সলাত আদায় করে সে যেন তার সামনের দিকে থুথু না ফেলে। কেননা, সে যখন সলাত আদায় করে তখন তার সামনের দিকে আল্লাহ তা'আলা থাকেন। (৭৫৩, ১২১৩, ৬১১১; মুসলিম ৫/১৩, হাঃ ৫৪৭, আহমাদ ৪৮৭৭) (আ.প্র. ৩৯১, ই.ফা. ৩৯৭)

٧٠٤. **طَرْمُنَا** عَبْدُ اللهِ بَنُ يُوسُفَ قَالَ أَخْبَرَنَا مَالِكُ عَنْ هِشَامٍ بْنِ عُرْوَةَ عَنْ أَبِيسِهِ عَـــنْ عَائِشَـــةَ أُمِّ الْمُؤْمِنِينَ أَنَّ رَسُولَ اللهِ ﷺ رَأَى في حدَار القبْلَة مُخَاطًا أَوْ بُصَاقًا أَوْ نُخَامَةً فَحَكَّهُ.

8০৭. উম্মুল 'মুমিনীন 'আয়িশাহ ক্রিক্স হতে বর্ণিত যে, আল্লাহর রসূল ক্রিক্স ক্রিবলাহ্র দিকের দেয়ালে নাকের শ্রেম্মা, থুথু কিংবা কফ দেখলেন এবং তা পরিষ্কার করলেন। (আ.প্র. ৩৯২, ই.ফা. ৩৯৮)

#### ٣٤/٨. بَاب حَكَ الْمُخَاطِ بِالْحَصَى مِنَ الْمَسْجِد

৮/৩৪. অধ্যায় : কাঁকর দিয়ে মাসজিদ হতে নাকের শ্লেমা পরিষ্কার করা।

وَقَالَ ابْنُ عَبَّاسٍ إِنْ وَطِئْتَ عَلَى قَذَرٍ رَطْبٍ فَاغْسِلْهُ وَإِنْ كَانَ يَابِسًا فَلاَ.

ইব্নু 'আব্বাস ( বলছেন : যদি আর্দ্র আবর্জনায় তোমার পা ফেল, তখন তা ধুয়ে ফেলবে, আর শুকনো হলে ধোয়ার প্রয়োজন নেই।

٩٠٤-٨٠٤. صرفنا مُوسَى بْنُ إِسْمَاعِيلَ قَالَ أَخْبَرَنَا إِبْرَاهِيمُ بْنُ سَعْد أَخْبَرَنَا ابْنُ شِهَابِ عَنْ حُمَيْد بَنِ عَبْدِ الرَّحْمَنِ أَنَّ أَبَا هُرَيْرَةَ وَأَبَا سَعِيد حَدَّثَاهُ أَنَّ رَسُولَ اللهِ ﷺ رَأَى نُخَامَةً فِي جدَارِ الْمَسْجَدِ فَتَنَاوَلَ حَصَاةً فَحَكُهَا فَقَالَ إِذَا تَنَحَّمَ أَحَدُكُم فَلاَ يَتَنَحَّمَنَ قِبَلَ وَجُهِهِ وَلاَ عَنْ يَمِينِهِ وَلَيْبَصُقُ عَنْ يَسَارِهِ أَوْ تَحْتَ قَدَمه الْيُسْرَى.

8০৮-৪০৯. আবৃ হুরাইরাহ্ ও আবৃ সা'ঈদ (খুদরী) হতে বর্ণিত যে, আল্লাহর রস্ল হিছু মাসজিদের দেয়ালে কফ দেখে কাঁকর নিয়ে তা মুছে ফেললেন। অতঃপর তিনি বললেন: তোমাদের কেউ যেন সামনের দিকে অথবা ডান দিকে কফ না ফেলে, বরং সে যেন তা তার বাম দিকে অথবা তার বাম পায়ের নীচে ফেলে। (৪১০, ৪১১, ৪১৪, ৪১৬) (আ.প্র. ৩৯৩, ই.ফা. ৩৯৯)

# . بَابِ لاَ يَبْصُقْ عَنْ يَمِينِهِ فِي الصَّلاَةِ. ٣٥/٨ لاَ يَبْصُقْ عَنْ يَمِينِهِ فِي الصَّلاَةِ. ٣/٥٨. هُلاً هُـ هُـرُالهُ

١٠-٤١٠. عرشنا يَحْيَى بْنُ بُكَيْرِ قَالَ حَدَّثَنَا اللَّيْثُ عَنْ عُقَيْلِ عَنْ ابْنِ شِهَابٍ عَنْ حُمَيْدِ بْنِ عَبْسِهِ الرَّحْمَنِ أَنَّ أَبَا هُرَيْرَةَ وَأَبَا سَعِيدِ أَخْبَرَاهُ أَنَّ رَسُولَ اللهِ ﷺ رَأَى نُخَامَةً فِي حَائِطَ الْمَسَّجِدِ فَتَنَاوَلَ رَسُولَ اللهِ ﷺ رَأَى نُخَامَةً فِي حَائِطَ الْمَسَّجِدِ فَتَنَاوَلَ رَسُولَ اللهِ ﷺ حَصَاةً فَحَدَّهَا ثُمَّ قَالَ إِذًا تَنَجَّمَ أَحَدُكُمْ فَلاَ يَتَنَجَّمْ قِبَلَ وَجْهِهِ وَلاَ عَنْ يَمِينِهِ وَلَيْبَصُقْ عَنْ يَسَارِهِ أَوْ تَخْتَ قَدَمِهِ الْكِيشَرَى.

8১০-8১১. আবৃ হুরাইরাহ্ হা ও আবৃ সা'ঈদ (খুদরী) হাত বর্ণিত। আল্লাহর রসূল হা মাসজিদের দেয়ালে কফ দেখলেন। আল্লাহর রসূল কা কিছু কাঁকর নিলেন এবং তা মুছে ফেললেন। অতঃপর তিনি বললেন: তোমাদের কেউ কফ ফেললে তা যেন সে সামনে অথবা ডানে না ফেলে। বরং সে বাম দিকে কিংবা বাম পায়ের নীচে ফেলে। (৪০৮, ৪০৯; মুসলিম ৫/১৩, হাঃ ৫৪৮, আহমাদ ১১০২৫) (আ.প্র. ৩৯৪, ই.ফা. ৪০০)

١٤١٢. **صَرَثنا** حَفْصُ بْنُ عُمَرَ قَالَ حَدَّنَنَا شُعْبَةُ قَالَ أَخْبَرَنِي قَتَادَةُ قَالَ سَمِعْتُ أَنَسَ بْنَ مَالِكٍ قَالَ قَالَ النَّبِيُّ ﷺ لَا يَتَفِلَنَّ أَحَدُكُمْ بَيْنَ يَدَيْهِ وَلاَ عَنْ يَمِينِهِ وَلَكِنْ عَنْ يَسَارِهِ أَوْ تَحْتَ رِحْلِهِ.

8১২. আনাস ( হেন্স) হতে বর্ণিত। তিনি বলেন, নাবী ক্লেষ্ট্র বলেছেন : তোমাদের কেউ যেন তার সামনে বা ডানে থুথু নিক্ষেপ না করে; বরং তার বামে অথবা বাম পায়ের নীচে ফেলে। (২৪১) (আ.প্র. ৩৯৫, ই.ফা. ৪০১)

. ٣٦/٨ بَابِ لِيَبْزُقَ عَنْ يَسَارِهِ أَوْ تَحْتَ قَدَمِهِ الْيُسْرَى. ٣٦/٨ لَيُبْزُقُ عَنْ يَسَارِهِ أَوْ تَحْتَ قَدَمِهِ الْيُسْرَى. هـ/٥٤. অধ্যায় : थूंथू यिन वाम निकि किश्वा वाम शास्त्रित नीटि किना द्य ।

٤١٣. **صَرَّمَا** آدَمُ قَالَ حَدَّثَنَا شُعْبَةُ قَالَ حَدَّثَنَا قَتَادَةُ قَالَ سَمِعْتُ أَنَسَ بْنَ مَالِكِ قَالَ قَالَ النَّبِيُّ ﷺ إِنَّ الْمُوْمِنَ إِذَا كَانَ فِي الصَّلَاةِ فَإِنَّمَا يُنَاجِي رَبَّهُ فَلاَ يَيْزُفَنَّ بَيْنَ يَدَيْهِ وَلاَ عَنْ يَمِينِهِ وَلَكِنْ عَنْ يَسَارِهِ أَوْ تَحْتَ قَدَمه.

8১৩. আনাস ইব্নু মালিক (ক্রা) হতে বর্ণিত। তিনি বলেন, নাবী ক্রাই বলেছেন : মু'মিন যখন সলাতে থাকে, তখন সে তার প্রতিপালকের সাথে নিভূতে কথা বলে। কাজেই সে যেন তার সামনে, ডানে থুথু না ফেলে, বরং তার বাম দিকে অথবা (বাম) পায়ের নীচে ফেলে। (২৪১) (আ.প্র. ৩৯৬, ই.ফা. ৪০২)

<sup>\*</sup> সলাতের মধ্যে কথা বলা পূর্বে বৈধ ছিল, পরে নিষিদ্ধ করা হয়। থুথু ফেলা এর অন্তর্ভুক্ত নয়।

٤١٤. حارثنا عَلَيُّ بْنُ عَبْد اللهِ قَالَ حَدَّثَنَا سُفْيَانُ حَدَّثَنَا الزُّهْرِيُّ عَنْ حُمثِد بْنِ عَبْد الرَّحْمَنِ عَنْ أَبِسِي سَعِيد أَنَّ النَّهِيُّ عَنْ حُمثِد بْنِ عَبْد الرَّحْمَنِ عَنْ أَبِسِي سَعِيد أَنَّ النَّهِي عَنْ الرَّحْلُ بَيْنَ يَدْيُهِ أَوْ عَنْ يَمْ النَّهُ وَلَكِنْ عَنْ يَسَارِهِ أَوْ تَحْتَ قَدَمِهِ الْكُشْرَى وَعَنْ الزُّهْرِيِّ سَمِعً حُمثِدًا عَنْ أَبِي سَعِيد نَحْوَهُ.

# . ٣٧/٨. بَابِ كَفَّارَةِ الْبُزَاقِ فِي الْمَسْجِدِ. ٣٧/٨. بَابِ كَفَّارَةِ الْبُزَاقِ فِي الْمَسْجِدِ. ৮/৩٩. অধ্যায় : মাসজিদে থুথু ফেলার কাফ্ফারা।

٥١٥. صرتنا آدَمُ قَالَ حَدَّنَنَا شُعْبَةُ قَالَ حَدَّنَنَا فَتَادَةُ قَالَ سَمِعْتُ أَنْسَ بْنَ مَالِكٍ قَالَ قَالَ النَّبِيُّ ﷺ الْبُرَاقُ فِي الْمَسْجِد خَطِيئَةٌ وَكَفَّارَتُهَا دَفْنُهَا.

8১৫. আনাস ইব্নু মালিক ( হতে বর্ণিত। তিনি বলেন, নাবী হক্ত বলেছেন: মাসজিদে থুথু ফেলা গুনাহের কাজ, আর তার কাফফারাহ (প্রতিকার) হচ্ছে তা দাবিয়ে দেয়া (মুছে ফেলা)। (মুসলিম ৫/১৩, হাঃ ৫৫২, আহমাদ ১২৭৭৫) (আ.প্র. ৩৯৮, ই.ফা. ৪০৪)

#### ۳۸/۸. بَابِ دَفْنِ النُّخَامَةِ فِي الْمَسْجِدِ. ٣٨/٨. بَابِ دَفْنِ النُّخَامَةِ فِي الْمَسْجِدِ. ٣٨/٥٠. অধ্যায় : মাসজিদে কফ দাবিয়ে দেয়া।

٤١٦. **طَرْتُنَا** إِسْحَاقُ بُنُ نَصْرٍ قَالَ حَدَّثَنَا عَبْدُ الرَّزَّاقِ عَنْ مَعْمَرٍ عَنْ هَمَّامٍ سَمِعَ أَبَا هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ اللهُ عَالَ إِذَا قَامَ أَحَدُكُمْ إِلَى الصَّلَاةِ فَلاَ يَبْصُقُ أَمَامَهُ فَإِنَّمَا يُنَاجِي اللهُ مَا دَامَ فِي مُصَلَّاهُ وَلاَ عَنْ يَمِينِهِ فَسِإِنَّ عَنْ يَمِينِهِ مَلَكًا وَلْيَبْصُقُ عَنْ يَسَارِهِ أَوْ تَحْتَ قَدَمه فَيَدْفَنُهَا.

8১৬. আবূ হুরাইরাহ্ স্ত্রে নাবী হু হতে বর্ণিত। তিনি বলেন: তোমাদের কেউ সলাতে দাঁড়ালে সে তার সামনের দিকে থুথু ফেলবে না। কেননা সে যতক্ষণ তার মুসল্লায় থাকে, ততক্ষণ মহান আল্লাহর সাথে চুপে চুপে কথা বলে। আর ডান দিকেও ফেলবে না। তার ডান দিকে থাকেন ফেরেশতা। সে যেন তার বাম দিকে অথবা পায়ের নীচে থুথু ফেলে এবং পরে তা দাবিয়ে দেয়। (৪০৮) (আ.প্র. ৩৯৯, ই.ফা. ৪০৫)

 ٤١٧. صرتنا مَالكُ بْنُ إِسْمَاعِيلَ قَالَ حَدَّنَنَا زُهَيْرٌ قَالَ حَدَّنَنَا حُمَيْدٌ عَنْ أَنسِ بْنِ مَالك أَنَّ النَّبِسَيِّ عَلَيْهُ وَرُئِيَ مِنْهُ كَرَاهِيَةٌ أَوْ رُئِيَ كَرَاهِيَتُهُ لِذَلكَ وَشِدَّتُهُ عَلَيْهِ وَقَالَ إِنَّ أَحَدَكُمْ وَأَى نُخَامَةً فِي الْقَبْلَةِ فَلِي الْقَبْلَةِ فَلَا يَبْنُهُ وَبَيْنَ قَبْلَتِهِ فَلاَ يَبْزُقَنَّ فِي قَبْلَتِهِ وَلَكِنْ عَنْ يَسَارِهِ أَوْ تَحْسَتَ وَلَكِنْ عَنْ يَسَارِهِ أَوْ تَحْسَتَ وَلَكِنْ عَنْ يَسَارِهِ أَوْ تَحْسَتَ فَلَا يَبْزُقَنَّ فِي قَبْلَتِهِ وَلَكِنْ عَنْ يَسَارِهِ أَوْ تَحْسَتَ قَدَمِهِ ثُمَّ أَخَذَ طَرَفَ وَهِ وَرَدَّ بَعْضَهُ عَلَى بَعْضِ قَالَ أَوْ يَفْعَلُ هَكَذَا.

8১৭. আনাস ইব্নু মালিক হাতে বর্ণিত যে, নাবী ক্রিলাহ্র দিকে (দেয়ালে) কফ দেখে তা নিজ হাতে মুছে ফেললেন আর তাঁর চেহারায় অসন্তোষ প্রকাশ পেল। বা সে কারণে তাঁর চেহারায় অসন্তোষ প্রকাশ পেল। বা সে কারণে তাঁর চেহারায় অসন্তোষ প্রকাশ পেলে। এবং এর প্রতি তাঁর ক্রোভ প্রকাশ পেল। তিনি বললেন : যখন তোমাদের কেউ সলাতে দাঁড়ায়, তখন সে তার প্রতিপালকের সাথে চুপে চুপে কথা বলে। অথবা (বলেছেন) তখন তার প্রতিপালক, ক্বিলাহ ও তার মাঝখানে থাকেন। কাজেই সে যেন ক্বিলাহ্র দিকে থুথু না ফেলে, বরং (প্রয়োজনে) তার বাম দিকে বা পায়ের নীচে ফেলবে। অতঃপর তিনি চাদরের কোণ ধরে তাতে থুথু ফেলে এক অংশের উপর অপর অংশ ভাঁজ করে দিলেন এবং বললেন : অথবা এমন করবে। (২৪১) (আ.প্র. ৪০০, ই.ফা. ৪০৬)

# ٨/ ٨٤. بَابِ عِظْةِ الْإِمَامِ النَّاسَ فِي إِثْمَامِ الصَّلاَةِ وَذِكْرِ الْقَبْلَةِ.

৮/৪০. অধ্যায় : সলাত পূর্ণ করার ও ক্বিবলাহ্র ব্যাপারে লোকদেরকে ইমামের উপদেশ প্রদান।

١٤١٨. صرثنا عَبْدُ اللهِ بْنُ يُوسُفَ قَالَ أَخْبَرَنَا مَالِكٌ عَنْ أَبِي الزِّنَادِ عَنِ الْأَعْرَجِ عَنْ أَبِسِي هُرَيْسِرَةَ أَنَّ رَسُولَ اللهِ عَنْ اللَّاعْرَجِ عَنْ أَبِسِي هُرَيْسِرَةً أَنَّ رَسُولَ اللهِ عَنْ قَالَ هَلْ تَرَوْنَ قِبْلَتِي هَا هُنَا فَوَاللهِ مَا يَخْفَى عَلَيَّ خُشُوعُكُمْ وَلاَ رُكُوعُكُمْ إِنِّي لَأَرَاكُمْ مِسْنَ وَرَاءٍ ظَهْرِي.
 وَرَاءٍ ظَهْرِي.

8১৮. আবৃ হুরাইরাহ্ হাত বর্ণিত যে, আল্লাহর রসূল হাত বলেছেন : ভোমরা কি মনে কর যে, আমার দৃষ্টি (কেবল) ক্বিলাহ্র দিকে? আল্লাহ্র কসম! আমার নিকট তোমাদের খৃত্ত' (বিনয়) ও রুকৃ' কিছুই গোপন থাকে না। অবশ্যই আমি আমার পেছন হতেও তোমাদের দেখতে পাই। (৭৪১; মুসলিম ৪/২৪, হাঃ ৪২৪, আহমাদ ৮০৩০) (আ.প্র. ৪০১, ই.ফা. ৪০৭)

٤١٩. ح*رثنا* يَحْيَى بْنُ صَالِحٍ قَالَ حَدَّثَنَا فُلَيْحُ بْنُ سُلَيْمَانَ عَنْ هِلاَلِ بْنِ عَلِيِّ عَنْ أَنسِ بْنِ مَالِك قَالَ صَلَّى بِنَا النَّبِيُّ ﷺ صَلاَةً ثُمَّ رَقِيَ الْمُنْبَرَ فَقَالَ فِي الصَّلاَةِ وَفِي الرُّكُوعِ إِنِّي لَأَرَاكُمْ مِنْ وَرَائِي كَمَا أَرَاكُمْ.

8১৯. আনাস ইব্নু মালিক ( হতে বর্ণিত। তিনি বলেছেন: নাবী ( আমাদেরকে নিয়ে সলাত আদায় করলেন। অতঃপর তিনি মিম্বারে উঠলেন এবং ইরশাদ করলেন: তোমাদের সলাতে ও রুক্'তে আমি অবশ্যই তোমাদেরকে আমার পেছন হতে দেখে থাকি, যেমন এখন তোমাদেরকে দেখতে পাচ্ছ। (৭৪২, ৬৬৪৪) (আ.প্র. ৪০২, ই.ফা. ৪০৮)

# . بَابِ هَلْ يُقَالُ مَسْجِدُ بَنِي فُلاَن. ٤١/٨ ৮/৪১. অধ্যায়: অমুকের মাসজিদ বলা যায় কি?

. ٤٢٠. **صَرَمُنَا** عَبْدُ اللهِ بَنُ يُوسُفَ قَالَ أَخْبَرُنَا مَالِكُ عَنْ نَافِعِ عَنْ عَبْدِ اللهِ بَنِ عُمَرَ أَنَّ رَسُــولَ اللهِ ا

8২০. 'আবদুল্লাহ্ ইব্নু 'উমার হাত বর্ণিত। আল্লাহর রস্ল হাত যুদ্ধের জন্যে তৈরি ঘোড়াকে 'হাফ্য়া' (নামক স্থান) হতে 'সানিয়াতুল ওয়াদা' পর্যন্ত দৌড় প্রতিযোগিতা করিয়েছিলেন। আর যে ঘোড়া যুদ্ধের জন্যে তৈরি নয়, সে ঘোড়াকে 'সানিয়া' হতে যুরাইক গোত্রের মাসজিদ পর্যন্ত দৌড় প্রতিযোগিতা করিয়েছিলেন। আর এই প্রতিযোগিতায় 'আবদুল্লাহ ইব্নু 'উমার হাত অগ্রগামী ছিলেন। (২৮৬৮, ২৮৬৯, ২৮৭০, ৭৩৩৬; মুসলিম ৩৩/২৫, হাঃ ১৮৭০, আহমাদ ৪৪৮৭) (আ.প্র. ৪০৩, ই.কা. ৪০৯)

### ٢/٨. بَابِ الْقِسْمَةِ وَتَعْلِيقِ الْقِنْوِ فِي الْمَسْجِدِ.

৮/৪২. অধ্যায় : মাসজিদে কোন কিছু ভাগ করা ও (খেজুরের) কাঁদি ঝুলানো। قَالَ أَبُو عَبْد اللهِ الْقِنْوُ الْعِذْقُ وَالِاثْنَانِ قِنْوَانِ وَالْحَمَاعَةُ أَيْضًا قِنْوَانٌ مِثْلَ صِنْوٍ وَصِنْوَانٍ.

আবৃ 'আবদুল্লাহ বুখারী (রহ.) বলেন, الْقِيْرُ একই জিনিসের নাম। এর দ্বিচন الْقِيْرُ এবং বহুবচনেও اوَصِثْرَانٍ & صِثْرٍ यেমন قِبُوانِ

٤٢١. وَقَالَ إِبْرَاهِيمُ يَعْنِي ابْنَ طَهَمَانَ عَنْ عَبْد الْعَزِيزِ بْنِ صُهَيْب عَنْ أَنْسِ بْنِ مَالِك ﷺ النّبِيُ ﷺ بِمَالٍ مِنَ الْبَحْرَيْنِ فَقَالَ النّهُ وَلَمْ عَلَمَّا قَضَى الصَّلَاةَ حَاءَ فَحَلَسَ إِلَيْه فَمَا كَانَ يَرَى أَحَدًا إِلاَّ أَعْطَاهُ إِذَ اللهِ ﷺ إِلَى الصَّلَاة وَلَمْ يَلْتَفْت إِلَيْه فَلَمَّا قَضَى الصَّلَاة حَاءَ فَحَلَسَ إِلَيْه فَمَا كَانَ يَرَى أَحَدًا إِلاَّ أَعْطَاهُ إِذَ اللهِ عَنَّالُ يَا رَسُولَ الله أَعْطَنِي فَإِنِي فَادَيْتُ نَفْسِي وَفَادَيْتُ عَقَيلاً فَقَالَ لَهُ رَسُولُ الله عَلَى خَذَ فَحَنَا فَي تَوْبِه ثُمَّ ذَهَبَ يُقلُهُ فَلَمْ يَسْتَطِعْ فَقَالَ يَا رَسُولَ اللهِ اوْمُرْ بَعْضَهُمْ يَرْفَعُهُ عَلَيَّ قَالَ لاَ قَالَ فَارْفَعُهُ أَنْتَ عَلَيَ قَالَ لاَ قَالَ لاَ قَالَ فَارْفَعُهُ أَنْتَ عَلَيَّ قَالَ لاَ قَالَ لاَ قَالَ لاَ قَالَ لاَ قَالَ فَارَفَعُهُ أَنْتَ عَلَيَ قَالَ لاَ قَالَ لاَ قَالَ فَارَفَعُهُ أَنْتَ عَلَيَّ قَالَ لاَ فَالَ فَارَفَعُهُ أَنْتَ عَلَيَّ قَالَ لاَ قَالَ لاَ قَالَ فَارْفَعُهُ أَنْتَ عَلَيَّ قَالَ لاَ قَالَ لاَ قَالَ فَارَفَعُهُ أَنْتَ عَلَيَّ قَالَ لاَ فَالَ فَارَفَعُهُ أَنْتَ عَلَيَّ قَالَ لاَ قَالَ فَارَفَعُهُ أَنْتَ عَلَيَّ قَالَ لاَ قَالَ لاَ قَالَ فَارَفَعُهُ أَنْتَ عَلَيَّ قَالَ لاَ قَالَ لاَ قَالَ لاَ قَالَ لاَ قَالَ فَارَفُعُهُ أَنْتَ عَلَيَّ قَالَ لاَ قَالَ لاَ قَالَ فَارَفُعُهُ أَنْتَ عَلَيَّ قَالَ لاَ قَالَ لاَ قَالَ لاَ قَالَ لاَ عَلَى اللهُ عَلَى عَلَى عَلَيْ اللهِ عَنْ يَعْمَلُهُ مَنْ اللهِ عَلَى عَلَى عَلَى عَلَى عَلَى عَلَى عَلَى عَلَيْتَ اللهُ عَنْ وَاللّهُ عَلَى عَلَى عَلَى عَلَى عَلَى اللهُ عَلَى اللهُ عَلَى عَلَ

8২১. আনাস ( হেন্স) হতে বর্ণিত। তিনি বলেন: নাবী 🚓 এর নিকট বাহরাইন হতে কিছু সম্পদ এলো। তিনি বললেন: এগুলো মাসজিদে রেখে দাও। আল্লাহর রসূল 🚓 এর নিকট এ যাবত যত সম্পদ আনা হয়েছে তার মধ্যে এ সম্পদই ছিল পরিমাণে সবচে' বেশী। অতঃপর আল্লাহর রস্ল সলাতে চলে গেলেন এবং এর দিকে দৃষ্টি দিলেন না। সলাত শেষ করে তিনি এসে সম্পদের নিকট গিয়ে বসলেন। তিনি যাকেই দেখলেন, কিছু সম্পদ দিয়ে দিলেন। ইতোমধ্যে 'আকাস এসে বললেন : হে আল্লাহ্র রস্ল! আমাকেও কিছু দিন। কারণ আমি নিজের ও 'আকীলের (এ দু'জন বাদ্রের যুদ্ধে মুসলমানদের কয়েদী ছিলেন) পক্ষ হতে মুক্তিপণ দিয়েছি। আল্লাহর রস্ল তাকে বললেন : নিয়ে যান। তিনি তা কাপড়ে ভরে নিলেন। অতঃপর তা উঠাতে চেষ্টা করলেন, কিন্তু পারলেন না। তিনি বললেন : হে আল্লাহ্র রস্ল! কাউকে বলুন, যেন আমাকে এটি উঠিয়ে দেয়। তিনি বললেন না। 'আকাস বললেন : তাহলে আপনি নিজেই তা তুলে দিন। তিনি বললেন : না। অতঃপর 'আকাস তা হতে কিছু সম্পদ রেখে দিলেন। অতঃপর পুনরায় তা তুলতে চেষ্টা করলেন। (এবারও তুলতে না পেরে) তিনি বললেন : হে আল্লাহর রস্ল! কাউকে আদেশ করুন যেন আমাকে তুলে দেয়। তিনি বললেন : না। অতঃপর 'আকাস আবাস কিছু সম্পদ নামিয়ে রাখলেন। এবার তিনি উঠাতে পারলেন এবং তা নিজের কাঁধে তুলে নিয়ে বেরিয়ে গেলেন। আল্লাহর রস্ল তাঁর এই লোভ দেখে এতই বিশ্বিত হয়েছিলেন যে, তিনি 'আকাসের দিকে তাকিয়ে থাকলেন যতক্ষণ না তিনি চোখের আড়াল হলেন। আল্লাহর রস্ল সোধানে একটি দিরহাম অবশিষ্ট থাকা পর্যন্ত উঠলেন না। (৩০৪৯, ৩১৬৫) (আ.এ. অনুচ্ছেদ গৃঃ ২০৯, ই.ফা. অনুচ্ছেদ ২৮৩)

# ٤٣/٨. بَابِ مَنْ دَعَا لِطَعَامٍ فِي الْمَسْجِدِ وَمَنْ أَجَابَ فِيهِ

৮/৪৩. অধ্যায় : মাসজিদে যাকে খাবার দাওয়াত দেয়া হল, আর যিনি তা কবূল করেন।

٤٢٢. **طَرْتُنَا** عَبْدُ اللهِ بْنُ يُوسُفَ أَخْبَرَنَا مَالكُ عَنْ إِسْحَاقَ بْنِ عَبْدِ اللهِ بْنِ أَبِي طَلْحَةَ سَمِعَ أَنسًا قَالَ وَجَدْتُ النَّبِيَّ عَبْدُ اللهِ بْنِ أَبِي طَلْحَةً قُلْتُ نَعَمْ فَقَالَ لِطَعَامٍ قُلْتُ نَعَمُ اللهِ عَمْ اللهِ عَلَيْ اللهِ عَلَيْ اللهِ عَلَيْ اللهُ عَلَيْ اللهِ عَلَيْ اللهِ عَلَيْهِ عَلَيْ اللهِ عَلَيْ اللهُ عَلَيْ اللهُ عَلَيْهِ عَلَيْ اللهِ عَلَيْهِ عَلَيْهِ عَلَيْهُ عَلَيْهِ عَلَيْهُ عَلَيْهُ عَلَيْهِ عَلَيْهِ عَلَيْهَ عَلَيْهِ عَلَيْهِ عَلَيْهِ عَلَيْهِ عَلَيْهُ عَلَيْهِ عَلَيْهَ عَلَيْهُ عَلَيْهِ عَلَيْهِ عَلَيْهُ عَلَيْهُ عَلَيْهُ عَلَيْهُ عَلَيْهُ عَلَيْهُ عَلَيْهُ عَلَيْهُ عَلَيْهُ عَلَيْهِ عَلَيْهُ عَلَيْهُ عَلَيْهُ عَلَيْهُ عَلَيْهُ عَلَيْهُ عَلَيْهِ عَلَيْهِ عَلَيْهِ عَلَيْهِ عَلَيْهِ عَلَيْهُ عَلَيْهُ عَلَيْهُ عَلَيْهِ عَلَى عَلَيْهِ عَلَيْهِ عَلَيْهِ عَلَيْهِ عَلَيْهِ عَلَيْهِ عَلَيْهِ عَلَيْهِ عَلَى عَلَيْهِ عَلْمَ عَلَيْهِ عَلَيْهُ عَلَيْهِ عَلَيْهِ عَلَيْهِ عَلِي عَلَيْهِ عَلَيْهِ عَلَيْهِ عَلِي عَلَي

8২২. আনাস (হা) হতে বর্ণিত। তিনি বলেন: আর্মি নাবী হাই কে মাসজিদে পেলাম আর্র তাঁর সঙ্গে ছিলেন কয়েকজন সহাবী। আমি দাঁড়িয়ে গেলাম। তিনি আমাকে বললেন: তোমাকে কি আবৃ তাল্হা পাঠিয়েছেন? আমি বললাম: জী হাঁ। তিনি বললেন: খাবার জন্য? আমি বললাম: জী, হাঁ। তখন তাঁর আশেপাশে যাঁরা ছিলেন, তিনি তাঁদেরকে বললেন: উঠ। অতঃপর তিনি চলতে শুরু করলেন। (রাবী বলেন) আর আমি তাঁদের সামনে সামনে অগ্রসর হলাম। (৩৫৭৮, ৫৬৮১, ৫৪৫০, ৬৬৮৮) (আ.প্র. ৪০৪, ই.ফা. ৪১০)

. ﴿ ٤٤ ﴾ . بَابِ الْقَضَاءِ وَاللَّعَانِ فِي الْمَسْجِدِ بَيْنَ الرِّجَالِ وَالنِّسَاءِ. لالْمُحْدِ بَيْنَ الرِّجَالِ وَالنِّسَاءِ. لالْمُحْدِ بَيْنَ الرِّجَالِ وَالنِّسَاءِ. لالْمُحْدِ بَيْنَ الرِّجَالِ وَالنِّسَاءِ. لالْمُحْدِينَ اللَّهُ الللَّهُ اللَّهُ الل

<sup>\*</sup> লি'আন : স্বামী-স্ত্রীর মধ্যে সৃষ্ট বিবাদে কোন মীমাংসা না হলে, সর্বশেষ ফায়সালা হিসেবে তারা প্রত্যেকে নিজের উপর অভিসম্পাত বর্ষণ করবে এই বলে যে, যদি আমি মিধ্যাবাদী হই তাহলে আল্লাহর অভিসম্পাত আমার উপর পতিত হোক। (স্রাহ্ নূর ২৪/৬-৯)

٤٢٣. **صرَّنَا** يَحْيَى بْنُ مُوسَى قَالَ أَخْبَرَنَا عَبْدُ الرَّزَّاقِ قَالَ أَخْبَرَنَا ابْنُ جُرَيْجِ قَالَ أَخْبَرَنِي ابْنُ شِهَابِ عَنْ سَهْلِ بْنِ سَعْدَ أَنْ رَجُلاً قَالَ يَا رَسُولَ اللهِ أَرَأَيْتَ رَجُلاً وَجَدَ مَعَ امْرَأَتِهِ رَجُلاً أَيْقَتُلُــهُ فَتَلَاعَنَــا فِـــيَّ الْمَسْجِدِ وَأَنَا شَاهِد.

8২৩. সাহল ইব্নু সা'দ (হা) হতে বর্ণিত। এক ব্যক্তি বলল: হে আল্লাহর রসূর্ল! কেউ তার স্ত্রীর সাথে অন্য ব্যক্তিকে দেখতে পেলে কি তাকে হত্যা করবে? পরে মাসজিদে সে ও তার স্ত্রী একে অন্যকে 'লি'আন' করল। তখন আমি তা প্রত্যক্ষ করলাম। (৪৭৪৫, ৪৭৪৬, ৫২৫৯, ৫৩০৮, ৫৩০৯, ৬৮৫৪, ৭১৬৫, ৭১৬৬, ৭৩০৪) (আ.শ্র. ৪০৫, ই.ফা. ৪১১)

٨/٨ ٤. بَابِ إِذَا دَخَلَ بَيْتًا يُصَلِّي حَيْثُ شَاءَ أَوْ حَيْثُ أُمِرَ وَلاَ يَتَجَسَّسُ.

৮/৪৫. অধ্যায় : কারো ঘরে প্রবেশ করলে যেখানে ইচ্ছা বা যেখানে নির্দেশ করা হয় সেখানেই সলাত আদায় করবে। এ ব্যাপারে অধিক যাচাই বাছাই করবে না।

٤٢٤. **صَرَثُنَا** عَبْدُ اللهِ بْنُ مَسْلَمَةَ قَالَ حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ سَعْدَ عَنْ ابْنِ شِهَابٍ عَنْ مَحْمُودِ بْنِ الرَّبِيسِعِ عَنْ عِثْبَانَ بْنِ مَالِك أَنَّ النَّبِيَّ ﷺ أَتَاهُ فِي مَنْزِلِهِ فَقَالَ أَيْنَ تُحِبُّ أَنَّ أُصَلِّيَ لَكَ مِنْ بَيْتِكَ قَالَ فَأَشَرْتُ لَهُ إِلَى مَكَانَ فَكَبَّرَ النَّبِيُّ ﷺ وَصَفَفْنَا خَلْفَهُ فَصَلَّى رَكَعَتَيْنِ.

8২৪. 'ইতবান ইব্নু মালিক হাত বর্ণিত যে, নাবী হাত তাঁর ঘরে এলেন এবং বললেন : তোমার ঘরের কোন্ জায়গায় আমার সলাত আদায় করা তুমি পছন্দ কর? তিনি বলেন : তখন আমি তাঁকে একটি স্থানের দিকে ইঙ্গিত করলাম। নাবী হাত তাকবীর বললেন। আমরা তাঁর পেছনে কাতার করে দাঁড়ালাম। তিনি দু'রাক'আত সলাত আদায় করলেন। (৪২৫ ৬৬৭, ৬৮৬, ৮৩৮, ৮৪০, ১১৮৬, ৪০০৯, ৪০১০, ৫৪০১, ৬৪২৩, ৬৯৩৮) (আ.প্র. ৪০৬, ই.ফা. ৪১২)

# ٨/٨ ٤. بَابِ الْمُسَاجِدِ فِي الْبُيُوتِ

৮/৪৬. অধ্যায় : ঘর বাড়িতে মাসজিদ তৈরি।

وَصَلَّى الْبَرَاءُ بْنُ عَازِبِ فِي مَسْجِدِهِ فِي دَارِهِ جَمَاعَةً.

বারা' ইব্নু 'আযিব 🚌 নিজের বাড়ির মাসজিদে জামা'আত করে সলাত আদায় করেছিলেন।

٥٢٥. حرثنا سَعِيدُ بْنُ عُفَيْرِ قَالَ حَدَّثَنِي اللَّيثُ قَالَ حَدَّثَنِي عُقَيْلٌ عَنْ ابْنِ شِهَابِ قَسَالَ أَخْبَرَنِسِي مَحْمُودُ بْنُ الرَّبِيعِ الأَنْصَارِيُّ أَنْ عُفَيْرِ قَالَ بَنَ مَالِكُ وَهُوَ مِنْ أَصْحَابِ رَسُولِ اللهِ عَلَيْ مِمَّنْ شَهِدَ بَسَدُرًا مِسَنَ الأَنْصَارِ أَنَهُ أَتَى رَسُولَ اللهِ عَلَيْ فَقَالَ يَا رَسُولَ اللهِ قَدْ أَنْكَرْتُ بَصَرِي وَأَنَا أُصَلِّي لِقَوْمِي فَسَإِذَا كَانَسَتُ الأَنْصَارِ أَنَهُ أَتَى رَسُولَ اللهِ عَلَيْ فَقَالَ يَا رَسُولَ اللهِ قَدْ أَنْكَرْتُ بَصَرِي وَأَنَا أُصَلِّي لِقَوْمِي فَسَإِذَا كَانَسَتُ الأَمْطَارُ سَالَ الْوَادِي الذِي بَيْنِي وَبَيْنَهُمْ لَمْ أَسْتَطِعْ أَنْ آتِيَ مَسْجِدَهُمْ فَأُصَلِّيَ بِهِمْ وَوَدِدْتُ يَا رَسُولَ اللهِ

أَنْكَ تَأْتِينِي فَتُصَلِّيَ فِي بَيْتِي فَأَتَّخِذَهُ مُصَلِّى قَالَ فَقَالَ لَهُ رَسُولُ اللهِ عَلَى اللهِ عَلَى اللهِ عَنْمَا اللهِ عَلَى الله عَلَى اللهِ عَلَى اللهِ عَلَى اللهُ اللهُ عَلَى اللهُ اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ اللهُ اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ اللهُ اللهُ عَلَى ال

৪২৫. মাহমূদ ইব্নু রাবী' আনসারী 🚎 হতে বর্ণিত যে, 'ইতবান ইব্নু মালিক 🚎, যিনি আল্লাহর রসূল 🚝 এর সঙ্গে বাদরের যুদ্ধে অংশ গ্রহণকারী আনসারগণের অন্যতম, আল্লাহর রসূল 🚎 এর নিকট হাযির হয়ে আর্য করলেন হে আল্লাহ্র রসূল। আমার দৃষ্টিশক্তি হ্রাস পেয়েছে। আমি আমার গোত্রের লোকদের নিয়ে সলাত আদায় করি। কিন্তু বৃষ্টি হলে আমার ও তাদের বাসস্থানের মধ্যবর্তী নিম্নভূমিতে পানি জমে যাওয়াতে তা পার হয়ে তাদের মাসজিদে পৌছতে এবং তাদেরকে নিয়ে সলাত আদায় করতে সমর্থ হই না। আর হে আল্লাহ্র রসূল! আমার একান্ত ইচ্ছা যে, আপনি আমার ঘরে এসে কোন এক স্থানে সলাত আদায় করেন এবং আমি সেই স্থানকে সলাতের জন্য নির্দিষ্ট করে নিই। রাবী বলেন : তাঁকে আল্লাহর রসূল 😂 বললেন : ইনশাআল্লাহ অচিরেই আমি তা করব। 'ইতবান 😂 বলেন : পরদিন সূর্যোদয়ের পর আল্লাহর রসূল্ 😂 ও আবৃ বাক্র 😂 আমার ঘরে তাশরীফ আনেন। আল্লাহর রসূল্ 🚎 ভেতরে প্রবেশ করতে চাইলে আমি তাঁকে অনুমতি দিলাম। ঘরে প্রবেশ করে তিনি না বসেই জিজ্ঞেস করলেন : তোমার ঘরের কোন্ স্থানে সলাত আদায় করা পসন্দ কর? তিনি বলেন : আমি তাঁকে ঘরের এক প্রান্তের দিকে ইঙ্গিত করলাম। অতঃপর আল্লাহর রসূল্ 🚑 দাঁড়ালেন এবং তাকবীর বললেন। তখন আমরাও দাঁড়ালাম এবং কাতারবন্দী হলাম। তিনি দু'রাক'আত সলাত আদায় করলেন। অতঃপর সালাম ফিরালেন। তিনি ('ইতবান) বলেন: আমরা তাঁকে কিছুক্ষণের জন্য বসালাম এবং তাঁর জন্য তৈরি 'খাযীরাহ' নামক খাবার তাঁর সামনে পেশ করলাম। রাবী বলেন : এ সময় মহল্লার কিছু লোক ঘরে ভীড় জমালেন। তখন উপস্থিত লোকদের মধ্য হতে এক ব্যক্তি বলে উঠলেন, 'মালিক ইব্নু দুখাইশিন' কোথায়? অথবা বললেন : 'ইব্নু দুখন্তন' কোথায়? তখন তাঁদের একজন জওয়াব দিলেন, সে মুনাফিক। সে মহান আল্লাহ ও আল্লাহর রস্লকে ভালবাসে না। তখন আল্লাহর রস্ল 😂 বললেন: এরূপ

<sup>🔭</sup> খাযীরাহ : ছোট ছোট গোশতের টুকরা বা কিমা পানি দ্বারা সিদ্ধ করার পর সেটাতে আটা মিশিয়ে রান্না করা খাবার।

বলো না। তুমি কি দেখছ না যে, সে আল্লাহর সন্তোষ লাভের জন্যে 'লা- ইলা-হা ইল্লাল্লাহ" বলেছে? তখন সে ব্যক্তি বললেন : আল্লাহ ও তাঁর রসূলই ভাল জানেন। আমরা তো তার সম্পর্ক ও নাসীহাত কামনা মুনাফিকদের সাথেই দেখি। আল্লাহর রসূল ক্রি বললেন : আল্লাহ তা'আলা তো এমন ব্যক্তির প্রতি জাহান্নাম হারাম করে দিয়েছেন, যে আল্লাহর সন্তুষ্টি লাভের উদ্দেশে 'লা- ইলা-হা ইল্লাল্লাহ' বলে। রাবী 'ইব্ন শিহাব (রহ.) বলেন : অতঃপর আমি মাহমূদ ইব্ন রাবী ' ব্রুটিন এর হাদীস সম্পর্কে হুসায়ন ইব্নু মুহাম্মাদ আনসারী (রহ.)-কে জিজ্ঞেস করলাম, যিনি বানু সালিম গোত্রের একজন নেতৃস্থানীয় ব্যক্তি ছিলেন। তিনি এ হাদীস সমর্থন করলেন। (৪২৪) (আ.গ্র. ৪০৭, ই.ফা. ৪১৩)

# ٤٧/٨. بَابِ التَّيَمُّنِ فِي دُخُولِ الْمَسْجِدِ وَغَيْرِهِ

৮/৪৭. অধ্যায় : মাসজিদে প্রবেশ ও অন্যান্য কাজ ডান দিক হতে শুরু করা।

ইব্নু 'উমার (ক্রে) প্রবেশের সময় প্রথম ডান পা দিয়ে শুরু করতেন এবং বের হ্বার সময় প্রথম বাঁ পা দিয়ে শুরু করতেন।

8২৬. 'আয়িশাহ ্রিক্স হতে বর্ণিত। তিনি বলেন : নাবী ক্রিক্স নিজের সমস্ত কাজে যথাসম্ভব ডানদিক হতে আরম্ভ করা পছন্দ করতেন। তাহারাত অর্জন, মাথা আঁচড়ানো এবং জুতা পরার সময়ও। (১৬৮) (আ.প্র. ৪০৮, ই.ফা. ৪১৪)

# ٨/٨ ٤. بَابِ هَلْ تُنْبَشُ قُبُورُ مُشْرِكِي الْجَاهِلِيَّةِ وَيُتَّخَذُ مَكَانُهَا مَسَاجِدَ

৮/৪৮. অধ্যায় : জাহিলী যুগের মুশরিকদের কবর খুঁড়ে ফেলে তদস্থলে মাসজিদ নির্মাণ কি বৈধ?

لِقَوْلِ النَّبِيِّ ﷺ لَعَنَ اللهُ الْيَهُودَ اتَّخَذُوا قُبُورَ أَنْبِيَائِهِمْ مَسَاجِدَ وَمَا يُكْرَهُ مِنْ الصَّلاَةِ فِي الْقُبُورِ وَرَأَى عُمَرُ بْنُ الْخَطَّابِ ﷺ أَنَسَ بْنَ مَالِكٍ يُصَلِّي عِنْدَ قَبْرٍ فَقَالَ الْقَبْرَ الْقَبْرَ وَلَمْ يَأْمُرُهُ بِالْإِعَادَة.

নাবী 🥽 বলেছেন, ইয়াহুদীদের উপর আল্লাহ্র অভিশাপ, তারা নাবীর্গণের ক্বরকে মাসজিদ বানিয়েছে:

আর ক্বরের উপর সলাত আদায় করা মাকরহ হওয়া প্রসঙ্গে 'উমার ইব্নু খাতাব ( আনাস ইব্নু মালিক ( করে করি কবরের নিকট সলাত আদায় করতে দেখে বললেন : কবর! কবর! কিন্তু তিনি তাঁকে সলাত পুনরায় আদায় করতে বলেননি।

٤٢٧. **حَرَثنا** مُحَمَّدُ بْنُ الْمُثَنَّى قَالَ حَدَّثَنَا يَحْيَى عَنْ هِشَامٍ قَالَ أَخْبَرَنِي أَبِي عَنْ عَائِشَةَ أُمِّ الْمُـــؤَمنِينَ أُمَّ حَبِيبَةَ وَأُمَّ سَلَمَةَ ذَكَرَتَا لِلنَّبِي عَنْ عَائِشَةَ أُمِّ الْمُـــكَ إِذَا لَنَّ مَ خَبِيبَةَ وَأُمَّ سَلَمَةَ ذَكَرَتَا لِلنَّبِي عَنْ عَائِشَةَ أُولَئِكَ إِذَا كَنْ أُمَّ حَبِيبَةً وَأُمَّ سَلَمَةً ذَكَرَتَا لِلنَّبِي عَنْ عَائِشَةً أُولَئِكَ أُولَئِكَ أَوْلَئِكَ الْصَّالِحُ فَمَاتَ بَنَوْا عَلَى قَبْرِهِ مَسْجَدًا وَصَوَّرُوا فِيهِ تِلْكَ الصَّورَ فَأُولَئِكَ شِرَارُ الْحَلْقِ عِنْدَ اللهُ يَوْمَ الْقَيَامَة.

8২৭. 'আয়িশাহ জ্রান্ত্রী হতে বর্ণিত যে, উন্মু হাবীবাহ ও উন্মু সালামাহ জ্রান্ত্রী হাবশায় তাঁদের দেখা একটা গির্জার কথা বলেছিলেন, যাতে বেশ কিছু মূর্তি ছিল। তাঁরা উভয়ে বিষয়টি নাবী ক্রান্ত্র-এর নিকট বর্ণনা করলেন। তিনি ইরশাদ করলেন: তাদের অবস্থা ছিল এমন যে, কোন সৎ লোক মারা গেলে তারা তার কবরের উপর মাসজিদ বানাতো। আর তার ভিতরে ঐ লোকের মূর্তি তৈরি করে রাখতো। কিয়ামাত দিবসে তারাই আল্লাহ্র নিকট সবচাইতে নিকৃষ্ট সৃষ্টজীব বলে পরিগণিত হবে। (৪৩৪, ১৩৪১, ৩৭৩; মুসলিম ৫/৩, হাঃ ৫২৮, আহমাদ ২৪৩০৬) (আ.প্র. ৪০৯, ই.ফা. ৪১৫)

٤٢٨. حرثنا مُسَدَّدٌ قَالَ حَدَّنَنَا عَبْدُ الْوَارِثِ عَنْ أَبِي التَّيَّاحِ عَنْ أَنْسِ بْنِ مَالِكُ قَالَ قَدِمَ النَّبِي عَشَرَةً لَيْلَةً ثُمَّ الْمَدينَة فَيْزَلَ أَعْلَى الْمَدينَة فِي حَي يُقَالُ لَهُمْ بَنُو عَمْرُو بْنِ عَوْفَ فَأَقَامَ النَّبِي عَلَيْ فَيْكَ فُيهِمْ أَرْبَعَ عَشَرَةً لَيْلَةً ثُمَّ أَرْسَلَ إِلَى بَنِي النَّجَّارِ فَجَاءُوا مُتَقَلَّدي السَّيُوف كَأَنِي أَنْظُرُ إِلَى النَّبِي عَلَيْ عَلَى رَاحلَتِهِ وَأَبُو بَكُر رِدْفَهُ وَمَلَأُ بَنِي النَّجَّارِ حَوْلَهُ حَتَّى أَلْقَى بِفِنَاءَ أَبِي أَيُّوبَ وَكَانَ يُحِبُّ أَنَّ يُصَلِّي حَيْثُ أَدْرَكَتَهُ الصَّلَاةُ وَيُصَلِّي فِي النَّجَّارِ فَقَالَ يَا بَنِي النَّجَّارِ فَقَالَ يَا بَنِي النَّجَّارِ فَقَالَ يَا بَنِي النَّجَارِ ثَامُنُونِي بِحَائِطُكُمْ مَرَ ابِضِ الْغَنَمِ وَأَلَّهُ أَمْرَ بِبَنَاء الْمَسْرَكِينَ وَلَي الله فَقَالَ أَنَسُ فَكَانَ فِيهِ مَا أَقُولُ لَكُمْ فَبُورُ الْمُشْرِكِينَ وَفِيهِ خَرِبٌ فَسُويِّيتُ وَبِالنَّحْلِ فَقُطِعَ فَصَفُّوا النَّخْلِ فَيْكُو وَلِي اللهِ عَلَى اللهِ عَمَالُوا يَنْقُلُونَ الصَّخْرَ وَهُمْ يَرْتَحِرُونَ وَالنَّبِيُ عَلَيْهُ مَعَهُمْ وَهُو يَقُدولُ اللَّهُ مَلَى اللهُ عَيْلُولُ الصَّحْرَةِ وَجَعَلُوا يَنْقُلُونَ الصَّخْرَ وَهُمْ يَرْتَحِرُونَ وَالنَّبِيُ فَيَقُلُ مَعُهُمْ وَهُو يَقُلُولُ اللهُ عَلَى اللهُمْ لَا خَيْرُونَ الْكَبِي وَاللّهِ لَا خَيْرُولُ الْكَرْضَارِ وَالْمُهَاجِرَةً وَهُمْ يَرْتَحِرُونَ وَالنَبِيُّ وَاللَّهُمْ لَا خَيْرُ اللَّهُمْ لَا خَيْرُ الْلَاحِرَةُ وَجَعَلُوا وَالْمُهَاحِرَةً وَالْمَهُمَ وَهُو يَقُدُولُ اللَّهُمُ لَا عَيْمَ لَا الْعَلَى اللهُ عَيْرُونَ وَالنَّبِي اللْكَولُ اللَّهُمْ لَا عَنْ اللَّهُ الْكَافُولُ الْكَافِي اللْمُ الْمُولُ الْمُهُ وَلُولُ اللْمُ الْمُ الْمُلْولُ اللْمُ الْمُولُ الْمُولُ اللْمُ الْمُ الْمُولُ اللْمُهُ وَلُولُ اللْمُهُ وَلَا اللّهُ اللْمُ اللْمُهُ الْمُ اللْمُ الْمُ الْمُسْرِقُ اللْمُ اللَّهُ اللْمُ اللْمُ اللَّالُولُ اللْمُ الْمُ اللْمُ الْمُولُ اللْمُولُ اللْمُولُولُ اللللْمُ اللْمُ اللْمُ اللَّهُ اللْمُولُ اللْمُولُ اللْمُؤْمِ الللَّهُ اللْمُ اللْمُ اللْمُؤَالُ اللْمُ اللْمُ اللْمُ اللْمُ اللْمُ اللْمُ اللْمُ اللللْمُ اللْمُ اللَّهُ اللَّهُ ا

8২৮. আনাস ইব্নু মালিক ( হতে বর্ণিত। তিনি বলেন : নাবী হ মাদীনাহ্য় পৌছে প্রথমে মাদীনাহ্র উচ্চ এলাকায় অবস্থিত বানৃ 'আম্র ইব্নু 'আওফ নামক গোত্রে উপনীত হন। তাদের সঙ্গে নাবী কৌ চৌদ দিন (অপর বর্ণনায় চবিবশ দিন) অবস্থান করেন। অতঃপর তিনি বানৃ নাজ্জারকে ডেকে পাঠালেন। তারা কাঁধে তলোয়ার ঝুলিয়ে উপস্থিত হলো। আমি যেন এখনো সে দৃশ্য দেখতে পাচ্ছি যে, নাবী হ ছিলেন তাঁর বাহনের উপর, আবৃ বাক্র ( সে বাহনেই তাঁর পেছনে আর বানৃ নাজ্জারের দল তাঁর আশেপাশে। অবশেষে তিনি আবৃ আয়্যুব আনসারী । ব ঘরের সাহানে অবতরণ করলেন। নাবী যেখানেই সলাতের ওয়াক্ত হয় সেখানেই সলাত আদায় করতে পছন্দ করতেন এবং তিনি ছাগল-ভেড়ার খোঁয়াড়েও সলাত আদায় করতেন। এখন তিনি মাসজিদ তৈরি করার নির্দেশ দেন। তিনি বান্ নাজ্জারকে ডেকে বললেন : হে বানৃ নাজ্জার! তোমরা আমার কাছ হতে তোমাদের এই বাগিচার মূল্য

নির্ধারণ কর। তারা বললো : না, আল্লাহ্র কসম, আমরা এর দাম নেব না। এর দাম আমরা একমাত্র আল্লাহ্র নিকটই আশা করি। আনাস ( বলেন : আমি তোমাদের বলছি, এখানে মুশরিকদের কবর এবং ভগ্নাবশেষ ছিল। আর ছিল খেজুর গাছ। নাবী ক্রি-এর নির্দেশে মুশরিকদের কবর খুঁড়ে ফেলা হলো, অতঃপর ভগ্নাবশেষ সমতল করে দেয়া হলো, খেজুর গাছগুলো কেটে ফেলা হলো অতঃপর মাসজিদের কিবলায় সারিবদ্ধ করে রাখা হলো এবং তার দুই পাশে পাথর বসানো হলো। সহাবীগণ পাথর তুলতে তুলতে ছন্দোবদ্ধ কবিতা আবৃত্তি করছিলেন। আর নাবী ক্রি-ও তাঁদের সাথে ছিলেন। তিনি তখন বলছিলেন : "হে আল্লাহ! আথিরাতের কল্যাণ ব্যতীত (প্রকৃত) আর কোন কল্যাণ নেই। তুমি আনসার ও মুহাজিরগণকে ক্ষমা কর।" (আ.প্র. ৪১০, ই.ফা. ৪১৬)

# ٨/٨ ٤. بَابِ الصَّلاَةِ فِي مَرَابِضِ الْعَنَمِ.

৮/৪৯. অধ্যায় : ছাগল থাকার স্থানে সলাত আদায় করা।

٤٢٩. صرتنا سُلَيْمَانُ بْنُ حَرْبِ قَالَ حَدَّثَنَا شُعْبَةُ عَنْ أَبِي التَّيَّاحِ عَنْ أَنَسِ بْنِ مَالِكِ قَالَ كَانَ النَّبِسِيُّ فَيْ يُعَلِّي فِي مَرَابِضِ الْغَنَمِ قَبْلَ أَنْ يَبْنَى الْمَسْجِدُ.

৪২৯. আনাস ইব্নু মালিক হানে হতে বর্ণিত তিনি বলেন : নাবী হার্ট্র ছাগল থাকার স্থানে সলাত আদায় করেছেন। রাবী বলেন, অতঃপর আমি আনাস ()-কে বলতে শুনেছি যে, মাসজিদ নির্মাণের পূর্বে তিনি (নাবী হার্ট্র) ছাগলের খোঁয়াড়ে সলাত আদায় করেছেন। (২৩৪) (আ.প্র. ৪১১, ই.ফা. ৪১৭)

# ٥٠/٨. بَابِ الصَّلاَةِ فِي مَوَاضِعِ الإِبلِ.

৮/৫০. অধ্যায় : উট রাখার স্থানে সলাত আদায়।

. ٤٣. صَرَتُنَا صَدَقَةُ بْنُ الْفَصْلِ قَالَ أَخْبَرَنَا سُلَيْمَانُ بْنُ حَيَّانَ قَالَ حَدَّنَنَا عُبَيْدُ اللهِ عَنْ نَافِعِ قَالَ رَأَيْتُ البَّرِيَّ عَمْرَ يُصَلِّى إِلَى بَعِيرِهِ وَقَالَ رَأَيْتُ النَّبِيَّ ﷺ يَفْعَلُهُ.

8৩০. নাফি' (রহ.) হতে বর্ণিত। তিনি বলেন: আমি ইব্নু 'উমার (क्क्र)-কে তাঁর উটের দিকে সলাত আদায় করতে দেখেছি। আর ইব্নু 'উমার (क्क्र) বলেছেন: আমি দেখেছি নাবী ক্ক্রের এমন করতেন। (৫০৭) (আ.শু. ৪১২, ই.ফা. ৪১৮)

١/٨ ٥. بَابِ مَنْ صَلَّى وَقُدَّامَهُ تَنُّورٌ أَوْ نَارٌ أَوْ شَيْءٌ مِمَّا يُعْبَدُ فَأَرَادَ بِهِ اللَّهَ

৮/৫১. অধ্যায় : চুলা, আগুন বা এমন কোন বস্তু যার উপাসনা করা হয়, তা সামনে রেখে কেবল আল্লাহর সম্ভুষ্টি হাসিল করারই উদ্দেশে সলাত আদায়।

وَقَالَ الزُّهْرِيُّ أَخْبَرَنِي أَنَسُ بْنُ مَالِكِ قَالَ قَالَ النَّبِيُّ ﷺ عُرِضَتْ عَلَيَّ النَّارُ وَأَنَا أُصَلِّي.

যুহরী (রহ.) বলেন : আমাকে আনাস ( জানিয়েছেন, নাবী ক্রিক্ট বলেছেন : আমার সামনে আগুন (জাহান্নাম) পেশ করা হলো, তখন আমি সলাতে ছিলাম ।

٤٣١. حرثنا عَبْدُ اللهِ بْنُ مَسْلَمَةَ عَنْ مَالِك عَنْ زَيْدِ بْنِ أَسْلَمَ عَنْ عَطَاءِ بْنِ يَسَارِ عَنْ عَبْدِ اللهِ بْدِي عَبْدِ اللهِ بْدِي عَنْ عَبْدِ اللهِ بْدِي عَنْ عَبْدِ اللهِ بْدَالْمَ اللهِ عَبْدِ اللهِ عَنْ عَلَمْ اللهِ اللهِ عَنْ عَلَمْ اللهِ اللهِ اللهِ اللهِ عَنْ عَلَمْ اللهِ اللهُ اللهِ اللهُ اللهُ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهُ اللهِ ال

৪৩১. 'আবদুল্লাহ ইব্নু 'আব্বাস ( হেন্তু) হতে বর্ণিত। তিনি বলেন: একবার সূর্য গ্রহণ হলো। তখন আল্লাহর রসূল হেন্তু সলাত আদায় করলেন। অতঃপর বললেন: আমাকে জাহান্নাম দেখানো হয়েছে। আজকের মত ভয়াবহ দৃশ্য ইতোপূর্বে কখনো দেখিনি। (২৯) (জা.প্র. ৪১৬, ই.ফা. ৪১৯)

٨/٥٠. بَابِ كُرَاهِيَةِ الصَّلاَةِ فِي الْمَقَابِرِ.

৮/৫২. অধ্যায় : কবরস্থানে সলাত আদায় করা মাকর্রহ।

٤٣٢. **طَرْنَنَا** مُسَدَّدٌ قَالَ حَدَّنَنَا يَحْيَى عَنْ عُبَيْدِ اللهِ بْنِ عُمَرَ قَالَ أَخْبَرَنِي نَافِعٌ عَنْ ابْنِ عُمَرَ عَنِ النَّبِيِّ اللهِ عَالَ اجْعَلُوا فِي بُيُوتِكُمْ مِنْ صَلاَتكُمْ وَلاَ تَتَّخذُوهَا قُبُورًا.

৪৩২. ইব্নু 'উমার ( হলে হতে বর্ণিত। নাবী হলে বলেছেন: তোমাদের ঘরেও কিছু সলাত আদায় করবে এবং ঘরকে তোমরা কবর বানিয়ে নিও না। (১১৮৭; মুসলিম ৬/২৯, হাঃ ৭৭৭, আহমাদ ৪৬৫৩) (আ.প্র. ৪১৪, ই.ফা. ৪২০)

وَالْغَذَابِ الصَّلَاةِ فِي مَوَاضِعِ الْخَسَفِ وَالْعَذَابِ .٥٣/٨ مَوَاضِعِ الْخَسَفِ وَالْعَذَابِ .٥٣/٨ نابِ . অধ্যায় : আল্লাহ্র গযবে বিধ্বন্ত ও আযাবের স্থানে সলাত আদায় করা।
وَيُذْكَرُ أَنَّ عَلِيًّا ﷺ كَرَهَ الصَّلاَةَ بِخَسْف بَابِلَ.

উল্লেখ রয়েছে যে, 'আলী 🚌 ব্যাবিলনের ধ্বংসন্তূপে সলাত আদায় করা মাকরুহ মনে করতেন।

٤٣٣. **طَرُنُنَا** إِسْمَاعِيلُ بْنُ عَبْدِ اللهِ قَالَ حَدَّثَنِي مَالِكٌ عَنْ عَبْدِ اللهِ بْنِ دِينَارِ عَنْ عَبْدِ اللهِ بْسِنِ عُمَـــرَ رَضِيَ اللهُ عَنْهُمَا أَنَّ رَسُولَ اللهِ ﷺ قَالَ لاَ تَدْخُلُوا عَلَى هَؤُلاَءِ الْمُعَذَّبِينَ إِلاَّ أَنْ تَكُونُوا بَاكِينَ فَإِنْ لَمْ تَكُونُوا بَاكِينَ فَلاَ تَدْخُلُوا عَلَيْهِمْ لاَ يُصِيبُكُمْ مَا أَصَابَهُمْ.

8৩৩. 'আবদুল্লাহ ইব্নু 'উমার 📻 হতে বর্ণিত যে, আল্লাহর রসূল 🚎 বলেছেন : তোমরা এসব 'আযাবপ্রাপ্ত সম্প্রদায়ের লোকালয়ে ক্রন্দনরত অবস্থা ব্যতীত প্রবেশ করবে না। কান্না না আসলে সেখানে প্রবেশ করো না, যেন তাদের উপর যা আপতিত হয়েছিল তা তোমাদের প্রতিও আসতে না পারে। (৩৩৮০, ৩৩৮১, ৪৪১৯, ৪৪২০, ৪৭০২; মুসলিম ৫৩/১ হাঃ ২৯৮, আহমাদ ৫২৫) (আ.প্র. ৪১৫, ই.ফা. ৪২১)

٨ / ٤ ٥. بَابِ الصَّلاَةِ فِي الْبِيعَة

৮/৫৪. অধ্যায় : গির্জায় সলাত আদায়।

وَقَالَ عُمَرُ وَ لَيُهَا لاَ نَدْخُلُ كَنَائِسَكُمْ مِنْ أَجْلِ التَّمَاثِيلِ الَّتِي فِيهَا الصُّوَرُ وَكَانَ ابْنُ عَبَّاسٍ يُصَلِّي فِي الْبِيعَة إلاَّ بِيعَةً فِيهَا تَمَاثِيلُ.

'উমার 🕽 বলেছেন আমরা তোমাদের গির্জাসমূহে প্রবেশ করি না, কারণ তাতে মূর্তি রয়েছে। ইব্নু 'আব্বাস 🕽 গির্জায় সলাত আদায় করতেন। তবে যেখানে প্রতিমা ছিল সেখানে নয়।

٤٣٤. مرثنا مُحَمَّدُ بْنُ سَلاَمٍ قَالَ أَخْبَرَنَا عَبْدَةُ عَنْ هِشَامِ بْنِ عُرْوَةَ عَنْ أَبِيهِ عَنْ عَائِشَةَ أَنَّ أُمَّ سَلَمَةَ وَكَرَتْ لِرَسُولِ اللهِ عَنْ عَائِشَةً رَأَتُهَا بِأَرْضِ الْحَبَشَةِ يُقَالُ لَهَا مَارِيَةُ فَذَكَرَتْ لَهُ مَا رَأَتْ فِيهَا مِنْ الصُّورِ فَكَرَتْ لِلهِ عَنْ عَائِشَةً وَأَنَهَا بِأَرْضِ الْحَبَشَةِ يُقَالُ لَهَا مَارِيَةُ فَذَكَرَتْ لَهُ مَا رَأَتْ فِيهَا مِنْ الصُّورِ فَهُ أُولِئكَ قَوْمٌ إِذَا مَاتَ فِيهِمْ الْعَبْدُ الصَّالِحُ أَوْ الرَّجُلُ الصَّالِحُ بَنَوْا عَلَى قَبْسَرِهِ مَسْجِدًا وَصَوَّرُوا فِيهِ تَلْكَ الصَّورَ أُولَئكَ شَرَارُ الْحَلْق عَنْدَ الله.

৪৩৪. আরিশাহ ক্রিল্ল হতে বর্ণিত। উন্মু সালামাহ ক্রিল্ল আল্লাহর রস্ল ক্রি-এর নিকট তাঁর হাবশায় দেখা মারিয়া নামক একটা গির্জার কথা উল্লেখ করলেন। তিনি সেখানে যে সব প্রতিচ্ছবি দেখেছিলেন, সেগুলোর বর্ণনা দিলেন। তখন আল্লাহর রস্ল ক্রিক্র বললেন: এরা এমন সম্প্রদায় যে, এদের মধ্যে কোন সং বান্দা অথবা বলেছেন কোন সং লোক মারা গেলে তার কবরের উপর তারা মাসজিদ বানিয়ে নিত। আর তাতে ঐ সব ব্যক্তির প্রতিচ্ছবি স্থাপন করতো। এরা আল্লাহ্র নিকট নিকৃষ্টতম সৃষ্টজীব। (৪২৭) (আ.প্র. ৪১৬, ই.ফা. ৪২২)

٨/٥٥. بَاب

#### ৮/৫৫. অধ্যায় ঃ

٥٣٥-٤٣٥. **صرثنا** أَبُو الْيَمَانِ قَالَ أَخْبَرَنَا شُعَيْبٌ عَنْ الرُّهْرِيِّ أَخْبَرَنِي عُبَيْدُ اللهِ بَنُ عَبْدِ اللهِ بَنِ عُتْبَةً أَنَّ عَائِشَةَ وَعَبْدَ اللهِ بَنَ عَبَّسِ قَالاَ لَمَّا نَزَلَ بِرَسُولِ اللهِ ﷺ طَفِقَ يَطْرَحُ خَمِيصَةً لَهُ عَلَى وَجْهِهِ فَإِذَا اغْــتَمَّ إِنَّ عَائِشَةَ وَعَبْدَ اللهِ بَنَ عَبُولِ اللهِ عَلَى الْيَهُودِ وَالنَّصَارَى اتَّخَذُوا قُبُورَ أَنْبِيَـــائِهِمْ مَسَــاحِدَ يُحَذَّرُ مَا صَنَعُوا.

8৩৫-৪৩৬. 'উবাইদুল্লাহ ইব্নু 'আবদুল্লাহ ইব্ন 'উত্বাহ (রহ.) হতে বর্ণিত। 'আয়িশাহ ও 'আবদুল্লাহ ইব্নু 'আব্বাস ( ) বলেছেন: নাবী । এর মৃত্যু পীড়া শুরু হলে তিনি তাঁর একটা চাদরে নিজ মুখমণ্ডল আবৃত করতে লাগলেন। যখন শ্বাস বন্ধ হবার উপক্রম হলো, তখন মুখ হতে চাদর সরিয়ে দিলেন। এমতাবস্থায় তিনি বললেন: ইয়াহুদী ও নাসারাদের প্রতি আল্লাহ্র অভিশাপ, তারা তাদের নাবীদের কবরকে মাসজিদে পরিণত করেছে। (এ বলে) তারা যে (বিদ'আতী) কার্যকলাপ করত তা হতে তিনি সতর্ক করেছিলেন। (১৩৩০, ১৩৯০, ৩৪৫৩, ৩৪৫৪, ৪৪৪১, ৪৪৪৩, ৪৪৪৪, ৫৮১৫, ৫৮১৬; মুসলিম ৫/৩, হাঃ ৫৩১, আহ্মাদ ১৮৮৪) (আ.প্র. ৪১৭, ই.ফা. ৪২৩)

٤٣٧. **صَرَّنَا** عَبْدُ اللهِ بْنُ مَسْلَمَةَ عَنْ مَالِك عَنْ ابْنِ شِهَابِ عَنْ سَعِيدِ بْنِ الْمُسَيَّبِ عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ رَسُولَ اللهِ ﷺ قَالَ قَاتَلَ اللهُ الْيَهُودَ اتَّخَذُوا قُبُورَ ۖ أَنْبِيَانِهِمْ مَسَاجِدٌ.

৪৩৭. আবৃ হুরাইরাহ্ হ্রে হতে বর্ণিত। আল্লাহর রসূল হ্রেই বলেন: আল্লাহ তা'আলা ইয়াহুদীদের ধ্বংস করুন। কেননা তারা তাদের নাবীদের কবরকে মাসজিদ বানিয়ে নিয়েছে। (মুসলিম ৫/৩, হাঃ ৫৩০, আহমাদ ৭৮৩১) (আ.প্র. ৪১৮, ই.ফা. ৪২৪)

٥٦/٨. بَابِ قَوْلِ النَّبِيِّ ﷺ جُعِلَتْ لِي الأَرْضُ مَسْجِدًا وَطَهُورًا.

৮/৫৬. অধ্যায় : নাবী ্ল্ল্ড্র-এর উক্তি : আমার জন্যে যমীনকে সলাত আদায়ের স্থান ও পবিত্রতা হাসিলের উপায় করা হয়েছে।

٤٣٨. **هرثنا** مُحَمَّدُ بْنُ سِنَانَ قَالَ حَدَّثَنَا هُشَيْمٌ قَالَ حَدَّثَنَا سَيَّارٌ هُوَ أَبُو الْحَكَمِ قَالَ حَــدَّثَنَا يَزِيـــدُ الْفَقِيرُ قَالَ حَدَّثَنَا جَابِرُ بْنُ عَبْدِ اللهِ قَالَ رَسُولُ اللهِ ﷺ أَعْطِيتُ خَمْسًا لَمْ يُعْطَهُنَّ أَحَدُ مِنَ الْأَثْبِيَاءِ قَبْلِي الْفَقِيرُ قَالَ حَدَّثَنَا جَابِرُ بْنُ عَبْدِ اللهِ قَالَ رَسُولُ اللهِ ﷺ أَعْطِيتُ الْمَاتُونُ مَا رَجُلٍ مِنْ أُمَّتِي أَدْرَكَتُهُ الصَّــلاَةُ وَطَهُورًا وَأَيْمَا رَجُلٍ مِنْ أُمَّتِي أَدْرَكَتُهُ الصَّــلاَةُ وَلَيْصَلِّ وَأُحِيْتُ إِلَى النَّاسِ كَافَّةً وَأَعْطِيتُ الشَّفَاعَة.

৪৩৮. জাবির ইব্নু 'আবদুল্লাহ ( হতে বর্ণিত। তিনি বলেন: রসূলুল্লাহ বলেন: আমাকে এমন পাঁচটি বিষয় প্রদান করা হয়েছে, যা আমার পূর্বে কোন নাবীকে দেয়া হয়নি। (১) আমাকে এমন প্রভাব দিয়ে সাহায্য করা হয়েছে যা একমাসের দূরত্ব পর্যন্ত অনুভূত হয়। (২) সমস্ত যমীন আমার জন্যে সলাত আদায়ের স্থান ও পবিত্রতা অর্জনের উপায় করা হয়েছে। কাজেই আমার উন্মতের যে কেউ যেখানে সলাতের ওয়াক্ত হয় (সেখানেই) যেন সলাত আদায় করে নেয়। (৩) আমার জন্যে গানীমাত হালাল করা হয়েছে। (৪) অন্যান্য নাবী নিজেদের বিশেষ গোত্রের প্রতি প্রেরিত হতেন আর আমাকে সকল মানবের প্রতি প্রেরণ করা হয়েছে। (৫) আমাকে সার্বজনীন সুপারিশের অধিকার প্রদান করা হয়েছে। (৩৩৫; মুসলিম ৫/৫, হাঃ ৫২১, আহমাদ ১৪২৬৮) (আ.প্র. ৪১৯, ই.ফা. ৪২৫)

لَاكَ بَابِ نَوْمِ الْمَرْأَةِ فِي الْمَسْجِدِ. ४٧/٨ . بَابِ نَوْمِ الْمَرْأَةِ فِي الْمَسْجِدِ. هـ هـ/٧٤٩. عَلَيْهُ هُمْ الْمُسْجِدِ عَلَيْهُ الْمُسْجِدِ.

٤٣٩. **طَرَنْنَا** عُبَيْدُ بْنُ إِسْمَاعِيلَ قَالَ حَدَّنْنَا أَبُو أَسَامَةً عَنْ هِشَامٍ بْنِ عُرْوَةً عَنْ أَبِيهِ عَــنْ عَائِشَــةَ أَنْ وَلِيدَةً كَانَتْ سَوْدَاءَ لِحَيِّ مِنَ الْعَرَبِ فَأَعْتَقُوهَا فَكَانَتْ مَعَهُمْ قَالَتْ فَخَرَجَتْ صَبِيَّةٌ لَهُمْ عَلَيْهَا وِشَاحٌ أَحْمَرُ مِنْ سُيُورٍ قَالَتْ فَوَضَعَتْهُ أَوْ وَقَعَ مِنْهَا فَمَرَّتْ بِهِ حُدِيَّاةً وَهُوَ مُلْقًى فَحَسَبَتْهُ لَحْمًا فَخَطِفَتْهُ قَالَتْ فَالْتَمَسُـوهُ مِنْ سُيُورٍ قَالَتْ فَالتَّهَمُونِي بِهِ قَالَتْ فَالْتَمْسُلُونَ حَتَّى فَتَشُوا قُبُلَهَا قَالَتْ وَاللهِ إِنِّي لَقَائِمَــةً مَعَهُــمْ إِذْ فَلَمْ يَجِدُوهُ قَالَتْ فَالْفَتُهُ وَاللهِ إِنِي لَقَائِمَــةً مَعَهُــمْ إِذْ وَهُو ذَا اللهِ عَنْ اللهِ عَلَى اللهِ عَلَى اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهُ وَمُونَى بِهِ قَالَتْ فَوَالَتْ فَاللهُ وَهُو ذَا وَهُو ذَا اللهِ اللهِ اللهِ وَعَمَّتُهُ وَاللهُ وَهُو ذَا اللهِ اللهِ اللهُ اللهِ اللهُ اللهِ اللهُ اللهُ

هُوَ قَالَتْ فَحَاءَتْ إِلَى رَسُولِ اللهِ ﷺ فَأَسْلَمَتْ قَالَتْ عَائِشَةُ فَكَانَ لَهَا حِبَاءٌ فِي الْمَسْجِدِ أَوْ حِفْشٌ قَالَـتْ فَكَانَتْ تَأْتِينِي فَتَحَدَّثُ عِنْدِي قَالَتْ فَلاَ تَحْلِسُ عِنْدِي مَحْلِسًا إِلاَّ قَالَتْ

وَيَوْمَ الْوِشَاحِ مِنْ أَعَاجَيبِ رَبِّنَا اللهِ اللهِ اللهِ اللهِ مِنْ بَلْدَةِ الْكُفْرِ أَنْجَانِي قَالَتْ عَائِشَةُ فَقُلْتُ لَهَا مَا شَأَنُكِ لاَ تَقْعُدِينَ مَعِي مَقْعَدًا إِلاَّ قُلْتِ هَذَا قَالَتْ فَحَدَّنْتِنِي بِهَذَا الْحَدِيثِ.

8৩৯. 'আরিশাহ ক্রিক্সে হতে বর্ণিত। কোন আরব গোত্রের একটা কালো দাসী ছিল। তারা তাকে আযাদ করে দিল। অতঃপর সে তাদের সাথেই থেকে গেল। সে বলেছে যে, তাদের একটি মেয়ে গলায় লাল চামড়ার উপর মূল্যবান পাথর খচিত হার পরে বাইরে গেল। দাসী বলেছে : সে হারটা হয়তো নিজে কোথাও রেখে দিয়েছিল, অথবা কোথাও পড়ে গিয়েছিল। তখন একটা চিল তা পড়ে থাকা অবস্থায় গোশ্তের টুকরা মনে করে ছোঁ মেরে নিয়ে গেল। দাসী বলেছে : অতঃপর গোত্রের লোকেরা বেশ খোঁজাখুঁজি করতে লাগলো। কিছু তারা তা পেল না। তখন তারা আমার উপর এর দোষ চাপাল। সে বলেছে : তারা আমার উপর তল্লাশী শুরু করলো, এমন কি আমার লজ্জাস্থানেও । দাসীটি বলেছে : আল্লাহর কসম! আমি তাদের সাথে সেই অবস্থায় দাঁড়ানো ছিলাম, এমন সময় চিলটি উড়ে যেতে যেতে হারটি ফেলে দিল। সে বলেছে : তাদের সামনেই তা পড়লো। তখন আমি বললাম : তোমরা তো এর জন্যেই আমার উপর দোষ চাপিয়েছিলে। তোমরা আমার সম্পর্কে সন্দেহ করেছিলে অথচ আমি এ ব্যাপারে সম্পূর্ণ নির্দোষ। এই তো সেই হার! সে বলেছে : অতঃপর সে রাসস্লুল্লাহ ত্রু-এর নিকট এসে ইসলাম গ্রহণ করলো। 'আয়িশাহ ক্রিক্সে বলেন : তার জন্যে মাসজিদে (নাবাবীতে) একটা তাঁবু অথবা ছাপড়া করে দেয়া হয়েছিল। আমার নিকট যখনই বসতো তখনই বলতো ঃ

"সেই হারের দিনটি আমার প্রতিপালকের আশ্চর্য ঘটনা বিশেষ। জেনে রাখুন সে ঘটনাটি আমাকে কুফরের শহর হতে মুক্তি দিয়েছে।"

'আয়িশাহ ্রিল্ফ্রা বলেন, আমি তাকে বললাম : কি ব্যাপার, তুমি আমার নিকট বসলেই যে এ কথাটা বলে থাক?'আয়িশাহ ক্রিল্ফ্রা বলেন : সে তখন আমার নিকট উক্ত ঘটনা বর্ণনা করল। (৩৮৩৫) (আ.প্র. ৪২০, ই.ফা. ৪২৬)

# رَجَالَ في الْمَسْجِدِ الرِّجَالَ في الْمَسْجِدِ ٥٨/٨. بَابِ نَوْمِ الرِّجَالَ في الْمَسْجِدِ لهُـُهُ لَا اللهُ اللهُ

وَقَالَ أَبُو قِلاَبَةَ عَنْ أَنَسِ بْنِ مَالِكُ قَدِمَ رَهْطٌ مِنْ عُكُلٍ عَلَى النَّبِيِّ ﷺ فَكَانُوا فِي الصُّفَّةِ وَقَالَ عَبْــــدُ الرَّحْمَنِ بْنُ أَبِي بَكْرِ الصَّدِّيقِ كَانَ أَصْحَابُ الصُّفَّةِ الْفُقَرَاءَ.

আবৃ কিলাবাহ (রহ.) আনাস ইব্ন মালিক ( হতে বর্ণনা করেন : 'উক্ল গোত্রের কতিপয় ব্যক্তি নবী এবং নকট আসলেন এবং সুফ্ফায় অবস্থান করলেন। 'আবদুর রহমান ইব্ন আবৃ বাক্র ( বলেন : সুফ্ফাবাসীগণ ছিলেন দরিদ্র।

880. 'আবদুল্লাহ ইব্নু 'উমার ( হাত বর্ণিত। তিনি মাসজিদে নববীতে ঘুমাতেন। তিনি ছিলেন অবিবাহিত যুবক। তাঁর কোন পরিবার-পরিজন ছিল না। (১১২১, ১১৫৬, ৩৭৩৮, ৩৭৪০, ৩৭৪১, ৭০১৫, ৭০১৬, ৭০২৮, ৭০২৯, ৭০৩০, ৭০৩১) (আ.শ্র.৪২১ , ই.ফা. ৪২৭)

٤٤١. حَرْمَا قُتَيْبَةُ بَنُ سَعِيد قَالَ حَدَّنَنَا عَبْدُ الْعَزِيزِ بَنُ أَبِي حَازِمٍ عَنْ أَبِي حَازِمٍ عَنْ سَهْلِ بَنِ سَعْد قَالَ جَاءَ رَسُولُ اللهِ عَلَىٰ بَيْنِي وَبَيْنَ فَقَالَ أَيْنَ ابْنُ عَمِّكِ قَالَتَ كَانَ بَيْنِي وَبَيْنَ فَقَالَ جَاءَ وَسُولُ اللهِ عَلَىٰ اللهِ عَمْلُ اللهِ عَلَىٰ اللهِ عَمْلُ مَعْدَاءَ وَسُولُ اللهِ عَمْلُ وَهُوَ مُضْطَحِعٌ قَدْ سَقَطٌ رِدَاؤُهُ عَنْ شَقِّهِ وَأَصَابَهُ تُرَابٌ فَحَعَلَ رَسُولُ اللهِ عَلَىٰ يَمْسَحُهُ عَنْهُ وَيَقُولُ قُمْ أَبَا تُرَابٍ قُمْ أَبَا تُرَابٍ.

88১. সাহল ইব্নু সা'দ (क्रि) হতে বর্ণিত। তিনি বলেন: আল্লাহর রসূল ক্রি ফাতিমাহ ক্রিল্লা-এর গৃহে এলেন, কিন্তু 'আলী (ক্রি)-কে ঘরে পেলেন না। তিনি ফাতিমাহ ক্রিল্রী-কে জিজ্ঞেস করলেন: তোমার চাচাত ভাই কোথায়? তিনি বললেন: আমার ও তাঁর মধ্যে বাদানুবাদ হওয়ায় তিনি আমার সাথে রাগ করে বাইরে চলে গেছেন। আমার নিকট দুপুরের বিশ্রামও করেননি। অতঃপর আল্লাহর রসূল করে এক ব্যক্তিকে বললেন: দেখ তো সে কোথায়? সে ব্যক্তি খুঁজে এসে বললো: হে আল্লাহর রসূল, তিনি মাসজিদে ওয়ে আছেন। আল্লাহর রসূল করে এলেন, তখন 'আলী ক্রি কাত হয়ে ওয়ে ছিলেন। তাঁর শরীরের এক পাশের চাদর পড়ে গেয়ছে এবং তাঁর শরীরে মাটি লেগেছে। আল্লাহর রসূল করে তাঁর শরীরের মাটি ঝেড়ে দিতে দিতে বললেন: উঠ, হে আবৃ তুরাব! উঠ, হে আবৃ তুরাব! (৩৭০৩, ৬২০৪, ৬২৮০; মুসলিম ৪৪/৪, হাঃ ২৪০৯) (আ.প্র. ৪২২, ই.ফা. ৪২৮)

٤٤٢. **طَرْتُنَا** يُوسُفُ بْنُ عِيسَى قَالَ حَدَّثَنَا ابْنُ فُضَيْلٍ عَنْ أَبِيهِ عَنْ أَبِي حَازِمٍ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ لَقَدْ رَأَيْتُ سَبَعِينَ مِنْ أَصْحَابِ الصُّفَّةِ مَا مِنْهُمْ رَجُلٌ عَلَيْهِ رِدَاءً إِمَّا إِزَارٌ وَإِمَّا كِسَاءٌ قَدْ رَبَطُوا فِي أَعْنَاقِهِمْ فَمِنْهَا مَا يَبْلُغُ نِصْفَ السَّاقَيْنِ وَمِنْهَا مَا يَبْلُغُ الْكَعْبَيْنِ فَيَحْمَعُهُ بِيَدِهِ كَرَاهِيَةً أَنْ تُرَى عَوْرَتُهُ.

88২. আবৃ হুরাইরাহ্ ( হে) হতে বর্ণিত। তিনি বলেন: আমি সত্তরজন আসহাবে সুফফাকে দেখেছি, তাঁদের কারো গায়ে বড় চাদর ছিল না। হয়ত ছিল কেবল লুঙ্গি কিংবা ছোট চাদর, যা তাঁরা ঘাড়ে বেঁধে রাখতেন। (নীচের দিকে) কারো নিস্ফে সাক বা হাঁটু পর্যন্ত আর কারো টাখনু পর্যন্ত ছিল। তাঁরা লক্ষাস্থান দেখা যাবার ভয়ে কাপড় হাত দিয়ে ধরে রাখতেন। (আ.এ. ৪২৩, ই.ফা. ৪২৯)

<sup>\*</sup> আবৃ তুরাব : 'আঙ্গী (রাযি.)-এর উপাধি।

# ٩/٨. بَابِ الصَّلاَةِ إِذَا قَدِمَ مِنْ سَفَرٍ

#### ৮/৫৯. অধ্যায় : সফর হতে ফিরে আসার পর সলাত আদায়।

وَقَالَ كَعْبُ بْنُ مَالِك كَانَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا قَدِمَ مِنْ سَفَرِ بَدَأَ بِالْمَسْجِدِ فَصَلَّى فِيهِ مَنْ مَالِك كَانَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا قَدِمَ مِنْ سَفَرِ بَدَأَ بِالْمَسْجِدِ فَصَلَّى فِيهِ مَنْ مَالِك كَانَ مَالِك كَانَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا قَدِمَ مِنْ سَفَرٍ بَدَأَ بِالْمَسْجِدِ فَصَلَّى فِيه مَنْ مَالِكُ مِنْ مَالِكُ كَانَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا قَدِمَ مِنْ سَفَرٍ بَدَأَ بِالْمَسْجِدِ فَصَلَّى فِيهِ مَنْ مَالِكُ بَنْ مَالِكُ كَانَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا قَدِمَ مِنْ سَفَرٍ بَدَأَ بِالْمَسْجِدِ فَصَلَّى فِيهِ مَنْ مَا اللَّهُ عَلَيْهِ مِنْ سَفَرٍ بَدُأُ بِالْمَسْجِدِ فَصَلَّى فِيهِ

٤٤٣. **صَرْمُنَا** خَلاَّدُ بْنُ يَحْيَى قَالَ حَدَّنَنَا مِسْعَرُّ قَالَ حَدَّنَنَا مُحَارِبُ بْنُ دِثَارِ عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللهِ قَالَ ٱتَيْتُ النَّبِيَّ ﷺ وَهُوَ فِي الْمَسْجِدِ قَالَ مِسْعَرُ أُرَاهُ قَالَ ضُحَّى فَقَالَ صَلِّ رَكَعَتَيْنِ وَكَانَ لِسَي عَلَيْسَهِ دَيْسَنُ فَقَضَانِي وَزَادَني.

88৩. জাবির ইব্নু 'আবদুল্লাহ ( হতে বর্ণিত। তিনি বলেন: আমি নাবী হ এর নিকট আসলাম। তিনি তখন মাসজিদে ছিলেন। রাবী মিস'আর ( বলেন: আমার মনে পড়ে রাবী মুহারিব (রহ.) চাশতের সময়ের কথা বলেছেন। তখন নাবী হ বললেন: তুমি দু' রাক'আত সলাত আদায় কর। জাবির ( বলেন: নাবী হ এর নিকট আমার কিছু পাওনা ছিল। তিনি তা আদায় করে দিলেন বরং কিছু বেশী দিলেন। (১৮০১, ২০৯৭, ২৩০৯, ২৩৮৫, ২৩৯৪, ২৪০৬, ২৪০০, ২৬০৩, ২৬০৪, ২৭১৮, ২৮৬১, ২৯৬৭, ৩০৮৭, ৩০৮৯, ৩০৯০, ৪০৫২, ৫০৭৯, ৫০৮০, ৫২৪৩, ৫২৪৪, ৫২৪৫, ৫২৪৬, ৫২৪৭, ৫৩৬৭, ৬৩৮৭) ( আ.প্র. ৪২৪, ই.ফা. ৪৩০)

٦٠/٨. بَابِ إِذَا دَخَلَ أَحَدُكُمْ الْمَسْجِدَ فَلْيَرْكَعْ رَكْعَتَيْنِ قَبْلَ أَنْ يَجْلِسَ.

৮/৬০. অধ্যায় : তোমাদের কেউ মাসজিদে প্রবেশ করলে সে যেন বসার পূর্বে দু'রাক'আত সলাত আদায় করে নেয়।

٤٤٤. **صَرَثُنَا** عَبْدُ اللهِ بَنُ يُوسُفَ قَالَ أَخْبَرَنَا مَالكُ عَنْ عَامِرِ بَنِ عَبْدِ اللهِ بَنِ الزُّبَيْرِ عَنْ عَمْرِو بَنِ سُلَيْمِ الزُّرَقِيِّ عَنْ أَبِي قَتَادَةَ السَّلَمِيِّ أَنَّ رَسُولَ اللهِ ﷺ قَالَ إِذَا دَخَلَ أَحَدُكُمْ الْمَسْجِدَ فَلْيَرْكُعْ رَكَعَتَيْنِ قَبُــلَ أَنُّ اللهِ عَنْ عَنْ أَبِي قَتَادَةَ السَّلَمِيِّ أَنَّ رَسُولَ اللهِ ﷺ قَالَ إِذَا دَخَلَ أَحَدُكُمْ الْمَسْجِدَ فَلْيَرْكُعْ رَكَعَتَيْنِ قَبُــلَ أَنْ يَكُمْ اللهِ عَنْ عَالَمَ اللهِ اللهِ عَنْ عَالَمَ اللهِ اللهِ عَنْ عَالَمُ اللهِ اللهِ اللهِ اللهِ عَنْ عَالَمُ اللهِ اللهِ اللهُ اللهُولُ اللهُ الل

888. আবু কাতাদাহ্ সালামী (হা) হতে বর্ণিত। আল্লাহর রসূল ট্রাক্রী বলেছেন: তোমাদের কেউ মাসজিদে প্রবেশ করলে সে যেন বসার পূর্বে দু'রাক'আত সলাত আদায় করে নেয়। (১১৬৩; মুসলিম ৬/১০, হাঃ ৭১৪, আহমাদ ১৫৭৮৯) (আ.প্র. ৪২৫, ই.ফা. ৪৩১)

٦١/٨. بَابِ الْحَدَثِ فِي الْمَشجِدِ.

#### ৮/৬১. অধ্যায় : মাসঞ্জিদে হাদাস হওয়া (উযু নষ্ট হওয়া)।

٥٤٥. حارثنا عَبْدُ الله بْنُ يُوسُفَ قَالَ أَخْبَرَنَا مَالِكُ عَنْ أَبِي الزِّنَادِ عَنِ الْأَعْرَجِ عَنْ أَبِسِي هُرَيْسِرَةً أَنَّ رَسُولَ الله عَلَى أَمْدِكُمْ مَا دَامَ فِي مُصَلاَّهُ الَّذِي صَلَّى فِيهِ مَا لَمْ يُحْدِثُ تَقُولُ الله عَلَى أَحَدِكُمْ مَا دَامَ فِي مُصَلاَّهُ الَّذِي صَلَّى فِيهِ مَا لَمْ يُحْدِثُ تَقُولُ اللَّهُمَّ اوْحَمُهُ.

88৫. আবৃ হুরাইরাহ্ ( হতে বর্ণিত। আল্লাহর রস্ল হতে বলেছেন: তোমাদের কেউ মাসজিদে সলাতের পরে হাদাসের পূর্ব পর্যন্ত যেখানে সে সলাত আদায় করেছে সেখানে যতক্ষণ বসে থাকে ততক্ষণ মালাকগণ তার জন্যে দু'আ করতে থাকেন। তাঁরা বলেন: হে আল্লাহ! তাকে ক্ষমা কর। হে আল্লাহ! তার উপর রহম কর। (১৭৬; মুসলিম ৫/৪৯, হাঃ ৬৪৯) (আ.এ. ৪২৬, ই.ফা. ৪৩২)

٦٢/٨. بَابِ بُنْيَانِ الْمَسْجِدِ

৮/৬২. অধ্যায় : মাসজিদ নির্মাণ।

وَقَالَ أَبُو سَعِيدَ كَانَ سَقَفُ الْمَسْجِدِ مِنْ جَرِيدِ النَّخْلِ وَأَمَرَ عُمَرُ بِبِنَاءِ الْمَسْجِدِ وَقَالَ أَكِنَّ النَّاسَ مِنَ الْمَطَرِ وَإِيَّاكَ أَنْ تُعَمِّرُ أَوْ تُصَفِّرَ فَتَفْتِنَ النَّاسَ وَقَالَ أَنْسٌ يَتَبَاهَوْنَ بِهَا ثُمَّ لاَ يَعْمُرُونَهَا إِلاَّ قَلِيلاً وَقَـــالَ ابْـــنُ عَبَّاسِ لَتَزَخْرُفَنَهَا كَمَا زَخْرَفَتْ الْيَهُودُ وَالنَّصَارَى.

আবৃ সা'ঈদ ( বলেন : মাসজিদে নাবাবীর ছাদ ছিল খেজুর গাছের ডালের তৈরি। 'উমার ভা মাসজিদ নির্মাণের হুকুম দিয়ে বলেন : আমি লোকদেরকে বৃষ্টি হতে রক্ষা করতে চাই। মাসজিদে লাল বা হলুদ রং লাগানো হতে সাবধান থাক, এতে মানুষকে তুমি ফিতনায় ফেলবে। আনাস ( বলেন : লোকেরা মাসজিদ নিয়ে গর্ব করবে অথচ তারা একে কমই ('ইবাদাতের মাধ্যমে) আবাদ রাখবে। ইব্নু 'আব্বাস ( বলেন : তোমরা তো ইয়াহুদী ও নাসারাদের মত মাসজিদকে কারুকার্যমণ্ডিত করে ফেলবে।

٤٤٦. حرثنا عَلِيُّ بْنُ عَبْدِ اللهِ قَالَ حَدَّثَنَا يَعْقُوبُ بْنُ إِبْرَاهِيمَ بْنِ سَعْدِ قَالَ حَدَّثَنِي أَبِي عَنْ صَالِحِ بْنِ كَيْسَانَ قَالَ حَدَّثَنَا نَافِعٌ أَنَّ عَبْدَ اللهِ عَمْرَ أَخْبَرَهُ أَنَّ الْمَسْجِدَ كَانَ عَلَى عُهْدِ رَسُولِ اللهِ عَلَى مَبْنِيًّا بِاللَّبِنِ وَسَقْفُهُ الْجَرِيدُ وَعُمُدُهُ حَشَبُ النَّحْلِ فَلَمْ يَزِدْ فِيهِ أَبُو بَكُر شَيْئًا وَزَادَ فِيهِ عُمَرُ وَبَنَاهُ عَلَى بُنْيَانِهِ فِي عَهْدِ رَسُولِ اللهِ عَمْدُ وَبَنَاهُ عَلَى بُنْيَانِهِ فِي عَهْدِ رَسُولِ اللهِ عَلَى بِاللَّبِنِ وَالْجَرِيدِ وَأَعَادَ عُمُدَهُ خَشَبًا ثُمَّ غَيْرَهُ عُثْمَانُ فَزَادَ فِيهِ زِيَادَةً كَسِثِيرَةً وَبَنَسَى جِلَارَهُ بِالسَّاجِ. وَالْفَصَّةِ وَجَعَلَ عُمُدَهُ مِنْ حِجَارَةٍ مَنْقُوشَةٍ وَسَقَفَهُ بِالسَّاجِ.

88৬. 'আবদুল্লাহ ইব্নু 'উমার (क्क) হঁতে বর্ণিত। আল্লাহর রসূল ক্ক-এর সময়ে মাসজিদ তৈরি হয় কাঁচা ইট দিয়ে, তার ছাদ ছিল খেজুরের ডালের, খুঁটি ছিল খেজুর গাছের। আবৃ বাক্র (ক্ক) এতে কিছু বাড়ান নি। অবশ্য 'উমার (ক্ক) বাড়িয়েছেন। আর তার ভিত্তি তিনি আল্লাহর রসূল ক্ক-এর যুগে যে ভিত্তি ছিল তার উপর কাঁচা ইট ও খেজুরের ডাল দিয়ে নির্মাণ করেন এবং তিনি খুঁটিগুলো পরিবর্তন করে কাঠের (খুঁটি) লাগান। অতঃপর 'উসমান (ক্ক) তাতে পরিবর্তন সাধন করেন এবং অনেক বৃদ্ধি করেন। তিনি দেয়াল তৈরি করেন নক্শী পাথর ও চুন-সুরকি দিয়ে। খুঁটিও দেন নক্শা করা পাথরের, আর ছাদ বানিয়েছিলেন সেগুন কাঠের। (আ.গ্র. ৪২৭, ই.ফা. ৪৩৩)

### 

﴿ مَا كَانَ لِلْمُشْرِكِينَ أَنْ يَعْمُرُوا مَسَاجِدَ اللهِ شَاهِدِينَ عَلَى أَنْفُسِهِمْ بِالْكُفْرِ أُولِيكَ حَبِطَتْ أَعْمَالُهُمْ وَفِي التَّارِ هُمْ خَالِدُونَ إِنَّمَا يَعْمُرُ مَسَاجِدَ اللهِ مَنْ آمَنَ بِاللهِ وَالْيَوْمِ الْآخِرِ وَأَقَامَ الصَّلاَةَ وَآتَى الزَّكَاةَ وَلَمْ يَخْشَ إِلاَّ اللهَ فَعَسَى أُولَئِكَ أَنْ يَكُونُوا مِنَ الْمُهْتَدِينَ ﴾

আর আল্লাহ তা'আলার বাণী : মুশরিকদের এ অধিকার নেই যে, তারা আল্লাহর মাসজিদের রক্ষণাবেক্ষণ করবে, যখন তারা নিজেরাই নিজেদের কুফরীর স্বীকৃতি দিচ্ছে। এদের কর্মসমূহ বিফল হয়ে গেছে। আর এরা জাহান্নামে অনন্তকাল থাকবে। আল্লাহর মাসজিদসমূহের রক্ষণাবেক্ষণ তো কেবল তারাই করবে যারা ঈমান এনেছে আল্লাহর প্রতি ও শেষ দিনের প্রতি, এবং সলাত কায়িম করে ও যাকাত দেয়, ও আল্লাহ ছাড়া অন্য কাউকে ভয় করে না। বস্তুতঃ এদেরই সম্বন্ধে আশা করা যায় যে, তারা হিদায়াত প্রাপ্তদের অন্তর্ভুক্ত হবে। (সূরাহ্ আত-তাওবাহ্ ৯/১৭-১৮)

٧٤٤٠. حَرَثُنَا مُسَدَّدٌ قَالَ حَدَّنَنَا عَبْدُ الْعَزِيزِ بْنُ مُخْتَارٍ قَالَ حَدَّثَنَا خَالِدٌ الْحَدَّاءُ عَنْ عِكْرِمَةَ قَالَ لِي ابْنُ عَبَّاسٍ وَلَابْنِهِ عَلَي الْطَلِقَا إِلَى أَبِي سَعِيدِ فَاسْمَعَا مِنْ حَدِيثُه فَالْطَلَقْنَا فَإِذَا هُوَ فِي حَائِط يُصْلِحُهُ فَأَخَذَ رِدَاءَهُ فَاحْتَبَى ثُمَّ أَنْشَأَ يُحَدَّثُنَا حَتَّى أَتَى ذَكُرُ بِنَاءِ الْمَسْحِدِ فَقَالَ كُنَّا نَحْمِلُ لَبِنَةً لَبِنَةً وَعَمَّارٌ لَبِنَتَيْنِ فَسَرَآهُ النَّبِي فَلَمْ فَيَقُولُ وَيُحَ عَمَّارٍ تَقْتُلُهُ الْفِئَةُ الْبَاغِيَةُ يَدْعُوهُمْ إِلَى الْجَنَّةِ وَيَدْعُونَهُ إِلَى النَّارِ قَالَ يَقُولُ وَيُحَ عَمَّارٍ تَقْتُلُهُ الْفِئَةُ الْبَاغِيَةُ يَدْعُوهُمْ إِلَى الْجَنَّةِ وَيَدْعُونَهُ إِلَى النَّارِ قَالَ يَقُولُ وَيُحَ عَمَّارٍ تَقْتُلُهُ الْفِئَةُ الْبَاغِيَةُ يَدْعُوهُمْ إِلَى الْجَنَّةِ وَيَدْعُونَهُ إِلَى النَّارِ قَالَ يَقُولُ وَيُعَودُ بِاللّهِ مِنَ الْفِئِنِ.

88 ৭. 'ইকরিমাহ (রহ.) বর্ণিত, তিনি বলেন : ইব্নু 'আব্বাস ( ) আমাকে ও তাঁর ছেলে 'আলী (রহ.)-কে বললেন : তোমরা উভয়ই আবৃ সা'ঈদ ( )-এর নিকট যাও এবং তাঁর হতে হাদীস ওনে আস। আমরা গেলাম। তখন তিনি এক বাগানে কাজ করছেন। তিনি আমাদেরকে দেখে চাদরে হাঁটু মুড়ি দিয়ে বসলেন এবং পরে হাদীস বর্ণনা শুরু করলেন। শেষ পর্যায়ে তিনি মাসজিদে নাববী নির্মাণ আলোচনায় আসলেন। তিনি বললেন : আমরা একটা একটা করে কাঁচা ইট বহন করছিলাম আর 'আমার দু'টো দুটো করে কাঁচা ইট বহন করছিলেন। নাবী তা দেখে তাঁর দেহ হতে মাটি ঝাড়তে লাগলেন এবং বলতে লাগলেন : 'আমারের জন্য আফসোস, তাকে বিদ্রোহী দল হত্যা করবে। সে তাদেরকে আহ্বান করবে জানাতের দিকে আর তারা তাকে আহ্বান করবে জাহানামের দিকে। আবৃ সা'ঈদ ( ) বলেন : তখন 'আমার ( ) বললেন : "আমি ফিতনাহ হতে আল্লাহ্র নিকট আশ্রয় চাচ্ছি।" (২৮১২) (আ.প্র. ৪২৮, ই.ফা. ৪৩৪)

رَ الْمَشَرِ وَالْمَسَجِد. ٦٤/٨. بَابِ الْاسْتَعَانَة بِالنَّجَّارِ وَالصِّنَّاعِ فِي أَعْوَادِ الْمِثْبَرِ وَالْمَسَجِد. ٢٤/٨ هـ/ ١٤/٥٥. अथार्श : कार्ट्यं मिषांत रेंजित ও মাসজিদ निर्माण कार्यमिखी ও রাজমিন্ত্রীর সাহায্য গ্রহণ।

٤٤٨. **طرثنا** قُتَيْبَةُ بْنُ سَعِيد قَالَ حَدَّنَنَا عَبْدُ الْعَزِيزِ حَدَّنَنِي أَبُو حَازِمٍ عَنْ سَهْلٍ قَالَ بَعَثَ رَسُــولُ اللهِ اللهِ الْمَرَأَةِ مُرِي غُلَامَكِ النَّجَّارُ يَعْمَلُ لِي أَعْوَادًا أَجْلِسُ عَلَيْهِنَّ.

88৮. সাহাল ( হেত বর্ণিত। তিনি বলেন, আল্লাহর রস্ল হেত্র জনৈকা মহিলার নিকট লোক পাঠিয়ে বললেন: তুমি তোমার গোলাম কাঠমিস্ত্রীকে বল, সে যেন আমার জন্য কাঠের মিম্বার বানিয়ে দেয় যাতে আমি বসতে পারি। (৩৭৭) (আ.প্র.৪২৯, ই.ফা. ৪৩৫)

٩٤٥. حرثنا خَلَادٌ قَالَ حَدَّثَنَا عَبْدُ الْوَاحِدِ بْنُ أَيْمَنَ عَنْ أَبِيهِ عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللهِ أَنَّ امْرَأَةً قَالَتْ يَا رَسُولَ اللهُ أَلاَ أَجْعَلُ لَكَ شَيْئًا تَقْعُدُ عَلَيْهِ فَإِنَّ لِي غُلَامًا نَجَّارًا قَالَ إِنْ شِئْتِ فَعَمِلَتْ الْمِنْبَرَ.

88৯. জাবির ইব্নু 'আবদুল্লাহ ( হেত বর্ণিত। জনৈকা মহিলা বললেন: হে আল্লাহ্র রসূল! আমি কি আপনার বসার জন্যে কিছু তৈরি করে দিব? আমার এক কাঠমিস্ত্রী গোলাম আছে। তিনি বললেন: তোমার ইচ্ছে হলে সে যেন একটি মিম্বার বানিয়ে দেয়। (৯১৮, ২০৯৫, ৩৫৮৪, ৩৫৮৫) (আ.প্র. ৪৩০, ই.ফা. ৪৩৬)

#### ٨ / ٦٥. بَابِ مَنْ بَنِي مَسْجِدًا.

#### ৮/৬৫. অধ্যায় : যে ব্যক্তি মাসজিদ নির্মাণ করে।

. ٤٥. عرشنا يَحْيَى بْنُ سُلَيْمَانَ حَدَّنِنِي ابْنُ وَهْبِ أَخْبَرَنِي عَمْرٌو أَنَّ بُكَيْرًا حَدَّنَهُ أَنَّ عَاصِمَ بْنَ عُمَــرَ بْنِ قَتَادَةَ حَدَّنَهُ أَنَّهُ سَمِعَ عُبَيْدَ اللهِ الْخَوْلَانِيَّ أَنَّهُ سَمِعَ غُبُّمَانَ بْنَ عَفَّانَ يَقُولُ عَنْدَ قَوْلِ النَّاسِ فِيهِ حِينَ بَنَـــي مَسْجَدَ الرَّسُولِ فَيْ إِنَّكُمْ أَكْثَرُتُمْ وَإِنِي سَمِعْتُ النَّبِيَّ فَلْ يَقُولُ مَنْ بَنَى مَسْجَدًا قَالَ بُكَيْرٌ حَسِبْتُ أَنَّهُ قَالَ يَتَعْنِي بِهِ وَجْهَ اللهِ بَنَى اللهُ لَهُ مِثْلَهُ فِي الْحَنَّةِ.

৪৫০. 'উবাইদুল্লাহ খাওলানী (রহ.) হতে বর্ণিত। তিনি 'উসমান ইব্নু 'আফ্ফান ( বলতে ওনেছেন, তিনি যখন মাসজিদে নাববী নির্মাণ করেছিলেন তখন লোকজনের মন্তব্যের প্রেক্ষিতে বলেছিলেন : তোমরা আমার উপর অনেক বাড়াবাড়ি করছ অথচ আমি আল্লাহর রসূল ক্রি-কে বলতে ওনেছি : যে ব্যক্তি মাসজিদ নির্মাণ করে, বুকায়র (রহ.) বলেন : আমার মনে হয়় রাবী 'আসিম (রহ.) তাঁর বর্ণনায় উল্লেখ করেছেন, আল্লাহ্র সন্তুষ্টি লাভের উদ্দেশে, আল্লাহ তা'আলা তার জন্যে জান্নাতে অনুরূপ ঘর তৈরি করে দেবেন। (মুসলিম ৫/৪, হাঃ ৫৩৩, আহমাদ ৪৩৪) (আ.র. ৪৩১, ই.ফা. ৪৩৭)

# ٣٦/٨. بَابِ يَأْخُذُ بِنُصُولِ النَّبْلِ إِذَا مَرَّ فِي الْمَسْجِدِ.

৮/৬৬. অধ্যায় : মাসজিদ অতিক্রমকালে যেন তীরের ফলা ধরে রাখে।

٤٥١. صرثنا قُتَيْبَةُ بْنُ سَعِيد قَالَ حَدَّنَنا سُفَيَانُ قَالَ قُلْتُ لِعَمْرِو أَسَمِعْتَ جَابِرَ بْنَ عَبْدِ اللهِ يَقُولُ مَسرَّ رَجُلٌ فِي الْمَسْجِدِ وَمَعَهُ سِهَامٌ فَقَالَ لَهُ رَسُولُ اللهِ ﷺ أَمْسِكَ بِنِصَالِهَا. 8৫১. জাবির ইব্নু 'আবদুল্লাহ ( হতে বর্ণিত। তিনি বলেন: এক ব্যক্তি তীর সাথে করে মাসজিদে নাববী অতিক্রম করছিল। তখন আল্লাহর রসূল হক্তি তাকে বললেন: এর ফলাগুলো হাত দিয়ে ধরে রাখ। (৭০৭৩, ৭০৭৪; মুসলিম ৪৫/৩৪, হাঃ ২৬১৪, আহমাদ ১৪৩১৪) (আ.প্র. ৪৩২, ই.ফা. ৪৩৮)

#### .٦٧/٨ بَابِ الْمُرُورِ فِي الْمَسْجِدِ. ١ ما अशाय: মাসজিদ অভিক্রম করা ا

٤٥٢. **صَرَّنَا** مُوسَى بْنُ إِسْمَاعِيلَ قَالَ حَدَّثَنَا عَبْدُ الْوَاحِدِ قَالَ حَدَّثَنَا أَبُو بُرْدَةَ بْنُ عَبْدِ اللهِ قَالَ سَمِعْتُ أَبَا بُرْدَةَ عَنْ أَبِيهِ عَنِ النَّبِيِّ ﷺ قَالَ مَنْ مَرَّ فِي شَيْءٍ مِنْ مَسَاجِدِنَا أَوْ أَسْوَاقِنَا بِنَبْلٍ فَلْيَأْخُذْ عَلَى نِصَــالِهَا لاَ يَعْقَرْ بِكَفّه مُسْلَمًا.

৪৫২. আবৃ বুরদাহ (রহ.)-এর পিতা 'আবদুল্লাহ ( হতে বর্ণিত। নাবী ক্রিট্র বলেছেন : যৈ ব্যক্তি তীর নিয়ে আমাদের মাসজিদ অথবা বাজার দিয়ে চলে সে যেন তার ফলা হাত দিয়ে ধরে রাখে, যাতে করে তার হাতে কোন মুসলমান আঘাতপ্রাপ্ত না হয়। (৭০৭৫) (আ.প্র. ৪৩৬, ই.ফা. ৪৩৯)

### .٦٨/٨ بَابِ الشَّعْرِ فِي الْمَسْجِدِ. ৮/৬৮. অধ্যায় : মাসঞ্জিদে কবিতা পাঠ।

١٤٥٣. حَرَثُنَا أَبُو الْيَمَانِ الْحَكَمُ بَنُ نَافِعِ قَالَ أَخْبَرَنَا شُعَيْبٌ عَنْ الزُّهْرِيِّ قَالَ أَخْبَرَنِي أَبُو سَلَمَةَ بَنُ عَبَدِ الرَّحْمَٰنِ بَنِ عَوْف أَنَّهُ سَمِعَ حَسَّانَ بَنَ ثَابِتُ الأَنْصَارِيُّ يَسْتَشْهِدُ أَبَا هُرَيْرَةَ أَنْشُدُكَ الله هَلْ سَمِعْتَ النَّبِسِيُّ اللهُمُّ أَيْدُهُ برُوحِ الْقُدُس قَالَ أَبُو هُرَيْرَةَ نَعَمْ.

৪৫৩. আবৃ সালামাহ ইব্নু 'আবদুর রহমান ইব্নু 'আওফ (রহ.) হতে বর্ণিত। হাস্সান ইব্নু সাবিত আনসারী ( তাৰ্ হুরাইরাহ্ ( তাৰ্-কে আল্লাহর কসম দিয়ে এ কথার সাক্ষ্য চেয়ে বলেন : আপনি কি নাবী ক্রি-কে এ কথা বলতে তনেছেন, হে হাস্সান! আল্লাহর রস্ল্ ক্রি-এর পক্ষ হতে (কবিতার মাধ্যমে মুশরিকদের) জবাব দাও। হে আল্লাহ! হাসসানকে রুত্ল কুদুস (জিব্রীল) ( এএ) দ্বারা সাহায্য কর। আবৃ হুরাইরাহ্ ( বললেন : হাঁ। (৩২১২, ৬১৫২) (আ.প্র. ৪৩৪, ই.ফা. ৪৪০)

## . ٦٩/٨. بَابِ أَصْحَابِ الْحِرَابِ فِي الْمَسْجِدِ. لا ﴿ ٦٩/٨ عِلْمُ الْمُسْجِدِ عَلَمْ الْمُسْجِدِ. عَلَمْ الْمُسْجِدِ.

٤٥٤. **صرثنا** عَبْدُ الْعَزِيزِ بْنُ عَبْدِ اللهِ قَالَ حَدَّنَنَا إِبْرَاهِيمُ بْنُ سَعْدَ عَنْ صَالِحِ بْنِ كَيْسَانَ عَنْ ابْنِ شِهَابِ قَالَ أَخْبَرَنِي عُرْوَةُ بْنُ الزَّبَيْرِ أَنَّ عَائِشَةَ قَالَتْ لَقَدْ رَأَيْتُ رَسُولَ اللهِ ﷺ يَوْمًا عَلَى بَابِ حُجْرَتِي وَالْحَبَشَــةُ يَلْعَبُونَ فِي الْمَشْجِدِ وَرَسُولُ اللهِ ﷺ يَشْتُرُنِي بِرِدَائِهِ أَنْظُرُ إِلَى لَعِبِهِمْ 8৫৪. 'আয়িশাহ হ্রিল্লা হতে বর্ণিত। তিনি বলেন: একদা আমি আল্লাহর রসূল ক্রি-কে আমার ঘরের দরজায় দেখলাম। তখন হাবশার লোকেরা মাসজিদে (বর্শা দ্বারা) খেলা করছিল। আল্লাহর রসূল তার চাদর দিয়ে আমাকে আড়াল করে রাখছিলেন। আমি ওদের খেলা অবলোকন করছিলাম। (৪৫৫, ৯৫০, ৯৮৮, ২৯০৬, ৩৫২৯, ৩৯৩১, ৫১৯০, ৫২৩৬) (আ.শ্র. ৪৩৫, ই.কা. ৪৪১)

ده٥٠. زَادَ إِبْرَاهِيمُ بْنُ الْمُنْذَرِ حَدَّنَنَا ابْنُ وَهْبٍ أَخْبَرَنِي يُونُسُ عَنْ ابْنِ شِهَابٍ عَنْ عُرُوَةً عَنْ عَائِشَــــةَ قَالَتْ رَأَيْتُ النَّبِيَّ ﷺ وَالْحَبَشَةُ يَلْعَبُونَ بحرَابِهِمْ.

৪৫৫. 'উরওয়াহ 'আয়িশাহ ক্রিক্স হতে অতিরিক্ত বর্ণনা করেন যে, তিনি বলেছেন : আমি নাবী ক্রিক্স কে দেখলাম এমতাবস্থায় হাবশীরা তাদের বর্শা বল্লম নিয়ে খেলা করছিল। (৪৫৪; মুসলিম ৮/৪, হাঃ ৮৯২, আহমাদ ২৬৩৮৮, ২৪৫৯৫) (আ.প্র. ৪৩৫ শেষাংশ, ই.ফা. ৪৪১ শেষাংশ)

# كُو الْبَيْعِ وَالشِّرَاءِ عَلَى الْمِثْبَرِ فِي الْمَسْجِدِ. ৮/٩٥. অধ্যায় : মাসজিদের মিমারের উপর ক্রয়-বিক্রয়ের আলোচনা।

৪৫৬. 'আয়িশাহ ক্রিল্লা হতে বর্ণিত। তিনি বলেন, বারীরাহ ক্রিল্লা তাঁর নিকর্ট এসে কিতাবাতের কিনা পরিশোধের জন্য সাহায্য চাইলেন। তখন তিনি বললেন। তুমি চাইলে আমি (তোমার মূল্য) তোমার মালিককে দিয়ে দিব এ শর্তে যে, উত্তরাধিকার স্বত্ব থাকবে আমার। তার মালিক 'আয়িশাহ ক্রিল্লা-কে বললো। আপনি চাইলে বাকী মূল্য বারীরাকে দিতে পারেন। রাবী সুফইয়ান (রহ.) আর একবার বলেছেন। আপনি চাইলে তাকে আযাদ করতে পারেন, তবে উত্তরাধিকার স্বত্ব থাকবে আমাদের। যখন আল্লাহর রস্ল আসলেন তখন আমি তাঁর নিকট ব্যাপারটি বললাম। তিনি বললেন। তুমি তাকে ক্রয় করে আযাদ করে দাও। কারণ উত্তরাধিকার স্বত্ব থাকে তারই, যে আযাদ করে। অতঃপর আল্লাহর রস্ল ক্রিম্বারের উপর দাঁড়ালেন। সুফইয়ান (রহ.) আর একবার বলেন। অতঃপর আল্লাহর রস্ল ক্রি

<sup>\*</sup> কিতাবাত : দাসত্ব থেকে মুক্তিশাভের উদ্দেশে মনিবের সঙ্গে কিন্তি হিসেবে মুক্তিপণ পরিশোধের চুক্তি।

আরোহণ করে বললেন: লোকদের কী হলো? তারা এমন সব শর্ত করে যা আল্লাহর কিতাবে নেই। কেউ যদি এমন শর্তারোপ করে যা আল্লাহর কিতাবে নেই, তার সে শর্তের কোন মূল্য নেই। এমনকি এরূপ শর্ত একশবার আরোপ করলেও। মালিক (রহ.).....'আমরা (রহ.) হতে বারীরাহ ক্রিল্লা-এর ঘটনা বর্ণনা করেছেন, তবে মিম্বারে আরোহণ করার কথা উল্লেখ করেননি।

'আলী ইবনু 'আবদুল্লাহ 'আম্রাহ (রহ.) হতে অনুরূপ বর্ণনা করেছেন। জা'ফর ইব্নু 'আওন (রহ.) ইয়াহইয়া (রহ.)-এর মাধ্যমে 'আম্রাহ (রহ.) হতে বর্ণনা করেন, তিনি বলেছেন, আমি 'আয়িশাহ হতে শুনেছি। (১৪৯৩, ২১৫৫, ২১৬৮, ২৫৩৬, ২৫৬০, ২৫৬১, ২৫৬৩, ২৫৬৪, ২৫৬৫, ২৫৭৮, ২৭১৭, ২৭২৬, ২৭২৯, ২৭৩৫, ৫০৯৭, ৫২৭৯, ৫২৮৪, ৫৪৩০, ৬৭১৭, ৬৭৫১, ৬৭৫৪, ৬৭৫৮, ৬৭৬০) (আ.৪.৪৩৬, ই.ফা. ৪৪২)

# ٧١/٨. بَابِ التَّقَاضِي وَالْمُلاَزَمَةِ فِي الْمَشجِدِ.

#### ৮/৭১. অধ্যায় : মাসজিদে ঋণ পরিশোধের তাগাদা দেয়া ও চাপ সৃষ্টি।

١٤٥٧. حرثنا عَبْدُ الله بْنُ مُحَمَّد قَالَ حَدَّنَنَا عُثْمَانُ بْنُ عُمَرَ قَالَ أَخْبَرَنَا يُونُسُ عَنْ الزُّهْرِيِّ عَنْ عَبْدِ اللهِ بَنِ مَالِكُ عَنْ كَعْبِ اللهِ عَنْ كَعْبِ أَنَّهُ تَقَاضَى ابْنَ أَبِي حَدْرَد دَيْنًا كَانَ لَهُ عَلَيْهِ فِي الْمَسْجِدِ فَارْتَفَعَيْتُ أَصُوَاتُهُمَا حَتَّى سَمْعَهَا رَسُولُ اللهِ فَقَا وَهُوَ فِي بَيْتِهِ فَخَرَّجَ إِلَيْهِمَا حَتَّى كَشَفَ سِجْفَ حُجْرَتِهِ فَنَادَى يَكِ أَصُواتُهُمَا حَتَّى كَشَفَ سِجْفَ حُجْرَتِهِ فَنَادَى يَكَ كَعْبُ قَالَ لَيْقِهُمَا حَتَّى كَشَفَ سِجْفَ حُجْرَتِهِ فَنَادَى يَكَ كَعْبُ قَالَ لَيْقِهُمَا حَتَّى كَشَفَ سِجْفَ حُجْرَتِهِ فَنَادَى يَكِ كَعْبُ قَالَ لَيْقِهُمَا حَتَّى كَشَفَ سِجْفَ حُجْرَتِهِ فَنَادَى يَكِ كَعْبُ قَالَ لَيْقِهُمْ عَلْ لَيْقِهُمْ اللهِ فَعَلْتُ يَا رَسُولَ اللهِ قَالَ ضَعْ مِنْ دَيْنِكَ هَذَا وَأُومًا إِلَيْهِ أَيْ الشَّطْرَ قَالَ لَقَدْ فَعَلْتُ يَا رَسُولَ اللهِ قَالَ ضَعْ مِنْ دَيْنِكَ هَذَا وَأُومًا إِلَيْهِ أَيْ الشَّطْرَ قَالَ لَقَدْ فَعَلْتُ يَا رَسُولَ اللهِ قَالَ ضَعْ مِنْ دَيْنِكَ هَذَا وَأُومًا إِلَيْهِ أَيْ الشَّطْرَ قَالَ لَقَدْ فَعَلْتُ يَا رَسُولَ اللهِ قَالَ عَلَيْهُ مِنْ دَيْنِكَ هَذَا وَأُومًا إِلَيْهِ أَيْ الشَّطْرَ قَالَ لَقَدْ فَعَلْتُ يَا رَسُولَ اللهِ قَالَ عَلَاهُ عَلَى اللهُ لَهُ فَلْ اللهُ عَلَى السَّالُولُ لَقُهُ فَاقْضِهِ.

৪৫৭. কা'ব হাত বর্ণিত। তিনি মাসজিদের ভিতরে ইব্নু আবৃ হাদরাদ (রহ.)-এর নিকট তাঁর পাওনা ঋণের তাগাদা করলেন। দু'জনের মধ্যে এ নিয়ে বেশ উচ্চৈঃস্বরে কথাবার্তা হলো। এমনকি আল্লাহর রসূল তাঁর ঘর হতেই তাদের কথার আওয়ায শুনলেন এবং তিনি পর্দা সরিয়ে তাদের নিকট বেরিয়ে গেলেন। আর ডাক দিয়ে বললেন: হে কা'ব! কা'ব ভা উত্তর দিলেন, লাব্বায়ক রসূলাল্লাহ! আল্লাহর রসূল বললেন: তোমার পাওনা ঋণ হতে এতটুকু ছেড়ে দাও। আর হাতে ইন্দিত করে বোঝালেন, অর্থাৎ অর্ধেক পরিমাণ। তখন কা'ব ভা বললেন: আমি তাই করলাম, হে আল্লাহ্র রসূল! তখন তিনি ইব্নু আবৃ হাদরাদকে বললেন: উঠ আর বাকীটা দিয়ে দাও। (৪৭১, ২৪১৮, ২৪২৪, ২৭০৬, ২৭১০; মুসলিম ২২/৪, হাঃ ১৫৫৮) (আ.গ্র. ৪৩৭, ই.ফা. ৪৪৩)

### لا ٤ ٢/٨ . بَابِ كَثَسِ الْمَسْجِدِ وَالْتِقَاطِ الْخِرَقِ وَالْقَذَى وَالْعِيدَانِ. ৮/٩২. অধ্যায় : মাসজিদ ঝাডু দেয়া এবং न्যोंक्ড়া, আবর্জনা ও কাঠ খড়ি কুড়ানো।

٤٥٨. صَرَتُنَا سُلَيْمَانُ بَنُ حَرْبِ قَالَ حَدَّثَنَا حَمَّادُ بَنُ زَيْدِ عَنْ ثَابِتِ عَنْ أَبِي رَافِعِ عَنْ أَبِي هُرَيْــرَةَ أَنَّ رَجُلًا أَسُودَ أَوْ امْرَأَةً سَوْدَاءَ كَانَ يَقُمُّ الْمَسْجِدَ فَمَاتَ فَسَأَلَ النَّبِيُّ ﷺ عَنْهُ فَقَالُوا مَاتَ قَالَ أَفَـــلاَ كُنْـــتُمْ آذَنْتُمُونِي بِهِ دُلُّونِي عَلَى قَبْرِهِ أَوْ قَالَ قَبْرِهَا فَأَتَى قَبْرَهَا فَصَلَّى عَلَيْهَا.

৪৫৮. আবৃ হুরাইরাহ্ ( হতে বর্ণিত। একজন কাল বর্ণের পুরুষ অথবা বলেছেন কাল বর্ণের মহিলা মাসজিদ ঝাড় দিত। সে মারা গেল। নবী হত তার সম্পর্কে জিজ্ঞেস করলে সহাবীগণ বললেন, সে মারা গেছে। তিনি বললেন: তোমরা আমাকে খবর দিলে না কেন? আমাকে তার কবরটা দেখিয়ে দাও। অতঃপর তিনি তার কবরের নিকট গেলেন এবং তার জানাযার সলাত আদায় করলেন। (৪৬০, ১৩৩৭; মুসলিম ১১/২৩, হাঃ ৯৫৬) (আ.প্র. ৪৩৮, ই.ফা. ৪৪৪)

. ٢٣/٨ بَابِ تَحْرِيمِ تِجَارَةِ الْخَمْرِ فِي الْمَسْجِدِ. ৮/٩৩. অধ্যায় : মাসজিদে মদের ব্যবসা হারাম ঘোষণা করা ।

٤٥٩. **طَرَثُنَا** عَبْدَانُ عَنْ أَبِي حَمْزَةَ عَنِ الْأَعْمَشِ عَنْ مُسْلِمٍ عَنْ مَسْرُوقِ عَنْ عَائِشَةَ قَالَتْ لَمَّا أُنْزِلَتْ الْآيَاتُ مِنْ سُورَةِ الْبَقَرَةِ فِي الرِّبَا خَرَجَ النَّبِيُّ ﷺ إِلَى الْمَسْجِدِ فَقَرَّأَهُنَّ عَلَى النَّاسِ ثُمَّ جَرَّمَ تِحَارَةَ الْخَمْرِ.

৪৫৯. 'আয়িশাহ ব্রুক্স হতে বর্ণিত। তিনি বলেন: সুদ সম্পর্কীয় সূরাহ্ বাকারাহ্র আয়াতসমূহ অবতীর্ণ হলে নাবী ক্রুক্স মাসজিদে গিয়ে সে সব আয়াত সহাবীগণকে পাঠ করে শুনালেন। অতঃপর তিনি মদের ব্যবসা হারাম করে দিলেন। (২০৮৪, ২২২৬, ৪৫৪০, ৪৫৪১, ৪৫৪২, ৪৫৪৩; মুসলিম ২২/১২, হাঃ ১৫৮০, আহমাদ ২৬৪৩৪) (আ.শ্র. ৪৩৯, ই.ফা. ৪৪৫)

٧٤/٨. بَابِ الْخَدَمِ لِلْمَسْجِدِ. ٧٤/٨. بَابِ الْخَدَمِ لِلْمَسْجِدِ ৮/٩৪́. অধ্যায় : মাসজিদের জন্য খাদিম।

وَقَالَ ابْنُ عَبَّاسٍ ﴿ لَنَذَرْتُ لَكَ مَا فِي بَطْنِي مُحَرَّرًا ﴾ لِلْمَسْجِدِ يَخْدُمُهَا.

ইব্নু 'আব্বাস 📺 (এ আয়াত) "আমার গর্ভে যা আছে তা একান্ত আপনার জন্য উৎসর্গ করলাম" (সূরাহ্ আলু ইমরান ৩/৩৫)-এর ব্যাখ্যায় বলেন: মাসজিদের খিদমাতের জন্য উৎসর্গ করলাম।

٤٦٠. **طَرَثُنَا** أَحْمَدُ بْنُ وَاقِد قَالَ حَدَّثَنَا حَمَّادُ بْنُ زَيْد عَنْ ثَابِت عَنْ أَبِي رَافِعِ عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ امْرَأَةً أَوْ رَجُلاً كَانَتْ تَقُمُّ الْمَسْجِدَ وَلاَّ أَرَاهُ إِلاَّ امْرَأَةً فَذَكَرَ حَدِيثَ النَّبِيِّ ﷺ أَنَّهُ صَلَّى عَلَى قَبْرِهَا.

8৬০. আবৃ হুরাইরাহ ( হেত বর্ণিত। একজন পুরুষ অথবা বলেছেন একজন মহিলা মাসজিদ ঝাড় দিত। [রাবী সাবিত (রহ.) বলেনঃ] আমার মনে হয় তিনি বলেছেন একজন মহিলা। অতঃপর তিনি নাবী হৈছে-এর হাদীস বর্ণনা করে বলেন: নাবী হৈছে তার কবরে জানাযার সলাত আদায় করেছেন। (৪৫৮) (আ.প্র. ৪৪০, ই.ফা. ৪৪৬)

٧٥/٨. بَابِ الْأَسِيرِ أَوْ الْغَرِيمِ يُرْبَطُ فِي الْمَسْجِدِ. ৮/٩৫. অর্ধ্যায় : কয়েদী অথবা ঋণগ্রস্ত ব্যক্তিকে মাসজিদে বেঁধে রাখা।

٤٦١. **طَرُنُنَا** إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ قَالَ أَخْبَرُنَا رَوْحٌ وَمُحَمَّدُ بْنُ جَعْفَرِ عَنْ شُعْبَةَ عَنْ مُحَمَّد بْنِ زِيَــاد عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ ﷺ قَالَ إِنَّ عِفْرِيتًا مِنَ الْجِنِّ تَفَلَّتَ عَلَيَّ الْبَارِحَةَ أَوْ كَلِمَةً نَحْوَهَا لِيَقْطَــعَ عَلَــيُّ الصَّلاَةَ فَأَمْكَنَنِي اللهُ مِنْهُ فَأَرَدْتُ أَنْ أَرْبِطَهُ إِلَى سَارِيَة مِنْ سَوَارِي الْمَسْجِدِ حَتَّى تُصْبِحُوا وَتَنْظُــرُوا إِلَيْــهِ كُلُّكُمْ فَذَكَرْتُ قَوْلَ أَخِي سُلَيْمَانَ ﴿ رَبِّ هَبْ لِي مُلْكًا لاَ يَثْبَغِي لِأَحَدٍ مِنْ بَعْدِي﴾ قَالَ رَوْحٌ فَرَدَّهُ خَاسَعًا.

৪৬১. আবৃ হুরায়রাহ হাতে বর্ণিত। নাবী হাত বলেছেন: গত রাতে একটা অবাধ্য জিন হঠাৎ আমার সামনে প্রকাশ পেল। রাবী বলেন, অথবা তিনি অনুরূপ কোন কথা বলেছেন, যেন সে আমার সলাতে বাধা সৃষ্টি করে। কিছু আল্লাহ আমাকে তার উপর ক্ষমতা দিলেন। আমি ইচ্ছা করেছিলাম যে, তাকে মাসজিদের খুঁটির সাথে বেঁধে রাখি, যাতে ভোর বেলা তোমরা সবাই তাকে দেখতে পাও। কিছু তখন আমার ভাই সুলায়মান (খ্রা )-এর এই উক্তি আমার স্মরণ হলো, "হে প্রভু! আমাকে এমন রাজত্ব দান কর, যার অধিকারী আমার পরে আর কেউ না হয়" (সূরাহ সোয়াদ ৩৮/৩৫)। (বর্ণনাকারী) রাওহ (রহ.) বলেন: নাবী হাত সেই শয়তানটিকে অপমানিত করে ছেড়ে দিলেন। (১২১০, ৩২৮৪, ৩৪২৩, ৪৮০৮; মুসলিম ৫/৮, হাঃ ৫৪১, আহমাদ ৭৯৭৪) (আ.প্র. ৪৪১, ই.ফা. ৪৪৭)

٧٦/٨. بَابِ الْاغْتِسَالِ إِذَا أَسْلَمَ وَرَبُطِ الْأَسِيرِ أَيْضًا فِي الْمَسْجِدِ لَا الْمُسْجِدِ الْأَسِيرِ أَيْضًا فِي الْمَسْجِدِ ৮/٩७. অধ্যায় : ইসলাম গ্রহণের গোসল করা এবং মাসজিদে কয়েদীকে বাঁধা। وَكَانَ شُرْيَحُ يَأْمُرُ الْغَرِيمَ أَنْ يُحْبَسَ إِلَى سَارِيَة الْمَسْجِد.

কায়ী শুরাইহ<sup>\*</sup> (রহ.) দেনাদার ব্যক্তিকে মাসজিদের খুঁটির সাথে বেঁধে রাখার নির্দেশ দিতেন।

٢٦٢. حَرَثُنَا عَبْدُ اللهِ بَنُ يُوسُفَ قَالَ حَدَّثَنَا اللَّيثُ قَالَ حَدَّثَنَا سَعِيدُ بَنُ أَبِي سَعِيد سَمِعَ أَبَا هُرَيْرَةَ قَالَ بَعَثَ النَّبِيُّ ﷺ حَيْلاً قَبَلُ نَجْد فَحَاءَتْ بِرَجُلٍ مِنْ بَنِي حَنِيفَةَ يُقَالُ لَهُ ثُمَامَةُ بَنُ أَثَالٍ فَرَبَطُوهُ بِسَارِيَةِ مِـنْ سَوَارِي الْمَسْجِد فَخَرَجَ إِلَيْهِ النَّبِيُ ﷺ فَقَالَ أَطْلَقُوا ثُمَامَةً فَانْطَلَقَ إِلَى نَخْلٍ قَرِيبٍ مِنَ الْمَسْجِد فَاغْتُسُلَ ثُمَّ مَحَمَّدًا رَسُولُ اللهِ .

৪৬২. আবৃ হুরাইরাহ্ হতে বর্ণিত। নাবী করে কয়েকজন অশ্বারোহী মুজাহিদকে নজদের দিকে পাঠালেন। তারা বানূ হানীফা গোত্রের সুমামাহ ইব্নু উসাল নামক এক ব্যক্তিকে নিয়ে এসে তাকে মাসজিদের খুঁটির সাথে বেঁধে রাখলেন। নাবী তার নিকট গোলেন এবং বললেন: সুমামাকে ছেড়ে দাও। (ছাড়া পেয়ে) তিনি মাসজিদে নাবাবীর নিকট এক খেজুর বাগানে গিয়ে সেখানে গোসল করলেন, অতঃপর মাসজিদে প্রবেশ করে বললেন: "আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ ব্যতীত প্রকৃত কোন উপাস্য নেই এবং মুহাম্মাদ হ আল্লাহর রসূল।" (৪৬৯, ২৪২২, ২৪২৬, ৪৩৭২) (আ.প্র. ৪৪২, ই.ফা. ৪৪৮)

٧٧/٨. بَابِ الْخَيْمَةِ فِي الْمَسْجِدِ لِلْمَرْضَى وَغَيْرِهِمْ. ٣/٩٩. অধ্যায় : রোগী ও অন্যদের জন্য মাসজিদে তাঁবু স্থাপন।

<sup>\*</sup> তরাইহ: 'উমার (রাযি.)-এর বিলাফাতের সময়কার বিশিষ্ট কাযী। ফর্মা- ১/১৮

278. حرثنا زَكَرِيَّاءُ بَنُ يَحْيَى قَالَ حَدَّنَنَا عَبَدُ اللهِ بَنُ نُمَيْرٍ قَالَ حَدَّثَنَا هِشَامٌ عَنْ أَبِيهِ عَــنْ عَائِشَــةً قَالَتُ أُصِيبَ سَعْدٌ يَوْمَ الْخَنْدَقِ فِي الْأَكْحَلِ فَضَرَبَ النَّبِيُّ ﷺ خَيْمَةً فِي الْمَسْجِدِ لِيَعُودَهُ مِنْ قَرِيبٍ فَلَــمْ يَرُعُهُمْ وَفِي الْمَسْجِدِ خَيْمَةً مِنْ بَنِي غِفَارٍ إِلاَّ الدَّمُ يَسِيلُ إِلَيْهِمْ فَقَالُوا يَا أَهْلَ الْخَيْمَةِ مَا هَذَا الَّذِي يَأْتِينَا مِنْ قَبِلَكُمْ فَإِذَا سَعْدٌ يَغْذُو جُرْحُهُ دَمًّا فَمَاتَ فَيهَا.

৪৬৩. 'আয়িশাই ক্রিল্লী হতে বর্ণিত। তিনি বলেন: খন্দকের যুদ্ধে সা'দ ক্রিলা-এর হাতের শিরা যখম হয়েছিল। নাবী ক্রিক্র মাসজিদে (তাঁর জন্য) একটা তাঁবু স্থাপন করলেন, যাতে নিকট হতে তাঁর দেখাশুনা করতে পারেন। মাসজিদে বানূ গিফারেরও একটা তাঁবু ছিল। সা'দ ক্রিলা-এর প্রচুর রক্ত তাঁদের দিকে প্রবাহিত হওয়ায় তারা ভীত-সন্ত্রস্ত হয়ে জিজ্ঞেস করলেন: হে তাঁবুর লোকেরা! তোমাদের তাঁবু হতে আমাদের দিকে কী প্রবাহিত হচ্ছে? তখন দেখা গেল যে, সা'দের যখম হতে রক্ত প্রবাহিত হচ্ছে। অবশেষে এতেই তিনি মারা গেলেন। (২৮১৩, ৩৯০১, ৪১১৭, ৪১২২) (আ.প্র. ৪৪৩, ই.ফা. ৪৪৯)

الْبَعيرِ فِي الْمَسْجِدِ لِلْعِلَّةِ .٧٨/٨ بَابِ إِدْخَالِ الْبَعيرِ فِي الْمَسْجِدِ لِلْعِلَّةِ .٧٨/٨ نَابِ إِدْخَالِ الْبَعيرِ فِي الْمَسْجِدِ لِلْعِلَّةِ هُمُ ١٩٣٠. प्रिंगः . प्रंशं क्षां क्षां ।

وَقَالَ ابْنُ عَبَّاسٍ طَافَ النَّبِيُّ ﴿ لَكُنَّا عَلَى بَعِيرٍ.

ইব্নু 'আব্বাস 🚌 বলেন: নাবী 🚎 নিজের উটে সওয়ার হয়ে তওয়াফ করেছেন।

٤٦٤. صر ثنا عَبْدُ اللهِ بْنُ يُوسُفَ قَالَ أَخْبَرَنَا مَالِكُ عَنْ مُحَمَّدِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ بْنِ نَوْفَلِ عَنْ عُرُوّةَ بْنِ الزُّبَيْرِ عَنْ زَيْنَبَ بِنْتِ أَبِي سَلَمَةَ عَنْ أُمِّ سَلَمَةَ قَالَتْ شَكَوْتُ إِلَى رَسُولِ اللهِ ﷺ أَنِّي أَشْتَكِي قَالَ طُوفِي مِنْ وَرَاءِ النَّاسِ وَأَنْتِ رَاكِبَةً فَطُفْتُ وَرَسُولُ اللهِ ﷺ يُصَلِّي إِلَى حَنْبِ الْبَيْتِ يَقْرَأُ بِ ﴿ الطَّورِ وَكِتَابٍ مَسْطُورٍ ﴾ وَرَاءِ النَّاسِ وَأَنْتِ رَاكِبَةً فَطُفْتُ وَرَسُولُ اللهِ ﷺ يُصَلِّي إِلَى حَنْبِ الْبَيْتِ يَقْرَأُ بِ ﴿ الطَّورِ وَكِتَابٍ مَسْطُورٍ ﴾

৪৬৪. উম্মু সালামাই হ্রেল্ল হতে বর্ণিত। তিনি বলেন: আমি আল্লাহর রস্ল এর নিকট (বিদায় হজ্জে) আমার অসুস্থতার কথা জানালে তিনি বললেন: সওয়ার হয়ে লোকদের হতে দূরে থেকে তৃওয়াফ কর। আমি তৃওয়াফ করলাম। আর আল্লাহর রস্ল হ্রেক্ বাইতুল্লাহ্র পাশে الطُورِ رَكِتَابٍ مَسْطُورٍ السَّامِ مَسْطُورٍ أَكِتَابٍ مَسْطُورٍ آلِكِتَابٍ مَسْطُورٍ آلِكِتَابً عَلَيْهِ أَلَّالِي أَلْكُورٍ آلِكِتَابً عَلَيْهِ أَلَّالِ أَلْكُولُ أَلْكُ أَلْكُولُ أَلْكُ

۷۹/۸. بَاب

৮/৭৯. অধ্যায় ঃ

٤٦٥. **صرتنا** مُحَمَّدُ بْنُ الْمُنَنَّى قَالَ حَدَّثَنَا مُعَادُ بْنُ هِشَامٍ قَالَ حَدَّثَنِي أَبِي عَنْ قَتَادَةَ قَالَ حَدَّثَنَا أَنسُ بَنُ مَالِك أَنَّ رَجُلَيْنِ مِنْ أَصْحَابِ النَّبِيِّ عَلَيْ خَرَجَا مِنْ عِنْدِ النَّبِيِّ عَلَى فِي لَيْلَــة مُظْلِمَــة وَمَعَهُمَــا مِشــلُ الْمَصْبَاحَيْنِ يُضِيئَانِ بَيْنَ أَيْدِيهِمَا فَلَمَّا افْتَرَقَا صَارَ مَعَ كُلِّ وَاحِد مِنْهُمَا وَاحِدٌ حَتَّى أَتَى أَهْلُهُ.

৪৬৫. আনাস হতে বর্ণিত। নাবী — এর দু'জন সহাবী নাবী — এর নিকট হতে অন্ধকার রাতে বের হলেন। {তাঁদের একজন 'আবক্বাদ ইব্নু বিশ্র ( ) আর দ্বিতীয় জন সম্পর্কে আমার ধারণা যে, তিনি ছিলেন উসায়দ ইব্নু হুযায়র ( ) আর উভয়ের সাথে চেরাগ সদৃশ কিছু ছিল, যা তাঁদের সামনের দিকটাকে আলোকিত করছিল। তাঁরা উভয়ে যখন আলাদা হয়ে গেলেন, তখন প্রত্যেকের সাথে একটা করে (আলো) রয়ে গেল। অবশেষে এভাবে তাঁরা নিজেদের বাড়িতে পৌছলেন। (৩৬৩৯, ৩৮০৫) (আ.প্র. ৪৪৫, ই.ফা. ৪৫১)

### ٧٠/٨. بَابِ الْخَوْخَةِ وَالْمَمَرِّ فِي الْمَسْجِدِ. ৮/৮০. অধ্যায় : মাসঞ্জিদে ছোট দরজা ও পথ বানানো ।

٤٦٦. عَنْ أَبِي سَعِيد الْخُدْرِيِّ قَالَ حَدَّثَنَا فَلَيْحُ قَالَ حَدَّثَنَا أَبُو النَّضْرِ عَنْ عُبَيْد بْنِ حُنَيْنِ عَنْ بُسْرِ بُسِنِ سَعِيد عَنْ أَبِي سَعِيد الْخُدْرِيِّ قَالَ خَطَبَ النَّبِيُّ فَقَالَ إِنَّ الله خَيَّرَ عَبْدًا بَيْنَ الدُّنْيَا وَبَيْنَ مَا عِنْدَهُ فَاحْتَارَ مَا عَنْدَهُ لَكُ بَكُو الصَّدِينَ فَيْهِ فَقُلْتُ فِي نَفْسِي مَا يُبْكِي هَذَا الشَّيْخَ إِنْ يَكُنْ الله خَيَّرَ عَبْدًا بَيْنَ الدُّنْيَا وَبَيْنَ مَا عَنْدَهُ فَاحْتَارَ مَا عَنْدَ الله فَكَانَ رَسُولُ الله فَيْ هُو الْعَبْدَ وَكَانَ أَبُو بَكُرٍ أَعْلَمَنَا قَالَ يَا أَبَا بَكُسِرٍ لاَ وَبَيْنَ مَا عَنْدَهُ فَاحْتَارَ مَا عُنْدَ الله فَي صُحْبَتِهِ وَمَالِه أَبُو بَكُر وَلَوْ كُنْتُ مُتَّحِذًا خَلِيلاً مِنْ أُمَّتِي لَآتُحَدْتُ أَبَسا بَكُسِرٍ وَلَوْ كُنْتُ مُتَّحِذًا خَلِيلاً مِنْ أُمَّتِي لَآتُحَدْتُ أَبَسا بَكُسِر وَلَكِنْ أَحُوّةُ الإِسْلاَمِ وَمَوَدَّتُهُ لاَ يَبْقَيَنَ فِي الْمَسْجِدِ بَابٌ إِلاَّ سُدًا إِلاَّ بَابُ أَبِي بَكُرٍ.

৪৬৬. আবৃ সা'ঈদ খুদরী হাত বর্ণিত। তিনি বলেন : নাবী এ এক ভাষণে বললেন : আল্লাহ তা'আলা তাঁর এক বান্দাকে দুনিয়া ও আল্লাহর নিকট যা আছে— এ দুয়ের মধ্যে একটি গ্রহণের ইখতিয়ার দিলেন। তিনি আল্লাহর নিকট যা আছে—তা গ্রহণ করলেন। তখন আবৃ বাক্র الله কাঁদতে লাগলেন। আমি মনে মনে ভাবলাম, এই বৃদ্ধকে কোন্ বস্তুটি কাঁদাচ্ছে? আল্লাহ তাঁর এক বান্দাকে দুনিয়া ও আল্লাহর নিকট যা রয়েছে— এ দুয়ের একটা গ্রহণ করার ইখতিয়ার দিলে তিনি আল্লাহর নিকট যা রয়েছে তা গ্রহণ করেছেন (এতে কাঁদার কী আছে?)। মূলতঃ আল্লাহর রসূল ক্রিইছলেন সেই বান্দা। আর আবৃ বাক্র ক্রিছিলেন আমাদের মাঝে সর্বাধিক জ্ঞানী। নাবী ক্রিইছলেন : হে আবৃ বাক্র, তুমি কাঁদবে না। নিজের সাহচর্য ও সম্পদ দিয়ে আমাকে যিনি সবচেয়ে অধিক ইহসান করেছেন তিনি আবৃ বাক্র। আমার কোন উম্মাতকে যদি আমি খলীল (অন্তরঙ্গ বন্ধু) রূপে গ্রহণ করতাম, তবে তিনি হতেন আবৃ বাক্র। কিছু তাঁর সাথে রয়েছে ইসলামের ভ্রাতৃত্ব ও সৌহার্দ্য। আবৃ বাক্রের দরজা ব্যতীত মাসজিদের কোন দরজাই রাখা হবে না, সবই বন্ধ করা হবে। (৩৬৫৪, ৩৯০৪) (আ.প্র. ৪৪৬, ই.ছা. ৪৫২)

١٤٦٧. حَرْمَنَا عَبْدُ اللهِ بْنُ مُحَمَّد الْجُعْفِيُّ قَالَ حَدَّثَنَا وَهْبُ بْنُ جَرِيرٍ قَالَ حَدَّنَنَا أَبِي قَالَ سَمِعْتُ يَعْلَى بَنَ حَكِيمٍ عَنْ عِكْرِمَةَ عَنَ ابْنِ عَبَّاسٍ قَالَ حَرَجَ رَسُولُ اللهِ عَلَيْ فِي مَرَضِهِ اللّذِي مَاتَ فِيهِ عَاصِبُ رَأْسَهُ بِخَرْقَةً فَقَعْدَ عَلَى الْمَثَبَرِ فَحَمِدَ اللهِ وَأَثْنَى عَلَيْهِ ثُمَّ قَالَ إِنَّهُ لَيْسَ مِنْ النَّاسِ أَحَدُ أَمَنَّ عَلَيَّ فِي نَفْسِهِ وَمَالِهِ مِنْ أَبِي قُحَافَةَ وَلَوْ كُنْتُ مُتَّحِذًا مِنْ النَّاسِ حَلِيلاً لَاتَّحَذَتُ أَبَا بَكُرٍ خَلِيلاً وَلَكِنْ خُلَّهُ الإِسْسَلامِ أَفْضَلُ سُدُّوا عَنِي كُل خَوْحَة في هَذَا الْمَشَجِد غَيْرَ خَوْحَة أَبِي بَكُر.

৪৬৭. ইব্নু 'আব্বাস ( হাত বর্ণিত। তিনি বলেন: আল্লাহর রস্ল হাত অন্তিম রোগের সময় এক টুকরা কাপড় মাথায় পেঁচিয়ে বাইরে এসে মিম্বারে বসলেন। আল্লাহ্র প্রশংসা ও সানা সিফাত বর্ণনার পর বললেন: জান-মাল দ্বারা আবৃ বাক্র ইব্নু আবৃ কুহাফার চেয়ে অধিক কেউ আমার প্রতি ইহসান করেনি। আমি কাউকেও অন্তরঙ্গ বন্ধুরূপে গ্রহণ করলে অবশ্যই আবৃ বাক্রকে গ্রহণ করতাম। তবে ইসলামের বন্ধুত্বই উত্তম। আবৃ বাক্রের দরজা ব্যতীত এই মাসজিদের ছোট দরজাগুলো সব বন্ধ করে দাও। (৩৬৫৬, ৩৬৫৭, ৬৭৩৮) (আ.প্র. ৪৪৭, ই.ফা. ৪৫৩)

# ٨١/٨. بَابِ الْأَبُوابِ وَالْغَلَقِ لَلْكَعْبَةِ وَالْمَسَاجِد

৮/৮১. অধ্যায় : বাইতুল্লাহ্য় ও অন্যান্য মাসজিদে দরজা রাখা ও তালা লাগানো।

قَالَ أَبُو عَبْد اللهِ وَقَالَ لِي عَبْدُ اللهِ بْنُ مُحَمَّدٍ حَدَّثَنَا سُفْيَانُ عَنْ ابْنِ جُرَيْجٍ قَالَ قَالَ لِي ابْنُ أَبِي مُلَيْكَةَ يَا عَبْدَ الْمَلِكِ لَوْ رَأَيْتَ مَسَاجِدَ ابْنِ عَبَّاسِ وَأَبْوَابَهَا.

আবৃ 'আবদুল্লাহ [ইমাম বুখারী (রহ.)] বলেন: আমাকে 'আবদুল্লাহ ইব্নু মুহাম্মাদ (রহ.) বলেছেন যে, আমাকে সুফ্ইয়ান (রহ.) ইব্নু জুরায়জ (রহ.) হতে বর্ণনা করেছেন, তিনি বলেন: আমাকে ইব্নু আবী মুলাইকাহ (রহ.) বলেছেন, "হে 'আবদুল মালিক! তুমি ইব্নু 'আব্বাস ( বি ) এর মাসজিদ ও তার দরজাগুলো যদি দেখতে"।

٤٦٨. صَرَتُنَا أَبُو النَّعْمَانِ وَقُتَيْبَةُ بْنُ سَعِيدَ قَالاَ حَدَّنَنَا حَمَّادُ بْنُ زَيْدَ عَنْ أَيُّوبَ عَنْ نَافِعِ عَنْ ابْنِ عُمَرَ أَنَّ النَّبِيُّ عَلَىٰ وَبِلَالٌ وَأُسَامَةُ بَنُ زَيْدٍ وَعُثْمَانُ أَنَّ النَّبِيُّ عَلَىٰ وَبِلَالٌ وَأُسَامَةُ بَنُ زَيْدٍ وَعُثْمَانُ بَنُ طَلَحَةً ثُمَّ أَعْلَىٰ وَبِلَالٌ وَأُسَامَةُ بَنُ زَيْدٍ وَعُثْمَانُ بَنُ طَلَحَةَ ثُمَّ أَعْلَىٰ وَبِلَالٌ فَقَالَ صَسَلًى فِيسِهِ بَنُ طَلَحَةً ثُمَّ أَعْلَىٰ الْبَالِ فَقَالَ صَسَلًى فِيسِهِ فَقُلْتُ فِي قَالَ بَيْنَ الْأُسْطُوانَتَيْنَ قَالَ ابْنُ عُمَرَ فَذَهَبَ عَلَى الْنَ أَسْأَلَهُ كُمْ صَلَّى.

৪৬৮. ইব্নু 'উমার হতে বর্ণিত। নাবী হ্রু যখন মাক্কাহ্য় আসেন তখন 'উসমান ইব্নু তালহা ক্রে)-কে ডাকলেন। তিনি দরজা খুলে দিলে নাবী হ্রু, বিলাল, উসামাহ ইব্নু যায়দ ও 'উসমান ইব্নু ত্বলহাহ ক্রে ভিতরে গেলেন। অতঃপর দরজা বন্ধ করে দেয়া হল। তিনি সেখানে কিছুক্ষণ অবস্থান করলেন। অতঃপর সকলেই বের হলেন। ইব্নু 'উমার ক্রে বলেন। আমি তাড়াতাড়ি গিয়ে বিলাল ক্রে)-কে

(সলাতের কথা) জিজ্ঞেস করলাম। তিনি বললেন: নাবী ক্রি ভিতরে সলাত আদায় করেছেন। আমি জিজ্ঞেস করলাম: কোন্ স্থানে? তিনি বললেন, দুই স্তম্ভের মাঝামাঝি। ইব্নু 'উমার ক্রি বলেন: কয় রাক'আত আদায় করেছেন তা জিজ্ঞেস করতে আমি ভুলে গিয়েছিলাম। (৩৯৭) (আ.প্র. ৪৪৮, ই.মা. ৪৫৪)

### ر ۱۸۲/۸. بَابِ دُخُولِ الْمُشْرِكِ الْمَشْجِدَ. ١ له ١٤/ ماله به المُهْرِكِ الْمَشْجِدَ. अथ्रांश : মাসজিদে মুশরিকের প্রবেশ।

٤٦٩. **طَرْمُنَا** قُتَيْبَةُ قَالَ حَدَّثَنَا اللَّيْثُ عَنْ سَعيد بْنِ أَبِي سَعيد أَنَّهُ سَمِعَ أَبَا هُرَيْرَةَ يَقُولُ بَعَثَ رَسُولُ اللهِ اللهِ خَيْلاً قِبَلَ نَحْدٍ فَجَاءَتْ بِرَجُلٍ مِنْ بَنِي حَنِيفَةً يُقَالُ لَهُ ثُمَامَةً بَّنُ أَثَالٍ فَرَبَطُوهُ بِسَـــارِيَةٍ مِـــنْ سَـــوَارِيَ الْمَسْجد.

৪৬৯. আবৃ হুরাইরাহ্ ক্রে হতে বর্ণিত। তিনি বলেন: আল্লাহর রসূল ক্রেই কতিপয় অশ্বারোহী সৈন্য নজদ অভিমুখে পাঠালেন। তারা বানূ হানীফা গোত্রের সুমামা ইব্নু উসাল নামক এক ব্যক্তিকে নিয়ে এলেন। অতঃপর তাকে মাসজিদের একটি খুঁটির সাথে বেঁধে রাখলেন। (৪৬২) (আ.প্র. ৪৪৯, ই.ফা. ৪৫৫)

# الْمَسَاجِد. بَابِ رَفْعِ الصَّوْتِ فِي الْمَسَاجِد. هُرُهُ المَسَاجِد. هُرُهُ بِهِ المَّسَاجِد. هُرُهُ بِهِ المُسَاجِد. هُرُهُ بِهِ المَّسَاجِد. هُرُهُ بِهِ المَّسَاجِد. هُرُهُ بِهِ المَّسَاجِد. هُرُهُ بِهِ المَّسَاجِد. هُرُهُ المَّسَاجِد. هُرُهُ المَسَاجِد. هُرُهُ المَّسَاجِد. هُرُهُ المَّلِينَ المَّسَاجِد. هُرُهُ المَّسَاجِد. هُرُهُ المَّسَاجِد. هُرُهُ المَّلِينَ المَّسَاجِد. هُرُهُ المَّلَّ المَّلَّ المَّلَّ المَّلِينَ المَّلَّ المَّلَّ المَّلَّ المَّلِينَ المَّلِينَ المَّلِينَ المَّلَّ المَّلِينَ المَلْمُ المَّلِينَ المَّلِينَ المَّلِينَ المَّلِينَ المَّلِينَ المَّلِينَ المَلْمُ المَلْمُ المَلْمُ المَلْمُ المَلْمُ المِلْمُ المَلْمُ المُلْمُ المَلْمُ المَلْمُ المَلْمُ المَلْمُ المَلْمُ المَلْمُ المَلْمُ المَلْمُ المِلْمُ المَلْمُ المِلْمُ المَلْمُ المَلْمُ المَلْمُ المَلْمُ المُلْمُ المَلْمُ المَلْمُ المَلْمُ المُلْمُ المَلْمُ المَلْمُ المُلْمُ المَلْمُ المَلْمُ المُلْمُ المَلْمُ المَلْمُ المَلْمُ المَلْمُ المَلْمُ المُلْمُ المُلْمُلُولُ المُلْمُ المُلْمُ المُلْمُ المُلْمُلُمُ المُلْمُ المُلْمُ المُلْمُ المُلْمُ المُلْمُلُولُ المُلْمُ المُلْمُ المُلْمُ المُلْمُ المُلْمُلُولُ المُلْمُ المُلْمُ المُلْمُ المُلْمُلُمُ المُلْمُ المُلْمُ المُلْمُ المُلْمُلُمُ المُلْمُلُمُ المُلْمُ المُلْمُ المُلْمُ المُلْمُ المُلْمُ المُلْمُ المُلْمُ

٠٤٧٠. حَدَّثَنَا عَلِيُّ بْنُ عَبْدِ اللهِ قَالَ حَدَّثَنَا يَحْيَى بْنُ سَعِيد قَالَ حَدَّثَنَا الْجُعَيْدُ بْنُ عَبْدِ السرَّحْمَنِ قَالَ عَدَّثَنِي يَزِيدُ بْنُ حَصَيْفَةَ عَنْ السَّائِب بْنِ يَزِيدَ قَالَ كُنْتُ قَائِمًا فِي الْمَسْجِدِ فَحَصَبَنِي رَجُلُّ فَنَظَرْتُ فَلِإِذَا عُمَّرُ بْنُ الْخَطَّابِ فَقَالَ اذْهَبْ فَأَتْنِي بِهَذَيْنِ فَجِئْتُهُ بِهِمَا قَالَ مَنْ أَنْتُمَا أَوْ مِنْ أَيْنَ أَنْتُمَا قَالاً مِنْ أَهْلِ الطَّائِفِ عُمَرُ بْنُ الْخَطَّابِ فَقَالَ اذْهَبْ فَأَتْنِي بِهَذَيْنِ فَجِئْتُهُ بِهِمَا قَالاً مِنْ أَنْتُمَا أَنْ أَنْتُمَا فَلَ مَنْ أَيْنَ أَنْتُمَا مِنْ أَهْلِ الْبَلِدِ لَأُوْجَعَنْكُمَا تَرْفَعَانِ أَصْوَاتَكُمَا في مَسْجِد رَسُولَ اللهِ فَلَيْد.

890. সায়িব ইব্নু ইয়াযীদ হতে বর্ণিত। তিনি বলেন : আমি মাসজিদে নাববীতে দাঁড়িয়েছিলাম। এমন সময় একজন লোক আমার দিকে একটা কাঁকর নিক্ষেপ করলো। আমি তাঁর দিকে তাকিয়ে দেখলাম যে, তিনি 'উমার ইব্নুল খান্তাব ( তিনি বললেন : যাও, এ দু'জনকে আমার নিকট নিয়ে এস। আমি তাদের নিয়ে তাঁর নিকট এলাম। তিনি বললেন : তোমরা কারা? অথবা তিনি বললেন : তোমরা কোন্ স্থানের লোক? তারা বললো : আমরা তায়েকের অধিবাসী। তিনি বললেন : তোমরা যদি মাদীনাহ্র লোক হতে, তবে আমি অবশ্যই তোমাদের কঠোর শান্তি দিতাম। তোমরা দু'জনে আল্লাহর রসুল ক্ষিত্র-এর মাসজিদে উচ্চৈঃস্বরে কথা বলছো! (আ.গ্র. ৪৫০, ই.ফা. ৪৫৬)

٤٧١. **صَرَّمُنَا** أَحْمَدُ قَالَ حَدَّثَنَا ابْنُ وَهْبِ قَالَ أَخْبَرَنِي يُونُسُ بْنُ يَزِيدَ عَنْ ابْنِ شِهَابِ حَدَّثَنِي عَبْدُ اللهِ بْنُ كَعْبِ بْنِ مَالِكٍ أَنَّ كَعْبَ بْنَ مَالِكٍ أَخْبَرَهُ أَنَّهُ تَقَاضَى ابْنَ أَبِي حَدْرَدٍ دَيْنًا لَهُ عَلَيْهِ فِي عَهْدِ رَسُسولِ اللهِ ﴿ فَي الْمَسْجِدِ فَارْتَفَعَتْ أَصْوَاتُهُمَا حَتَّى سَمِعَهَا رَسُولُ اللهِ ﴿ وَهُوَ فِي بَيْتِهِ فَخَرَجَ إِلَيْهِمَا رَسُــولُ اللهِ ﴾ وَهُوَ فِي بَيْتِهِ فَخَرَجَ إِلَيْهِمَا رَسُــولُ اللهِ ﴾ خَتَّى كَشَفَ سِجْفَ حُجْرَتِهِ وَنَادَى كَعْبُ بَنَ مَالِكُ قَالَ يَا كَعْبُ قَالَ لَبَيْكَ يَا رَسُولَ اللهِ فَأَشَارَ بِيدِهِ أَنْ ضَعْ الشَّطْرَ مِنْ دَيْنِكَ قَالَ كَعْبُ قَدْ فَعَلْتُ يَا رَسُولَ اللهِ قَالَ رَسُولُ اللهِ اللهِ اللهِ عَلَى قَدْ فَاقْضِهِ.

8৭১. কা'ব ইব্নু মালিক হাতে বর্ণিত। আল্লাহর রস্ল হাত-এর যুগে তিনি ইব্নু আবৃ হাদরাদের নিকট তাঁর প্রাপ্য সম্পর্কে মাসজিদে নাববীতে তাগাদা করেন। এতে উভয়ের আওয়ায উঁচু হয়ে গেল। এমন কি সে আওয়ায আল্লাহর রস্ল তাঁর ঘর হতে শুনতে পেলেন। তখন আল্লাহর রস্ল তাঁর ঘরের পর্দা সরিয়ে তাদের দিকে বের হয়ে এলেন এবং কা'ব ইব্নু মালিককে ডেকে বললেন: হে কা'ব! উত্তরে কা'ব বললেন: লাব্বায়কা ইয়া রস্লাল্লাহ! তখন নাবী হাতে ইঙ্গিত করলেন যে, তোমার প্রাপ্য হতে অর্ধেক ছেড়ে দাও। কা'ব হাত বললেন: হে আল্লাহ্র রস্ল! আমি তাই করলাম। তখন আল্লাহর রস্ল ইব্নু আবৃ হাদরাদ হাত-কে বললেন: উঠ এবার (বাকী) ঋণ পরিশোধ কর। (৪৫৭) (আ.শ্র. ৪৫১, ই.ফা. ৪৫৭)

# . ﴿ ٨٤ ﴿ . بَابِ الْحِلَقِ وَالْجُلُوسِ فِي الْمَسْجِدِ. ﴿ ٨٤ ﴿ هُ لَكُولُوسٍ فِي الْمَسْجِدِ. ﴿ كُلُولُو الْمُلُولُونُ الْمُسْجِدِ. كَالْمُسْجِدِ. ﴿ كُلُولُونُ اللَّهُ اللَّا اللَّهُ اللَّا اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّا اللَّا

١٤٧٢. **حَرَثُنَا** مُسَدَّدٌ قَالَ حَدَّثَنَا بِشُرُ بْنُ الْمُفَطَّلِ حَدَّثَنَا عُبَيْدُ اللهِ عَنْ نَافِعِ عَنْ عَبْدِ اللهِ بْنِ عُمَرَ قَـــالَ سَأَلَ رَجُلَّ النَّبِيَّ ﷺ وَهُوَ عَلَى الْمِنْبَرِ مَا تَرَى فِي صَلاَةِ اللَّيْلِ قَالَ مَثْنَى مَثْنَى فَإِذَا خَشِيَ الصَّــبُحَ صَـــلَى وَاحِدَةً فَأُوْتَرَتْ لَهُ مَا صَلَّى وَإِنَّهُ كَانَ يَقُولُ اجْعَلُوا آخِرَ صَلاَتِكُمْ وثَرًّا فَإِنَّ النَّبِيَّ ﷺ أَمَرَ بِهِ.

8৭২. ইব্নু 'উমার ( হতে বর্ণিত। তিনি বলেন, এক ব্যক্তি নাবী কেন্দ্র করলেন, তখন তিনি মিম্বারে ছিলেন— আপনি রাতের সলাত কীভাবে আদায় করতে বলেন? তিনি বলেন : দু'রাক'আত দু'রাক'আত করে আদায় করবে। যখন তোমাদের কারো ভোর হয়ে যাওয়ার আশক্ষা হয় তখন সে আরো এক রাক'আত আদায় করে নিবে। আর এটি তার পূর্ববর্তী সলাতকে বিত্র করে দেবে। নাফি' (রহ.) বলেন] ইব্নু 'উমার ( বলতেন : তোমরা বিত্রকে রাতের শেষ সলাত হিসেবে আদায় কর। কেননা নাবী এ নির্দেশ দিয়েছেন। (৪৭৩, ১৯০, ১৯৩, ১৯৫, ১১৩৭; মুসলিম ৬/২০, হাঃ ৭৪৯, ৭৫৩, আহমাদ ৬০১৫) (আ.প্র. ৪৫২, ই.ফা. ৪৫৮)

٤٧٣. **طَرَثُنَا** أَبُو النَّعْمَانِ قَالَ حَدَّثَنَا حَمَّادُ بْنُ زَيْدِ عَنْ أَيُّوبَ عَنْ نَافِعٍ عَنْ اَبْنِ عُمَرَ أَنَّ رَجُلاً جَاءَ إِلَى النَّبِيِّ ﷺ وَهُوَ يَخْطُبُ فَقَالَ كَيْفَ صَلاَةُ اللَّيْلِ فَقَالَ مَثْنَى مَثْنَى فَإِذَا خَشِيتَ الصُّبُحَ فَأُوْتِرْ بِوَاحِدَة تُوتِرُ لَكَ مَا قَدْ صَلَّيْتَ قَالَ الْوَلِيدُ بْنُ كَثِيرٍ حَدَّثَنِي عُبَيْدُ اللهِ بْنُ عَبْدِ اللهِ أَنَّ ابْنَ عُمَرَ حَدَّثَهُمْ أَنَّ رَجُلاً نَادَى النَّبِسِيَّ مَا فَقَدْ صَلَّيْتَ قَالَ الْوَلِيدُ بْنُ كَثِيرٍ حَدَّثَنِي عُبَيْدُ اللهِ بْنُ عَبْدِ اللهِ أَنَّ ابْنَ عُمَرَ حَدَّثَهُمْ أَنَّ رَجُلاً نَادَى النَّبِسِيَّ اللهِ وَهُو فِي الْمَسْجِدِ.

8৭৩, ইব্নু 'উমার ( হেলু) হতে বর্ণিত। এক ব্যক্তি নাবী ক্রি-এর নিকট এমন সময় আসলেন যখন তিনি খুত্বাহ দিচ্ছিলেন। তিনি জিজ্ঞেস করলেন: রাতের সলাত কীভাবে আদায় করতে হয়? নাবী ক্রিবলেন: দু'রাক'আত দু'রাক'আত করে আদায় করবে। আর যখন ভোর হবার আশক্ষা করবে, তখন আরো এক রাক'আত আদায় করে নিবে। সে রাক'আত তোমার পূর্বের সলাতকে বিত্র করে দিবে। ওয়ালীদ ইব্ন কাসীর (রহ.) বলেন: 'উবাইদুল্লাহ ইব্নু 'আবদুল্লাহ (রহ.) আমার নিকট বলেছেন যে, ইব্নু 'উমার ক্রিক্ তাঁদের বলেছেন: এক ব্যক্তি নাবী ক্রিক্টে-কে সম্বোধন করে বললেন, তখন তিনি মাসজিদে ছিলেন। (৪৭২) (আ.প্র. ৪৫৩, ই.ফা. ৪৫৯)

٤٧٤. حرثنا عَبْدُ الله بْنُ يُوسُفَ قَالَ أَخْبَرَنَا مَالكُ عَنْ إِسْحَاقَ بْنِ عَبْدِ اللهِ بْنِ أَبِي طَلْحَةَ أَنَّ أَبَا مُرَّةً مَوْلَى عَقِيلِ بْنِ أَبِي طَالِبَ أَخْبَرَهُ عَنْ أَبِي وَاقد اللَّيْتِيَّ قَالَ بَيْنَمَا رَسُولُ اللهِ فَلَى فِي الْمَسْجِدِ فَأَقْبَلَ ثَلاَنَهُ نَفَرِ فَأَقَبَلَ اثْنَانِ إِلَى رَسُولَ اللهِ فَلَى وَاحِدٌ فَأَمَّا أَحَدُهُمَا فَرَأَى فُرْجَةً فِي الْحَلْقَةِ فَجَلَسَ وَأَمَّا الْسَاخَرُ فَأَقَبَلَ اثْنَانِ إِلَى رَسُولُ اللهِ فَلَى اللهِ فَاللهِ فَاللهِ فَا اللهِ فَاللهِ فَا أَكُوبُوكُمْ عَنْ النَّفَرِ النَّلاَثَةِ أَمَّا أَحَدُهُمْ فَأُوى إِلَى اللهِ فَا وَاهُ اللهِ فَا اللهِ اللهِ اللهِ فَا اللهِ فَا اللهِ اللهُ اللهُ اللهُ اللهُ اللهِ اللهِ اللهِ اللهِ اللهُ اللهِ اللهِ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهِ اللهِ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهِ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُولَةُ اللهُ ا

898. আবৃ ওয়াঝিদ লায়সী হাত বর্ণিত। একদা আল্লাহর রস্ল হা মাসজিদে ছিলেন। এমতাবস্থায় তিনজন লোক এলেন। তাঁদের দৃ'জন আল্লাহর রস্ল হান পেয়ে সেখানে বসে পড়লেন। দ্বিতীয় একজন চলে গেলেন। এ দৃ'জনের একজন হালকায় খালি স্থান পেয়ে সেখানে বসে পড়লেন। দ্বিতীয় ব্যক্তি তাদের পেছনে বসলেন। আল্লাহর রস্ল হা কথাবার্তা হতে অবসর হয়ে বললেন: আমি কি তোমাদের ঐ তিন ব্যক্তি সম্পর্কে খবর দেব? এক ব্যক্তি তো আল্লাহর দিকে অগ্রসর হলো। আল্লাহও তাকে আশ্রয় দিলেন। দ্বিতীয় ব্যক্তি লজ্জা করলো, আর আল্লাহ তা'আলাও তাকে (বঞ্চিত করতে) লজ্জাবোধ করলেন। তৃতীয় ব্যক্তি মুখ ফিরিয়ে নিল, কাজেই আল্লাহও তার হতে ফিরে থাকলেন। (৬৬) (আ.৪. ৪৫৪, ই.ফা. ৪৬০)

# رَّ الرِّجْلِ. ١٠٥/٨. بَابِ الاَسْتَلْقَاءِ فِي الْمَسْجِدِ وَمَدِّ الرِّجْلِ. ١٠/٥٥. كاب الاَسْتَلْقَاءِ فِي الْمَسْجِدِ وَمَدِّ الرِّجْلِ. ৮/৮৫. অধ্যায় : মাসজিদে চিত হয়ে পা প্রসারিত করে শোয়া।

الله عَنْ عَمَدُ اللهِ بَنُ مَسْلَمَةَ عَنْ مَالِكُ عَنْ ابْنِ شِهَابٍ عَنْ عَبَّادِ بْنِ تَمِيمٍ عَنْ عَمِّهِ أَنَّهُ رَأَى رَسُولَ اللهِ عَلَى اللهِ عَنْ عَبَّادِ بْنِ تَمِيمٍ عَنْ عَمِّهِ أَنَّهُ رَأَى رَسُولَ اللهِ عَلَى اللهِ عَلَى اللهِ عَلَى اللهُ عَمْرُ وَعَنْ الْمَسْحِدِ وَاضِعًا إِحْدَى رِجُلْيَهِ عَلَى اللَّهُ حَرَى وَعَنْ ابْنِ شِهَابٍ عَنْ سَعِيدٍ بْنِ الْمُسَسَيَّبِ وَاللهُ عَمْرُ وَعُثْمَانُ يَفْعَلَانَ ذَلكَ.

8৭৫. 'আব্বাদ ইব্নু তামীম (রহ.) তাঁর চাচা হতে বর্ণনা করেন, তির্নি (তাঁর চাচা) আল্লাহর রসূল কেনে নাসজিদে চিত হয়ে এক পায়ের উপর আরেক পা রেখে ত্তয়ে থাকতে দেখেছেন। ইব্নু শিহাব (রহ.) সা'ঈদ ইব্নু মুসায়্যাব (রহ.) হতে বর্ণনা করেন যে, 'উমার ও 'উসমান (রাযি... 'আনহুমা) এমন করতেন। (৫৯৬৯, ৬২৮৭; মুসলিম ৩৭/২২, হাঃ ২১০০) (আ.শ্র. ৪৫৫, ই.ফা. ৪৬১)

# بَابِ الْمَسْجِدِ يَكُونُ فِي الطَّرِيقِ مِنْ غَيْرِ ضَرَرٍ بِالنَّاسِ وَبِهِ ৮/৮৬. অধ্যায় : লোকের অসুবিধা না হলে রান্তায় মাসজিদ বানানো বৈধ।

قَالَ الْحَسَنُ وَأَيُّوبُ وَمَالِكٌ.

হাসান বাস্রী, আইয়ূব এবং মালিক (রহ.) এরূপ বলেছেন।

٤٧٦. طَرَثُنَا يَحْيَى بَنُ بُكَيْرٍ قَالَ حَدَّثَنَا اللَّيْثُ عَنْ عُقَيْلٍ عَنْ ابْنِ شِهَابٍ قَالَ أَخْبَرَنِي عُرْوَةُ بَنُ الزَّبَيْرِ أَنْ عَائِشَةَ زَوْجَ النَّبِيِ عَلَيْنَا يَوْمٌ إِلاَّ يَاتَينَا فِيهِ وَيَقْرَأُ وَهُمَا يَدِينَانِ الدِّينَ وَلَمْ يَمُرَّ عَلَيْنَا يَوْمٌ إِلاَّ يَأْتِينَا فِيهِ وَيَقْرَأُ رَسُولُ اللهِ عَلَى طَرَفَى النَّهَارِ بُكْرَةً وَعَشَيَّةً ثُمَّ بَدَا لِأَبِي بَكْرٍ فَابْتَنَى مَسْجِدًا بِفِنَاءِ دَارِهِ فَكَانَ يُصَلِّى فِيهِ وَيَقْرَأُ وَسُولُ اللهِ عَلَيْهِ نِسَاءُ الْمُشْرِكِينَ وَأَبْنَاوُهُمْ يَعْجَبُونَ مِنْهُ وَيَنْظُرُونَ إِلَيْهِ وَكَانَ أَبُو بَكْرٍ رَجُلًا بَكُلَا يُكُلِي اللهِ عَيْنَيْهِ إِذَا قَرَأَ اللهِ عَيْنَيْهِ إِذَا قَرَأَ الْقُرْآنَ فَأَفَرَعَ ذَلِكَ أَشْرَافَ قُرْيَشِ مِنَ الْمُشْرِكِينَ.

8 ৭৬. 'উরওয়াহ বিন যুবাইর সংবাদ দিয়েছেন যে, নাবী ্র-এর সহধর্মণী 'আয়িশাহ ছিল্লা হতে বর্ণিত। তিনি বলেছেন : আমার জ্ঞানমতে আমি আমার মাতা-পিতাকে সব সময় দীনের অনুসরণ করতে দেখেছি। আর আমাদের এমন কোন দিন যায়নি যে, আল্লাহর রস্ল ্রে সে দিনের উভয় প্রান্তে সকাল-সন্ধ্যায় আমাদের নিকট আসেননি। অতঃপর আবৃ বাক্র ছিল্লা-এর মাসজিদ নির্মাণের প্রয়োজন দেখা দিল। তিনি তাঁর ঘরের আঙ্গিণায় একটি মাসজিদ তৈরি করলেন। তিনি এতে সলাত আদায় করতেন ও কুরআন তিলাওয়াত করতেন। মুশরিকদের মহিলা ও ছেলেমেয়েরা সেখানে দাঁড়াতো এবং এতে তারা বিস্মিত হয়ে তাঁর দিকে তাকিয়ে থাকতো। আবৃ বাক্র ভিল্লা ছিলেন একজন অধিক ক্রন্দনকারী ব্যক্তি। তিনি কুরআন পড়া শুরু করলে আশ্রু সংবরণ করতে পায়তেন না। তাঁর এ অবস্থা নেতৃস্থানীয় মুশরিক কুরাইশদের নেতৃবৃন্দকে শক্ষিত করে তুলল। (২১৩৮, ২২৬৩, ২২৬৪, ২২৯৭, ৩৯০৫, ৪০৯৩, ৫৮০৭, ৬০৭৯) (আ.প্র. ৪৫৬, ই.ফা. ৪৬২)

۸۷/۸. بَاب الصَّلاَة في مَسْجد السُّوق .۸۷/۸ باب الصَّلاَة في مَسْجد السُّوق . ۸۷/۸ هـ هـ هـ المُّرة في مَسْجد السُّوق . هـ المُّرة في مَسْجد السُّوق .

وَصَلِّى ابْنُ عَوْنَ فِي مَسْجِد فِي دَارِ يُغْلَقُ عَلَيْهِمْ الْبَابُ ইব্নু 'আওন (রহ.) ঘরের মাসজিদে সঁলাত আঁদায় করতেন যার দরজা বন্ধ করা হতো।

٤٧٧. **صَرَثُنَا** مُسَدَّدٌ قَالَ حَدَّثَنَا أَبُو مُعَاوِيَةَ عَنِ الْأَعْمَشِ عَنْ أَبِي صَالِحٍ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِــــيِّ ﷺ قَالَ صَلاَةُ الْحَمِيعِ تَزِيدُ عَلَى صَلاَتِهِ فِي بَيْتِهِ وَصَلاَتِهِ فِي سُوقِهِ خَمْسًا وَعِشْرِينَ دَرَجَةً فَــــإِنَّ أَحَــــدَكُمْ إِذَا تَوَضَّأَ فَأَحْسَنَ وَأَتَى الْمَسْجِدَ لاَ يُرِيدُ إِلاَّ الصَّلاَةَ لَمْ يَخْطُ خَطْوَةً إِلاَّ رَفَعَهُ اللهُ بِهَا دَرَجَةً وَحَطَّ عَنْهُ خَطِيعَةً حَتَّى يَدْخُلَ الْمَسْجِدَ وَإِذَا دَخَلَ الْمَسْجِدَ كَانَ فِي صَلاَةٍ مَا كَانَتْ تَحْبِسُهُ وَتُصَلِّي يَعْنِي عَلَيْهِ الْمَلَائِكَةُ مَا دَامً فِي مَحْلِسِهِ الَّذِي يُصَلِّي فِيهِ اللَّهُمَّ اغْفِرْ لَهُ اللَّهُمَّ ارْحَمُّهُ مَا لَمْ يُحْدثُ فيه.

8৭৭. আবৃ হুরাইরাহ (হার্ক) হতে বর্ণিত। নাবী হার্কী বলেছেন: জার্মা আতের সাথে সলাত আদায় করলে ঘর বা বাজারে সলাত আদায় করার চেয়ে পঁচিশ গুণ সওয়াব বৃদ্ধি পায়। কেননা, তোমাদের কেউ যদি ভাল করে উয় করে কেবল সলাতের উদ্দেশেই মাসজিদে আসে, সে মাসজিদে প্রবেশ করা পর্যন্ত যতবার কদম রাখে তার প্রতিটির বিনিময়ে আল্লাহ তা আলা তার মর্যাদা ক্রমান্বয়ে উন্নীত করবেন এবং তার এক-একটি করে গুনাহ মাফ করবেন। আর মাসজিদে প্রবেশ করে যতক্ষণ পর্যন্ত সলাতের অপেক্ষায় থাকে, ততক্ষণ তাকে সালাতেই গণ্য করা হয়। আর সলাত শেষে সে যতক্ষণ ঐ স্থানে থাকে ততক্ষণ মালাকগণ তার জন্যে এ বলে দু আ করেন: হে আল্লাহ! তাকে ক্রম করনেন যতক্ষণ সে কাউকে কষ্ট না দেয়, উয় ভেঙ্গে যাওয়ার কোন কাজ সেখানে না করে। (১৭৬; মুসলিম ৫/৪২, হাঃ ৭৬৪৯, আহমাদ ৫৩৩২) (আ.প্র. ৪৫৭, ই.ফা. ৪৬৩)

. ٨٨/٨. بَابِ تَشْبِيكِ الْأَصَابِعِ فِي الْمَشْجِدِ وَغَيْرِهِ. ৮/৮৮. অধ্যায় : মার্সজিদ র্ড অন্যান্য স্থানে এক হাতের আঙুল অন্য হাতের আঙুলে প্রবেশ ক্রানো ।

٤٧٨-٤٧٨. **مَرْثُنَا** حَامِدُ بْنُ عُمَرَ عَنْ بِشْرٍ حَدَّثَنَا عَاصِمٌ حَدَّثَنَا وَاقِدٌ عَنْ أَبِيهِ عَنْ ابْنِ عُمَرَ أَوْ ابْنِ عَمْرُو شَبَكَ النَّبِيُّ ﷺ أَصَابِعَهُ

8৭৮-৪৭৯. ইব্নু 'উমার বা ইব্নু 'আমর 🚗 হতে বর্ণিত। তিনি বলের্ন: নাবী 🚑 এক হাতের আঙ্গুল আর এক হাতের আঙুলে প্রবেশ করান। (৪৮০) (আ.প্র. ৪৫৮, ই.ফা. ৪৬৪)

٤٨٠. وَقَالَ عَاصِمُ بْنُ عَلَيْ حَدَّثَنَا عَاصِمُ بْنُ مُحَمَّد سَمِعْتُ هَذَا الْحَديثَ مِنْ أَبِي فَلَمْ أَحْفَظُهُ فَقَوَّمَهُ لِي وَاقَدُّ عَنْ أَبِيهِ قَالَ سَمِعْتُ أَبِي وَهُوَ يَقُولُ قَالَ عَبْدُ اللهِ قَالَ رَسُولُ اللهِ ﷺ يَا عَبْدَ اللهِ بْنَ عَمْرٍو كَيْـــفَ بِكَ إِذًا بَقِيتَ فِي حُثَالَةٍ مِنْ النَّاسِ بِهَذَا.

৪৮০. 'আসিম ইব্নু 'আলী (রহ.) হতে বর্ণিত। 'আসিম ইব্নু মুহাম্মাদ (রহ.) বলেন : আমি এ হাদীস আমার পিতা হতে শুনেছিলাম, কিন্তু আমি তা স্মরণ রাখতে পারিনি। পরে এ হাদীসটি আমাকে ঠিকভাবে বর্ণনা করেন ওয়াকিদ (রহ.) তাঁর পিতা হতে। তিনি বলেন : আমার পিতাকে বলতে শুনেছি যে, 'আবদুল্লাহ ইব্নু 'আম্র ( ক্রেন্টি বলেছেন যে, আল্লাহর রস্ল ক্রেন্ট্র ইরশাদ করেন : হে 'আবদুল্লাহ ইব্নু 'আমর! যখন তুমি নিকৃষ্ট লোকদের সাথে অবস্থান করবে, তখন তোমার কী অবস্থা হবে? (৪৭৯) (আ.প্র. ৪৫৮ শেষাংশ, ই.ফা. ৪৬৪ শেষাংশ)

٤٨١. **طَرْنَا** خَلَّادُ بْنُ يَحْيَى قَالَ حَدَّثَنَا سُفْيَانُ عَنْ أَبِي بُرْدَةَ بْنِ عَبْدِ اللهِ بْنِ أَبِي بُرْدَةَ عَنْ جَدِّهِ عَــنْ أَبِي مُوسَى عَنِ النَّبِيِّ ﷺ قَالَ إِنَّ الْمُؤْمِنِ لِلْمُؤْمِنِ كَالْبَثْيَانِ يَشُدُّ بَعْضُهُ بَعْضًا وَشَبَّكَ أَصَابِعَهُ. ৪৮১. আবৃ মৃসা হতে বর্ণিত। নাবী হক্র বলেছেন : একজন মৃ'মিন আরেকজন মু'মিনের জন্যে ইমারতস্বরূপ, যার এক অংশ অপর অংশকে শক্তিশালী করে থাকে। এ ব'লে তিনি তার হাতের আঙ্লগুলো একটার মধ্যে আরেকটা প্রবেশ করালেন। (২৪৪৬, ৬০২৬; মুসলিম ৫৪/১৭, হাঃ ২৫৮৫, আহমাদ ১৯৬৪৪) (আ.প্র. ৪৫৯, ই.ফা. ৪৬৫)

28. عرشنا إِسْحَاقُ قَالَ حَدَّنَنَا النَّصْرُ بَنُ شُمَيْلِ أَخْبَرَنَا ابْنُ عَوْنَ عَنْ ابْنِ سِيرِينَ عَنْ أَبِي هُرَيْرَةً قَالَ وَمَلَى بِنَا رَسُولُ الله فَيُ إِحْدَى صَلاَتَيْ الْعَشِيّ قَالَ ابْنُ سِيرِينَ سَمَّاهَا أَبُو هُرَيْرَةً وَلَكُنْ نَسِيتُ أَنَّا قَالَ فَصَلَّى بِنَا رَكُعَتَيْنِ ثُمَّ سَلَّمَ فَقَامَ إِلَى خَشَبَة مَعْرُوضَة فِي الْمَسْجِدِ فَاتَّكَأَ عَلَيْهَا كَأَنَّه غَضْبَانُ وَوَضَعَ يَدَهُ فَصَلَّى بَنِا رَكُعَتَيْنِ ثُمَّ سَلَّمَ فَقَامَ إِلَى خَشَبَة مَعْرُوضَة فِي الْمَسْجِدِ فَاتَّكَأَ عَلَيْهَا كَأَنَّه غَضْبَانُ وَوَضَعَ عَدَّهُ الْكَيْمَ عَلَى ظَهْرِ كَفّه الْيُسْرَى وَخَرَجَتْ السَّرَعَانُ السَّرِينَ وَسَبَّكَ بَيْنَ أَصَابِعِه وُوضَعَ خَدَّهُ الْأَيْمَنَ عَلَى ظَهْرِ كَفّه الْيُسْرَى وَخَرَجَتْ السَّرَعَانُ السَّرَعَ وَعَمَرُ فَهَابَا أَنْ يُكَلِّمَاهُ وَفِي الْقَوْمِ رَجُلُّ فِي مِنْ اللهُ أَيُو بَكُرٍ وَعُمَرُ فَهَابَا أَنْ يُكَلِّمَاهُ وَفِي الْقَوْمِ رَجُلُّ فِي مِنْ الْمَوْدِ وَقَالُوا قَصُرَتُ الصَّلَاةُ وَفِي الْقَوْمِ اللهِ أَنُسِ وَلَمْ اللهُ أَنْ يَكَلِّمَاهُ وَفِي الْقَوْمِ رَجُلُّ فِي يَدَيْهِ طُولً يُقَالُ لَهُ أَنُو الْيَذَيْنِ قَقَالُوا نَعَمْ فَتَقَدَّمَ فَصَلَّى مَا تَرَكَ ثُمَّ سَلَّمَ ثُمَّ كَبَرَ وَسَجَدَ مثلَ سُحُودِهِ أَوْ أَطُولَ ثُمَّ رَأُسَهُ وَكَبَرَ فَرُبَّمَا سَأَلُوهُ ثُمَّ سَلَّمَ فَيَقُولُ لَهُ مَا سَلَّمَ فَيَقَدُوا نَعْ رَأْسَهُ وَكَبَرَ فَرُبَّمَا سَأَلُوهُ ثُمَّ سَلَّمَ فَيَقُدولُ نُمْ وَاسَهُ وَكَبَرَ فَرُبَّهُ وَكُبَرَ فَرُبَّمَا سَأَلُوهُ ثُمَّ سَلَّمَ فَيَقُولُ اللهُ وَمُ مَنَ مَرَاسَةُ وَكَبَرَ فَرَاسَهُ وَكَبَرَ فَرُبُومَ اللهُ وَكُبَرَ فَرَاسَةُ وَكُبَرَ فَرَاسَةُ وَكَبَرَ فَهُ وَلَى اللهِ فَالَولَ اللهُ اللهُ وَلَا لَهُ مُنْ اللهُ وَالْمَالِهُ وَلَعَمْ وَاللّهُ وَلَمْ وَلَا لَهُ مُ اللّهُ وَلَيْ اللّهُ وَلَعَمْ اللّهُ وَلَا لَكُمْ اللّهُ وَلَا لَهُ اللّهُ وَلَكُمْ وَاللّهُ وَلَا لَهُ اللّهُ وَلَا لَهُ اللّهُ وَلَا لَكُولُ اللهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ وَلَا لَهُ مُ وَاللّهُ وَلَا لَهُ اللّهُ اللّهُ وَلَا لَهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللللّهُ اللّهُ الللّهُ اللللّهُ اللّهُ اللللّهُ الللّهُ اللّهُ اللللّهُ الللّهُ الللّه

৪৮২. আবৃ হুরাইরাহ্ 📾 হতে বর্ণিত। আল্লাহর রসূল 😂 একদা আমাদের বিকালের এর্ক সলাতে ইমামত করলেন। ইব্নু সীরীন (রহ.) বলেন: আবৃ হুরাইরাহ্ 🕮 সলাতের নাম বলেছিলেন, কিন্তু আমি তা ভূলে গেছে। আবৃ হুরাইরাহ্ 🕮 বলেন : তিনি আমাদের নিয়ে দু'রাক'আত সলাত আদায় করে সালাম ফিরালেন। অতঃপর মাসজিদে রাখা এক টুকরা কাঠের উপর ভর দিয়ে দাঁড়ালেন। তাঁকে রাগান্থিত মনে হচ্ছিল। তিনি তাঁর ডান হাত বাঁ হাতের উপর রেখে এক হাতের আঙ্কুল অপর হাতের আঙুলের মধ্যে প্রবেশ করালেন। আর তাঁর ডান গাল বাম হাতের পিঠের উপর রাখলেন। যাঁদের তাড়া ছিল তাঁরা মাসজিদের দরজা দিয়ে বাইরে চলে গেলেন। সহাবীগণ বললেন : সলাত কি সংক্ষিপ্ত হয়ে গেছে? উপস্থিত লোকজনের মধ্যে আবৃ বাক্র 🕮 এবং 'উমার 😂-ও ছিলেন। কিন্তু তাঁরা নাবী 🥰-এর সঙ্গে কথা বলতে ভয় পেলেন। আর লোকজনের মধ্যে লম্বা হাত বিশিষ্ট এক ব্যক্তি ছিলেন, যাঁকে 'যুল-ইয়াদাইন' বলা হতো, তিনি বললেন : হে আল্লাহ্র রসূল! আপনি কি ভুলে গেছেন, নাকি সলাত সংক্ষেপ করা হয়েছে? তিনি বললেন : আমি ভুলিনি এবং সলাত সংক্ষেপও করা হয়নি। অতঃপর (অন্যদের) জিজ্ঞেস করলেন : যুল-ইয়াদাইনের কথা কি ঠিক? তাঁরা বললেন : হাঁ। অতঃপর তিনি এগিয়ে এলেন এবং সলাতের বাদপড়া অংশটুকু আদায় করলেন। অতঃপর সালাম ফিরালেন ও তাকবীর বললেন এবং স্বাভাবিকভাবে সাজদাহ'র মতো বা একটু দীর্ঘ সাজদাহ করলেন। অতঃপর তাকবীর বলে তাঁর মাথা উঠালেন। পরে পুনরায় তাকবীর বললেন এবং স্বাভাবিকভাবে সাজদাহ'র মত বা একটু দীর্ঘ সাজদাহ করলেন। অতঃপর তাকবীর বলে তাঁর মাথা উঠালেন। লোকেরা প্রায়ই ইব্নু সীরীন (রহ.)-কে জিজ্ঞেস করতো, "পরে কি তিনি সালাম ফিরিয়েছিলেন?" তখন ইব্নু সীরীন (রহ.) বলতেন : আমার নিকট বর্ণনা

করা হয়েছে যে, 'ইমরান ইব্নু হুসাইন 🚌 আমাকে খবর দিয়েছেন যে, : অতঃপর তিনি সালাম ফিরিয়েছিলেন। (৭১৪, ৭১৫, ১২২৭, ১২২৯, ৬০৫১, ৭২৫০) (আ.প্র. ৪৬০, ই.ফা. ৪৬৬)

٤٨٣. **طَرَثُنَا** مُحَمَّدُ بْنُ أَبِي بَكْرِ الْمُقَدَّمِيُّ قَالَ حَدَّثَنَا فُضَيْلُ بْنُ سُلَيْمَانَ قَالَ حَدَّثَنَا مُوسَى بْنُ عُقَبَةً قَالَ رَأَيْتُ سَالِمَ بْنَ عَبْدِ اللهِ يَتَحَرَّى أَمَاكِنَ مِنْ الطَّرِيقِ فَيُصَلِّي فِيهَا وَيُحَدِّثُ أَنَّ أَبَاهُ كَانَ يُصَلِّي فِيهَا وَأَنَّهُ رَأَى النَّبِي عَلَيْ يُصَلِّي فِي تِلْكَ الْأَمْكِنَةِ وَحَدَّئَنِي نَافِعٌ عَنْ ابْنِ عُمَرَ أَنَّهُ كَانَ يُصَلِّي فِي تِلْكَ الْأَمْكِنَةِ وَحَدَّئَنِي نَافِعٌ عَنْ ابْنِ عُمَرَ أَنَّهُ كَانَ يُصَلِّي فِي تِلْكَ الْأَمْكِنَةِ وَسَأَلْتُ سَالِمًا فَلاَ أَعْلَمُهُ إِلاَّ وَافَقَ نَافِعًا فِي الْأَمْكِنَةِ كُلِّهَا إلا أَنَّهُمَا اخْتَلَفَا فِي مَسْجد بشَرَف الرَّوْحَاء.

৪৮৩. মূসা ইব্নু 'উক্বাহ (রহ.) হতে বর্ণিত। তিনি বর্লেন : আমি সালিম ইব্নু 'আবদুল্লাই (ক্রি-রোজার বিশেষ বিশেষ স্থান অনুসন্ধান করে সে সব স্থানে সলাত আদায় করতে দেখেছি এবং তিনি বর্ণনা করতেন যে, তাঁর পিতাও এসব স্থানে সলাত আদায় করতেন। আর তিনিও আল্লাহর রসূল ক্রি-কে এসব স্থানে সলাত আদায় করতে দেখেছেন। মূসা ইব্নু 'উকবাহ (রহ.) বলেন : নাফি' (রহ.)-ও আমার নিকট ইব্নু 'উমার (ক্রি) হতে বর্ণনা করেছেন যে, তিনি সেসব স্থানে সলাত আদায় করতেন। অতঃপর আমি সালিম (রহ.)-কে জিজ্ঞেস করি। আমার জানামতে তিনিও সেসব স্থানে সলাত আদায়ের ব্যাপারে নাফি' (রহ.)-এর সাথে ঐকমত্য পোষণ করেছেন; তবে 'শারাফুর-রাওহা' নামক স্থানের মাসজিদটির ব্যাপারে মতভেদ রয়েছে। (১৫৩৫, ২৩৩, ৭৩৪৫) (আ.প্র. ৪৬১, ই.ফা. ৪৬৭)

٤٨٤. حارثنا إِبْرَاهِيمُ بْنُ الْمُنْذِرِ الْحِزَامِيُّ قَالَ حَدَّنَنَا أَنسُ بْنُ عِيَاضِ قَالَ حَدَّنَنَا مُوسَى بْنُ عُقْبَةَ عَنَ نَافِعِ أَنَّ عَبْدَ اللهِ بْنَ عُمْرَ أَخْبَرَهُ أَنَّ رَسُولَ اللهِ فَلَمْ كَانَ يَنْزِلُ بِذِي الْحُلَيْفَةِ حِينَ يَعْتَمِرُ وَفِي حَجَّتِهِ حِينَ نَافِعِ أَنَّ عَبْدَ اللهِ بَنَ عَلَى الْمُولِيقِ أَوْ حَجَّ تَحْتَ سَمُرَة فِي مَوْضِعِ الْمَسْجِدِ الَّذِي بِذِي الْحُلَيْفَة وَكَانَ إِذَا رَجَعَ مِنْ غَرُو كَانَ فِي تَلْكَ الطَّرِيقِ أَوْ حَجَّ تَحْتَ سَمُرَة فِي مَوْضِعِ الْمَسْجِدِ الَّذِي بِذِي الْحُلَيْفَة وَكَانَ إِذَا رَجَعَ مِنْ غَرُو كَانَ فِي تَلْكَ الطَّرِيقِ أَوْ حَجَّ أَوْ عُمْرَة هَبَطُ مِنْ بَطْنِ وَاد فَإِذَا ظَهَرَ مِنْ بَطْنِ وَاد أَنَاخَ بِالْبَطْحَاءِ الَّتِي عَلَى شَفِيرِ الْسَولُ وَاد فَإِذَا ظَهَرَ مِنْ بَطْنِ وَاد أَنَاخَ بِالْبَطْحَاءِ اللّهِ عَلَى اللهَ عَلَى اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ عَلَى عَبْدُ الله عَنْدَهُ فِي بَطْنِهِ كُنُبُ كَانَ رَسُولُ اللهِ فِلاَ عَلَى الْأَكُمةِ اللهِ عِنْدَهُ فِي بَطْنِهِ كُنُبُ كَانَ رَسُولُ اللهِ فَلَا ثَمَّ يُصَلِّي فَدَحَا السَّيلُ فِيهِ بِالْبَطْحَاءِ حَتَّى دَفَلَ الْمُعَلِي عَبْدُ الله عِنْدَهُ فِي بَطْنِهِ كُنُبُ كَانَ رَسُولُ اللهِ فِلَا تَلَى اللهُ عَلَى فَدَحَا السَّيلُ فِيهِ بِالْبَطْحَاءِ حَتَّى ذَلِكَ الْمُكَانَ اللهُ يُعْلَى فَذَكَا السَّيلُ فِيهِ بِالْبَطْحَاءِ حَتَّى ذَلِكَ الْمُكَانَ اللهُ يُعْلَى فَي مَلَى فَيه.

8৮৪. 'আবদুল্লাহ ইব্নু 'উমার ক্রি) হতে বর্ণিত। আ্লাহর রস্ল ক্রিড্র 'উমারাহ ও হাজ্জের জন্যে রওয়ানা হলে 'যুল-হুলায়ফা'য় অবতরণ করতেন, বাবলা গাছের নীচে 'যুল হুলায়ফা'য় মাসজিদের স্থান। আর যখন কোন যুদ্ধ হতে অথবা হাজ্জ বা 'উমারাহ করে সেই পথে ফিরতেন, তখন উপত্যকার মাঝখানে অবতরণ করতেন। যখন উপত্যকার মাঝখান হতে উপরের দিকে আসতেন, তখন উপত্যকার তীরে

অবস্থিত পূর্ব নিম্নন্থমিতে উট বসাতেন। সেখানে তিনি শেষ রাত হতে ভোর পর্যন্ত বিশ্রাম করতেন। এ স্থানটি পাথরের উপর নির্মিত মাসজিদের নিকট নয় এবং যে মাসজিদ টিলার উপর, তার নিকটেও নয়। এখানে ছিল একটি ঝিল, যার পাশে 'আবদুল্লাহ () সলাত আদায় করতেন। এর ভিতরে কতগুলো বালির স্তৃপ ছিল। আর আল্লাহর রসূল () এখানেই সলাত আদায় করতেন। অতঃপর নিম্নভূমিতে পানির প্রবাহ হয়ে 'আবদুল্লাহ () যে স্থানে সলাত আদায় করতেন তা সমান করে দিয়েছে। (১৫৩২, ১৫৩৬, ১৭৯৯) (আ.শ্র. ৪৬২ প্রথমাংশ, ই.কা. ৪৬৮)

٥٨٥. وَأَنَّ عَبْدَ اللهِ بَنَ عُمَرَ حَدَّنَهُ أَنَّ النَّبِي ﷺ صَلَّى حَيْثُ الْمَسْجِدُ الصَّغِيرُ الَّــذِي دُونَ الْمَسْجِدِ اللهِ عَبْدُ اللهِ يَعْلَمُ الْمَكَانَ الَّذِي كَانَ صَلَّى فِيهِ النَّبِيُّ ﷺ يَقُولُ ثَمَّ عَنْ يَمِينِكَ حِينَ تَقُومُ فِي النَّبِيُ ﷺ يَقُولُ ثَمَّ عَنْ يَمِينِكَ حِينَ تَقُومُ فِي المَسْجِد تُصلِّي وَذَلِكَ الْمَسْجِدُ عَلَى حَافَةِ الطَّرِيقِ الْيُمْنَى وَأَثْتَ ذَاهِبٌ إِلَى مَكَّةَ بَيْنَهُ وَبَــيْنَ الْمَسْجِد الْأَكْبُر رَمْيَةً بِحَجَرِ أَوْ نَحُو ذَلِكَ.

৪৮৫. 'আবদুল্লাহ ইব্নু 'উমার ( নাফি' (রহ.)-কে] বর্লেছেন : নাবী ক্রি 'শারাফুর-রাওহা'র মাসজিদের নিকট ছোট মাসজিদের স্থানে সলাত আদায় করেছিলেন। নাবী ক্রি যেখানে সলাত আদায় করেছিলেন, 'আবদুল্লাহ ( স স্থানের পরিচয় দিতেন এই বলে যে, যখন তুমি মাসজিদে সলাতে দাঁড়াবে তখন তা তোমার ডানদিকে। আর সেই মাসজিদটি হলো যখন তুমি (মদীনা হতে) মাক্কাহ্ যাবে তখন তা ডানদিকের রাস্তার এক পাশে থাকবে। সে স্থান ও বড় মাসজিদের মাঝখানে ব্যবধান হলো একটি ঢিল নিক্ষেপ পরিমাণ অথবা তার কাছাকাছি। (আ.এ.৪৬২ দিতীয় জংশ, ই.ফা. ৪৬৮ দিতীয় জংশ)

٤٨٦. وَأَنَّ ابْنَ عُمَرَ كَانَ يُصَلِّي إِلَى الْعِرْقِ الَّذِي عِنْدَ مُنْصَرَفِ الرَّوْحَاءِ وَذَلِكَ الْعِرْقُ انْتَهَاءُ طَرَفِ عَلَى حَافَةِ الطَّرِيقِ دُونَ الْمَسْجِدِ الَّذِي بَيْنَهُ وَبَيْنَ الْمُنْصَرَفِ وَأَنْتَ ذَاهِبٌ إِلَى مَكَّةَ وَقَدَ ابْتُنِي ثُمَّ مَسْجِدً قَلَى حَافَةِ الطَّرِيقِ دُونَ الْمَسْجِدِ الَّذِي بَيْنَهُ وَبَيْنَ الْمُنْصَرَفِ وَأَنْتَ ذَاهِبٌ إِلَى مَكَّةَ وَقَدَ ابْتُنِي ثُمَّ مَسْجِدً فَلَمْ يَكُنْ عَبْدُ اللهِ بْنُ عُمَرَ يُصَلِّي فِي ذَلِكَ الْمَسْجِدِ كَانَ يَثْرُكُهُ عَنْ يَسَارِهِ وَوَرَاءَهُ وَيُصَلِّي أَمَامَهُ إِلَى الْعِرْقِ فَلَمْ يَكُنْ عَبْدُ اللهِ يَرُوحُ مِنْ الرَّوْحَاءِ فَلاَ يُصَلِّي الظَّهْرَ حَتَّى يَأْتِي ذَلِكَ الْمَكَانَ فَيُصَلِّي فِيهِ الظَّهْسِرَ وَإِذَا أَنْ مَنَّ بِهِ قَبْلَ الصَّبْحِ بِسَاعَةِ أَوْ مِنْ آخِرِ السَّحَرِ عَرَّسَ حَتَّى يُصَلِّي بِهَا الصَّبْحَ.

৪৮৬. আর ইব্নু 'উমার ( 'রাওহা'র শেষ মাথায় 'ইরক' (ছোট পাহাড়)-এর নিকট সলাত আদায় করতেন। সেই 'ইরক'-এর শেষ প্রান্ত হলো রান্তার পাশে মাসজিদের কাছাকাছি মাক্কাহ যাওয়ার পথে রাওহা ও মাক্কাহ্র মধ্যবর্তী স্থানে অবস্থিত। এখানে একটি মাসজিদ নির্মিত হয়েছে। 'আবদুল্লাহ ইব্নু 'উমার ( এই মাসজিদে সলাত আদায় করতেন না, বরং সেটাকে তিনি বামদিকে ও পেছনে ফেলে অগ্রসর হয়ে 'ইরক'-এর নিকটে সলাত আদায় করতেন। আর 'আবদুল্লাহ ( রাওহা হতে বেরিয়ে এ স্থানে পৌছার পূর্বে যুহ্রের সলাত আদায় করতেন না। সেখানে পৌছে যোহর আদায় করতেন। আর মাক্কাহ্ হতে আসার সময় এ পথে ভোরের এক ঘণ্টা পূর্বে বা শেষ রাতে আসলে সেখানে অবস্থান করে ফজরের সলাত আদায় করতেন। (আ.গ্র. ৪৬২ তৃতীয় অংশ, ই.ফা. ৪৬৮ তৃতীয় অংশ)

٤٨٧. وَأَنَّ عَبْدَ اللهِ حَدَّنَهُ أَنَّ النَّبِيَّ ﷺ كَانَ يَنْزِلُ تَحْتَ سَرْحَة ضَخْمَة دُونَ الرُّوَيْثَةِ عَنْ يَمِينِ الطَّرِيقِ وَوِجَاهَ الطَّرِيقِ فِي مَكَانَ بَطْحِ سَهْلٍ حَتَّى يُفْضِيَ مِنْ أَكَمَة دُوَيْنَ بَرِيدِ الرُّوَيَّثَةِ بِمِيلَيْنِ وَقَدَّ انْكَسَرَ أَعْلَاهَـــا فَانْنَنَى فِي حَوْفِهَا وَهِيَ قَائِمَةً عَلَى سَاقِ وَفِي سَاقِهَا كُثُبُّ كَثِيرَةً.

৪৮৭. 'আবদুল্লাহ ( ) আরো বর্ণনা করেন : নাবী ﴿ أَهُ 'রুওয়ায়ছা'র নিকটে রাস্তার ডানিদিকে রাস্তা সংলগ্ন প্রশস্ত সমতল ভূমিতে একটা বিরাট গাছের নীচে অবস্থান করতেন। অতঃপর তিনি 'রুওয়ায়ছা'র ডাকঘরের দু'মাইল দূরে ঢিলার পাশ দিয়ে রওয়ানা হতেন। বর্তমানে গাছটির উপরের অংশ ভেঙে গিয়ে মাঝখানে ঝুঁকে গেছে। গাছের কাণ্ড এখনো দাঁড়িয়ে আছে। আর তার আশেপাশে অনেকগুলো বালির স্তৃপ বিস্তৃত রয়েছে। (আ.গ্র. ৪৬২ চতুর্ব অংশ, ই.ফা. ৪৬৮ চতুর্ব অংশ)

٨٨٨. وَأَنَّ عَبْدَ اللهِ بْنَ عُمَرَ حَدَّتُهُ أَنَّ النَّبِيَّ ﷺ صَلَّى فِي طَرَف تَلْعَة مِنْ وَرَاءِ الْعَرْجِ وَأَثْتَ ذَاهِبٌّ إِلَى هَضَبَة عِنْدَ ذَلِكَ الْمَسْجَدِ قَبْرَانِ أَوْ تُلاَئَةٌ عَلَى الْقُبُورِ رَضَمٌ مِنْ حِجَارَة عُنْ يَمِينِ الطَّرِيقِ عِنْسَدَ سَلَمَاتِ الطَّرِيقِ بَيْنَ أُولَئِكَ السَّلَمَاتِ كَانَ عَبْدُ اللهِ يَرُوحُ مِنَ الْعَرْجِ بَعْدَ أَنْ تَمِيلَ الشَّمْسُ بِالْهَاجِرَةِ فَيُصَلِّي الظُّهِسِرَ فَي ذَلَكَ الْمَسْجَد.

৪৮৮. 'আবদুল্লাহ ইব্নু 'উমার ( ) আরো বর্ণনা করেছেন : 'আরজু' গ্রামের পরে পাহাড়ের দিকে যেতে যে উচ্চভূমি আছে, তার পাশে নাবী ক্রি সলাত আদায় করেছেন। এই মাসজিদের পাশে দু'তিনটি কবর আছে। এসব কবরে পাথরের বড় বড় খণ্ড পড়ে আছে। রাস্তার ডান পাশে গাছের নিকটেই তা অবস্থিত। দুপুরের পর সূর্য ঢলে পড়লে 'আবদুল্লাহ ( ) 'আর্জ'-এর দিক হতে এসে গাছের মধ্য দিয়ে যেতেন এবং ঐ মাসজিদে যুহ্রের সলাত আদায় করতেন। (আ.গ্র.৪৬২ পঞ্চম অংশ, ই.ফা. ৪৬৮ পঞ্চম অংশ)

٤٨٩. وَأَنَّ عَبْدَ اللهِ بْنَ عُمَرَ حَدَّثَهُ أَنَّ رَسُولَ اللهِ ﷺ نَزَلَ عِنْدَ سَرَحَاتِ عَنْ يَسَارِ الطَّرِيقِ فِي مَسِــيلٍ دُونَ هَرْشَى ذَلِكَ الْمَسِيلُ لَاصِقُ بِكُرَاعٍ هَرْشَى بَيْنَهُ وَبَيْنَ الطَّرِيقِ قَرِيبٌ مِنْ عَلْوَةٍ وكَانَ عَبْدُ اللهِ يُصَلِّي إِلَى سَرْحَةٍ هِيَ أَقْرَبُ السَّرَحَاتِ إِلَى الطَّرِيقِ وَهِيَ أَطْوَلُهُنَّ.

৪৮৯. 'আবদুল্লাহ ইব্নু 'উমার ( আরা বর্ণনা করেছেন যে, রসূলুল্লাহ ে সে রাস্তার বাঁ দিকে বিরাট গাছগুলোর নিকট অবতরণ করেন যা 'হারশা' পাহাড়ের নিকটবর্তী নিম্নভূমির দিকে চলে গেছে। সেই নিম্নভূমিটি 'হারশা'-এর এক প্রান্তের সাথে মিলিত। এখান হতে সাধারণ সড়কের দূরত্ব প্রায় এক তীর নিক্ষেপের পরিমাণ। 'আবদুল্লাহ ইব্নু 'উমার ( সেই গাছগুলোর মধ্যে একটির নিকট সলাত আদায় করতেন, যা ছিল রাস্তার নিকটে এবং সবচেয়ে উটু। (আ.প্র. ৪৬২ ষষ্ঠ অংশ, ই.ফা. ৪৬৮ ষষ্ঠ অংশ)

٥٣٥. طرثنا مُحَمَّدُ بْنُ بَشَّارِ قَالَ حَدَّنَنَا غُنْدَرٌ قَالَ حَدَّثَنَا شُعْبَةُ عَنِ الْمُهَاجِرِ أَبِي الْحَسَنِ سَمِعَ زَيْدَ بْنَ وَهْبِ عَنْ أَبِي ذَرِّ قَالَ أَذَّنَ مُؤَذِّنُ النَّبِيِّ ﷺ الظَّهْرَ فَقَالَ أَبْرِدْ أَبْرِدْ أَوْ قَالَ انْتَظِرْ انْتَظِرْ وَقَالَ شِدَّةُ الْحَرِّ مِنْ فَيْحٍ جُهَنَّمَ فَإِذَا اشْتَدَّ الْحَرُّ فَأَبْرِدُوا عَنْ الصَّلَاةِ حَتَّى رَأَيْنَا فَيْءَ التُّلُولِ.

৫৩৫. আবৃ যার হাত বর্ণিত। তিনি বলেন, আল্লাহর রসূল ক্রি-এর মুআয্যিন যুহরের আযান দিলে তিনি বললেনঃ ঠাণ্ডা হতে দাও, ঠাণ্ডা হতে দাও। অথবা তিনি বললেন, অপেক্ষা কর, অপেক্ষা কর। তিনি আরও বলেন, গরমের প্রচণ্ডতা জাহান্নামের নিঃশ্বাসের ফলেই সৃষ্টি হয়। কাজেই গরম যখন বেড়ে যায় তখন গরম কমলেই সলাত আদায় করবে। এমনকি (বিলম্ব করতে করতে বেলা এতটুকু গড়িয়ে গিয়েছিল যে) আমরা টিলাগুলোর ছায়া দেখতে পেলাম। (৫৩৯, ৬২৯, ৩২৫৮; মুসলিম ৫/৩২, হাঃ ৬১৬, আহমাদ ২১৪৩৪) (আ.প্র. ৫০৩, ই.ফা. ৫০৯)

٥٣٦. . حَدَّنَنَا عَلِيُّ بْنُ عَبْدِ اللهِ الْمَدِينِيُّ قَالَ حَدَّثَنَا سُفْيَانُ قَالَ حَفظْنَاهُ مِنْ الزُّهْرِيِّ عَنْ سَعِيدِ بُــنِ الْمُسَيَّبِ عَنْ أَبِي هُرَيْرَةً عَنِ النَّبِيِّ عَلَّا قَالَ إِذَا اشْنَدَّ الْحَرُّ فَأَبْرِدُوا بِالصَّلاَةِ فَإِنَّ شِدَّةَ الْحَرِّ مِنْ فَيْحِ جَهَنَّمَ.

৫৩৬. আবৃ হুরাইরাহ্ হাত বর্ণিত। নাবী হাত বলেছেন: যখন গরম বেড়ে যায় তখন তোমরা তা কমে এলে (যুহরের) সলাত আদায় করো। কেননা, গরমের প্রচণ্ডতা জাহান্নামের উত্তাপের অংশ। (৫৩৩) (জা.প্র. ৫০৪, ই.ফা. ৫১০)

٥٣٧. وَاشْتَكَتْ النَّارُ إِلَى رَبِّهَا فَقَالَتْ يَا رَبِّ أَكُلَ بَعْضِي بَعْضًا فَأَذِنَ لَهَا بِنَفَسَيْنِ نَفَسٍ فِي الشِّستَاءِ وَنَفَسٍ فِي الصَّيْفِ فَهُوَ أَشَدُّ مَا تَجِدُونَ مِنَ الْحَرِّ وَأَشَدُّ مَا تَجِدُونَ مِنْ الزَّمْهَرِيرِ.

৫৩৭. জাহান্নাম তার প্রতিপালকের নিকট এ বলে নালিশ করেছিলো, হে আমার প্রতিপালক! (দহনের প্রচণ্ডতায়) আমার এক অংশ আর এক অংশকে গ্রাস করে ফেলেছে। ফলে আল্লাহ্ তা'আলা ফর্মা- ১/২০

তাকে দু'টি শ্বাস ফেলার অনুমতি দিলেন, একটি শীতকালে আর একটি গ্রীম্মকালে। আর সে দু'টি হলো, তোমরা গ্রীম্মকালে যে প্রচণ্ড উত্তাপ এবং শীতকালে যে প্রচণ্ড ঠাণ্ডা অনুভব কর তাই। (৩২৬০; মুসনিম ৫/৩২, হাঃ ৬১৫, ৬১৭, আহমাদ ৭২৫১) (আ.প্র. ৫০৪ শেষাংশ, ই.ফা. ৫১০ শেষাংশ)

٥٣٨. صرثنا عُمَرُ بْنُ حَفْصِ بْنِ غِيَاتْ قَالَ حَدَّثَنَا أَبِي قَالَ حَدَّثَنَا الْأَعْمَشُ حَدَّثَنَا أَبُو صَالِحِ عَنْ أَبِي سَعِيد قَالَ وَدَّنَا الْأَعْمَشُ حَدَّثَنَا أَبُو صَالِحِ عَنْ أَبِي سَعِيد قَالَ وَاللهِ عَلَىٰ اللهِ عَلَىٰ أَبُرِدُوا بِالطَّهْرِ ۚ فَإِنَّ شِدَّةَ الْحَرِّ مِنْ فَيْحِ جَهَنَّمَ تَابَعَهُ سُفَيَانُ وَيَحْيَى وَأَبُو عَوَانَةَ عَنَ الْأَعْمَشِ.

৫৩৮. আবৃ সা'ঈদ ( হতে বর্ণিত। তিনি বলেন, আল্লাহর রস্ল ( বলেছেন: যুহরের সর্লাত গরম কমলে আদায় কর। কেননা, গরমের প্রচণ্ডতা জাহান্নামের উত্তাপ হতে। সুফইয়ান, ইয়াহ্ইয়া এবং আবৃ আওয়ানা (রহ.) আ'মাশ (রহ.) হতে অনুরূপ বর্ণনা করেছেন। (৩২৫৯) (আ.প্র. ৫০৫, ই.ফা. ৫১১)

# ٩/ ٠ ١ . بَابِ الْإِبْرَادُ بِالظُّهْرِ فِي السَّفَرِ.

৯/১০. অধ্যায় : সফরকালে গরম কমে গেলে যুহরের সলাত আদায়।

٥٣٩. صَرَتُنَا آدَمُ بْنُ أَبِي إِيَاسٍ قَالَ حَدَّثَنَا شُغْبَةُ قَالَ حَدَّثَنَا مُهَاجِرٌ أَبُو الْحَسَنِ مَوْلَى لَبَنِي تَيْمِ اللهِ قَالَ سَمِعْتُ زَيْدَ بْنَ وَهْبِ عَنْ أَبِي ذَرِّ الْغَفَارِيِّ قَالَ كُنَّا مَعَ النَّبِيِّ ﷺ فِي سَفَرٍ فَأَرَادَ الْمُؤذِّنُ أَنَ يُؤذِّنَ لَلظَّهُـــرِ فَقَالَ النَّبِيُ ﷺ إِنَّ شِدَّةَ الْطَهُــرِ فَقَالَ النَّبِيُ ﷺ إِنَّ شِدَّةَ الْحَرِّ مِنْ فَقَالَ النَّبِيُ ﷺ إِنَّ شِدَّةَ الْحَرِّ مِنْ فَيْح جَهَنَّمَ فَإِذَا اشْتَدَّ الْحَرُّ فَأَبْرِدُوا بِالصَّلاَةِ وَقَالَ ابْنُ عَبَّاسِ تَتَفَيَّأُ تَتَمَيَّلُ.

৫৩৯. আবৃ যার (২) হতে বর্ণিত। তিনি বলেন, এক সফরে আমরা আল্লাহর রস্ল এব সকে ছিলাম। এক সময় মুয়ায্যিন যুহরের আযান দিতে চেয়েছিল। তখন নাবী বললেন: গরম কমতে দাও। কিছুক্ষণ পর আবার মুয়ায্যিন আযান দিতে চাইলে নাবী (পুনরায়) বললেন: গরম কমতে দাও। এভাবে তিনি (সালাত আদায়ে) এতো বিলম্ব করলেন যে, আমরা টিলাগুলো ছায়া দেখতে পেলাম। অতঃপর নাবী বললেন: গরমের প্রচণ্ডতা জাহান্নামের উত্তাপ হতে। কাজেই গরম প্রচণ্ড হলে উত্তাপ ক্মার পর সলাত আদায় করো। ইব্নু 'আব্বাস (২) বলেন, কুরআনে ৪ (১০) (আ.শ্র. ৫০৬, ই.লা. ৫১২)

۱۱/۹ . بَابِ وَقْتُ الظُّهْرِ عِنْدَ الزَّوَالِ هـ/۵. अथाग्न : यूर्दात সমग्न रग्न पृष्ट जल পড़ात পत्न ا

<sup>\*</sup> আরবের মক্ষ এলাকায় উত্তপ্ত বালু ও মক্ষ ঝড়ের কারণে সেখানে প্রচণ্ড গরম দেখা দিত। তাই কখনও কখনও যুহরের সলাত কিছুটা বিশবে আদায় করতেন। কিছু আমাদের দেশের আবহাওয়া নাতিশীতোক্ষ, তুলনামূলকভাবে ঠাণ্ডা। তাই এখানে সব সময় আওয়াল ওয়ান্ডে সলাত আদায়ে কোন প্রতিবদ্ধকতা নেই। তবে অতীব গরমের সময় কিছুটা বিলম্ব করে যুহরের সালাত আদায় করাই সূন্লাত। কিছু অতীব দুরখের কথা কি অতি গরম কি ঠাণ্ডা আমাদের দেশের বেশীর ভাগ মাসজিদে আওয়াল ওয়ান্ড বাদ দিয়ে সব সময় ওয়ান্ড হয়ে যাবার অনেক পরে সলাত আদায় করে আওয়াল ওয়ান্ডের সওয়াব থেকে বঞ্চিত হন।

# وَقَالَ حَابِرٌ كَانَ النَّبِيُّ ﴿ يُصَلِّي بِالْهَاحِرَةِ.

#### জাবির 🚍 বলেন, দুপুরে নাবী 즞 সলাত আদায় করতেন।

৫৪০. আনাস ইব্নু মালিক হাতে বর্ণিত। তিনি বলেন, একদা সূর্য ঢলে পড়লে আল্লাহর রস্ল বেরিয়ে এলেন এবং যুহরের সলাত আদায় করলেন। অতঃপর মিম্বারে দাঁড়িয়ে কিয়ামত সম্বন্ধে আলোচনা করেন এবং বলেন যে, কি্য়ামাতে বহু ভয়ানক ঘটনা ঘটবে। অতঃপর তিনি বলেন, আমাকে কেউ কোনো বিষয়ে প্রশ্ন করতে চাইলে করতে পারে। আমি যতক্ষণ এ বৈঠকে আছি, এর মধ্যে তোমরা আমাকে যা কিছু জিজ্ঞেস করবে আমি তা জানিয়ে দিবো। এ শুনে লোকেরা খুব কাঁদতে শুরু করলো। আর তিনি বারবার বলতে থাকলেন: আমাকে প্রশ্ন কর, আমাকে প্রশ্ন কর। এ সময় 'আবদুল্লাহ্ ইব্নু হ্যাফা সাহমী ক্রি দাঁড়িয়ে জিজ্ঞেস করলেন, আমার পিতা কে? আল্লাহর রস্ল বললেন, তোমার পিতা 'হ্যাফা'। অতঃপর তিনি অনেকবার বললেন: আমাকে প্রশ্ন কর। তখন 'উমার ক্রি নতজানু হয়ে বসে বললেন, "আমরা আল্লাহ্কে প্রতিপালক হিসেবে, ইসলামকে দীন হিসেবে এবং মুহাম্মাদ ক্রি-কে নাবী হিসেবে গ্রহণ করে সভুষ্ট। অতঃপর নাবী ক্রি নীরব থাকলেন। কিছুক্ষণ পর বললেন: এক্ষ্ণি এ দেওয়ালের পাশে জানাত ও জাহানাম আমার সামনে তুলে ধরা হয়েছিল; এতো উত্তম ও এতো নিকৃষ্টের মতো কিছু আমি আর দেখিনি। (৯৩) (আ.প্র. ৫০৭, ই.লা. ৫১৩)

٥٤١. صرتنا حَفْصُ بْنُ عُمَرَ قَالَ حَدَّنَنَا شُعْبَةُ حَدَّنَنَا أَبُو الْمِنْهَالِ عَنْ أَبِي بَرْزَةَ كَانَ النَّبِيُّ اللَّهُ يُصَلِّي الطُّهُرَ إِذَا زَالَتْ الشَّمْسُ وَالْعَصْرَ الصَّبُحَ وَأَحَدُنَا يَعْرِفُ جَلِيسَهُ وَيَقْرَأُ فِيهَا مَا بَيْنَ السَّتِينَ إِلَى الْمَائَةَ وَيُصَلِّي الظُّهْرَ إِذَا زَالَتْ الشَّمْسُ وَالْعَصْرَ وَأَحَدُنَا يَذْهَبُ إِلَى أَقْصَى الْمَدينَةِ رَجَعَ وَالشَّمْسُ حَيَّةٌ وَنَسيتُ مَا قَالَ فِي الْمَغْرِبِ وَلاَ يُبَالِي بِتَأْخِيرِ الْعِشَاءِ إِلَى تُلْتُلِ وَقَالَ مُعَاذً قَالَ شُعْبَةُ لَقِيتُهُ مَرَّةً فَقَالَ أَوْ ثُلُثِ اللَّيْلِ.

৫৪১. আবৃ বার্যাই ( হতে বর্ণিত। তিনি বলেন, নাবী হ এমন সময় ফাজ্রের সলাত আদায় করতেন, যখন আমাদের একজন তার পার্শ্ববর্তী অপরজনকে চিনতে পারতো। আর এ সলাতে তিনি ষাট হতে একশ' আয়াত তিলাওয়াত করতেন এবং যুহরের সলাত আদায় করতেন যখন সূর্য পশ্চিম দিকে ঢলে পড়তো। তিনি 'আসরের সলাত আদায় করতেন এমন সময় যে, আমাদের কেউ মাদীনাহ্র শেষ প্রান্তে পৌছে আবার ফিরে আসতে পারতো, তখনও সূর্য সতেজ থাকতো। রাবী বলেন, মাগরিব সম্পর্কে তিনি

[আবৃ বারযা ( ক) কী বলেছিলেন, আমি তা ভুলে গেছি। আর 'ইশার সলাত রাতের এক-তৃতীয়াংশ পর্যন্ত পিছিয়ে নিতে তিনি কোনোরূপ দ্বিধাবোধ করতেন না। অতঃপর রাবী বলেন, রাতের অর্ধাংশ পর্যন্ত পিছিয়ে নিতে অসুবিধা বোধ করতেন না। আর মু'আয (রহ.) বর্ণনা করেন যে, ভ'বাহ (রহ.) বলেছেন, পরে আবু মিনহাল (রহ.)-এর সঙ্গে সাক্ষাৎ হয়েছিল, সে সময় তিনি বলেছেন, রাতের এক-তৃতীয়াংশ পর্যন্ত বিলম্ব করতে অসুবিধা বোধ করতেন না। (৫৪৭, ৫৬৮, ৫৯৯, ৭৭১; মুসলিম ৪/৩৫, হাঃ ৪৬১, আহমাদ ১৯৭৮৫) (আ.প্র. ৫০৮, ই.ফা. ৫১৪)

٥٤٢. **حَرَثُنَا** مُحَمَّدٌ يَعْنِي ابْنَ مُقَاتِلٍ قَالَ أَخْبَرَنَا عَبْدُ اللهِ قَالَ أَخْبَرَنَا خَالدُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ حَــدَّثَنِي غَالبُّ الْقَطَّانُ عَنْ بَكْرِ بْنِ عَبْدِ اللهِ الْمُزَنِيِّ عَنْ أَنسِ بْنِ مَالِكٍ قَالَ كُنَّا إِذَا صَلَّيْنَا خَلَــفَ رَسُــولِ اللهِ ﷺ بالظَّهَائر فَسَجَدْنَا عَلَى ثَيَابِنَا اتَّقَاءَ الْحَرِّ.

৫৪২. আনাস ইব্নু মালিক ( হতে বর্ণিত। তিনি বলেন, আমরা যখন আল্লাহর রস্ল ক্রি-এর পিছনে গরমের সময় সলাত আদায় করতাম, তখন তাপ হতে রক্ষা পাবার জন্য কাপড়ের উপর সাজদাহ করতাম। (৩৮৫) (আ.প্র. ৫০৯, ই.ফা. ৫১৫)

# ١٢/٩. بَابِ تَأْخِيرِ الظَّهْرِ إِلَى الْعَصْرِ.

৯/১২. অধ্যায় : যুহরের সলাত 'আসরের ওয়াক্তের পূর্ব পর্যন্ত বিলম্ব করা।

٥٤٣. **حَرَثُنَا** أَبُو التُّعْمَانِ قَالَ حَدَّثَنَا حَمَّادُّ هُوَ ابْنُ زَيْدَ عَنْ عَمْرِو بْنِ دِينَارِ عَنْ جَابِرِ بْنِ زَيْدَ عَنْ ابْنِ عَبَّاسٍ أَنَّ النَّبِيَّ ﷺ صَلَّى بِالْمَدِينَةِ سَبَعًا وَتَمَانِيًا الظُّهْرَ وَالْعَصَّرَ وَالْمَغْرِبَ وَالْعِشَاءَ فَقَالَ أَيُّوبُ لَعَلَّهُ فِي لَيْلَةٍ مَطِيرَة قَالَ عَسَى.

৫৪৩. ইব্নু 'আব্বাস ( হে) হতে বর্ণিত। তিনি বলেন, আল্লাহর রসূল ক্রি মাদীনাহ্য অবস্থানঁকালে (একবার) যুহর ও 'আসরের আট রাক'আত এবং মাগরিব ও 'ইশার সাত রাক'আত একত্রে মিলিত আদায় করেন। আইয়্ব (রহ.) বলেন, সম্ভবত এটা বৃষ্টির রাতে হয়েছিল। জাবির (রহ.) বললেন, সম্ভবত তাই। (৫৬২, ১১৭৪) (আ.শ্র. ৫১০, ই.ফা. ৫১৬)

#### . ١٣/٩ . بَابِ وَقْتُ الْعَصْرِ . ١٣/٩ ৯/১৩. অধ্যায় : 'আসরের ওয়াক্ত ।

٥٤٤. **طرثنا** إِبْرَاهِيمُ بْنُ الْمُنْذِرِ قَالَ حَدَّثَنَا أَنَسُ بْنُ عِيَاضٍ عَنْ هِشَامٍ عَنْ أَبِيهِ أَنَّ عَائِشَةَ قَالَـــتُ كَانَ رَسُولُ اللهِ ﷺ يُصَلِّي الْعَصْرَ وَالشَّمْسُ لَمْ تَخْرُجُ مِنْ حُجْرَتِهَا وَقَالَ أَبُو أُسَامَةً عَنْ هِشَامٍ مِنْ قَعْرِ حُجْرَتِهَا.

<sup>ঁ</sup> ঝড় বৃষ্টি কিংবা শংকা থাকলে যুহর-'আসর এবং মাগরিব-'ইশা সলাতকে একসাথে পরপর আদায় করা জায়িয়। সফর অবস্থাতেও যুহর ও 'আসর কুসর করে যুহরের ওয়াক্তে কিংবা 'আসরের ওয়াক্তে আদায় করা জায়িয়। অনুরূপ অবস্থায় মাগরিবের তিন রাক'আত ও পরক্ষণেই 'ইশার দু'রাক'আত একসঙ্গে আদায় করা সুন্নাত।

৫৪৪. 'আয়িশাহ হ্রিক্স হতে বর্ণিত। তিনি বলেন, আল্লাহর রসূল হ্রিক্স এমন সময় 'আসরের সলাত আদায় করতেন যে, তখনো সূর্যরশ্মি ঘরের বাইরে যায়নি। (৫২২) (আ.প্র. ৫১১, ই.ফা. ৫১৭)

٥٤٥. صر ثنا قُتَيْبَةُ قَالَ حَدَّنَنَا اللَّيْثُ عَنْ ابْنِ شِهَابِ عَنْ عُرْوَةً عَنْ عَائِشَةَ أَنَّ رَسُولَ اللهِ عَنْ عَرْوَةً عَنْ عَائِشَةَ أَنَّ رَسُولَ اللهِ عَنْ عَرَدَةً الْعَصْرَ وَالشَّمْسُ فِي خُجْرَتَهَا لَمْ يَظْهَرْ الْفَيْءُ مِنْ خُجْرَتِهَا.

৫৪৫. 'আয়িশাহ ক্রিব্রা হতে বর্ণিত। তিনি বলেন, আল্লাহর রসূল ক্রিব্রু এমন সময় 'আসরের সলাত আদায় করেছেন যে, সূর্যরশ্মি তখনো তাঁর ঘরের মধ্যে ছিল, আর ছায়া তখনো তাঁর ঘর হতে বেরিয়ে পড়েনি। (৫২২) (আ.প্র. ৫১২, ই.ফা. ৫১৮)

٥٤٦. **صَرَمُنَا** أَبُو نُعَيْمٍ قَالَ أَخْبَرَنَا ابْنُ عُيَيْنَةَ عَنْ الزُّهْرِيِّ عَنْ عُرْوَةَ عَنْ عَائِشَةَ قَالَتْ كَانَ النَّبِسِيُّ ﷺ وَمُكَانِّ وَعُنَا الْبُسِيُّ اللَّهِ وَهُنَا اللَّهُ وَيَحْنَى بْنُ سَعِيدٍ وَشُعَيْبٌ يُصَلِّي صَلاَةَ الْعَصْرِ وَالشَّمْسُ قَبْلَ أَنْ تَظْهَرَ.

৫৪৬. 'আয়িশাই ক্রিল্লী হতে বর্ণিত। তিনি বলেন, নাবী ক্রিল্র 'আসরের সলাত আদায় করতেন, আর সূর্যকিরণ তখনো আমার ঘরে থাকতো। সলাত আদায় করার পরও ছায়া (ঘরে) দৃষ্টিগোচর হতো না। আবু 'আবদুল্লাহ্ [ইমাম বুখারী (রহ.)] বলেন, ইমাম মালিক, ইয়াহ্ইয়া ইব্নু সা'ঈদ, শুআইব ও ইব্নু আবৃ হাফস্ (রহ.) উক্ত সনদে এ হাদীসটির বর্ণনায়, 'সূর্যরিশ্মি আমার ঘরের ভিতরে থাকতো, ঘরের মেঝেতে ছায়া নেমে আসেনি' এমন বলেছেন। (৫২২) (আ.শ্র. ৫১৬, ই.ফা. ৫১৯)

٥٤٧. طرشا مُحَمَّدُ بْنُ مُقَاتِلِ قَالَ أَخْبَرَنَا عَبْدُ اللهِ قَالَ أَخْبَرَنَا عَوْفَ عَنْ سَيَّارِ بْنِ سَلاَمَةَ قَالَ دَخَلْتُ أَنَا وَأَبِي عَلَى أَبِي بَرْزَةَ الْأَسْلَمِي فَقَالَ لَهُ أَبِي كَيْفَ كَانَ رَسُولُ اللهِ وَلِمَّا يُصَلِّي الْمَكْتُوبَةَ فَقَالَ كَانَ يُصَلِّي الْهَجِيرَ الَّتِي تَدْعُونَهَا الْأُولَى حَينَ تَدْحَضُ الشَّمْسُ وَيُصَلِّي الْعَصْرَ ثُمَّ يَرْجِعُ أَحَدُنَا إِلَى رَحْلِهِ فِي أَقْصَى الْهَجِيرَ الْتِي تَدْعُونَهَا الْأُولَى حَينَ تَدْحَضُ الشَّمْسُ وَيُصَلِّي الْعَصْرَ ثُمَّ يَرْجِعُ أَحَدُنَا إِلَى رَحْلِهِ فِي أَقْصَى الْهَجِيرَ الْتِي تَدْعُونَهَا الْعَنَمَةُ وَالشَّمْسُ حَيَّةً وَنَسِيتُ مَا قَالَ فِي الْمَغْرِبِ وَكَانَ يَسْتَحِبُ أَنْ يُوَخِرَ الْعِشَاءَ الَّتِي تَدَعُونَهَا الْعَتَمَةُ وَيَقُولُهُ الْمُعْرِبُ وَكَانَ يَشْفَيلُ مِنْ صَلاَةً الْغَدَاةِ حِينَ يَعْرِفُ الرَّجُلُ جَلِيسَهُ وَيَقُولَ اللهِ السَّيْنَ إِلَى الْمَاتَة.

৫৪৭. সায়্যার ইব্নু সালামাহ হতে বর্ণিত। তিনি বলেন, একদা আমি ও আমার পিতা আবৃ বার্যা আসলামী এ এর নিকট গেলাম। আমার পিতা তাঁকে জিজ্ঞেস করলেন, আল্লাহর রস্ল কার্য সলাতসমূহ কীভাবে আদায় করতেন? তিনি বললেন, আল-হাজীর, যাকে তোমরা আল-উলা বা যুহর বলে থাকো, তা তিনি আদায় করতেন যখন সূর্য পশ্চিম আকাশে ঢলে পড়তো। আর আসরের সলাত এমন সময় আদায় করতেন যে, অতঃপর আমাদের কেউ মাদীনার শেষ প্রান্তে তার ঘরে ফিরে যেতো আর সূর্য তখনও সতেজ থাকতো। মাগরিব সম্পর্কে তিনি কী বলেছিলেন তা আমি ভূলে গেছি। আর 'ইশার সলাত যাকে তোমরা 'আতামা' বলে থাকো, তা তিনি বিলম্বে আদায় করা পছন্দ করতেন।

আর তিনি 'ইশার সলাতের পূর্বে নিদ্রা যাওয়া এবং পরে কথাবার্তা বলা অপছন্দ করতেন। তিনি ফাজরের সলাত এমন সময় সমাপ্ত করতেন যখন প্রত্যেকে তার পার্শ্ববর্তী ব্যক্তিকে চিনতে পারতো। এ সলাতে তিনি ষাট হতে একশ' আয়াত তিলাওয়াত করতেন। (৫৪১) (আ.প্র. ৫১৪, ই.ফা. ৫২০)

٥٤٨. صَرَتُنَا عَبْدُ اللهِ بْنُ مَسْلَمَةَ عَنْ مَالِكِ عَنْ إِسْحَاقَ بْنِ عَبْدِ اللهِ بْنِ أَبِي طَلْحَةَ عَنْ أَنسِ بْنِ مَالِكِ قَالَ كُنَّا نُصَلِّي الْعَصْرَ ثُمَّ يَخْرُجُ الْإِنْسَانُ إِلَى بَنِي عَمْرِو بْنِ عَوْفٍ فَنَحِدُهُمْ يُصَلُّونَ الْعَصْرَ.

৫৪৮. আনাস ইব্নু মালিক ( হেন্ত) হতে বর্ণিত। তিনি বলেন, আমরা আল্লাহর রস্ল ক্রি-এর সাথে 'আসরের সলাত আদায় করতাম। সলাতের পর লোকেরা 'আমর ইব্নু আওফ গোত্রের মহল্লায় গিয়ে তাদেরকে সলাত আদায় করা অবস্থায় পেতো। \* (৫৫০, ৫৫১, ৭৩২৯) (আ.প্র. ৫১৫, ই.খা. ৫২১)

٥٤٩. صَرَتُنَا ابْنُ مُقَاتِلٍ قَالَ أَخْبَرَنَا عَبْدُ اللهِ قَالَ أَخْبَرَنَا أَبُو بَكْرِ بْنُ عُثْمَانَ بْنِ سَهْلِ بْنِ حُنَيْف قَـــالَ سَمِعْتُ أَبَا أُمَامَةَ بْنَ سَهْلٍ يَقُولُ صَلَّيْنَا مَعَ عُمَرَ بْنِ عَبْدِ الْعَزِيزِ الظَّهْرَ ثُمَّ خَرَجْنَا حَتَّى دَخَلْنَا عَلَى أَنْسِ بْنِ مَالِكُ فَوَجَدْنَاهُ يُصَلِّي الْعَصْرُ وَهَذِهِ صَلَاةً رَسُــولِ اللهِ مَا لَكُ فَوَجَدْنَاهُ يُصَلِّي الْعَصْرُ وَهَذِهِ صَلَاةً رَسُــولِ اللهِ اللهِ اللهِ كُنَّا نُصَلِّي مَعَهُ.

৫৪৯. আবৃ উমামাহ হাতে বর্ণিত। তিনি বলেন, একবার আমরা 'উমার ইব্নু আবদুল আযীয (রহ.)-এর সঙ্গে যুহরের সলাত আদায় করলাম। অতঃপর সেখান হতে বেরিয়ে আনাস ইব্নু মালিক হাত এর নিকট গেলাম। আমরা গিয়ে তাঁকে 'আসরের সলাত আদায়ে রত পেলাম। আমি তাঁকে বললাম চাচা! এ কোন্ সলাত যা আপনি আদায় করলেন? তিনি বললেন, 'আসরের সলাত আর এ হলো আল্লাহর রসূল এর সলাত, যা আমরা তাঁর সাথে আদায় করতাম। (মুসলিম ৫/৩৪, হাঃ ৬২৩) (আ.ল. ৫১৬, ই.ফা. ৫২২)

٥٥. حارثنا أَبُو الْيَمَانِ قَالَ أَخْبَرَنَا شُعَيْبٌ عَنْ الزُّهْرِيِّ قَالَ حَدَّنَنِي أَنَسُ بْنُ مَالِكُ قَالَ كَانَ رَسُولُ اللهِ عَلَيْ يَصَلِّي الْعَصْرَ وَالشَّمْسُ مُرْتَفِعَةٌ حَيَّةٌ فَيَذْهَبُ الذَّاهِبُ إِلَى الْعَوَالِي فَيَأْتِيهِمْ وَالشَّمْسُ مُرْتَفِعَةٌ وَبَعْضُ الْفَوَالِي مِنَ الْمَدينَة عَلَى أَرْبَعَة أَمْيَال أَوْ نَحْوه.

৫৫০. আনাস ইব্নু মালিক হাতে বর্ণিত। তিনি বর্লেন, আঁল্লাহর রস্ল ক্রি 'আসরের সঁলাত আদায় করতেন, আর সূর্য তখনও যথেষ্ট উপরে উজ্জ্বল অবস্থায় বিরাজমান থাকতো। সলাতের পর কোনো গমনকারী 'আওয়ালী'র দিকে রওয়ানা হয়ে তাদের নিকট পৌছে যেতো, আর তখনও সূর্য উপরে থাকতো। আওয়ালীর কোন কোন অংশ ছিল মাদীনাহ হতে চার মাইল বা তার কাছাকাছি দূরত্বে। (৫৪৮) (আ.গ্র. ৫১৮, ই.সা. ৫২৪)

<sup>ঁ</sup> আধুনিক প্রকাশনীর ৫১৫ নং হাদীসের টীকায় কি একথা বুঝাতে চেয়েছেন যে, তারা 'আসরের সলাভ দেরী করে আদায় করতেন বলেই আমাদের দেশে 'আসরের সলাভ দেরীতে আদায় করা হয়। অথচ এটা উত্তম সময় ছিল না। কারণ উত্তম সময় হল দু'মাইল হাঁটার পূর্বে আদায়কৃত সলাভের সময়। আর 'আসরের সলাভেও ওয়াক্ত সূর্যান্তের পূর্ব পর্যন্ত বহাল থাকে, তাই বলে তা উত্তম সময় নয়।

٥٥١. **طَرْتُنَا** عَبْدُ اللهِ بْنُ يُوسُفَ قَالَ أَخْبَرَنَا مَالِكُ عَنْ ابْنِ شِهَابٍ عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ قَالَ كُنَّا نُصَلِّي الْعَصْرَ ثُمَّ يَذْهَبُ الذَّاهِبُ مِنَّا إِلَى قُبَاءِ فَيَأْتِيهِمْ وَالشَّمْسُ مُرْتَفِعَةً.

৫৫১. আনাস ইব্নু মালিক হাত বর্ণিত। তিনি বলেন, আমরা 'আসরের সলাত আদায় করতাম, অতঃপর আমাদের কোনো গমনকারী কুবার দিকে যেতো এবং সূর্য যথেষ্ট উপরে থাকতেই সে তাদের নিকট পৌছে যেতো। (৫৪৮; মুসলিম ৫/৩৪, হাঃ ৬২১, আহমাদ ১২৬৪৪) (আ.গ্র. ৫১৭, ই.ফা. ৫২৩)

# ٩ / ١٤ . بَابِ إِثْمُ مَنْ فَاتَتْهُ الْعَصْرُ.

#### ৯/১৪. অধ্যায় : যে ব্যক্তির 'আসরের সশাত ছুটে গেল ভার গুনাহ।

٥٥٢. صَرَتُنَا عَبْدُ اللهِ بْنُ يُوسُفَ قَالَ أَخْبَرَنَا مَالِكُ عَنْ نَافِعٍ عَنْ عَبْدِ اللهِ بْنِ عُمَرَ أَنَّ رَسُـــولَ اللهِ ﷺ قَالَ الَّذِي تَفُوتُهُ صَلاَةُ الْعَصْرِ كَأَنَّمَا وُترَ أَهْلَهُ وَمَالَهُ

قَالَ أَبُو عَبْد اللهِ يَتِرَكُمْ وَتَرْتُ الرَّحُلَ إِذَا قَتَلْتَ لَهُ قَتِيلًا أَوْ أَخَذْتَ لَهُ مَالاً.

৫৫২. 'আবদুল্লাহ্ ইব্নু 'উমার হৈছে বর্ণিত। আল্লাহর রস্ল ক্রিবারে বলছেন : যদি কোন ব্যক্তির 'আসরের সলাত ছুটে যায়, তাহলে যেন তার পরিবার-পরিজন ও মাল-সম্পদ সব কিছুই ধ্বংস হয়ে গেল। আবৃ 'আবদুল্লাহ্ (ইমাম বুখারী (রহ.) বলেন, (আরবী পরিভাষায়) يَتْرَكُمُ وَتَسْرُتُ الرَّجُسِلُ বাক্যটি ব্যবহার করা হয় যখন কেউ কাউকে হত্যা করে অথবা মাল-সম্পদ ছিনিয়ে নেয়। (মুসলিম ৫/৩৫, হাঃ ৬২৬, আহমাদ ৫৭৮৪) (আ.গ্র. ৫১৯, ই.লা. ৫২৫)

### ١٥/٩. بَابِ مَنْ تَرَكَ الْعَصْرَ.

#### ৯/১৫. অধ্যায় : যে ব্যক্তি 'আসরের সলাত ছেড়ে দিলো তার গুনাহ।

٥٥٣. **طَرْمُنَا** مُسْلِمُ بْنُ إِبْرَاهِيمَ قَالَ حَدَّثَنَا هِشَامٌ قَالَ حَدَّثَنَا يَحْيَى بْنُ أَبِي كَثِيرِ عَنْ أَبِي قِلَابَةَ عَنْ أَبِي الْمَلِيحِ قَالَ كُنَّا مَعُ بُرَيْدَةً فِي غَزُوَةٍ فِي يَوْمٍ ذِي غَيْمٍ فَقَالَ بَكِّرُوا بِصَلاَةِ الْعَصْرِ فَإِنَّ النَّبِيُّ فَلَى قَالَ مَنْ تَرَكَ صَلاَةً الْعَصْرِ فَإِنَّ النَّبِيُّ فَقَالَ مَنْ تَرَكَ صَلاَةً الْعَصْرِ فَقَدْ حَبطَ عَمَلُهُ.

৫৫৩. আবৃ মালীহ্ হতে বর্ণিত। তিনি বলেন, এক যুদ্ধে আমরা বুরাইদা এর সঙ্গে ছিলাম। দিনটি ছিলো মেঘলা। তাই বুরাইদাহ ( বলেন, শীঘ্র 'আসরের সলাত আদায় করে নাও। কারণ নাবী হ বলেছেন: যে ব্যক্তি 'আসরের সলাত ছেড়ে দেয় তার 'আমাল বিনষ্ট হয়ে যায়। (৫৯৪) (আ.শ্র. ৫২০, ই.মা. ৫২৬)

١٦/٩. بَابِ فَضْلُ صَلاَةِ الْعَصْرِ.

৯/১৬. অধ্যায় : 'আসরের সলাতের মর্যাদা।

٥٥٤. صرتنا الحُميَديُّ قَالَ حَدَّنَنَا مَرُوانُ بَنُ مُعَاوِيَةً قَالَ حَدَّنَنَا إِسْمَاعِيلُ عَنْ قَيْسٍ عَنْ جَرِيرِ بَنِ عَبْدِ اللهِ قَالَ كُنَّا عِنْدَ النَّبِيِّ عَلَيْ فَنَظَرَ إِلَى الْقَمَرِ لَيْلَةً يَعْنِي الْبَدْرَ فَقَالَ إِنَّكُمْ سَتَرَوْنَ رَبَّكُمْ كَمَا تَرَوْنَ هَذَا الْقَمَرَ لَيْلَةً يَعْنِي الْبَدْرَ فَقَالَ إِنَّكُمْ سَتَرَوْنَ رَبَّكُمْ كَمَا تَرَوْنَ هَذَا الْقَمَرَ لَا تُعْلَوا أَلَى اللهُ عَلَى صَلاَةً قَبْلَ طُلُوعِ الشَّمْسِ وَقَبْلَ غُرُوبِهَا فَا الْقَعْلُوا أَسَمَّ فَيْ رُوْيَتِهِ فَإِنْ اسْتَطَعْتُمْ أَنْ لاَ تُعْلَبُوا عَلَى صَلاَةً قَبْلَ طُلُوعِ الشَّمْسِ وَقَبْلَ الْعُرُوبِ اللهُ قَالَ إِسْمَاعِيلُ افْعَلُوا لاَ تَفُوتَنَّكُمْ.

৫৫৪. জারীর ইব্নু 'আবদুল্লাহ্ ( হতে বর্ণিত। তিনি বলেন, একদা আমরা নাবী এর নিকট উপস্থিত ছিলাম। তিনি রাতে (পূর্ণিমার) চাঁদের দিকে তাকিয়ে বললেন : ঐ চাঁদকে তোমরা যেমন দেখছ, ঠিক তেমনি অচিরেই তোমাদের প্রতিপালককে তোমরা দেখতে পাবে। তাঁকে দেখতে তোমরা কোন ভীড়ের সম্মুখীন হবে না। কাজেই সূর্য উদয়ের এবং অন্ত যাওয়ার পূর্বের সলাত (শয়তানের প্রভাবমুক্ত হয়ে) আদায় করতে পারলে তোমরা তাই করবে। অতঃপর তিনি নিম্নোক্ত আয়াত পাঠ করলেন, "কাজেই তোমার প্রতিপালকের প্রশংসার তাসবীহ্ পাঠ কর সূর্যোদয়ের পূর্বে ও সূর্যান্তের পূর্বে"— (স্রাহ্ ক্লাফ ৫০/৩৯)। ইসমাঈল (রহ.) বলেন, এর অর্থ হল— এমনভাবে আদায় করার চেষ্টা করবে যেন কখনো ছুটে না যায়। (৫৭৩, ৪৮৫১, ৭৪৩৪, ৭৪৩৫, ৭৪৩৬; মুসলিম ৫/৩৬, হাঃ ৬৩৩, আহমাদ ১৯২১১) (আ.প্র. ৫২১, ই.ফা. ৫২৭)

٥٥٥. حارثنا عَبْدُ الله بَنُ يُوسُفَ قَالَ حَدَّنَنَا مَالِكُ عَنْ أَبِي الزِّنَادِ عَنِ الْأَعْرَجِ عَنْ أَبِسِي هُرَيْسَرَةَ أَنَّ رَسُولَ الله عَنْ قَالَ يَتَعَاقَبُونَ فِي صَلَاةِ الْفَجْرِ وَصَلاَةِ الْعَصْرِ رَسُولَ الله عَنْ قَالَ يَتَعَاقَبُونَ فِي صَلاَةِ الْفَجْرِ وَصَلاَةِ الْعَصْرِ رَسُولَ الله عَنْ قَالُ يَتَعَاقَبُونَ فِي صَلاَةً الْفَجْرِ وَصَلاَةٍ الْعَصْرِ ثُمَّ يَعْرُجُ الَّذِينَ بَاتُوا فِيكُمْ فَيَسْأَلُهُمْ وَهُو أَعْلَمُ بِهِمْ كَيْفَ تَرَكْتُمْ عِبَادِي فَيَقُولُونَ تَرَكْنَاهُمْ وَهُمْ يُصَلُّونَ وَأَعْلَمُ بِهِمْ كَيْفَ تَرَكْتُمْ عِبَادِي فَيَقُولُونَ تَرَكْنَاهُمْ وَهُمْ يُصَلُّونَ وَاللهُ عَنْ اللهُ اللهُ اللهُ عَلَيْهُ وَاللّهُ عَلَيْ اللهُ اللهُ

৫৫৫. আবৃ হুরাইরাই ( হেল হতে বর্ণিত। আল্লাহর রসূল হেল বলেছেন : মালাকগণ পালা বদল করে তোমাদের মাঝে আগমন করেন; একদল দিনে, একদল রাতে। 'আসর ও ফাজ্রের সলাতে উভয় দল একত্র হন। অতঃপর তোমাদের মাঝে রাত যাপনকারী দলটি উঠে যান। তখন তাদের প্রতিপালক তাদের জিজ্ঞেস করেন, আমার বান্দাদের কোন্ অবস্থায় রেখে আসলে? অবশ্য তিনি নিজেই তাদের ব্যাপারে সর্বাধিক অবত। উত্তরে তাঁরা বলেন, আমরা তাদের সলাতে রেখে এসেছি, আর আমরা যখন তাদের নিকট গিয়েছিলাম তখনও তারা সলাত আদায়রত অবস্থায় ছিলেন। (৩২২৩, ৭৪২৯, ৭৪৮৬; মুসলিম ৫/৩৬, হাঃ ৬৩২, আহমাদ ১০৩১৩) (আ.প্র. ৫২২, ই.ফা. ৫২৮)

١٧/٩. بَابِ مَنْ أَدْرَكَ رَكْعَةً مِنَ الْعَصْرِ قَبْلَ الْغُرُوبِ.

৯/১৭. অধ্যায় : সূর্যান্তের পূর্বে যে ব্যক্তি "আসরের এক রাক'আত পেল।

٥٥٦. صرثنا أَبُو نُعَيْمٍ قَالَ حَدَّنَنَا شَيْبَانُ عَنْ يَحْيَى بْنِ أَبِي كَثِيرِ عَنْ أَبِي سَلَمَةَ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ قَالَ رَسُولُ اللهِ ﷺ إِذَا أَدْرَكَ أَحَدُكُمْ سَجْدَةً مِنْ صَلاَةِ الْعَصْرِ قَبْلَ أَنْ تَغُرُّبَ الشَّمْسُ فَلَيْتِمَّ صَلاَتَهُ وَإِذَا أَدْرَكَ سَجْدَةً مِنْ صَلاَةٍ الصَّبْحِ قَبْلَ أَنْ تَطْلُعَ الشَّمْسُ فَلَيْتِمَّ صَلاَتَهُ.

৫৫৬. আবৃ হুরাইরাহ্ হতে বর্ণিত। তিনি বলেন, আল্লাহর রসূল হক্তে বলেছেন: তোমাদের কেউ যদি সূর্য অন্ত যাওয়ার পূর্বে 'আসরের সলাতের এক সাজদা পায়, তাহলে সে যেন সলাত পূর্ণ করে নেয়। আর যদি সূর্য উদিত হবার পূর্বে ফাজ্রের সলাতের এক সাজদাহ পায়, তাহলে সে যেন সলাত পূর্ণ করে নেয়। (৫৭৯, ৫৮০; মুসলিম ৫/৩০, হাঃ ৬০৮, আহমাদ ৯৯৬১) (আ.শ্র. ৫২৩, ই.ফা. ৫২৯)

٥٥٧. عَرْمُنَا عَبْدُ الْعَزِيزِ بَنُ عَبْدِ اللهِ اللهِ عَلَىٰ اللهِ عَنَّمَى إِبْرَاهِيمُ بَنُ سَعْدَ عَنَ ابْنِ شهاب عَنْ سَالِمِ بَنِ عَبْدِ اللهِ عَنْ أَبِيهِ أَنَّهُ أَخْبَرَهُ أَنَّهُ سَمِعَ رَسُولَ اللهِ عَلَىٰ يَقُولُ إِنَّمَا بَقَاوُكُمْ فِيمَا سَلَفَ قَبْلَكُمْ مِنَ الْأَمْمِ كَمَا بَيْنَ صَلَاةِ الْعَصْرِ إِلَى غُرُوبِ الشَّمْسِ أُوتِيَ أَهْلُ التَّوْرَاةِ التَّوْرَاةِ التَّوْرَاةِ فَعَمِلُوا حَتَّى إِذَا انْتَصَفَ النَّهَارُ عَجَزُوا فَأَعْطُوا قِيرَاطًا قِيرَاطًا قِيرَاطًا قِيرَاطًا قَيرَاطًا قَيرَاطًا أَمَّ أُوتِيَ أَهْلُ الإِنْجِيلِ الإِنْجِيلَ فَعَمِلُوا إِلَى صَلاَةِ الْعَصْرِ ثُمَّ عَجَزُوا فَاعُطُوا قِيرَاطًا فَيرَاطًا ثَمَّ أُوتِي أَهْلُ الإِنْجِيلِ الإِنْجِيلَ فَعَمِلُوا إِلَى صَلاَةِ الْعَصْرِ ثُمَّ عَجَزُوا فَاعُطُوا قِيرَاطًا فَيرَاطًا ثُمَّ أُوتِي أَهْلُ اللهِ عُرُوبِ الشَّمْسِ فَأَعْطِينَا قِيرَاطَيْنِ قَيرَاطَيْنِ فَقَالَ أَهْلُ الْكَتَابَيْنِ أَيْ رَبَّنَا قَيرَاطًا وَيرَاطَيْنِ قَيرَاطَيْنِ فَقَالَ أَهْلُ اللهُ عَزَّ وَجَلَّ هَا أَعْطَيْنَا وَيرَاطًا وَيرَاطَيْنِ فَقَالَ قَالَ اللهُ عَزَّ وَجَلًّ هَا أَعْطَيْنَا قِيرَاطًا وَيَرَاطَيْنِ عَمَلاً قَالَ قَالَ اللهُ عَزَّ وَجَلَّ هَا أَعْمُونَ فَعْمُلُوا لَا قَيرَاطًا وَيرَاطَيْنِ عَمَلاً قَالَ قَالَ اللهُ عَزَّ وَجَلَّ هَا أُوتِيهِ مَنْ أَشَاءُ مَا أَعْمُ مِنْ شَيْءٍ قَالُوا لاَ قَالُ قَالُ قَالَ قَالَ اللهُ عَنْ أُسَاءً.

৫৫৭. সালিম ইব্নু 'আবদুল্লাহ্ (রহ.) তাঁর পিতা হতে বর্ণনা করেন যে, তিনি আল্লাহর রস্ল ক্রি-কে বলতে শুনেছেন, আগেকার উন্মাতের স্থায়িত্বের তুলনায় তোমাদের স্থায়িত্ব হলো 'আসর হতে নিয়ে সূর্য অন্ত যাওয়ার মধ্যবর্তী সময়ের ন্যায়। তাওরাত অনুসারীদেরকে তাওরাত দেয়া হয়েছিল। তারা তদনুযায়ী কাজ করতে লাগলো; যখন দুপুর হলো, তখন তারা অপারগ হয়ে পড়লো। তাদের এক এক 'কীরাত' করে পারিশ্রমিক প্রদান করা হয়। আর ইনজীল অনুসারীদেরকে ইন্জীল দেয়া হলো। তারা 'আসরের সলাত পর্যন্ত কাজ করে অপরাগ হয়ে পড়লো। তাদেরকে এক এক 'কীরাত' করে পারিশ্রমিক দেয়া হলো। অতঃপর আমাদেরকে কুরআন দেয়া হলো। আমরা সূর্যান্ত পর্যন্ত কাজ করলাম। আমাদের দ্' দৃ' 'কীরাত' করে দেয়া হলো। এতে উভয় কিতাবী সম্প্রদায় বলল, হে আমাদের প্রতিপালক! তাদের দৃ' দৃ' 'কীরাত' করে দান করেছেন, আর আমাদের দিয়েছেন এক এক কীরাত করে; অথচ আমলের দিক দিয়ে আমরাই বেশি। আল্লাহ্ তা'আলা বললেন: তোমাদের পারিশ্রমিকের ব্যাপারে আমি কি তোমাদের প্রতি কোনোরূপ যুলুম করেছি? তারা বললো, না। তখন আল্লাহ তা'আলা বললেন: এ হলো, আমার অনুগ্রহ যাকে ইচ্ছা তাকে দেই। (২২৬৮, ২২৬৯, ৩৪৫৯, ৫০২১, ৭৪৬৭, ৭৫৩৩) (আ.প্র. ৫২৪, ই.ফা. ৫৩০)

٥٥٨. صر ثنا أبُو كُريْبِ قَالَ حَدَّثَنَا أَبُو أَسَامَةً عَنْ بُرِيْدِ عَنْ أَبِي بُرْدَةً عَنْ أَبِي مُوسَى عَنِ النَّبِيِ ﷺ مَثْلُ الْمُسْلِمِينَ وَالْيَهُودِ وَالنَّصَّارَى كَمَثَلِ رَجُلِ اسْتَأْجَرَ قَوْمًا يَعْمَلُونَ لَهُ عَمَلاً إِلَى اللَّيْلِ فَعَمِلُوا إِلَى نَصْفِ النَّهَارِ فَقَالُوا لَا حَاجَةً لَنَا إِلَى أَجْرِكَ فَاسْتَأْجَرَ أَخَرِينَ فَقَالَ أَكْمِلُوا بَقِيَّةً يَوْمِكُمْ وَلَكُمْ الَّذِي شَرَطَتُ فَعَمِلُوا النَّهَارِ فَقَالُ أَكْمِلُوا بَقِيَّةً يَوْمِهِمْ حَتَّى غَابَتْ الشَّمْسُ وَاسْتَكُمَلُوا أَجْرَ الْفَرِيقَيْنَ.

৫৫৮. আবৃ মৃসা হাত বর্ণিত। নাবী হাত বলেন; মুসলিম, ইয়াহুদী ও নাসারাদের উদাহরণ হলো এমন, এক ব্যক্তি একদল লোককে নিয়োগ করলো, তারা তার জন্য রাত পর্যন্ত কাজ করবে। কিছু অর্ধদিবস পর্যন্ত কাজ করার পর তারা বললো, আপনার পারিশ্রমিকের আমাদের কোনো প্রয়োজন নেই। সে ব্যক্তি অন্য আরেক দল লোককে কাজে নিয়োগ করলো এবং বলল, তোমরা দিনের বাকী অংশ কাজ কর, তোমরা আমার নির্ধারিত পারিশ্রমিক পাবে। তারা কাজ করতে শুরু করলো। যখন 'আসরের সলাতের সময় হলো, তখন তারা বললো, আমরা যা কাজ করেছি তা আপনার জন্য রেখে গোলাম। অতঃপর সে ব্যক্তি আরেক দল লোককে কাজে নিয়োগ করলো। তারা সূর্যান্ত পর্যন্ত দিনের বাকী অংশে কাজ করলো এবং সে দু' দলের পূর্ণ পারিশ্রমিক অর্জন করলো। (২২৭১) (আ.প্র. ৫২৫, ই.ফা. ৫৩১)

١٨/٩. بَابِ وَقْتُ الْمَغْرِبِ

৯/১৮. অধ্যায় : মাগরিবের ওয়াক্ত।

وَقَالَ عَطَاءً يَجْمَعُ الْمَرِيضُ بَيْنَ الْمَغْرِبِ وَالْعِشَاءِ.

আত্বা (রহ.) বলেন, অসুস্থ ব্যক্তি মাগরিব ও 'ইশার সলাত একত্রে আদায় করতে পারবে।

٥٥٥. حارثنا مُحَمَّدُ بْنُ مِهْرَانَ قَالَ حَدَّنَنَا الْوَلِيدُ قَالَ حَدَّثَنَا الْأَوْزَاعِيُّ قَالَ حَدَّثَنَا أَبُو النَّجَاشِيِّ صُهَيْبٌ مَوْلَى رَافِع بْنِ خَدِيجٍ يَقُولُ كُنَّا نُصَلِّي الْمَغْرِبَ مَعَ النَّبِيِّ فَلَا فَيَنْصَرِفُ أَحَدُنَا وَإِنَّهُ لَيْبُصِرُ مَوَاقَعَ نَبْله.

৫৫৯. রাফি' ইব্নু খাদীজ ( হতে বর্ণিত। তিনি বলেন, আমরা নাবী ক্রি-এর সঁঙ্গে মাগরিবের সলাত আদায় করে এমন সময় ফিরে আসতাম যে, আমাদের কেউ (তীর নিক্ষেপ করলে) নিক্ষিপ্ত তীর পড়ার জায়গা দেখতে পেতো। (মুসনিম ৫/৩৮, হাঃ ৬৩৭, আহমাদ ১৭২৭৬) (আ.প্র. ৫২৬, ই.ফা. ৫৩২)

٥٦٠. صرتنا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ قَالَ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ جَعْفَرٍ قَالَ حَدَّنَنَا شُعْبَةُ عَنْ سَعْدِ بْنِ إِبْرَاهِيمَ عَنْ مُحَمَّدِ بْنِ عَمْرِو بْنِ الْحَسَنِ بْنِ عَلَى قَالَ قَدِمَ الْحَجَّاجُ فَسَأَلْنَا جَابِرَ بْنَ عَبْدِ اللهِ فَقَالَ كَانَ النَّبِيُّ فَلَمَّا يُصلِّي الظَّهْرَ بِالْهَاجِرَةِ وَالْعَصْرَ وَالشَّمْسُ نَقِيَّةٌ وَالْمَغْرِبَ إِذَا وَجَبَتْ وَالْعِشَاءَ أَحْيَانًا وَأَحْيَانًا إِذَا رَآهُ سَمُ الْحَتَّمُ وَالْمُثَبَعَ كَانُوا أَوْ كَانَ النَّبِيُّ فَلَمَا يُصَلِّيهَا بِغَلَسٍ.

৫৬০. মুহাম্মাদ ইব্নু 'আমর ইব্নু হাসান ইব্নু 'আলী হ্রা হতে বর্ণিত। মুহাম্মাদ ইব্নু আমার (রহ.) বলেন, হাজ্জাজ (ইব্নু ইউসুফ) (মদীনাহ্য়) এলে আমরা জাবির ইব্নু 'আবদুল্লাহ্ হ্রা করতেন) তিনি বললেন, নাবী হ্রা বুহরের সলাত প্রচণ্ড গরমের সময় আদায় করতেন। আর 'আসরের সলাত সূর্য উজ্জ্বল থাকতে আদায় করতেন, মাগরিবের সলাত সূর্য অন্ত যেতেই আর 'ইশার সলাত বিভিন্ন সময়ে আদায় করতেন। যদি দেখতেন, সকলেই সমবেত হয়েছেন, তাহলে সকাল সকাল আদায় করতেন। আর যদি দেখতেন, লোকজন আসতে দেরী করছে, তাহলে বিলম্বে আদায় করতেন। আর

ফাজ্রের সলাত তাঁরা কিংবা রস্লুল্লাহ জ্জু অন্ধকার থাকতে আদায় করতেন। (৫৬৫; মুসলিম ৫/৪০, হাঃ ৬৪৬, আহমাদ ১৪৯৭৩) (আ.প্র. ৫২৭, ই.ফা. ৫৩৩)

٥٦١. صرتنا الْمَكِيُّ بْنُ إِبْرَاهِيمَ قَالَ حَدَّثَنَا يَزِيدُ بْنُ أَبِي عُبَيْدٍ عَنْ سَلَمَةَ قَالَ كُنَّا نُصَلِّي مَعَ النَّبِيِّ اللَّهِيَّ الْمَغْرِبَ إِذَا تَوَارَتْ بِالْحِجَابِ.

৫৬১. সালামাহ 📻 হতে বর্ণিত। তিনি বলেন, সূর্য পর্দার আড়ালে ঢাকা পড়ে যাওয়ার সাথে সাথেই আমরা নাবী 😂 -এর সঙ্গে মাগরিবের সলাত আদায় করতাম। (আ.প্র. ৫২৮, ই.ফা. ৫৩৪)

٥٦٢. صرتنا آدَمُ قَالَ حَدَّنَنَا شُغْبَهُ قَالَ حَدَّثَنَا عَمْرُو بْنُ دِينَارٍ قَالَ سَمِعْتُ جَابِرَ بْنَ زَيْدٍ عَنْ عَبْدِ اللهِ بْنِ عَبَّاسِ قَالَ صَلِّى النَّبِيُّ ﷺ سَبْعًا جَمِيعًا وَثَمَانِيًّا جَمِيعًا.

৫৬২. ইব্নু 'আব্বাস 🕽 হতে বর্ণিত। তিনি বলেন, নাবী 🥰 (মাগরিব ও 'ইশার) সাত রাক'আত ও (যুহর ও 'আসরের) আট রাক'আত একত্রে আদায় করেছেন। (৫৪৩) (আ.প্র. ৫২৯, ই.ফা. ৫৩৫)

# ١٩/٩. بَابِ مَنْ كُرِهَ أَنْ يُقَالَ لِلْمَعْرِبِ الْعِشَاءُ.

# ৯/১৯. অধ্যায় : মাগরিবকে 'ইশা বলা যিনি অপছন্দ করেন।

٥٦٣. صرتنا أَبُو مَعْمَرٍ هُوَ عَبْدُ اللهِ بَنُ عَمْرِو قَالَ حَدَّثَنَا عَبْدُ الْوَارِثِ عَنِ الْحُسَيْنِ قَالَ حَدَّثَنَا عَبْدُ اللهِ بَنُ مُعَمِّرٍ فَالَ حَدَّثَنَا عَبْدُ اللهِ بَنُ مُعَمِّرٍ فَالَ حَدَّثَنَا عَبْدُ اللهِ بَنُ مُعَمِّلًا اللهِ بَنُ مُعَمِّلًا اللهِ بَنُ مُعَمِّلًا اللهِ الله

৫৬৩. 'আবদুল্লাহ্ মুযানী 😂 হতে বর্ণিত। তিনি বলেন, নাবী 😂 বলেছেন : বেদুঈনরা মাগরিবের সলাতের নামের ব্যাপারে তোমাদের উপর যেন প্রভাব বিস্তার না করে। রাবী ('আবদুল্লাহ্ মুযানী 😂 বলেন, বেদুঈনরা মাগরিবকে 'ইশা বলে থাকে। (আ.শ্র. ৫৩০, ই.ফা. ৫৩৬)

# ٢٠/٩. بَابِ ذِكْرِ الْعِشَاءِ وَالْعَتَمَةِ وَمَنْ رَآهُ وَاسِعًا.

৯/২০. অধ্যায় : 'ইশা ও আতামাহ-এর বর্ণনা এবং যিনি এতে কোনো আপত্তি করেন না।

قَالَ أَبُو هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ ﷺ أَثْقَلُ الصَّلَاةِ عَلَى الْمُنَافِقِينَ الْعِشَاءُ وَالْفَحْرُ وَقَالَ لَوْ يَعْلَمُونَ مَا فِي الْعَتَمَةِ وَالْفَحْرِ قَالَ أَبُو عَبْد اللهِ وَالِاحْتِيَارُ أَنْ يَقُولَ الْعِشَاءُ لِقَرْلِهِ تَعَالَى ﴿وَمِنْ بَعْدِ صَلَاةِ الْعِشَاءِ﴾

وَيُذَكَرُ عَنْ أَبِي مُوسَى قَالَ كُنَّا نَتَنَاوَبُ النَّبِيَّ ﷺ عَنْدَ صَلاَةِ الْعِشَاءِ فَأَعْتَمَ بِهَا وَقَالَ ابْنُ عَبَّاسٍ وَعَائِشَةُ أَعْتَمَ النَّبِيُّ ﷺ بِالْعِشَاءِ وَقَالَ بَعْضُهُمْ عَنْ عَائِشَةَ أَعْتَمَ النَّبِيُّ ﷺ بِالْعَتَمَةِ وَقَالَ جَابِرٌ كَانَ النَّبِيُّ ﷺ يُصَـــلِّي الْعِشَاءَ وَقَالَ أَبُو بَرْزَةَ كَانَ النَّبِيُّ ﷺ يُؤخِّرُ الْعِشَاءَ وَقَالَ أَنسُّ أَخَّرَ النَّبِيُّ ﷺ الْعِشَاءَ الْآخِرَةَ وَقَالَ ابْنُ عُمَرَ وَأَبُو أَيُوبَ وَابْنُ عَبَّاسِ رَضِيَ اللهُ عَنْهُمْ صَلِّى النَّبِيُّ ﷺ الْمَعْرِبَ وَالْعشَاءَ.

আবৃ হুরাইরাহ্ নাবী হু হতে বর্ণনা করেছেন যে, মুনাফিকদের জন্য সবচেয়ে কষ্টকর সলাত হল 'ইশা ও ফাজ্র। তিনি আরও বলেছেন যে, তারা যদি জানতো, আতামা (ইশা) ও ফাজ্রে কি কল্যাণ নিহিত আছে। ইমাম বুখারী (রহ.) বলেন, 'ইশা শব্দ ব্যবহার করাই উত্তম। কেননা, আল্লাহ্ তা'আলা ইরশাদ করেন: "'ইশা সলাতের পর" – (সূরাহ্ আন-নূর ২৪/৫৮)।

আবৃ মৃসা হাতে বর্ণিত আছে যে, তিনি বলেন, আমরা পালাক্রমে নাবী ্র-এর এখানে 'ইশার সলাতের সময় যেতাম। একবার তিনি তা দেরী করে আদায় করেন। ইব্নু 'আব্বাস ও 'আয়িশাহ্ হতে (এরপ) বর্ণনা করেন যে, নাবী হাই 'ইশা দেরী করে আদায় করেন। বর্ণনাকারীদের কেউ কেউ বলেন, নাবী হাই 'আতামাহ্কে দেরী করে আদায় করেন। জাবির হাই বলেন, নাবী হাই 'ইশার সলাত আদায় করলেন। আবৃ বার্যা হাই বলেন, নাবী হাই 'ইশার সলাত বিলম্বে আদায় করতেন। আনাস হাই বলেন, নাবী হাই শেষ 'ইশা বিলম্বে আদায় করলেন। ইব্নু উমর, আবৃ আইয়্ব ও ইব্নু 'আব্বাস হাই বলেন, নাবী হাই মাগরিব ও 'ইশার সলাত আদায় করেন।

٥٦٤. **طَرَثُنَا** عَبْدَانُ قَالَ أَخْبَرَنَا عَبْدُ اللهِ قَالَ أَخْبَرَنَا يُونُسُ عَنْ الزُّهْرِيِّ قَالَ سَالِمٌ أَخْبَرَنِي عَبْدُ اللهِ قَالَ صَلَّى لَنَا رَسُولُ اللهِ قَالَ اللهِ قَالَ أَرَأَيْتُمْ صَلَّى لَنَا رَسُولُ اللهِ فَلَى اللهِ عَلَيْنَا فَقَالَ أَرَأَيْتُمْ لَكُنَا رَسُولُ اللهِ فَلِنَّ رَأُسَ مِائَةِ سَنَةٍ مِنْهَا لاَ يَبْقَى مِمَّنْ هُو عَلَى ظَهْرِ الْأَرْضِ أَحَدُ.

৫৬৪. 'আবদুল্লাহ্ হতে বর্ণিত। তিনি বলেন, এক রাতে আল্লাহর রসূল আমাদের নিয়ে 'ইশার সলাত আদায় করেন, যে সলাতকে লোকেরা 'আতামা' বলে থাকে। অতঃপর তিনি ফিরে আমাদের দিকে মুখ করে বললেন, আজকের এ রাত সম্পর্কে তোমরা জান কি? এ রাত হতে নিয়ে একশ' বছরের শেষ মাথায় আজ যারা ভূপৃষ্ঠে আছে তাদের কেউ অবশিষ্ট থাকবে না। (১১৬) (আ.খ. ৫৩১, ই.ফা. ৫৩৭)

# ٢١/٩. بَابِ وَقْتِ الْعِشَاءِ إِذَا اجْتَمَعَ النَّاسُ أَوْ تَأَخَّرُوا.

৯/২১. অধ্যায়: 'ইশার সলাতের সময় লোকজন একত্রিত হয়ে গেলে বা দেরিতে এলে।

٥٦٥ صر*شنا* مُسْلِمُ بْنُ إِبْرَاهِيمَ قَالَ حَدَّثَنَا شُعْبَةُ عَنْ سَعْد بْنِ إِبْرَاهِيمَ عَنْ مُحَمَّد بْنِ عَمْرُو هُـــوَ ابْـــنُ الْحَسَنِ بْنِ عَلِيّ قَالَ سَأَلْنَا جَابِرَ بْنَ عَبْدِ اللهِ عَنْ صَلاَةِ النَّبِيّ فَقَالَ كَانَ يُصَلِّي اَلطُّهْرَ بِالْهَاجِرَةِ وَالْعَصْرَ وَالصَّسِنِ بْنِ عَلِيّ قَالَ سَأَلْنَا جَابِرَ بْنَ عَبْدِ اللهِ عَنْ صَلاَةِ النَّبِيّ فَقَالَ كَانَ يُصَلِّي اَلطُّهْرَ بِاللهَاجِرَةِ وَالْعَصْرَ وَالصَّبُحَ بِعَلَسٍ.

৫৬৫. মুহার্মাদ ইব্নু 'আমর ইব্নু হাসান ইব্নু 'আলী (ক্রি) হতে বর্ণিত। তিনি বলেন, আমরা জাবির ইব্নু 'আবদুল্লাহ্ (ক্রে)-কে নাবী ক্রি-এর সলাত সম্বন্ধে জিজ্ঞেস করলাম। তিনি বললেন, মধ্যাহ্ন গড়ালেই নাবী ক্রিয়ুহরের সলাত আদায় করতেন এবং সূর্য সতেজ থাকতে ''আসর আদায় করতেন। আর

সূর্য পর্দার আড়ালে ঢাকা পড়ে যাবার সাথে সাথে মাগরিব আদায় করতেন। 'ইশার সলাতে লোকদের আধিক্য হলেই দ্রুত আদায় করে নিতেন আর সংখ্যায় কম হলে দেরীতে আদায় করতেন। ফাজরের সলাত অন্ধকার থাকতেই আদায় করতেন। (৫৬০) (আ.প্র. ৫৩২, ই.ফা. ৫৩৮)

# ٢٢/٩. بَابِ فَصْلِ الْعِشَاءِ.

#### ৯/২২. অধ্যায় : 'ইশার সলাতের মর্যাদা।

٥٦٦. **طَرْنَا** يَحْيَى بْنُ بُكَيْرِ قَالَ حَدَّنَنَا اللَّيْثُ عَنْ عُقَيْلِ عَنْ ابْنِ شِهَابِ عَنْ عُرْوَةَ أَنَّ عَائِشَةَ أَخْبَرَتُهُ قَالَتْ أَعْتَمَ رَسُولُ اللهِ ﷺ لَيْلَةً بِالْعِشَاءِ وَذَلِكَ قَبْلَ أَنْ يَفْشُوَ الإِسْلاَمُ فَلَمْ يَخْرُجُ حَتَّى قَالَ عُمَرُ نَامَ النِسَساءُ وَالصَّبْيَانُ فَخَرَجَ فَقَالَ لِأَهْلِ الْمَسْجِدِ مَا يَنْتَظِرُهَا أَحَدُ مِنْ أَهْلِ الْأَرْضِ غَيْرَكُمْ.

৫৬৬. 'আয়িশাহ ক্রিল্লা হতে বর্ণিত। তিনি বলেন, এক রাতে আল্লাহর রস্ল ক্রি 'ইশার সলাত আদায় করতে বিলম্ব করলেন। এ হলো ব্যাপকভাবে ইসলাম প্রসারের পূর্বের কথা। (সালাতের জন্য) তিনি বেরিয়ে আসেননি, এমন কি 'উমার ক্রিলা বললেন, মহিলা ও শিশুরা ঘুমিয়ে পড়েছে'। অতঃপর তিনি বেরিয়ে এলেন এবং মাসজিদের লোকদের লক্ষ্য করে বললেন: "তোমরা ব্যতীত যমীনের অধিবাসীদের কেউ 'ইশার সলাতের জন্য অপেক্ষায় নেই।" (৫৬৯, ৮৬২, ৮৬৪; মুসলিম ৫/৩৯, হাঃ ৬৩৮, আহমাদ ২৫৬৮৮) (আ.এ. ৫৩৩, ই.ফা. ৫৩৯)

٥٦٧. حرثنا مُحَمَّدُ بْنُ الْعَلَاءِ قَالَ أَخْبَرُنَا أَبُو أُسَامَةً عَنْ بُرَيْدِ عَنْ أَبِي بُرْدَةً عَنْ أَبِي مُوسَى قَالَ كُثْتُ أَنَا وَأَصْحَابِي الَّذِينَ قَدَمُوا مَعِي فِي السَّفِينَة نُزُولاً فِي بَقِيعِ بُطْحَانً وَالنَّبِيُّ فَيَّا بِالْمَدِينَة فَكَانَ يَتَنَاوَبُ النَّبِيُّ فَيَ السَّفِينَة نُرُولاً فِي بَعْضِ أَصْرِهِ فَيَ عَنْدَ صَلَاةً الْعَشَاءِ كُلُّ لَيْلَةً نَفَرُ مِنْهُمْ فَوَافَقَنَا النَّبِيُّ فَيَّا أَنَا وَأَصْحَابِي وَلَهُ بَعْضُ الشَّغْلِ فِي بَعْضِ أَصْرِهِ فَأَعْتَمَ بِالصَّلاَة حَتَّى اَبْهَارً اللَّيْلُ ثُمَّ خَرَجَ النَّبِي فَي فَصَلِّى بِهِمْ فَلَمَّا قَضَى صَلاَتَهُ قَالَ لَمَنْ حَضَـرَهُ عَلَـى فَا عَلَى مَنْ نَعْمَة الله عَلَيْكُمْ أَنَّهُ لَيْسَ أَحَدُ مِنْ النَّاسِ يُصَلِّي هَذِهِ السَّاعَة غَيْرُكُمْ أَوْ قَالَ مَا صَلِّى مِنْ نَعْمَة الله عَلَيْكُمْ أَنَّهُ لَيْسَ أَحَدٌ مِنْ النَّاسِ يُصَلِّي هَذِهِ السَّاعَة غَيْرُكُمْ أَوْ قَالَ مَا صَلَّى مِنْ السَّاعَة أَحَدُ غَيْرُكُمْ لَا يَدُرِي أَيَّ الْكَلِمَتِيْنِ قَالَ قَالَ أَبُو مُوسَى فَرَجَعْنَا فَفَرِحْنَا بِمَا سَمِعْنَا مِنْ رَسُولِ هَذَهُ السَّاعَة أَحَدُ غَيْرُكُمْ لاَ يَدُرِي أَيَّ الْكَلِمَتِيْنِ قَالَ قَالَ أَبُو مُوسَى فَرَجَعْنَا فَفَرِحْنَا بِمَا سَمِعْنَا مِنْ رَسُولِ

৫৬৭. আবৃ মৃসা হতে বর্ণিত। তিনি বলেন, আমি ও আমার সাথীরা-যারা (আবিসিনিয়া হর্তে) জাহাজ মারফত আমার সঙ্গে প্রত্যাবর্তন করেছিলেন বাকী'য়ে বুতহানের একটা মুক্ত এলাকায় বসবাসরত ছিলাম। তখন নাবী হঠি থাকতেন মাদীনাহয়। বুতহানের অধিবাসীরা পালাক্রমে একদল করে প্রতি রাতে 'ইশার সলাতের সময় আল্লাহর রস্ল হঠি এর খিদমতে আসতেন। পালাক্রমে 'ইশার সলাতের সময় আমি ও আমার কতিপয় সঙ্গী নাবী হঠি এর কাছে হাযির হলাম। তখন তিনি কোনো কাজে খুব ব্যস্ত ছিলেন, ফলে সলাত আদায়ে বিলম্ব করলেন। এমন কি রাত অর্ধেক হয়ে গেলো। অতঃপর নাবী

বললেন : প্রত্যেকেই নিজ নিজ স্থানে বসে যাও। তোমাদের সুসংবাদ দিচ্ছি যে, আল্লাহ্র পক্ষ হতে তোমাদের জন্য এটি এক নিয়ামত যে, তোমরা ছাড়া মানুষের মধ্যে কেউ এ মুহূর্তে সলাত আদায় করছে না। কিংবা তিনি বলেছিলেন : তোমরা ছাড়া কোন উন্মাত এ সময় সলাত আদায় করেনি। আল্লাহর রসূল কোন্ বাক্যটি বলেছিলেন বর্ণনাকারী তা নিশ্চিত করে বলতে পারেননি। আবৃ মৃসা হা বলেন, আল্লাহর রসূল এর এ কথা শুনে আমরা অত্যন্ত আনন্দিত মনে বাড়ি ফিরলাম। (মুসলিম ৫/৩৯, হাঃ ৬৪১) (আ.প্র. ৫৩৪, ই.ফা. ৫৪০)

#### . ۲۳/۹ بَابِ مَا يُكْرَهُ مِنْ النَّوْمِ قَبْلَ الْعِشَاءِ. ৯/২৩. অধ্যায় : ইশার সলাতের পূর্বে ঘুমানো অপছন্দনীয়।

٥٦٨. **طَرْتُنَا** مُحَمَّدُ بْنُ سَلَامٍ قَالَ أَخْبَرَنَا عَبْدُ الْوَهَّابِ النَّقَفِيُّ قَالَ حَدَّنَنَا خَالِدُ الْحَـــذَّاءُ عَـــنُ أَبِـــي الْمَنْهَالِ عَنْ أَبِي بَرْزَةَ أَنَّ رَسُولَ اللهِ ﷺ كَانَ يَكْرَهُ النَّوْمَ قَبْلَ الْعِشَاءِ وَالْحَدِيثَ بَعْدَهَا.

৫৬৮. আবূ বার্যাহ 😂 হতে বর্ণিত। তিনি বলেন, আল্লাহর রসূল 😂 'ইশার পূর্বে নিদ্রা যাওয়া এবং পরে কথাবার্তা বলা অপছন্দ করতেন। (৫৪১) (আ.শ্র. ৫৩৫, ই.ফা. ৫৪১)

# . ٢٤/٩ بَابِ النَّوْمِ قَبْلَ الْعِشَاءِ لِمَنْ غُلِبَ. ٢٤/٩ هـ/٥٤. صَلاياً : पूम প্ৰবল হলে 'ইশার পূর্বে ঘুমানো।

٥٦٩. **طَرَثُنَا** أَيُّوبُ بَنُ سُلَيْمَانَ هُوَ ابْنُ بِلَالِ قَالَ حَدَّثَنِي أَبُو بَكْرٍ عَنْ سُلَيْمَانَ هُوَ ابْنُ بِلَالِ قَالَ حَدَّثَنَا صَالِحُ بَنُ كَيْسَانَ أَخْبَرَنِي ابْنُ شَهَابِ عَنْ عُرُوّةً أَنَّ عَائِشَةَ قَالَتُ أَعْتَمَ رَسُولُ اللهِ ﷺ بِالْعِشَاءِ حُتَّى نَادَاهُ عُمَرُ الصَّلاَةَ نَامَ النِّسَاءُ وَالصَّبْيَانُ فَخَرَّجَ فَقَالَ مَا يَنْتَظِرُهَا أَحَدُ مِنْ أَهْلِ الْأَرْضِ غَيْرُكُمْ قَلَالً وَلاَ يُصَلِّى عُمْرُ الصَّلاَةَ نَامَ النِّسَاءُ وَالصَّبْيَانُ فَخَرَّجَ فَقَالَ مَا يَنْتَظِرُهَا أَحَدُ مِنْ أَهْلِ الْأَرْضِ غَيْرُكُمْ قَلَالً وَلاَ يُصَلِّى عُرَامُ اللهِ عَلَى مَا يَنْتَظِرُهَا أَحَدُ مِنْ أَهْلِ الْأَرْضِ غَيْرُكُمْ قَلَالً وَلاَ يُصَلِّى يَوْمَعُذِ إِلاً بِالْمَدِينَةِ وَكَانُوا يُصَلُّونَ فِيمَا بَيْنَ أَنْ يَغِيبَ الشَّفَقُ إِلَى ثُلُث اللَّيْلِ الْأَوَّلِ.

৫৬৯. 'আয়িশাহ্ বি হতে বর্ণিত। তিনি বলেন, একদা রস্লুল্লাহ্ কি ইশার সলাত আদায় করতে দেরী করলেন। 'উমার ক্রি তাঁকে বললেন, আস্-সালাত। নারী ও শিশুরা ঘুমিয়ে পড়েছে। অতঃপর তিনি বেরিয়ে আসলেন এবং বললেন: তোমরা ছাড়া পৃথিবীর আর কেউ এ সলাতের জন্য অপেক্ষা করছে না। (রাবী বলেন) তখন মাদীনাহ ছাড়া অন্য কোথাও সলাত আদায় করা হতো না। (তিনি আরও বলেন যে) পশ্চিম আকাশের 'শাফাক' (পশ্চিম আকাশের লাল কিরণ) অন্তর্হিত হবার পর হতে রাতের প্রথম এক-তৃতীয়াংশের মধ্যে তাঁরা 'ইশা সলাত আদায় করতেন। (৫৬৬) (আ.ব. ৫৩৬, ই.য়. ৫৪২)

٥٧٠. صرتنا مَحْمُودٌ يَعْنِي ابْنَ غَيْلَانَ قَالَ أَخْبَرَنَا عَبْدُ الرَّزَاقِ قَالَ أَخْبَرَنِي ْ ابْنُ جُرَيْجِ قَالَ أَخْبَرَنِي مِنْ مُحَمُودٌ يَعْنِي ابْنَ غَيْلَانَ قَالَ أَخْبَرَنَا عَبْدُ الرَّزَاقِ قَالَ أَخْبَرَنِي (ابْنُ عُمْرَ أَنَّ رَسُولَ اللهِ ﷺ شُغلَ عَنْهَا لَيْلَةً فَأَخَّرَهَا حَتَّى رَقَدْنَا فِي الْمَسْجِد تُحَسَّمُ اللهِ اللهِ عَنْهَا لَيْلِي اللهِ عَنْهَا لَيْلِي اللهِ عَنْهَا لَيْلِي اللهِ عَنْهَا لَيْلُ اللهِ عَنْهَا لَيْلُ اللهِ اللهِ اللهِ عَنْهَا لَيْلُو اللهُ اللهِ اللهُ عَنْهَا لَهُ اللهُ عَلَيْنَا النَّبِي اللهِ اللهِ عَنْهَا لَيْلُ اللهِ اللهُ عَنْهَا لَهُ اللهُ عَلَيْهَا اللهِ اللهِ اللهِ اللهُ اللهُلُولُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ

غَيْرُكُمْ وَكَانَ ابْنُ عُمَرَ لاَ يُبَالِي أَقَدَّمَهَا أَمْ أَخَّرَهَا إِذَا كَانَ لاَ يَخْشَى أَنْ يَعْلِبَهُ النَّوْمُ عَنْ وَقْتِهَا وَكَانَ يَرْقُدُ قَبْلَهَا.

৫৭০. 'আবদুল্লাহ্ ইব্নু 'উমার হাত বর্ণিত যে, এক রাতে কর্মব্যন্ততার কারণে আল্লাহর রস্ল ইশার সলাত আদায়ে দেরী করলেন, এমন কি আমরা মাসজিদে ঘুমিয়ে পড়লাম। অতঃপর জেগে উঠে আবার ঘুমিয়ে পড়লাম। অতঃপর আবার জেগে উঠলাম। তখন আল্লাহর রস্ল হাত আমাদের নিকট বেরিয়ে এলেন, অতঃপর বললেন: তোমরা ছাড়া পৃথিবীর আর কেউ এ সলাতের অপেক্ষা করছে না। ঘুম প্রবল হবার কারণে 'ইশার সলাত বিনষ্ট হবার আশংকা না থাকলে ইব্নু 'উমার হাত আগে ভাগে বা বিলম্ব করে আদায় করতে দ্বিধা করতেন না। কখনও কখনও তিনি 'ইশার পূর্বে নিদ্রাও যেতেন। (আ.গ্র. ৫৩৭, ই.ফা. ৫৪৩)

٥٧١. قَالَ اللهُ حُرَيْجِ قُلْتُ لِعَطَاء وَقَالَ سَمعْتُ ابْنَ عَبَّاسِ يَقُولُ أَعْتَمَ رَسُولُ اللهِ اللهِ الْمَلَاةَ بَالْعشَاءِ حَتَّى رَقَدَ النَّاسُ وَاسْتَيْقَظُواْ وَرَقَدُوا وَاسْتَيْقَظُواْ فَقَامَ عُمَرُ بْنُ الْخَطَّابِ فَقَالَ الصَّلاَةَ قَالَ عَطَاءٌ قَالَ البَّنِ عَبَّاسٍ فَخَرَجَ نَبِيُ اللهِ فَقَالَ لَوْلَا أَنْ أَشُتَ عَظَاءً كَيْفَ وَضَعَ النَّبِيُ عَلَى رَأْسِهِ فَقَالَ لَوْلَا أَنْ أَشُتَ عَلَى أَمْتِي لَأَمْرُتُهُمْ أَنْ يُصَلُّوهَا هَكَذَا فَاسْتَثَبَتُ عَطَاءً كَيْفَ وَضَعَ النَّبِي فَقَالَ الصَّلاَةِ عَلَى رَأْسِهِ يَدَهُ كَمَا أَنْبَأَهُ البَسنُ عَبَّاسٍ فَبَدَّدَ لِي عَطَاءً بَيْنَ أَصَابِعِهِ شَيْعًا مِنْ تَبْديد ثُمَّ وَضَعَ أَطْرَافَ أَصَابِعِهِ عَلَى قَرْنِ الرَّأْسِ ثُمَّ ضَمَّهَا يُعِرُهَا عَلَى الرَّأْسِ حَتَّى مَسَّتَ إِبْهَامُهُ طَرَفَ الْأَذُن مِمَّا يَلِي الْوَجْهَ عَلَى الصَّدْغِ وَنَاحِيَةِ اللّحِيّةِ لاَ يُقَصِّرُ وَلاَ كَذَلكَ عَلَى الرَّأْسِ حَتَّى مَسَّتَ إَبْهَامُهُ طَرَفَ الْأَذُن مِمَّا يَلِي الْوَجْهَ عَلَى الصَّدْغِ وَنَاحِيَةِ اللّحِيّةِ لاَ يُقَصِّرُ وَلاَ كَذَلكَ عَلَى الرَّأْسِ حَتَّى مَسَّتَ إَبْهَامُهُ طَرَفَ الْأَذُن مِمَّا يَلِي الْوَجْهَ عَلَى الصَّدْغِ وَنَاحِيَةِ اللّحِيةِ لاَ يُقَصِّرُ وَلاَ يَشَلُوا هَكَذَا.

৫৭১. ইব্নু জ্রায়জ (রহ.) বলেন, এ বিষয়ে আমি আতা (রহ.)-কে জিজ্ঞেস করলাম। তিনি বললেন, আমি ইব্নু 'আব্বাস ()-কে বলতে শুনেছি যে, এক রাতে আল্লাহর রসূল () ইশার সলাত আদায় করতে দেরী করেছিলেন, এমন কি লোকজন একবার ঘ্মিয়ে জেগে উঠল, আবার ঘ্মিয়ে পড়ে জাগ্রত হলো। তখন 'উমার ইব্নু খাত্তাব () উঠে গিয়ে আল্লাহর রসূল ()-কে বললেন, 'আসসালাত'। 'আত্মা (রহ.) বলেন যে, ইব্নু 'আব্বাস () বর্ণনা করেছেন, অতঃপর আল্লাহর নাবী () বরিয়ে এলেন— যেন এখনো আমি তাঁকে দেখছি— তাঁর মাথা হতে পানি উপ্কে পড়ছিলো এবং তাঁর হাত মাথার উপর ছিলো। তিনি এসে বললেন: যদি আমার উম্মাতের জন্য কষ্টকর হবে বলে মনে না করতাম, তাহলে তাদেরকে এভাবে (বিলম্ব করে) 'ইশার সলাত আদায় করার নির্দেশ দিতাম। ইব্নু জুরায়জ (রহ.) বলেন, ইব্নু 'আব্বাস ()-এর বর্ণনা অনুযায়ী আল্লাহর রসূল (যে মাথায় হাত রেখেছিলেন তা কীভাবে রেখেছিলেন, বিষয়টি সুস্পন্ট করে ব্যাখ্যা করার জন্য আতা (রহ.)-কে বললাম। আতা (রহ.) তাঁর আঙ্গুলগুলো সামান্য ফাঁক করলেন, অতঃপর সেগুলোর অগ্রভাগ সম্মুখ দিক হতে (চুলের অভ্যন্তরে) প্রবেশ করালেন। অতঃপর অঙ্গুলগুলো একত্রিত করে মাথার উপর দিয়ে এভাবে টেনে নিলেন যে, তার বৃদ্ধাঙ্গুলি কানের সে পার্শ্বকে স্পর্শ করে গোলো যা মুখমণ্ডল সংলগ্ন চোয়ালের হাড্ডির উপর শাশ্রুর পাশে অবস্থিত। তিনি (নাবী ()) চুলের পানি ঝরাতে কিংবা চুল চাপড়াতে এমনই করতেন। এবং তিনি

বলেছিলেন : যদি আমার উম্মাতের জন্য কষ্টকর হবে বলে মনে না করতাম, তাহলে তাদেরকে এভাবেই (বিলম্ব করে) সলাত আদায় করার নির্দেশ দিতাম। (৭২৩৯; মুসলিম ৫/৩৯, হাঃ ৬৩৯, আহমাদ ১৯২৬) (আ.প্র. ৫৩৭ শেষাংশ, ই.ফা. ৫৪৩ শেষাংশ)

# . ٢٥/٩ بَابِ وَقْتِ الْعِشَاءِ إِلَى نِصْفِ اللَّيْلِ. ৯/২৫. অধ্যায় : রাতের অর্ধাংশ পর্যন্ত 'ইশার সময়।

وَقَالَ أَبُو بَرْزَةَ كَانَ النَّبِيُّ ﷺ يَسْتَحِبُّ تَأْخِيرَهَا

আবৃ বার্যাহ 🕮 বলেন, নাবী 😂 'ইশার সলাত দেরিতে আদায় করা পছন্দ ক্রতেন।

٥٧٢. حَرَثُنَا عَبُدُ الرَّحِيمِ الْمُحَارِبِيُّ قَالَ حَدَّثَنَا زَائِدَةُ عَنْ حُمَيْدِ الطَّوِيلِ عَنْ أَنسِ بْنِ مَالِك قَالَ أَخَّرَ النَّبِيُّ عَلَى النَّسِ وَنَامُوا أَمَا إِنَّكُمْ فِي صَسَّلاَةً مَسا النَّبِيُّ عَلَى النَّاسُ وَنَامُوا أَمَا إِنَّكُمْ فِي صَسَّلاَةً مَسا النَّيَّ وَلَا النَّاسُ وَنَامُوا أَمَا إِنَّكُمْ فِي صَسَّلاَةً مَسا النَّظُرُ تُمُوهَا وَزَادَ ابْنُ أَبِي مَرْيَمَ أَخْبَرَنَا يَحْيَى بْنُ أَيُّوبَ حَدَّثَنِي حُمَيْدٌ سَمِعَ أَنسَ بْنَ مَالِكٍ قَالَ كَأَنِّي أَنظُرُ إِلَى وَبِيصٍ خَاتَمه لَيْلَتَعْذِ.

৫৭২. আনাস হতে বর্ণিত। তিনি বলেন, একরাতে নাবী হৈ ইশার সর্লাত অর্ধেক রাত্র পর্যন্ত বিলম্ব করলেন। অতঃপর সলাত আদায় করে তিনি বললেন: লোকেরা নিশ্চয়ই সলাত আদায় করে ঘূমিয়ে পড়েছে। শোন! তোমরা যতক্ষণ সলাতের অপেক্ষায় ছিলে ততক্ষণ তোমরা সলাতেই ছিলে। ইব্নু আবৃ মারইয়াম (রহ.)-এর বর্ণনায় আরও আছে, তিনি বলেন, ইয়াহ্ইয়া ইব্নু আইউব (রহ.) হুমায়দ (রহ.) হতে বর্ণনা করেছেন যে, তিনি (হুমায়দ) আনাস হাত্র-এর আংটির উজ্জ্বলতা আমি যেন এখনও দেখতে পাচ্ছি। (৬০০, ৬৬১, ৮৪৭, ৫৮৬৯) (আ.প্র. ৫৩৮, ই.ফা. ৫৪৪)

#### . ٢٦/٩ . بَابِ فَضْلِ صَلَاةَ الْفَجْرِ. ৯/২৬. অধ্যায় : ফাজ্রের সলাতের মর্যাদা।

٥٧٣. حَرْشُنَا مُسَدَّدٌ قَالَ حَدَّنَنَا يَحْتَى عَنْ إِسْمَاعِيلَ حَدَّنَنَا قَيْسٌ قَالَ لِي جَرِيرُ بْنُ عَبْدِ اللهِ كُنَّا عِنْدَ النَّبِيِ فَلَمْ اللَّهِي فَلَمْ اللَّهِي فَلَمْ اللَّهِي فَلَمْ اللَّهِ وَمُن اللَّهُ اللَّهُ عَلَى اللَّهُ اللَّالَّةُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ الللّ

৫৭৩. জারীর ইব্নু 'আবদুল্লাহ্ ( হতে বর্ণিত। তিনি বলেন, এক রাতে নাবী ক্রি-এর নিকট ছিলাম। হঠাৎ তিনি পূর্ণিমা রাতের চাঁদের দিকে তাকিয়ে বললেন, শোন! এটি যেমন দেখতে পাচ্ছো তামাদের প্রতিপালককেও তোমরা তেমনি দেখতে পাবে। তাঁকে দেখতে তোমরা ভিড়ের সম্মুখীন হবে

না। কাজেই তোমরা যদি সূর্য উঠার পূর্বের সলাত ও সূর্য ডুবার পূর্বের সলাত আদায়ে সমর্থ হও, তাহলে जारे कत । अण्डश्वत जिनि व आग्नाज जिनाज्याज कतलन : ﴿ سَبِحْ بِحَمْدِ رَبِّكَ قَبْلَ طُلُوعِ الشَّمْسِ وَقَبْلَ خُرُوبِهَا 🕻 "সূর্যোদয় ও সূর্যান্তের পূর্বে আপনি আপনার প্রতিপালকের প্রশংসায় তাসবীহ্ পাঠ করুন"-(স্রাই ড-হা ২০/১৩)। আবৃ 'আবদুল্লাহ্ (ইমাম বুখারী) (রহ.) বলেন, ইব্নু শিহাব (রহ.)...জারীর 🚐 হতে আরো বলেন, নাবী 🕰 বলেছেন : তোমরা তোমাদের প্রতিপালককে খালি চোখে দেখতে পাবে। (৫৫৪) (আ.প্র. ৫৩৯, ই.ফা. ৫৪৫)

٥٧٤. **صرثنا** هُدْبَةُ بْنُ خَالِد قَالَ حَدَّنَنَا هَمَّامٌ حَدَّنَنِي أَبُو حَمْرَةً عَنْ أَبِي بَكْرٍ بْنِ أَبِي مُوسَى عَنْ أَبِيهِ أَنَّ رَسُولَ اللهِ ﷺ قَالَ مَنْ صَلَّى ۚ ٱلْبَرْدَيْنِ دَخَلَ الْجَنَّةَ وَقَالَ ابْنُ رَجَاءٍ حَدَّثَنَا هَمَّامٌ عَنْ أَبِي جَمْرَةَ أَنَّ أَبَا بَكْرِ ُ بْنَ عَبْدِ اللهِ بْنِ قَيْسِ أَخْبَرَهُ بِهَذَا

حَدَّثَنَا إِسْحَاقُ حَدَّثَنَا حَبَّانُ حَدَّثَنَا هَمَّامٌ حَدَّثَنَا أَبُو جَمْرَةَ عَنْ أَبِي بَكْرِ بْنِ عَبْدِ اللهِ عَنْ أَبِيهِ عَنِ النَّبِسيِّ ^... 龘 مثله.

৫৭৪. আবৃ বাক্র ইব্নু আবৃ মৃসা 🚌 হতে তাঁর পিতার সূত্রে বর্ণিত, তিনি বলেন, আল্লাহর রসূল 🚅 বলেছেন : যে ব্যক্তি দুই শীতের (ফাজর ও 'আসরের) সলাত আদায় করবে, সে জান্নাতে প্রবেশ করবে। ইব্নু রজা' (রহ.) বলেন, হাম্মাম (রহ.) আবূ জামরাহ (রহ.) হতে বর্ণনা করেন যে, আবূ বাক্র ইব্নু 'আবদুল্লাহ্ ইব্নু কায়স (রহ.) তাঁর নিকট এ হাদীস বর্ণনা করেছেন। (আ.প্র. ৫৪০, ই.ফা. ৫৪৬)

'আব্দুল্লাহ্ 🚍 সূত্রে নাবী 🕰 হতে এ রকমই বর্ণনা করেছেন। (মুসলিম ৫/৩৭, হাঃ ৬৩৫ , আহমাদ ১৬৭৩০) (আ.প্র. নাই, ই.ফা. ৫৪৭)

### ٢٧/٩. بَابِ وَقَتِ الْفَجْرِ. ৯/২৭. অধ্যায় : ফাজ্রের সময়।

٥٧٥. *هرثنا* عَمْرُو بْنُ عَاصِمٍ فَالَ حَدَّثَنَا هَمَّامٌ عَنْ قَتَادَةً عَنْ أَنسِ بْنِ مَالِكٍ أَنْ زَيْدَ بْنَ ثَابِتٍ حَدَّثَـــهُ أَنَّهُمْ تَسَحَّرُوا مَعَ النَّبِيِّ ﷺ ثُمَّ قَامُوا إِلَى الصَّلاَّةِ قُلْتُ كَمْ بَيْنَهُمَا قَالَ قَدْرُ حَمْسِينَ أَوْ سِبِّينَ يَعْنِي آيَةً.

৫৭৫. যায়দ ইব্নু সাবিত 🚌 হতে বর্ণিত। তিনি বলেন, তাঁরা নাবী 🚎 এর সঙ্গে সাহারী খেয়েছেন, অতঃপর ফার্জরের সলাতে দাঁড়িয়েছেন। আনাস 🚌 বলেন, আমি জিজ্ঞেস করলাম, এ দু'য়ের মাঝে কতটুকু সময়ের ব্যবধান ছিলো? তিনি বললেন, পঞ্চাশ বা ষাট আয়াত তিলাওয়াত করা যায়, এরূপ সময়ের ব্যবধান ছিলো। (১৯২১; মুসলিম ১৩/৯, হাঃ ১০৯৭, আহমাদ ২১৬৭৭) (আ.প্র. ৫৪১, ই.ফা. ৫৪৮)

٥٧٦. *هرثنا* حَسَنُ بْنُ صَبَّاحٍ سَمِعَ رَوْحَ بْنَ عُبَادَةً حَدَّثَنَا سَعِيدٌ عَنْ قَتَادَةَ عَنْ أَنَسِ بْنِ مَالِكِ أَنَّ نَبِيَّ اللهِ ﷺ وَزَيْدَ بْنَ ثَابِتٍ تَسَحَّرًا فَلَمَّا فَرَغَا مِنْ سَحُورِهِمَا قَامَ نَبِيُّ اللهِ ﷺ إِلَى الصَّلَاةِ فَصَلَّى قُلْنَا لِأَنْسٍ كَمْ كَانَ بَيْنَ فَرَاغِهِمَا مِنْ سَحُورِهِمَا وَدُخُولِهِمَا فِي الصَّلاَةِ قَالَ قَدْرُ مَا يَقْرَأُ الرَّجُلُ خَمْسِينَ آيَةً. ৫৭৬. আনাস ইব্নু মালিক হাতে বর্ণিত। আল্লাহ্র নাবী হাত ও যায়দ ইব্নু সাবিত হাত একসাথে সাহারী খাচ্ছিলেন, যখন তাঁদের খাওয়া হয়ে গেলো– আল্লাহ্র নাবী হাত ফোজরের) সলাতে দাঁড়িয়ে গেলেন এবং সলাত আদায় করলেন। কাতাদাহ্ (রহ.) বলেন, আমরা আনাস হাত কিজ্ঞেস করলাম, তাঁদের সাহারী খাওয়া হতে অবসর হয়ে সলাত শুরু করার মধ্যে কতটুকু সময়ের ব্যবধান ছিল? তিনি বললেন, একজন লোক পঞ্চাশ আয়াত তিলাওয়াত করতে পারে এতটুকু সময়। (১১৩৪) (আ.প্র. ৫৪২, ই.ফা. ৫৪৯)

٥٧٧. صَرَمُنَا إِسْمَاعِيلُ بْنُ أَبِي أُوَيْسِ عَنْ أَخِيهِ عَنْ سُلَيْمَانَ عَنْ أَبِي حَازِمٍ أَنَّهُ سَمِعَ سَهْلَ بْنَ سَـــعْدِ يَقُولُ كُنْتُ أَتَسَحَّرُ فِي أَهْلِي ثُمَّ يَكُونُ سُرُّعَةً بِي أَنَّ أَدْرِكَ صَلاَةَ الْفَجْرِ مَعَ رَسُولِ اللهِ ﷺ.

৫৭৭. সাহ্ল ইব্নু সা'দ ( হেন্দ্র) হতে বর্ণিত। তিনি বলেন, আমি আমার পরিবার-পরিজনের সঙ্গে - সাহারী খেতাম। খাওয়ার পরে আল্লাহর রসূল ক্ষ্মেই-এর সঙ্গে ফাজরের সলাত পাওয়ার জন্য আমাকে খুব তাড়াহুড়া করতে হতো। (১৯২০) (আ.গ্র. ৫৪৩, ই.ফা. ৫৫০)

٥٧٨. ح*ادثنا* يَحْيَى بْنُ بُكَيْرِ قَالَ أَحْبَرَنَا اللَّيْتُ عَنْ عُقَيْلٍ عَنْ ابْنِ شِهَابِ قَالَ أَخْبَرَنِي عُرْوَةُ بْنُ الزُّبَيْرِ أَنَّ عَائِشَةَ أَخْبَرَثَهُ قَالَتْ كُنَّ نِسَاءُ الْمُؤْمِنَاتِ يَشْهَدُنَ مَعَ رَسُولِ اللهِ ﷺ صَلاَةً الْفَحْرِ مُتَلَفِّعَاتِ بِمُسرُوطِهِنَّ ثُمَّ يَنْقَلِبْنَ إِلَى بُيُوتِهِنَّ حِينَ يَقَضِينَ الصَّلاَةَ لاَ يَعْرِفُهُنَّ أَحَدٌ مِنَ الْغَلَسِ.

৫৭৮. 'আয়িশাহ্ ক্রিক্স হতে বর্ণিত। তিনি বলেন; মুসলিম মহিলাগণ সর্বাঙ্গ চাদরে ঢেকে আল্লাহর রসূল ক্রিক্স-এর সঙ্গে ফার্জুরের জামা'আতে হাযির হতেন। অতঃপর সলাত আদায় করে তারা নিজ নিজ ঘরে ফিরে যেতেন। আবছা আঁধারে কেউ তাঁদের চিনতে পারতো না। \* (৩৭২) (আ.প্র. ৫৪৪, ই.ফা. ৫৫১)

٢٨/٩. بَابِ مَنْ أَدْرَكَ مِنَ الْفَجْرِ رَكْعَةً.

৯/২৮. অধ্যায় : যে ব্যক্তি ফাজরের এক রাক'আত পেল।

٥٧٩. صر ثنا عَبْدُ الله بْنُ مَسْلَمَةَ عَنْ مَالِك عَنْ زَيْدِ بْنِ أَسْلَمَ عَنْ عَطَاءِ بْنِ يَسَازِ وَعَنْ بُسْرِ بْنِ سَعِيد وَعَنِ الْأَعْرَجِ يُحَدَّثُونَهُ عَنَ أَبِي هُرَيْرَةَ أَنَّ رَسُولُ اللهِ عَنْ أَدْرَكَ مِنْ الصَّبْحِ رَكَّعَةً قَبْسِلَ أَنْ تَطْلُسِعُ الشَّمْسُ فَقَدْ أَدْرَكَ الصُّبْحَ وَمَنْ أَدْرَكَ رَكْعَةً مِنَ الْعَصْرِ قَبْلَ أَنْ تَعْرُبَ الشَّمْسُ فَقَدْ أَدْرَكَ الْعَصْرَ.

<sup>\*</sup> এ হাদীস দ্বারা স্পষ্টভাবে প্রমাণিত হয় যে, আমাদের দেশে অধিকাংশ মাসজিদে যে সময় ফাজ্রের সলাত আদায় করা হয় তা আদৌ এ হাদীস অনুযায়ী 'আমল করা হয় না। কারণ ফাজরের সলাত এমন অবস্থায় শেষ করা হয় যে, নিকট হতে তো দ্রের কথা অনেক দূর থেকেও একে অন্যকে চিনতে পারে। গুধু তা-ই নয়। লক্ষ্য করলে দেখা যায় যে, রমাযানের দিনগুলোতে যে সময় ফাজ্রের আযান দেয়া হয় তার থেকে রমাযান গুরুর পূর্বদিন ও ঈদুল ফিতরের দিন থেকে তার অনেক পরে আযান দেয়া হয়। অথচ একদিনে সময়ের ব্যবধান এত হতে পারে না। যদি কেউ নফল সওমের জন্য রমাযানের সময়ের বাইরে দেয়া আযান পর্যন্ত সাহারী থেতে থাকেন তাহলে তার সওম আদৌ হবে কি? কারণ উক্ত আযানের সময় সাহারীর শেষ সময়ও পার হয়ে যায়। দলিলহীনভাবে এ রকম না করে উচিত ছিল সর্বদা রমাযানের ন্যায়ই অন্য সময়ও আযান দেয়া যেন আযানের পূর্ব পর্যন্ত সাহারী খেকে মাহারীর সময় থাকে। গুধু তাই নয় বরং গুধুমাত্র রমাযান মাসেই তারা আউয়াল ওয়াক্তে ফাজ্রের সলাত আদায় করে থাকেন।

৫৭৯. আবৃ হুরাইরাহ্ ( হে বর্ণিত। আল্লাহর রসূল হে বলেছেন: যে ব্যক্তি সূর্য উঠার পূর্বে ফাজ্রের সলাতের এক রাক'আত পায়, সে ফাজ্রের সলাত পেল। আর যে ব্যক্তি সূর্য ডুবার পূর্বে 'আসরের সলাতের এক রাক'আত পেলো সে 'আসরের সলাত পেল। (৫৫৬) (আ.প্র. ৫৪৫, ই.ফা. ৫৫২)

### ٢٩/٩. بَابِ مَنْ أَدْرَكَ مِنْ الصَّلاَةِ رَكْعَةً.

### ৯/২৯. অধ্যায় : যে ব্যক্তি সলাতের এক রাক'আত পেল।

. ٥٨٠. **صَرَمُنَا** عَبْدُ اللهِ بَنُ يُوسُفَ قَالَ أَخْبَرَنَا مَالِكُ عَنْ ابْنِ شِهَابٍ عَنْ أَبِي سَلَمَةَ بْنِ عَبْدِ الرَّحْمَنِ عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ رَسُولَ اللهِ ﷺ قَالَ مَنْ أَدْرَكَ رَكَعَةً مِنْ الصَّلاَةِ فَقَدْ أَدْرَكَ الصَّلاَةَ.

৫৮০. আবৃ হুরাইরাহ্ 🚌 হতে বর্ণিত। আল্লাহর রসূল 🚎 বলেন: যে ব্যক্তি কোন সলাতের এক রাক'আত পায়, সে সলাত পেলো। (৫৫৬; মুসলিম ৫/৩০, হাঃ ৬০৭) (আ.প্র. ৫৪৬, ই.ফা. ৫৫৩)

### ٣٠/٩. بَابِ الصَّلاَةِ بَعْدَ الْفَجْرِ حَتَّى تَرْتَفِعَ الشَّمْسُ.

৯/৩০. অধ্যায় : ফাজ্রের পর সূর্য উঠার পূর্বে সলাত আদায়।

٥٨١. **طرثنا** حَفْصُ بْنُ عُمَرَ قَالَ حَدَّنَنَا هِشَامٌ عَنْ قَتَادَةً عَنْ أَبِي الْعَالِيَةِ عَنْ ابْنِ عَبَّاسٍ قَـــالَ شَــهِدَ عِنْدِي رِجَالٌ مَرْضِيُّونَ وَأَرْضَاهُمْ عِنْدِي عُمَرُ أَنَّ النَّبِيَّ ﷺ نَهَى عَنْ الصَّلاَةِ بَعْدَ الصُّــبْحِ حَتَّـــى تَشـــرُقَ الشَّمْسُ وَبَعْدَ الْعَصْر حَتَّى تَعْرُبَ

حَدَّثَنَا مُسَدَّدٌ قَالَ حَدَّثَنَا يَحْيَى عَنْ شُعْبَةً عَنْ قَتَادَةً سَمِعْتُ أَبَا الْعَالِيَةِ عَنْ ابْنِ عَبَّاسٍ قَالَ حَدَّثَنِي نَاسٌ ذَا.

৫৮১. ইব্নু 'আব্বাস ( হতে বর্ণিত। তিনি বলেন, কয়েকজন আস্থাভাজন ব্যক্তি যাঁদের মর্ধ্যে হলেন 'উমার ( আমাকে বলেছেন যে, আল্লাহর রসূল হতে ফাজ্রের পর সূর্য উজ্জ্বল হয়ে না উঠা পর্যন্ত এবং 'আসরের পর সূর্য অন্তমিত না হওয়া পর্যন্ত সালাত আদায় করতে নিষেধ করেছেন। (আ.প্র. ৫৪৭, ই.ফা. ৫৫৪)

ইব্নু 'আব্বাস 🗯 হতে বর্ণিত। তিনি বলেন, আমার নিকট কয়েক ব্যক্তি এরূপ বর্ণনা করেছেন। (মুসলিম ৬/৫১, হাঃ ৮২৬) (আ.প্র. নাই, ই.ফা. ৫৫৫)

٥٨٢. صَرَّتُنَا مُسَدَّدٌ قَالَ حَدَّثَنَا يَحْيَى بْنُ سَعِيد عَنْ هِشَامٍ قَالَ أَحْبَرَنِي أَبِي قَالَ أَحْبَرَنِي أَبِنُ عُمَرَ قَالَ قَالَ رَسُولُ اللهِ ﷺ لَا تَحَرَّوْا بِصَلاَتِكُمْ طُلُوعَ الشَّمْسُ وَلاَ غُرُوبَهَا.

৫৮২. ইব্নু 'উমার 😂 হতে বর্ণিত। তিনি বলেন, আল্লাহর রসূল 😂 বলেছেন : তোমরা সূর্যোদয় ও সূর্যান্তের সময় সলাত আদায়ের ইচ্ছা করো না। (৫৮৫, ৫৮৯, ১১৯২, ১৬২৯, ৩২৭৩) (আ.প্র. ৫৪৮, ় ই.ফা. ৫৫৬) ٥٨٣. وَقَالَ حَدَّثَنِي ابْنُ عُمَرَ قَالَ قَالَ رَسُولُ اللهِ ﷺ إِذَا طَلَعَ حَاجِبُ الشَّمْسِ فَأَخَّرُوا الصَّلاَةَ حَتَّـــى تَرْتَفِعَ وَإِذَا غَابَ حَاجِبُ الشَّمْسِ فَأَخَّرُوا الصَّلاَةَ حَتَّى تَغيبَ تَابَعَهُ عَبْدَةً.

৫৮৩. ইব্নু 'উমার ( ) আমাকে আরও বলেন যে, আল্লাহর রস্ল ক বলেছেন : যদি সূর্যের একাংশ প্রকাশ পেয়ে যায়, তাহলে পূর্ণরূপে উদিত না হওয়া পর্যন্ত সলাত আদায়ে দেরি করো। আর যদি তার একাংশ ডুবে যায় তাহলে সম্পূর্ণরূপে অন্তমিত না হওয়া পর্যন্ত সলাত আদায়ে দেরি করো। 'আবদাহও এ রকমই বর্ণনা করেছেন। (৩২৭২; মুসলিম ৬/৫১, হাঃ ৮২৮, আহমাদ ৪৮৮৫) (আ.প্র. ৫৪৮ শেষাংশ, ই.ফা. ৫৫৬ শেষাংশ)

٥٨٤. حَرْمَنَا عُبَيْدُ بْنُ إِسْمَاعِيلَ عَنْ أَبِي أَسَامَةً عَنْ عُبَيْدِ اللهِ عَنْ خُبَيْبِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ عَنْ حَفْسِصِ بَنِ عَاصِمٍ عَنْ أَبِي هُرَيْرَةً أَنَّ رَسُولَ اللهِ عَلَى اللهِ عَنْ بَيْعَتَيْنِ وَعَنْ لِبْسَتَيْنِ وَعَنْ صَلاَتَيْنِ نَهَى عَنْ الصَّلَةَ بَعْدَ الْفَصْمِ عَنْ أَبِي هُرَيْرَةً أَنَّ رَسُولَ اللهِ عَلَى عَنْ بَيْعَتَيْنِ وَعَنْ لِبْسَتَيْنِ وَعَنْ صَلاَتَيْنِ نَهَى عَنْ الصَّلَا الصَّمَّاءِ وَعَنْ اللهِ عَلَى السَّمْسُ وَبَعْدَ الْعَصْرِ حَتَّى تَعْرُبَ الشَّمْسُ وَعَنْ الشَيْمَالِ الصَّمَّاءِ وَعَنْ الإِحْتِبَاءِ فِي يَوْبُ وَالْمُلاَمَسَة.

৫৮৪. আবৃ হুরাইরাহ্ হতে বর্ণিত। আল্লাহর রস্ল হু দু'ধরনের বেচা-কেনা করতে, দু'ভাবে পোষাক পরিধান করতে এবং দু'সময়ে সলাত আদায় করতে নিষেধ করেছেন। ফাজরের পর সূর্য পূর্ণরূপে উদিত না হওয়া পর্যন্ত এবং 'আসরের পর সূর্য অস্তমিত না হওয়া পর্যন্ত তিনি কোনো সলাত আদায় করতে নিষেধ করেছেন। আর পুরো শরীর জড়িয়ে কাপড় পরতে এবং এক কাপড়ে (যেমন লুঙ্গি ইত্যাদি পরে) হাঁটু খাড়া করে এমনভাবে বসতে নিষেধ করেছেন যাতে লজ্জাস্থান উপরের দিকে খুলে যায়। আর মুনাবাযাহ ও মুলামাসাহ (এর পন্থায় বেচা-কেনা) নিষেধ করেছেন। (৩৬৮) (আ.প্র. ৫৪৯, ই.ফা. ৫৫৭)

### ٣١/٩. بَابِ لاَ تُتَحَرَّى الصَّلاَةُ قَبْلَ غُرُوبِ الشَّمْسِ.

৯/৩১. অধ্যায় : সূর্যান্তের পূর্ব মুহূর্তে সলাত আদায়ের উদ্যোগ নিবে না।

٥٨٥. صَرَتُنَا عَبْدُ اللهِ بْنُ يُوسُفَ قَالَ أَخْبَرَنَا مَالِكُ عَنْ نَافِعٍ عَنْ ابْنِ عُمَرَ أَنَّ رَسُولَ اللهِ ﷺ قَـــالَ لاَ يَتَحَرَّى أَحَدُكُمْ فَيُصَلِّي عِنْدَ طُلُوعِ الشَّمْسِ وَلاَ عِنْدَ غُرُوبِهَا.

৫৮৫. ইব্নু 'উমার 🚌 হতে বর্ণিত। রসূলুল্লাহ 🚎 বলেছেন: তোমাদের কেউ যেন সূর্যোদয় ও সূর্যান্তের সময় সলাত আদায়ের উদ্যোগ না নেয়। (৫৮২) (আ.প্র. ৫৫০, ই.ফা. ৫৫৮)

٥٨٦. **طَرْتُنَا** عَبْدُ الْعَزِيزِ بْنُ عَبْدِ اللهِ قَالَ حَدَّنَنَا إِبْرَاهِيمُ بْنُ سَعْدِ عَنْ صَالِحٍ عَنْ ابْنِ شَهَابِ قَــالَ أَخْبَرَنِي عَطَاءُ بْنُ يَزِيدَ الْحُنْدَعِيُّ أَنَّهُ سَمِعَ أَبَا سَعِيدِ الْخُدْرِيُّ يَقُولُ سَمَعْتُ رَسُولُ اللهِ ﷺ يَقُولُ لاَ صَــلاَةَ بَعْدَ الصَّبُحِ حَتَّى تَوْيِد الشَّمْسُ.

৫৮৬. আবৃ সা'ঈদ খুদ্রী ( হতে বর্ণিত। তিনি বলেন, আমি আল্লাহর রসূল ক্রি-কে বলতে শুনেছি যে, ফাজরের পর সূর্য উদিত হয়ে (একটু) উপরে না উঠা পর্যন্ত এবং 'আসরের পর সূর্য অন্তমিত না হওয়া পর্যন্ত কোন সলাত নেই। (১১৮৮, ১১৯৭, ১৮৬৪, ১৯৯২, ১৯৯৫; মুসলিম ৬/৫১, হাঃ ৮২৭, আহমাদ ১১০৪০) (আ.প্র. ৫৫১, ই.ফা. ৫৫৯)

٥٨٧. **صَرَّنَا** مُحَمَّدُ بَنُ أَبَانَ قَالَ حَدَّثَنَا غُنْدَرُ قَالَ حَدَّثَنَا شُعْبَةُ عَنْ أَبِي التَّيَّاحِ قَالَ سَمِعْتُ حُمْرَانَ بَنَ أَبَانَ يُحَدِّثُ عَنْ مُعَاوِيَةَ قَالَ إِنَّكُمْ لَتُصَلُّونَ صَلاَةً لَقَدْ صَحِبْنَا رَسُولَ اللهِ ﷺ فَمَا رَأَيْنَاهُ يُصَلِّيهَا وَلَقَدْ نَهَـــى عَنْهُمَا يَعْنِي الرَّكُعَنَيْنِ بَعْدَ الْعَصْرِ.

৫৮৭. মু'আবিয়াহ ( হতে বর্ণিত। তিনি বলেন, তোমরা এমন এক সলাত আদায় করে থাকরসূলুল্লাহ্ ক্রি-এর সাহচর্য লাভ করা সত্ত্বেও আমরা তাঁকে কখনও তা আদায় করতে দেখিনি। বরং তিনি
তা হতে নিষেধ করেছেন। অর্থাৎ 'আসরের পর দু'রাক'আত। (৩৭৬৬) (আ.প্র. ৫৫২, ই.ফা. ৫৬০)

٥٨٨. حارثنا مُحَمَّدُ بْنُ سَلاَمٍ قَالَ حَدَّثَنَا عَبْدَةُ عَنْ عُبَيْدِ اللهِ عَنْ خُبَيْبِ عَنْ حَفْصِ بْنِ عَاصِمٍ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ نَهَى رَسُولُ اللهِ عَنْ صَلاَتَيْنِ بَعْدَ الْفَجْرِ حَتَّى تَطْلُعَ الشَّمْسُ وَبَعْدَ الْعَصْــرِ حَتَّـــى تَعْــرُبَ الشَّمْسُ. الشَّمْسُ.

৫৮৮. আবৃ হুরাইরাহ্ ( হে বর্ণিত। তিনি বলেন, আল্লাহর রস্ল হে দু' সময়ে সলাত আদায় করতে নিষেধ করেছেন। ফাজরের পর সূর্য উঠা পর্যন্ত এবং 'আসরের পর সূর্য ডুবা পর্যন্ত। (৩৬৮) (আ.প্র. ৫৫৩, ই.ফা. ৫৬১)

# ٣٢/٩. بَابِ مَنْ لَمْ يَكُرَهُ الصَّلاَةَ إِلاَّ بَعْدَ الْعَصْرِ وَالْفَجْرِ

৯/৩২. অধ্যায় : যিনি 'আসরের ও ফাজ্রের পর ছাড়া অন্য সময়ে সলাত আদায় মাকরুহ মনে করেন না।

رَوَاهُ عُمَرُ وَابَنُ عُمَرَ وَأَبُو سَعِيدٍ وَأَبُو هُرَيْرَةً.

'উমার, ইব্নু 'উমার, আবৃ সা'ঈদ ও আবৃ হুরাইরাহ্ 🚌 এ হাদীস বর্ণনা করেছেন।

٥٨٩. **صَرَمُنا** أَبُو التُّعْمَانِ حَدَّثَنَا حَمَّادُ بْنُ زَيْدِ عَنْ أَيُّوبَ عَنْ نَافِعٍ عَنْ ابْنِ عُمَرَ قَالَ أُصَلِّي كَمَا رَأَيْتُ أَصْحَابِي يُصَلُّونَ لاَ أَنْهَى أَحَدًا يُصَلِّي بِلَيْلٍ وَلاَ نَهَارٍ مَا شَاءَ غَيْرَ أَنْ لاَ تَحَرَّوْا طُلُوعَ الشَّمْسِ وَلاَ غُرُوبَهَا.

৫৮৯. ইব্নু 'উমার ( হাত বর্ণিত। তিনি বলেন, আমি আমার সাথীদের যেভাবে সলাত আদায় করতে দেখেছি সেভাবেই আমি সলাত আদায় করি। সূর্যোদয় ও সূর্যাস্তের সময়ে সলাতের ইচ্ছা করা ভিন্ন ব্রাতে বা দিনে যে কোনো সময়ে কেউ সলাত আদায় করতে চাইলে আমি নিষেধ করি না। (৫৮২) (আ.প্র. ৫৫৪, ই.ফা. ৫৬২)

# ٣٣/٩. بَابِ مَا يُصَلَّى بَعْدَ الْعَصْرِ مِنَ الْفَوَائِتِ وَنَحْوِهَا

৯/৩৩. অধ্যায় : 'আসরের পর কাষা বা অনুরূপ কোন সলাত আদায় করা।

قَالَ أَبُو عَبْد اللهِ وَقَالَ كُرْيَبٌ عَنْ أُمِّ سَلَمَةَ صَلَّى النَّبِيُّ ﷺ بَعْدَ الْعَصْرِ رَكْعَتَيْنِ وَقَالَ شَغَلَنِي نَاسٌّ مِـــنْ عَبْد الْقَيْس عَنْ الرَّكَعَتَيْن بَعْدَ الظُّهْر.

কুরায়ব (রহ.) উম্মু সালামাহ হাত বর্ণনা করেন যে, নাবী 🥰 'আসরের পর দু'রাক'আত সলাত আদায় করলেন এবং বললেন, 'আবদুল কায়স গোত্রের লোকেরা আমাকে যুহরের পরবর্তী দু'রাক'আত সলাত আদায় হতে (বিরত করে) মশগুল রেখেছিল।

٥٩٠. حرثنا أبُو نَعَيْمٍ قَالَ حَدَّثَنَا عَبْدُ الْوَاحِدِ بْنُ أَيْمَنَ قَالَ حَدَّثَنِي أَبِي أَنَّهُ سَمِعَ عَائِشَةَ قَالَتْ وَالَّذِي ذَهَبَ بِهِ مَا تَرَكَهُمَا حَتَّى لُقِي الله وَمَا لَقِي الله تَعَالَى حَتَّى ثَقُلَ عَنْ الصَّلاَةِ وَكَانَ يُصَلِّي كَثِيرًا مِنْ صَلاَتِهِ قَاعِدًا تَعْنِي الرَّكَعَيْنِ بَعْدَ الْعَصْرِ وَكَانَ النَّبِيُ عَلَيْ يُصَلِّيهِمَا وَلاَ يُصَلِّيهِمَا فِي الْمَسْجِدِ مَخَافَةً أَنْ يَتُقِل عَلَى عَلَى أَمَّتُهُ وَكَانَ يُتُقِل عَلَى أَمَّتُه وَكَانَ يُحبُّ مَا يُخَفِّفُ عَنْهُمْ.

কে০. 'আয়িশাই ক্রিল্লা হতে বর্ণিত। তিনি বলেন, সে মহান সন্তার শপথ, যিনি তাঁকে (নবী ক্রি-কে) উঠিয়ে নিয়েছেন, আল্লাহ্র সান্নিধ্যে যাওয়ার পূর্ব পর্যন্ত তিনি দু'রাক'আত সলাত কখনই ছাড়েননি। আর সলাতে দাঁড়ানো যখন তাঁর পক্ষে সম্ভব হয়নি, তখনই তিনি আল্লাহ্র সান্নিধ্যে চলে গেছেন। তিনি তাঁর এ সলাত অধিকাংশ সময় বসে বসেই আদায় করতেন। 'আয়িশাহ্ ক্রিল্লা এ সলাত ঘারা 'আসরের পরবর্তী দু'রাক'আতের কথা বুঝিয়েছেন। আল্লাহর রসূল ক্রিট্র এ দু'রাক'আতে সলাত আদায় করতেন, তবে উন্মাতের উপর বোঝা হয়ে পড়ার আশংকায় তা মাসজিদে আদায় করতেন না। কেননা, উন্মাতের জন্য যা সহজ হয় তাই তাঁর কাম্য ছিল। (৫৯১, ৫৯২, ৫৯৩, ১৬৩১) (আ.প্র. ৫৫৫, ই.ফা. ৫৬৩)

٥٩١. صَرَتُنَا مُسَدَّدٌ قَالَ حَدَّنَنَا يَحْيَى قَالَ حَدَّنَنَا هِشَامٌ قَالَ أَخْبَرَنِي أَبِي قَالَتْ عَائِشَةُ ابْنَ أُخْتِي مَـــا تَرَكَ النَّبِيُّ ﷺ السَّجْدَتَيْنِ بَعْدَ الْعَصْرِ عِنْدِي قَطُّ.

৫৯১. 'আয়িশাহ্ ( হতে বর্ণিত। তিনি বলেন, হে ভার্মেণ্র নাবী ক্রিই আমার নিকট উপস্থিত থাকার কালে 'আসরের পরবর্তী দু'রাক'আত কখনও ছাড়েননি। (৫৯০; মুসন্দিম ৬/৫৩, হাঃ ৮৩৫) (আ.প্র. ৫৫৬, ই.ফা. ৫৬৪)

٥٩٢. **طَرْمُنَا** مُوسَى بْنُ إِسْمَاعِيلَ قَالَ حَدَّثَنَا عَبْدُ الْوَاحِدِ قَالَ حَدَّثَنَا الشَّيْبَانِيُّ قَالَ حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بَنُ الأَسْوَدِ عَنْ أَبِيهِ عَنْ عَائِشَةَ قَالَتْ رَكْعَتَانِ لَمْ يَكُنْ رَسُولُ اللهِ ﷺ يَدَعُهُمَا سِرُّا وَلاَ عَلَانِيَةً رَكْعَتَانِ قَبْلَ صَلاَةِ الصُّبُحِ وَرَكْعَتَانِ بَعْدَ الْعَصْرِ.

৫৯২. 'আয়িশাহ্ ক্রিক্স হতে বর্ণিত। তিনি বলেন, দু'রাক'আত সলাত আল্লাহর রসূল ক্রিক্স প্রকাশ্যে বা গোপনে কোন অবস্থাতেই ছাড়তেন না। তাহলো ফাজ্রের সলাতের পূর্বের দু'রাক'আত ও 'আসরের পরের দু'রাক'আত। (৫৯০) (আ.শ্র. ৫৫৭, ই.ফা. ৫৬৫)

٥٩٣. **حرثنا** مُحَمَّدُ بْنُ عَرْعَرَةَ قَالَ حَدَّنَنا شُعْبَةُ عَنْ أَبِي إِسْحَاقَ قَالَ رَأَيْتُ الأَسْوَدَ وَمَسْرُوقًا شَهِدَا عَلَى عَائِشَةَ قَالَتْ مَا كَانَ النَّبِيُّ ﷺ يَأْتِينِي فِي يَوْمٍ بَعْدَ الْعَصْرِ إِلاَّ صَلَّى رَكْعَتَيْنِ.

৫৯৩. 'আয়িশাহ্ হ্রিক্স হতে বর্ণিত। তিনি বলেন, আল্লাহর্র রসূল ক্রিক্স যে দিনই 'আসর্বের পর আমার নিকট আসতেন সে দিনই দু'রাক'আত সলাত আদায় করতেন। (৫৯০) (আ.প্র. ৫৫৮, ই.ফা. ৫৬৬)

### ٣٤/٦٩. بَابِ التَّبْكِيرِ بِالصَّلاَةِ فِي يَوْمٍ غَيْمٍ.

#### ৯/৩৪. অধ্যায় : মেঘলা দিনে জলদি সলাত আদায় করা।

٥٩٤. **صَرَننا** مُعَاذُ بْنُ فَضَالَةَ قَالَ حَدَّثَنَا هِشَامٌ عَنْ يَحْيَى هُوَ ابْنُ أَبِي كَثِيرِ عَنْ أَبِي قَلَابَةَ أَنَّ أَبَا الْمَلِيحِ حَدَّنَهُ قَالَ كُنَّا مَعَ بُرَيْدَةً فِي يَوْمٍ ذِي غَيْمٍ فَقَالَ بَكِّرُوا بِالصَّلَاةِ فَإِنَّ النَّبِيَّ ﷺ قَالَ مَنْ تَرَكَ صَلاَةَ الْعَصْـــرِ حَبِطَ عَمَلُهُ.

৫৯৪. আবৃ মালীহ্ হতে বর্ণিত। তিনি বলেন, এক মেঘলা দিনে আমরা বুরাইদা হত এর সঙ্গে ছিলাম। তিনি বললেন, শীঘ্র সলাত আদায় করে নাও। কেননা, নাবী হু বলেছেন : যে ব্যক্তি 'আসরের সলাত ছেড়ে দেয় তার সমস্ত 'আমাল বিনষ্ট হয়ে যায়। (৫৫৩) (আ.প্র. ৫৫৯, ই.ফা. ৫৬৭)

### ٣٥/٩. بَابِ الْأَذَانِ بَعْدَ ذَهَابِ الْوَقْتِ.

#### ৯/৩৫. অধ্যায় : সময় চলে যাওয়ার পর আযান দেয়া।

٥٩٥. حرثنا عِمْرَانُ بَنُ مَيْسَرَةَ قَالَ حَدَّنَنَا مُحَمَّدُ بَنُ فُضَيَلِ قَالَ حَدَّنَنَا حُصَيْنٌ عَنْ عَبْد اللهِ بَنِ أَبِي قَتَادَةَ عَنْ أَبِيهِ قَالَ سَرْنَا مَعَ النَّبِي عَلَمُ لَيْلَةً فَقَالَ بَعْضُ الْقَوْمِ لَوْ عَرَّسْتَ بِنَا يَا رَسُولَ اللهِ قَالَ أَنَا أُوقِظُكُمْ فَاضْطَحَعُوا وَأَسْنَدَ بِلاَلٌ ظَهْرَهُ إِلَى رَاحِلَتِهِ فَعَلَبَتْهُ عَيْنَاهُ فَنَامَ فَنَامُوا عَنْ الصَّلاَةِ قَالَ بِلاَلٌ أَنَا أُوقِظُكُمْ فَاضْطَحَعُوا وَأَسْنَدَ بِلاَلٌ ظَهْرَهُ إِلَى رَاحِلَتِهِ فَعَلَبَتْهُ عَيْنَاهُ فَنَامَ فَلَا اللهُ فَنَالَ بِلاَلُ أَيْنَ مَا قُلْتَ قَالَ مَا ٱلْقَيْتُ عَلَى نَوْمَةً مِثْلُهَا قَطَّ فَاسَتَيْقَظَ النَّبِي عَلَى اللهُ وَقَدْ طَلَعَ حَاجِبُ الشَّمْسِ فَقَالَ يَا بِلاَلُ أَيْنَ مَا قُلْتَ قَالَ مَا ٱلْقَيْتُ عَلَى نَوْمَةً مِثْلُهَا قَطَّ فَالَ إِنَّ اللهَ قَبْضَ أَرْوَاحَكُمْ حِينَ شَاءَ وَرَدَّهَا عَلَيْكُمْ حِينَ شَاءَ يَا بِلاَلُ قُمْ فَأَذِنْ بِالنَّاسِ بِالصَّلاَةِ فَتُوضَا فَلَمَا وَالْيَاضَ بِالطَّلاَةِ فَتَوَضَا فَلَمَا اللهَ عَلَيْ اللهِ اللهُ عَنْ اللهُ قَبْمَ فَأَذِنْ بِالنَّاسِ بِالصَّلاَةِ فَتُوضَا فَلَمَا اللهُ عَنْ اللهُ قَالَ اللهُ قَبْمُ فَأَذِنْ بِالنَّاسِ بِالصَّلاَةِ فَتَوَضَا فَلَا اللهُ عَلَى اللهُ اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ اللهُ عَلَى اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ اللّهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ الله

৫৯৫. আবৃ কাতাদাহ্ ( হতে বর্ণিত। তিনি বলেন, এক রাতে আমরা আল্লাহর রসূল ক্রি-এর সঙ্গে ছিলাম। যাত্রী দলের কেউ কেউ বললেন, হে আল্লাহ্র রসূল! রাতের এ শেষ প্রহরে আমাদের নিয়ে যদি একটু বিশ্রাম নিতেন। রাসুলুল্লাহ্ ক্রিই বললেন: আমার ভয় হচ্ছে সলাতের সময়ও তোমরা ঘুমিয়ে থাকবে। বিলাল প্রা বললেন, আমি আপনাদের জাগিয়ে দিব। কাজেই সবাই শুয়ে পড়লেন। এ দিকে বিলাল (ক্রা) তাঁর হাওদার গায়ে একটু হেলান দিয়ে বসলেন। এতে তাঁর দু'চোখ মুদে আসলো। ফলে তিনি ঘুমিয়ে পড়লেন। সূর্য কেবল উঠতে শুরু করেছে, এমন সময় আল্লাহর রসূল ক্রাণ্ড জাগ্রত হলেন এবং বিলাল (ক্রা)-কে ডেকে বললেন, হে বিলাল! তোমার কথা গেলো কোথায়? বিলাল (ক্রা) বললেন, আমার এতো অধিক ঘুম আর কখনও পায়নি। আল্লাহর রসূল ক্রাণ্ড বললেন: আল্লাহ্ তা'আলা যখন ইচ্ছা করেছেন তখন তোমাদের রূহ্ কব্য করে নিয়েছেন; আবার যখন ইচ্ছা করেছেন তখন তা তোমাদের ফিরিয়ে দিয়েছেন। হে বিলাল! উঠ, লোকদের জন্য সলাতের আযান দাও। অতঃপর তিনি উযুকরলেন এবং সূর্য যখন উপরে উঠল এবং উজ্জ্বল হলো তখন তিনি দাঁড়ালেন এবং সলাত আদায় করলেন। (৭৪৭১) (আ.শ্র. ৫৬০, ই.লা. ৫৬৮)

٣٦/٩. بَابِ مَنْ صَلَّى بِالنَّاسِ جَمَاعَةً بَعْدَ ذَهَابِ الْوَقْتِ.

৯/৩৬. অধ্যায়: সময় চলে যাওয়ার পর লোকদের নিয়ে জামা আতে সলাত আদায় করা।

٥٩٦. **صَرَّنَا** مُعَاذُ بْنُ فَضَالَةً قَالَ حَدَّثَنَا هِشَامٌ عَنْ يَحْيَى عَنْ أَبِي سَلَمَةً عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللهِ أَنَّ عُمَرَ بُنَ الْخَطَّابِ جَاءَ يَوْمَ الْخَنْدَقِ بَعْدَ مَا غَرَبَتْ الشَّمْسُ فَجَعَلَ يَسُبُّ كُفَّارَ قُرَيْشِ قَالَ يَا رَسُولَ اللهِ مَا كَدْتُ أُصَلِّي الْعَصْرَ حَتَّى كَادَتُ الشَّمْسُ تَعْرُبُ قَالَ النَّبِيُ عَلَى وَاللهِ مَا صَلَّيْتُهَا فَقُمْنَا إِلَى بُطْحَانَ فَتَوَضَّأَ لِلصَّلَةِ وَلَيْهِ مَا صَلَّيْتُهَا فَقُمْنَا إِلَى بُطْحَانَ فَتَوَضَّأَ لِلصَّلَةِ وَتَوَضَّأَنَا لَهَا فَصَلَّى الْعَصْرَ بَعْدَ مَا غَرَبَتْ الشَّمْسُ ثُمَّ صَلَّى بَعْدَهَا الْمَغْرِبَ.

৫৯৬. জাবির ইব্নু 'আবদুল্লাহ্ হাতে বর্ণিত যে, খন্দকের দিন সূর্য অস্ত যাওয়ার পর 'উমার ইব্নু খাত্তাব হাত্ত এসে কুরাইশ গোত্রীয় কাফিরদের ভর্ৎসনা করতে লাগলেন এবং বললেন, হে আল্লাহ্র রসূল! আমি এখনও 'আসরের সলাত আদায় করতে পারিনি, এমন কি সূর্য অস্ত যায় যায়। নাবী হাত্ত বললেন আল্লাহ্র শপথ! আমিও তা আদায় করিনি। অতঃপর আমরা উঠে বৃতহানের দিকে গেলাম। সেখানে তিনি সলাতের জন্য উযু করলেন এবং আমরাও উযু করলাম; অতঃপর সূর্য ভূবে গেলে 'আসরের সলাত আদায় করেন, অতঃপর মাগরিবের সলাত আদায় করেন। (৫৯৮, ৬৪১, ৯৪৫, ৪১১২; মুসলিম ৫/৩৬, হাঃ ৬৩১) (আ.প্র. ৫৬১, ই.ফা. ৫৬৯)

وَقَالَ إِبْرَاهِيمُ مَنْ تَرَكَ صَلاَةً وَاحِدَةً عِشْرِينَ سَنَةً لَمْ يُعِدْ إِلاَّ تِلْكَ الصَّلاَةَ الْوَاحِدَةَ.

ইব্রাহীম (রহ.) বলেন, কেউ যদি বিশ বছরও এক ওয়াক্তের সলাত ছেড়ে দিয়ে থাকে তাহলে তাকে ওধু সে ওয়াক্তের সলাতই পুনরায় আদায় করতে হবে।

٥٩٧. صَرَمُنَا أَبُو نُعَيْمٍ وَمُوسَى بْنُ إِسْمَاعِيلَ قَالاً حَدَّثَنَا هَمَّامٌ عَنْ قَتَادَةَ عَنْ أَنَسِ بْنِ مَالِكِ عَنِ النَّبِسِيِّ النَّبِسِيِّ قَالَ مَنْ نَسِيَ صَلاَةً فَلَيُّصَلِّ إِذَا ذَكَرَهَا لاَ كَفَّارَةَ لَهَا إِلاَّ ذَلِكَ ﴿ وَأَقِيمُ الصَّلاَةَ للذِّكُرَ ﴾

قَالَ مُوسَى قَالَ هَمَّامُ سَمِعْتُهُ يَقُولُ بَعْدُ ﴿ وَأَقِمْ الصَّلاَّةَ للذِّكْرَ ﴾

قَالَ أَبُو عَبُد اللهِ وَقَالَ حَبَّانُ حَدَّنَنَا هَمَّامُ حَدَّنَنَا قَتَادَةُ حَدَّثَنَا أَنَسَّ عَنِ النَّبِيِّ ﷺ نَحْوَهُ.

৫৯৭. আনাস ইব্নু মার্লিক ( হতে বর্ণিত। নাবী হতে বর্লেছন: যদি কেউ কোনো সলাতের কথা ভুলে যায়, তাহলে যখনই স্মরণ হবে, তখন তাকে তা আদায় করতে হবে। এ ব্যতীত সে সলাতের অন্য কোনো কাফ্ফারা নেই। (কেননা, আল্লাহ্ তা'আলা ইরশাদ করেছেন) "আমাকে স্মরণের উদ্দেশে সলাত কায়িম কর" – (স্রাহ্ ত্বা-হা ২০/১৪)।

মূসা (রহ.) বলেন, হাম্মাম (রহ.) বলেছেন যে, আমি তাকে [কাতাদাহ (রহ.)] পরে বলতে শুনেছি, "আমাকে স্মরণের উদ্দেশে সলাত কায়িম কর।" (স্রাহ্ ড্বা-হা ২০/১৪)

হাব্বান (রহ.) বলেন, আনাস ( ব্রান এর সূত্রে আল্লাহর রসূল হ্রান্ট হতে অনুরূপ হাদীস বর্ণিত আছে। (মুসলিম ৫/৫৫, হাঃ ৬৮৪, আহমাদ ১৩৫৫০) (আ.প্র. ৫৬২, ই.ফা. ৫৭০)

### ٣٨/٩. بَابِ قَضَاء الصَّلاَة الأُولَى فَالأُولَى.

#### ৯/৩৮. অধ্যায়: একাধিক সালাতের কাষা ক্রমান্বয়ে আদায় করা।

٥٩٨. **طَرَثُنَا** مُسَدَّدٌ قَالَ حَدَّثَنَا يَحْيَى الْقَطَّانُ أَخْبَرَنَا هِشَامٌ قَالَ حَدَّثَنَا يَحْيَى هُوَ ابْنُ أَبِي كَثْيرِ عَنْ أَبِي سَلَمَةَ عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللهِ قَالَ جَعَلَ عُمَرُ يَوْمَ الْخَنْدَق يَسُبُّ كُفَّارَهُمْ وَقَالَ مَا كِدْتُ أُصَلِّي الْعَصْرَ حَتَّى غَرَبَتْ قَالَ فَنَزَلْنَا بُطْحَانَ فَصَلَّى بَعْدَ مَا غَرَبَتْ الشَّمْسُ ثُمَّ صَلَّى الْمَغْرِبَ.

৫৯৮. জাবির হার হতে বর্ণিত। তিনি বলেন, খন্দকের যুদ্ধকালে এক সময় 'উমার হার কুরাইশ কাফিরদের তিরস্কার করতে লাগলেন এবং বললেন, সূর্যান্তের পূর্বে আমি 'আসরের সলাত আদায় করতে পারিনি, [জাবির হার বলেন] অতঃপর আমরা বুতহান উপত্যকায় উপস্থিত হলাম। সেখানে তিনি সূর্যান্তের পর সে সলাত আদায় করলেন, তার পরে মাগরিবের সলাত আদায় করলেন। (৫৯৬) (আ.প্র. ৫৬৩, ই.ফা. ৫৭১)

### ٣٩/٩. بَابِ مَا يُكْرَهُ مِنْ السَّمَرِ بَعْدَ الْعِشَاءِ.

#### ৯/৩৯. অধ্যায় : 'ইশার সলাতের পর গল্প গুজব করা মাকরহ।

السَّامِرُ مِنَ السَّمَرِ وَالْجَمْعُ السُّامَّارُ وَالسَّامِرُ هَاهُنَا فِيْ مَوْضِعِ الْجَمْعِ وَأَصْلُ السَّمَرِ ضَوْءُ لَونِ الْقَمَــرِ وَكَانُوْا يَتَحَدَّثُوْنَ فَيْه

(পবিত্র কুরআনে উল্লেখিত) السَّامِرُ শব্দিটি السَّامِرُ ধাতু হতে নির্গত। এর বহুবঁচন السَّامِرُ । এ আয়াতে السَّامِرُ শব্দ বহুবচনরূপে ব্যবহৃত হয়েছে।

990. حرثنا مُسَدَّدُ قَالَ حَدَّثَنَا يَحْيَى قَالَ حَدَّثَنَا عَوْفُ قَالَ حَدَّنَنَا أَبُو الْمَنْهَالِ قَالَ انْطَلَقْتُ مَعَ أَبِي اللهِ عَلَيْ اللهِ عَلَيْ الْمَكْنُوبَةَ قَالَ كَانَ يُصَلِي الْهَ عَلَيْ يُصَلِّي الْمَكْنُوبَةَ قَالَ كَانَ يُصَلِّي الْهَجِيرَ وَهِيَ التِّي تَدْعُونَهَا الأُولَى حِينَ تَدْحَضُ الشَّمْسُ وَيُصَلِّي الْعَصْرَ ثُمَّ يَرْجِعُ أَحَدُنَا إِلَى أَهْلِهِ فِي أَقْصَى الْهَجِيرَ وَهِيَ التِّي تَدْعُونَهَا الأُولَى حِينَ تَدْحَضُ الشَّمْسُ وَيُصَلِّي الْعَصْرَ ثُمَّ يَرْجِعُ أَحَدُنَا إِلَى أَهْلِهِ فِي أَقْصَى الْهَدينَة وَالشَّمْسُ حَيَّةٌ وَنَسِيتُ مَا قَالَ فِي الْمَعْرِبِ قَالَ وَكَانَ يَسْتَحِبُ أَنْ يُؤَخِّرَ الْعِشَاءَ قَالَ وَكَانَ يَكُسِرَهُ النَّوْمَ قَبْلَهُ وَالْحَدِيثَ بَعْدَهَا وَكَانَ يَنْفَتِلُ مِنْ صَلاَةٍ الْعَدَاةِ حِينَ يَعْرِفُ أَحَدُنَا جَلِيسَهُ وَيَقَرَأُ مِنْ السَّتِينَ إِلَى الْمَاتَة.

কে৯. আবৃ মিনহাল (রহ.) হতে বর্ণিত। তিনি বলেন, আমি আমার পিতার সঙ্গে আবৃ বার্যা আসলামী ( ন)-এর নিকট গোলাম। আমার পিতা তাঁকে জিজ্ঞেস করলেন, আল্লাহর রসূল কর্মের সলাত সমূহ কোন্ সময় আদায় করতেন? তিনি বললেন, রসূলুল্লাহ্ ক্র-যুহরের সলাত যাকে তোমরা প্রথম সলাত বলে থাকো, সূর্য ঢলে পড়লে আদায় করতেন। আর তিনি 'আসরের সলাত এমন সময় আদায় করতেন যে, আমাদের কেউ সূর্য সজীব থাকতেই মাদীনাহ্র শেষ প্রান্তে নিজ পরিজনের নিকট ফিরে আসতে পারতো। মাগরিব সম্পর্কে তিনি কী বলেছিলেন, তা আমি ভুলে গেছি। অতঃপর আবৃ বার্যা ক্রি বলেন, 'ইশার সলাত একটু বিলম্বে আদায় করাকে তিনি পছন্দ করতেন। আর 'ইশার পূর্বে ঘুমানো এবং পরে কথাবার্তা বলা তিনি অপছন্দ করতেন। আর এমন মুহূর্তে তিনি ফাজরের সলাত শেষ করতেন যে, আমাদের যে কেউ তার পার্শ্ববর্তী ব্যক্তিকে চিনতে পারত। এ সলাতে তিনি ঘাট হতে একশত আয়াত তিলাওয়াত করতেন। (৫৪১) (আ.প্র. ৫৬৪, ই.ফা. ৫৭২)

هُ/ه. بَابِ السَّمَرِ فِي الْفَقَهِ وَالْخَيْرِ بَعْدَ الْعِشَاءِ. ৯/৪০. অধ্যায় : 'ইশার পর জ্ঞানচর্চা ও কল্যাণকর বিষয়ের আলোচনা।

٠٦٠. صرتنا عَبْدُ الله بْنُ الصَّبَاحِ قَالَ حَدَّنَنَا أَبُو عَلِي ٱلْحَنَفِيُّ حَدَّنَنَا قُرَّةُ بْنُ خَالِد قَالَ انْتَظَرْنَا الْحَسَنَ وَرَاثَ عَلَيْنَا حَتَّى قَرُبْنَا مِنَ وَقَتِ قِيَامِهُ فَجَاءَ فَقَالَ وَعَانَا جَيرَائَنَا هَوُلاَء ثُمَّ قَالَ قَالَ أَنَسُ بْنُ مَالِكُ انْتَظَرْنَا النَّيِّ قَلَا الله انْتَظَرْنَا الله النَّظَرُنَا الله النَّظَرُنَا مَنَ مَالِكُ النَّاسَ قَدَ صَلَّوا تُسمَّ النَّيِيَ عَلَيْهُ وَجَاءَ فَصَلَّى لَنَا ثُمَّ خَطَبَنَا فَقَالَ أَلاَ إِنَّ النَّاسَ قَدَ صَلَّوا تُسمَّ رَقَدُوا وَإِنَّكُمْ لَمْ تَزَالُونَ بِخَيْرٍ مَا انْتَظَرُوا الْخَيْرَ وَقَلَ الْحَسَنُ وَإِنَّ الْقَوْمَ لاَ يَزَالُونَ بِخَيْرٍ مَا انْتَظَرُوا الْخَيْرَ وَالله قَلَ الْحَسَنُ وَإِنَّ الْقَوْمَ لاَ يَزَالُونَ بِخَيْرٍ مَا انْتَظَرُوا الْخَيْرَ وَاللهُ فَرَّةُ هُوَ مِنْ حَدِيثِ أَنُسِ عَنِ النَّبِي عَلَيْهِ

৬০০. কুর্রাহ ইব্নু খালিদ (রহ.) হতে বর্ণিত। তিনি বলেন, একদা আমরা হাসান বসরী (রহ.)এর অপেক্ষায় ছিলাম। তিনি এতো বিলম্বে আসলেন যে, নিয়মিত সলাত শেষে চলে যাওয়ার সময় ঘনিয়ে
আসলো। এরপর তিনি এসে বললেন, আমাদের এ প্রতিবেশীগণ আমাদের ডেকেছিলেন। অতঃপর তিনি
বললেন, আনাস ইব্নু মালিক ( কর্মে) বর্ণনা করেছেন, এক রাতে আমরা নাবী ক্রি-এর অপেক্ষায় ছিলাম।
এমন কি প্রায়্ম অর্ধেক রাত হয়ে গেলো, তখন এসে তিনি আমাদের নিয়ে সলাত আদায় করলেন।
অতঃপর আমাদের সম্বোধন করে তিনি বললেন। জেনে রাখ। লোকেরা সলাত আদায় করে ঘুমিয়ে

পড়েছে, তবে তোমরা যতক্ষণ সলাতের অপেক্ষায় ছিলে ততক্ষণ সালাতেই রত ছিলে। হাসান (বসরী (রহ.) বলেন, মানুষ যতক্ষণ কল্যাণের অপেক্ষায় থাকে, ততক্ষণ তারা কল্যাণেই রত থাকে। কুর্রা (রহ.) বলেন, এ উক্তি আনাস ( কর্তুক বর্ণিত আল্লাহর রস্ল ক্ষ্ট্রে-এর হাদীসেরই অংশ। (৫৭২) (আ.গ্র. ৫৬৫, ই.ফা. ৫৭৩)

৬০১. 'আবদুল্লাহ্ ইব্নু 'উমার ক্রি হৈতে বর্ণিত। নার্বী ক্রি একর্বার তাঁর শেষ জীবনে 'ইশার সলাত আদায় করে সালাম ফিরবার পর বললেন : আজকের এ রাত সম্পর্কে তোমাদের অভিমত কী? আজ হতে নিয়ে একশ' বছরের মাথায় আজ যারা ভূ-পৃষ্ঠে আছে তাদের কেউ অবশিষ্ট থাকবে না। কিন্তু সহাবীগণ আল্লাহর রসূল ক্রি-এর 'একশ' বছরের' এ উক্তি সম্পর্কে নানা রকম জল্পনা-কল্পনা করতে থাকলেন। প্রকৃতপক্ষে আল্লাহর রসূল ক্রি বলেছেন : আজকে যারা জীবিত আছে তাদের কেউ ভূ-পৃষ্ঠে থাকবে না। এর দ্বারা তিনি বুঝাতে চেয়েছেন যে, এ শতান্দী ঐ যুগের পরিসমাপ্তি ঘটাবে। (১১৬) (আ.প্র. ৫৬৬, ই.ফা. ৫৭৪)

## 1/9 ٤. بَابِ السَّمَرِ مَعَ الضَّيْفِ وَالْأَهْلِ.

৯/৪১. অধ্যায় : পরিবার-পরিজন ও মেহ্মানের সাথে রাতে কথাবার্তা বলা।

٦٠٢. حَرَثُنَا أَبُو النَّعْمَانِ قَالَ حَدَّنَا مُعْتَمِرُ بَنُ سُلَيْمَانَ قَالَ حَدَّنَا أَبِي حَدَّنَا أَبُو عُثْمَانَ عَالَ عَنْدَهُ طَعَامُ اثْنَتْ وَالْ النَّبِيَّ فَلَمْ قَالَ مَنْ كَانَ عِثْدَهُ طَعَامُ اثْنَتْ وَالْ النَّبِيِّ فَلَمْ النَّبِيِّ فَلَا النَّبِيِّ فَلَا النَّبِيِّ فَلَا النَّبِيِ النَّهِ النَّبِي النَّهِ النَّبِي النَّهِ النَّهُ الْمَا أَبُوا عَلَى النَّبِي النَّهِ اللَّهِ النَّهِ النَّهِ النَّهِ النَّهِ اللَّهِ اللَّهِ النَّهِ اللَّهِ اللَّهُ الْمُو الْمُو الْمُو اللَّهُ الْمُو اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّ

هَذَا قَالَتُ لَا وَقُرَّةٍ عَيْنِي لَهِيَ الْآنَ أَكْثَرُ مِنْهَا قَبْلَ ذَلِكَ بِثَلاَثِ مَرَّاتِ فَأَكُلَ مِنْهَا أَبُو بَكْرٍ وَقَالَ إِنَّمَا كَــانَ ذَلِكَ مِنْ الشَّيْطَانِ يَعْنِي يَمِينَهُ ثُمَّ أَكُلَ مِنْهَا لُقْمَةً ثُمَّ حَمَلَهَا إِلَى النَّبِيِّ ﷺ فَأَصْبَحَتْ عِنْدُهُ وَكَانَ بَيْنَنَا وَبَيْنَ قُوْمٍ عَقَدٌ فَمَضَى الْأَجَلُ فَفَرَّقَنَا اثْنَا عَشَرَ رَجُلاً مَعَ كُلِّ رَجُلٍ مِنْهُمْ أَنَاسٌ الله أَعْلَمُ كُمْ مَعَ كُلِّ رَجُلٍ فَأَكُوا مِنْهَا أَجْمَعُونَ أَوْ كَمَا قَالَ.

৬০২. 'আবদুর রহমান ইব্নু আবূ বাক্র 🚌 হতে বর্ণিত যে, আসহাবে সুফ্ফা ছিলেন খুবই দরিদ্র। (একদা) নাবী 🚎 বললেন : যার নিকট দু'জনের আহার আছে সে যেন (তাঁদের হতে) তৃতীয় জনকে সঙ্গে করে নিয়ে যায়। আর যার নিকট চারজনের আহারের সংস্থান আছে, সে যেন পঞ্চম বা ষষ্ঠজনকে সঙ্গে নিয়ে যায়। আবৃ বাক্র 🚌 তিনজন সাথে নিয়ে আসেন এবং আল্লাহর রসূল দশজন নিয়ে আসেন। আবদুর রহমান 🚌 বলেন, আমাদের ঘরে এবং আবূ বাকরের ঘরে আমি, আমার পিতা ও মাতা (এই তিন জন সদস্য) ছিলাম। রাবী বলেন, আমি জানি না, তিনি আমার স্ত্রী এবং খাদিম একথা বলেছিলেন কি-না? আবৃ বাক্র 🕽 আল্লাহর রসূল 🚎 এর ঘরেই রাতের আহার করেন, এবং 'ইশার সলাত পর্যন্ত সেখানে অবস্থান করেন। 'ইশা সলাতের পর তিনি আবার (রসূলুল্লাহ্ 🚓 এর ঘরে) ফিরে আসেন এবং নাবী 🚐 এর রাতের আহার শেষ করা পর্যন্ত সেখানেই অবস্থান করেন। আল্লাহর ইচ্ছায় রাতের কিছু সময় অতিবাহিত হ্বার পর বাড়ি ফিরলে তাঁর স্ত্রী তাঁকে বললেন, মেহমানদের নিকট আসতে কিসে আপনাকে ব্যস্ত রেখেছিল? কিংবা তিনি বলেছিলেন, (বর্ণনাকারীর সন্দেহ) মেহমান হতে। আবু বাক্র 🚌 বললেন, এখনও তাদের খাবার দাওনি? তিনি বললেন, আপনি না আসা পর্যন্ত তারা খেতে অস্বীকার করেন। তাদের সামনে উপস্থিত করা হয়েছিল, তবে তারা খেতে সম্মত হননি। 'আবদুর রহমান বলেন, (পিতার তিরস্কারের ভয়ে) আমি সরে গিয়ে আরগোপন করলাম। তিনি (রাগানিত হয়ে) বললেন, ওরে বোকা এবং ভর্ৎসনা করলেন। আর (মেহমানদের) বললেন, খেয়ে নিন। আপনারা অস্বস্তি তে ছিলেন। অতঃপর তিনি বললেন, আল্লাহ্র কসম! আমি এ কখনই খাব না। 'আবদুর রহমান 🚌 বলেন, আল্লাহর কসম! আমরা লোকমা উঠিয়ে নিতেই নীচ হতে তা অধিক পরিমাণে বেড়ে যাচ্ছিল। তিনি বলেন, সকলেই পেট ভরে খেলেন। অথচ পূর্বের চেয়ে অধিক খাবার রয়ে গেলো। আবূ বাক্র 🚌 খাবারের দিকে তাকিয়ে দেখতে পেলেন তা পূর্বের সমপরিমাণ কিংবা তার চাইতেও বেশি। তিনি তাঁর স্ত্রীকে বললেন, হে বানু ফিরাসের বোন। একি? তিনি বললেন, আমার চোখের প্রশান্তির কসম! এতো এখন পূর্বের চেয়ে তিনগুণ বেশি! আবূ বাক্র 🚌 ও তা হতে আহার করলেন এবং বললেন, আমার সে শপথ শয়তানের পক্ষ হতেই হয়েছিল। অতঃপর তিনি আরও লুক্মা মুখে দিলেন এবং অবশিষ্ট খাবার নাবী 🚗 এর দরবারে নিয়ে গেলেন। ভোর পর্যন্ত সে খাদ্য আল্লাহর রসূল 😂 এর কাছেই ছিল। এদিকে আমাদের ও অন্য একটি গোত্রের মাঝে যে সন্ধি ছিলো তার সময়সীমা পূর্ণ হয়ে যায়। (এবং তারা মাদীনাহ্য় আসে) আমরা তাদের বারজনের নেতৃত্বে ভাগ করে দেই। তাদের প্রত্যেকের সঙ্গেই কিছু কিছু লোক ছিলো। তবে প্রত্যেকের সঙ্গে কতজন ছিল তা আল্লাহ্ই জানেন। তারা সকলেই সেই খাদ্য হতে আহার করেন। (রাবী বলেন) কিংবা 'আবদুর রহমান 🚌 যেভাবে বর্ণনা করেছেন। (৩৫৮১, ৬১৪০, ৬১৪১; মুসলিম ৩৬/৩২, হাঃ ২০৫৭, আহমাদ ১৭০৪) (আ.প্র. ৫৬৭, ই.ফা. ৫৭৫)

بِسْمِ اللهِ الرَّحْمٰنِ الرَّحِيمِ. পরম দয়ালু করুণাময় আল্লাহ্র নামে

. كتَاب الأذَان পৰ্ব (১০) : আযান

• 1/1. بَابِ بَدْءُ الأَذَان.

১০/১. অধ্যায় : আযানের সূচনা।

وَقُولُهُ عَزَّ وَجَلَّ ﴿ وَإِذَا نَادَيْتُمْ إِلَى الصَّلاَةِ اتَّخَذُوهَا هُزُوًّا وَلَعِبًا ذَلِكَ بِأَنَّهُمْ قَوْمٌ لاَ يَعْقِلُونَ ﴾ وقوثله ﴿ إِذَا نُودِيَ لِلصَّلاَةِ مِنْ يَوْمِ الجُمُعَةِ ﴾

আল্লাহ্ তা'আলার বাণী: "আর যখন তোমরা সলাতের জন্য আহবান কর, তখন তারা একে হাসিত্রামাশা ও খেলা বলে মনে করে। কারণ তারা এমন লোক যাদের বোধশক্তি নেই—" (স্রাহ্ আল-মায়িদাহ ৫/৫৮)। আল্লাহ্ তা'আলা আরো বলেছেন: "আর যখন জুমু'আর দিনে সলাতের জন্য ডাকা হয়।" (স্রাহ্ আল-জুমু'আহ ৬২/৯)

হাফিয আবৃ 'উমার বিন 'আবদুর বর বলেন, ইমাম আহমাদ বিন হাম্বল, ইসহাক বিন রাহওয়াইহি, দাউদ বিন আলী, মোহাম্মদ বিন জরীর প্রভৃতি ইকামাতের শব্দগুলি একবার বা দু'বার করে বলার উভয়বিধ অভিমত গ্রহণ করেছেন। তাঁদের দৃষ্টিতে উভয় নিয়মই বিশুদ্ধ, বৈধ ও গ্রহণযোগ্য এবং ঐচ্ছিক ব্যাপার- যে ইচ্ছা করবে একবারও বলতে পারবে এবং অপরপক্ষে যে ইচ্ছা করবে দু'বার করেও বলতে পারবে। (তুহফা সহ তিরমিয়ী ১ম খণ্ড ১৭৪ পৃঃ)

হাফিয় আবু আওয়ানাহ তদীয় মসনদ গ্রহে ১ম খণ্ড ৩৩০ পৃষ্ঠায় বলেন, বিলালের আযানের ইক্মাত একবার করে বলার নিয়ম মনসূখ হয়নি। আবৃ মাহযূরাহ্র হাদীস হতে ইক্মাত দু'বার করে বলা প্রমাণিত হলেও তা হতে অধিক সহীহ আনাসের হাদীসে

٦٠٤. حرثنا مَحْمُودُ بْنُ غَيْلَانَ قَالَ حَدَّثَنَا عَبْدُ الرَّزَّاقِ قَالَ أَخْبَرَنَا ابْنُ جُرَيْجِ قَالَ أَخْبَرَنِي نَافِعٌ أَنَّ ابْنَ عُمْرَ كَانَ الْمُسْلَمُونَ حِينَ قَدِمُوا الْمَدينَةَ يَخْتَمعُونَ فَيَتَحَيَّنُونَ الصَّلاَةَ لَيْسَ يُنَادَى لَهَا فَتَكَلَّمُ وَعَمَرُ كَانَ يَقُولُ كَانَ الْمُسْلَمُونَ حِينَ قَدِمُوا الْمَدينَةَ يَخْتَمعُونَ فَيَتَحَيَّنُونَ الصَّلاَةَ لَيْسَ يُنَادَى لَها فَتَكَلَّمُ وَقَالَ بَعْضُهُمْ بَلْ بُوقًا مِثْلَ قَرْنِ الْيَهُ وِدِ يَوْمًا فِي ذَلِكَ فَقَالَ بَعْضُهُمْ بَلْ بُوقًا مِثْلَ قَرْنِ الْيَهُ وَقَالَ بَعْضُهُمْ بَلْ بُوقًا مِثْلَ قَرْنِ الْيَهُ وَقَالَ مَسُولُ الله فَقَالَ بَعْضُهُمْ بَلْ بُولًا يَتَعَدَّونَ رَجُلاً يُنَادِي بالصَّلاَة فَقَالَ رَسُولُ الله فَقَا يَا بِلاَلُ قُمْ فَنَاد بالصَّلاَة.

৬০৪. নাফি (রহ.) হতে বর্ণিত। তিনি বলেন, ইব্নু 'র্ডমার (ক্র্র) বলতেন যে, মুসলমানগণ যখন মাদীনাহ্য় আগমন করেন, তখন তাঁরা সলাতের সময় অনুমান করে সমবেত হতেন। এর জন্য কোন ঘোষণা দেয়া হতো না। একদা তাঁরা এ বিষয়ে আলোচনা করলেন। কয়েকজন সহাবী বললেন, নাসারাদের ন্যায় নাকৃস বাজানোর ব্যবস্থা করা হোক। আর কয়েকজন বললেন, ইয়াহূদীদের শিঙ্গার ন্যায় শিঙ্গা ফোঁকানোর ব্যবস্থা করা হোক। 'উমার (ক্র্র) বললেন, সলাতের ঘোষণা দেয়ার জন্য তোমরা কি একজন লোক পাঠাতে পার না? তখন আল্লাহর রস্ল ক্রিয়া বললেন: হে বিলাল, উঠ এবং সলাতের জন্য ঘোষণা দাও। (মুসলিম ৪/১, হাঃ ৩৭৭, আহমাদ ৬৩৬৫) (আ.প্র. ৫৬৯, ই.ফা. ৫৭৭)

### • ٢/١. بَابِ الْأَذَانُ مَثْنَى مَثْنَى.

#### ১০/২. অধ্যায় : দু' দু'বার আযানের শব্দ বলা।

٦٠٥. صرَّنا سُلَيْمَانُ بْنُ حَرْبِ قَالَ حَدَّئَنَا حَمَّادُ بْنُ زَيْد عَنْ سِمَاكِ بْنِ عَطِيَّةَ عَنْ أَيُوبَ عَــنْ أَبِـــي قَلاَبَةَ عَنْ أَنْس قَالَ أُمرَ بلالٌ أَنْ يَشْفُعُ الْأَذَانَ وَأَنْ يُوتَرَ الْإِقَامَةُ إِلاَّ الْإِقَامَةَ.

৬০৫.আনাস হতে বর্ণিত। তিনি বলেন, বিলাল ( কে আযানের শব্দ দু' দু'বার এবং أَصْدَانَتِ الصَّالِحَةُ ব্যতীত ইক্মাতের শব্দগুলো বেজোড় করে বলার নির্দেশ দেয়া হয়েছিল। (৬০৩) (আ.প্র. ৫৭০, ই.ফাঁ. ৫৭৮)

একবার করে বলা প্রমাণিত হয়েছে। সুতরাং উসূলে হাদীস শাস্ত্রের বিধান ও ন্যায়নীতির ডিন্তিতে বিরোধক্ষেত্রে যা অধিক সহীহ তা-ই গ্রহণ করা উত্তম ও একান্ত বাঞ্চনীয়।

ইমাম আবদুল ওয়াহহাব শা'রানী হানাফী 'কাশ্ফুল গুমা' ১ম খণ্ড ১২৮ পৃষ্ঠায় আবদুল্লাহ বিন যায়দের আযানের সাথে উল্লেখিত ইক্বামাতের শব্দগুলি একবার করে বলার নিয়মের উল্লেখ করেছেন। উক্ত গ্রন্থে ১২৯ পৃষ্ঠায় তিনি রস্লুল্লাহ সল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম বিলালকে আযানের শব্দগুলি দু'বার করে এবং ইক্বামাতের শব্দগুলো একবার করে বলার নির্দেশ সম্বলিত হাদীসের উল্লেখ করেছেন।

শায়খ আবদুদ কাদের জিলানী (রহঃ) তদীয় সুপ্রসিদ্ধ গ্রন্থ 'গুনিয়াতৃত্ তালেবীন'-এর ৮ পৃষ্ঠায় ইক্মাতের শব্দগুলি একবার করে বলার স্বপক্ষে তাঁর নিজের মন্তব্য পেশ করেছেন।

মোটের উপর আমরা ইমাম আহমাদ, ইসহাক বিন রাহওয়াইহি এবং অন্যান্য ওলামায়ে কিরামের ন্যায় ইক্বামাতের শব্দগুলি একবার করে অথবা দু'বার করে বলার উভয়বিধ অভিমতের বৈধতা ও প্রামাণিকতা স্বীকার করি; অধিকন্তু আমরা উভয়বিধ 'আমলকে জায়েয় বলে মনে করি। কিন্তু যেহেতু ইকামাতের শব্দগুলি দু'বার করে বলার নির্দেশ সম্বলিত হাদীস হতে একবার করে বলার নির্দেশ সম্বলিত হাদীস অধিক প্রামাণ্য ও বিশুদ্ধ এবং তা বহু সূত্রে বর্ণিত এমনকি ইমাম বুখারী ও মুসলিম উভয় কর্তৃক গৃহীত, কাজেই আমরা ইকামাতের শব্দগুলি একবার করে বলা সর্বোত্তম মনে করি।

٦٠٦. **صَرَثُنَا** مُحَمَّدٌ هُوَ ابْنُ سَلَامٍ قَالَ أَخْبَرَنَا عَبْدُ الْوَهَّابِ الثَّقَفِيُّ قَالَ أَخْبَرَنَا خَالِدُ الْحَدَّاءُ عَنْ أَبِسِي قلاَبَةَ عَنْ أَنْسِ بْنِ مَالِكَ قَالَ لَمَّا كُثُرَ النَّاسُ قَالَ ذَكَرُوا أَنْ يَعْلَمُوا وَقَتَ الصَّلاَةِ بِشَبِيْءٍ يَعْرِفُونَهُ فَذَكَرُوا أَنْ يُورُوا نَارًا أَوْ يَضْرَبُوا نَاقُوسًا فَأَمرَ بِلاَلَّ أَنْ يَشْفَعَ الْأَذَانَ وَأَنْ يُوتِرَ الْإِقَامَةَ.

৬০৬. আনাস ইব্নু মালিক (হ্রে) হতে বর্ণিত। তিনি বলেন; মুসলিমগণের সংখ্যা বৃদ্ধি পেলে তাঁরা সলাতের সময়ের জন্য এমন কোন সংকেত নির্ধারণ করার প্রস্তাব দিলেন, যার সাহায্যে সলাতের সময় উপস্থিত এ কথা বুঝা যায়। কেউ কেউ বললেন, আগুন জ্বালানো হোক, কিংবা ঘটা বাজানো হোক। তখন বিলাল (হ্রা)-কে আযানের শব্দগুলো দু' দু'বার এবং ইকামাতের শব্দগুলো বেজোড় বলার নির্দেশ দেয়া হলো। (৬০৩) (আ.প্র. ৫৭১, ই.ফা. ৫৭৯)

# • ٣/١. بَابِ الْإِقَامَةُ وَاحِدَةً إِلاَّ قَوْلَهُ قَدْ قَامَتْ الصَّلاَّةُ.

১০/৩. অধ্যায় : "কাদ কামাতিস্-সালাহ" ব্যতীত ইক্বামাতের শব্দগুলো একবার করে বলা।

२٦٠٧ . حرثنا عَلِيُّ بَنُ عَبْد الله حَدَّثَنَا إِسْمَاعِيلُ بَنُ إِبْرَاهِيمَ حَدَّثَنَا خَالِدٌ عَنْ أَبِي قَلاَبَةَ عَنْ أَسِ بَسِنِ .٦٠٧ . حرثنا عَلِي بَنُ عَبْد الله حَدَّثَنَا إِسْمَاعِيلُ فَذَ كَرْتُ لِأَيُّوبَ فَقَالَ إِلاَّ الْإِقَامَةَ . مَالِك قَالَ أُمِرَ بِلاَلُ أَنْ يَشْفَعَ الْأَذَانَ وَأَنْ يُوتِرَ الْإِقَامَةَ قَالَ إِسْمَاعِيلُ فَذَ كَرْتُ لِأَيُّوبَ فَقَالَ إِلاَّ الْإِقَامَةَ . همالك قَالَ أُمِرَ بِلاَلُ أَنْ يَشْفَعَ الْأَذَانَ وَأَنْ يُوتِرَ الْإِقَامَةَ قَالَ إِسْمَاعِيلُ فَذَ كَرْتُ لِأَيُّوبَ فَقَالَ إِلاَّ الْإِقَامَةَ . هم همالك قَالَ أَمِرَ بِلاَلُ أَنْ يَشْفَعَ الْاَذَانَ وَأَنْ يُوتِرَ الْإِقَامَةَ قَالَ إِسْمَاعِيلُ فَذَ كَرْتُ لِللّهِ اللهِ الْإِقَامَةَ . هم همالك قَالَ أَمِرَ بِلاَلُ أَنْ يَشْفَعَ الْاَذَانَ وَأَنْ يُوتِرَ الْإِقَامَةَ قَالَ إِسْمَاعِيلُ فَذَكُوتُ لِللّهُ اللّهُ عَلَى اللّهُ عَلَى اللّهُ عَلَى اللّهُ عَلَى اللّهُ عَلَى اللّهُ عَلَى اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ الْإِقَامَةَ عَلَى اللهُ عَلَى اللهُ اللهُ اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ عَلَى اللهُ الل

### . ٤/١٠ بَابِ فَصْلِ التَّأْذِينِ. ١ ا ১০/৪. অধ্যায় : আয়ানের মর্যাদা

٦٠٨. صر عَنْ عَبْدُ الله بَنُ يُوسُفَ قَالَ أَخْبَرَنَا مَالكُ عَنْ أَبِي الزِّنَادِ عَنِ الْأَعْرَجِ عَنْ أَبِسِي هُرَيْسِرَةً أَنْ رَسُولَ الله عَنْ اللّه عَنْ اللّه عَنْ أَبِي الزِّنَادِ عَنِ الْأَعْرَجِ عَنْ أَبِسِي هُرَيْسِرَةً أَنْ اللّهُ عَنْ اللّهُ عَلْمُ اللّهُ عَنْ اللّهُ عَنْ اللّهُ عَنْ اللّهُ عَنْ اللّهُ عَنْ اللّهُ عَنْ اللّهُ عَلَى اللّهُ عَنْ اللّهُ عَلَى اللّهُ عَنْ اللّهُ عَلَى اللّهُ عَلَى اللّهُ عَنْ اللّهُ عَنْ اللّهُ عَنْ اللّهُ عَلَى اللّهُ عَنْ اللّهُ عَلَى اللّهُ عَلَى اللّهُ عَلَى اللّهُ عَنْ اللّهُ عَلَى اللّهُ عَلَى اللّهُ عَلَى اللّهُ عَلَى اللّهُ عَنْ عَلَى اللّهُ عَلَى اللّهُ عَنْ اللّهُ عَلَى الللّهُ عَلَى اللّهُ عَلَى اللّهُ عَلَى اللّهُ عَلَى اللّهُ عَلَا اللّهُ عَلَى اللّهُ عَلَا اللّهُ عَلَى اللّهُ عَلَى اللّهُ عَلَى الللّهُ عَلَى اللّهُ عَلَمُ عَلَى الللّهُ عَلَى اللّهُ عَلَا اللّهُ عَلَى اللّهُ عَلَمُ عَلَمُ اللّهُ عَلَمُ اللّهُ عَلَمُ ع

৬০৮. আবৃ হুরাইরাহ্ হতে বর্ণিত। তিনি বলেন, আল্লাহর রস্ল ক্রি বলেছেন : যখন সলাতের জন্য আযান দেয়া হয়, তখন শয়তান হাওয়া ছেড়ে পলায়ন করে, যাতে সে আযানের শব্দ না শোনে। যখন আযান শেষ হয়ে যায়, তখন সে আবার ফিরে আসে। আবার যখন সলাতের জন্য ইত্বামাত বলা হয়, তখন আবার দূরে সরে যায়। ইত্বামাত শেষ হলে সে পুনরায় ফিরে এসে লোকের মনে কুমন্ত্রণা দেয় এবং বলে এটা স্মরণ কর, ওটা স্মরণ কর, বিস্মৃত বিষয়গুলো সে মনে করিয়ে দেয়। এভাবে

লোকটি এমন পর্যায়ে পৌছে যে, সে কয় রাক'আত সলাত আদায় করেছে তা মনে করতে পারে না। (১২২২, ১২৩১, ১২১৩২, ৩২৮৫; মুসলিম ৪/৮, হাঃ ৩৮৯, আহমাদ ৯৯৩৮) (আ.প্র. ৫৭৩, ই.ফা. ৫৮১)

# ٠ ١/٥. بَابِ رَفْعِ الصَّوْتِ بِالنِّدَاءِ

#### **১০/৫. অধ্যায় : আযানের আওয়াজ উচ্চ করা**।

وَقَالَ عُمَرُ بْنُ عَبْدِ الْعَزِيزِ أَذِّنْ أَذَانًا سَمْحًا وَإِلاًّ فَاعْتَرْلَنَا.

'উমার ইব্নু 'আবদুল 'আযীয (রহ.) (মুআয্যিনকে) বলতেন, স্বাভাবিক কণ্ঠে সাদাসিধাভাবে আযান দাও, নতুবা এ পদ ছেড়ে দাও।

### • ٦/١. بَابِ مَا يُحْقَنُ بِالْأَذَانِ مِنْ الدَّمَاءِ.

আল্লাহর রসল 🚟 এর নিকট ওনেছি। (৩২৯৬, ৭৫৪৮) (আ.প্র. ৫৭৪, ই.ফা. ৫৮২)

#### ১০/৬. অধ্যায় : আযানের কারণে রক্তপাত হতে নিরাপস্তা পাওয়া।

٦١٠. حرثنا فَتَيْبَةُ بَنُ سَعِيد قَالَ حَدَّنَا إِسْمَاعِيلُ بَنُ جَعْفَرٍ عَنْ حُمَيْد عَنْ أَنسِ بَنِ مَالك أَنُ النّبِي عَلَىٰ إِذَا غَزَا بِنَا قَوْمًا لَمْ يَكُنْ يَغُزُو بِنَا حَتَّى يُصِبِحَ وَيَنْظُرَ فَإِنْ سَمِعَ أَذَانًا كُفَ عَنْهُمْ وَإِنْ لَمْ يَسْمَعُ أَذَائَا كُفَ عَنْهُمْ وَإِنْ لَمْ يَسْمَعُ أَذَائِكً فَاللَّهُمْ لَيُلاً فَلَمَّا أَصْبَحَ وَلَمْ يَسْمَعُ أَذَائًا رَكِبَ وَرَكِبْتُ خَلْفَ أَبِي أَغَارَ عَلَيْهِمْ قَالَ فَخَرَجُوا إِلَيْنَا بِمَكَاتِلِهِمْ وَمَسَاحِيهِمْ فَلَمَّا رَأُوا النَّبِي عَلَىٰ قَالَ فَخَرَجُوا إِلَيْنَا بِمَكَاتِلِهِمْ وَمَسَاحِيهِمْ فَلَمَّا رَأُوا النَّبِي عَلَىٰ قَالَ فَخَرَجُوا إِلَيْنَا بِمَكَاتِلِهِمْ وَمَسَاحِيهِمْ فَلَمَّا رَأُوا النَّبِي عَلَىٰ قَالَ اللهُ عَلَيْهُ وَاللَّهِمْ وَمَسَاحِيهِمْ فَلَمَّا رَأُوا النَّبِي عَلَىٰ قَالَ اللهُ عَلَيْهُ وَاللَّهِمْ وَمَسَاحِيهِمْ فَلَمَّا رَأُوا النَّبِي عَلَىٰ قَالَ اللهُ عَلَيْهُ وَمَسَاحِيهِمْ فَلَمَّا رَأُوا النَّبِي عَلَيْهُ فَاللَّا لِمَا عَلَيْهُ وَمَسَاحِيهِمْ فَلَمَّا رَأُوا النَّبِي عَلَيْهُ فَاللَّ اللهُ عَلَيْهُ إِلَيْنَا بِمَكَاتِلِهِمْ وَمَسَاحِيهِمْ فَلَمَّا رَأُوا النَّبِي عَلَيْهُ فَاللَّا لِمَا عَلَيْهُ مُعَمَّدُ وَاللَّهِ مُحَمَّدٌ وَاللَّهِ مُحَمَّدٌ وَاللّٰهِ مُحَمَّدٌ وَاللّٰهِ مُصَمَّدٌ وَاللّٰهِ مُسَاءً صَبَاحُ الْمُنْدُرِينَ.

৬১০. আনাস হতে বর্ণিত। আল্লাহর রস্ল হত যখনই আমাদের নিয়ে কোনো গোত্রের বিরুদ্ধে যুদ্ধ করতে যেতেন, ভোর না হওয়া পর্যন্ত অভিযান পরিচালনা করতেন না বরং লক্ষ্য রাখতেন, যদি তিনি আযান শুনতে পেতেন, তাহলে তাদের বিরুদ্ধে অভিযান পরিচালনা করা হতে বিরত থাকতেন। আর যদি আযান শুনতে না পেতেন, তাহলে অভিযান চালাতেন। আনাস তালন, আমরা খায়বারের উদ্দেশ্যে রওয়ানা হলাম এবং রাতের বেলায় তাদের সেখানে পৌছলাম। যখন প্রভাত হলো এবং তিনি আযান শুনতে পেলেন না; তখন আল্লাহর রস্ল হত্ত্ব সওয়ার হলেন। আমি আবৃ তালহা তাদের সওয়ার হলাম। আমার পা, নাবী বিরুদ্ধে পায়ের সাথে লেগে যাচ্ছিল। আনাস বিলেন, তারা তাদের থলে ও কোদাল নিয়ে বেরিয়ে আমাদের দিকে আসলো। হঠাৎ তারা যখন নাবী বিলেন, তারা তাদের থলে উঠল, 'এ যে মহাম্মাদ, আল্লাহ্র শপথ! মহাম্মাদ তার পঞ্চ বাহিনী সহ!' আনাস বিলেন, আল্লাহর রস্ল তাদের দেখে বলে উঠলেন: 'আল্লাহ্ আকবার, আল্লাহ্ আকবার, খায়বার ধবংস হোক। আমরা যখন কোন কাওমের আঙ্গিনায় অবতরণ করি, তখন সতর্কীকৃতদের প্রভাত হয় মন্দ।' (৩৭১; মুসলিম ৩২/৪৩, হাঃ ১৩৬৫) (আ.এ.৫৭৫, ই.ফা. ৫৮৩)

# ٠ ٧/١. بَابِ مَا يَقُولُ إِذَا سَمِعَ الْمُنَادِي.

১০/৭. অধ্যায় : মুআয্যিনের আযান শুনলে যা বলতে হয়।

٦١١. صرثنا عَبْدُ اللهِ بْنُ يُوسُفَ قَالَ أَخْبَرَنَا مَالِكُ عَنْ ابْنِ شِهَابِ عَنْ عَطَاءِ بْنِ يَزِيدَ اللَّيْثِيِّ عَنْ أَبِي
 سَعِيدِ الْخُدْرِيِّ أَنَّ رَسُولَ اللهِ ﷺ قَالَ إِذَا سَمِعْتُمْ النِّدَاءَ فَقُولُوا مِثْلَ مَا يَقُولُ الْمُؤذِّنُ.

৬১১. আবৃ সা'ঈদ খুদরী ( হতে বর্ণিত আল্লাহর রস্ল ক্রি বলেছেন : যখন তোমরা আঁ্যান নতে পাও তখন মুআ্য্যিন যা বলে তোমরাও তাই বলবে। (আ.প্র. ৫৭৬, ই.ফা. ৫৮৪)

٦١٢. صر أن مُعَادُ بْنُ فَضَالَةَ قَالَ حَدَّنَنَا هِشَامٌ عَنْ يَحْيَى عَنْ مُحَمَّدِ بْنِ إِبْرَاهِيمَ بْنِ الْحَسارِثِ قَسالَ

حَدَّثَنِي عِيسَى بْنُ طَلْحَةَ أَنَّهُ سَمِعَ مُعَاوِيَةً يَوْمًا فَقَالَ مِثْلَهُ إِلَى قَوْلِهِ وَأَشْهَدُ أَنَّ مُحَمَّدًا رَسُولُ اللَّهِ.

৬১২. 'ঈসা ইব্নু তালহা হার্ত বর্ণিত। একদা তিনি মু'আবিয়াহ হার্কা-কে (আযানের জবাব দিতে) শুনেছেন যে, তিনি 'আশ্হাদু আন্না মুহাম্মাদার রস্লুল্লাহ' পর্যন্ত মুআয্যিনের মতই বলেছেন। (৬১৩, ৯১৪) (আ.গু. ৫৭৭, ই.ফা. ৫৮৫)

٦١٣. **طَرْنَنَا** إِسْحَاقُ بْنُ رَاهَوَيْهِ قَالَ حَدَّنَنَا وَهْبُ بْنُ جَرِيرٍ قَالَ حَدَّثَنَا هِشَامٌ عَنْ يَحْيَى نَحْوَهُ قَـــالَ يَحْيَى وَحَدَّثَنِي بَعْضُ إِخْوَانِنَا أَنَّهُ قَالَ لَمَّا قَالَ حَيَّ عَلَى الصَّلاَةِ قَالَ لاَ حَوْلَ وَلاَ قُوَّةً إِلاَّ بِاللهِ وَقَالَ هَكَـــذَا سَمِعْنَا نَبِيَّكُمْ ﷺ يَقُولُ.

> . بَابِ الدُّعَاءِ عِنْدَ النِّدَاءِ. ٨/١٠ ١ الدُّعَاءِ عِنْدَ النِّدَاءِ. ১০/৮. অধ্যায় : আযানের দু'আ।

٦١٤. حرثنا عَلِيُّ بْنُ عَيَّاشِ قَالَ حَدَّثَنَا شُعَيْبُ بْنُ أَبِي حَمْزَةَ عَنْ مُحَمَّدِ بْنِ الْمُنْكَدِرِ عَنْ جَابِرِ بُسنِ عَبْدِ اللهِ أَنْ رَسُولَ اللهِ عَلَىٰ قَالَ مَنْ قَالَ حِينَ يَسْمَعُ النِّدَاءَ اللَّهُمَّ رَبَّ هَذِهِ الدَّعْوَةِ التَّامَّةِ وَالصَّلاَةِ الْقَائِمَةِ النَّامَةِ اللهُمَّ رَبَّ هَذِهِ الدَّعْوَةِ التَّامَّةِ وَالصَّلاَةِ الْقَائِمَةِ.
 آتِ مُحَمَّدًا الْوَسِيلَةَ وَالْفَضِيلَةَ وَابْعَثْهُ مَقَامًا مَحْمُودًا الَّذِي وَعَدْتَهُ حَلَّتْ لَهُ شَفَاعَتِي يَوْمَ الْقِيَامَةِ.

৬১৪. জাবির ইব্নু 'আবদুল্লাহ্ ক্রিট্রা হতে বর্ণিত। আল্লাহর রসূল ক্রিট্রে বলেছেন: যে ব্যক্তি আযান শুনে দু'আ করে: 'হে আল্লাহ্-এ পরিপূর্ণ আহ্বান ও প্রতিষ্ঠিত সলাতের মালিক, মুহাম্মাদ ক্রিট্র-কে ওয়াসীলা ও সর্বোচ্চ মর্যাদার অধিকারী করুন এবং তাঁকে সে মাকামে মাহমুদে পৌছে দিন যার অঙ্গীকার আপনি করেছেন'-কি্ব্রামাতের দিন সে আমার শাফা'আত লাভের অধিকারী হবে। (৪৭১৯) (আ.প্র. ৫৭৯, ই.ফা. ৫৮৭)

٩/١٠. بَابِ الِاسْتِهَامِ فِي الْأَذَانِ

১০/৯. অধ্যায় : আযানের ব্যাপারে কুরআহর মাধ্যমে নির্বাচন।

وَيُذْكُرُ أَنَّ أَقُوامًا اخْتَلَفُوا فِي الْأَذَانِ فَأَقْرَعَ بَيْنَهُمْ سَعْدٌ.

উল্লেখ করা হয়েছে যে, একদল লোক আযান দেয়ার ব্যাপারে প্রতিযোগিতা করল। সা'দ 🚌 তাঁদের মধ্যে কুরআহর (লটারী) মাধ্যমে নির্বাচন করলেন।

<sup>\*</sup> আযানের জওয়াবে কয়েকটি বিষয় বাড়তিভাবে চালু হয়েছে, যা থেকে বিরত থাকা উচিত। কারণ রস্লুল্লাহ সল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম কঠোরভাবে হুঁশিয়ার করে দিয়েছেন: "যে ব্যক্তি ইচ্ছাকৃতভাবে আমার নামে মিথ্যারোপ করল, যে জাহান্লামে তার ঠিকানা করে নিল।" (বুখারী, মিশকাত ১৯৮ 'ইলম অধ্যায়)

<sup>(</sup>১) অত্র হাদীদের শেষাংশে 'ইন্নাকা লা তুর্থলিফুল মী'আদ। (২) বায়হাক্ষীতে (১ম খণ্ডের ৪১০ পৃঃ) বর্ণিত আযানের দু'আর ভরুতে 'আক্লাছমা ইন্নী আস-আলুকা বি হাক্কি হা-যিহিদ দা'ওয়াতে'। (৩) ইমাম তাহাজীর শারন্থ মা'আনিল আসার-এ বর্ণিত 'আ-তি সাইয়িদিনা মুহাম্মাদান। (৪) ইবনুস সুনীর 'ফী 'আমালিল ইয়াওমি ওয়াাল লায়লাহ'গ্রন্থে ওয়াদ দারাজ্ঞাতার রাফী'আহ। রাফি'ঈ প্রণীত 'আল মুহাররির গ্রন্থে আযানের দু'আর শেষে বর্ণিত 'ইয়া আরহামার রা-হিমীন। আযানের জওয়াবে প্রচলিত বাড়তি বিষয়গুলো অবশ্যই পরিত্যাজ্য। অতিরিক্ত শব্দুণলো সহীহ সূত্রে প্রমাণিত নয়। (মুহাদ্দিস শাইখ নাসিরুদ্দীন আলবানী কৃত 'ইরওয়াইল গালীল, ১ম খণ্ড ২৬০-২৬১ পৃষ্ঠা হাদীস নং ২৪৩)

রেডিও ও বাংলাদেশ টেলিভিশন থেকে প্রচারিত দু'আয় 'ওয়ারযুকনা শা'আতাহু ইয়াওমাল ক্বিয়ামাহ" বাক্যটি যা যোগ করা হয়েছে তার কোন ভিত্তি নেই।

٦١٥. حارثنا عَبْدُ اللهِ بْنُ يُوسُفَ قَالَ أَخْبَرَنَا مَالِكُ عَنْ سُمَيٍّ مَوْلَى أَبِي بَكْرٍ عَنْ أَبِي صَالِحٍ عَنْ أَبِسِي مَالِحٍ عَنْ أَبِسِي مَوْلَى أَبِي بَكْرٍ عَنْ أَبِي صَالِحٍ عَنْ أَبِسِي مَرْيَرَةَ أَنَّ رَسُولَ اللهِ عَلَيْهِ قَالَ لَوْ يَعْلَمُ النَّاسُ مَا فِي النِّدَاءِ وَالصَّفِّ الْأُوَّلِ ثُمَّ لَمْ يَجْدُوا إِلاَّ أَنْ يَسْتَهِمُوا عَلَيْهِ لَا شَتَهِمُوا عَلَيْهِ لَا شَتَهَمُوا وَلَوْ يَعْلَمُونَ مَا فِي التَّهُجِيرِ لَاسْتَبَقُوا إِلَيْهِ وَلَوْ يَعْلَمُونَ مَا فِي الْعَتْمَةِ وَالصَّبْحِ لَأَتَوْهُمَا وَلَوْ حَبُوا.

৬১৫. আবৃ হুরাইরাহ্ হতে বর্ণিত। আল্লাহর রস্ল হত বলেছেন: আযানে ও প্রথম কাতারে কী (ফাযীলাত) রয়েছে, তা যদি লোকেরা জানত, কুরআহ্র মাধ্যমে বাছাই ব্যতীত এ সুযোগ লাভ করা যদি সম্ভব না হত, তাহলে অবশ্যই তারা কুরআহর মাধ্যমে ফায়সালা করত। যুহরের সলাত আউয়াল ওয়াকে আদায় করার মধ্যে কী (ফাযীলাত) রয়েছে, যদি তারা জানত, তাহলে তারা এর জন্য প্রতিযোগিতা করত। আর ইশা ও ফাজ্রের সলাত (জামা'আতে) আদায়ের কী ফাযীলাত তা যদি তারা জানত, তাহলে নিঃসন্দেহে হামাগুড়ি দিয়ে হলেও তারা হাজির হত। (৬৫৪, ৭২১, ২৬৮৯; মুসলিম ৪/২৮, হাঃ ৪৩৭, আহমাদ ৭২৩০) (আ.প্র. ৫৮০, ই.ফা. ৫৮৮)

#### بَابِ الْكَلاَمِ فِي الْأَذَانِ .١٠/١٠ ١ . بَابِ الْكَلاَمِ فِي الْأَذَانِ ١ . بَابِ الْكَلاَمِ فِي الْأَذَانِ ١ . بَابِ الْكَلاَمِ فِي الْأَذَانِ

وَتَكَلَّمَ سُلَيْمَانُ بْنُ صُرَدٍ فِي أَذَانِهِ وَقَالَ الْحَسَنُ لاَ بَأْسَ أَنْ يَضْحَكَ وَهُوَ يُؤذِّنُ أَوْ يُقِيمُ.

সুলাইমান ইব্নু সুরাদ (রহ.) আযানের মধ্যে কথা বলেছেন। হাসান বসরী (রহ.) বলেন, আযান বা ইক্বামাত দেয়ার সময় হেসে ফেললে কোনো দোষ নেই।

٦١٦. صرتنا مُسَدَّدٌ قَالَ حَدَّنَنَا حَمَّادٌ عَنْ أَيُّوبَ وَعَبْدِ الْحَمِيدِ صَاحِبِ الزِّيَادِيِّ وَعَاصِمٍ الْأَحْوَلِ عَنْ عَبْدِ اللهِ بَنِ الْحَارِثِ قَالَ خَطَبَنَا ابْنُ عَبَّاسٍ فِي يَوْمٍ رَدْغٍ فَلَمَّا بَلَغَ الْمُؤذِّنُ حَيَّ عَلَى الصَّلاَةِ فَأَمَرَهُ أَنْ يُنَادِيَ الصَّلاَةُ فِي الرِّحَالِ فَنَظَرَ الْقَوْمُ بَعْضُهُمْ إِلَى بَعْضٍ فَقَالَ فَعَلَ هَذَا مَنْ هُوَ خَيْرٌ مِنْهُ وَإِنَّهَا عَزْمَةً.

৬১৬. 'আবদুল্লাহ্ ইব্নু হারিস ( হতে বর্ণিত। তিনি বলেন, একবার বর্ষণ মুখর দিনে ইব্নু 'আবাস ( ) আমাদের উদ্দেশে খুত্বাহ দিচ্ছিলেন। এদিকে মুআয্যিন আযান দিতে গিয়ে যখন عَلَى الصَّلاَة -এ পৌছল, তখন তিনি তাকে এ ঘোষণা দেয়ার নির্দেশ দিলেন যে, 'লোকেরা যেন আবাসে স্লাত আদায় করে নেয়।' এতে লোকেরা একে অপরের দিকে তাকাতে লাগল। তখন ইব্নু 'আব্বাস বললেন, তার চেয়ে যিনি অধিক উত্তম ছিলেন (রস্লুল্লাহ্ ( ) তিনিই এরূপ করেছেন। অবশ্য জুমু'আর সলাত ওয়াজিব। (তবে ওযরের কারণে নিজ আবাসস্থলে সলাত আদায় করার অনুমতি আছে)। (৬৬৮, ১০১; মুসলিম ৬/৩, হাঃ ৬৯৯) (আ.প্র. ৫৮১, ই.ফা. ৫৮৯)

## • ١ / ١ . بَابِ أَذَانِ الْأَعْمَى إِذَا كَانَ لَهُ مَنْ يُخْبِرُهُ.

#### ১০/১১. অধ্যায় : সময় বলে দেয়ার লোক থাকলে অন্ধ ব্যক্তি আযান দিতে পারে।

٦١٧. صَرْتُنَا عَبْدُ اللهِ بَنُ مَسْلَمَةَ عَنْ مَالِك عَنْ ابْنِ شِهَابِ عَنْ سَالِمِ بْنِ عَبْدِ اللهِ عَنْ أَبِيهِ أَنَّ رَسُــولَ اللهِ ﷺ قَالَ إِنَّ بِلَالاً يُؤَذِّنُ بِلَيْلٍ فَكُلُوا وَاشْرَبُوا حَتَّى يُنَادِيَ ابْنُ أُمِّ مَكْتُومٍ ثُمَّ قَالَ وَكَانَ رَجُلاً أَعْمَـــى لاَ يُنَادِي حَتَّى يُقَالَ لَهُ أَصْبَحْتَ أَصْبَحْتَ.

৬১৭. 'আবদুল্লাহ্ ইব্নু 'উমার হাতে বর্ণিত। তিনি বলেন, আল্লাহর রসূল বলেছেন: বিলাল হাতে থাকতেই আযান দেন। কাজেই ইব্নু উদ্দে মাকত্ম আযান না দেওয়া পর্যন্ত তোমরা (সাহ্রীর) পানাহার করতে পার। 'আবদুল্লাহ্ হাতে বলেন, ইব্নু উদ্দে মাকত্ম হাতে ছিলেন অন্ধ। যতক্ষণ না তাঁকে বলে দেওয়া হত যে, 'ভোর হয়েছে, ভোর হয়েছে' ততক্ষণ পর্যন্ত তিনি আযান দিতেন না। (৬২০, ৬২৩, ১৯১৮, ২৬৫৬, ৭২৪৮; মুসলিম ১৩/৮, হাঃ ১০৯২, আহমাদ ৪৫৫১) (আ.প্র. ৫৮২, ই.ফা. ৫৯০)

# • ١٢/١. بَابِ الْأَذَانِ بَعْدَ الْفَجْرِ.

#### ১০/১২. অধ্যায় : ফাজরের সময় হ্বার পর আ্বান দেয়া।

 رَسُولَ اللهِ عَبْدُ اللهِ بْنُ يُوسُفَ قَالَ أَخْبَرَنَا مَالِكُ عَنْ نَافِعِ عَنْ عَبْدِ اللهِ بْنِ عُمَرَ قَالَ أَخْبَرَتْنِي حَفْصَةُ أَنْ رَسُولَ اللهِ عَنْ عَبْدِ اللهِ بَنِ عُمَرَ قَالَ أَخْبَرَتْنِي حَفْصَةُ أَنْ رَسُولَ اللهِ عَنْ عَبْدِ اللهِ عَنْ عَبْدِ اللهِ عَنْ عَبْدِ اللهِ عَنْ عَبْدَ اللهُ عَنْ عَبْدِ اللهِ عَلَيْ عَنْ عَبْدِ اللهِ عَنْ عَبْدِ اللهِ عَلَيْ عَلَيْنِ عَلَيْ عَلَى اللهِ عَلَيْ عَلَى اللهِ عَلَيْ عَلَيْ عَلَيْنِ عَنْ عَبْدِ اللهِ عَلَيْنَ عَلَا مَالِكُ عَنْ اللهِ عَنْ عَبْدِ اللهِ عَلَيْ عَمْرَ قَالَ أَخْبَرَتُنِي عَلَيْهِ عَلَى أَسُولُ اللهِ عَلَيْنَ عَلَيْنِ عَلَيْمَ عَلَيْنِ عَلَيْ عَلَى عَلَيْنَ عَلَيْنَ عِلْمُ عَلَيْنَ عَلَيْنَ عَلَيْنَ عَلَيْنَ عَلَيْنَ عَلَى اللهِ عَلَيْنَ عَلَيْنَ عَلَيْنَ عَلَيْنَ عَلَيْنَ عَلَيْ عَلَيْنَ عَلَى أَلْعَلَيْنَ عَلَيْنَ عَلَيْنَالِكُ عَلَيْنَ عَلَيْنَ عَلَى أَنْ عُلِي عَلَيْنَ عَلَيْنَ عَلَيْنَ عَلَيْنَ عَلَيْنَ عَلَى مَالِمَ عَلَى عَلَيْنَ عَلَيْنَ عَلَى مَا عَلَيْنَ عَلَيْنَ عَلَيْنَا عَلَى مَا عَلَى أَنْهِ عَلَيْنَ عَلَيْنَ عَلَى مَا عَلَيْنَ عَلَيْنَ عَلَيْنَ عَلَيْنَ عَلَيْنَا عَلَيْنَ عَلَيْنَ عَلَيْنَ عَلَيْنَا عَلَى مَالِكُ عَلَيْنَ عَلَى مَا عَلَيْنَا عَلَى مَا عَلَيْنَا عَلَيْنَا عَلَى مَا عَلَيْنَا عَلَيْنَالِكُ عَلَيْنَ عَلِي عَلَى مَا عَلَيْنَ عَلَى مَاللَّهُ عَلَيْنَ عَلَيْنَ عَلَى مَ

৬১৮. হাফসাহ ্রিক্স হতে বর্ণিত। তিনি বলেন, যখন মুআয্যিন সুবৃহে সাদিকের প্রতীক্ষায় থাকত (ও আযান দিত) এবং ভোর স্পষ্ট হতোথ- জামা'আত দাঁড়ানোর পূর্বে আল্লাহর রসূল ক্রিক্স সংক্ষেপে দু'রাক'আত সলাত আদায় করে নিতেন। (১১৭৩, ১১৮১; মুসলিম ৬/১৪, হাঃ ৭২৩) (আ.প্র. ৫৮৩, ই.ফা. ৫৯১)

٦١٩. صرَّنَا أَبُو نُعَيْمٍ قَالَ حَدَّثَنَا شَيْبَانُ عَنْ يَحْنَى عَنْ أَبِي سَلَمَةَ عَنْ عَائِشَةَ كَانَ النَّبِيُّ ﷺ يُصَـــلِّي رَكُعَتَيْنِ خَفِيفَتَيْنِ بَيْنَ النِّدَاءِ وَالْإِقَامَةِ مَنْ صَلاَة الصُّبْح.

৬১৯. 'আয়িশাহ্ ক্রিক্রা হতে বর্ণিত। তিনি বলেন, আল্লাহর রসূল ক্রিক্র ফাজ্রের আযান ও ইক্বামাতের মাঝে দু' রাক'আত সলাত সংক্ষেপে আদায় করতেন। (১১৫৯; মুসলিম ৬/১৪, হাঃ ৭২৪) (আ.প্র. ৫৮৪, ই.ফা. ৫৯২)

٠٦٢٠. صَرَتُنَا عَبْدُ اللهِ بَنُ يُوسُفَ أَخْبَرَنَا مَالِكُ عَنْ عَبْدِ اللهِ بْنِ دِينَارِ عَنْ عَبْدِ اللهِ بْنِ عُمَرَ أَنَّ رَسُــولَ اللهِ عَنْ عَبْدِ اللهِ اللهِ عَنْ عَبْدِ اللهِ اللهِ اللهِ اللهِ عَنْ عَبْدِ اللهِ اللهِ اللهِ اللهِ عَنْ عَبْدِ اللهِ الل

৬২০. 'আবদুল্লাহ্ ইব্নু 'উমার 😂 হতে বর্ণিত। আল্লাহর রসূল 🥰 বলেছেন: বিলাল 😂 রাত থাকতে আযান দিয়ে থাকেন। কাজেই তোমরা (সাহ্রী) পানাহার করতে থাক; যতক্ষণ না ইব্নু উন্মে মাক্তৃম 😂 আযান দেন। (৬১৭) (আ.গ্র. ৫৮৫, ই.ফা. ৫৯৩)

### . ١٣/١٠ بَابِ الْأَذَانِ قَبَلَ الْفَجْرِ. ১০/১৩. অধ্যায় : ফাজ্রের ওয়াক্ত হবার পূর্বে আযান দেয়া।

٦٢١. صَرَمُنَا أَحْمَدُ بْنُ يُونُسَ قَالَ حَدَّثَنَا زُهَيْرٌ قَالَ حَدَّثَنَا سُلَيْمَانُ التَّيْمِيُّ عَنْ أَبِي عُثْمَانَ النَّهْدِيِّ عَنْ عَنْ عَنْ أَبِي عُثْمَانَ النَّهْدِيِّ عَنْ عَنْ عَنْ أَبِي عُثْمَانَ النَّهْدِيِّ عَنْ عَنْ عَنْ النَّبِيِّ عَنْ أَوْ أَحْدًا مِثْكُمْ أَذَانُ بِلَالٍ مِنْ سَحُورِهِ فَإِنَّهُ يُؤَذِّنُ أَوْ

আধুনিক প্রকাশনীর ৫৮৫ নং হাদীসের টীকায় লিখেছেন যে, বিলাল (রাঃ) তাহাচ্ছুদ সলাতের জন্য আযান দিতেন। কিছু কথাটি ডুল কারণ পরবর্তী হাদীস দারা স্পষ্ট প্রমাণ হচ্ছে যে, তাহাচ্ছুদ সলাত আদায়কারী ব্যক্তির অবসর গ্রহণ ও ঘুমন্ড মানুষকে জাগ্রত করার জন্য (যাতে তারা সাহারী খেতে পারে) বিলাল (রাঃ) আযান দিতেন। আর যারা জাগ্রত অবস্থায় সাহারী খেতেন তারা যেন এই আযান ভন্নে সাহারী খাওয়া বন্ধ না করেন। মাঞ্চাহ্ মাদীনাহ্য় ফাজরের আযানের মাত্র আধা ঘণ্টা পূর্বে এ আযান এখনও চালু আছে। এবং এটা তাহাচ্ছুদের আযান নয়। নাসায়ী, বাইহাকী, ইবনু খুযাইমাহ, ইবনুস সাকান থেকে হাদীস বর্ণিত হয়েছে। যাতে প্রমাণিত হয় যে, ওধুমাত্র প্রথম আযানে "আস্ সলাতু খাইক্রম মিনান নাওম" আছে। আর দ্বিতীয়তে অর্থাৎ ফাজরের মূল আযানে নেই। বিন্তারিত দেখুন সুবুলুস সালাম ২য় খণ্ড ১৮৫ পৃষ্ঠা।

আল্পামা নাসিরুদ্দীন আলবানী লিখিত তামামুল মিন্লাহ গ্রন্থের ১৪৬ পৃষ্ঠা থেকে ১৪৮ পৃষ্ঠায় দীর্ঘ আলোচনার শেষ পর্যায়ে এসে তিনি বলেছেন : উপরোক্ত আলোচনা থেকে প্রমাণিত হচ্ছে যে, দ্বিতীয় আযানে তাসবীব বা আসসলাতু খাইরুম মিনান নাওম বলা বিদ'আত-সুন্লাত বিরোধী। সুন্লাতের বিরোধিতা আরো বেশি সাব্যস্ত হয় প্রথম আযানকে উৎখাত করে সে আযানের তাসবীব বা শব্দবিশেষ "আস্ সলাতু খাইরুম মিনান নাওমকে দ্বিতীয় আযানে যুক্ত করায়। আর বাড়াবাড়ি করে দ্বিতীয় আযানে সাব্যস্ত করা হয়।

(তামামুল মিন্নাহ ১৪৮ পঃ)

ইমাম তাহারী প্রথম আয়ানে তাসবীব হওয়া সংক্রান্ত বিষয়ে আলোচিত ইবনু 'উমার ও আবৃ মাহযুরাহর সুস্পষ্ট হাদীস দু'টি উল্লেখ করার পর বলেছেন। এটিই ইমাম আবৃ হানীফাহ, ইমাম আবৃ ইউসুফ ও ইমাম মুহাম্মাদের মত। (তামুমুল মিন্নাহ ১৪৮. পৃষ্ঠা)

জাল্পাম নাসক্রমন্ত্রীন আলবানী সুন্নাহ বিরোধী আমল প্রচলন হওয়ার দু'টি কারণ উল্লেখ করেছেন : এক : ইসলামী দুনিয়ার অধিকাংশ মুয়াযযিন সুন্নাত বিরোধী আমাল অব্যাহত রেখেছেন এবং খুব কম সংখ্যক আলিম এ বিষয়ে ব্যাখ্যা দিয়েছেন। দুই : অধিকাংশগণই এ বিষয়ে ব্যাখ্যা প্রদান ছাড়াই আলোচনা করেছেন। তাঁরা তাসবীব ফাজরের প্রথম আযানে যেমনটি স্পষ্টভাবে সহীহ হাদীসগুলোতে এসেছে— তেমনটি ব্যাখ্যা প্রদান করেননি। একমাত্র ইবনু রাসলান এবং সাম'আনী অধিকাংশের বিরোধিতা করে সহীহ হাদীস অনুযায়ী ব্যাখ্যা প্রদান করেছেন।

ঘুমের চেয়ে সলাত উত্তম এ কথাটি ফারয সলাতের ক্ষেত্রে প্রাযোজ্ঞা নয়। কারণ ঘুমের সাথে ফারয সলাতের তুলনা হতে পারে না। এটি হতে পারে নফল সলাতের ক্ষেত্রে। কারণ উত্তমতার প্রসঙ্গ আনলে উভয়টি করা বৈধ হয়। এখানে ফারয সলাত বাদ দিয়ে ঘুমানো যাবে এমন কথা কেউ বলতে পারবেন না। এ থেকে বুঝা যাচ্ছে তাসবীব প্রথম আযানের সাথে সংশ্লিষ্ট দ্বিতীয়, আযানে নয়। যা বিভিন্ন দেশে চালু আছে। উল্লেখ্য সিরিয়া ও র্জানের যে সব এলাকায় আল্লামা নাসিরুদ্দীন আলবানীর দা ওয়াত ও তাবলীগের ব্যাপকা প্রচার লাভ করেছে সে সব জায়গায় এবং সুদানের সালাফীগণও (আনসারুস সুন্নাহ) ফার্জরের দ্বিতীয় আযানে তাসবীব ব্যবহার করেন না।

শাইখ উসাইমিন "প্রত্যেক দুই আযানের মধ্যে সলাত রয়েছে" এ আম হাদীস ঘারা তিনি উপরে বর্ণিত আযান বলতে সকালের আযানকে বুঝিয়েছেন। কারণ দ্বিতীয় আযানটি হচ্ছে ইকামাত। এ হাদীস ঘারা তাসবীব ফাজরের দ্বিতীয় আযানে সাব্যস্ত করা অযৌজিক। কারণ ইকামাতকে যদি আযান হিসেবে ধরা হয় তাহলে সেটি ফাজরের ক্ষেত্রে তৃতীয় আযান, দ্বিতীয় নয়। যখন বিষয়টি ফাজরের আযানকে দিরেই তখন স্পষ্ট ভাবে যেখানে প্রথম বলা হয়েছে তখন দ্বিতীয় আযান হিসেবে দ্বিতীয় আযানকেই ধরতে হবে। তৃতীয়টিকে নয়। আর যারা "প্রত্যেক দুই আযানের মধ্যে সলাত রয়েছে" এই আম হাদীসের উপর আমল করতে গিয়ে ফাজরের তিনটি আযানকে অধীকার করবেন। তারা কি ৬২০ নং হাদীসের বিলাল ( প্রথম আযান দেয়ার সময় পানাহার বন্ধ না করে উন্মু মাকতৃমের ইকামাত পর্যন্ত পানাহার করে থাকেন।

এই আযান দেয়ার পূর্বে সতর্ক করার জ্বন্য কোন কিছু বলা জায়িয় নয়। ফাজরে অন্য মুয়াযিন আযান দিবে যাতে দুই আযানের পার্থক্য নিরূপণ করা যায়। গুধু তাই নয় প্রথম আযানে আস্সলাতু খাইরুম .... আছে যা উদ্দে মাকতুমের আযানে ছিল না। (সুরুলুস সালাম)

[ আল্লাহই সবচেয়ে ভাল জ্ঞানেন ]

٦٢٢-٦٢٢. صرشنا إِسْحَاقُ قَالَ أَخْبَرُنَا أَبُو أُسَامَةً قَالَ عُبَيْدُ اللهِ حَدَّثَنَا عَنِ الْقَاسِمِ بْنِ مُحَمَّد عَــنْ عَائِشَةَ وَعَنْ نَافِعٍ عَنْ ابْنِ عُمَرَ أَنَّ رَسُولَ اللهِ ﷺ قَالَ ح و حَدَّثَنِي يُوسُفُ بْنُ عِيسَى الْمَرْوَزِيُّ قَالَ حَدَّثَنَا اللهِ ﷺ قَالَ حَدَّثَنَا عُنِيدُ اللهِ بَنُ عُمَرَ عَنِ الْقَاسِمِ بْنِ مُحَمَّد عَنْ عَائِشَةَ عَنِ النَّبِيِّ ﷺ أَنَّهُ قَالَ إِنَّ الْفَضْلُ بْنُ مُوسَى قَالَ حَدَّثَنَا عُبَيْدُ اللهِ بْنُ عُمَرَ عَنِ الْقَاسِمِ بْنِ مُحَمَّد عَنْ عَائِشَةَ عَنِ النَّبِيِّ ﷺ أَنَّهُ قَالَ إِنَّ اللهِ لِللهِ يَكُلُوا وَاشْرَبُوا حَتَّى يُؤذِّنَ ابْنُ أُمِّ مَكُنُومٍ.

৬২২-৬২৩. 'আয়িশাহ্ 🗯 সূত্রে নাবী 🚎 হতে বর্ণিত। তিনি বলেন, বিলাল 🗯 রাত থাকতে আযান দিয়ে থাকেন। কাজেই, ইব্নু উন্মু মাকতৃম 📾 যতক্ষণ আযান না দেয়, ততক্ষণ তোমরা (সাহারী) পানাহার করতে পার। (৬২২=১৯১৯) (৬২৩=৬১৭) (মুসলিম ১৩/৮, হাঃ ১০৯২, আহমাদ ২৪২২৩) (আ.প্র. ৫৮৭, ই.ফা. ৫৯৫)

১০/১৪. অধ্যায় : আ্থান ও ইক্বামাতের মধ্যে পার্থক্য কতটুকু।

٦٢٤. حَرْمُنَا إِسْحَاقُ الْوَاسِطِيُّ قَالَ حَدَّثَنَا خَالِدٌ عَنِ الْحُرَيْرِيِّ عَنْ ابْنِ بُرَيْدَةَ عَنْ عَبْدِ اللهِ بْنِ مُغَفَّــلِ اللهِ بَنِ مُغَفَّــلِ اللهِ اللهِ عَنْ عَبْدِ اللهِ بَنِنَ كُلِّ أَذَانَيْن صَلاَةً ثَلاَثًا لِمَنْ شَاءَ.

৬২৪. 'আবদুল্লাহ ইব্নু মুগাফ্ফাল মুযানী ( হতে বর্ণিত। রাস্লুল্লাহ বলেছেন: প্রত্যেক আযান ও ইক্মাতের মধ্যে সলাত রয়েছে। একথা তিনি তিনবার বললেন, (তারপর বলেন) যে চায় তার জন্য। (৬২৭; মুসলিম ৬/৫৬, হাঃ ৮৩৮, আহমাদ ১৬৭৯০) (আ.প্র. ৫৮৮, ই.ফা. ৫৯৬)

<sup>\*</sup> পূর্ব দিকে প্রথমে খাড়া আলোক-রেখা দেখা যায় এই আলোক রেখা প্রকৃত ফাজ্র নয়। পূর্ব দিকে আড়াআড়িভাবে বিস্তৃত আলোক রেখাই প্রকৃত ফাজ্রের সময়।

م ٦٢٥. عَرْشَا مُحَمَّدُ بَنُ بَشَّارِ قَالَ حَدَّثَنَا غُنَدَرٌ قَالَ حَدَّثَنَا شُعْبَةُ قَالَ سَمِعْتُ عَمْرَو بَسنَ عَامِرِ النَّبِيِّ عَنْ أَنسِ بَنِ مَالِكُ قَالَ كَانَ الْمُؤَذِّنُ إِذَا أَذَّنَ قَامَ نَاسٌ مِنْ أَصْحَابِ النَّبِيِّ عَنْ أَنسِ بَنِ مَالِكُ قَالَ كَانَ الْمُؤَذِّنُ إِذَا أَذَّنَ قَامَ نَاسٌ مِنْ أَصْحَابِ النَّبِيِّ عَنْ أَنسِ بَنِ مَالِكُ قَالَ السَّوَارِيُّ عَنَى الْأَذَانِ وَالْإِقَامَةِ شَيْءً قَالَ حَتَّى يَخْرُجَ النَّبِيُ عَنْ الْأَذَانِ وَالْإِقَامَةِ شَيْءً قَالَ عَنْ شَعْبَةً لَمْ يَكُنْ بَيْنَهُمَا إِلاَّ قَليلٌ.

৬২৫. আনাস ইব্নু মালিক হতে বর্ণিত। তিনি বলেন, মুআয্যিন যখন আযান দিতো, তখন নাবী হত্ত-এর সহাবীগণের মধ্যে কয়েকজন নাবী হত্ত-এর বের হওয়া পর্যন্ত (মাসজিদের) খুঁটির নিকট গিয়ে দাঁড়াতেন এবং এ অবস্থায় মাগরিবের পূর্বে দু' রাক'আত সলাত আদায় করতেন। অথচ মাগরিবের আযান ও ইক্বামাতের মধ্যে কিছু (সময়) থাকত না। 'উসমান ইব্নু জাবালাহ ও আবৃ দাউদ (রহ.) ত'বাহ (রহ.) হতে বর্ণনা করেন যে, এ দু'য়ের মধ্যবর্তী ব্যবধান খুবই সামান্য হত। (৫০৩; মুসলিম ৬/৫৫, হাঃ ৮৩৭) (আ.এ. ৫৮৯, ই.ফা. ৫৯৭)

• ١٥/١. بَابِ مَنْ انْتَظَرَ الْإِقَامَةَ.

#### ১০/১৫. অধ্যায় : ইক্বামাতের জন্য অপেক্ষা করা।

٦٢٦. **طَرَثُنَا** أَبُو الْيَمَانِ قَالَ أَخْبَرَنَا شُعَيْبٌ عَنْ الزُّهْرِيِّ قَالَ أَخْبَرَنِي عُرُوَةُ بْنُ الزُّبَيْرِ أَنَّ عَائِشَةَ قَالَتْ كَانَ رَسُولُ اللهِ ﷺ إِذَا سَكَتَ الْمُؤذِّنُ بِالْأُولَى مِنْ صَلاَةِ الْفَجْرِ قَامَ فَرَكَعَ رَكَعَتَيْنِ خَفِيفَتَيْنِ قَبْسَلَ صَسلاةِ الْفَجْر بَعْدَ أَنْ يَسْتَبِينَ الْفَجْرُ ثُمَّ اضْطَجَعَ عَلَى شَقَّه الْأَيْمَن حَتَّى يَأْتَيَهُ الْمُؤذِّنُ لَلْإِقَامَة.

৬৭৩. ইব্নু 'উমার হৈ বর্ণিত। তিনি বলেন, আল্লাহর রস্ল করে বলেছেন : যখন তোমাদের কারো সামনে রাতের খাবার এসে পড়ে, অপরদিকে সলাতের ইক্বামাত হয়ে যায়। তখন পূর্বে খাবার খেয়ে নিবে। খাওয়া রেখে সলাতে তাড়াহড়া করবে না। নিফি' (রহ.) বলেন] ইব্নু 'উমার ক্রিব জন্য খাবার পরিবেশন করা হত, সে সময় সলাতের ইক্বামাত দেয়া হত, তিনি খাবার শেষ না করে সলাতে আসতেন না। অথচ তিনি ইমামের কিরাআত শুনতে পেতেন। (৬৭৪, ৫৪৬৪) (আ.প্র.৬৩৩ , ই.ফা. ৬৪০)

3٧٤. وَقَالَ رُهَيْرٌ وَوَهْبُ بْنُ عُثْمَانَ عَنْ مُوسَى بْنِ عُقْبَةَ عَنْ نَافِعِ عَنْ ابْنِ عُمَرَ قَالَ قَالَ النَّبِيُّ ﷺ إِذَا كَانَ أَحَدُكُمْ عَلَى الطَّعَامِ فَلاَ يَعْجَلْ حَتَّى يَقْضِيَ حَاجَتَهُ مِنْهُ وَإِنْ أُقِيمَتُ الصَّلاَةُ رَوَاهُ إِبْرَاهِيمُ بْنُ الْمُنْسَذِرِ عَنْ وَهْب بْن عُثْمَانَ وَوَهْبُ مَدينيٌّ.

৬৭৪. ইব্নু 'উমার ( হাত বর্ণিত। নাবী হাত বলেছেন: তোমাদের কেউ যখন খাবার খেতে থাক, তখন সলাতের ইক্বামাত হয়ে গেলেও খাওয়া শেষ না করে তাড়াহুড়া করবে না। আবৃ 'আবদুল্লাহ্ ইমাম বুখারী (রহ.) বলেন, আমাকে ইব্রাহীম ইব্নু মুন্যির (রহ.) এ হাদীসটি ওয়াহ্ব ইব্নু উসমান (রহ.) হতে বর্ণনা করেছেন এবং ওয়াহ্ব হলেন মাদীনাহ্বাসী। (মুসলিম ৫/১৬,হাঃ ৫৫৯ আহমাদ ৪৭০৯) (আ.প্র. ৬৩৩ শেষাংশ, ই.ফা. ৬৪০ শেষাংশ)

• ١ / ٤٣ ٤. بَابِ إِذَا دُعِيَ الْإِمَامُ إِلَى الصَّلاَةِ وَبِيَدِهِ مَا يَأْكُلُ.

১০/৪৩. অধ্যায় : খাবার হাতে থাকা অবস্থায় ইমামকে সলাতের দিকে আহ্বান করলে।

7٧٥. **طرثنا** عَبْدُ الْعَزِيزِ بْنُ عَبْدِ اللهِ قَالَ حَدَّنَنَا إِبْرَاهِيمُ عَنْ صَالِحٍ عَنْ ابْنِ شِهَابٍ قَالَ أَخْبَرَنِي جَعْفَرُ بُنُ عَمْرِو بْنِ أُمَيَّةَ أَنَّ أَبَاهُ قَالَ رَأَيْتُ رَسُولَ اللهِ ﷺ يَأْكُلُ ذِرَاعًا يَحْتَزُ مِنْهَا فَدُعِيَ إِلَى الصَّلَاةِ فَقَامَ فَطَـرَحَ السَّكَينَ فَصَلَّى وَلَمْ يَتَوَضَّأَ. السَّكَينَ فَصَلَّى وَلَمْ يَتَوَضَّأَ.

৬৭৫. 'আমর ইব্নু উমাইয়াহ ( হতে বর্ণিত। তিনি বলেন, আমি আল্লাহর রস্ল ক্রি-কে (বকরীর) সামনের রানের গোশ্ত কেটে খেতে দেখতে পেলাম, এমন সময় তাঁকে সলাতের জন্য ডাকা

হলে তিনি ছুরি রেখে দিয়ে উঠে গেলেন ও নতুন উয়ৃ না করেই সলাত আদায় করলেন। (২০৮) (আ.প্র. ৬৩৪, ই.ফা. ৬৪১)

خَرَجَ. الصَّلاَةُ فَخَرَجَ. ١٠٠ عَنْ كَانَ فِي حَاجَةِ أَهْلِهِ فَأُقِيمَتُ الصَّلاَةُ فَخَرَجَ. ১০/৪৪. অধ্যায় : ঘরের কার্জ-কর্মে ব্যস্ত থাকা অবস্থায় ইক্মাত হলে, সলাতের জন্য বের হয়ে যাবে।

٦٧٦. **صرَثنا** آدَمُ قَالَ حَدَّثَنَا شُعْبَهُ قَالَ حَدَّثَنَا الْحَكَمُ عَنْ إِبْرَاهِيمَ عَنِ الْأَسْوَدِ قَالَ سَأَلْتُ عَائِشَةَ مَا النَّبِيُّ عَشْ يَصْنَعُ فِي بَيْتِهِ قَالَتْ كَانَ يَكُونُ فِي مِهْنَةِ أَهْلِهِ تَعْنِي حِدْمَةَ أَهْلِهِ فَإِذَا حَضَرَتُ الصَّلاَةُ خَرَجَ كَانَ النَّبِيُّ عَشْهُ يَصْنَعُ فِي بَيْتِهِ قَالَتْ كَانَ يَكُونُ فِي مِهْنَةِ أَهْلِهِ تَعْنِي حِدْمَةَ أَهْلِهِ فَإِذَا حَضَرَتُ الصَّلاَةُ خَرَجَ الصَّلاَة. د

৬৭৬. আসওয়াদ হতে বর্ণিত। তিনি বলেন, আমি 'আয়িশাহ্ ক্রিল্পা-কে জিজ্ঞেস কর্নাম, নাবী ঘরে থাকা অবস্থায় কী করতেন? তিনি বললেন, ঘরের কাজ-কর্মে ব্যস্ত থাকতেন। অর্থাৎ পরিবারবর্গের সহায়তা করতেন। আর সলাতের সময় হলে সলাতের জন্য চলে যেতেন। (৫৩৬৩, ৬০৩৯) (আ.প্র. ৬৩৫, ই.ফা. ৬৪২)

وَسُنَّتَهُ. وَسُنَّتَهُ. وَالنَّاسِ وَهُوَ لاَ يُرِيدُ إِلاَّ أَنْ يُعَلِّمَهُمْ صَلاَةَ النَّبِيِّ ﷺ وَسُنَّتَهُ. ১০/৪৫. অধ্যায় : যে ব্যক্তি কেবলমাত্র আল্লাহর রসূল ﴿ وَسُنَّتَهُ وَسُنَّتَهُ وَاللَّهُ اللَّهُ الللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ الللّهُ الللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ الللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ الللّهُ اللّهُ اللّهُ اللّهُ الللّهُ الللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ ال

مَرَنَ مُوسَى بَنُ إِسْمَاعِيلَ قَالَ حَدَّثَنَا وُهَيْبٌ قَالَ حَدَّثَنَا أَيُوبُ عَنْ أَبِي قِلاَبَةَ قَالَ جَاءَنَا مَالِكُ بَنُ الْحُوَيْرِثِ فِي مَسْجِدِنَا هَذَا فَقَالَ إِنِّي لَأُصَلِّي بِكُمْ وَمَا أُرِيدُ الصَّلاَةَ أُصَلِّي كَيْفَ رَأَيْتُ النَّبِيَّ عَلَىٰ يُصَلِّي بُنُ الْحُويْرِثِ فِي مَسْجِدِنَا هَذَا فَقَالَ إِنِّي لَأُصَلِّي بِكُمْ وَمَا أُرِيدُ الصَّلاَةَ أُصَلِّي كَيْفَ رَأَيْتُ النَّبِيَّ عَلَىٰ يُصَلِّي فَالَ مِثْلَ شَيْخِنَا هَذَا قَالَ وَكَانَ شَيْخًا يَحْلِسُ إِذَا رَفَحَ مَ أُسَلَّهُ مِلْ شَيْخُود قَبْلَ أَنْ يَنْهَضَ فِي الرَّكُعَة الْأُولَى.

৬৭৭. আবৃ কিলাবাহ্ হতে বর্ণিত। তিনি বলেন, একবার মালিক ইব্নু হুওয়াইরিস আমাদের এ মাসজিদে এলেন। তিনি বললেন, আমি অবশ্যই তোমাদের নিয়ে সলাত আদায় করবো, বস্তুত আমার উদ্দেশ্য সলাত আদায় করা নয় বরং নাবী ক্রি-কে আমি যেভাবে সলাত আদায় করতে দেখেছি, তা তোমাদের দেখানোই আমার উদ্দেশ্য। [আইয়্ব (রহ.) বলেন] আমি আবৃ কিলাবা (রহ.)-কে জিজ্ঞেস করলাম, তিনি কিরূপে সলাত আদায় করতেন? তিনি বললেন, আমাদের এই শাইখের মত আর শাইখ প্রথম রাক'আতের সাজদাহ্ শেষ করে যখন মাথা উত্তোলন করতেন, তখন দাঁড়ানোর আগে একটু বসতেন। (৮০২, ৮১৮, ৮২৪) (আ.প্র. ৬৩৬, ই.ফা. ৬৪৩)

## • ٢/١٠. بَابِ أَهْلُ الْعِلْمِ وَالْفَصْلِ أَحَقُّ بِالْإِمَامَةِ.

১০/৪৬. অধ্যায় : বিজ্ঞ ও মর্যাদাশীল ব্যক্তিই ইমামাতের অধিক যোগ্য।

٦٧٨. طرثنا إِسْحَاقُ بْنُ نَصْرٍ قَالَ حَدَّثَنَا حُسَيْنٌ عَنْ زَائِدَةً عَنْ عَبْدِ الْمَلِكِ بْنِ عُمَيْرٍ قَالَ حَدَّثَنِي أَبُو بُرُدَةً عَنْ أَبِي مُوسَى قَالَ مَرِضَ النَّبِيُّ عَلَيْ فَاشْتَدَّ مَرَضُهُ فَقَالَ مُرُوا أَبَا بَكْرٍ فَلْيُصَلِّ بِالنَّاسِ قَالَ عَائِشَةُ إِنَّــهُ رَجُلٌ رَقِيقٌ إِذَا قَامَ مَقَامَكَ لَمْ يَسْتَطِعْ أَنْ يُصَلِّي بِالنَّاسِ قَالَ مُرُوا أَبَا بَكْرٍ فَلْيُصَلِّ بِالنَّاسِ فَعَادَتْ فَقَالَ مُرِي رَجُلٌ رَقِيقٌ إِذَا قَامَ مَقَامَكَ لَمْ يَسْتَطِعْ أَنْ يُصَلِّي بِالنَّاسِ قَالَ مُرُوا أَبَا بَكْرٍ فَلْيُصَلِّ بِالنَّاسِ فَعَادَتْ فَقَالَ مُرِي رَجُلُ رَقِيقً إِذَا قَامَ مَقَامَكَ لَمْ يَسْتَطِعْ أَنْ يُصِلِّي بِالنَّاسِ قَالَ مُرُوا أَبَا بَكُرٍ فَلَيْصَلِّ بِالنَّاسِ فَعَادَتْ فَقَالَ مُرِي النَّاسِ فَا النَّبِي عَلَيْد.

৬৭৮. আর্ ম্সা ( হৈত বর্ণিত। তিনি বলেন, নাবী হৈত অসুস্থ হর্মে পড়র্লেন, ক্রমে তাঁর অসুস্থতা তীব্রতর হলে তিনি বললেন, আবৃ বাক্রকে লোকদের নিয়ে সলাত আদায় করতে বল। 'আয়িশাহ্ ক্রিল্লা বললেন, তিনি তো কোমল হৃদয়ের লোক, যখন আপনার স্থানে দাঁড়াবেন, তখন তিনি লোকদের নিয়ে সলাত আদায় করতে পারবেন না। নাবী হিত্র আবার বললেন, আবৃ বাকরকে বল, সে যেন লোকদের নিয়ে সলাত আদায় করে। 'আয়িশাহ্ ক্রিল্লা আবার সে কথা বললেন। তখন তিনি আবার বললেন, আবৃ বাক্র ক্রিল্লা-কে বল, সে যেন লোকদের নিয়ে সলাত আদায় করে। তোমরা ইউসুফের (প্রিল্লা) সাথী মহিলাদেরই মতোই। অতঃপর একজন সংবাদদাতা আবৃ বাক্র ক্রিল্লা-এর নিকট সংবাদ নিয়ে আসলেন এবং তিনি নাবী ক্রিল্লা-এর জীবদ্দশাতেই লোকদেরকে সঙ্গে নিয়ে সলাত আদায় করলেন। (৩৩৮৫; মুসলিম ৪/২১, হাঃ ৪২০, আহমাদ ১৯৭২০) (আ.প্র. ৬৩৭, ই.ফা. ৬৪৪)

٦٧٩. حَرْمُنَا عَبْدُ اللهِ بْنُ يُوسُفَ قَالَ أَخَبَرَنَا مَالِكُ عَنْ هِشَامِ بْنِ عُرْوَةً عَنْ أَبِيهِ عَـنْ عَائِشَـةً أُمِّ الْمُؤْمِنِينَ رَضِيَ اللهُ عَنْهَا أَنَّهَا قَالَتْ إِنَّ رَسُولَ اللهِ عَلَىٰ قَالَ فِي مَرَضِهِ مُرُوا أَبَا بَكُرٍ يُصَلِّي بِالنَّـاسِ قَالَـتَ عَائِشَةً قُلْتُ إِنَّ أَبَا بَكُر إِذَا قَامَ فِي مَقَامِكَ لَمْ يُسْمِعُ النَّاسِ مِنَ الْبُكَاءِ فَمُرْ عُمَرَ فَلْيُصلِّ لِلنَّاسِ فَقَالَت عَائِشَةً فَلْتُ لِحَفْصَةً قُولِي لَهُ إِنَّ أَبَا بَكُرٍ إِذَا قَامَ فِي مَقَامِكَ لَمْ يُسْمِعُ النَّاسَ مِنَ الْبُكَاءِ فَمُرْ عُمَرَ فَلْيُصلِّ لِلنَّاسِ فَقَالَتَ عَائِشَةً فَوْلِي لَهُ إِنَّ أَبَا بَكُرٍ إِذَا قَامَ فِي مَقَامِكَ لَمْ يُسْمِعُ النَّاسَ مِنَ الْبُكَاءِ فَمُرْ عُمَرَ فَلْيُصلِّ لِلنَّاسِ فَقَالَـتَ فَقَالَ رَسُولُ اللهِ عَلَى مَنْ الْنَصْ صَوَاحِبُ يُوسُفَ مُرُوا أَبَا بَكُرٍ فَلْيُصلِّ لِلنَّاسِ فَقَالَـتَ حَفْصَةُ لَعَائِشَةً مَا كُثْتُ لُأُصِيبَ مَنْكَ خَيْرًا.

৬৭৯. উম্মূল মু'মিনীন 'আয়িশাহ্ ক্রিল্লা হতে বর্ণিত। তিনি বর্লেন, আল্লাহর রস্ল ক্রি অন্তিম রোগে আক্রান্ত অবস্থায় বললেন, আবু বাক্র ক্রি-কে বল সে যেন লোকদের নিয়ে সলাত আদায় করে। 'আয়িশাহ্ ক্রিল্লা বলেন, আমি বললাম, আবু বাক্র ক্রিলা যখন আপনার স্থানে দাঁড়াবেন, তখন তাঁর কান্নার দক্রন লোকেরা তাঁর কিছুই ভনতে পাবে না। কাজেই 'উমার ক্রিলা-কে লোকদের নিয়ে সলাত আদায়ের নির্দেশ দিন। 'আয়িশাহ্ ক্রিল্লা বলেন, আমি হাফ্সাহ ক্রিল্লা-কে বললাম, তুমিও আল্লাহর রস্ল ক্রিলা-কে বল যে, আবু বাক্র ক্রিলা আপনার স্থানে দাঁড়ালে কান্নার জন্য লোকেরা কিছুই শুনতে পাবে না। তাই 'উমার ক্রিলা-কে লোকদেরকে নিয়ে সলাত আদায় করার নির্দেশ দিন। হাফ্সাহ

ছিল্ল তাই করলেন। তখন আল্লাহর রসূল ক্ষ্রি বললেন, থাম, তোমরা ইউসুফ (৪৬৪)-এর সঙ্গী মহিলাদের মত। আবৃ বাক্র ক্ষ্রি-কে লোকদের নিয়ে সলাত আদায় করতে বল। তখন হাফ্সাহ জিল্ল 'আয়িশাহ্ জিল্লা-কে বললেন, আমি তোমার কাছ থেকে কখনও ভাল কিছু পেলাম না। (১৯৮) (আ.প্র. ৬৩৮, ই.ফা. ৬৪৫)

٠٦٨٠. حَرَثُمَا أَبُو الْيَمَانِ فَالَ أَخْبَرَنَا شُعَيْبٌ عَنْ الزُّهْرِيِّ قَالَ أَخْبَرَنِي أَنَسُ بُنُ مَالِكُ الأَنْصَارِيُّ وَكَانَ بَعِ النَّبِيِّ فَلَمْ وَحَدَمَهُ وَصَحِبَهُ أَنْ أَبَا بَكُرٍ كَانَ يُصَلِّي لَهُمْ فِي وَجَعِ النَّبِيِّ فَلَمْ الْذِي تُوُفِّيَ فِيهِ حَتَّى إِذَا كَانَ يُومُ اللَّنَيْ فَهُمْ صُفُوفٌ فِي الصَّلَاةِ فَكُشَفَ النَّبِيُ فَلَمْ سِثْرَ الْحُجْرَةِ يَنْظُرُ إِلَيْنَا وَهُو قَائِمٌ كَأَنَّ وَجُهَهُ وَرَقَةُ وَرَقَةُ مُصَحَفِ ثُمَّ تَبَسَّمَ يَضَحَكُ فَهَمَمْنَا أَنْ نَفْتَينَ مِنَ الْفَرَحِ بِرُؤْيَةِ النَّبِي فَلَى فَنَكُصَ أَبُو بَكُرٍ عَلَى عَقِبَيْهِ لِيصِلَ مُصَحَفٍ ثُمَّ تَبَسَّمَ يَضَحَكُ فَهَمَمْنَا أَنْ نَفْتَينَ مِنَ الْفَرَحِ بِرُؤْيَةِ النَّبِي فَلَى فَنَكُصَ أَبُو بَكُرٍ عَلَى عَقِبَيْهِ لِيصِلَ الطَّفَ وَظَنَّ أَنْ النَّبِي فَلَى السَّيْرَ فَتُوفِي الصَّلَاةِ فَأَشَارَ إِلَيْنَا النَّبِي فَلَى أَنْ أَيْمُوا صَلاَتَكُمْ وَأَرْخَى السِيْرَ فَتُوفِي مَنْ يَوْمُهُ فَي الصَّلَاةِ فَأَشَارَ إِلَيْنَا النَّبِي فَلَى أَنْ أَيْمُوا صَلاَتَكُمْ وَأَرْخَى السِيْرَ فَتُوفِي مِنْ الْمَارِ إِلْيَنَا النَّبِي فَلَى أَنْ أَيْمُوا صَلاَتَكُمْ وَأَرْخَى السِيْرَ فَتُوفِي مِنْ يَوْمُهِ.

৬৮০. আনাস ইব্নু মালিক আনসারী ( যিনি নাবী এবং অনুসারী, খাদিম এবং সহাবী ছিলেন। তিনি বর্ণনা করেন যে, আল্লাহর রসূল অন্তিম রোগে পীড়িত অবস্থায় আবৃ বাক্র আসহাবীগণকে নিয়ে সলাত আদায় করতেন। অবশেষে যখন সোমবার এল এবং লোকেরা সলাতের জন্য কাতারে দাঁড়াল, তখন নাবী হজরার পর্দা উঠিয়ে আমাদের দিকে তাকালেন। তিনি দাঁড়িয়ে ছিলেন,তাঁর চেহারা যেন কুরআনে করীমের পৃষ্ঠা (এর ন্যায় ঝলমল করছিল)। তিনি মুচকি হাসলেন। নাবী ক্রি-কে দেখতে পেয়ে আমরা খুশীতে প্রায় আরহারা হয়ে গিয়েছিলাম এবং আবৃ বাক্র ক্রিকাতারে দাঁড়ানোর জন্য পিছন দিকে সরে আসছিলেন। তিনি ভেবেছিলেন, নাবী হয়তো সলাতে বেরিয়ে আসবেন। নাবী আমাদেরকে ইশারায় জানালেন যে, তোমরা তোমাদের সলাত পূর্ণ করে নাও। অতঃপর তিনি পর্দা ছেড়ে দিলেন। সে দিনই তাঁর ওফাত হয়। (৬৮১,৭৫৪,১২০৫,৪৪৪৮,মুসলিম ৪/২১ হাঃ ৪১৯, আহমাদ ১৩০২৮) (আ.প্র. ৬৩৯, ই.ফা. ৬৪৬)

٦٨١. حَرْمُنَا أَبُو مَعْمَرٍ قَالَ حَدَّنَنَا عَبْدُ الْوَارِثِ قَالَ حَدَّنَنَا عَبْدُ الْعَزِيزِ عَنْ أَنسِ بْنِ مَالِكِ قَــالَ لَـــمْ
 يَحْرُجُ النَّبِيُّ ﷺ ثَلاَثًا فَأْقِيمَتُ الصَّلاَةُ فَذَهَبَ أَبُو بَكْرٍ يَتَقَدَّمُ فَقَالَ نَبِيُّ اللهِ ﷺ بِالْحِجَابِ فَرَفَعَهُ فَلَمَّا وَضَحَ لَنَا فَأُومَا النَّبِيُ ﷺ بِيدِهِ إِلَى وَحُهُ النَّبِيِّ ﷺ حِينَ وَضَحَ لَنَا فَأَوْمَا النَّبِيُ ﷺ بِيدِهِ إِلَى بَكُر أَنْ يَتَقَدَّمُ وَأَرْخَى النَّبِي ﷺ الْحَجَابَ فَلَمْ يُقْدَرُ عَلَيْه حَتَّى مَاتَ.
 أبي بَكُر أَنْ يَتَقَدَّمَ وَأَرْخَى النَّبِي ﷺ الْحَجَابَ فَلَمْ يُقْدَرُ عَلَيْه حَتَّى مَاتَ.

৬৮১. আনাস হাত বর্ণিত। তির্নি বলেন, (রোগাক্রান্ত থাকার) তিনদিন পর্যন্ত নাবী হাইরে আসেননি। এমতাবস্থায় একসময় সলাতের ইক্বামাত দেয়া হল। আবৃ বাক্র হাইমামাত করার জন্য অগ্রসর হচ্ছিলেন। এমন সময় নাবী হাই তাঁর ঘরের পর্দা ধরে উঠালেন। নাবী হাই-এর চেহারা যখন আমাদের সম্মুখে প্রকাশ পেল, তাঁর চেহারার চেয়ে সুন্দর দৃশ্য আমরা আর কখনো দেখিনি। যখন তাঁর চেহারা আমাদের সম্মুখে প্রকাশ পেল, তখন নাবী হাই হাতের ইঙ্গিতে আবৃ বাক্র হাঠ-কে

(ইমামাতের জন্য) এগিয়ে যেতে বললেন এবং পর্দা ফেলে দিলেন। তারপর মৃত্যুর আগে তাঁকে আর দেখতে পাইনি। (৬৮০) (আ.প্র. ৬৪০, ই.ফা. ৬৪৭)

٦٨٢. **صرتنا** يَحْيَى بْنُ سُلَيْمَانَ قَالَ حَدَّنَنَا ابْنُ وَهْبِ قَالَ حَدَّثَنِي يُونُسُ عَنْ ابْنِ شِهَابٍ عَنْ حَمْسزَةَ بَرِ عَبْدِ اللهِ أَنَّهُ أَخْبَرَهُ عَنْ أَبِيهِ قَالَ لَمَّا اشْتَدَّ بِرَسُولِ اللهِ فَلَمُّ وَجَعُهُ قِيلَ لَهُ فِي الصَّلَاةِ فَقَالَ مُرُوا أَبَا بَكْ رِ عَبْدِ اللهِ أَنَّهُ أَخْبَرَهُ عَنْ أَبِيهِ قَالَ مُرُوا أَبَا بَكْرٍ رَجُلُّ رَقِيقُ إِذَا قَرَأَ غَلَبَهُ الْبُكَاءُ قَالَ مُرُوهُ فَيُصَلِّي فَعَاوَدَتُهُ قَالَ مُرُوهُ فَيُصَلِّي فَعَاوَدَتُهُ قَالَ مُرُوهُ فَيُصَلِّي إِلنَّاسٍ قَالَتَ عَائِشَةُ إِنَّ أَبَا بَكْرٍ رَجُلُّ رَقِيقُ إِذَا قَرَأَ غَلَبَهُ الْبُكَاءُ قَالَ مُرُوهُ فَيُصَلِّي فَعَاوَدَتُهُ قَالَ مُرُوهُ فَيُصَلِّي إِنَّكُنَّ صَوَاحِبُ يُوسُف

تَابَعَهُ الزُّبَيْدِيُّ وَابْنُ أَحِي الزُّهْرِيِّ وَإِسْحَاقُ بْنُ يَحْيَى الْكَلْبِيُّ عَنْ الزُّهْرِيِّ وَقَالَ عُقَيْلٌ وَمَعْمَــرُّ عَـــنَ الزُّهْرِيِّ عَنْ حَمْزَةَ عَنِ النَّبِيِّ ﷺ.

৬৮২. 'আবদুল্লাহ্ ইব্নু 'উমার ( হলে) হতে বর্ণিত। তিনি বলেন, আল্লাহর রস্ল ক্লিই-এর রোগ যখন খুব বেড়ে গেল, তখন তাঁকে সলাতের জামা'আত সম্পর্কে জিজ্ঞেস করা হল। তিনি বললেন, আব্ বাক্রকে বল, সে যেন লোকদের নিয়ে সলাত আদায় করে নেয়। 'আয়িশাহ্ ক্লিল্লা বলেন, আমি বললাম, আবৃ বাক্র ক্লিট্রা অত্যন্ত কোমল মনের লোক। কিরাআতের সময় কানায় ভেঙ্গে পড়বেন। তিনি বললেন, তাঁকেই সলাত আদায় করতে বল। 'আয়িশাহ্ ক্লিল্লা সে কথার পুনরাবৃত্তি করলেন। তিনি আবার বললেন, তাঁকেই সলাত আদায় করতে বল। তোমরা ইউসুফ ( হলে)-এর সাথী মহিলাদের মত।

এ হাদীসটি যুহরী (রহ.) হতে বর্ণনা করার ক্ষেত্রে যুবাইদী, যুহরীর ভাতিজা ও ইসহাক ইব্নু ইয়াহ্ইয়া কালবী (রহ.) ইউনুস (রহ.)-এর অনুসরণ করেছেন। এবং মা'মার ও উকাইল (রহ.) যুহরী (রহ.)-এর মাধ্যমে হামযাহ ( সূত্রে নাবী ক্ষ্মুই হতে হাদীসটি (মুরসাল হিসেবে) বর্ণনা করেন। (আ.প্র. ৬৪১, ই.ফা. ৬৪৮)

# ই ٧/١٠ . بَابِ مَنْ قَامَ إِلَى جَنْبِ الْإِمَامِ لِعِلَّةٍ. ٥٥/৪٩. অধ্যায় : কারণবশত ইমামের পাশে দাঁড়ানো।

٦٨٣. حرثنا زَكَرِيَّاءُ بَنُ يَحْيَى قَالَ حَدَّثَنَا ابْنُ نُمَيْرٍ قَالَ أَخْبَرَنَا هِشَامُ بْنُ عُرْوَةً عَنْ أَبِيهِ عَنْ عَائِشَةً قَالَتَ أَمْرَ رَسُولُ اللهِ ﷺ أَبَا بَكْرٍ أَنْ يُصَلِّي بِالنَّاسِ فِي مَرَضِهِ فَكَانَ يُصَلِّي بِهِمْ قَالَ عُرُوةً فَوَجَدَ رَسُولُ اللهِ ﷺ فِي نَفْسِهِ حَفَّةً فَخَرَجَ فَإِذَا أَبُو بَكْرٍ يَؤُمُّ النَّاسَ فَلَمَّا رَآهُ أَبُو بَكْرٍ اسْتَأْخَرَ فَأَشَارَ إِلَيْهِ أَنْ كَمَا أَنْتَ فَحَلَسَ رَسُولُ اللهِ ﷺ وَالنَّسَاسُ فَلَمَّا رَآهُ أَبُو بَكْرٍ يُصَلِّي بِصَلاَةٍ رَسُسُولِ اللهِ ﷺ وَالنَّسَاسُ فَلَمَّا رَاهُ بَكْرٍ يُصَلِّي بِصَلاَةٍ رَسُسُولِ اللهِ ﷺ وَالنَّسَاسُ يُصَلُّونَ بِصَلاَةٍ أَبِي بَكْرٍ اللهِ ﷺ وَالنَّسَاسُ يُصَلِّي بَصَلاَةٍ أَبِي بَكْرٍ اللهِ اللهُ اللهِ اللهُ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهُ اللهِ اللهُ اللهِ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهِ اللهِ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهِ اللهُ اللهُ اللهُ اللهِ اللهُ اللهِ اللهُ اللهِ اللهُ اللهُ اللهُ اللهِ اللهُ اللهِ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهِ اللهُ اللهِ اللهُ اللهُ

৬৮৩. 'আয়িশাহ ছাত্রী হতে বর্ণিত। তিনি বলেন, অন্তিম রোগে আক্রান্ত অবস্থায় আল্লাহর রস্ল আবৃ বাক্র ()-কে লোকদের নিয়ে সলাত আদায় করতে নির্দেশ দিয়েছিলেন। তাই তিনি লোকদের নিয়ে সলাত আদায় করেন। 'উরওয়াহ (রহ.) বর্ণনা করেন, ইতোমধ্যে আল্লাহর রস্ল একটু সৃস্থতাবোধ করলেন এবং সলাতের জন্য বেরিয়ে আসলেন। তখন আবৃ বাক্র () লোকদের ইমামাত করছিলেন। তিনি নাবী কি কে দেখে পিছিয়ে আসতে চাইলেন। নাবী তাঁকে ইঙ্গিত করলেন য়ে, য়ভাবে আছ সেভাবেই থাক। অতঃপর আল্লাহর রস্ল করে আবৃ বাক্র ()-এর বরাবর তাঁর পাশে বসে গেলেন। তখন আবৃ বাক্র () আল্লাহর রস্ল করে সলাত আদায় করছিলেন আর লোকেরা আবৃ বাক্র ()-কে অনুসরণ করে সলাত আদায় করছিলেন আর লোকেরা আবৃ বাক্র ()-কে অনুসরণ করে সলাত আদায় করছিলেন আর লোকেরা আবৃ বাক্র ()-কে অনুসরণ করে সলাত আদায় করছিলেন ১৯৮) (আ.শ্র. ৬৪২, ই.ফা. ৬৪৯)

কেনি নির্দান কর্ট হ'বট্ لَيَوُمَّ النَّاسَ فَجَاءَ الْإِمَامُ الْأَوَّلُ فَتَأَخَّرَ الْأَوَّلُ أَوْ لَمْ يَتَأَخَّرُ جَازَتَ صَلاَتُهُ ১০/৪৮. অধ্যায় : কোন ব্যক্তি লোকদের ইমামাত করার জন্য অগ্রসর হলে যদি পূর্ব (নির্ধারিত) ইমাম এসে যান তা'হলে তিনি পিছে সরে আসুন বা না আসুন উভয় অবস্থায় তাঁর সলাত আদায় হয়ে যাবে।

فِيهِ عَائِشَةُ عَنِ النَّبِيِّ এ মর্মে 'আয়িশাহ্ হতে একটি হাদীস বর্ণিত আছে।

٦٨٤. عرشنا عَبْدُ الله بَنْ يُوسُفَ قَالَ أَخْبَرَنَا مَالِكُ عَنْ أَبِي حَازِمٍ بَنِ دِينَارِ عَنْ سَهِلِ بَسِ سَسَعْدِ السَّاعِدِيِ أَنَّ رَسُولَ الله عَلَى ذَهَبَ إِلَى بَنِي عَمْرِو بَنِ عَوْف لِيُصلِح بَيْنَهُمْ فَحَانَتُ الصَّلاَةُ فَجَاءَ الْمُؤَذِّنُ إِلَى أَبِي بَكُر فَقَالَ أَنْصَلِي لِلنَّاسِ فَأُقِيمَ قَالَ نَعَمْ فَصَلَّى أَبُو بَكُر فَيَحَاءَ رَسُولُ الله عَلَى وَالنَّاسُ فِي الصَّلاَةِ فَتَحَلَّصَ حَتَّى وَقَف فِي الصَّف فِي الصَّف فَصَفْق النَّاسُ وكَانَ أَبُو بَكُر لاَ يَلْتَفْتُ فِي صَلاَتِهِ فَلَمَّا أَكْثَرَ النَّاسُ التَّصَفيق التَفَست فَرَأى رَسُولُ الله عَلَى مَا فَرَقُع وَلَى الله عَلَى مَا أَنْ تُبُت إِنَّ أَنُو بَكُر حَتَّى اسْتَوَى فِي الصَّف وَتُقَدَّمَ رَسُولُ الله عَلَى مَا أَمْرَهُ فِي الصَّف وَتُقَدَّمَ رَسُولُ الله عَلَى مَا أَمْرَهُ فَي وَلَى الله عَلَى مَا الله عَلَى الله عَلَى الله عَلَى مَا مَنعَك أَنْ تَبُت إِذَا أَمْرَتُكَ فَقَالَ أَبُو بَكُر مَا كَانَ لاَبْنِ أَبِي قُحَافَة أَنْ يُصَلّى فَلَمَا الله عَلَى الله عَلَى الله عَلَى الله عَلَى مَا مَنعَك أَنْ تَنبُت إِذْ أَمْرَتُك فَقَالَ أَبُو بَكُر مَا كَانَ لاَبْنِ أَبِي قُحَافَة أَنْ يُصَلّى فَلَمَا الْصَرَفَ قَالَ يَا أَبَا بَكُو مَا مَنعَك أَنْ تَنبُت إِذْ أَمُرتُك فَقَالَ أَبُو بَكُو مَا كَانَ لابْنِ أَبِي قُحَافَة أَنْ يُصَلّى بَيْنَ يَذِيْ رَسُولِ الله عَلَى الله عَلَى مَا لَي رَأَيْتُكُمْ أَكْثَرَتُمْ التَّصْفِيق مَنْ رَابَهُ شَيْءٌ فِي الصَّف قَالَ يَابُو بَكُو مَا كَانَ لابْنِ أَبِي قُعَالَ الله عَلَى مَا لَيْ رَأَيْتُكُمْ أَكْثُونُهُمُ التَّصْفِيق مَنْ رَابَهُ شَيْءٌ فِي عَلَى اللهُ عَلَى مَا التَصْفيق مَنْ رَابَهُ شَيْءٌ فِي الْكُون الله عَلَى التَصْفيق مَنْ رَابَهُ شَيْءً فِي مَا لَكُون الله اللهُ عَلَى مَا التَصْفيق مَنْ رَابَهُ التَصْفِق مَنْ رَابَهُ السَّعَ الْنَصَاء النَّوالِ الله عَلَى الْمَالتَصُولُ الله اللهُ عَلَى اللهُ اللهُ عَلَى اللهُ السَالِقُولُ اللهُ السَّولُ اللهُ السَالِقُ اللهُ اللهُ السَّالِي وَالْمَا التَصَالَ اللهُ اللهُ

৬৮৪. সাহল ইব্নু সা'দ সা'ঈদী ( হতে বির্ণিত যে, একদা আল্লাহর রস্ল ক্রি আমর ইব্নু আওফ গোত্রের এক বিবাদ মীমাংসার জন্য সেখানে যান। ইতোমধ্যে (আসরের) সলাতের সময় হয়ে গেলে, মুয়ায্যিন আবু বাক্র ( এন-এর নিকট এসে বললেন, আপনি কি লোকদের নিয়ে সলাত আদায়

করে নেবেন? তা হলে ইক্বামাত দেই? তিনি বললেন, হাঁা, আবু বাক্র সলাত আরম্ভ করলেন। লোকেরা সলাতরত অবস্থাতেই আল্লাহর রসূল আসলেন এবং তিনি সারিগুলো ভেদ করে প্রথম সারিতে গিয়ে দাঁড়ালেন। তথন সহাবীগণ হাতে তালি দিতে লাগলেন। আবু বাক্র সলাতে আর কোন দিকে তাকাতেন না। কিন্তু সহাবীগণ যখন অধিক করে হাতে তালি দিতে লাগলেন, তখন তিনি তাকালেন এবং আল্লাহর রসূল কেনেকে দেখতে পেলেন। আল্লাহর রসূল তাঁর প্রতি ইঙ্গিত করলেন– নিজের জায়গায় থাক। তখন আবু বাক্র কেনু দুহাত উঠিয়ে আল্লাহর রসূল বির্দেশের জন্য আল্লাহর প্রশংসা করে পিছিয়ে গেলেন এবং কাতারের বরাবর দাঁড়ালেন। আর আল্লাহর রসূল সামনে এগিয়ে সলাত আদায় করলেন। সলাত শেষ করে তিনি বললেন, হে আবু বাক্র! আমি তোমাকে নির্দেশ দেয়ার পর কিসে তোমাকে বাধা দিয়েছিল? আবু বাক্র করা শোভনীয় নয়। অতঃপর আল্লাহর রস্ল বললেন: আমি তোমাদের এক হাতে তালি দিতে দেখলাম। কারণ কী? শোন! সলাতে কারো কিছু ঘটলে সুবহানাল্লাহ্ বলবে। সুবহানাল্লাহ্ বললেই তার প্রতি দৃষ্টি দেয়া হবে। আর হাতে তালি দেয়া তো মহিলাদের জন্য। (১২০১,১২০৪,১২১৮,১২০৪, ২৬৯০, ২৬৯০, ৭১৯০ মুসলিম ৪/২২, য়ঃ ৪২১ আহমাদ ২২৮৭১) (আ.প্র. ৬৪৩, ই.ফা. ৬৫০)

م ٦٨٥. عرشنا سُلَيْمَانُ بْنُ حَرْبِ قَالَ حَدَّنَنَا حَمَّادُ بْنُ زَيْدِ عَنْ أَيُّوبِ عَنْ أَبِي قِلاَبَةَ عَنْ مَالِكِ بُسنِ الْحُوَيْرِثِ قَالَ قَدَمْنَا عَلَى النَّبِيِّ ﷺ وَنَحْنُ شَبَبَةٌ فَلَبْثَنَا عِنْدَهُ نَحْوُّا مِنْ عِشْرِينَ لَيْلَةً وَكَانَ النَّبِيُّ ﷺ وَكَانَ النَّبِيُّ اللَّهُ رَحِيمُ الْحُويْرِثِ قَالَ لَوْ رَجَعْتُمْ إِلَى بِلَادِكُمْ فَعَلَّمْتُمُوهُمْ مُرُوهُمْ فَلْيُصَلُّوا صَلاَةً كَذَا فِي حِينِ كَذَا وَصَلاَةً كَذَا فِي حَينِ كَذَا وَصَلاَةً كَذَا فِي حَينِ كَذَا وَصَلاَةً كَذَا فِي حَينِ كَذَا وَاللَّهُ كَذَا فِي حَينِ كَذَا وَصَلاَةً كَذَا فِي حَينِ كَذَا وَاللَّهُ كَذَا فِي حَينِ كَذَا وَاللَّهُ كَذَا فِي حَينِ كَذَا وَصَلاَةً وَلَيْقُومُ اللَّهُ كَذَا وَاللَّهُ اللَّهُ اللَّ

৬৮৫. মালিক ইব্নু হুওয়ায়রিস ( হতে বর্ণিত। তিনি বলেন, আমরা একদল যুবক একদা নাবী একদল যুবক একদা নাবী একদল থাকলাম। নাবী হতে এর খেদমতে উপস্থিত হলাম এবং প্রায় বিশ রাত্রি আমরা সেখানে থাকলাম। নাবী হতে ছিলেন অত্যন্ত দয়ালু। তাই তিনি আমাদের বললেন: তোমরা যখন নিজ দেশে ফিরে গিয়ে লোকদের দীন শিক্ষা দিবে, তখন তাদের এ সময়ে অমুক সলাত আদায় করতে বলবে এবং ঐ সময়ে অমুক সলাত আদায় করতে বলবে। অতঃপর যখন সলাতের সময় হয় তখন তোমাদের একজন আযান দিবে এবং তোমাদের মধ্যে বয়সে বড় ব্যক্তি ইমামাত করবে। (৬২৮) (আ.প্র. ৬৪৪, ই.কা. ৬৫১)

• ١ / ٠ ٥. بَابِ إِذَا زَارَ الْإِمَامُ قَوْمًا فَأَمَّهُمْ.

১০/৫০. অধ্যায় : ইমাম অন্য লোকদের নিকট উপস্থিত হলে, তাদের ইমামাত করতে পারেন।
ফর্মা- ১/২৪

৬৮৬. ইতবান ইব্নু মালিক আনসারী হাতে বর্ণিত। তিনি বর্লেন, একদা আল্লাহর রস্ল্ হাতে বর্ণিত। তিনি বর্লেন, একদা আল্লাহর রস্ল্ হাতে (আমার গৃহে প্রবেশের) অনুমতি চাইলে তাঁকে অনুমতি দিলাম। তিনি বললেন : তোমার ঘরের কোন জায়গাটি আমার সলাত আদায়ের জন্য তুমি পছন্দ কর। আমি আমার পছন্দ সই একটি স্থান ইঙ্গিত করে দেখালে তিনি সেখানে সলাতের জন্য দাঁড়ালেন, আমরা তাঁর পিছনে সারিবদ্ধ হয়ে দাঁড়ালাম। অতঃপর তিনি সালাম ফিরালেন এবং আমরা সালাম ফিরালাম। (৪২৪) (আ.প্র. ৬৪৫, ই.ফা. ৬৫২)

# بَابِ إِنَّمَا جُعِلَ الْإِمَامُ لِيُؤْتَمَّ بِهِ. ٥١/١٠. بَابِ إِنَّمَا جُعِلَ الْإِمَامُ لِيُؤْتَمَّ بِهِ. ٥٥/৫১. অধ্যায় : ইমাম নির্ধারণ করা হয় অনুসরণ করার জন্য ।

وَصَلَّى النَّبِيُّ عِلَى فَي مَرَضِهِ الَّذِي تُوفِي فِيهِ بِالنَّاسِ وَهُوَ جَالِسٌّ وَقَالَ ابْنُ مَسْعُود إِذَا رَفَعَ قَبْلَ الْإِمَامِ يَعُودُ فَيَمْكُتُ بِقَدْرِ مَا رَفَعَ ثُمَّ يَتَبَعُ الْإِمَامَ وَقَالَ الْحَسَنُ فِيمَنْ يَرْكُعُ مَعَ الْإِمَامِ رَكُعَتَيْنِ وَلاَ يَقْدِرُ عَلَى يَعُودُ فَيَمْكُتُ بِقَدْرِ مَا رَفَعَ ثُمَّ يَقْضِي الرَّكُعَةَ الْأُولَى بِسُجُودِهَا وَفِيمَنْ نَسِيَ سَجْدَةً حَتَّى قَامَ السُّجُودِ يَسْجُدُ لِلرَّكُعةِ الْآخِرَةِ سَجْدَتَيْنِ ثُمَّ يَقْضِي الرَّكُعَةَ الْأُولَى بِسُجُودِهَا وَفِيمَنْ نَسِيَ سَجْدَةً حَتَّى قَامَ يَسْجُدُد.

যে রোগে নাবী ক্রি-এর ওফাত হয়, সে সময় তিনি বসে বসে লোকদের ইমামাত করেছেন। ইব্নু মাস'উদ ( বলেন, কেউ যদি ইমামের পূর্বে মাথা উঠিয়ে ফেলে, তাহলে পুনরায় ফিরে গিয়ে ততটুকু সময় বিলম্ব করবে, যতটুকু সময় মাথা উঠিয়ে রেখেছিল। অতঃপর ইমামকে অনুসরণ করবে। হাসান বাসরী (রহ.) বলেন, যে ব্যক্তি ইমামের সঙ্গে রুকু' সহ দু'রাক'আত সলাত আদায় করে, কিন্তু সাজদাহ্ দিতে পারে না, সে শেষ রাক'আতের জন্য দু' সাজদাহ্ করবে এবং প্রথম রাক'আত সাজদাহ্সহ পুনরায় আদায় করবে। আর যে ব্যক্তি ভুলক্রমে এক সাজদাহ্ না দিয়ে দাঁড়িয়ে গেছে, সে (পরের রাক'আতে) সে সাজদাহ্ করে নিবে।

٦٨٧. صَرَمُنَا أَحْمَدُ بَنُ يُونُسَ قَالَ حَدَّثَنَا زَائِدَةً عَنْ مُوسَى بَنِ أَبِي عَائِشَةً عَنْ عُبَيْدِ الله بَنِ عَبْدِ الله بَنِ عَبْدِ الله بَنِ عَلَى عَائِشَةً فَقُلْتُ أَلاَ تُحَدِّثِينِي عَنْ مَرَضِ رَسُولِ اللهِ عَلَى قَالَتْ بَلَى ثَقُلَ النَّبِيُ عَنْ مَرَضِ رَسُولِ اللهِ عَلَى قَالَتْ بَلَى ثَقُلَ النَّبِيُ عَنْ مَرَضِ رَسُولِ اللهِ عَلَى قَالَتْ بَلَى ثَقُلَ النَّبِيُ عَنْ مَرَضِ رَسُولِ اللهِ عَالَتْ فَفَعَلْنَا فَاغْتَسَلَ فَلَدَ عَلَى النَّاسُ قُلْنَا لَى مَاءً فِي الْمِحْضَبِ قَالَتْ فَفَعَلْنَا فَاغْتَسَلَ فَلَنَا فَلَ ضَعُوا لِي مَاءً فِي الْمِحْضَبِ قَالَتْ فَقَعَلَ اللهِ قَالَ ضَعُوا لِي مَاءً فِي الْمَحْضَبِ قَالَتْ اللهِ قَالَ ضَعُوا لِي مَاءً فِي الْمُحْضَى عَلَيْهِ ثُمَّ أَفَاقَ فَقَالَ اللهِ قَالَ ضَعُوا لِي مَاءً فِي الْمُحْضَبِ قَالَتْ فَقَعَدَ فَاغْتَسَلَ ثُمَّ ذَهَبَ لِيَنُوءَ فَأَغْمِي عَلَيْهِ ثُمَّ أَفَاقَ فَقَالَ أَصَلَى النَّاسُ قُلْنَا لاَ هُمْ يَنْتَظِرُونَكَ يَا رَسُولَ اللهِ قَالَ ضَعُوا لِي مَاءً فِي الْمُحْضَى عَلَيْهِ ثُمَّ أَفَاقَ فَقَالَ اللهِ قَالَ ضَعُوا لِي مَاءً فِي عَلَيْهِ ثُمَّ أَفَاقَ فَقَالَ أَصَلَى النَّاسُ قُلْنَا لاَ هُمْ يَنْتَظِرُونَكَ يَا رَسُولَ اللهِ قَالَ طَعَمُوا لِي مَاءً فِي الْمُحْضَى عَلَيْهِ ثُمَّ أَفَاقَ فَقَالَ أَلَى اللهِ قَالَ عَنْهُ اللّهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ قَالَ عَلَيْهِ اللهِ اللهُ اللهُ اللهِ اللهُ اللهِ اللهُ اللهُ اللهِ اللهُ اللهُ اللهِ اللهِ اللهِ اللهُ اللهُ اللهِ اللهُ اللهُ اللهِ اللهُ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهُ اللهِ اللهِ اللهِ اللهِ اللهُ ال

يَتَنظُرُونَكَ يَا رَسُولَ اللهِ فَقَالَ صَعُوا لِي مَاءً فِي الْمِخْضِ فَقَعَدَ فَاغْتَسَلَ ثُمَّ ذَهَبَ لِيَهُوءَ فَأَغْمِي عَلَيْهِ ثُسمً أَفَاقَ فَقَالَ أَصَلُى النَّاسُ فَقُلْنَا لاَ هُمْ يَتَنظِرُونَكَ يَا رَسُولَ اللهِ وَالنَّاسُ عُكُوفٌ فِي الْمَسْجِد يَتَنظُرُونَ النَّبِي عَلَيْهِ السَّلاَم لِصَلاَة الْعَشَاء الْآخِرَة فَأَرْسَلَ النَّبِي عَلَيْهِ إِلَى اَبِي بَكُرٍ وَكَانَ رَجُلاً رَقِيقًا يَا عُمَرُ صَلِّ بِالنَّاسِ فَقَالَ إِنَّ رَسُولَ اللهِ عَمَّوُ عَلَيْهِ بَالنَّاسِ فَقَالَ إِنَّ النَّبِي عَلَيْهِ وَحَدَ مِنْ نَفْسِهِ حِفَّةً فَخَرَجَ بَسَيْنَ رَجُلَسَنُ اللّهَ عَمُ اللّهَ اللّهَ عَمْ اللّهَ اللّهُ عَلَيْهُ اللّهُ اللّهُ عَمْ اللّهُ اللّهُ عَمْ اللّهُ اللّهُ عَمْ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ عَلَيْهُ وَحَدَ مِنْ نَفْسِهِ حِفَةً فَخَرَجَ بَسَيْنَ رَجُلَسِ اللّهُ اللّهُ عَمْ اللّهُ اللهُ اللّهُ اللهُ اللّهُ اللهُ اللّهُ اللهُ اللّهُ اللهُ اللهُ اللّهُ اللّهُ اللهُ اللّهُ اللّهُ اللهُ اللّهُ اللهُ اللّهُ اللهُ اللهُ اللّهُ اللّهُ اللهُ اللّهُ اللهُ اللّهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللّهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللّهُ اللهُ اللّهُ اللّهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللّهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللّهُ اللهُ اللّهُ اللهُ اللّهُ اللّهُ الللهُ اللّهُ اللّهُ اللّهُ اللهُ اللّهُ عَلْ الللهُ عَنْ اللّهُ اللّهُ عَلْمُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ عَلْمُ اللّهُ اللّهُ عَلْمُ اللّهُ الللهُ عَنْهُ اللّهُ اللّهُ عَلْمُ اللّهُ عَلْمُ اللّهُ الللهُ اللّهُ عَلْمُ الللهُ اللهُ اللهُ عَلْمُ الللهُ اللهُ الللهُ الللهُ الللهُ اللهُ الللهُ الللهُ اللهُ اللهُ الللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ الللهُ اللهُ اللهُ اللهُ اللهُ الللهُ الللهُ الللهُ الللهُ الللهُ الللهُ الللهُ الللهُ اللهُ اللهُ اللهُ اللهُ الللهُ الللهُ اللهُ الللهُ اللهُ اللهُ اللهُ الللهُ الللهُ الللهُ اللهُ اللهُ

৬৮৭. 'উবাইদুল্লাহ্ ইব্নু 'আবদুল্লাহ্ ইব্নু উত্বাহ (রহ.) হতে বর্ণিত। তিনি বলেন, আমি 'আয়িশাহ্ -এর থিদমতে উপস্থিত হয়ে বললাম, আল্লাহর রসূল 🚎 এর (অন্তিম কালের) অসুস্থতা সম্পর্কে কি আপনি আমাকে কিছু শুনাবেন? তিনি বললেন, অবশ্যই। নাবী 🚎 মারারকভাবে রোগাক্রান্ত হয়ে পড়লেন। আল্লাহর রসূল 😂 জিজ্ঞেস করলেন, লোকেরা কি সলাত আদায় করে ফেলেছে? আমরা বললাম, না, হে আল্লাহ্র রসূল। তাঁরা আপনার জন্য অপেক্ষা করছে। তিনি বললেন, আমার জন্য গোসলের পাত্রে পানি দাও। 'আয়িশাহ্ 🖼 বলেন, আমরা তাই করলাম। তিনি গোসল করলেন। অতঃপর একটু উঠতে চাইলেন, কিন্তু বেহুঁশ হয়ে পড়লেন। কিছুক্ষণ পর একটু হুঁশ ফিরে পেলে আবার তিনি জিজ্ঞেস করলেন, লোকেরা কি সলাত আদায় করে ফেলেছে? আমরা বললাম, না, হে আল্লাহ্র রসূল! তাঁরা আপনার অপেক্ষায় আছেন। তিনি বললেন, আমার জন্য গোসলের পাত্রে পানি রাখ। 'আয়িশাহ্ বলেন, আমরা তাই করলাম। তিনি গোসল করলেন। আবার উঠতে চাইলেন, কিন্তু বেহুঁশ হয়ে পড়লেন। কিছুক্ষণ পর আবার হুঁশ ফিরে পেয়ে জিজ্ঞেস করলেন, লোকেরা কি সলাত আদায় করে ফেলেছে? আমরা বললাম, না, হে আল্লাহ্র রসূল! তাঁরা আপনার জন্য অপেক্ষা করছেন। তিনি বললেন, আমার জন্য গোসলের পাত্রে পানি রাখ। অতঃপর তিনি উঠে বসলেন, এবং গোসল করলেন। এবং উঠতে গিয়ে বেহুঁশ হয়ে পড়লেন। কিছুক্ষণ পর আবার হুঁশ ফিরে পেলেন এবং জিজ্ঞেস করলেন, লোকেরা কি সলাত আদায় করে ফেলেছে? আমরা বললাম, না, হে আল্লাহ্র রসূল। তাঁরা আপনার জন্য অপেক্ষারত। ওদিকে সহাবীগণ 'ইশার সলাতের জন্য নাবী 😂 এর অপেক্ষায় মাসজিদে বসে ছিলেন। নাবী 🥰 আবৃ বাক্র 🚌 এর নিকট এ মর্মে একজন লোক পাঠালেন যে, তিনি যেন লোকদের নিয়ে সলাত আদায় করে নেন। সংবাদ বাহক আবূ বাক্র 🚌 এর নিকট উপস্থিত হয়ে বললেন যে, আল্লাহর রসূল 😂

আপনাকে লোকদের নিয়ে সলাত আদায়ের নির্দেশ দিয়েছেন। আবৃ বাক্র 🚍 অত্যন্ত কোমল মনের লোক ছিলেন, তাই তিনি 'উমার 🚌 কে বললেন, হে 'উমার! আপনি সহাবীগণকে নিয়ে সলাত আদায় করে নিন। 'উমার 😂 বললেন, আপনিই এর অধিক যোগ্য। তাই আবু বাকুর 😂 সে কয়দিন সলাত আদায় করলেন। অতঃপর নাবী 🚐 একটু নিজে হাল্কাবোধ করলেন এবং দু'জন লোকের কাঁধে ভর করে যুহরের সলাতের জন্য বের হলেন। সে দু'জনের একজন ছিলেন 'আব্বাস 🕮 । আবূ বাক্র 🕮 তখন সহাবীগণকে নিয়ে সলাত আদায় করছিলেন। তিনি যখন নাবী 🚐 -কে দেখতে পেলেন, পিছনে সরে আসতে চাইলেন। নাবী 🚎 তাঁকে পিছিয়ে না আসার জন্য ইঙ্গিত করলেন এবং বললেন, তোমরা আমাকে তাঁর পাশে বসিয়ে দাও। তাঁরা তাঁকে আবু বাক্র 🚌 এর পাশে বসিয়ে দিলেন। বর্ণনাকারী বলেন, অতঃপর আবু বাক্র 🚌 নাবী 🚎 এর সলাতের ইক্তিদা করে সলাত আদায় করতে লাগলেন। আর সহাবীগণ আবৃ বাক্র 🕮-এর সলাতের ইক্তিদা করতে লাগলেন। নাবী 🕰 তখন উপবিষ্ট ছিলেন। 'উবাইদুল্লাহ্ বলেন, আমি 'আবদুল্লাহ্ ইব্নু 'আব্বাস 🚌 এর নিকট উপস্থিত হয়ে বললাম, নাবী 🚎 এর অন্তিম কালের অসুস্থতা সম্পর্কে 'আয়িশাহ্ 🚎 আমাকে যে হাদীস বর্ণনা করেছেন, তা কি আমি আপনার নিকট বর্ণনা করব না? তিনি বললেন, করুন। তাই আমি তাঁকে সে হাদীস শুনালাম। তিনি এ বর্ণনার কোন অংশেই আপত্তি করলেন না, তবে তাঁকে তিনি জিজ্ঞেস করলেন যে, 'আব্বাস 🚌 –এর সাথে যে অপর এক সহাবী ছিলেন, 'আয়িশাহ্ 🚎 কি আপনার নিকট তাঁর নাম বলেছেন? আমি বললাম, না। তিনি বললেন, তিনি 'আলী ( ১৯৮; মুসলিম ৪/২১, হাঃ ৪১৮, আহমাদ ২৬১৯৭) (আ.প্র. ৬৪৬, ই.ফা. ৬৫৩)

٦٨٨. صَرَتُنَا عَبْدُ اللهِ بَنُ يُوسُفَ قَالَ أَخْبَرَنَا مَالِكٌ عَنْ هِشَامِ بْنِ عُرْوَةَ عَنْ أَبِيهِ عَــنْ عَائِشَــةَ أُمِّ الْمُؤْمِنِينَ أَنَّهَا قَالَتْ صَلَّى رَسُولُ اللهِ عَلَى اللهِ عَلَى فَي بَيْتِهِ وَهُوَ شَاكِ فَصَلَّى جَالِسًا وَصَلَّى وَرَاءَهُ قَوْمٌ قِيَامًا فَأَشَــارَ الْمُؤْمِنِينَ أَنَّهَا قَالَتْ صَلَّى رَسُولُ اللهِ عَلَى اللهُ عَلَى اللهِ عَلَى اللهُ عَلَى اللهِ عَلَى اللهِ عَلَى اللهِ عَلَى اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ عَلَى اللهِ عَلَى اللهِ عَلَى اللهِ عَلَى اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ اللهُ اللهُ اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ اللهِ اللهُ اللهُو

৬৮৮. উম্মূল মু'মিনীন 'আয়িশাহ্ ক্রিক্স হতে বর্ণিত। তিনি বলেন, একবার অসুস্থ থাকার কারণে আল্লাহর রসূল ক্রিক্স নিজগৃহে সলাত আদায় করেন এবং বসে সলাত আদায় করছিলেন, একদল সহাবী তাঁর পিছনে দাঁড়িয়ে সলাত আদায় করতে লাগলেন। তিনি তাদের প্রতি ইঙ্গিত করলেন যে, বসে যাও। সলাত শেষ করার পর তিনি বললেন, ইমাম নির্ধারণ করা হয় তাঁর ইক্তিদা করার জন্য। কাজেই সে যখন রুক্' করে তখন তোমরাও রুক্' করবে এবং সে যখন রুক্' হতে মাথা উঠায় তখন তোমরাও মাথা উঠাবে, আর সে যখন বসে সলাত আদায় করে, তখন তোমরা সবাই বসে সলাত আদায় করবে। (১১১৩,১২৩৬,৫৬৫৮; মুসলিম ৪/১৯, ৪১২,আহমাদ ২৪৩০৪) (আ.প্র. ৬৪৭, ই.ফা. ৬৫৪)

٦٨٩. **صَرَتُنَا** عَبْدُ اللهِ بْنُ يُوسُفَ قَالَ أَخْبَرَنَا مَالِكٌ عَنْ ابْنِ شِهَابٍ عَنْ أَنَسِ بْنِ مَالِكِ أَنَّ رَسُولَ اللهِ اللهِ مَالِكُ فَرَسًا فَصُرِعَ عَنْهُ فَجُحِشَ شِقَّهُ الأَيْمَنُ فَصَلَّى صَلاَةً مِنْ الصَّلَوَاتِ وَهُوَ قَاعِدٌ فَصَـــلَّيْنَا وَرَاءَهُ قُعُودًا فَلَمَّا الْصَرَفَ قَالَ إِنَّمَا جُعلَ الْإِمَامُ لِيُؤْتَمَّ بِهِ فَإِذَا صَلَّى قَائِمًا فَصَلُّوا قِيَامًا فَإِذَا رَكَعَ فَارْكَعُوا وَإِذَا رَفَعَ فَارْكَعُوا وَإِذَا صَلَّى فَارُفَعُوا وَإِذَا صَلَّى قَائِمًا فَصَلُّوا قِيَامًا وَإِذَا صَلَّى فَارُفَعُوا وَإِذَا صَلَّى قَائِمًا فَصَلُّوا قِيَامًا وَإِذَا صَلَّى جَالِسًا فَصَلُّوا جُلُوسًا هُوَ فِي جَالِسًا فَصَلُوا خُلُوسًا هُو فِي جَالِسًا فَصَلُّوا جُلُوسًا هُوَ فِي اللهِ فَالَ الْحُمْيَدِيُّ قَوْلُهُ إِذَا صَلَّى جَالِسًا فَصَلُّوا جُلُوسًا هُوَ فِي مَرْضِهِ الْقَدِيمِ ثُمَّ صَلَّى بَعْدَ ذَلِكَ النَّبِيُّ عَلَيْ جَالِسًا وَالنَّاسُ خَلَفَهُ قِيَامًا لَمْ يَأْمُوهُمْ بِالْقُعُودِ وَإِنَّمَا يُؤْخَذُ بِالْآخِرِ فَالَآخِرِ مَنْ فَعْلَ النَّبِيِّ عَلَى النَّبِيُ عَلَيْ خَالِسًا وَالنَّاسُ خَلَفَهُ قِيَامًا لَمْ يَأْمُوهُمْ بِالْقُعُودِ وَإِنَّمَا يُؤْخَذُ بِالْآخِرِ فَالَآخِرِ مَنْ فَعْلَ النَّبِي عَلَى اللهِ عَلَى اللّهُ اللّهُ عَلَى اللّهُ اللّهُ عَلَى الللهِ عَلَى اللّهُ عَلَى اللّهُ عَلَى اللّهُ عَل

৬৮৯. আনাস ইব্নু মালিক (علم) হতে বর্ণিত যে, একবার আল্লাহর রস্ল (ঘাড়ায় সওঁয়ার হন অতঃপর তিনি তা হতে পড়ে যান, এতে তার ডান পাশে একটু আঘাত লাগে। তিনি কোন এক ওয়াজের সলাত বসে আদায় করছিলেন, আমরাও তাঁর পিছনে বসে সলাত আদায় করলাম। সলাত শেষ করার পর তিনি বললেন, ইমাম নির্ধারণই করা হয় তাঁর ইক্তিদা করার জন্য। কাজেই ইমাম যখন দাঁড়িয়ে সলাত আদায় করে তখন তোমরাও দাঁড়িয়ে সলাত আদায় করেবে, সে যখন কর্কু করেবে, সে যখন উঠে, তখন তোমরাও উঠবে, আর সে যখন কর্কু তেমরা مركك বলবে। আর সে যখন বসে সলাত আদায় করের, তখন তোমরা وكلك الكشك বলবে। আর সে যখন বসে সলাত আদায় করের, তখন তোমরা حرك الكشك করবে। আবৃ 'আবদুল্লাহ্ (ইমাম বুখারী) (রহ.) বলেন, হুমাইদী (রহ.) বলেছেন যে, "যখন ইমাম বসে সলাত আদায় করেব। আল্লাহ্র রসূল এর এ নির্দেশ ছিলো পূর্বে অসুস্থকালীন। অতঃপর তিনি বসে সলাত আদায় করেন এবং সহাবীগণ তাঁর পিছনে দাঁড়িয়ে সলাত আদায় করছিলেন, কিন্তু তিনি তাদের বসতে নির্দেশ দেননি। আর আল্লাহর রস্ল করেণ তামরালই গ্রহণ করতে হবে। (৩৭৮) (আ.গ্র. ৬৪৮, ই.ফা. ৬৫৫)

# و ۲/۱۰. بَابِ مَتَى يَسْجُدُ مَنْ خَلْفَ الْإِمَامِ ٥٢/١٠. بَابِ مَتَى يَسْجُدُ مَنْ خَلْفَ الْإِمَامِ ٥٥/৫২. অধ্যায়: মুক্তাদীগণ কখন সাজদাহতে যাবেন? قَالَ أَنَسُ فَإِذَا سَجَدَ فَاسْجُدُوا.

আনাস 🚌 বলেন, যখন ইমাম সাজদাহ্ করেন তখন তোমরাও সাজদাহ্ করবে।

. ٦٩. **صَرَّنَا** مُسَدَّدُ قَالَ حَدَّنَنَا يَحْيَى بْنُ سَعِيد عَنْ سُفْيَانَ قَالَ حَدَّنَنِي أَبُو إِسْحَاقَ قَالَ حَدَّنَنِي عَبْدُ اللهِ مِثْنَا مُسَدِّدُ قَالَ سَمِعَ اللهُ لِمَنْ حَمِدَهُ لَمْ اللهِ بَنُ يَزِيدَ قَالَ سَمِعَ اللهُ لِمَنْ حَمِدَهُ لَمْ اللهِ بَنْ يَزِيدَ قَالَ سَمِعَ اللهُ لِمَنْ حَمِدَهُ لَمْ يَخُونُ اللهِ عَلَى اللهِ عَلَى اللهِ عَلَى اللهِ عَلَى اللهِ اللهِ عَلَى اللهِ اللهِ عَلَى اللّهِ عَلَى اللهِ عَلَى ال

حَدَّثَنَا أَبُو نُعَيْمٍ عَنْ سُفْيَانَ عَنْ أَبِي إِسْحَاقَ نَحْوَهُ بِهَذَا.

৬৯০. বারাআ ( হতে বর্ণিত। তিনি মিথ্যাবাদী নন তিনি বলেন, আল্লাহর রসূল المُسَنَّ مُسِنَّهُ वलाর পর যতক্ষণ পর্যন্ত সাজদাহ্য় না যেতেন, ততক্ষণ পর্যন্ত আমাদের কেউ পিঠ বাঁকা

করতেন না। তিনি সাজদাহ্য় যাওয়ার পর আমরা সাজদাহ্য় যেতাম। (৭৪৭, ৮১১ মুসলিম ৪/৩৯, ৪৭৪, আহমাদ ১৮৭৩৫) (আ.প্র. ৬৪৯, ই.ফা. ৬৫৬)

সুফইয়ান (রহ.) সূত্রে আবূ ইসহাক (রহ.) হতে এ রকমই বর্ণনা করেছেন। (আ.প্র. নাই, ই.ফা. ৬৫৭)

#### • ١ / ٥٣ . بَابِ إِثْم مَنْ رَفَعَ رَأْسَهُ قَبْلَ الْإِمَام.

১০/৫৩. অধ্যায় : ইমামের পূর্বে মাথা উঠানো <del>গু</del>নাহ।

٦٩١. **طَرْثُنَا** حَجَّاجُ بْنُ مِثْهَالِ قَالَ حَدَّثَنَا شُغْبَةُ عَنْ مُحَمَّدِ بْنِ زِيَادِ سَمِعْتُ أَبَا هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ ﷺ قَالَ أَمَا يَخْشَى أَحَدُكُمْ أَوْ لاَ يَخْشَى أَحَدُكُمْ إِذَا رَفَعَ رَأْسَهُ فَبْلَ الْإِمَامِ أَنْ يَجْعَلَ اللهُ رَأْسَهُ رَأْسَ حِمَـــارٍ أَوْ يَجْعَلَ اللهُ صُورَتَهُ صُورَةَ حمَار.

৬৯১. আবৃ হুরাইরাহ্ ( হতে বর্ণিত। নাবী হ বলেন, তোমার্দের কেউ যখন ইমামের পূর্বে মাথা উঠিয়ে ফেলে, তখন সে কি ভয় করে না যে, আল্লাহ্ তা'আলা তার মাথা গাধার মাথায় পরিণত করে দিবেন, তার আকৃতি গাধার আকৃতি করে দেবেন। (মুসদিম ৪/২৫, হাঃ ৪২৭ আহমাদ ১০৫৫১) (আ.গ্র. ৬৫০, ই.ফা. ৬৫৮)

#### • ١/١٥. بَابِ إِمَامَة الْعَبْد وَالْمَوْلَى

১০/৫৪. অধ্যায় : গোলাম, আযাদকৃত গোলাম, অবৈধ সম্ভান, বেদুঈন ও অপ্রাপ্ত বয়স্কের ইমামাত।

وَكَانَتْ عَائِشَةُ يَوُمُّهَا عَبْدُهَا ذَكُوَانُ مِنَ الْمُصْحَفِ وَوَلَدِ الْبَغِيِّ وَالْأَعْرَابِيِّ وَالْغُلَامِ الَّذِي لَمْ يَحْتَلِمْ لِقَوْلِ النَّبِيِّ ﷺ يَوُمُّهُمْ أَقْرَوُهُمْ لِكِتَابِ اللَّهِ. وَلاَ يَمْنَعُ العَبْدُ مِنَ الْحَمَاعَةِ بِغَيْرِ عِلَّة

'আয়িশাহ্ ্র্ক্স্সা-এর গোলাম যাক্ওয়ান কুরআন দেখে কিরাআত পড়ে 'আয়িশাহ্ ক্র্স্সা-এর ইমামাত করতেন। নাবী ক্র্স্ক্রে বলেছেন : তাদের মধ্যে যে আল্লাহ্র কিতাব সম্বন্ধে অধিক জানে সে তাদের ইমামাত করবে।

[इसाम तूथाती (त्रव्र.) वर्णन,] विना कात्राण शालामरक जामा जार छिपश्चि वरा वाधा एत्रा यारव ना]।

२१ . वरी إِبْرَاهِيمُ بْنُ الْمُنْذِرِ قَالَ حَدَّثَنَا أَنْسُ بْنُ عِيَاضٍ عَنْ عُبَيْدِ اللهِ عَنْ عَبْدِ اللهِ بَنِ عُمْرَ عَالَ مَقْدَمُ رَسُولِ اللهِ عَنْ كَانَ يَوُمُّهُمْ سَالِمٌ مَوْلَى أَبِي حُذَيْفَةَ وَكَانَ أَكْثَرَهُمُ أَوْلَنَ اللهِ عَنْ اللهِ عَنْ عَبْدِ اللهِ عَلَى مَوْلَى أَبِي عَنْ عَبْدِ اللهِ عَنْ عَبْدِ اللهِ عَلَى مَوْدَعَ عَنْ عَبْدِ اللهِ عَنْ عَبْدِ اللهِ عَنْ عَبْدُ اللهِ عَلَى مَوْدَةً عَبْدَ اللهُ عَلَيْ عَنْ عَنْ عَبْدِ اللهِ عَلَى مَوْدَعَ عَنْ عَبْدِ اللهِ عَلَى مَوْدَعَ عَلَى اللهِ عَلَيْ مَا اللهِ عَلَيْمَ مُولِمُ اللهِ عَلَى مُؤْمِنَةً وَكَانَ أَكْثَرَ هُمُ اللهُ عَلَيْ عَلَى مُؤْمِنَ اللهِ عَلَى مَا عَلَى اللهِ عَلَيْهِ عَلَى مُؤْمِنَ اللهِ عَلَى مَا عَلَى اللهِ عَلَيْهِ عَلَى مَا عَلَيْهِ عَلَى مَا عَلَيْهِ عَلَى مَا عَلَيْهِ عَلَى مَا عَلَيْهِ عَلَى مُؤْمِنَ اللهِ عَلَى عَلَى عَلَى مُؤْمِنَ اللهِ عَلَى مَا عَلَى مَا عَلَى مَا عَلَى مُؤْمِلُولُ اللهِ عَلَى مَا عَلَى مَا عَلَى مَا عَلَى مُؤْمِلُونَ اللهِ عَلَى مَا عَلَى مَا عَلَى مَا عَلَى مَا عَلَى مَا عَلَى مَا عَلَى مُؤْمِلُولُ اللهِ عَلَى مَا عَلَى مَا عَلَى مَا عَلَى مَا عَلَى مَا عَلَامِ عَلَى مَا عَلَى مَا عَلَى مَا عَلَى مَا عَلَى مُعْمَلُولُ اللهِ عَلَيْهِ عَلَى مَا عَلَى مَا عَلَى مَا عَلَى مَا عَلَيْهِ عَلَى مَا عَلَى مَا عَلَى مَا عَلَيْهِ عَلَى مَا عَلَيْ عَلَى مَا عَلَيْهِ عَلَى مَا عَلَى مَا عَلَى مَا عَلَى مَا عَلَي

৬৯২. 'আবদুল্লাহ্ ইব্নু 'উমার (ক্রা) হতে বর্ণিত। তিনি বলেন যে, আল্লাহর রসূল ক্রি-এর (মাদীনাহ্য়) আগমনের পূর্বে মুহাজিরগণের প্রথম দল যখন কুবা এলাকার কোন এক স্থানে এলেন, তখন আবৃ হ্যাইফাহ (ক্রা)-এর আযাদকৃত গোলাম সালিম (ক্রা) তাঁদের ইমামাত করতেন। তাঁদের মধ্যে তিনি কুরআন সম্পর্কে অধিক অভিজ্ঞ ছিলেন। (৭১৭৫) (আ.প্র. ৬৫১, ই.ফা. ৬৫১)

٦٩٣. **طَرْنَنَا** مُحَمَّدُ بْنُ بَشَّارِ حَدَّنَنَا يَحْيَى حَدَّنَنَا شُعْبَةُ قَالَ حَدَّثَنِي أَبُو التَّيَّاحِ عَنْ أَنَسِ بْنِ مَالِكِ عَنِ النَّبِيِّ النَّبِيِّ قَالَ اسْمَعُوا وَأَطيعُوا وَإِنَّ اسْتُعْمَلَ حَبَشيُّ كَأَنَّ رَأْسَهُ زَبِيبَةً.

৬৯৩. আনাস (ইব্নু মালিক) হতে বর্ণিত। নাবী হঠি বলেছেন : তোমরা শোন ও আনুর্গত্য কর, যদিও তোমাদের উপর এমন কোন হাবশীকে নেতা নিয়োগ করা হয়-যার মাথা কিস্মিসের মতো। (৬৯৬,৭১৪২) (আ.গ্র. ৬৫২, ই.ফা. ৬৬০)

اب إِذَا لَمْ يُتِمَّ الْإِمَامُ وَأَتَمَّ مَنْ خَلْفَهُ. ১০/৫৫. অধ্যায় : যদি ইমাম সলাত সম্পূর্ণভাবে আদায় না করেন আর মুক্তাদীগণ তা সম্পূর্ণভাবে আদায় করেন।

٦٩٤. **صَرَّمُنَا** الْفَصْلُ بْنُ سَهُلٍ قَالَ حَدَّثَنَا الْحَسَنُ بْنُ مُوسَى الْأَشْيَبُ قَالَ حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ عَبْدِ اللهِ عَنْ زَيْدِ بْنِ أَسْلَمَ عَنْ عَطَاءِ بْنِ يَسَارٍ عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ رَسُولَ اللهِ ﷺ قَالَ يُصَلُّونَ لَكُمْ فَإِنْ أَصَابُوا فَلَكُمْ وَإِنْ أَخْطُنُوا فَلَكُمْ وَعَلَيْهِمْ.

৬৯৪. আবৃ হুরাইরাহ্ হতে বর্ণিত যে, আল্লাহর রসূল ক্রি বলেছেন : তারা তোমাদের ইমামাত করে। যদি তারা সঠিকভাবে আদায় করে তাহলে তার সওয়াব তোমরা পাবে। আর যদি তারা ভুল করে, তাহলে তোমাদের জন্য সওয়াব আছে, আর ভুলক্রটির দায়িত্ব তাদের (ইমামের) উপরই বর্তাবে। (আ.শ্র. ৬৫৩, ই.কা. ৬৬১)

وَ اَلْمُبْتَدِعِ اَلْمَفْتُونِ وَالْمُبْتَدِعِ اَلْمَفْتُونِ وَالْمُبْتَدِعِ الْمَامَةِ الْمَفْتُونِ وَالْمُبْتَدِعِ الْمَامِةِ الْمَامَةِ الْمَامِةِ الْمَامِيلُومِ الْمَامِةِ الْمَامِيْنِيَامِ الْمَامِي الْمَامِيَةِ الْمَامِي وَالْمَامِ الْمَامِي الْمَامِ الْمَامِي الْمَامِي وَالْمَامِ الْمَامِيلِيَّةِ الْمَامِيلِيَّةِ الْمَامِيلُومِ الْمَامِيلِيَّةِ الْمَامِيلِيَّةِ الْمَامِيلِيَّةِ الْمَامِيلِيَّةِ الْمَامِيلِيَّةِ الْمَامِيلِيَّةِ الْمَامِيلِيَّةِ الْمَامِيلِيَّةِ الْمَامِيلِيَامِ الْمَامِيلِيَّةِ الْمَامِيلِيَّةِ الْمَامِيلِيَّةِ الْمَامِيلِيَّةِ الْمَامِيلِيِيلِيَّةِ الْمَامِيلِيِيْمِ الْمَامِيلِيَامِ الْمَامِيلِيِيِيْمِ الْمَامِيلِيِيْمِيلِيِيِيْمِيلِيَّةِ الْمَامِيلِيِيِيِيْمِ الْمَا

হাসান (রহ.) বলেন, তাঁর পিছনেও সলাত আদায় করে নিবে। তবে বিদ্'আতের গুনাহ তার উপরই বর্তাবে।

٦٩٥. قَالَ أَبُو عَبْد اللهِ وَقَالَ لَنَا مُحَمَّدُ بَنُ يُوسُفَ حَدَّثَنَا الْأَوْزَاعِيُّ حَدَّثَنَا الزُّهْرِيُّ عَنْ حُمَيْدِ بَنِ عَبْدِ اللهِ بَنِ عَدِي بَنِ حِيَارٍ أَنَّهُ دَخَلَ عَلَى عُثْمَانَ بَنِ عَفَّانَ ﷺ وَهُوَ مَحْصُورٌ فَقَالَ إِنَّكَ إِمَامُ الرَّحْمَٰنِ عَنْ عُبَيْدِ اللهِ بَنِ عَدِي بَنِ حِيَارٍ أَنَّهُ دَخَلَ عَلَى عُثْمَانَ بَنِ عَفَّالَ الصَّلاَةُ أَحْسَنُ مَا يَعْمَلُ النَّاسُ فَإِذَا أَحْسَنَ النَّاسُ فَأَذَة وَنَتَحَرَّ جُ فَقَالَ الصَّلاَةُ أَحْسَنُ مَا يَعْمَلُ النَّاسُ فَإِذَا أَحْسَنَ النَّاسُ فَأَخُسُنَ النَّاسُ فَأَخُسُنَ النَّاسُ فَأَخُسُنَ النَّاسُ فَأَخُسُنَ النَّاسُ فَأَخُسُنَ النَّاسُ فَا فَاحْتَنِبُ إِسَاءَتَهُمُ

وَقَالَ الزُّبَيْدِيُّ قَالَ الزُّهْرِيُّ لاَ نَرَى أَنْ يُصَلِّى خَلْفَ الْمُخَنَّثِ إِلاَّ مِنْ ضَرُورَةِ لاَ بُدَّ مِنْهَا.

৬৯৫। আবৃ 'আবদুল্লাহ্ (ইমাম বুখারী (রহ.) বলেন, আমাকে মুহাম্মাদ ইব্নু ইউসুফ (রহ.) 'উবাইদুল্লাহ্ ইব্নু আদী ইব্নু খিয়ার (রহ.) হতে বর্ণনা করেছেন যে, তিনি 'উসমান ইব্নু 'আফ্ফান ক্রেক্ত্র থাকার সময় তাঁর নিকট গিয়ে বললেন, আসলে আপনিই জনগণের ইমাম। আর আপনার বিপদ কী তা নিজেই বুঝতে পারছেন। আর আমাদের ইমামাত করছে বিদ্রোহীদের নেতা। ফলে আমরা গুনাহগার হবার ভয় করছি। তিনি বললেন, মানুষের 'আমালের মধ্যে সলাতই সর্বোত্তম। কাজেই লোকেরা যখন উত্তম কাজ করে, তখন তুমিও তাদের সাথে উত্তম কাজে অংশ নিবে, আর যখন তারা মন্দ কাজে লিপ্ত হয়, তখন তাদের মন্দ কাজ হতে বেঁচে থাকবে।

যুবাইদী (রহ.) বর্ণনা করেন যে, যুহরী (রহ.) বলেছেন, যারা ইচ্ছে করে হিজড়া সাজে, তাদের পিছনে বিশেষ জরুরী ছাড়া সলাত আদায় করা উচিত বলে মনে করি না।

٦٩٦. صر ثنا مُحَمَّدُ بَنُ أَبَانَ حَدَّثَنَا غُنْدَرٌ عَنْ شُعْبَةَ عَنْ أَبِي التَّيَّاحِ أَنَّهُ سَمِعَ أَنسَ بَنَ مَالِكٍ قَالَ النَّبِيُّ

كَانُ رَأْسَهُ زَبِينَهُ. ৬৯৬. আনাস (ইব্নু মালিক) হতে বর্ণিত। নাবী نَّمَ আঁবৃ যার (عَمَا) কে বলেন, শোন এবং আনুগত্য কর, যদিও কোন হাবশী আমীর হয় যার মাথা কিস্মিসের মতো। (৬৯৩) (আ.প্র. ৬৫৪, ই.ফা. ৬৬২)

• ١/٧٥. بَابِ يَقُومُ عَنْ يَمِينِ الْإِمَامِ بِحِذَائِهِ سَوَاءً إِذَا كَانَا اثْنَيْنِ.

১০/৫৭. অধ্যায় : দু'জন সলাত আদায় করলে, মুক্তাদী ইমামের ডানপাশে সোজাসুঞ্জি দাঁড়াবে।

٦٩٧. حارثنا سُلَيْمَانُ بْنُ حَرْبِ قَالَ حَدَّنَنَا شُعْبَةُ عَنِ الْحَكَمِ قَالَ سَمِعْتُ سَعِيدَ بْنَ جُبَيْرٍ عَسِنَ ابْسِنِ عَلَى مَرْضِيَ اللهِ عَنْهُمَا قَالَ بِتُ فِي بَيْتِ خَالَتِي مَيْمُونَةَ فَصَلَّى رَسُولُ اللهِ عَلَى الْعِشَاءَ ثُمَّ جَاءَ فَصَلَّى أَرْبَسِعَ وَكَاتٍ ثُمَّ نَامَ ثُمَّ نَامَ ثُمَّ قَامَ فَجِئْتُ فَقُمْتُ عَنْ يَسَارِهِ فَجَعَلَنِي عَنْ يَمِينِهِ فَصَلَّى خَمْسَ رَكَعَاتٍ ثُمَّ صَلَّى رَكُعَتَيْنِ ثُمَّ نَامَ ثُمَّ فَامَ فَجِئْتُ فَقُمْتُ عَنْ يَسَارِهِ فَجَعَلَنِي عَنْ يَمِينِهِ فَصَلَّى خَمْسَ رَكَعَاتٍ ثُمَّ صَلَّى رَكُعَتَيْنِ ثُمَّ مَامَ خُتَّى سَمِعْتُ غَطِيطَةُ أَوْ قَالَ خَطِيطَةُ ثُمَّ خَرَجَ إِلَى الصَّلَاة.

৬৯৭. ইব্নু 'আব্বাস ( হতে বর্ণিত। তিনি বলেন, একদা আমি আমার খালা মায়মুনা জ্বিল্প-এর ঘরে রাত কাটালাম। আল্লাহর রস্ল হতে বর্ণিত। তিনি বলেন, একদা আমি আমার খালা মায়মুনা জ্বিল্প-এর ঘরে রাত কাটালাম। আল্লাহর রস্ল হতে হৈশার সলাত আদায় করে আসলেন এবং চার রাক'আত সলাত আদায় করে ওয়ে পড়লেন। কিছুক্ষণ পর উঠে সলাতে দাঁড়ালেন। তখন আমিও তাঁর বামপাশে দাঁড়ালাম। তিনি আমাকে তাঁর ডানপাশে নিয়ে নিলেন এবং পাঁচ রাক'আত সলাত আদায় করেলেন। অতঃপর আরও দু'রাক'আত সলাত আদায় করে নিদ্রা গেলেন। এমনকি আমি তাঁর নাক ডাকার শব্দ ওনতে পেলাম। তারপর তিনি (ফাজ্রের) সলাতের জন্য বের হলেন। (১১৭) (আ.প্র. ৬৫৫, ই.ফা. ৬৬৩)

٠ ١ / ٥٨. بَابِ إِذَا قَامَ الرَّجُلُ عَنْ يَسَارِ الْإِمَامِ فَحَوَّلَهُ الْإِمَامُ إِلَى يَمِينِهِ لَمْ تَفْسُدُ صَلاَتُهُمَا. ১০/৫৮. অধ্যায় : যদি কেউ ইমামের বাম পাশে দাঁড়ায় এবং ইমাম তাকে ডান পাশে নিয়ে আসেন, তবে কারো সলাত নষ্ট হয় না।

٦٩٨. عَرْمَا أَحْمَدُ قَالَ حَدَّثَنَا آبَنُ وَهُبِ قَالَ حَدَّثَنَا عَمْرُو عَنْ عَبْدِ رَبِّهِ بْنِ سَعِيدِ عَنْ مَحْرَمَ لَهُ بَسُنِ سَكَيْمَانَ عَنْ كُرْيَبِ مَوْلَى آبَنِ عَبَّاسٍ عَنْ آبَنِ عَبَّاسٍ رَضِيَ اللهُ عَنْهُمَا قَالَ نِمْتُ عِنْدَ مَيْمُونَ لَهُ وَالنَّبِ يُ اللهُ عَنْهُمَا قَالَ نِمْتُ عِنْدَ مَيْمُونَ لَهُ وَالنَّبِ يُ اللهُ عَنْهُمَا قَالَ نِمْتُ عِنْدَ مَيْمُونَ لَهُ وَالنَّبِ يُ اللهُ عَنْهُمَا قَالَ نِمْتُ عَنْ يَمِينِهِ فَصَلَّى قَلْمَتُ عَشَرَةً عَشَرَةً وَالنَّبِ عَنْ يَمِينِهِ فَصَلَّى وَلَمْ يَتُوضَا قَالَ عَمْرُ و فَحَدَّنْتُ بِهِ رَكَعَةً ثُمَّ نَامَ حَدَّى يَفَخَ وَكَانَ إِذَا نَامَ نَفَخَ ثُمَّ أَتَاهُ ٱلْمُؤذِّنُ فَخَرَجَ فَصَلَّى وَلَمْ يَتَوَضَّا قَالَ عَمْرُ و فَحَدَّثُتُ بِهِ مُكْثِلًا فَقَالَ حَدَّتَى كُرَيْبٌ بِذَلِكَ.

৬৯৮. ইব্নু 'আব্বাস হাতে বর্ণিত। তিনি বলেন, আমি (আমার খালা) মাইমুনাহ ক্রেল্রা-এর ঘরে ঘুমালাম, নাবী হাত সেরাতে তাঁর নিকট ছিলেন। তিনি (নবী হাত) উয় করলেন। অতঃপর সলাতে দাঁড়ালেন। আমিও তাঁর বামপাশে দাঁড়ালাম। তিনি আমাকে ধরে তাঁর ডানপাশে নিয়ে আসলেন। আর তিনি তের রাক'আত সলাত আদায় করলেন। অতঃপর তিনি ঘুমিয়ে পড়লেন, এমনকি তাঁর নাক ডাকতে শুক্ত করল এবং তিনি যখন ঘুমাতেন তাঁর নাক ডাকত। অতঃপর তাঁর নিকট মুআয্যিন এলেন, তিনি বেরিয়ে গিয়ে ফাজ্রের সলাত আদায় করলেন এবং (নতুন) উয় করেননি। 'আম্র হাদীস আমি বুকায়র ক্রিল-কে শুনালে তিনি বলেন, কুরায়ব (রহ.)-ও এ হাদীস আমার নিকট বর্ণনা করেছেন। (১১৭) (আ.প্র. ৬৫৬, ই.ফা. ৬৬৪)

وَمَ اَبَابِ إِذَا لَمْ يَنُو الْإِمَامُ أَنْ يَوُمَّ ثُمَّ جَاءَ قَوْمٌ فَأَمَّهُمْ. ১০/৫৯. অধ্যায় : যদি ইমাম ইমামাতের নিয়্যত না করেন এবং পরে কিছু লোক এসে শামিল হয় এবং তিনি তাদের ইমামাত করেন।

٦٩٩. حَرَثُنَا مُسَدَّدٌ قَالَ حَدَّنَنَا إِسْمَاعِيلُ بَنُ إِبْرَاهِيمَ عَنْ أَيُّوبَ عَنْ عَبْدِ اللهِ بَنِ سَعِيدِ بَنِ جُبَيْرٍ عَسَنَ أَبِيهِ عَنْ اللَّيْلِ فَقُمْتُ أُصَلِّي مَعَهُ فَقُمْتُ عَنْ يَسَارِهِ أَبِيهِ عَنْ اللَّيْلِ فَقُمْتُ أُصَلِّي مَعَهُ فَقُمْتُ عَنْ يَسَارِهِ فَأَخَذَ بِرَأْسِي فَأَقَامَنِي عَنْ يَمِينِهِ.

৬৯৯. ইব্নু 'আব্বাস ( হতে বর্ণিত। তিনি বলেন, একদা আমি আমার খালা (মায়মুনাহ ছিল্লা-এর নিকট রাত্রি যাপন করলাম। নাবী হক্তি রাতের সলাতে দাঁড়ালেন, আমিও তাঁর সাথে সলাত আদায় করতে দাঁড়ালাম। আমি তাঁর বামপাশে দাঁড়িয়ে ছিলাম, তিনি আমার মাথা ধরে তাঁর ডানপাশে দাঁড় করালেন। (১১৭) (আ.প্র. ৬৫৭, ই.ফা. ৬৬৫)

#### اَ ﴿ ١٠ ﴿ . بَابِ إِذَا طَوَّلَ الْإِمَامُ وَكَانَ لِلرَّجُلِ حَاجَةٌ فَخَرَجَ فَصَلَّى. ১০/৬০. অধ্যায় : যদি ইমাম সলাত দীর্ঘ করেন এবং কেউ প্রয়োজনবশতঃ (জামা'আত হতে) বেরিয়ে এসে (একাকী) সলাত আদায় করে।

٧٠٠. صرَّتنا مُسْلِمُ بْنُ إِبْرَاهِيمَ قَالَ حَدَّثَنَا شُعْبَةُ عَنْ عَمْرٍو عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللهِ أَنَّ مُعَاذَ بْنَ جَبَــلِ
 كَانَ يُصلّي مَعَ النَّبِيِّ ﷺ ثُمَّ يَرْجعُ فَيَؤُمُّ قَوْمَهُ.

৭০০. জাবির ইব্নু 'আবদুল্লাহ্ 📺 হতে বর্ণিত যে, মু'আয ইব্নু জাবাল 📺 নাবী 🚎 এর সঙ্গে সলাত আদায় করার পর ফিরে গিয়ে নিজ গোত্রের ইমামাত করতেন। (৭০১, ৭০৫, ৭১১, ৬১০৬) (আ.প্র. ৬৫৮, ই.ফা. ৬৬৬)

١٠١. صَرَتَى مُحَمَّدُ بَنُ بَشَّارٍ قَالَ حَدَّنَنَا غُنْدَرُّ قَالَ حَدَّنَنَا شُعْبَةُ عَنْ عَمْرٍ وَقَالَ سَمِعْتُ جَابِرَ بَنَ عَبْدِ اللهِ قَالَ كَانَ مُعَادُ بَنُ جَبَلٍ يُصَلِّي مُعَ النَّبِي ﷺ فَهَا تُمَّ يَرْجِعُ فَيَوُمُ قَوْمَهُ فَصَلَّى الْعِشَاءَ فَقَرَأُ بِالْبَقَرَةِ فَانْصَــرَفَ اللهِ قَالَ مُعَادًا تَنَاوَلَ مِنْهُ فَبَلَغَ النَّبِي ﷺ فَقَالَ فَتَانُ فَتَانُ فَتَانُ فَتَانٌ ثَلاَثَ مِرَارٍ أَوْ قَالَ فَاتِنًا فَاتِنًا فَاتِنًا وَأَمَــرَهُ بِسُورَتَيْنِ مِنْ أَوْسَطِ الْمُفَصَّلِ قَالَ عَمْرُ و لاَ أَحْفَظُهُمَا.

৭০১. জাবির হাতে বর্ণিত। তিনি বলেন যে, মু'আয ইব্নু জাবাল নাবী বিশ্ব-এর সঙ্গে সলাত আদায় করার পর ফিরে গিয়ে নিজ গোত্রের ইমামাত করতেন। একদা তিনি 'ইশার সলাতে সূরাহ্ বাক্বারাহ পাঠ করেন। এতে এক ব্যক্তি জামা'আত হতে বেরিয়ে যায়। এজন্য মু'আয তার সমালোচনা করেন। এ খবর নাবী ক্রি-এর কাছে পৌছলে তিনি তিনবার টার্ট্র (ফিতনাহ সৃষ্টিকারী) অথবা বিশৃংখলা সৃষ্টিকারী) শব্দটি বললেন। এবং তিনি তাকে আওসাতে মুফাস্সালের দু'টি সূরাহ্ পাঠের নির্দেশ দেন। আম্র ক্রি বলেন, কোন্ দু'টি সূরাহ্র কথা তিনি বলেছিলেন, তা আমার স্মরণ নেই। (৭০০; মুসলিম ৪/৩৬ হাঃ ৪৬৫, আহমাদ ১৪২০৬) (আ.প্র. ৬৫৯, ই.ফা. ৬৬৬ শেষংশ)

١٠١٠. بَابِ تَخْفِيفِ الْإِمَامِ فِي الْقَيَامِ وَإِثْمَامِ الرُّكُوعِ وَالسُّجُودِ.
 ১০/৬১. অধ্যায় : ইমাম কর্তৃক সলাতে কিয়৾য় সংক্ষিপ্ত করা
 এবং ऋक्' ও সাজদাহ্ পূর্ণভাবে আদায় করা।

٧٠٢. **صَرَتُنَا** أَحْمَدُ بْنُ يُونُسَ قَالَ حَدَّثَنَا زُهَيْرٌ قَالَ حَدَّثَنَا إِسْمَاعِيلُ قَالَ سَمِعْتُ قَيْسًا قَالَ أَخْبَرَنِي أَبُو مَسْعُودٍ أَنَّ رَجُلاً قَالَ وَاللهِ يَا رَسُولَ اللهِ إِنِّي لَأَتَأْخَّرُ عَنْ صَلاَةِ الْغَدَاةِ مِنْ أَجْلِ فُلاَنٍ مِمَّا يُطِيلُ بِنَا فَمَـــا رَأَيْتُ رَسُولَ اللهِ ﷺ فِي مَوْعِظَة أَشَدَّ غَضَبًا مِنْهُ يَوْمَئِذٍ ثُمَّ قَالَ إِنَّ مِنْكُمْ مُنَفِّرِينَ فَأَيَّكُمْ مَا صَـلَى بِالنَّــاسِ فَلْيَتَحَوَّزْ فَإِنَّ فِيهِمْ الضَّعِيفَ وَالْكَبِيرَ وَذَا الْحَاجَة.

৭০২. আবৃ মাস'উদ ( হতে বর্ণিত। তিনি বলেন, এক সহাবী এসে বললেন, হে আল্লাহ্র রস্ল! আল্লাহ্র শপথ! আমি অমুকের কারণে ফাজরের সলাতে অনুপস্থিত থাকি। তিনি (জামা'আতে) সলাতকে খুব দীর্ঘ করেন। আবৃ মাস'উদ ( কে) বলেন, আমি আল্লাহর রস্ল ক্রি-কে নাসীহাত করতে গিয়ে সে দিনের ন্যায় এতো অধিক রাগান্বিত হতে আর কোনোদিন দেখিনি। তিনি বলেন, তোমাদের মাঝে বিতৃষ্ণা সৃষ্টিকারী রয়েছে। তোমাদের মধ্যে যে কেউ অন্য লোক নিয়ে সলাত আদায় করে, সে যেন সংক্ষেপ করে। কেননা, তাদের মধ্যে দুর্বল, বৃদ্ধ ও হাজতওয়ালা লোকও থাকে। (৯০) (আ.শ্র., ৬৬০ ই.ফা. ৬৬৭)

## • ٦٢/١. بَابِ إِذَا صَلَّى لِنَفْسِهِ فَلْيُطَوِّلْ مَا شَاءَ.

১০/৬২. অধ্যায় : একাকী সলাত আদায় করলে ইচ্ছানুযায়ী দীর্ঘায়িত করতে পারে।

٧٠٣. **صَرَثُنَا** عَبْدُ اللهِ بَنُ يُوسُفَ قَالَ أَخْبَرَنَا مَالِكُ عَنْ أَبِي الزِّنَادِ عَنِ الْأَعْرَجِ عَنْ أَبِسِي هُرَيْـــزَةَ أَنَّ رَسُولَ اللهِ ﷺ قَالَ إِذَا صَلَّى أَحَدُكُمْ لِلنَّاسِ فَلَيُحَفِّفْ فَإِنَّ مِنْهُمْ الضَّعِيفَ وَالسَّقِيمَ وَالْكَـــبِيرَ وَإِذَا صَــــلَى أَحَدُكُمْ لنَفْسه فَلَيُطُوِّلْ مَا شَاءَ.

৭০৩. আবৃ হুরাইরাই হাত বর্ণিত। আল্লাহর রসূল ক্রি বলেছেন: তোমাদের কেউ যখন লোকদের নিয়ে সলাত আদায় করে, তখন যেন সে সংক্ষেপ করে। কেননা, তাদের মাঝে দুর্বল, অসুস্থ ও বৃদ্ধ রয়েছে। আর যদি কেউ একাকী সলাত আদায় করে, তখন ইচ্ছামত দীর্ঘ করতে পারে। (মুসলিম ৪/৩৭, হাঃ ৪৬৭, আহমাদ ৭৪৭৯) (আ.প্র. ৬৬১, ই.ফা. ৬৬৮)

#### • ٣٣/١. بَابِ مَنْ شَكَا إمَامَهُ إِذَا طُوَّلَ

১০/৬৩. অধ্যায় : ইমাম সলাত দীর্ঘায়িত করলে তার বিরুদ্ধে অভিযোগ করা।
وَقَالَ أَبُو أُسَيْد طَوَّلْتَ بِنَا يَا بُنَيَّ.

আবৃ উসাইদ (রহ.) তাঁর ছেলেকে বলেছিলেন, বেটা। তুমি আমাদের সলাত দীর্ঘায়িত করে ফেলেছ।

٧٠٤. حرثنا مُحَمَّدُ بنُ يُوسُفَ حَدَّنَنا سُفْيَانُ عَنْ إِسْمَاعِيلَ بْنِ أَبِي خَالِد عَنْ قَيْسِ بْنِ أَبِي حَازِمٍ عَنْ أَبِي مَسْعُودٍ قَالَ قَالَ رَجُلٌ يَا رَسُولَ اللهِ إِنِّي لَأَتَأْخَّرُ عَنْ الصَّلاَةِ فِي الْفَحْرِ مِمَّا يُطِيلُ بِنَا فُلاَنٌ فِيهَا فَغَضِبَ رَسُولُ اللهِ عَنْ اللهِ عَنْ اللهِ إِنَّ مِنْكُمْ مُنَفِّرِينَ رَسُولُ اللهِ عَنْ اللهِ عَنْ اللهِ عَنْ عَضِبَ فِي مَوْضِعٍ كَانَ أَشَدَّ غَضَبًا مِنْهُ يَوْمَئِدُ ثُمَّ قَالَ يَا أَيُّهَا النَّاسُ إِنَّ مِنْكُمْ مُنَفِّرِينَ فَمَنْ أَمَّ النَّاسَ فَلْيَتَحَوَّزْ فَإِنَّ حَلْفَهُ الضَّعِيفَ وَالْكَبِيرَ وَذَا الْحَاجَةِ.

৭০৪. আবৃ মাস'উদ ( হতে বর্ণিত। তিনি বলেন, এক সহাবী এসে বললেন, হে আল্লাহ্র রস্ল! অমুক ব্যক্তির জন্য আমি ফাজ্রের সলাতে অনুপস্থিত থাকি। কেননা, তিনি আমাদের সলাত খুব দীর্ঘায়িত করেন। এ ওনে আল্লাহর রস্ল হত্ত্ব রাগান্বিত হলেন। আবৃ মাস'উদ ( বলেন, নাসীহাত করতে গিয়ে সে দিন তিনি যেমন রাগান্বিত হয়েছিলেন, সে দিনের মত রাগান্বিত হতে তাঁকে আর কোন দিন দেখিনি। অতঃপর তিনি বললেন: হে লোকেরা! তোমাদের মধ্যে বিতৃষ্ণা সৃষ্টিকারী রয়েছে। তোমাদের মধ্যে যে কেউ লোকদের ইমামাত করে, সে যেন সংক্ষেপ করে। কেননা, তার পিছনে দুর্বল, বৃদ্ধ ও হাজতওয়ালা লোকেরা রয়েছে। (৯০) (আ.প্র. ৬৬২, ই.ফা. ৬৬৯)

٥٠٥. حرثنا آدَمُ بْنُ أَبِي إِيَاسٍ قَالَ حَدَّثَنَا شُعْبَةُ قَالَ حَدَّثَنَا مُحَارِبُ بْنُ دِثَارٍ قَالَ سَمِعْتُ حَابِرَ بُسنَ عَبْدِ اللهِ الأَنصَارِيَّ قَالَ أَقْبَلَ رَجُلٌ بِنَاضِحَيْنِ وَقَدْ حَنَحَ اللَّيْلُ فَوَافَقَ مُعَاذًا يُصَلِّي فَتَرَكَ نَاضِحَهُ وَأَقْبَلَ إِلَى عَبْدِ اللهِ الأَنصَارِيَّ قَالَ أَقْبَلَ رَجُلٌ بِنَاضِحَيْنِ وَقَدْ حَنَحَ اللَّيْلُ فَوَافَقَ مُعَاذًا يُصَلِّي فَتَرَكَ نَاضِحَهُ وَأَقْبَلَ إِلَيْهِ مُعَاذًا مَالَ مِنْهُ فَأَتَى النَّبِيَ فَلَى فَشَكَا إِلَيْهِ مُعَاذًا مَعَاذًا اللَّي فَقَى النَّبِي فَلَى اللَّهِ مُعَادًا اللَّي فَقَلَ اللَّهِ مُعَادًا اللَّي فَعَادُ أَفَتَانًا أَنْتَ أَوْ أَفَاتِنَ ثَلاَثَ مِرَارٍ فَلُولًا صَلَيْتَ بِ الْإِسَامِ السَمِ رَبِّ لَكَ وَالشَّمْسِ وَضُحَاهَا ﴾ اللَّي المُعادُ إِذَا يَعْشَى ﴾ فَإِنَّهُ يُصلّى وَرَاءَكَ الكَبْيرُ والضّعيفُ وَذُو الْحَاجَةِ

তি বাহ (রহ.) বলেন আমার ধারণা শেষোক্ত বাক্যটিও হাদীসের অংশ। সায়ীদ ইব্নু মাসর্রক, মিসওআর এবং শাইবানী (রহ.)-ও অনুরূপ রিওয়ায়াত করেছেন। 'আম্র, 'উবাইদুল্লাহ্ ইব্নু মিকসাম এবং আবৃ যুবাইর (রহ.) জাবির হা হতে বর্ণনা করেন যে, মু'আয হা 'ইশার সলাতে সূরাহ্ বাকারাহ পাঠ করেছিলেন। আ'মাশ (রহ.) ও মুহারিব (রহ.) সূত্রে এরূপই রিওয়ায়াত করেন। (৭০০) (আ.প্র. ৬৬৩, ই.ফা. ৬৭০)

পিছনে দুর্বল, বৃদ্ধ ও হাজতওয়ালা লোক সলাত আদায় করে থাকে।

## . ٦٤/١. بَابِ الْإِيجَازِ فِي الصَّلاَةِ وَإِكْمَالِهَا.

#### ১০/৬৪. অধ্যায় : সলাত সংক্ষেপে এবং পূর্ণভাবে আদায় করা।

٧٠٦. **صرَّنَا** أَبُو مَعْمَرٍ قَالَ حَدَّثَنَا عَبْدُ الْوَارِثِ قَالَ حَدَّثَنَا عَبْدُ الْعَزِيزِ عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ قَالَ كَـــانَ النَّبِيُّ ﷺ يُوجزُ الصَّلاَةَ وَيُكُملُهَا.

৭০৬. আনাস ইব্নু মালিক ( হেত বর্ণিত। তিনি বলেন, নাবী হৈত সলাত সংক্ষেপে এবং পূর্ণভাবে আদায় করতেন। (৮৬৮; মুসলিম ৪/৩৭ হাঃ ৪৬৯, আহমাদ ১১৯৯০) (আ.প্র. ৬৬৪, ই.ফা. ৬৭১)

# . ٦٥/١٠. بَابِ مَنْ أَخَفَّ الصَّلاَةَ عِنْدَ بُكَاءِ الصَّبِيِّ. ১٥/١٠. عَنْدَ بُكَاءِ الصَّبِيِّ. ك٥/৬৫. অধ্যায় : শিশুর কান্লাকাটির কারণে সলাত সংক্ষেপ করা।

٧٠٧. حَرَثُنَا إِبْرَاهِيمُ بْنُ مُوسَى قَالَ أَحْبَرَنَا الْوَلِيدُ بْنُ مُسْلِمٍ قَالَ حَدَّنَنَا الْأَوْزَاعِيُّ عَنْ يَحْيَى بْنِ أَبِسِي كَثِيرٍ عَنْ عَبْدِ اللهِ بْنِ أَبِي قَتَادَةً عَنِ النَّبِيِ عَنْ عَبْدِ اللهِ بْنِ أَبِي قَتَادَةً عَنْ أَبِيهِ أَبِي قَتَادَةً عَنِ النَّبِي عَنْ عَلَى أَيِّهِ لَأَوُلِهُ فِي الصَّلاَةِ أُرِيدُ أَنْ أَطَسوِلَ وَيَهِا فَأَسْمَعُ بُكُاءَ الصَّبِي فَأَتَحَوَّزُ فِي صَلاَتِي كَرَاهِيَةً أَنْ أَشُقَّ عَلَى أُمِّهِ تَابَعَهُ بِشْرُ بْنُ بَكْرٍ وَابْنُ الْمُبَارِكِ وَبَهِ اللهِ مَنْ الْمُورَاعِيّ.

৭০৭. আবু ক্বাতাদাই ( হতে বর্ণিত। নাবী হতে বলেন, আমি অনেক সময় দীর্ঘ করে সলাত আদায়ের ইচ্ছা নিয়ে দাঁড়াই। পরে শিশুর কান্নাকাটি শুনে সলাত সংক্ষেপ করি। কারণ শিশুর মাকে কষ্টে ফেলা আমি পছন্দ করি না। বিশ্র ইব্নু বাক্র, বাকিয়্যাহ ও ইব্নু মুবারাক আওযায়ী (রহ.) হতে হাদীস বর্ণনায় ওয়ালীদ ইব্নু মুসলিম (রহ.)-এর অনুসরণ করেছেন। (৮৬৮) (আ.শ্র. ৬৬৫, ই.ফা. ৬৭২)

٧٠٨. صرشنا خالِدُ بْنُ مَخْلَدُ قَالَ حَدَّنَنَا سُلَيْمَانُ بْنُ بِلاَلِ قَالَ حَدَّنَنَا شَرِيكُ بْنُ عَبْدِ اللهِ قَالَ سَمِعْتُ اللهِ قَالَ سَمِعْتُ اللهِ قَالَ سَمِعْتُ اللهِ يَقُولُ مَا صَلَيْتُ وَرَاءَ إِمَامٍ قَطُ أَخَفَ صَلاَةً وَلاَ أَتَمَّ مِنْ النَّبِي فَلَى وَإِنْ كَانَ لَيَسْسَمَعُ بُكَسَاءَ الصَّبي فَيُحَفِّفُ مَخَافَةً أَنْ تُفْتَنَ أُمُهُ.
 الصَّبي فَيُحَفِّفُ مَخَافَةً أَنْ تُفْتَنَ أُمُهُ.

৭০৮. আনাস ইব্নু মালিক ( হলে) হতে বর্ণিত। আমি নাবী ক্রি-এর চেয়ে সংক্ষিপ্ত এবং পূর্ণাঙ্গ সলাত আর কোন ইমামের পিছনে আদায় করিনি। আর তা এজন্য যে, তিনি শিশুর কান্না শুনতে পেতেন এবং তার মায়ের ফিত্নায় পড়ার আশংকায় সংক্ষেপ করতেন। (মুসলিম ৪/৩৭, হাঃ ৪৭ আহমাদ ১২০৬৭) (আ.প্র. ৬৬৬, ই.ফা. ৬৭৩) ٧٠٩. **صَرَّنَا** عَلِيُّ بْنُ عَبْدِ اللهِ قَالَ حَدَّثَنَا يَزِيدُ بْنُ زُرَيْعِ قَالَ حَدَّثَنَا سَعِيدٌ قَالَ حَدَّثَنَا قَتَادَةُ أَنَّ أَنَسَ بْنَ مَالِكُ حَدَّنَهُ أَنَّ النَّبِيَّ ﷺ قَالَ إِنِّي لَأَدْخُلُ فِي الصَّلاَةِ وَأَنَا أُرِيدُ إِطَالَتَهَا فَأَسْمَعُ بُكَاءَ الصَّبِيِّ فَـــأَتَجَوَّزُ فِـــي صَلاَتِي مِمَّا أَعْلَمُ مِنْ شِدَّةٍ وَجُدَ أُمِّه مِنْ بُكَانِه.

৭০৯. আনাস ইব্নু মালিক হাতে বর্ণিত। তিনি বলেন, নাবী হাত্ত বলেছেন : আমি দীর্ঘ করার ইচ্ছা নিয়ে সলাত শুরু করি। কিন্তু পরে শিশুর কান্না শুনে আমার সলাত সংক্ষেপ করে ফেলি। কেননা, শিশু কাঁদলে মায়ের মন যে খুবই উদ্বিগ্ন হয়ে পড়ে তা আমি জানি। (৭১০) (আ.প্র. ৬৬৭, ই.ফা. ৬৭৪)

٧١٠. **صرتنا** مُحَمَّدُ بْنُ بَشَّارٍ قَالَ حَدَّثَنَا ابْنُ أَبِي عَدِيٍّ عَنْ سَعِيد عَنْ قَتَادَةَ عَنْ أَنسِ بْنِ مَالِك عَــنِ النَّبِيِّ قَالَ عَــنِ العَبْرِيِّ فَأَتَحَوَّزُ مِمَّا أَعْلَمُ مِنْ شِدَّةٍ وَجـــدِ النَّبِيِّ قَالَتَحَوَّزُ مِمَّا أَعْلَمُ مِنْ شِدَّةٍ وَجـــدِ أُمَّه مَنْ بُكَانَه

وَقَالَ مُوسَى حَدَّثَنَا أَبَانُ حَدَّثَنَا قَتَادَةُ حَدَّثَنَا أَنسُ عَنِ النَّبِيِّ ﷺ مِثْلَهُ.

৭১০. আনাস ইব্নু মালিক ( হতে বর্ণিত যে, নাবী ( বেলছেন: আমি দীর্ঘ করার ইচ্ছা নিয়ে সলাত শুরু করি এবং শিশুর কান্না শুনে আমার সলাত সংক্ষেপ করে ফেলি। কেননা, আমি জানি শিশু কান্না করলে মায়ের মন খুবই উদ্বিগ্ন হয়ে পড়ে। (৭০৯)

আনাস 🚌 সূত্রে নাবী 🚎 হতে অনুরূপ বর্ণনা করেন। (আ.প্র. নাই, ই.ফা. ৬৭৫)

#### ٠ ٦٦/١٠. بَابِ إِذَا صَلَّى ثُمَّ أَمَّ قَوْمًا.

১০/৬৬. অধ্যায় : নিজের সলাত আদায় করার পর অন্য লোকের ইমামাত করা।

٧١١. **طَرْثُنَا** سُلَيْمَانُ بْنُ حَرْبِ وَأَبُو النُّعْمَانِ قَالاَ حَدَّثَنَا حَمَّادُ بْنُ زَيْدِ عَنْ أَيُّوبَ عَنْ عَمْرِو بْنِ دِينَارٍ عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللهِ قَالَ كَانَ مُعَاذُ يُصَلِّي مَعَ النَّبِيِّ ﷺ ثُمَّ يَأْتِي قَوْمَهُ فَيُصَلِّي بِهِمْ.

৭১১. জাবির (হা) হতে বর্ণিত। তিনি বলেন, মু'আয (হা) নাবী (হা)-এর সাথে সলাত আদায় করে নিজ গোত্রে ফিরে গিয়ে তাদের ইমামাত করতেন। (৭০০) (আ.প্র. ৬৬৮, ই.ফা. ৬৭৬)

## • ٦٧/١. بَابِ مَنْ أَسْمَعَ النَّاسَ تَكْبِيرَ الْإِمَامِ.

১০/৬৭. অধ্যায় : লোকদেরকে ইমামের তাকবীর শোনান।

٧١٢. **صَرْتُنَا** مُسَدَّدٌ قَالَ حَدَّثَنَا عَبْدُ اللهِ بْنُ دَاوُدَ قَالَ حَدَّثَنَا الْأَعْمَشُ عَنْ إِبْرَاهِيمَ عَنِ الْأَسْــوَدِ عَـــنْ عَائِشَةَ رَضِيَ اللهُ عَنْهَا قَالَتْ لَمَّا مَرِضَ النَّبِيُّ ﷺ مَرَضَهُ الَّذِي مَاتَ فِيهِ أَتَاهُ بِلاَلْ يُوذِنُهُ بِالصَّلاَةِ فَقَالَ مُرُوا أَبَا بَكْرٍ فَلْيُصَلِّ قُلْتُ إِنَّ أَبَا بَكْرٍ رَجُلُّ أَسِيفٌ إِنْ يَقُمْ مَقَامَكَ يَبْكِي فَلاَ يَقْدِرُ عَلَى الْقِرَاءَةِ فَقَالَ مُرُوا أَبَا بَكْرٍ فَلْيُصَلِّ فَصَلَّى بَكْرٍ فَلْيُصَلِّ فَقَالَ فِي الثَّالِثَةِ أَوْ الرَّابِعَةِ إِنَّكُنَّ صَوَاحِبُ يُوسُفَ مُرُوا أَبَا بَكْرٍ فَلْيُصَلِّ فَصَلَّى بَكْرٍ فَلْيُصَلِّ فَصَلَّى وَخَرَجَ النَّبِيُ عَلَيْ يُعَادَى بَيْنَ رَجُلَيْنِ كَأَنِّي أَنْظُرُ إِلَيْهِ يَخُطُّ بِرِجْلَيْهِ الْأَرْضَ فَلَمَّا رَآهُ أَبُو بَكْرٍ فَهَبَ يَتَاخَّرُ وَخَلِيْهِ النَّاسَ التَّكْبِيرَ فَأَشَارَ إِلَيْهِ أَنْ صَلِّ فَتَأَخَّرَ أَبُو بَكْرٍ عَلَيْهِ وَقَعَدَ النَّبِيُ ﷺ إِلَى جَنْبِهِ وَأَبُو بَكْرٍ يُسْمِعُ النَّاسَ التَّكْبِيرَ

تَابَعَهُ مُحَاضرٌ عَنِ الْأَعْمَشِ.

৭১২. 'আয়িশাহ ব্রুল্লা হতে বর্ণিত। তিনি বলেন, নাবী ক্রে অন্তিম রোর্গে আর্ক্রান্ত থাকাকালে একবার বিলাল ত্রি তাঁর নিকট এসে সলাতের (সময় হওয়ার) সংবাদ দিলেন। নাবী ক্রে বললেন। আমি বললাম, আবু বাক্রকে বল, যেন লোকদের নিয়ে সলাত আদায় করে। ['আয়িশাহ ক্রেল্লা বললেন] আমি বললাম, আবু বাক্র ক্রে কোমল হৃদয়ের লোক, তিনি আপনার স্থানে দাঁড়ালে কেঁদে ফেলবেন এবং কিরাআত পড়তে পারবেন না। তিনি আবার বললেন: আবু বাকরকে বল, সলাত আদায় করতে। আমি আবারও সেকথা বললাম। তখন তৃতীয় বা চতুর্থবারে তিনি বললেন, তোমরা তো ইউসুফের (ক্রিল্লা)-সাথী রমণীদেরই মত। আবু বাক্র ক্রেলাত-কে বল, সে যেন লোকদের নিয়ে সলাত আদায় করে। আবু বাক্র লোকদের নিয়ে সলাত আদায় করেত লাগলেন, ইতোমধ্যে নাবী ক্রে দু'জন লোকের কাঁধে ভর করে বের হলেন। ['আয়িশাহ ক্রিল্লা বললেন]: আমি যেন এখনও সে দৃশ্য দেখতে পাই, তিনি দু' পা মাটির উপর দিয়ে হেঁচড়িয়ে যান। আবু বাক্র ক্রিলাত লাগলেন। নাবী ক্রিলাত তাঁকে সলাত আদায় করতে বললেন, (তবুও) আবু বাক্র ক্রিপ্তি পিছনে সরে আসলেন। নাবী ক্রেট্র তাঁরে পাশে বসলেন, আবু বাক্র ক্রিত্র তাকবীর তনাতে লাগলেন।

মুহাযির (রহ.) আমাশ (রহ.) হতে হাদীস বর্ণনায় 'আবদুল্লাহ্ ইব্নু দাউদ (রহ.)-এর অনুসরণ করেছেন। (১৯৮) (আ.প্র. ৬৬৯, ই.ফা. ৬৭৭)

বর্ণিত আছে যে, নাবী 😂 বলেছেন : তোমরা আমার অনুসরণ করবে, তোমাদের পিছনের লোকেরা যেন তোমাদের ইকতিদা করে।

٧١٣. صَرَمُنَا قُتَيْبَةُ بْنُ سَعِيد قَالَ حَدَّنَنَا أَبُو مُعَاوِيَةً عَنِ الْأَعْمَشِ عَنْ إِبْرَاهِيمَ عَنِ الْأَسُودِ عَنْ عَائِشَــةَ قَالَتَ لَمَّا ثَقُلَ رَسُولُ اللهِ ﷺ جَاءَ بِلاَلٌ يُوذِنُهُ بِالصَّلاَةِ فَقَالَ مُرُوا أَبَا بَكْرٍ أَنْ يُصَلِّيَ بِالنَّاسِ فَقُلـــتُ يَـــا

رَسُولَ اللهِ إِنَّ أَبَا بَكْرِ رَجُلِّ أَسِيفٌ وَإِنَّهُ مَتَى مَا يَقُمْ مَقَامَكَ لَا يُسْمِعُ النَّاسَ فَلَوْ أَمَرْتَ عُمَرَ فَقَالَ مُرُوا أَبَا بَكْرِ رَجُلُّ أَسِيفٌ وَإِنَّهُ مَتَى يَقُمْ مَقَامَكَ لَا يُسْمِعُ النَّاسَ فَلَوْ بَكُرِ يُصَلِّي بِالنَّاسِ فَلَمَّا دَخَلَ فِي الصَّلاَة وَجَلَ أَمَرْتَ عُمَرَ قَالَ إِنَّكُنَّ لَأَنْتُنَ صَوَاحِبُ يُوسُفَ مُرُوا أَبًا بَكْرِ أَنَ يُصَلِّيَ بِالنَّاسِ فَلَمَّا دَخَلَ فِي الصَّلاَة وَجَلَ أَمَرْتَ عُمَرَ قَالَ إِنَّكُنَّ لَأَنْتُنَ صَوَاحِبُ يُوسُفَ مُرُوا أَبًا بَكْرٍ أَنَ يُصَلِّي بِالنَّاسِ فَلَمَّا دَخَلَ فِي الصَّلاَة وَجَلَ رَسُولُ اللهِ فَي نَفْسِهِ خَفَّةً فَقَامَ يُهَادَى بَيْنَ رَجُلَيْنِ وَرَجْلاَهُ يَخُطُّانِ فِي الْأَرْضِ حَتَّى دَخَلَ الْمَسْتِحِدَ رَسُولُ اللهِ فَي نَفْسِهِ خَفَّةً فَقَامَ يُهَادَى بَيْنَ رَجُلَيْنِ وَرَجْلاَهُ يَخُطُّانِ فِي الْأَرْضِ حَتَّى دَخَلَ الْمَسْتِحِدَ وَسُولُ اللهِ فَي نَفْسِهِ خَفَّةً فَقَامَ يُهَادَى بَيْنَ رَجُلَيْنِ وَرَجْلاَهُ يَخْطُانِ فِي الْأَرْضِ حَتَّى دَخَلَ الْمَسْتِعِ أَبُو بَكُرٍ حَسَّةُ ذَهِبَ أَبُو بَكُو يُعَلِّي قَائِمًا وَكَانَ رَسُولُ اللهِ فَيُسَادِ أَبِي بَكُرٍ فَكَانَ أَبُو بَكُو يُصَلِّي قَائِمًا وَكَانَ رَسُولُ اللهِ فَي يُصَلِّي قَاعِدًا يَقْتَدِي أَبُو بَكُو بِصَلِي اللهِ عَنْ يُصَلِّي قَاعِدًا يَقْتَدِي أَبُو بَكُو بِصَلَى وَسُلِولُ اللهِ فَي يُصَلِّي قَاعِدًا يَقْتَدِي أَبُو بَكُو بِكُو بِصَلِ اللهِ فَي وَالنَّاسُ مُقَتَدُونَ بِصَلَاقً أَبِي بَكُو رَضِيَ اللهُ عَنْهُ.

৭১৩. 'আয়িশাহ 🚃 হতে বর্ণিত। তিনি বলেন, আঁল্লাহর র্রসূল 🚎 যখন (রোগে) পীড়িত হয়ে পড়েছিলেন, বিলাল 🖼 এসে সলাতের কথা বললেন। নাবী 😂 বললেন, আবু বাক্রকে বল, লোকদের নিয়ে সলাত আদায় করতে। আমি বললাম, হে আল্লাহ্র রসূল! আবূ বাক্র 🖼 অত্যন্ত কোমল হৃদয়ের লোক। তিনি যখন আপনার স্থানে দাঁড়াবেন, তখন সহাবীগণকে কিছুই শুনাতে পারবেন না। যদি আপনি 'উমার 🕮-কে এ নির্দেশ দেন (তবে ভাল হয়)। তিনি 😂 আবার বললেন : লোকদের নিয়ে আবৃ বাক্র 😂 -কে সলাত আদায় করতে বল। আমি হাফ্সাহ -কে বললাম, তুমি তাঁকে একটু বল যে, আবৃ বাক্র ឤ অত্যন্ত কোমল হৃদয়ের লোক। তিনি যখন আপনার বদলে সে স্থানে দাঁড়াবেন, তখন সহাবীগণকে কিছুই শোনাতে পারবেন না। যদি আপনি 'উমার 🚌 কে এ নির্দেশ দিতেন (তবে ভাল হতো)। এ শুনে আল্লাহর রসূল 😂 বললেন: তোমরা ইউসুফের সাথী নারীদেরই মতো। আবৃ বাক্রকে লোকদের নিয়ে সলাত আদায় করতে বল। আবৃ বাক্র 🗯 লোকদের নিয়ে সলাত শুরু করলেন। তখন আল্লাহর রসূল 🚎 নিজে একটু সুস্থবোধ করলেন এবং দু'জন সহাবীর কাঁধে ভর দিয়ে উঠে দাঁড়িয়ে মাসজিদে গেলেন। তাঁর দু' পা মাটির উপর দিয়ে হেঁচড়ে যাচ্ছিল। আবূ বাক্র 🕮 যখন তাঁর আগমন টের পেলেন, পিছনে সরে যেতে উদ্যত হলেন। আল্লাহর রসূল 🚛 তার প্রতি ইঙ্গিত করলেন (স্বস্থানে থাকার জন্য)। অতঃপর তিনি এসে আবৃ বাক্র 🚗 এর বামপাশে বসে গেলেন। অবশেষে আবৃ বাক্র 🚌 দাঁড়িয়ে সলাত আদায় করছিলেন। আর সহাবীগণ আবৃ বাক্র 🕮 এর স্লাতের অনুসরণ করছিল। (১৯৮) (আ.প্র. ৬৭০, ই.ফা. ৬৭৮)

> . ٦٩/١٠. بَابِ هَلْ يَأْخُذُ الْإِمَامُ إِذَا شَكَّ بِقَوْلِ النَّاسِ. ১০/৬৯. অধ্যায় : ইমামের সন্দেহ হলে মুক্তাদীদের মত গ্রহণ করা।

٧١٤. صَرَمْنَا عَبْدُ اللهِ بَنُ مَسْلَمَةَ عَنْ مَالِك بَنِ أَنْسِ عَنْ أَيُّوبَ بَنِ أَبِي تَمِيمَةَ السَّخْتَيَانِيِّ عَنْ مُحَمَّد بَنِ سِيرِينَ عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ رَسُولَ اللهِ عَنْ أَنْصَرَفَ مِنْ اثْنَتَيْنِ فَقَالَ لَهُ ذُو الْيَدَيْنِ أَقَصُرَتُ الصَّلاَةُ أَمْ نَسِيرِينَ عَنْ أَبِي هُرَيْرَةً أَنَّ رَسُولُ اللهِ عَنْ أَصَدَقَ ذُو الْيَدَيْنِ فَقَالَ النَّاسُ نَعَمْ فَقَامَ رَسُولُ اللهِ عَنْ فَصَلَى الْتَنْتَيْنِ أَخْرَيَيْنِ ثُمَّ سَلَمَ ثُمَّ كَبَرَ فَسَجَدَ مِثْلَ سُجُودِهِ أَوْ أَطُولَ.

৭১৪. আবৃ হুরাইরাহ্ ( হতে বর্ণিত যে, আল্লাহর রস্ল হত দু' রাক'আত আদায় করে সলাত শেষ করে ফেললেন। যূল-ইয়াদাইন হতে তাঁকে বললেন, হে আল্লাহ্র রস্ল! সলাত কি কম করা হয়েছে, না আপনি ভুলে গেছেন? আল্লাহর রস্ল হতে (অন্যদের লক্ষ্য করে) বললেন: যূল-ইয়াদাইন কি ঠিক বলহে? সহাবীগণ বললেন, হাাঁ। তখন আল্লাহর রস্ল হতে দাঁড়ালেন এবং আরও দু' রাক'আত সলাত আদায় করলেন, অতঃপর সালাম ফিরালেন এবং তাক্বীর বলে স্বাভাবিক সাজদাহ্র মতো অথবা তার চেয়ে দীর্ঘ সাজদাহ্ করলেন। (৪৮২) (আ.প্র. ৬৭১, ই.ফা. ৬৭৯)

٧١٥. صرَّنَا أَبُو الْوَلِيد قَالَ حَدَّثَنَا شُعْبَةُ عَنْ سَعْد بْنِ إِبْرَاهِيمَ عَنْ أَبِي سَلَمَةَ بْنِ عَبْدِ الرَّحْمَنِ عَنْ أَبِي مُرَادِهِ عَنْ أَبِي سَلَمَةَ بْنِ عَبْدِ الرَّحْمَنِ عَنْ أَبِي مُرَيْرَةً قَالَ صَلَّى النَّبِيُ ﷺ الْظَٰهُرَ رَكَعَتَيْنِ فَقِيلَ صَلَّيْتَ رَكَعَتَيْنِ فَصَلَّى رَكَعَتَيْنِ ثُمَّ سَلَّمَ ثُمَّ سَحَدَ سَحْدَتَيْنِ.

৭১৫. আবৃ হরাইরাহ্ হতে বর্ণিত। তিনি বলেন, আল্লাহর রস্ল হ যুহরের সলাত দু' রাক'আত আদায় করলেন। তাঁকে বলা হল, আপনি দু' রাক'আত সলাত আদায় করেছেন। তখন তিনি আরও দু'রাক'আত সলাত আদায় করলেন এবং সালাম ফিরানোর পর দু'টি (সাহু) সাজদাহ্ করলেন। (৪৮২) (আ.৪.৬৭২, ই.লা.৬৮০)

#### .٧٠/١٠ بَابِ إِذَا بَكَى الْإِمَامُ فِي الصَّلاَةِ. ١٥/٩٥. অধ্যায় : সলাতে ইমাম কেঁদে ফেললে ١

وَقَالَ عَبْدُ اللهِ بْنُ شَدَّادٍ سَمِعْتُ نَشِيجَ عُمَرَ وَأَنَا فِي آخِرِ الصُّفُوفِ يَقْرَأُ ﴿ إِنَّمَا أَشْكُو بَـثِي وَحُـزْنِي إِلَى اللّٰهِ﴾

'আবদুল্লাহ্ ইব্নু শাদ্দাদ (রহ.) বলেন, আমি পিছনের কাতার হতে 'উমার ﷺ-এর চাপা কান্নার আওয়ায শুনেছি। তিনি তখন ﴿إِنَّمَا أَشْكُو بَـثَى وَحُـزَنِي إِلَى اللهِ﴾ '(আমি আমার দুঃখ ও বেদনার অভিযোগ একমাত্র আল্লাহ্র নিকটই পেশ করছি" (সূরাহ্ ইউসুফ ১২/১৮)—এ আয়াত তিলাওয়াত করছিলেন।

٧١٦. عرثنا إسماعيلُ قَالَ حَدَّنَا مَالِكُ بَنُ أَنسِ عَنْ هِشَامِ بَنِ عُرْوَةً عَنْ أَبِيهِ عَنْ عَائِشَةً أُمِّ الْمُؤْمِنِينَ أَن رَسُولَ اللهِ عَنْ أَبِهِ عَنْ عَائِشَةً أُمِّ الْمُؤْمِنِينَ أَن رَسُولَ اللهِ عَنْ قَالَ فِي مَرَضِهِ مُرُوا أَبَا بَكْرٍ يُصَلِّي بِالنَّاسِ قَالَتْ عَائِشَةُ قُلْتُ إِنَّا أَبَا بَكْرٍ إِذَا قَامَ فِي مَوَاهِ مُرُوا أَبَا بَكُرٍ فَلَيُصَلِّ لِلنَّاسِ قَالَتْ عَائِشَةُ لِحَفْصَةً فُولِي لَهُ إِنَّ أَبَا بَكْرٍ إِذَا قَامَ فِي مَقَامِكَ لَمْ يُسْمِعُ النَّاسَ مِنَ الْبُكَاءِ فَمُرْ عُمَرَ فَلْيُصَلِّ لِلنَّاسِ فَفَعَلَتْ حَفْصَةً لِعَائِشَةَ مَا وَقُولِي لَهُ إِنَّ أَبَا بَكْرٍ إِذَا قَامَ فِي مَقَامِكَ لَمْ يُسْمِعُ النَّاسَ مِنَ الْبُكَاءِ فَمُرْ عُمَرَ فَلْيُصَلِّ لِلنَّاسِ فَفَعَلَتْ حَفْصَةً لِعَائِشَةَ مَا وَقُولِي لَهُ إِنَّ أَبُا بَكُرٍ فَلْيُصَلِّ لِلنَّاسِ قَالَتْ حَفْصَةً لِعَائِشَةَ مَا وَمُولَ أَبَا بَكُرٍ فَلْيُصَلِّ لِلنَّاسِ قَالَتْ حَفْصَةً لِعَائِشَةَ مَا لَا لَا اللهِ عَنْهُ اللهُ عَنْهُ مَا إِنْكُنَّ لَأَنْتُنَّ صَوَاحِبُ يُوسُفَ مُرُوا أَبَا بَكُرٍ فَلْيُصَلِّ لِلنَّاسِ قَالَتْ حَفْصَةً لِعَائِشَةً مَا لَا فَاصِمَةً لِعَائِشَةً مَا لَا لَعُنْ مَنْهُ اللهِ عَنْهُ اللهِ عَنْهُ اللهِ عَنْهُ اللهُ عَنْهُ اللهُ عَنْهُ اللهِ عَنْهُ اللهِ عَنْهُ اللهُ عَنْهُ اللهِ عَلَيْهُ لَكُولُولُ اللهِ اللهِ عَنْهُ اللهُ اللهُ عَنْهُ اللهُ اللهِ اللهِ اللهِ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهِ اللهُ اللهُو

৭১৬. উম্মূল মু'মিনীন 'আয়িশাহ্ ক্রিক্সা হতে বর্ণিত। তিনি বলেন, আল্লাহর রস্ল ক্রিক্স (অন্তিম) রোগে আক্রান্ত অবস্থায় বললেন: আবৃ বাক্রকে লোকদের নিয়ে সলাত আদায় করতে বল। 'আয়িশাহ্ ফর্মা- ১/২৫ বলেন, আমি তাঁকে বললাম, আবৃ বাক্র (২) যখন আপনার স্থলে দাঁড়াবেন, তখন কানার কারণে সহাবীগণকে কিছুই শুনাতে পারবেন না। কাজেই 'উমার (২)-কে লোকদের নিয়ে সলাত আদায় করতে নির্দেশ দিন। তিনি (২) আবার বললেন: আবৃ বাক্রকে বল লোকদের নিয়ে সলাত আদায় করে নিতে। 'আয়িশাহ্ জ্বিল্লা বলেন, তখন আমি হাফ্সাহ (২)-কে বললাম, তুমি তাঁকে বল যে, আবৃ বাক্র (২) যখন আপনার স্থানে দাঁড়াবেন, তখন কানার কারণে সহাবীগণকে কিছুই শুনাতে পারবেন না। কাজেই 'উমার (২)-কে বলুন তিনি যেন সহাবীগণকে নিয়ে সলাত আদায় করেন। হাফ্সা ক্বিল্লা তাই করলেন। তখন আল্লাহর রসূল (২) বললেন: থামো! তোমরা ইউস্ফের সাথী মহিলাদেরই মতো। আবৃ বাক্রকে বল, সে যেন লোকদের নিয়ে সলাত আদায় করে। এতে হাফসাহ ক্রিল্লা 'আয়িশাহ্ ক্রিল্লা-কে (দুঃখ করে) বললেন, তোমার কাছ হতে আমি কখনো ভাল কিছু পাইনি। (১৯৮) (আ.প্র. ৬৭৩, ই.ফা. ৬৮১)

• ٧١/١. بَابِ تَسْوِيَةِ الصُّفُوفِ عِنْدَ الْإِقَامَة وَبَعْدَهَا.

১০/৭১. অধ্যায় : ইক্বামাতের সময় এবং এর পরে কাতার সোজা করা।

٧١٧. **طَرْتُنَا** أَبُو الْوَلِيدِ هِشَامُ بْنُ عَبْدِ الْمَلِكِ قَالَ حَدَّنَنَا شُعْبَةُ قَالَ أَخْبَرَنِي عَمْرُو بْنُ مُرَّةَ قَالَ سَمِعْتُ سَالِمَ بْنَ أَبِي الْجَعْدِ قَالَ سَمِعْتُ النَّعْمَانَ بْنَ بَشِيرٍ يَقُولُ قَالَ النَّبِيُّ ﷺ لَتُسَوَّنَّ صُفُوفَكُمْ أَوْ لَيُحَالِفَنَّ اللَّهُ بَيْنَ وُجُوهكُمْ. وُجُوهكُمْ.

৭১৭. নু'মান ইব্নু বশীর ( হেতে বর্ণিত। তিনি বলেন, নাবী হৈতে বলেছেন: তোমরা অবশ্যই কাতার সোজা করে নিবে, তা না হলে আল্লাহ্ তা'আলা তোমাদের মাঝে মতভেদ সৃষ্টি করে দিবেন। (মুসলিম ৪/২৮, হাঃ ৪৩৬, আহমাদ ১৮৪১৭) (আ.প্র. ৬৭৪, ই.ফা. ৬৮২)

٧١٨. **طَرْتُنَا** أَبُو مَعْمَرٍ قَالَ حَدَّثَنَا عَبْدُ الْوَارِثِ عَنْ عَبْدِ الْعَزِيزِ بْنِ صُهَيْبٍ عَنْ أَنسِ بْنِ مَالِكٍ أَنَّ النَّبِيَّ قَالَ أَقِيمُوا الصُّفُوفَ فَإِنِّي أَرَاكُمْ خَلْفَ ظَهْرِي.

৭১৮. আনাস ( হতে বর্ণিত যে, নাবী হতে বলেন: তোমরা কাতার সোজা করে নিবে। কেননা, আমি আমার পিছনে তোমাদেরকে দেখতে পাই। (৭১৯, ৭২৫; মুসলিম ৪/২৮, হাঃ ৪৩৪ ১২৩৫৩) (আ.প্র. ৬৭৫, ই.ফা. ৬৮৩)

• ٧٢/١. بَابِ إِقْبَالِ الْإِمَامِ عَلَى النَّاسِ عِنْدَ تَسُويَةِ الصُّفُوفِ.

১০/৭২. অধ্যায় : কাতার সোজা করার সময় মুক্তাদীগণের প্রতি ইমামের ফিরে দেখা।

 ৭১৯. আনাস ইব্নু মালিক হাতে বর্ণিত। তিনি বলেন, সলাতের ইক্বামাত হচ্ছে, এমন সময় আল্লাহর রস্ল হাতু আমাদের দিকে মুখ করে তাকালেন এবং বললেন: তোমাদের কাতারগুলো সোজা করে নাও আর মিলে দাঁড়াও। কেননা, আমি আমার পিছনে তোমাদেরকে দেখতে পাই। (৭১৮) (আ.প্র. ৬৭৬, ই.ফা. ৬৮৪)

# . ১০/৭৩. অধ্যায় : প্রথম কাতার।

. ٧٢. صر*ثنا* أَبُو عَاصِمٍ عَنْ مَالِك عَنْ سُمَيٍّ عَنْ أَبِي صَالِحٍ عَنْ أَبِي هُرَيْرَةَ قَــالَ قَــالَ النَّبِـــيُّ ﷺ ِ الشُّهَذَاءُ الْغَرِقُ وَالْمَطْعُونُ وَالْمَبْطُونُ وَالْمَبْطُونُ وَالْمَبْطُونُ وَالْهَدَمُ.

৭২০. আবৃ হুরাইরাহ্ 🕮 হতে বর্ণিত। তিনি বলেন, নাবী 🚎 বলেছেন : পানিতে ডুবে, কলেরায়, প্লেগে এবং ভূমিধসে বা চাপা পড়ে মৃত ব্যক্তিরা শহীদ। (৬৫৩) (আ.প্র. ৬৭৭, ই.ফা. ৬৮৫)

٧٢١. وَقَالَ وَلَوْ يَعْلَمُونَ مَا فِي التَّهْجِيرِ لَاسْتَبَقُوا وَلَوْ يَعْلَمُونَ مَا فِي الْعَتَمَةِ وَالصُّبُحِ لَأَتَوْهُمَا وَلَوْ حَبُوًا وَلَوْ يَعْلَمُونَ مَا فِي الصَّفَّ الْمُقَدَّمِ لَاسْتَهَمُوا.

৭২১. যদি লোকেরা জানত যে, আওয়াল ওয়াক্তে সলাত আদায়ের কী ফার্যীলাত, তাহলে তারা এর জন্য প্রতিযোগিতা করে আগেভাগে আসার চেষ্টা করতো। আর 'ইশা ও ফাজ্রের জামা'আতের কী ফার্যীলাত যদি তারা জানত তাহলে হামাগুড়ি দিয়ে হলেও তাতে উপস্থিত হতো। এবং সামনের কাতারের কী ফার্যীলাত তা যদি জানত, তাহলে এর জন্য তারা কুরআ ব্যবহার করতো। (৬১৫) (আ.প্র. ৬৭৭ শেষাংশ, ই.ফা. ৬৮৫ শেষাংশ)

## . ٧٤/١، بَابِ إِقَامَةُ الصَّفِّ مِنْ تَمَامِ الصَّلاَةِ. ১০/৭৪. অধ্যায় : কাতার সোজা করা সলাতের পূর্ণতার অঙ্গ।

٧٢٢. صرتنا عَبْدُ اللهِ بْنُ مُحَمَّد قَالَ حَدَّنَنَا عَبْدُ الرَّزَّاقِ قَالَ أَخْبَرَنَا مَعْمَرُ عَنْ هَمَّامِ بْنِ مُنَبِّهِ عَنْ أَبِسِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِ عَلَىٰ اللهُ قَالُ اللهُ عَنْ أَبِسَ عَلَىٰ اللهُ عَنْ أَبِسَى عَلَىٰ اللهُ قَالَ اللهُ عَنْ أَبِعَالُهُ اللهُ لَمُنْ حَمِدَهُ فَقُولُوا رَبَّنَا لَكَ الْحَمْدُ وَإِذَا سَجَدَ فَاشَجُدُوا وَإِذَا صَلَّى جَالِسًا فَصَلُّوا جُلُوسًا أَجْمَعُونَ وَأَقِيمُوا الصَّفَّ فِي الصَّلَةِ فَإِنَّ إِقَامَةَ الصَّفِّ مِنْ حُسْنِ الصَّلَاةِ.

৭২২. আবৃ হরাইরাহ ( হেলু) হতে বর্ণিত যে, নাবী হৈছে বলেন : অনুসরণ করার জন্যই ইমাম নির্ধারণ করা হয়। কাজেই তার বিরুদ্ধাচরণ করবে না। তিনি যখন রুকু করেন তখন তোমরাও রুকু করবে। তিনি যখন مَعْمَ اللهُ لَمَنْ حَمِدَهُ वलतে। তিনি যখন সাজদাহ করবেন তখন তোমরাও সাজদাহ

বসে সলাত আদায় করবে। আর তোমরা সলাতে কাতার সোজা করে নিবে, কেননা কাতার সোজা করা সলাতের সৌন্দর্যের অন্তর্ভুক্ত। (৭৩৪; মুসলিম ৪/১৯, হাঃ ৪১৪) (আ.প্র. ৬৭৮, ই.ফা. ৬৮৬)

٧٢٣. **طَرْمُنَا** أَبُو الْوَلِيدِ قَالَ حَدَّثَنَا شُعْبَةُ عَنْ قَتَادَةً عَنْ أَنسِ بْنِ مَالِكٍ عَنِ النَّبِسِيِّ ﷺ قَسَالَ سَسوُّوا صُفُوفَكُمْ فَإِنَّ تَسْوِيَةَ الصُّفُوف مِنْ إِقَامَة الصَّلاَة.

৭২৩. আনাস হতে বর্ণিত যে, নাবী হত বলেন: তোমরা তোমাদের কাতারগুলো সোজা করে নিবে, কেননা, কাতার সোজা করা সলাতের সৌন্দর্যের অন্তর্ভুক্ত। (মুসলিম ৪/২৮, হাঃ ৪৩৩, আহমাদ ১২৮১৩) (আ.প্র. ৬৭৯, ই.ফা. ৬৮৭)

#### . ٧٥/١٠ بَابِ إِثْمِ مَنْ لَمْ يُتِمَّ الصُّفُوفَ. ১০/৭৫. অধ্যায় : কাতার সোজা না করার গুনাহ।\*

٧٢٤. حَرَثُنَا مُعَاذُ بْنُ أَسَد قَالَ أَحْبَرَنَا الْفَضْلُ بْنُ مُوسَى قَالَ أَخْبَرَنَا سَعِيدُ بْنُ عُبَيْد الطَّائِيُّ عَنْ بُشَيْرِ بَنِ مَالِكِ أَنَهُ قَدِمَ الْمَدينَةَ فَقِيلَ لَهُ مَا أَنْكَرْتَ مِنَّا مُنْذُ يَوْمٍ عَهِدْتَ رَسُولَ اللهِ بَنِ يَسَارٍ الأَنْصَارِيِّ عَنْ أَنْسُ بْنِ مَالِكِ أَنَّهُ قَدِمَ الْمَدينَةَ فَقِيلَ لَهُ مَا أَنْكَرْتَ مِنَّا مُنْذُ يَوْمٍ عَهِدْتَ رَسُولَ اللهِ قَالَ مَا أَنْكُرْتُ مِنْيُنَا إِلاَّ أَنْكُمْ لاَ تُقْيِمُونَ الصَّفُوفَ وَقَالَ عُقْبَةُ بْنُ عُبَيْدٍ عَنْ بُشَيْرِ بْنِ يَسَارٍ قَدِمَ عَلَيْنَا أَنْسُ بْنُ مَالِكِ الْمَدينَةَ بِهَذَا.

৭২৪. আনাস ইব্নু মালিক ( হতে বর্ণিত। একবার তিনি (আনাস) মাদীনাহ্য় আসলেন। তাঁকে জিজ্ঞেস করা হলো, আল্লাহর রসূল ক্ষ্ম এর যুগের তুলনায় আপনি আমাদের সময়ের অপছন্দনীয় কী দেখতে পাচ্ছেন? তিনি বললেন, অন্য কোন কাজ তেমন অপসন্দনীয় মনে হচ্ছে না। তবে তোমরা

<sup>ঁ</sup> জামা'আতে দাঁড়াবার সময় পায়ের গিটের সাথে পার্শ্ববর্তী মুসল্লীর পায়ের গিট মিলিয়ে এবং কাঁধের সাথে কাঁধ মিলিয়ে পার্শ্ববর্তী মুসল্লীর বাহু মিলিয়ে কাতারবন্দী হয়ে সলাত আদায় করতে হবে। দুই মুসল্লীর মাঝখানে ফাঁক ফাঁক করে দাঁড়ানোর কথা কোন হাদীসে নাই। আবু দাউদে আছে:

(সালাতে) কাতার ঠিকমত সোজা কর না। 'উক্বাহ ইব্নু 'উবাইদ (রহ.) বুশাইর ইব্নু ইয়াসার (রহ.) হতে বর্ণনা করেন যে, আনাস ইব্নু মালিক ( আমাদের নিকট মাদীনাহ্য় এলেন.....বাকী অংশ অনুরূপ। (আ.প্র. ৬৮০, ই.ফা. ৬৮৮)

الصَّفَّ الصَّفَّ بِالْمَنْكِبِ بِالْمَنْكِبِ بِالْمَنْكِبِ وَالْقَدَمِ بِالْقَدَمِ فِي الصَّفِّ المَصْفِّ المَكْكِبِ بِالْمَنْكِبِ وَالْقَدَمِ بِالْقَدَمِ فِي الصَّفِّ المَحْرِفِي المَكْبِ مِكْرِفِي المَكْبِي المَكْبِي المَكْبِي المَكْبِي المَكْبِي الرَّبُولُ مِنَّا يُلْزِقُ كَفْبَهُ بِكَعْبِ صَاحِبِهِ.

নু'মান ইব্নু বশীর (রহ.) বলেন, আমাদের কাউকে দেখেছি পার্শ্ববর্তী ব্যক্তির টাখ্নুর সাথে টাখ্নু মিলাতে।

٧٢٥. صر*َثنا* عَمْرُو بْنُ خَالِد قَالَ حَدَّنَنَا زُهَيْرٌ عَنْ حُمَيْد عَنْ أَنَسِ بْنِ مَالِك عَنِ النَّبِيِّ ﷺ قَالَ أَقِيمُوا صُفُوفَكُمْ فَإِنِّى أَرَاكُمْ مِنْ وَرَاء ظَهُرِي وَكَانَ أَحَدُنَا يُلْزِقُ مَنْكَبَّهُ بِمَنْكبِ صَاحِبَه وَقَدَمَهُ بِقَدَمِه.

৭২৫. আনাস ( হৈত বর্ণিত যে, নাবী হৈছে বলেন: তোমরা তোমাদের কাতার সোজা করে নাও। কেননা, আমি আমার পিছন হতেও তোমাদের দেখতে পাই। আনাস ( বলেন আমাদের প্রত্যেকেই তার পার্শ্ববর্তী ব্যক্তির কাঁধের সাথে কাঁধ এবং পায়ের সাথে পা মিলাতাম। (৭১৮) (আ.প্র. ৬৮১, ই.ফা. ৬৮১)

• ٧٧/١. بَابِ إِذَا قَامَ الرَّجُلُ عَنْ يَسَارِ الْإِمَامِ وَحَوَّلَهُ الْإِمَامُ خَلْفَهُ إِلَى يَمِينِهِ تَمَّتْ صَلاَتُهُ. ১০/৭৭. অধ্যায় : কেউ ইমামের বামপাশে দাঁড়ালে ইমাম তাকে পিছনে ঘুরিয়ে ডানপাশে দাঁড় করালে সলাত আদায় হবে।

٧٢٦. **حَرَثُنَا** قُتَيْبَةُ بْنُ سَعِيد قَالَ حَدَّثَنَا دَاوُدُ عَنْ عَمْرِو بْنِ دِينَارِ عَنْ كُرَيْبِ مَوْلَى ابْنِ عَبَّاسٍ عَنْ ابْنِ عَبَّاسٍ عَنْ ابْنِ عَبَّاسٍ عَنْ ابْنِ عَبَّاسٍ رَضِيَ اللهُ عَنْهُمَا قَالَ صَلَّيْتُ مَعَ النَّبِيِّ ﷺ ذَاتَ لَيْلَةٍ فَقُمْتُ عَنْ يَسَارِهِ فَأَخَّذَ رَسُولُ اللهِ ﷺ بِرَأْسِي مِنْ وَرَاثِي فَجَعَلَنِي عَنْ يَمِينِهِ فَصَلَّى وَرَقَدَ فَجَاءَهُ الْمُؤذِّنُ فَقَامَ وَصَلَّى وَلَمْ يَتَوَضَّأَ.

৭২৬. ইব্নু 'আব্বাস ( হেন্তু) হতে বর্ণিত। তিনি বলেন, কোন একরাতে আমি নাবী ক্ষ্তুই-এর সংগে সলাত আদায় করতে গিয়ে তাঁর বামপাশে দাঁড়ালাম। তিনি আমার মাথার পিছনের দিক ধরে তাঁর ডানপাশে নিয়ে আসলেন। অতঃপর সলাত আদায় করে ওয়ে পড়লেন। পরে তাঁর নিকট মুয়ায্যিন এলে তিনি উঠে সলাত আদায় করলেন, কিন্তু (নতুনভাবে) উযু করলেন না। (১১৭) (আ.প্র. ৬৮২, ই.ফা. ৬৯০)

• ٧٨/١. بَابِ الْمَرْأَةُ وَحْدَهَا تَكُونُ صَفًّا.

১০/৭৮. অধ্যায় : মহিলা একজন হলেও ভিন্ন কাতারে দাঁড়াবে।

٧٢٧. صر*َثنا* عَبْدُ اللهِ بْنُ مُحَمَّد قَالَ حَدَّثَنَا سُفْيَانُ عَنْ إِسْحَاقَ عَنْ أَنسِ بْنِ مَالِكٍ قَالَ صَلَّيْتُ أَنْس وَيَتِيمٌ فِي بَيْتِنَا خَلْفَ النَّبِيِّ ﷺ وَأُمِّي أُمُّ سُلَيْمٍ خَلْفَنَا.

৭২৭. আনাস ইব্নু মালিক ( হে) হতে বর্ণিত। তিনি বর্লেন, একর্বার আমার্দের ঘরে আমি ও একটি ইয়াতীম ছেলে নাবী ক্ল্রু-এর পিছনে দাঁড়িয়ে সলাত আদায় করলাম। আর আমার মা উদ্মু সুলাইম আর্ল্রা আমাদের পিছনে দাঁড়িয়ে ছিলেন। (৩৮০) (আ.শু. ৬৮৩, ই.ফা. ৬৯১)

#### . ১৭/۱ ، بَابِ مَيْمَنَةِ الْمَسْجِدِ وَالْإِمَامِ. ১০/৭৯. অধ্যায় : মাসজিদ ও ইমামের ডানদিক।

٧٢٨. **طَرْثُنَا** مُوسَى حَدَّثَنَا ثَابِتُ بْنُ يَزِيدَ حَدَّثَنَا عَاصِمٌ عَنْ الشَّعْبِيِّ عَنْ ابْنِ عَبَّاسِ رَضِيَ اللهُ عَنْهُمَــا قَالَ قُمْتُ لَيْلَةً أُصَلِّي عَنْ يَمِينِهِ وَقَالَ بِيَــدِهِ مِــنْ قَالَ تُمْتُ لَيْلَةً أُصَلِّي عَنْ يَمِينِهِ وَقَالَ بِيَــدِهِ مِــنْ وَرَائى.

৭২৮. ইব্নু 'আব্বাস ( হেত বর্ণিত। তিনি বলেন, একরাতে আমি সলাত আদায়ের জন্য নাবী একর বামপাশে দাঁড়ালাম। তিনি আমার হাত বা বাহু ধরে তাঁর ডানপাশে দাঁড় করালেন এবং তিনি তাঁর হাতের ইন্সিতে বললেন, আমার পিছনের দিক দিয়ে। (১১৭) (আ.প্র. ৬৮৪, ই.ফা. ৬৯২)

। ﴿ ٨٠/ ، بَابِ إِذَا كَانَ بَيْنَ الْإِمَامِ وَبَيْنَ الْقَوْمِ حَائِطٌ أَوْ سُتْرَةً ১০/৮০. অধ্যায় : ইমাম ও মুক্তাদীর মধ্যে দেয়াল বা সুতরাহ থাকলে।

وَقَالَ الْحَسَنُ لاَ بَأْسَ أَنْ تُصَلِّيَ وَبَيْنَكَ وَبَيْنَهُ نَهْرٌ وَقَالَ أَبُو مِحْلَزٍ يَأْتُمُّ بِالْإِمَامِ وَإِنْ كَانَ بَيْنَهُمَا طَرِيقٌ أَوْ جِذَارٌ إِذَا سَمِعَ تَكْبِيرَ الْإِمَامِ.

হাসান (রহ.) বলেন, তোমার ও ইমামের মধ্যে নহর থাকলেও ইকতিদা করতে অসুবিধা নেই। আবৃ মিজলায (রহ.) বলেন, যদি ইমামের তাক্বীর শোনা যায় তাহলে ইমাম ও মুক্তাদীর মধ্যে রাস্তা বা দেয়াল থাকলেও ইক্তিদা করা যায়।

٧٢٩. صر مُن مُحَمَّدُ بَنُ سَلاَمٍ قَالَ أَخْبَرَنَا عَبْدَةُ عَنْ يَحْيَى بَنِ سَعِيد الأَنْصَارِيِّ عَنْ عَمْرَةَ عَنْ عَائشَةَ قَالَتَ كَانَ رَسُولُ اللهِ ﷺ عَنْ عَمْرَةً فَلَ عَبْدَارُ الْحُجْرَةِ قَصَّيرٌ فَرَأَى النَّاسُ شَخْصَ النَّبِي ﷺ فَقَامَ أَنَاسُ يُصَلَّونَ بِصَلاَتِهِ صَنَعُوا فَتَحَدَّثُوا بِذَلِكَ فَقَامَ اللَّيْلَةَ الثَّانِيَةَ فَقَامَ مَعَهُ أَنَاسٌ يُصَلُّونَ بِصَلاَتِهِ صَنَعُوا فَتَحَدَّثُوا بِذَلِكَ فَقَامَ اللَّيْلَةَ الثَّانِيَةَ فَقَامَ مَعَهُ أَنَاسٌ يُصَلُّونَ بِصَلاَتِهِ صَنَعُوا فَتَحَدَّثُوا بِذَلِكَ فَقَامَ اللَّيْلَةَ الثَّانِيَةَ فَقَامَ مَعَهُ أَنَاسٌ يُصَلَّونَ بِصَلاَتِهِ صَنَعُوا فَتَحَدَّدُوا بِذَلِكَ خَلَسَ رَسُولُ اللهِ ﷺ فَلَمْ يَحْرُجُ فَلَمَّا أَصْبَحَ ذَكَرَ ذَلِكَ النَّاسُ فَقَامَ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ عَلَيْكُمْ صَلاَةً اللَّيْلِ.

৭২৯. 'আয়িশাহ ক্রিল্লী হতে বর্ণিত। তিনি বলেন, আল্লাহর রস্ল ক্রের রাতের সলাত তাঁর নিজ কামরায় আদায় করতেন। কামরার দেওয়ালটি ছিলো নীচু। ফলে একদা সহাবীগণ নাবী ক্রে-এর শরীর দেখতে পেলেন এবং (দেয়ালের অন্য পাশে) সহাবীগণ দাঁড়িয়ে তাঁর সঙ্গে সলাত আদায় করলেন। সকালে তাঁরা এ কথা বলাবলি করছিলেন। দ্বিতীয় রাতে তিনি (সলাতে) দাঁড়ালেন। সহাবীগণ দাঁড়িয়ে তাঁর সাথে সলাত আদায় করলেন। দু' বা তিন রাত তাঁরা এরূপ করলেন। এরপরে (রাতে) আল্লাহর রস্ল ক্রের থাকলেন, আর বের হলেন না। ভোরে সহাবীগণ এ বিষয়ে আলোচনা করলেন। তখন তিনি বললেন: আমার আশংকা হচ্ছিল যে, রাতের সলাত তোমাদের উপর ফার্য করে দেয়া হতে পারে। (৭৩০, ৯২৪, ১১২৯ ২০১১, ২০১২, ৫৮৬১) (আ.প্র. ৬৮৫, ই.ফা. ৬৯৩)

#### . ۱/۱۰ بَابِ صَلاَةِ اللَّيْلِ. ১০/৮১. অধ্যায় : রাতের সলাত।

.٧٣٠. **صرتنا** إِبْرَاهِيمُ بْنُ الْمُنْذِرِ قَالَ حَدَّثَنَا ابْنُ أَبِي فُدَيْك قَالَ حَدَّثَنَا ابْنُ أَبِي ذِئْب عَنِ الْمَقَبُرِيِّ عَنْ أَبِي سَلَمَةَ بْنِ عَبْدِ الرَّحْمَنِ عَنْ عَائِشَةَ رَضِيَ الله عَنْهَا أَنَّ النَّبِيُّ ﴿ كَانَ لَهُ حَصِيرٌ يَبْسُطُهُ بِالنَّهَارِ وَيَحْتَجِرُهُ باللَّيْل فَثَابَ إِلَيْه نَاسٌ فَصَلُّوا وَرَاءَهُ.

৭৩০. আয়িশাহ জ্লিন্ত্র হতে বর্ণিত যে, নাবী ক্লিন্ত্র-এর একটি চাটাই ছিল। তিনি তাঁ দিনের বেঁলার্য় বিছিয়ে রাখতেন এবং রাতের বেলা তা দিয়ে কামরা বানিয়ে নিতেন। সহাবীগণ তাঁর পিছনে কাতারবদ্ধ হয়ে দাঁড়ান এবং তাঁর পিছনে সলাত আদায় করেন। (৭২৯) (আ.খ. ৬৮৬, ই.কা. ৬৯৪)

٧٣١. حرثنا عَبْدُ الأَعْلَى بْنُ حَمَّاد قَالَ حَدَّثَنَا وُهَيْبٌ قَالَ حَدَّثَنَا مُوسَى بْنُ عُقْبَةَ عَنْ سَالِمٍ أَبِي النَّضْرِ عَنْ بُسْرِ بْنِ سَعِيد عَنْ زَيْد بْنِ ثَابِت أَنَّ رَسُولَ اللهِ عَلَىٰ اتَّخذَ حُجْرَةً قَالَ حَسِبْتُ أَنَّهُ قَالَ مِنْ حَصِيرٍ فِي عَنْ بُسْرِ بْنِ سَعِيد عَنْ زَيْد بْنِ ثَابِت أَنَّ رَسُولَ اللهِ عَلَىٰ اتَّخذَ حُجْرَةً قَالَ حَسِبْتُ أَنَّهُ قَالَ مِنْ حَصِيرٍ فِي رَمَضَانَ فَصَلَّى فِيهًا لَيَالِي فَصَلِّى بِصَلَّاتِه نَاسٌ مِنْ أَصْحَابِهِ فَلَمَّا عَلَمْ بِهِمْ جَعَلَ يَقْعُدُ فَحْرَجَ إِلَيْهِمْ فَقَالَ قَدْ وَمَضَانَ فَصَلَّى فِيهًا لَيَالِي فَصَلَّى بَصَلُوا أَيُّهَا النَّاسُ فِي بُيُوتِكُمْ فَإِنَّ أَفْضَلَ الصَّلاَةِ صَلاَةُ الْمَرْءِ فِي بَيْتِهِ إِلاَّ عَنْانُ حَدَّنَا وُهَيْبٌ حَدَّنَا مُوسَى سَمِعْتُ أَبًا النَّصْرِ عَنْ بُسْرٍ عَنْ زَيْد عَنِ النَّبِي عَلَىٰ اللَّهِ اللّهُ اللهُ الللهُ اللهُ اللهُ

৭৩১. যায়দ ইব্নু সাবিত হাত বর্ণিত যে, আল্লাহর রস্ল হাত রমাযান মাসে একটি ছোট কামরা বানালেন। তিনি (বুস্র ইব্নু সায়ীদ) (রহ.) বলেন, মনে হয়, যায়দ ইব্নু সাবিত হাত কামরাটি চাটাই দিয়ে তৈরি ছিল বলে উল্লেখ করেছিলেন। তিনি সেখানে কয়েক রাত সলাত আদায় করেন। আর তাঁর সহাবীগণের মধ্যে কিছু সহাবীও তাঁর সঙ্গে সলাত আদায় করেন। তিনি যখন তাঁদের সম্বন্ধে জানতে পারলেন, তখন তিনি বসে থাকলেন। পরে তিনি তাঁদের নিকট এসে বললেন, তোমাদের কার্যকলাপ দেখে আমি বুঝতে পেরেছি। হে লোকেরা! তোমরা তোমাদের ঘরেই সলাত আদায় কর। কেননা, ফার্য সলাত ছাড়া লোকেরা ঘরে যে সলাত আদায় করে তা-ই উত্তম। 'আফফান (রহ.) যায়দ ইব্নু সাবিত হাড়া নোবী হাতে একই রকম বলেছেন। (৬১১৩, ৭২৯০ মুসলিম ৬/২৯, ৭৮১, আহমাদ ১৫৯৫) (আ.প্র. ৬৮৭, ই.ফা. ৬৯৫)

#### . بَابِ إِيجَابِ التَّكْبِيرِ وَافْتِتَاحِ الصَّلاَةِ. ٨٢/١٠ ১০/৮২. অধ্যায় : ফার্য তাকবীর বলা ও সলাত শুরু করা।

٧٣٢. **طَرْتَنَا** أَبُو الْيَمَانِ قَالَ أَخْبَرَنَا شُعَيْبٌ عَنْ الزُّهْرِيِّ قَالَ أَخْبَرَنِي أَنَسُ بْنُ مَالِسك الأَنْصَارِيُّ أَنَّ رَسُولَ اللهِ ﷺ رَكِبَ فَرَسًا فَحُرِشَ شَقَّهُ الأَيْمَنُ قَالَ أَنَسُ ﷺ فَصَلِّى لَنَا يَوْمَئِذ صَلاَةً مِنْ الصَّلُواتِ وَهُسوَ قَاعِدٌ فَصَلَّيْنَا وَرَاءَهُ قُعُودًا ثُمَّ قَالَ لَمَّا سَلَّمَ إِنَّمَا جُعلَ الإِمَامُ لِيُؤْتَمَّ بِهِ فَإِذَا صَلَّى قَائِمًا فَصَلُّوا قِيَامًا وَإِذَا رَكَعَ فَارْفَعُوا وَإِذَا سَحَدَ فَاشْجُدُوا وَإِذَا قَالَ سَمَعَ اللهُ لَمَنْ حَمدَهُ فَقُولُوا رَبَّنَا وَلَكَ الْحَمْدُ.

१७২. আনাস ইব্নু মালিক আনসারী ( হতে বর্ণিত যে, একবার আল্লাহর রসূল হতে ঘোড়ায় চড়েন। ফলে তাঁর ডান পাঁজরে আঁচড় লাগে। আনাস ( বলেন, এ সময় কোন এক সলাত আমাদের নিয়ে তিনি বসে আদায় করেন। আমরাও তাঁর পিছনে বসে সলাত আদায় করি। সালাম ফিরানোর পর তিনি বললেন: ইমাম নির্ধারণ করা হয় তাঁকে অনুসরণ করার জন্যই। তাই তিনি যখন দাঁড়িয়ে সলাত আদায় করেন তখন তোমরাও দাঁড়িয়ে সলাত আদায় করবে। আর তিনি যখন রুকু করেন তখন তোমরাও রুকু করবে। তিনি যখন সাজদাহ করেন তখন তোমরাও রুকু করবে। তিনি যখন সাজদাহ করেন তখন তোমরাও কর্কে তথন তোমরা ত্রিন যখন তামরাও তাঁকি যখন তামরাও করেন তখন তোমরাও করেন তখন তোমরাও করেন তখন তোমরাও তালন, তখন তোমরা তামরাও তালেন, তখন তোমরার করেন তোমরাও তালেন, তখন তোমরার

٧٣٣. **طَرَثُنَا** قُتَيْبَةُ بْنُ سَعِيد قَالَ حَدَّثَنَا لَيْثُ عَنْ ابْنِ شِهَابِ عَنْ أَنْسِ بْنِ مَالِكَ أَنَّهُ قَالَ حَرَّ رَسُولُ اللهِ عَنْ فَرَسٍ فَجُحِشَ فَصَلَّى لَنَا قَاعِدًا فَصَلَّيْنَا مَعَهُ قُعُودًا ثُمَّ انْصَرَفَ فَقَالَ إِنَّمَا الْإِمَّامُ أَوْ إِنَّمَا جُعِلَ الْإِمَامُ لِيُوْتَمَّ بِهِ فَإِذَا كَبَّرَ فَكَبِّرُوا وَإِذَا رَكَعَ فَارْكَعُوا وَإِذَا رَفَعَ فَارْفَعُوا وَإِذَا قَالَ سَمِعَ اللهُ لِمَنْ حَمِدَهُ فَقُولُوا رَبَّنَسَا لَكُ الْحَمْدُ وَإِذَا سَجَدَ فَاسْجُدُوا.

٧٣٤. **طَرْمُنَا** أَبُو الْيَمَانِ قَالَ أَخْبَرَنَا شُعَيْبٌ قَالَ حَدَّثَنِي أَبُو الزِّنَادِ عَنِ الْأَعْرَجِ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ قَالَ النَّبِيُّ ﷺ إِنَّمَا جُعِلَ الْإِمَامُ لِيُوْتَمَّ بِهِ فَإِذَا كَبَّرَ فَكَبِّرُوا وَإِذَا رَكَعَ فَارْكَعُوا وَإِذَا قَالَ سَمِعَ اللهُ لِمَــــنُ حَمِــــدَهُ فَقُولُوا رَبَّنَا وَلَكَ الْحَمْدُ وَإِذَا سَحَدَ فَاسْجُدُوا وَإِذَا صَلَّى جَالِسًا فَصَلُّوا جُلُوسًا أَجْمَعُونَ. প্ত ৪. আবূ হুরাইরাহ্ হ্লেই হতে বর্ণিত। তিনি বলেন, নাবী হ্লেই বলেছেন: ইমাম নির্ধারণ করা হয় তাঁর অনুসরণের জন্য। তাই যখন তিনি তাক্বীর বলেন, তখন তোমরাও তাক্বীর বলেবে, যখন তিনি ক্লকু করেন তখন তোমরাও ক্লকু করেব। যখন مُنَا وَلَكَ الْحَمْدُ বলেন, তখন তোমরা رَبُنًا وَلَكَ الْحَمْدُ বলেন, তখন তোমরা رَبُنًا وَلَكَ الْحَمْدُ বলেবে আর তিনি যখন সাজদাহ্ করেন তখন তোমরাও সাজদাহ্ করেবে। যখন তিনি বসে সলাত আদায় করেন তখন তোমরাও বসে সলাত আদায় করেবে। (৭২২) (আ.প্র. ৬৯০, ই.ফা. ৬৯৮)

### • ٨٣/١. بَابِ رَفْعِ الْيَدَيْنِ فِي التَّكْبِيرَةِ الْأُولَى مَعَ الِافْتِتَاحِ سَوَاءً.

১০/৮৩. অধ্যায় : সলাত শুরু করার সময় প্রথম তাকবীরের সাথে সাথে উভয় হাত উঠানো।

٧٣٥. صَرَتُنَا عَبْدُ اللهِ بَنُ مَسْلَمَةً عَنْ مَالِك عَنْ ابْنِ شِهَابِ عَنْ سَالِمِ بْنِ عَبْدِ اللهِ عَنْ أَبِيهِ أَنَّ رَسُولَ اللهِ عَنْ اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ عَنْ اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ عَلْ اللهُ عَلَى اللهُ عَلْمُ اللهُ اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ عَلْ اللهُ عَلْمُ اللهُ اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ عَلْمُ اللهُ اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ اللهُ عَلَى اللهُ اللهُ عَلَى اللهُ اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ اللهُ اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ اللهُ عَلَى اللهُ اللهُ اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ اللهُ اللهُ عَلَى اللهُ اللهُ عَلَى اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ اللهُل

৭৩৫. 'আবদুল্লাহ্ ইব্নু 'উমার হাত বর্ণিত যে, আল্লাহর রসূল হাত যখন সলাত শুরু করতেন, তখন উভয় হাত তাঁর কাঁধ বরাবর উঠাতেন। আর যখন রুক্'তে যাওয়ার জন্য তাকবীর বলতেন এবং যখন রুক্' হতে মাথা উঠাতেন তখনও একইভাবে দু'হাত উঠাতেন এবং مَمَدَهُ বলতেন। কিন্তু সাজদাহ্র সময় এমন করতেন না। (৭৩৬, ৭৩৭,৭৩৯ মুসলিম ৪/৯, হাঃ ৩৯০, আহমাদ ৪৫৪০) (আ.প্র. ৬৯১, ই.ফা. ৬৯৯)

٧٣٦. **طَرَثنا** مُحَمَّدُ بَنُ مُقَاتِلِ قَالَ أَخْبَرَنَا عَبْدُ اللهِ قَالَ أَخْبَرَنَا يُونُسُ عَنْ الزُّهْرِيِّ أَخْبَرَنِي سَالِمُ بْنُ عَبْدِ اللهِ عَنْ الصَّلاَةِ رَفَعَ يَدَيْهِ حَتَّى يَكُونَا حَذُو مَنْكَبَيْهِ وَكَانَ يَفْعَلُ ذَلِكَ حِينَ يُكَبِّرُ لِلرُّكُوعِ وَيَفْعَلُ ذَلِكَ إِذَا رَفَعَ رَأْسَهُ مِنْ الرُّكُوعِ وَيَقُولُ يَكُونَا حَذُو مَنْكَبَيْهِ وَكَانَ يَفْعَلُ ذَلِكَ حِينَ يُكَبِّرُ لِلرُّكُوعِ وَيَفْعَلُ ذَلِكَ إِذَا رَفَعَ رَأْسَهُ مِنْ الرُّكُوعِ وَيَقُولُ سَمِعَ اللهِ لِمَنْ حَمِدَهُ وَلاَ يَفْعَلُ ذَلِكَ فِي السُّجُود.

৭৩৬. 'আবদুল্লাহ্ ইব্নু 'উমার হাত বর্ণিত। তিনি বলেন, আমি আল্লাহর রস্ল ক্রি-কে দেখেছি, তিনি যখন সলাতের জন্য দাঁড়াতেন তখন উভয় হাত কাঁধ বরাবর উঠাতেন। এবং যখন তিনি রুক্'র জন্য তাক্বীর বলতেন তখনও এ রকম করতেন। আবার যখন রুক্' হতে মাথা উঠাতেন তখনও এমন করতেন এবং مَنَ عَلَيْ لَكُ وَ مَا اللهُ الْكَ وَ مَا اللهُ الْكَ وَ مَا اللهُ الله

٧٣٧. **صرَّنَا** إِسْحَاقُ الْوَاسِطِيُّ قَالَ حَدَّثَنَا خَالِدُ بْنُ عَبْدِ اللهِ عَنْ خَالِدِ عَنْ أَبِي قِلاَبَةَ أَنَّهُ رَأَى مَالِــكَ بْنَ الْحُويَرِثِ إِذَا صَلَّى كَبَّرَ وَرَفَعَ يَدَيْهِ وَإِذَا أَرَادَ أَنْ يَرْكَعَ رَفَعَ يَدَيْهِ وَإِذَا رَّفَعَ رَأْسَهُ مِنْ الرُّكُوعِ رَفَعَ يَدَيْهِ وَحَدَّثَ أَنْ رَسُولَ الله ﷺ صَنَعَ هَكَذَا.

৭৩৭. আবৃ কিলাবাহ হতে বর্ণিত। তিনি মালিক ইব্নু হুওয়ায়রিস হর্ত-কে দেখেছেন, তিনি যখন সলাত আদায় করতেন তখন তাক্বীর বলতেন এবং তাঁর দু' হাত উঠাতেন। আর যখন রুকু' করার ইচ্ছা করতেন তখনও তাঁর উভয় হাত উঠাতেন, আবার যখন রুকু' হতে মাথা উঠাতেন তখনও তাঁর উভয় হাত উঠাতেন, আবার যখন রুকু' হতে মাথা উঠাতেন তখনও তাঁর উভয় হাত উঠাতেন এবং তিনি বর্ণনা করেন যে, আল্লাহর রস্ল হু এরূপ করেছেন। (মুসলিম ৪/৯ হাঃ ৩৯১, আহমাদ ২০৫৫৮) (আ.প্র. ৬৯৩, ই.ফা. ৭০১)

٠ ١/٥٨. بَابِ إِلَى أَيْنَ يَرْفَعُ يَدَيْهِ

১০/৮৫. অধ্যায় : উভয় হাত কতটুকু উঠাবে।

وَقَالَ أَبُو حُمَيْدِ فِي أَصْحَابِهِ رَفَعَ النَّبِيُّ ﷺ حَذُوَ مَنْكَبِيُّهِ.

আবৃ হুমাইদ (রহ.) তাঁর সাথীদের বলেছেন যে, নাবী 💨 কাঁধ বরাবর হাত উঠাতেন।

٧٣٨. صرتنا أَبُو الْيَمَانِ قَالَ أَخْبَرَنَا شُعَيْبٌ عَنْ الزُّهْرِيِّ قَالَ أَخْبَرَنَا سَالِمُ بْنُ عَبْدِ اللهِ أَنَّ عَبْدَ اللهِ بْنَ عُبْدَ اللهِ بْنَ عُمْرَ رَضِيَ اللهُ عَنْهُمَا قَالَ رَأَيْتُ النَّبِيَّ عَلَيْهُ افْتَتَحَ التَّكْبِيرَ فِي الصَّلَاةِ فَرَفَعَ يَدَيْهِ حِينَ يُكَبِّرُ حَتَّى يَحْعَلَهُمَا حَذَقَ مَثْكَبِيهِ وَإِذَا كَبَّرَ لِلرُّكُوعِ فَعَلَ مِثْلَهُ وَإِذَا قَالَ سَمِعَ الله لِمَنْ حَمِدَهُ فَعَلَ مِثْلَهُ وَقَالَ رَبَّنَا وَلَكَ الْحَمْدُ وَلاَ يَشْعُدُ وَلاَ عِينَ يَرْفَعُ رَأُسَهُ مِنْ السَّجُودِ.

৭৩৮. 'আবদুল্লাহ্ ইব্নু 'উমার ( হেতে বর্ণিত। তিনি বলেন, আমি নাবী الهجة - কে তাক্বীর দিয়ে সলাত শুরু করতে দেখেছি,তিনি যখন তাকবীর বলতেন তখন তাঁর উভয় হাত উঠাতেন এবং কাঁধ বরাবর করতেন। আর যখন مع الله المدروة عليه المدروة الم

### ٠ ٨٦/١. بَاب رَفْعِ الْيَدَيْنِ إِذَا قَامَ مِنْ الرَّكْعَتَيْنِ.

১০/৮৬. অধ্যায় : দু' রাক'আত আদায় করে দাঁড়াবার সময় দু' হাত উঠানো।

٧٣٩. **صرتنا** عَيَّاشٌ قَالَ حَدَّثَنَا عَبْدُ الْأَعْلَى قَالَ حَدَّثَنَا عُبَيْدُ اللهِ عَنْ نَافِعٍ أَنَّ ابْنَ عُمَرَ كَانَ إِذَا دَخَــلَ فِي الصَّلاَةِ كَبَّرَ وَرَفَعَ يَدَيْهِ وَإِذَا رَكَعَ رَفَعَ يَدَيْهِ وَإِذَا قَالَ سَمِعَ اللهُ لِمَنْ حَمِدَهُ رَفَعَ يَدَيْسهِ وَإِذَا قَـــامَ مِـــنْ الرَّكَعَتَيْنِ رَفَعَ يَدَيْهِ وَرَفَعَ ذَلِكَ ابْنُ عُمَرَ إِلَى نَبِيِّ اللهِ ﷺ رَوَاهُ حَمَّادُ بْنُ سَلَمَةَ عَنْ أَيُوبَ عَنْ نَافِعٍ عَنْ ابْنِ عُمَرَ عَنِ النَّبِيِّ ﷺ وَرَوَاهُ ابْنُ طَهْمَانَ عَنْ أَيُوبَ وَمُوسَى بْنِ عُقْبَةَ مُخْتَصَرًا.

৭৩৯. নাফি' (রহ.) বর্ণিত যে, ইব্নু 'উমার (अ) যখন সলাত ওক করতেন তখন তাক্বীর বলতেন এবং দু' হাত উঠাতেন আর যখন রুকু' করতেন তখনও দু' হাত উঠাতেন। অতঃপর যখন ﴿ كَمَدُ خَمَدُ বলতেন তখনও দু' হাত উঠাতেন এবং দু'রাক'আত আদায়ের পর যখন দাঁড়াতেন তখনও দু'হাত উঠাতেন। এ সমস্ত আল্লাহর রস্ল ( হতে বর্ণিত বলে ইব্নু 'উমার ( বলছেন। এ হাদীসটি হামাদ ইব্নু সালাম ইব্নু 'উমার ( সমর কাইয়ব ও মূসা ইব্নু 'উক্বাহ (রহ.) হতে এ হাদীসটি সংক্ষেপে বর্ণনা করেছেন। (আপ্র. ৬৯৫, ই.ছা. ৭০৩)

(व्याती ) प्र च के के के कि । कि विश्वास प्रायानाए ) प्र ১৯० प्र्री। विराद प्रायानाए । प्र च कि व्यास प्रायानाए । प्र च कि व्यास प्र च कि व्यास प्रायानाए । प्रायानाए व्यास विवाद प्रायानाए । प्रायानाए विवाद प्रायानाए । प्रायानाए विवाद प्रायानाए । प्रायाना । प्रायानाए । प्रायाना । प्

পুঠা। ব্যুপ্তার্থনির ৯৫,৪৩৪। বেশবিত বিধ্ব প্রাণ্ডিবলৈ বাজার ১৬০ পৃঠা। বাজার বিজ্ঞানী ১ম হাদীস নং ৬৯২, ৬৯৩, ৬৯৫। বুখারী আয়ীযুল হক ১ম খণ্ড হাদীস নং ৪৩২-৪৩৪। বুখারী ইসলামিক ফাউন্ডেশন ১ম খণ্ড হাদীস নং ৬৯৭-৭০১ অনুচ্ছেদসহ। মুসলিম ইসলামিক ফাউন্ডেশন ১ম খণ্ড হাদীস নং ৬৯৭-৭০১ অনুচ্ছেদসহ। মুসলিম ইসলামিক ফাউন্ডেশন ২য় খণ্ড হাদীস নং ৭৪৫-৭৫০। আবৃ দাউদ ইসলামিক ফাউন্ডেশন ১ম হাদীস নং ৮৪২-৮৪৪। তিরমিয়ী ইসলামিক ফাউন্ডেশন ২য় খণ্ড হাদীস নং ২৫৫। মেশকাত নূর মোহাম্মদ আয়মী ও মাদরাসা পাঠ্য ২য় খণ্ড হাদীস নং ৭৩৮-৭৩৯, ৭৪১,৭৪৫। বুলুগুল মারাম ৮১ পৃষ্ঠা। ইসলামিয়তে বি-এ. হাদীস পর্ব ১২৬-১২৯ পৃষ্ঠা

٧٣٦، ٧٣٩. عَنْ ابن عمر كَانِ رسول الله صلى الله عليه وسلم إذَا اثْتَتَحَ الصلاةَ رفع يديه وإذَا رَكَعَ وإذَا رَفَعَ رأْسَهُ مِنَ الرُّكُـــوْعِ فَكَانَ لا يفعل ذلك في السجود فمارالت تلك صلوته حتى لقي الله تعالى رواه البيهقي، هدايه مع الدراية

'আবদুক্লাহ ইবনু 'উমার 🕽 হতে বর্ণিত। রসূল 😂 যখন সলাত শুরু করতেন, যখন রুকু' করতেন এবং যখন রুকু' থেকে মাথা উঠাতেন তখন হস্তবয় উত্তোলন করতেন কিছু সাজদাহ্র মধ্যে হস্তবয় উত্তোলন করতেন না। রসূল 😂 মহান আল্লাহর সাথে সাক্ষাৎ অর্থাৎ তাঁর মৃত্যু পর্যন্ত সর্বদাই তাঁর সলাত এরূপ করতেন। (বায়হাকী, হেদায়াহ দেরায়াহ ১ম খণ্ড ১১৪ পৃষ্ঠা)

'আবদুক্লাহ ইবনু 'উমার 🚌 বলেন, রফউল ইয়াদাঈন হল সলাতের সৌন্দর্য, রুকু'তে যাবার সময় ও রুকু' হতে উঠার সময় কেউ রফ'উল ইয়াদাঈন না করলে তিনি তাকে ছোট পাথর ছুঁড়ে মারতেন। (নায়লুল আওতার ৩/১২, ফাতহুল বারী ২/২৫৭)

হাদীস জগতের শ্রেষ্ঠ ইমাম ইসমা'ঈল বুখারী জুয়উর রফ'ইল ইয়াদাইন নামক একটি স্বতন্ত্র হাদীস গ্রন্থই রচনা করেছেন। যার মধ্যে ১৯৮টি হাদীস বিদ্যমান। (ছাপা তাওহীদ পাবলিকেশন্স, ঢাকা)

যুগ শ্রেষ্ঠ মুহাদ্দিস নাসিরুদ্দীন আল-আলবানী তার সিফাতু সলাতুন্নাবী গ্রন্থে বুখারী ও মুসলিমের হাদীস "তিনি রুকু' থেকে সোজা হয়ে দাঁড়াবার সময় দু'হাত উঠাতেন" উল্লেখ করে টীকায় লিখেছেন– এ হস্ত উত্তোলন নাবী সল্লাল্লান্থ 'আলাইহি ওয়াসাল্লাম থেকে মুতাওয়াতির সূত্রে সাব্যস্ত। কিছু সংখ্যক হানাফী আলিম সহ বেশিরভাগ আলিম হাত উঠানোর পক্ষে মত পোষণ করেন।

<sup>\*</sup> আধুনিক প্রকাশনীর ৬৯৫ নং হাদীসের বিশাল এক টীকা লেখা হয়েছে বহু মারফু' হাদীসকে প্রত্যাখ্যান করে মাযহাবী রসম রেওয়াজ চালু রাখার জন্য। হানাফী মাযহাবে তাকবীরে তাহরীমাহ ছাড়া কোথাও রাফ'উল ইয়াদাঈন করা হয় না অথচ রস্লুল্লাহ আজীবন সলাতে তাকবীরে তাহরীমা ছাড়াও রাফ'উল ইয়াদাঈন বা হাত উত্তোলন করেছেন। নিমের হাদীস তার জ্বলন্ত প্রমাণ:

#### রফ'উল ইয়াদাইন ও খোলাফাইর রাশিদীন এবং আশরা মুবাশুশারীন ঃ

ইমাম যায়লা'ঈ হানাফী (রহ.), আল্লামা আব্দুল হাই লক্ষ্ণৌবী হানাফী (রহ.), আল্লামা আনোয়ার শাহ কাশ্মিরী হানাফী (রহ.) এবং হাফিয ইবনু হাজার আসকালানী (রহ.) সবাই ইমাম হাকেম (রহ.) থেকে বর্ণনা করেছেন ঃ

قال الحاكم : لا نعلم سنة اتفق على روايتها الحلفاء ثم العشرة-المبشرين بالجنة-فمن بعدهم من أكابر الصحابة علسي تفرقهم في

البلاد الشاسعة غير هذه السنة (بصب الرأية ١٨/١)، نيل الفرقردين ٢٦، وتلحيص الحبير ٨٢/١)

ইমাম হাকিম (রহঃ) বলেছেনঃ "রফয়ে য়াদাইন ব্যতীত অন্য কোন সুন্নাতের বর্ণনার ক্ষেত্রে খোলাফায়ে রাশেদীন, আশরা মোবাশ্শারা (জানাতের শুভসংবাদ প্রাপ্ত দশজন সহাবা) এবং বড় বড় সহাবীগণ (তাদের দূর দেশে ছড়িয়ে পড়ার পরেও) একত্রিত হয়েছেন বলে আমার জানা নেই। (নাসবুর রায়াহ ১/৪১৮ পৃষ্ঠা, নাইলুল ফারকাদাইন পৃষ্ঠা ২৬, তালখীছ আলহাবীর ১/৮২) শায়খ আব্দুল কাদের জীলানী ও রফ'উল ইয়াদাইন ঃ

শায়খ আব্দুল কাদির জীলানী (রহঃ) সলাতের সুন্নাতসমূহ বর্ণনা করতে গিয়ে বলেছেন ঃ

"ছলাত শুরু করার সময়, রুকু'তে যাওয়ার সময় এবং রুকু' থেকে উঠার সময় রফ'উল ইয়াদাইন করা সুন্নাত।" (গুনইয়াতুত ত্বালিবীন পৃষ্ঠা ১০)

হানাফী 'আলিমগণ ও রফ'উল ইয়াদাইন ঃ

শায়খ আবুত্দিব মাক্কী হানাফী (রহঃ) তার কৃতুল কৃলুব নামক গ্রন্থে ছলাতের সূন্নাত সমূহ বর্ণনা করতে গিয়ে বলেন ঃ

"রুকু'তে যাওয়ার সময় রফউল ইয়াদাইন করা এবং তাকবীর বলা সূন্নাত। তারপর 'সামিআল্লাহু লিমান হামিদাহ' বলে রফ'উল ইয়াদাইন করা সুন্নাত।" (কৃতুল কুলূব ৩/১৩৯)

কাষী ছানাউল্লাহ পানিপত্তি (রহঃ) বলেন ঃ

"বর্তমান সময়ে অধিকাংশ আলেমের দৃষ্টিতে রফয়ে ইয়াদাইন সুন্নাত। অধিকাংশ ফকীহ এবং মুহাদ্দিসগণ একে প্রমাণ করে থাকেন।"(মালা বুদা মিন্দু পৃষ্ঠা ৪২, ৪৪)

ইমাম আবু ইউসুফ-এর শিষ্য ইছাম ও রফ'উল ইয়াদাইন ঃ

আল্লামা 'আবদুল হাই লাখনোভী বলেনঃ "এছাম ইবনু ইউসুফ ইমাম আবু ইউসূফ (রহঃ)-এর শাগরিদ ছিলেন এবং হানাফী ছিলেন।

তিনি রুকু'তে যাওয়ার সময় এবং রুকু' থেকে উঠার সময় দু'হাত উঠাতেন।"(আল ফাওয়ায়েদুল বাহিয়্যাহ ১১৬ নূর মোহাম্মদ প্রেস) 'আবদুল্লাহ ইবনুল মোবারক, সুফ্ইয়ান ছাওরী এবং গু'বাহ বলেন : "এছাম ইবনু ইউসুফ মুহাদ্দিছ ছিলেন তাই তিনি রফউল ইয়াদাইন করতেন। (আল ফাওয়ায়েদুল বাহিয়্যাহ ১১৬ নূর মোহাম্মদ প্রেস)

আল্লামা আব্দুল হাই লক্ষ্ণৌবী (রহঃ) বলেন ঃ

"নাবী 😂 থেকে রফয়ে ইয়াদাইন এর প্রমাণ বেশী এবং অগ্রাধিকার যোগ্য।"(আত্তা'লীকুল মুমাজ্জাদ ৯১ পৃষ্ঠা) তিনি আরো বলেন :

والحق أنه لا شك في ثبوت رفع اليدين عند الركوع والرفع منه عن رسول الله صلى الله عليه وسلم وكثير مـــن أصحابه بالطريق القوبة والأخبار الصحيحة

"সত্য কথা হলো রুকু'তে যাওয়া এবং রুকু' থেকে মাথা উঠানোর সময় 'রফ'উল ইয়াদাইন' করা রস্লুল্লাহ ছাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম এবং অনেক সহাবী (রাযিঃ) থেকে শক্তিশালী সানাদ এবং ছহীহ হাদীছ দ্বারা প্রমাণিত। (আসসিয়ায়াহ ১/২১৩) রুকু'তে যাওয়া ও রুকু' হতে উঠার সময়ে রফ'উল ইয়াদাঈন করা সম্পর্কে চার থলীফাহ সহ প্রায় ২৫ জন সহাবী থেকে বর্ণিত সহীহ হাদীস বিদ্যামান। একটি হিসাব মতে রফ'উল ইয়াদাঈন-এর হাদীসের রাবী সংখ্যা আশারায়ে মুবাশুশরাহ সহ অন্যুন ৫০

#### . ১০/১٠ بَابِ وَضَعِ الْيُمْنَى عَلَى الْيُسْرَى فِي الصَّلاَةِ. ১০/৮৭. অধ্যায় : সলাতে ডান হাত বাম হাতের উপর রাখা।

٧٤٠. **طرثنا** عَبْدُ اللهِ بْنُ مَسْلَمَةً عَنْ مَالِك عَنْ أَبِي حَازِمٍ عَنْ سَهْلِ بْنِ سَعْدَ قَالَ كَانَ النَّاسُ يُؤْمَرُونَ أَنْ يَضَعَ الرَّجُلُ الْيَدَ الْيُمْنَى عَلَى ذِرَاعِهِ الْيُسْرَى فِي الصَّلَاةِ قَالَ أَبُو حَازِمٍ لاَ أَعْلَمُهُ إِلاَّ يَنْمِي ذَلِكَ إِلَى النَّبِيِّ أَنْ يَضَعَ الرَّجُلُ الْيَدَ الْيُمْنَى ذَلِكَ وَلَمْ يَقُلُ يَنْمى.

৭৪০. সাহল ইব্নু সা'দ ( হতে বর্ণিত। তিনি বলেন, লোকদের নির্দেশ দেয়া হত যে, সলাতে প্রত্যেক ডান হাত বাম হাতের উপর রাখবে। আবৃ হাযিম (রহ.) বলেন, সাহল (রহ.) এ হাদীসটি নাবী

জন সহাবী— (ফিক্ছ্স সুন্নাহ ১/১০৭, ফাত্ছল বারী ২/২৫৮) এবং সর্বমোট সহীহ হাদীস ও আসারের সংখ্যা অন্যুন ৪০০ শত।
ইমাম সুযুতী রফ'উল ইয়াদাঈন এর হাদীসকে মুতাওয়াতির পর্যায়ের বলে মন্তব্য করেছেন।
কতিপয় নির্বোধ লোকের কথা আছে যে, রসূলুল্লাহ সল্লালাই আলাইহি ওয়াসাল্লাম-এর সময় যারা নতুন ঈমান এনেছিলেন তারা
নাকি তাদের পুরাতন আচরণের বশবতী হয়ে বগলে পুতুল রাখতেন এবং এটা রসূলুল্লাহ সল্লালাই ওয়াসাল্লাম জানতে
পারলে তিনি রফ'উল ইয়াদাঈনের নির্দেশ দেন। পরে তাদের ঈমান মজবুত হয়ে গেলে রফ'উল ইয়াদাঈন করার নির্দেশ মানসৃখ
হয়ে যায়। এ কথাটি নিতান্তই আল্লাহর রসূলের সহাবীদের ঈমানের ব্যাপারে সন্দেহ পোষণ। কারণ তাদের ঈমান আমাদের
ঈমান অপেক্ষা অনেক দৃঢ় ও মজবুত ছিল। তাছাড়া এ কথাটি সহাবীদের উপর মিখ্যা অপবাদেরই নামান্তর।
রফ'উল ইয়াদাঈন সম্পর্কে সহাবী 'আবদুল্লাহ ইবনু মাস'উদের হাদীসের উদ্ধৃতি দিয়ে বলা হয় রফ'উল করা যাবে না। কিন্তু
মুহাদ্দিসীনে কিরামের নিকট এ কথাটি প্রসিদ্ধ যে, তাঁর শেষ বয়সে বার্ধক্যজনিত কারণে স্কৃতি শ্রম ঘটে, ফলে হতে পারে এ
হাদীসটিও সে সবের অন্তর্ভুক্ত। কারণ তিনি কয়েকটি বিষয়ে সকল সহাবীগণের বিপরীতে কথা বলেছেন। যেমন : (১)
মুয়াবিবাতাইন- সুরাহ্ নাস ও ফালাক স্রাহ্বয় কুরআনের অংশ নয় মনে করতেন। (২) তাত্বীক- রুকু'তে তাত্বীক বা
দু'হাতকে জ্বোড় করে হাঁটু দ্বারা চেপে রাখতে বলতেন। (৩) দু'জন সলাতে দাঁড়ালে কীভাবে দাঁড়াবে। (৪) আরাফাহর ময়দানে

\* আধুনিক প্রকাশনীর ৬৯৬ নম্বরে অত্র হাদীসের অনুবাদে একটি বিরাট জালিয়াতি ও ধোঁকাবাজি করা হয়েছে। পাঠকগণের সুবিধার্থে মূল হাদীসের ইবারত সহ সংক্ষিপ্ত আলোচনা তুলে ধরা হলো ঃ সলাতে নাডির নীচে হাত বাঁধার কথা সহীহ হাদীসে নাই। নাডির নীচে হাত বাঁধার কথা প্রমাণহীন। বরং হাত বুকের উপর বাঁধার

কীভাবে তিনি (সঃ) দু'ওয়াক্ত একসঙ্গে আদায় করেছেন। (৫) হাত বিছিয়ে সাজদাহ করা। (৬) وما خلق الذكر والأنثى (৬) কীভাবে পড়েছেন। (৭) রফউল ইয়াদাইন একবার করেছেন। নািসবুর রাইয়াহ (ইমাম যাইলায়ী) ৩৯৭-৪০১ পৃষ্ঠা, ফিক্ছস সুন্নাহ ১/১৩৪]

কথা সহীহ হাদীস দ্বারা প্রমাণিত।

عن وائل بن حجر رضي الله عنه قال صليت مع النبي صلى الله عليه وسلم فوضع يده اليمني على يده اليسرى على يده اليسرى على صدره رواه ابن خزيمة في صحيحة

ওয়ায়িল বিন ছজর ( ) হতে বর্ণিত, তিনি বলেন, আমি রস্লুক্সাহ সক্লাক্সান্থ 'আলাইহি ওয়াসাল্লাম-এর সঙ্গে সলাত আদায় করেছি। তিনি তার বুকে ডান হাত বাম হাতের উপর রাথতেন।

বুখারীর হাদীসের আরবী ইবারতে خراعه শব্দের অর্থ করেছেন হাতের কব্ধি। কিন্তু এমন কোন অভিধান নেই যেখানে کراعه কব্ধি করা হয়েছে। আরবী অভিধানগুলোতে نراع শব্দের অর্থ পূর্ণ একগজ বিশিষ্ট হাত। অনুবাদক শুধুমাত্র সহীহ হাদীসকে ধামাচাপা দিয়ে মাযহাবী মতকে অগ্রাধিকার দেয়ার উদ্দেশে ইচ্ছাকৃতভাবে অনুবাদে পূর্ণ হাতের পরিবর্তে কব্ধি উল্লেখ করেছেন। তথাপিও সংশয় নিরসনের লক্ষে এ সম্পর্কে খানিকটা বিশদ আলোচনা উদ্ধৃত করা হলো ঃ

ওয়াইল বিন হুজ্ব (===) হতে বর্ণিত। তিনি বলেন যে, আমি নাবী সন্মাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাথে সলাত আদায় করেছি। (আমি দেখেছি) নাবী সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম স্বীয় ডান হাত বাম হাতের উপর রেখে বুকের উপর রাখলেন।

(বুখারী ১০২ পৃষ্ঠ। সহীহ ইবনু খুযায়মাহ ২০ পৃষ্ঠা। মুসলিম ১৭৩ পৃষ্ঠা। আবৃ দাউদ ১ম খণ্ড ১১০, ১২১, ১২৮ পৃষ্ঠা। তিরমিযী ৫৯ পৃষ্ঠা। নাসাঈ ১৪১ পৃষ্ঠা। ইবনু মাজাহ ৫৮, ৫৯ পৃষ্ঠা, মেশকাত ৭৫ পৃষ্ঠা। মুয়াভা মালিক ১৭৪ পৃষ্ঠা। মুয়াভা মুহাম্মাদ ১৬০ পৃষ্ঠা। যাদুল মায়াদ ১২৯ পৃষ্ঠা। হিদায়া দিরায়াহ ১০১ পৃষ্ঠা। কিমিয়ায়ে সাআদাত ১ম খণ্ড ১৮৯ পৃষ্ঠা। বুধারী আযীযুল হক ১ম খণ্ড হাদীস নং ৪৩৫। বুধারী আধুনিক প্রকাশনী ১ম খণ্ড হাদীস নং ৬৯৬। বুধারী ইসলামিক ফাউণ্ডেশন ২য় খণ্ড হাদীস নং ৭০২; মুসলিম ইসলামিক ফাউণ্ডেশন ২য় খণ্ড হাদীস নং ৮৫১। আবৃদাউদ ইসলামিক ফাউণ্ডেশন ১ম খণ্ড হাদীস নং ৭৫৯, তিরমিয়ী ইসলামিক ফাউন্ডেশন ১ম খণ্ড হাদীস নং ২৫২, মেশকাত নূর মোহাম্মদ আয়মী ২য় খণ্ড ও মাদ্রাসা পাঠ্য ২য় খণ্ড হাদীস নং ৭৪১, ৭৪২। বুলুগুল মারাম বাংলা ৮২ পৃষ্ঠা)

বুকের উপর হাত বাঁধা সম্বন্ধে একটি হাদীস বর্ণিত হল : সীনা বা বুকের উপর এন্ধপভাবে হাত বাঁধতে হবে যেন ডান হাত উপরে এবং বাম হাত নীচে থাকে। (মুসলিম, আহমাদ ও ইবনু ধুয়াইমাহ)

#### হাত বাঁধার দু'টি নিয়ম:

প্রথম নিয়ম: ডান হাতের কন্ধি বাম হাতের কন্ধির জোড়ের উপর থাকবে। (ইবনু খুযাইমাহ)

দ্বিতীয় নিয়ম : ডান হাতের আঙ্গুলগুলি বাম হাতের কনুই-এর উপর থাকবে, অর্থাৎ সমস্ত ডান হাত বাম হাতের উপর থাকবে। (বুখারী)

এটাই যিরা'আহর উপর যিরা'আহ রাখার পদ্ধতি।

#### বুকে হাত বাঁধা সম্পর্কে আলোচনা ঃ

বুকে হাত বাঁধা সম্বন্ধে আল্লামা হায়াত সিন্ধী একখানা আরবী রিসালা লিখে তাতে তিনি প্রমাণিত করেছেন যে, সলাতে সীনার উপর হাত বাঁধতে হবে। তাঁর পুস্তিকার নাম "ফতহুল গফূর ফী তাহকীকে ওয়য়িল ইয়াদায়নে আলাস সদূর"। পুস্তিকা খানা ৮ পৃষ্ঠায় সমাপ্ত। তা হতে কয়েকটি দলীল উদ্ধৃত করছি।

- ১। ইমাম আহমাদ স্বীয় মসনদে কবীসহা বিন হোল্ব তিনি স্বীয় পিতা (হোলব) হতে রিওয়ায়াত করেছেন যে, তিনি (হোলব) বলেন যে, আমি রস্লুল্লাহ সল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম-কে (সলাত হতে ফারেগ হতে মুসল্লীদের দিকে) ডান ও বাম দিকে ফিরতে দেখেছি, আর দেখেছি তাঁকে স্বীয় সীনার উপর হাত বাঁধতে। উক্ত হাদীসে 'ইয়াহইয়া' নামক রাবী স্বীয় দক্ষিণ হস্ত বাম হস্তের কন্ধির উপর রেখে দেখালেন। আল্লামা হায়াত সিন্ধী বলেন যে, আমি 'তাহকীক' কিতাবে پضو باه الله তিনি স্বীয় সীনার উপর হাত রাখলেন, এ কথা দেখেছি। আর আমরা বলছি যে, হাফিয় আবৃ উমর ইবনু আবদুল বর স্বীয় "আল ইসতিআব ফী মাআরিফাতিল আসহাব" কিতাবে উক্ত হাদীস 'হোলব' সহাবী হতে তাঁর পুত্র কবীসা রিওয়ায়াত করেছেন এ কথা উল্লেখ করে উক্ত হাদীস সহীহ বলেছেন। (২য় খণ্ড, ৬০০ পঃ)
- ২। ইমাম আবৃ দাউদ তাউস (তাবিঈ) হতে সীনার উপর হাত বাধার হাদীস রিওয়ায়াত করেছেন।
- ৩। ইমাম ইবনু 'আবদুল বর "আত্ তামহীদ লিমা ফীল মুয়ান্তা মিনাল মাআনী ওয়াল আসানীদ" কিতাবে উক্ত 'তাউস' তাবি'ঈর হাদীস উল্লেখ করে সীনার উপর হাত বাঁধার কথা বলেছেন। এতদ্বাতীত ওয়ায়েল বিন হুজর হতেও সীনার উপর হাত বাঁধার হাদীস উল্লেখ করেছেন।
- ৪। ইমাম বাইহাকী 'আলী "ফাসল্লি লি রব্বিকা ওয়ান্হার", এর অর্থ এরূপ বর্ণনা করেছেন: তুমি নামায পড়ার সময় ডান হাত বাম হাতের উপর রাখ। (জ্ঞওহারুন্ নকীসহ সুনানে কুবরা ২৪-৩২ গৃঃ)
- ৫। ইমাম বুখারী স্বীয় 'তারীখে' 'উকবাহ বিন সহবান, তিনি ('উকবাহ) 'আলী ( হেত রিওয়ায়াত করেছেন যে, 'আলী ( কাম হাতের উপর ডান হাত রেখে (হস্তদ্বয়) সীনার উপর বেঁধে "ফাসল্লি লি রব্বিকা ওয়ান্হার" (আয়াতের) অর্থ বুঝালেন। অর্থাৎ উক্ত আয়াতের অর্থ 'তুমি সীনার উপর হাত বেঁধে সলাতে যাও'। এর বাস্তব স্ত্রপ তিনি ['আলী ( ক্রা) সীনার উপর হাত বেঁধে দেখালেন। উক্ত আয়াতের অর্থ 'আবদুল্লাহ বিন 'আব্বাস ( ক্রা) হতেও অনুরূপ বর্ণিত হয়েছে। এখন নাডির নীচে হাত বাঁধার কোন হাদীস আছে কিনা তা-ই দেখা যাক।

#### নাভির নীচে হাত বাঁধা ঃ

ইমাম বাইহাকী 'আলী হতে নাডির নীচে হাত বাঁধার একটি হাদীস উল্লেখ করে তাকে যঈফ বলেছেন।

#### নাভির নীচে হাত বাঁধার কোন সহীহ হাদীস নাই ঃ

আল্লামা সিন্ধী হানাফী বিঘানগণের কথা উল্লেখ করে লিখেছেন, যদি তুমি বল যে, ইবনু আবী শায়বার 'মুসান্লাফ' (হাদীসের কিতাবের নাম) হতে শায়খ কাসিম বিন কাতপুবাগা 'তাখরীজু আহাদিসিল এখতিয়ার' কিতাবে 'ওকী' মুসা বিন ওমায়রাহ হতে, মূসা আলকামা বিন ওয়ায়িল বিন হজর হতে যে রিওয়ায়াত করেছেন তাতে 'নাভির নীচে' হাত বাঁধার কথা উল্লেখ আছে। তবে আমি (আল্লামা সিন্ধী) বলি যে, 'নাভির নীচে' হাত বাঁধার হাদীস ভুল। 'মুসান্লাফ' এর সহীহ গ্রন্থে উক্ত সনদের উল্লেখ আছে।

কিন্তু 'নাডির নীচে' এই শব্দের উল্লেখ নাই। উক্ত হাদীসের পরে (ইবরাহীম) 'নখয়ী' এর আসার (সহাবা ও তাবিঈদের উক্তি ও আচরণকে 'আসার' বলে) উল্লেখ আছে। উক্ত 'আসার' ও হাদীসের শব্দ প্রায় নিকটবর্তী। উক্ত 'আসার'-এর শেষ ভাগে 'ফিস্সলাতে তাহতাস সুররাহ' অর্থাৎ নামায়ের মধ্যে নাভির নীচে (হাত বাঁধার উল্লেখ আছে)। মনে হয় লেখকের লক্ষ্য এক লাইন হতে অন্য লাইনে চলে যাওয়ায় 'মওকুফ' (হাদীসকে) 'মরফু' লিখে দিয়েছেন। (যে হাদীসের সমন্ধ-সহাবার সাথে হয় তাকে 'মওকুফ' আর যার সমন্ধ রসূলুল্লাহ 😂 এর সঙ্গে হয় তাকে 'মরফু' হাদীস বলে)। আর আমি যা কিছু বললাম আমার কথা হতে এটাই প্রকাশ পায় যে, 'মুসানাফ' এর সব খণ্ড মিলিতভাবে নাভির নীচে হাত বাঁধা বিষয়ে এক নয় অর্থাৎ সবগুলোতে নাভির নীচে হাত বাঁধার কথাটি উল্লেখ নাই। তাছাড়া বহু আহলে হাদীস (মূহাদিস) উক্ত হাদীস রিওয়ায়াত করেছেন। অথচ 'নাডির নীচে' এর কথা কেউই উল্লেখ করেননি। আর আমি তাঁদের মধ্যেকার কোন ব্যক্তি হতে শুনিওনি। কেবল 'কাসেম বিন কাতপুবাগা ঐ কথার (নাভির নীচে) উল্লেখ করেছেন। তিনি 'তাম্হীদ' কিতাবের কথা উল্লেখ করে লিখেছেন যে. (আহলে হাদীসদের মধ্যে প্রথম) ইবনু আব্দিল বর উক্ত কিতাবে বলেছেন যে, সওরী ও আবু হানীফা নাভির নীচের কথা বলেন। আর সেটা 'আলী ও ইব্রাহীম নখঈ হতে বর্ণিত হয়ে থাকে বটে, কিন্তু ঐ দু'জন ('আলী ও নখঈ) হতে সঠিকভাবে প্রমাণিত হয়নি। যদি সেটা হাদীস হতো তাহলে ইবনু 'আবদুল বর 'মুসান্লাফ' হতে ওটা অবশ্য উল্লেখ করতেন। কেননা হাত বাঁধা সম্বন্ধে ইবনু আবী শায়বা হতে তিনি বহু রিওয়ায়াত এনেছেন। ২য় ইবনু হজর আসকালানী, (আহলে হাদীস) ৩য় মুজুদুদুদীন ফিরোজাবাদী, (আহলে হাদীস) ৪র্থ আল্লামা সৈয়তী, (আহলে হাদীস) ৫ম আল্লামা যয়লয়ী, (মুহাককিক) ৬ষ্ঠ আল্লামা আয়নী (আহলে তাহকীক) ও ৭ম ইবনু আমীরিল হাজ্জ (আহলে হাদীস) প্রভৃতির উল্লেখ করে তিনি লিখেছেন যে, যদি "নাভির নীচে"-এর কথা থাকত তাহলে সকলেই তা উল্লেখ করতেন। কেননা তাঁদের সকলের কিতাব ইবনু আবী শায়বার বর্ণিত হাদীস দারা পূর্ণ। তিনি এ সম্পর্কিত হাদীসম্বয়ের আলোচনা করে বুকে হাত বাধাকে ওয়াজিব বলেছেন।

সিন্ধী সাহেব উপসংহারে লিখেছেন "জেনে রাখ যে, 'নাভির নীচে'-এ কথা প্রমাণের দিক দিয়ে না 'কত্য়ী' (অকাট্য), না 'যন্নী' (বলিষ্ঠ ধারণামূলক)। বরং প্রমাণের দিক দিয়ে 'মওহুম' (কল্পনা প্রসৃত) আর যা মওহুম তদ্ধারা শরীয়তের হুকুম প্রমাণিত হয় না।..... কাজেই শুধু শুধু কল্পনা করে রসূলুল্লাহ সল্লাল্লাছ আলাইহি গুয়াসাল্লাম-এর দিকে কোন বস্তুর সম্বন্ধ করা জায়েয় নয়। অর্থাৎ শুধু কল্পনার উপর নির্ভর করে নাভির নীচে হাত রাখার নিয়মকে রস্লুল্লাহ সল্লাল্লাছ আলাইহি গুয়াসাল্লাম-এর সঙ্গে সম্পর্কিত করা জায়েয় নয়। যখন উপরিউক্ত আলোচনা হতে স্পষ্টভাবে প্রকাশ হয়ে গেল যে, নামায়ের মধ্যে সীনার উপর হাত বাঁধা নয় যে, গুটা হতে মুখ ফিরিয়ে নেন। আর ঐ বস্তু হতে কিরূপ মুখ ফিরিয়ে নেয়া সম্ভব যা রস্লুল্লাহ সল্লাল্লাছ আলাইহি গুয়াসাল্লাম হতে প্রমাণিত হয়েছে। কেননা রস্ল সল্লাল্লাছ আলাইহি গুয়াসাল্লাম বলেছেন যে, আমি যা এনেছি (অর্থাৎ আলাহর ব্যবস্থা), যতক্ষণ পর্যন্ত কোমাদের মধ্যে কেউ তার প্রবৃত্তিকে তার অনুগামী না করবে ততক্ষণ পর্যন্ত ঈমানদার হতে পারবে না। অতএব, প্রত্যেক মুসলমান (স্ত্রী-পুরুষের) উচিত তার উপর আমল করা, আর কখনো কখনো এই দু'আ করা—

প্রভু হে, যে বিষয়ে মতভেদ করা হয়েছে তাতে আমাদেরকে সত্য পথের সন্ধান দাও। কেননা তুমিই তো যাকে ইচ্ছা 'সিরাতে মুস্তাকীমের' পথ দেখিয়ে থাক"। (উক্ত কিতাব ২-৮ পৃঃ ও ইবকারুল মিনান ৯৭-১১৫ পৃঃ)

আল্লামা নাসিরুদ্দীন আলবানী তাঁর সিফাত গ্রন্থে হাত বাঁধা সম্পর্কে লিখতে গিয়ে শিরোনাম এসেছেন : وضعهما على الصدر বুকের উপর দু' হাত রাখা। অতঃপর তিনি হাদীস উল্লেখ করে নিচে টীকা লিখেছেন। যা বন্ধনীর মধ্যে দেখানো হলো।

"নাবী ছাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম বাম হাতের পিঠ, কজি ও বাহুর উপর ডান হাত রাখতেন।" [(আবৃ দাউদ, নাসাঈ, ১/৪/২ ছহীহ সনদে, আর ইবনু হিব্বানও ছহীহ আখ্যা দিয়েছেন। ৪৮৫]

"এ বিষয়ে সীয় ছাহাবাগণকেও আদেশ প্রদান করেছেন।"(মালিক, বুখারী ও আবৃ আওয়ানাহ)

তিনি কখনো ডান হাত দ্বারা বাম হাত আঁকড়ে ধরতেন।" (নাসাঈ, দারাকুত্নী, ছহীহ সনদ সহকারে। এ হাদীছ প্রমাণ করছে যে, হাত বাঁধা সুন্নাত। আর প্রথম হাদীছ প্রমাণ করছে যে, হাত রাখা সুন্নাত। অতএব উডয়টাই সুন্নাত। কিন্তু হাত বাঁধা ও হাত রাখার মধ্যে সমন্বয় বিধান করতে গিয়ে পরবর্তী হানাফী 'আলিমগণ যে পদ্ধতি পছন্দ করেছেন তা হচ্ছে বিদআত; যার রূপ তারা এডাবে উল্লেখ করেছেন যে, ডান হাতকে বাম হাতের উপর কনিষ্ঠ ও বৃদ্ধাঙ্গুলি দ্বারা আঁকড়ে ধরবে এবং অপর তিন অঙ্গুলি বিছিয়ে রাখবে (ইবনু আবিদীন কর্তৃক দুররে মুখতারের টীকা (১/৪৫৪)। অতএব হে পাঠক! পরবর্তীদের (মনগড়া) এ কথা যেন আপনাকে ধোঁকায় না ফেলে।

"তিনি হস্তদমকে বুকের উপর রাখতেন।" [আবু দাউদ, ইবনু খুযাইমাহ স্বীয় ছহীহ গ্রন্থে (১/৫৪/২) আহমাদ, আবুশ্ শাইখ স্বীয় "তারীখু আছবাহান" গ্রন্থে (পৃষ্ঠা ১২৫) ইমাম তিরমিয়ীর একটি সানাদকে হাসান বলেছেন। গভীরভাবে চিন্তা করলে এর বক্তব্য মুওয়াত্বা ইমাম মালিক এবং বুখারীতে পাওয়া যাবে। আশবানী বলেন, এ হাদীছের বিভিন্ন বর্ণনাসূত্র নিয়ে আমি أحكسام الحنسائر কিতাবের (১১৮) পৃষ্ঠায় বিস্তারিত আলোচনা করেছি।

হতে বর্ণনা করতেন বলেই জানি। ইসমাঈল (রহ.) বলেন, এ হাদীসটি নাবী হৈছে হতেই বর্ণনা করা হতো। তবে তিনি এমন বলেননি যে, সাহল (রহ.) নাবী হৈছে হতে বর্ণনা করতেন। (আ.প্র. ৬৯৬, ই.ফা. ৭০৪)

#### . ۱ه. بَاب الْخُشُوعِ في الصَّلاَةِ. ১٨/١٠ بَاب الْخُشُوعِ في الصَّلاَةِ. ১০/৮৮. অধ্যায় : স্পাতে খুশু (বিনয়, নম্ৰতা, একাগ্ৰতা, নিষ্ঠা ও তন্ময়তা)।

٧٤١. صَرَمُنَا إِسْمَاعِيلُ قَالَ حَدَّنَنِي مَالِكُ عَنْ أَبِي الزِّنَادِ عَنِ الْأَعْرَجِ عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ رَسُولَ اللهِ ﷺ قَالَ هَلْ تَرَوْنَ قِبْلَتِي هَا هُنَا وَاللهِ مَا يَخْفَى عَلَيَّ رُكُوعُكُمْ وَلاَ خُشُوعُكُمْ وَإِنِّي لأَرَاكُمْ وَرَاءَ ظَهْرِي.

৭৪১. আবৃ হুরাইরাহ্ ক্রাইরাহ্ হতে বর্ণিত যে, আল্লাহর রস্ল ক্রাইর বলেছেন : তোমরা কি মনে কর যে, আমার কিব্লা শুধুমাত্র এদিকে? আল্লাহ্র শপথ, তোমাদের রুকৃ' তোমাদের খুণ্ড' কোন কিছুই আমার নিকট গোপন থাকে না। আর নিঃসন্দেহে আমি তোমাদের দেখি আমার পিছন দিক হতেও। (৪১৮) (আ.গ্র. ৬৯৭, ই.ফা. ৭০৫)

٧٤٢. صرتنا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ قَالَ حَدَّنَنَا غُنْدَرٌ قَالَ حَدَّثَنَا شُعْبَةُ قَالَ سَمِعْتُ قَتَادَةَ عَنْ أَنسِ بْنِ مَالِكَ عَنِ النَّبِيِّ عَلَىٰ قَالَ أَقِيمُوا الرُّكُوعَ وَالسُّجُودَ فَوَاللهِ إِنِّي لَأَرَاكُمْ مِنْ بَعْدِي وَرُبَّمَا قَالَ مِنْ بَعْـدِ ظَهـرِي إِذَاً رَكَعْتُمْ وَسَجَدْتُمْ.

৭৪২. আনাস ইব্নু মালিক ( হতে বর্ণিত। নাবী হতে বলেছেন: তোমরা রুক্' ও সাজদাহ্ওলো যথাযথভাবে আদায় করবে। আল্লাহ্র শপথ! আমি আমার পিছনে হতে বা রাবী বলেন, আমার পিঠের পিছনে হতে তোমাদের দেখতে পাই, যখন তোমরা রুক্' ও সাজদাহ্ কর। (৪১৯; মুসলিম ৪/২৪, হাঃ ৪২৫) (আ.গ্র. ৬৯৮, ই.ফা. ৭০৬)

## . ٨٩/١٠. بَابِ مَا يَقُولُ بَعْدَ التَّكْبِيرِ.

১০/৮৯. অধ্যায় : তাকবীরে তাহরীমার পরে কী পড়বে।

٧٤٣. صَرَمُنَا حَفُصُ بْنُ عُمَرَ قَالَ حَدَّثَنَا شُعْبَةُ عَنْ قَتَادَةَ عَنْ أَنَسِ بْنِ مَالِكِ أَنَّ النَّبِيَّ ﷺ وَأَبَا بَكَـــرٍ وَعُمَرَ رَضِيَ اللهُ عَنْهُمَا كَانُوا يَفْتَتِحُونَ الصَّلاَةَ بِـــ (الْحَمْدُ لِلْهِ رَبِّ الْعَالَمِينَ).

জ্ঞাতব্য : বুকের উপর হাত রাখাটাই ছহীহ হাদীছ দারা সাব্যস্ত। এছাড়া অন্য কোপাও রাখার হাদীছ হয় দুর্বল আর না হয় ডিত্তিহীন। এই সুন্নাতের উপর ইমাম ইসহাক বিন রাহডিয়া 'আমাল করেছেন। মারওয়ায়ী السائل গ্রছে ২২২ পৃষ্ঠাতে বলেন, ইসহাক আমাদেরকে নিয়ে বিত্রের ছলাত পড়তেন এবং তিনি কুন্তে হাত উঠাতেন আর কুকু'র পূর্বে কুন্ত পড়তেন। তিনি বক্ষদেশের উপরে বা নীতে হাত রাখতেন। কায়ী 'ইয়ায়ও الإعلام কিতাবের ১৫ পৃষ্ঠায় (রিরাত্ম তৃতীয় সংস্করণ) এ المسلاة ছলাতের মুস্তাহাব কাজ বর্ণনার ক্ষেত্রে অনুরূপ কথা বলেছেন, ডান হাতকে বাম হাতের পৃষ্ঠের উপর বুকে রাখা। 'আবদুল্লাহ ইবনু আহমাদের বক্তব্যও এর কাছাকাছি, তিনি তার المسائل এর ৬২ পৃষ্ঠায় বলেন: আমার পিতাকে দেখেছি যখন তিনি ছলাত পড়তেন তখন তার এক হাতকে অপর হাতের উপর নাভির উপরস্থলে রাখতেন দেখুন المنظر (৫৫৩)। (দেখুন নাসিরন্দীন আল-আলবানী কৃত সিফাত্ম সল্লাভুন্নাবী সল্লাল্লাহ্ 'আলাইহি ওয়াসাল্লাম)

98৩. আনাস ( হতে বর্ণিত যে, নাবী کی اللّٰے رَبِّ وَ طَعْدَ وَاللّٰهِ رَبِّ اللّٰهِ وَبِ اللّٰهِ وَبِ اللّٰهِ وَبِ اللّٰهِ وَبِي اللّٰهِ وَبِ اللّٰهِ وَبِ اللّٰهِ وَبِ اللّٰهِ وَبِ اللّٰهِ وَاللّٰهِ اللّٰهِ اللّٰهِ وَاللّٰهِ اللّٰهِ وَاللّٰهِ اللّٰهِ وَاللّٰهِ اللّٰهِ وَاللّٰهِ اللّٰهِ وَاللّٰهِ اللّٰهِ وَاللّٰهِ وَاللّٰهِ اللّٰهِ وَاللّٰهِ اللّٰهِ وَاللّٰهِ وَاللّٰمِ وَاللّٰهِ وَاللّٰهُ وَاللّٰهِ وَاللّٰ اللّٰهِ وَاللّٰهِ وَاللَّهُ وَاللّٰهِ وَاللّٰهِ وَاللّٰهِ وَاللّٰهِ وَاللّٰهِ وَاللّٰهِ وَاللّٰهِ وَاللّٰهِ وَاللّٰهُ

٧٤٤. صر ثنا مُوسَى بْنُ إِسْمَاعِيلَ قَالَ حَدَّنَنَا عَبْدُ الْوَاحِدِ بْنُ زِيَادِ قَالَ حَدَّنَنَا عُمَارَةُ بْنُ الْقَعْقَاعِ قَالَ حَدَّنَنَا أَبُو هُرَيْرَةَ قَالَ كَانَ رَسُولُ اللهِ عَلَى يَسْكُتُ بَيْنَ التَّكْبِيرِ وَبَيْنَ الْقِرَاءَةِ إِسْكَاتَةً قَالَ هُنَيَّةً فَقُلْتُ بِأَبِي وَأُمِّي يَا رَسُولَ اللهِ إِسْكَاتُكَ بَيْنَ التَّكْبِيرِ وَالْقِرَاءَةِ مَا تَقُولُ قَالَ أَقُولُ اللهِ عَلَى اللهُمَّ بَاعِد بَيْنِي وَبَيْنَ خَطَايَايَ كَمَا بَاعَدْتَ بَيْنَ النَّكْبِيرِ وَالْقِرَاءَةِ مَا تَقُولُ قَالَ أَقُولُ اللهُ عَلَى اللهُمَّ بَاعِد بَيْنِي وَبَيْنَ خَطَايَايَ كَمَا بَاعَدْتَ بَيْنَ النَّكِبِيرِ وَالْمَعْ رِبِ اللَّهُمَّ مَقَالِي عِنْ اللهُمَّ بَاعِد بَيْنِي وَبَيْنَ خَطَايَايَ كَمَا بَاعَدْتَ بَيْنَ اللَّهُمَّ اغْسِلْ خَطَايَايَ بِالْمَاءِ وَالثَّلْجِ وَالْبَرَدِ. اللَّهُمَّ الْخَسِلُ خَطَايَايَ بِالْمَاءِ وَالثَّلْجِ وَالْبَرَدِ.

988. আবৃ হুরাইরাহ্ ( হতে বর্ণিত। তিনি বলেন, আল্লাহর রসূল তাক্বীরে তাহ্রীমা ও কিরাআতের মধ্যে কিছুক্ষণ চুপ করে থাকতেন। আমি বললাম, হে আল্লাহ্র রস্ল! আমার মাতাপিতা আপনার উপর কুরবান হোক, তাক্বীর ও কিরাআত এর মধ্যে চুপ থাকার সময় আপনি কী পাঠ করে থাকেন? তিনি বললেন: এ সময় আমি বলি–

"হে আল্লাহ! আমার এবং আমার গুনাহের মধ্যে এমন ব্যবধান করে দাও যেমন ব্যবধান করেছ পূর্ব এবং পশ্চিমের মধ্যে। হে আল্লাহ আমাকে আমার গুনাহ হতে এমনভাবে পবিত্র কর যেমন সাদা কাপড় ময়লা থেকে পরিষ্কার হয়। হে আল্লাহ আমার গোনাহকে বরফ, পানি ও শিশির দ্বারা ধৌত করে দাও।" (মুসলিম ৫/২৭, হাঃ ৫৯৮, আহমাদ ৭১৬৭) (আ.প্র. ৭০০, ই.ফা. ৭০৮)

#### ٩٠/١٠. بَاب

#### ১০/৯০. অধ্যায় ঃ

٧٤٥. بَابِ حَدَّنَنَا ابْنُ أَبِي مَرْيَمَ قَالَ أَخْبَرَنَا نَافِعُ بْنُ عُمَرَ قَالَ حَدَّنِي ابْنُ أَبِي مُلَيْكَةَ عَنْ أَسْمَاءً بِنْتَ أَبِي بَكْرِ الصَّدِيقِ رَضِيَ اللهُ عَنْهُمَا أَنَّ النَّبِي عَلَيْ صَلَاةَ الْكُسُوفِ فَقَامَ فَأَطَالَ الْقَيَامَ ثُمَّ رَكَعَ فَأَطَالَ الرُّكُوعَ ثُمَّ مَخَدَ فَأَطَالَ السُّجُودَ ثُمَّ رَفَعَ ثُمَّ سَجَدَ فَأَطَالَ السُّجُودَ ثُمَّ رَفَعَ فَأَطَالَ الرُّكُوعَ ثُمَّ مَوَعَ فَأَطَالَ السُّجُودَ ثُمَّ رَكَعَ فَأَطَالَ الرُّكُوعَ ثُمَّ رَفَعَ فَأَطَالَ السُّجُودَ ثُمَّ رَكَعَ فَأَطَالَ الرُّكُوعَ ثُمَّ رَفَعَ فَأَطَالَ السُّجُودَ ثُمَّ الْصَرَفَ فَقَالَ قَدْ دَنَتَ مِنِي الْجَنَّةُ حَتَّى فَأَطَالَ السُّجُودَ ثُمَّ الْصَرَفَ فَقَالَ قَدْ دَنَتَ مِنِي الْجَنَّةُ حَتَّى لَكُوعَ لَمُ اللَّهُ وَلَا السُّجُودَ ثُمَّ الْعَلَامُ الرَّكُوعَ اللَّهُ وَلَا السَّجُودَ ثُمَّ الْصَرَفَ فَقَالَ قَدْ دَنَتُ مِنِي الْجَنَّةُ حَتَّى لَكُ السَّجُودَ ثُمَّ الْعَلَامَ اللَّهُ وَلَا الْمَسْتُودَ لَمْ الْمَالَ السُّجُودَ ثُمَّ الْعَلَامُ الرَّكُوعَ اللَّهُ وَاللَا السَّجُودَ ثُمَّ الْمَالَ السُّجُودَ ثُمَّ الْصَرَفَ فَقَالَ قَدْ دَنَتُ مِنِي الْجَنَّةُ حَتَّى لَكُ الْمَالَةُ الْمَالَةُ الْمَالِ السَّجُودَ أَنْ مَا اللَّهُ عَلَى اللَّهُ وَاللَّ السَّعُودَ أَنَّ اللَّهُ فَالَ تَخَدَشُهُما هُوا لَا مَنْ خَشَيْسُ أَوْ خَشَاشُ الْأَرْضَ.

৭৪৫. আসমা বিন্ত আবৃ বাক্র 📾 হতে বর্ণিত যে, নাবী 🚙 একবার সলাতুল কুসূফ (সূর্য গ্রহণের সলাত) আদায় করলেন। তিনি সলাতে দীর্ঘক্ষণ দাঁড়িয়ে থাকলেন। অতঃপর রুকু'তে গেলেন এবং দীর্ঘক্ষণ থাকলেন। অতঃপর দাঁড়ালেন এবং দীর্ঘক্ষণ দাঁড়িয়ে থাকলেন। অতঃপর আবা রুকু'তে গেলেন এবং দীর্ঘক্ষণ রুক্'তে থাকলেন। অতঃপর উঠলেন, পরে সাজদাহ্য় গেলেন এবং দীর্ঘক্ষণ সাজদাহ্য রইলেন। আবার সাজদাহ্য গেলেন এবং দীর্ঘক্ষণ সাজদাহ্য থাকলেন। অতঃপর আবার দাঁড়ালেন এবং দীর্ঘক্ষণ দাঁড়িয়ে থাকলেন। আবার রুকৃ'তে গেলেন এবং দীর্ঘক্ষণ রকৃ'তে থাকলেন। অতঃপর রুকু' হতে উঠে আবার দীর্ঘক্ষণ দাঁড়িয়ে থাকলেন এবং আবার রুকু'তে থাকলেন। অতঃপর রুকু' হতে উঠে আবার দীর্ঘক্ষণ দাঁড়িয়ে থাকলেন এবং আবার রুকু'তে গেলেন এবং দীর্ঘক্ষণ থাকলেন। অতঃপর রুকু হতে উঠে সাজদাহ্য় গেলেন এবং দীর্ঘক্ষণ সাজদাহ্য় থাকলেন। অতঃপর উঠে সাজদাহ্য় গেলেন এবং দীর্ঘক্ষণ সাজদাহয় থাকলেন। অতঃপর সলাত শেষ করে ফিরে বললেন : জান্লাত আমার খুবই নিকটে এসে গিয়েছিল এমনকি আমি যদি চেষ্টা করতাম তাহলে জান্নাতের একগুচ্ছ আঙ্গুর তোমাদের এনে দিতে পারতাম। আর জাহান্নামও আমার একেবারে নিকটবর্তী হয়ে গিয়েছিল। এমনকি আমি বলে উঠলাম, ইয়া রব! আমিও কি তাদের সাথে? আমি একজন স্ত্রী লোককে দেখতে পেলাম। আবৃ হুরাইরাহ 🚌 বলেন, আমার মনে হয়, তিনি বলেছিলেন, একটি বিড়াল তাকে খামচাচ্ছে। আমি জিজ্ঞেস করলাম, এ স্ত্রী লোকটির এমন অবস্থা কেন? মালাকগণ জবাব দিলেন, সে একটি বিড়ালকে আটকিয়ে রেখেছিল, ফলে বিড়ালটি অনাহারে মারা যায়। উক্ত স্ত্রী লোকটি তাকে খেতেও দেয়নি এবং তাকে ছেড়েও দেয়নি, যাতে সে আহার করতে পারে। নাফি' (রহ.) বলেন, আমার মনে হয়, ইব্নু আবৃ মুলায়কাহ ( বর্ণনা করেছিলেন, যাতে সে যমীনের পোকা মাকড় খেতে পারে। (২৩৬৪) (আ.প্র.৭০১, ই.ফা. (র০১

े १/۱۰ . بَابِ رَفْعِ الْبَصَرِ إِلَى الْإِمَامِ فِي الصَّلاَةِ المَامَةِ عَلَيْهِ الْبَكْتِيَةِ الْمَالِكِةِ الْمَامِةِ عَلَيْهِ الْمُحَادِةِ الْمُحَادِةِ الْمُحَادِةِ الْمُ

وَقَالَتْ عَائِشَةُ قَالَ النَّبِيُّ ﷺ فِي صَلاَةِ الْكُسُوفِ فَرَأَيْتُ جَهَنَّمَ يَحْطِمُ بَعْضُهَا بَعْضًا حِينَ رَأَيْتُمُ ونِي تَأْخَرْتُ.

'আয়িশাহ ক্রিল্রা বলেন, নাবী ক্রিল্রা সলাতে কুসূফ বর্ণনা প্রসঙ্গে বলেছেন, তোমরা যখন আমাকে পিছিয়ে আসতে দেখেছিলে তখন আমি জাহান্নাম দেখেছিলাম; তার এক অংশ অপর অংশকে বিচূর্ণ করছে।

٧٤٦. صرَّمُنَا مُوسَى قَالَ حَدَّثَنَا عَبْدُ الْوَاحِدِ قَالَ حَدَّثَنَا الْأَعْمَشُ عَنْ عُمَارَةَ بْنِ عُمَيْرِ عَنْ أَبِي مَعْمَــرِ قَالَ قُلْنَا لِخَبَّابِ أَكَانَ رَسُولُ اللهِ ﷺ يَقْرَأُ فِي الطَّهْرِ وَالْعَصْرِ قَالَ نَعَمْ قُلْنَا بِمَ كُثَـــتُمْ تَعْرِفُـــونَ ذَاكَ قَـــالً بِالضَّطِرَابِ لَحْيَتُهُ.

৭৪৬. আবৃ মা'মার ( হেত বর্ণিত। তিনি বলেন, আমরা খাব্বাব ( কে)-কে জিঁজের্স কর্নাম, আল্লাহর রসূল ক্রে কি যুহর ও 'আসরের সলাতে কিরাআত পড়তেন? তিনি বললেন, হাা। আমরা

জিজ্ঞেস করলাম, আপনারা কী করে বুঝতে পারতেন? তিনি বললেন, তাঁর দাড়ির নড়াচড়া দেখে। (৭৬০, ৭৬১, ৭৭৭) (আ.প্র. ৭০২, ই.ফা. ৭১০)

٧٤٧. صَرَتُنَا حَجَّاجٌ حَدَّنَنَا شُعْبَهُ قَالَ أَثْبَأَنَا أَبُو إِسْحَاقَ قَالَ سَمِعْتُ عَبْدَ اللهِ بَنَ يَزِيدَ يَخْطُبُ قَـــالَ حَدَّنَنَا الْبَرَاءُ وَكَانَ غَيْرَ كَذُوبٍ أَنَّهُمْ كَانُوا إِذَا صَلَّوْا مَعَ النَّبِيِّ ﷺ فَرَفَعَ رَأْسَهُ مِنْ الرُّكُوعِ قَامُوا قِيَامًا حَتَّى يَرُونَهُ قَدْ سَجَدَ.

৭৪৭. বারাআ (হা) হতে বর্ণিত। আর তিনি মিথ্যাবাদী ছিলেন না, তাঁরা যখন নাবী হার এর সঙ্গে সলাত আদায় করতেন, তখন রুক্' হতে মাথা উঠিয়ে সোজা হয়ে দাঁড়িয়ে দেখতেন যে, নাবী হার সাজদাহ্য় গেছেন। (৬৯০) (আ.প্র. ৭০৩, ই.ফা. ৭১১)

٧٤٨. حرشا إِسْمَاعِيلُ قَالَ حَدَّنَنِي مَالِكُ عَنْ زَيْدِ بْنِ أَسْلَمَ عَنْ عَطَاءِ بْنِ يَسَارِ عَنْ عَبْدِ اللهِ بْنِ عَبَّاسٍ رَضِيَ اللهُ عَنْهُمَا قَالَ خَسَفَتُ الشَّمْسُ عَلَى عَهْدِ رَسُولِ اللهِ عَنْهُ فَصَلَّى قَالُوا يَا رَسُولَ اللهِ رَأَيْنَاكَ تَنَاوَلَـتَ وَضِيَ اللهُ عَنْهُمَا قَالُوا يَا رَسُولَ اللهِ رَأَيْنَاكَ تَنَاوَلَـتَ مَنْهُا عُنْهُودًا وَلَوْ أَخَذَتُهُ لَأَكَلَتُمْ مِنْهُ مَا شَيْئًا فِي مَقَامِكَ ثُمَّ رَأَيْنَاكَ تَكَعْكَعْتَ قَالَ إِنِي أُرِيتُ الْجَنَّةَ فَتَنَاوَلَتُ مِنْهَا عُنْقُودًا وَلَوْ أَخَذَتُهُ لَأَكَلَتُمْ مِنْهُ مَا يَقَتَ اللهُ نَبَالِ

৭৪৮. 'আবদুল্লাহ্ ইব্নু 'আব্বাস ( হতে বর্ণিত। তিনি বলেন, নাবী ( এর যুগে একবার সূর্যগ্রহণ হয়েছিল। তখন তিনি এজন্য সলাত আদায় করেন। সহাবা-ই-কিরাম ( জিজ্জেস করলেন, হে আল্লাহ্র রসূল! সলাতে দাঁড়ানো অবস্থায় আপনাকে দেখলাম যেন কিছু একটা ধরতে যাচ্ছিলেন, কিছু পরে দেখলাম, আবার পিছিয়ে এলেন। তিনি বললেন, আমাকে জান্নাত দেখানো হয় এবং তারই একটি আঙ্গুরের ছড়া নিতে যাচ্ছিলাম। আমি যদি তা নিয়ে আসতাম, তাহলে দুনিয়া স্থায়ী থাকা পর্যন্ত তোমরা তা হতে খেতে পারতে। (২৯) (আ.প্র. ৭০৪, ই.ফা. ৭১২)

٧٤٩. **صَرَّمُنَا** مُحَمَّدُ بَنُ سِنَانَ قَالَ حَدَّثَنَا فُلَيْحٌ قَالَ حَدَّثَنَا هِلَالُ بَنُ عَلِيٍّ عَنْ أَنسِ بَنِ مَالِك قَالَ صَلَّى لَنَا النَّبِيُّ ﷺ ثُمَّ رَقِيَ الْمِثْبَرَ فَأَشَارَ بِيَدَيْهِ قِبَلَ قِبْلَةِ الْمَسْجِدِ ثُمَّ قَالَ لَقَدْ رَأَيْتُ الْآنَ مُنْذُ صَلَّيْتُ لَكُمْ الصَّلاَةَ الْجَنَّةَ وَالنَّارَ مُمَثَّلَتَيْنِ فِي قِبْلَةٍ هَذَا الْجِدَارِ فَلَمْ أَرَ كَالْيَوْمِ فِي الْجَيْرِ وَالشَّرِّ ثَلاَثًا.

৭৪৯. আনাস ইব্নু মালিক ( হতে বর্ণিত। তিনি বলেন, নাবী হত আমাদের নিয়ে সলাত আদায় করলেন। অতঃপর তিনি মিম্বরে আরোহণ করলেন এবং মাসজিদের কিব্লার দিকে ইশারা করে বললেন, এইমাত্র আমি যখন তোমাদের নিয়ে সলাত আদায় করছিলাম তখন এ দেওয়ালের সামনের দিকে আমি জান্নাত ও জাহান্নামের প্রতিচ্ছবি দেখতে পেলাম। আজকের মতো এত ভাল ও মন্দ আমি আর দেখিনি, একথা তিনি তিনবার বললেন। (৯৩) (আ.প্র.৭০৫, ই.ফা. ৭১৩)

### . ٩ ٢/١٠. بَابِ رَفْعِ الْبَصَرِ إِلَى السَّمَاءِ فِي الصَّلاَةِ. ১০/৯২. অধ্যায় : সলাতে আসমানের দিকে চোখ তুলে তাকানো।

٥٠ صرتنا عَلِيُّ بْنُ عَبْد اللهِ قَالَ أَخْبَرَنَا يَخْيَى بْنُ سَعِيد قَالَ حَدَّثَنَا ابْنُ أَبِي عَرُوبَةَ قَالَ حَدَّثَنَا قَتَادَةُ أَنَّ أَنْ اللهَ عَلَيْ اللهَ عَلَى عَبْد اللهِ عَلَى اللهَ عَلَى اللهُ اللهَ عَلَى اللهَ اللهَ اللهَ اللهَ عَلَى اللهَ اللهُ اللهَ اللهَا عَلَى اللهَ اللهَ اللهَ اللهُ اللهَ اللهُ الل

৭৫০. আনাস ইব্নু মালিক হ্রা হতে বর্ণিত। তিনি বলেন, নাবী হ্রা বলেছেন: লোকদের কী হলো যে, তারা সলাতে আকাশের দিকে চোখ তুলে তাকায়? এ ব্যাপারে তিনি কঠোর বক্তব্য রাখলেন; এমনকি তিনি বললেন: যেন তারা অবশ্যই এ হতে বিরত থাকে, অন্যথায় অবশ্যই তাদের দৃষ্টিশক্তি কেড়ে নেয়া হবে। (আ.শ্র. ৭০৬, ই.কা. ৭১৪)

### . ٩٣/١٠. بَابِ الْالْتِفَاتِ فِي الصَّلاَةِ. ٥٥/৯٥. अधार्तः मिनार्ज अमिक अमिक जाकान।

٧٥١. **صَرَنَا** مُسَدَّدٌ قَالَ حَدَّثَنَا أَبُو الْأَحْوَصِ قَالَ حَدَّثَنَا أَشْعَتُ بْنُ سُلَيْمٍ عَنْ أَبِيهِ عَنْ مَسْرُوق عَنْ عَائِشَةَ قَالَتْ سَأَلْتُ رَسُولَ اللهِ ﷺ الشَّيْطَانُ مِنْ صَلاَةٍ فَقَالَ هُوَ اخْتِلَاسٌ يَخْتَلِسُهُ الشَّيْطَانُ مِنْ صَلاَةٍ الْعَبْد.

৭৫১. 'আয়িশাহ্ ্রিক্সে হতে বর্ণিত। তিনি বলেন, আমি আল্লাহর রসূল ্রিক্সে-কে সলাতে এদিক ওদিক তাকানো সম্পর্কে জিজ্ঞেস করলাম। তিনি বললেন: এটা এক ধরনের ছিনতাই, যার মাধ্যমে শয়তান বান্দার সলাত হতে অংশ বিশেষ ছিনিয়ে নেয়। (৩২৯১) (আ.প্র.৭০৭, ই.ফা.৭১৫)

٧٥٢. **صَرْمُنَا** قُتَيْبَةُ قَالَ حَدَّثَنَا سُفْيَانُ عَنْ الزُّهْرِيِّ عَنْ عُرْوَةَ عَنْ عَائِشَةَ أَنَّ النَّبِيِّ ﷺ صَلَّى فِي خَمِيصَةٍ لَهَا أَعْلَامٌ فَقَالَ شَغَلَتْنِي أَعْلَامُ هَذِهِ اذْهَبُوا بِهَا إِلَى أَبِي جَهْمٍ وَٱتُونِي بِأَنْبِجَانِيَّةٍ.

৭৫২. 'আয়িশাহ্ হ্রিক্স হতে বর্ণিত। একবার নাবী হ্রিক্স একটি নক্শা করা চাদর পরে সলাত আদায় করলেন। সলাতের পরে তিনি বললেন: এ চাদরের কারুকার্য আমার মনকে আকর্ষিত করেছিল। এটি আবৃ জাহমের নিকট নিয়ে যাও এবং এর বদলে একটি 'আম্বজানিয়্যাহ' (নকশা ছাড়া মোটা কাপড়) নিয়ে এসো। (৩৭৩) (আ.গ্র. ৭০৮, ই.ফা. ৭১৬)

. ٩٤/١٠ بَابِ هَلْ يَلْتَفِتُ لِأَهْرِ يَنْزِلُ بِهِ أَوْ يَرَى شَيْئًا أَوْ بُصَاقًا فِي الْقَبْلَةِ مَاهُمُ الْمَاهُ فِي الْقَبْلَةِ مُحْرَهُ الْمُعْرَاقِ الْمُعْرِقِينَ الْمُعْرَاقِ الْمُعْرِقِينَاقِ الْمُعْرَاقِ الْمُعْرَاقِ الْمُعْرَاقِ الْمُعْرَاقِ الْمُعْرَاقِ الْمُعْرَاقِ الْمُعْرَاقِ الْمُعْرَاقِ الْمُعْرِقِينَاقِ الْمُعْرَاقِ الْمُعْرِقِ الْمُعْرَاقِ الْمُعْرِقِ الْمُعْرَاقِ الْمُعْرَاقِ الْمُعْرِقِ الْمُعْرِقِي الْمُعْرِقِ الْمُعْرِقِ الْمُعْرِقِ الْمُعْرِقِ الْمُعْرِقِ ا

#### ব্বিবৃলাহর দিকে থুথু দেখলে, সে দিকে তাকান।

وَقَالَ سَهْلُ الْتَفَتَ أَبُو بَكْرِ ﷺ فَرَأَى النَّبِيُّ ﷺ.

সাহ্ল (রহ.) বলেছেন, আবৃ বাক্র 🚌 তাকালেন এবং নাবী 🕰 -কে দেখলেন।

٧٥٣. **صَرَبُنَا** قُتَيْبَةُ بْنُ سَعِيد قَالَ حَدَّنَنَا لَيْثُ عَنْ نَافِعِ عَنْ ابْنِ عُمَرَ أَنَّهُ قَالَ رَأَى النَّبِيُّ ﷺ نُخَامَةً فِي الْحَلَّةِ الْمَسْجِدِ وَهُوَ يُصَلِّي بَيْنَ يَدَّيُ النَّاسِ فَحَتَّهَا ثُمَّ قَالَ حَينَ انْصَرَفَ إِنَّ أَحَدَّكُمْ إِذَا كَانَ فِي الصَّلاَةِ فَإِنَّ الشَّهَ قِبَلَ وَجُهِهِ فِي الصَّلاَةِ رَوَاهُ مُوسَى بْنُ عُقْبَةً وَابْنُ أَبِي رَوَّادٍ عَنْ نَافِعٍ. الشَّهَ قِبَلَ وَجُهِهِ فِي الصَّلاَةِ رَوَاهُ مُوسَى بْنُ عُقْبَةً وَابْنُ أَبِي رَوَّادٍ عَنْ نَافِعٍ.

৭৫৩. ইব্নু 'উমার ( হতে বর্ণিত। তিনি বলেন, নাবী ( লোকদের সামনে দাঁড়িয়ে সলাত আদায় করছিলেন, এমতাবস্থায় মাসজিদে কিব্লার দিকে থুথু দেখতে পেয়ে তা পরিষ্কার করে ফেললেন। অতঃপর তিনি সলাত শেষ করে বললেন: তোমাদের কেউ যখন সলাতে থাকে, তখন আল্লাহ্ তার সামনে থাকেন। কাজেই সলাতে থাকা অবস্থায় কেউ সামনের দিকে থুথু ফেলবে না। মূসা ইব্নু 'উক্বাহ ও ইব্নু আবু রাওয়াদও (রহ.) নাফি' (রহ.) হতে হাদীসটি বর্ণনা করেছেন। (আ.প্র. ৭০৯, ই.ফা. ৭১৭)

٧٥٤. **حدثنا** يَحْيَى بْنُ بُكَيْرِ قَالَ حَدَّثَنَا لَيْثُ بْنُ سَعْدَ عَنْ عُقَيْلِ عَنْ ابْنِ شِهَابِ قَالَ أَخْبَرَنِي أَنَسُ بْنُ مَالِكُ قَالَ بَيْنَمَا الْمُسْلِمُونَ فِي صَلَّاةِ الْفَحْرِ لَمْ يَفْحَأْهُمْ إِلاَّ رَسُولُ اللهِ فَلَمَّا كَشَفَ سِثَّرَ حُجْرَةِ عَائِشَةَ فَنَظَرَ إِلَيْهِمُّ وَهُمْ صُفُوفَ فَتَبَسَّمَ يَضْحَكُ وَنَكَصَ أَبُو بَكْرِ اللهِ عَقَبَيْهِ لِيَصِلَ لَهُ الصَّفَّ فَظَنَّ أَنَّهُ يُرِيدُ الْخُرُوجَ وَهُمْ صُفُوفَ فَتَبَسَّمَ يَضْحَكُ وَنَكَصَ أَبُو بَكْرِ اللهِ عَقَبَيْهِ لِيَصِلَ لَهُ الصَّفَّ فَظَنَّ أَنَّهُ يُرِيدُ الْخُرُوجَ وَهُمْ الْمُسْلِمُونَ أَنْ يَفْتَتِنُوا فِي صَلاَتِهِمْ فَأَشَارَ إِلَيْهِمُ أَتِمُّوا صَلاَتَكُمْ فَأَرْخَى السِّثْرَ وَتُوفِي مِنْ آخِرِ ذَلِكَ الْيَوْم. الْمُسْلِمُونَ أَنْ يَفْتَتِنُوا فِي صَلاَتِهِمْ فَأَشَارَ إِلَيْهِمْ أَتِمُّوا صَلاَتَكُمْ فَأَرْخَى السِّثِرَ وَتُوفِي مِنْ آخِرِ ذَلِكَ الْيَوْم.

৭৫৪. আনাস ইব্নু মালিক ( হতে বর্ণিত। তিনি বলেন, মুসলমানগণ ফাজ্রের সলাতে রত এ সময় আল্লাহর রস্ল হতে 'আয়িশাহ্ ক্রি-এর হুজরার পর্দা উঠালে তাঁরা চমকে উঠলেন। তিনি তাঁদের দিকে তাকিয়ে দেখলেন, তাঁরা কাতারবদ্ধ হয়ে আছেন। তা দেখে তিনি মুচকি হাসলেন। আবু বাক্র তাঁর ইমামাতের স্থান হেড়ে দিয়ে কাতারে শামিল হবার জন্য পিছিয়ে আসতে চাইলেন। তিনি মনে করেছিলেন, আল্লাহর রস্ল হতে বের হতে চান। মুসলিমগণও সলাত হেড়ে দিতে উদ্যত হয়েছিলেন। তিনি ইন্ধিতে তাঁদের বললেন, তোমরা তোমাদের সলাত পুরো করো। অতঃপর তিনি পর্দা ফেলে দিলেন। এ দিনেরই শেষে তাঁর ওফাত হয়। (৬৮০) (আ.প্র. ৭১০, ই.ফা. ৭১৮)

٩٥/١٠. بَابِ وُجُوبِ الْقِرَاءَةِ لِلْإِمَامِ وَالْمَأْمُومِ فِي الصَّلُوَاتِ كُلِّهَا فِي الْحَضَرِ وَالسَّفَرِ وَمَا يُخَافَتُ.
 يُجْهَرُ فيهَا وَمَا يُخَافَتُ.

১০/৯৫. অধ্যায় : সব সলাতেই ইমাম ও মুক্তাদীর কিরাআত পড়া জরুরী, মুকীম অবস্থায় হোক বা সফরে, সশব্দে কিরাআতের সলাত হোক বা নিঃশব্দে সব সলাতেই ইমাম ও মুক্তাদীর কিরাআত পড়া জরুরী। ٥٥٥. حَرَّمُنَا مُوسَى قَالَ حَدَّثَنَا أَبُو عَوَانَةَ قَالَ حَدَّثَنَا عَبُدُ الْمَلِكُ بَنُ عُمَيْرِ عَنْ جَابِرِ بَنِ سَمُرَةً فَسَلّى شَكَا أَهْلُ الْكُوفَةِ سَعْدًا إِلَى عُمَرَ هَ فَعَوْلَهُ وَاسْتَعْمَلَ عَلَيْهِمْ عَمَّارًا فَشَكَوْا حَتَّى ذَّكُوا أَنَّهُ لاَ يُحْسِنُ يُصَلّى فَأَلَ إَلَيْهِ فَقَالَ يَا أَبَا إِسْحَاقَ إِنَّ هَوُلَاءِ يَرْعُمُونَ أَنْكَ لاَ يُحْسِنُ يُصَلّى قَالَ أَبُو إِسْحَاقَ أَمَّا أَنَا وَاللهِ فَسَي كُثْتُ أُصَلِّي بِهِمْ صَلاَةً رَسُولِ اللهِ عَلَىٰ مَا أَخْرِمُ عَنْهَا أُصَلِّي صَلاَةً الْعَشَاءِ فَأَرْكُدُ فِي الْأُولِيَيْنِ وَأَحِفُ فِي كُثُتُ أُصَلِّي بِهِمْ صَلاَةً رَسُولِ اللهِ عَلَىٰ مَا أَخْرِمُ عَنْهَا أُصَلِّي صَلاَةً الْعَشَاءِ فَأَرْكُدُ فِي الْأُولِيَيْنِ وَأَحِفُ فِي الْأَولَيَيْنِ وَأَحِفُ فِي الْأَحْرَيْنِ فَالَ ذَلِكَ الظَّنُ بِكَ يَا أَبَا إِسْحَاقَ فَأَرْسَلَ مَعَهُ رَجُلاً أَوْ رِجَالاً إِلَى الْكُوفَةِ فَسَأَلَ عَنْهُ أَهُلَ الْكُوفَةِ وَلَمْ يَدَعُ مَسْجَدًا إِلاَّ سَأَلَ عَنْهُ وَيُثْنُونَ مَعْرُوفًا حَتَّى دَحَلَ مَسْجِدًا لِبِي عَبْسِ فَقَامَ رَجُلَّ مِنْهُمْ يُقَالَ الْكُوفَة وَلَمْ اللهُ اللهُ عَنْهُ مَنْ عَبْدُ اللّهُ عَنْهُ مَا أَلَا عَنْهُ وَيُثْنُونَ مَعْرُوفًا حَتَّى دَحَلَ مَسْجِدًا لِبَنِي عَبْسِ فَقَامَ رَجُلٌ مِنْهُمْ يُقَالَ أَمُا وَاللهِ لَا مُؤْمُونً مَعْدُولُ اللهُ عَلَى عَبْسُ فَقَامَ وَكَالَ الْمَالُولُ وَلَا لَقُولُ مُؤْمُونً عَيْدُكُ كَبِي مُفَولُ اللهُ اللهُ لَيْتَعَرَّضُ لِلْجَوَارِي فِي الطَّرُقِ وَعَرِّضُهُ سَعْدُ قَالَ عَبْدُ اللهُ مُنَا اللهُ الْ اللهُ اللهُ اللهُ الْمُ اللهُ اللهُ اللهُ الْمَا الْمَعْلُولُ الْمَوْلُ اللهُ الْولِي فَقُولُ الْمُؤْلِ اللهُ اللهُ الْمُولُ الْمَالِقُولُ الْمُؤْلُ اللهُ اللهُ الْمُولُ الْمَوالِي فَقُولُ اللهُ الْمُعَلِّلُ اللهُ اللهُ الْمُؤْلُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ الْمُولُ اللهُ اللهُ

৭৫৫. জাবির ইব্নু সামুরাহ 🕮 হতে বর্ণিত। তিনি বলেন, কৃফাবাসীরা সা'দ 🕮-এর বিরুদ্ধে 'উমার 🕮-এর নিকট অভিযোগ করলে তিনি তাঁকে দায়িত্ব হতে অব্যাহতি দেন এবং আম্মার 🕮-কে তাদের শাসনকর্তা নিযুক্ত করেন। কৃফার লোকেরা সা'দ 🚌 এর বিরুদ্ধে অভিযোগ করতে গিয়ে এ-ও বলে যে, তিনি ভালরূপে সলাত আদায় করতে পারেন না। 'উমার 🚌 তাঁকে ডেকে পাঠালেন এবং বললেন, হে আবু ইসহাক! তারা আপনার বিরুদ্ধে অভিযোগ করেছে যে, আপনি নাকি ভালরূপে সলাত আদায় করতে পারেন না। সা'দ 😂 বললেন, আল্লাহ্র শপথ। আমি আল্লাহ্র রসূল 😂 এর সলাতের অনুরূপই সলাত আদায় করে থাকি। তাতে কোন ক্রটি করি না। আমি 'ইশার সলাত আদায় করতে প্রথম দু' রাক'আত একটু দীর্ঘ ও শেষের দু' রাক'আত সংক্ষেপ করতাম। 'উমার 🕮 বললেন, হে আবৃ ইসহাক! আপনার সম্পর্কে আমার এ-ই ধারণা। অতঃপর 'উমার 🚌 কৃফার অধিবাসীদের এ সম্পর্কে জিজ্ঞাসাবাদের জন্য এক বা একাধিক ব্যক্তিকে সা'দ 🚌 এর সঙ্গে কৃফায় পাঠান। সে ব্যক্তি প্রতিটি মাসজিদে গিয়ে সা'দ 🚌 সম্পর্কে জিজেস করলো এবং তাঁরা সকলেই তাঁর ভূয়সী প্রশংসা করলেন। অবশেষে সে ব্যক্তি বনু আবুস গোত্রের মাসজিদে উপস্থিত হয়। এখানে উসামা ইবনু কাতাদাহ নামে এক ব্যক্তি যাকে আবূ সা'দাহ্ বলে ডাকা হত- দাঁড়িয়ে বলল, যেহেতু তুমি আল্লাহ্র নামের শপথ দিয়ে জিজ্ঞেস করেছ, সা'দ 🚌 কখনো সেনাবাহিনীর সঙ্গে যুদ্ধে যান না, গানীমাতের মাল সমভাবে বণ্টন করেন না এবং বিচারে ইনসাফ করেন না। তখন সা'দ 🚌 বললেন, মনে রেখো, আল্লাহ্র কসম! আমি তিনটি দু'আ করছি : হে আল্লাহ্! যদি তোমার এ বান্দা মিথ্যাবাদী হয়, লোক দেখানো এবং আৰপ্ৰচারের জন্য দাঁড়িয়ে থাকে তাহলে- ১. তার হায়াত বাড়িয়ে দিন, ২. তার অভাব বাড়িয়ে দিন এবং ৩. তাকে ফিত্নার সম্মুখীন করুন। পরবর্তীকালে লোকটিকে(তার অবস্থা সম্পর্কে) জিজ্ঞেস করা হলে সে বলতো, আমি বয়সে বৃদ্ধ, ফিত্নায় লিগু। সা'দ 🚌 এর দু'আ আমার উপর লেগে আছে। বর্ণনাকারী আবদুল

মালিক (রহ.) বলেন, পরে আমি সে লোকটিকে দেখেছি, অতি বৃদ্ধ হয়ে যাওয়ার কারণে তার স্রু চোখের উপর ঝুলে গেছে এবং সে পথে মেয়েদের বিরক্ত করত এবং তাদের চিমটি দিত। (৭৫৮, ৭৭০; মুসলিম ৪/৩৪, হাঃ ৪০৫) (আ.গ্র. ৭১১, ই.ফা. ৭১৯)

٧٥٦. **صَرَّمُنَا** عَلِيٌّ بْنُ عَبْدِ اللهِ قَالَ حَدَّنَنَا سُفْيَانُ قَالَ حَدَّثَنَا الزُّهْرِيُّ عَنْ مَحْمُودِ بْنِ الرَّبِيعِ عَنْ عُبَادَةَ بْنِ الصَّامِتِ أَنَّ رَسُولَ اللهِ ﷺ قَالَ لاَ صَلاَةً لِمَنْ لَمْ يَقْرَأُ بِفَاتِحَةِ الْكِتَابِ.

৭৫৬. 'উবাদাহ ইব্নু সমিত ( হতে বর্ণিত যে, রাসুলুল্লাহ্ ক্রিক্ট বলেছেন : যে ব্যক্তি সলাতে সূরাহ্ আল-ফাতিহা পড়ল না তার সলাত হলো না। (মুসলিম ৪/১১, হাঃ ৩৯৪, আহমাদ ২২৮০৭) (আ.প্র. ৭১২, ই.ফা. ৭২০)

٧٥٧. عَرْمَا مُحَمَّدُ بَنُ بَشَّارِ قَالَ حَدَّثَنَا يَحْيَى عَنْ عُبَيْدِ اللهِ قَالَ حَدَّثَنِي سَعِيدُ بَنُ أَبِي سَعِيدِ عَنْ أَبِيهِ عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ رَسُولَ اللهِ ﷺ فَرَدَّ وَقَالَ ارْجِعَ فَصَلِّ فَإِنَّكَ لَمْ تُصَلِّ فَالَ إِذَا قَمْتَ إِلَى الصَّلَاةِ فَكَبِّرُ ثُمَّ اوْرَأُ مَا تَيَسَّرَ مَكِنَّ سَاجِدًا ثُمَّ مَنَ الْقُرْآنِ ثُمَّ ارْكَعَ حَتَّى تَطْمَئِنَّ رَاكِعًا ثُمَّ ارْفَعْ حَتَّى تَعْدِلَ قَائِمًا ثُمَّ الشَحُدُ حَتَّى تَطْمَئِنَّ سَاجِدًا ثُمَّ ارْفَعْ حَتَّى تَطْمَعَنَّ حَالًا وَافْعَلْ ذَلِكَ فِي صَلَاتِكَ كُلّهَا.

৭৫৭. আবৃ হুরাইরাহ্ 🗯 হতে বর্ণিত। আল্লাহর রস্ল 🚎 মাসজিদে প্রবৈশ করলেন, তখন একজন সহাবী এসে সলাত আদায় করলেন। অতঃপর তিনি নাবী 🚎-কে সালাম করলেন। তিনি

<sup>°</sup> আমাদের দেশে হানাফী ভাইয়েরা ইমামের পিছনে সূরাহ্ ফাতিহা পাঠ করেন না, এটা নাবী 😂 এর 'আমালের বিপরীত। ইমামের পিছনে মুক্তাদিকে অবশ্যই সূরাহ্ ফাতিহা পড়তে হবে। মুক্তাদী ইমামের পিছনে সূরাহ্ ফাতিহা না পড়লে তার সলাত, সলাত বলে গণ্য হবে না।

عن عمروبن شعيب عن أبيه عن جده قال قال رسول الله صلى الله عليه وسلم تقرؤون خلفي؟ قالوا نعـــم إنـــا لنهذ هذا قال فلا تفعلوا إلا بأم القرآن

বুখারীর অন্য বর্ণনায় জুয়উল ক্বিরাআতের মধ্যে আছে "আম্র বিন ভয়াইব তাঁর পিতা হতে, তাঁর পিতা তাঁর দাদা হতে বর্ণনা করে বলেছেন যে, রস্লুল্লাহ 😂 বলেছেন তোমরা কি আমার পিছনে কিছু পড়ে থাক? তাঁরা বললেন যে, হাঁ আমরা খুব তাড়াহুড়া করে পাঠ করে থাকি। অতঃপর নাবী 😂 বললেন তোমরা উন্মূল কুরআন অর্থাৎ স্রাহ্ ফাতিহা ব্যতীত কিছুই পড় না।

<sup>(</sup>বৃধারী ১ম ১০৪ পৃষ্ঠা। জুযউল কিরায়াত। মুসলিম ১৬৯, ১৭০ পৃষ্ঠা। আবৃ দাউদ ১০১ পৃষ্ঠা। তিরমিয়ী ১ম খণ্ড ৫৭,৭১ পৃষ্ঠা। নাসাঈ ১৪৬ পৃষ্ঠা। ইবনু মাজাহ ৬১ পৃষ্ঠা। মুয়ান্তা মুহান্দাদ ৯৫ পৃষ্ঠা। মুয়ান্তা মালিক ১০৬ পৃষ্ঠা। সহীহ ইবনু খুযায়মাহ ১ম খণ্ড ২৪৭ পৃষ্ঠা। মুসলিম ইসলামিক ফাউন্ডেশন হাদীস নং ৭৫৮-৭৬৭ ও ৮২০-৮২৪। হাদীস শরীফ, মাওঃ আবদুর রহীম, ২য় খণ্ড ১৯৩-১৯৬ পৃষ্ঠা, ইসলামিয়াত বি-এ. হাদীস পর্ব ১৪৪-১৬১ পৃষ্ঠা। হিদায়াহ দিরায়াহ ১০৬ পৃষ্ঠা। মেশকাত ৭৮ পৃষ্ঠা। বুখারী আয়ীমূল হক ১ম হাদীস নং ৪৪১। বুখারী- আধুনিক প্রকাশনী ১ম খণ্ড হাদীস নং ৭১২। বুখারী- ইসলামিক ফাউন্ডেশন ২য় খণ্ড হাদীস নং ৭১৮,। তিরমিয়ী- ইসলামিক ফাউন্ডেশন ১ম খণ্ড হাদীস নং ৭৬৮, ৭৬৬, ৭৯৪। বুল্গুল মারাম ৮৩ পৃষ্ঠা। কিমিয়ায়ে সায়াদাত ১ম খণ্ড ২০৪ পৃষ্ঠা।)

সালামের জবাব দিয়ে বললেন, আবার গিয়ে সলাত আদায় কর। কেননা, তুমিতো সলাত আদায় করনি। তিনি ফিরে গিয়ে পূর্বের মত সলাত আদায় করলেন। অতঃপর এসে নাবী ক্রি-কে সালাম করলেন। তিনি বললেন: ফিরে গিয়ে আবার সলাত আদায় কর। কেননা, তুমি সলাত আদায় করনি। এভাবে তিনবার বললেন। সহাবী বললেন, সেই মহান সন্তার শপথ! যিনি আপনাকে সত্যসহ প্রেরণ করেছেন—আমিতো এর চেয়ে সুন্দর করে সলাত আদায় করতে জানি না। কাজেই আপনি আমাকে শিখিয়ে দিন। তিনি বললেন: যখন তুমি সলাতের জন্য দাঁড়াবে, তখন তাক্বীর বলবে। অতঃপর কুরআন হতে যা তোমার পক্ষে সহজ তা পড়বে। অতঃপর রুকু'তে যাবে এবং ধীরস্থিরভাবে রুকু' করবে। অতঃপর সাজদাহ্ হতে উঠে স্থির হয়ে বসবে। আর তোমার পুরো সলাতে এভাবেই করবে। (৭৯৩, ৬২৫১,৬২৫২,৬৬৬৭ মুসলিম ৪/১১, হাঃ ৩৯৭, আহমাদ ৯৬৪১) (আ.প্র. ৭১৩, ই.ফা. ৭২১)

### ٩٦/١٠. بَابِ الْقِرَاءَةِ فِي الظُّهْرِ.

#### ১০/৯৬. অধ্যায় : যুহরের সলাতে কিরাআত পড়া।

٧٥٨. صرثنا أَبُو النَّعْمَانِ حَدَّنَنَا أَبُو عَوَانَةَ عَنْ عَبْدِ الْمَلِكِ بْنِ عُمَيْرِ عَنْ جَابِرِ بْنِ سَمُرَةَ قَالَ قَالَ سَعْدٌ كُنْتُ أُصَلِّي بِهِمْ صَلاَةَ رَسُولِ اللهِ عَلَى صَلاَتَيْ الْعَشِيِّ لاَ أَخْرِمُ عَنْهَا أَرْكُدُ فِي الْسَأُولَيْنِ وَأَحْسَذِفُ فِسِي كُنْتُ أُصَلِّي بِهِمْ صَلاَةً رَسُولِ اللهِ عَلَى صَلاَتَيْ الْعَشِيِّ لاَ أَخْرِمُ عَنْهَا أَرْكُدُ فِي الْسَأُولَيْنِ وَأَحْسَذِفُ فِسِي اللهِ عَمْرُ عَلَى الطَّنُ بِكَ.

৭৫৮. জাবির ইব্নু সামুরাহ (২৯) হতে বর্ণিত যে, সা'দ (২৯) বলেন, আমি তাদেরকে নিয়ে বিকালের দু' সলাত (যুহর ও 'আসর) আল্লাহর রসূল (২৯)-এর সলাতের মত সলাত আদায় করতাম। এতে কোন ক্রটি করতাম না। প্রথম দু' রাক'আতে কিরাআত দীর্ঘায়িত এবং শেষ দু' রাক'আতে তা সংক্ষিপ্ত করতাম। 'উমার (২৯) বলেন, তোমার ব্যাপারে এটাই ধারণা। (৭৫৫) (আ.প্র. ৭১৪, ই.ফা. ৭২২)

٧٥٩. **طرثنا** أَبُو نُعَيْمٍ قَالَ حَدَّثَنَا شَيْبَانُ عَنْ يَحْيَى عَنْ عَبْدِ اللهِ بْنِ أَبِي قَتَادَةَ عَنْ أَبِيهِ قَالَ كَانَ النَّبِيُّ يَقْرَأُ فِي الرَّكَعْتَيْنِ الْأُولَيْيْنِ مِنْ صَلَاةِ الظَّهْرِ بِفَاتِحَةِ الْكِتَابِ وَسُورَتَيْنِ يُطَوِّلُ فِي الْأُولَى وَيُقَصِّسرُ فِسِي الثَّانِيَةِ وَيُسْمِعُ الْآيَةَ أَخْيَانًا وَكَانَ يَقْرَأُ فِي الْعَصْرِ بِفَاتِحَةِ الْكِتَابِ وَسُورَتَيْنِ وَكَانَ يُطَوِّلُ فِي الْأُولَى وَكَانَ يُطَوِّلُ فِي الْأُولَى وَكَانَ يُطَوِّلُ فِي الْأُولَى وَكَانَ يُطَوِّلُ فِي النَّانِيَةِ وَيُسْمِعُ الرَّكَعَةِ الْأُولَى مِنْ صَلاَة الصُّبْحِ وَيُقَصِّرُ فِي النَّانِيَة.

৭৫৯. আবৃ ক্বাতাদাহ হতে বর্ণিত। তিনি বলেন, নাবী হৈ যুহ্রের প্রথম দু' রাক'আতে স্রাহ্ ফাতিহার সঙ্গে আরও দু'টি স্রাহ্ পাঠ করতেন। প্রথম রাক'আতে দীর্ঘ করতেন এবং দিতীয় রাক'আত সংক্ষেপ করতেন। কখনো কোন আয়াত শুনিয়ে পড়তেন। 'আসরের সলাতেও তিনি সূরাহ্ ফাতিহার সাথে অন্য দু'টি সূরাহ্ পড়তেন। প্রথম রাক'আত দীর্ঘ করতেন। ফাজরের প্রথম রাক'আতও তিনি দীর্ঘ করতেন এবং দিতীয় রাক'আতে সংক্ষেপ করতেন। (৭৬২,৭৭৬,৭৭৮,৭৭৯ মুসলিম ৪/৩৪, হাঃ ৪৫১) (আ.প্র. ৭১৫, ই.ফা. ৭২৩)

٧٦٠. **حَرَثُنَا** عُمَرُ بْنُ حَفْصٍ قَالَ حَدَّثَنَا أَبِي قَالَ حَدَّثَنَا الْأَعْمَشُ حَدَّثَنِي عُمَارَةُ عَنْ أَبِي مَعْمَرٍ قَـــالَ سَأَلْنَا خَبَّابًا أَكَانَ النَّبِيُّ ﷺ يَقْرَأُ فِي الظُّهْرِ وَالْعَصْرِ قَالَ نَعَمْ قُلْنَا بِأَيِّ شَيْءٍ كُنْتُمْ تَعْرِفُونَ قَالَ بِاضْـــطِرَابِ لَحْيَته.

৭৬০. আবৃ মা'মার (রহ.) হতে বর্ণিত। তিনি বলেন, আমরা খাব্বাব (क्य)-কে জিজ্ঞেস করলাম, নাবী ক্রি কি যুহ্র ও 'আসরের সলাতে কিরাআত পড়তেন? তিনি বললেন, হাঁ। আমরা প্রশ্ন করলাম, আপনারা কী করে তা বুঝতেন? তিনি বললেন, তাঁর দাড়ির নড়াচড়ায়। (৭৪৬) (আ.প্র. ৭১৬, ই.ফা. ৭২৪)

### • ٩٧/١. بَابِ الْقِرَاءَةِ فِي الْعَصْرِ.

#### ১০/৯৭. অধ্যায় : 'আসরের সলাতে কিরাআত।

٧٦١. **طَرْتُنَا** مُحَمَّدُ بْنُ يُوسُفَ قَالَ حَدَّثَنَا سُفْيَانُ عَنِ الْأَعْمَشِ عَنْ عُمَارَةَ بْنِ عُمَيْرٍ عَنْ أَبِي مَعْمَـــرٍ قَالَ قُلْتُ لِخَبَّابِ بْنِ الْأَرَتِّ أَكَانَ النَّبِيُّ ﷺ يَقْرَأُ فِي الظُّهْرِ وَالْعَصْرِ قَالَ نَعَمْ قَالَ قُلْتُ بِأَيِّ شَــــيْءٍ كُثـــــتُمْ تَعْلَمُونَ قَرَاءَتَهُ قَالَ باضْطِرَابِ لحْيَتِه.

৭৬১. আবৃ মা'মার হাত বর্ণিত। তিনি বলেন, আমি খার্কাব ইব্নু আরত্ হাত করিছেস করলাম, নাবী ক্রি কি যুহর ও 'আসরের সলাতে কিরাআত পড়তেন? তিনি বললেন, হাা। আমি জিজেস করলাম আপনারা কী করে তাঁর কিরাআত বুঝতেন? তিনি বললেন, তাঁর দাড়ি নড়াচড়ায়। (৭৪৬) (আ.প্র. ৭১৭, ই.ফা. ৭২৫)

٧٦٢. **طَرَثنا** الْمَكِّيُّ بْنُ إِبْرَاهِيمَ عَنْ هِشَامٍ عَنْ يَحْيَى بْنِ أَبِي كَثِيرٍ عَنْ عَبْدِ اللهِ بْنِ أَبِي قَتَادَةً عَنْ أَبِيهِ قَالَ كَانَ النَّبِيُّ ﷺ يَقْرَأُ فِي الرَّكَعَتَيْنِ مِنْ الطَّهْرِ وَالْعَصْرِ بِفَاتِحَةِ الْكِتَابِ وَسُورَةٍ سُورَةٍ وَيُسْسَمِعُنَا الْآيَسَةَ أَحْبَانًا.

৭৬২. আবৃ কাতাদাহ্ ( হতে বর্ণিত। তিনি বলেন, নাবী 🥰 যুহর ও 'আসরের প্রথম দু' রাক'আতে সূরাহ্ আল-ফাতিহার সাথে আর একটি করে সূরাহ্ পড়তেন। আর কখনো কখনো কোন আয়াত আমাদের শুনিয়ে পড়তেন। (৭৫৯) (আ.প্র. ৭১৮, ই.ফা. ৭২৬)

### ٩٨/١٠. بَابِ الْقِرَاءَةِ فِي الْمَغْرِبِ.

#### ১০/৯৮. অধ্যায় : মাগরিবের সলাতে কিরাআত।

٧٦٣. **طَرْمُنَا** عَبْدُ اللهِ بْنُ يُوسُفَ قَالَ أَخْبَرَنَا مَالِكُ عَنْ ابْنِ شِهَابِ عَنْ عُبَيْدِ اللهِ بْنِ عَبْدِ اللهِ بْنِ عُتْبَةَ عَنْ ابْنِ عَبَّاسٍ رَضِيَ اللهِ عَنْهُمَا أَنَّهُ قَالَ إِنَّ أُمَّ الْفَصْلِ سَمِعْتُهُ وَهُوَ يَقَرَأُ **الْ**وَالْمُرْسَلاَتِ عُرْفَىا﴾ فَقَالَتْ يَا بُنَيَّ وَاللهِ لَقَدْ ذَكَرْتَنِي بِقِرَاءَتِكَ هَذِهِ السُّورَةَ إِنَّهَا لَآخِرُ مَا سَمِعْتُ مِنْ رَسُولِ اللهِ ﷺ يَقْرَأُ بِهَا فِي الْمَعْرِبِ. ৭৬৩. ইব্নু 'আব্বাস (عن عَرَفَ) হতে বর্ণিত। তিনি বলেন, উম্মুল ফায্ল ক্রিক্স তাঁকে ﴿ وَالْنُرْسُلَاتِ عُرُفَ ﴾ সুরাটি তিলাওয়াত করতে শুনে বললেন, বেটা! তুমি এ সূরাহ্ তিলাওয়াত করে আমাকে স্মরণ করিয়ে দিলে আল্লাহর রসূল المنافقة -কে মাগরিবের সলাতে এ সূরাহ্টি পড়তে শেষবারের মত শুনেছিলাম। (৪৪২৯; মুসলিম ৪/৩৫, হাঃ ৪৬২, আহমাদ ২৬৯৪০) (আ.প্র. ৭১৯, ই.কা. ৭২৭)

٧٦٤. **حِرْثَنَا** أَبُو عَاصِمٍ عَنْ ابْنِ جُرَيْجٍ عَنْ ابْنِ أَبِي مُلَيْكَةَ عَنْ عُرْوَةَ بْنِ الزَّبْيْرِ عَنْ مَرْوَانَ بْنِ الْحَكَمِ قَالَ قَالَ لِي زَيْدُ بْنُ ثَابِتٍ مَا لَكَ تَقْرَأُ فِي الْمَغْرِبِ بِقِصَارٍ وَقَدْ سَمِعْتُ النَّبِيَّ ﷺ يَقْرَأُ بِطُولَى الطُّولَيْيْنِ.

৭৬৪. মারওয়ান ইব্নু হাকাম (রহ.) থেকে বর্ণিত, তিনি বলেন, একদা যায়িদ ইব্নু সাবিত হ্রে আমাকে বললেন, কী ব্যাপার, মাগরিবের সলাতে তুমি যে কেবল ছোট ছোট সুরা তিলাওয়াত কর? অথচ আমি নাবী হ্রে কে দু'টি দীর্ঘ সূরাহ্র মধ্যে অধিকতর দীর্ঘটি পাঠ করতে শুনেছি। (আ.প্র. ৭২০, ই.ফা. ৭২৮)

### • ٩٩/١. بَابِ الْجَهْرِ فِي الْمَغْرِبِ.

১০/৯৯. অধ্যায় : মাগরিবের সলাতে উচ্চৈঃস্বরে কিরাআত পাঠ।

٧٦٥. صرتنا عَبْدُ اللهِ بْنُ يُوسُفَ قَالَ أَخْبَرَنَا مَالِكٌ عَنْ ابْنِ شِهَابٍ عَنْ مُحَمَّدِ بْنِ جُبَيْرِ بْنِ مُطْعِمٍ عَنْ أَبِيهِ قَالَ سَمِعْتُ رَسُولَ اللهِ ﷺ قَرَأَ فِي الْمَغْرِبِ بِ ﴿الطُّورِ﴾.

৭৬৫. জুবায়র ইব্নু মৃত'ইম ( হতে বর্ণিত। তিনি বলেন, আমি আল্লাহর রসূল ক্রি-কে মাগরিবের সলাতে সূরাহ্ আত-তৃর পড়তে শুনেছি। (৩০৫০, ৪০২৩,৪৮৫৪ মুসলিম ৪/৩৫, হাঃ ৪৬৩৪ আহমাদ ১৬৭৭৩) (আ.প্র. ৭২১, ই.ফা. ৭২৯)

### . ۱۰۰/۱۰ أَبَابِ الْجَهْرِ فِي الْعِشَاءِ. ১০/১০০. অধ্যায় : 'ইশার সলাতে সশব্দে কিরাআত।

٧٦٦. **طَرْنَا** أَبُو النَّعْمَانِ قَالَ حَدَّنَنَا مُعْتَمِرٌ عَنْ أَبِيهِ عَنْ بَكْرِ عَنْ أَبِي رَافِعِ قَالَ صَلَّيْتُ مَعَ أَبِي هُرَيْرَةَ الْعَنَمَةَ فَقَرَأً ﴿ إِذَا السَّمَاءُ انْشَقَّتُ ﴾ فَسَجَدَ فَقُلْتُ لَهُ قَالَ سَجَدْتُ خُلْفَ أَبِي الْقَاسِمِ ﷺ فَلاَ أَزَالُ أَسْجُدُ بِهَا حَتَّى أَلْقَاهُ.

৭৬৬. আবৃ রাফি' হাতে বর্ণিত। তিনি বলেন, একদা আমি আবৃ হুরাইরাহ্ হাত বর্ণিত। তিনি বলেন, একদা আমি আবৃ হুরাইরাহ্ হাত বর্ণিত। তিনি বলেন, একদা আমি আবৃ হুরাইরাহ্ হাত বর্ণিত। তিনি বলেন স্বাহ্টি তিলাওয়াত করে সাজদাহ্ করলেন। আমি তাঁকে জিজ্ঞেস করলে তিনি বলেন, আমি আবুল কাসিম হাত এর পিছনে এ সাজদাহ্ করেছি, তাই তাঁর সঙ্গে মিলিত না হওয়া পর্যন্ত এ সূরাহ্য় সাজদাহ্ করব। (৭৬৮,১০৭৪, ১০৭৮ মুসলিম ৫/২০ হাঃ ৫৭৮) (আ.প্র. ৭২২, ই.ফা. ৭৩০)

٧٦٧. **حَرَثُنَا** أَبُو الْوَلِيدِ قَالَ حَدَّثَنَا شُعْبَةُ عَنْ عَدِيٍّ قَالَ سَمِعْتُ الْبَرَاءَ أَنَّ النَّبِيَّ ﷺ كَانَ فِي سَفَرٍ فَقَرَأَ في الْعشَاء في إحْدَى الرَّكَعَتَيْنِ بِ ﴿ اللِّينِ وَالزَّيْتُونِ﴾

৭৬৭. 'আদী (ইব্ন সাবিত) হতে বর্ণিত। তিনি বলেন, আমি বারাআ হতে হতে হুনেছি যে, নাবী في এক সফরে 'ইশা সলাতের প্রথম দু' রাক'আতের এক রাক'আতে সূরাহ্ الدِّين وَالزَّيْنُون পাঠ করেন। (৭৬৯, ৪৯৫২, ৭৫৪৬; মুসলিম ৪/৩৫ হাঃ ৪৬৪, আহমাদ ১৮৭১০) (আ.প্র. ৭২৩, ই.ফা. ৭৩১)

### • ١/١ • ١. بَابِ الْقِرَاءَةِ فِي الْعِشَاءِ بِالسَّجْدَةِ.

১০/১০১. অধ্যায় : 'ইশার সলাতে সাজদাহ্র আয়াত (সম্বলিত সূরাহ্) তিলাওয়াত।

٧٦٨. حارثنا مُسَدَّدُ قَالَ حَدَّنَنَا يَزِيدُ بْنُ زُرَيْعِ قَالَ حَدَّثَنِي التَّيْمِيُّ عَنْ بَكْرِ عَنْ أَبِي رَافِعِ قَالَ صَلَيْتُ مَعَ أَبِي هُرَيْرَةَ الْعَتَمَةَ فَقَرَأً ﴿ إِذَا السَّمَاءُ انْشَقَّتُ ﴾ فُسنجَدَ فَقُلْتُ مَا هَذِهِ قَالَ سنَجَدْتُ بِهَا خَلُفَ أَبِي الْقَاسِمِ الْعَالَمُ أَرَالُ أَسْجُدُ بِهَا حَتَّى أَلْقَاهُ.

৭৬৮. আবৃ রাফি' হতে বর্ণিত। তিনি বলেন, আমি আবৃ হুরাইরাহ্ এর সঙ্গে 'ইশার সলাত আদায় করলাম। তিনি এর করে গুটা গুটা সূরাহ্টি তিলাওয়াত করে সাজদাহ্ করলেন। আমি তাঁকে জিজেস করলাম, এ সাজদাহ্ কেন? তিনি বলেন, আমি আবুল কাসিম এ নিএ পিছনে এ সূরাহ্য় সাজদাহ্ করেছি, তাই তাঁর সঙ্গে মিলিত না হওয়া অবধি আমি এতে সাজদাহ্ করব। (৭৬৬) (আ.প্র. ৭২৪, ই.ফা. ৭৩২)

### . ١٠٢/١٠ . بَابِ الْقَرَاءَةِ فِي الْعَشَاءِ. ١٥/٥٥. অধ্যांग्न : 'ইশার সলাতে কিরাআত।

٧٦٩. عرثنا خلّادُ بْنُ يَحْيَى قَالَ حَدَّثَنَا مِسْعَرُ قَالَ حَدَّثَنَا عَدِيُّ بْنُ ثَابِت سَسِمِعَ الْبَسِرَاءَ ﷺ قَسَالَ سَمِعْتُ النَّبِيَّ ﷺ يَقْرَأُ ﴿ وَالتِّينِ وَالزَّيْتُونِ ﴾ في العشاء ومَا سَمِعْتُ أَحَدًا أَحْسَنُ صَوْتًا مِنْهُ أَوْ قِرَاءَةً.
 ٩७৯. वाताणा عرض عرض عرض عرض عرض العشاء ومَا سَمِعْتُ أَحَدًا أَحْسَنُ صَوْتًا مِنْهُ أَوْ قِرَاءَةً.
 ٩७৯. वाताणा عرض عرض عرض عرض عرض العشاء ومَا العشاء ومَا العشاء ومَا العشاء عرض عرض المُعْتَى اللّهِ عرض اللهِ عرض الله عرض الله عرض عرض الله عرض العرض العرض

الُّولَيَيْنِ وَيَحْذِفُ فِي الْأُولَيَيْنِ وَيَحْذِفُ فِي الْأُخْرَيَيْنِ. ١٠٣/١٠. بَابِ يُطَوِّلُ فِي الْأُولَيَيْنِ وَيَحْذِفُ فِي الْأُخْرَيَيْنِ. ১০/১০৩. অধ্যায় : প্রথম দু' রাক'আতে কিরাআত দীর্ঘ করা ও শেষ দু' রাক'আতে তা সংক্ষেপ করা।

٧٧٠. صرتنا سُلَيْمَانُ بْنُ حَرْبٍ قَالَ حَدَّثَنَا شُعْبَةُ عَنْ أَبِي عَوْنِ مُحَمَّدِ بْنِ عُبَيْدِ اللهِ النَّقَفِي قَالَ اللهِ النَّقَفِي قَالَ اللهِ النَّقَفِي قَالَ اللهِ النَّقَفِي وَاللهِ اللهِ اللهِ النَّقَفِي وَلَا شَيْءٍ حَتَّى الصَّلاَةِ قَالَ أَمَّا أَنَا فَأَمُدُّ فِي كُلِّ شَيْءٍ حَتَّى الصَّلاَةِ قَالَ أَمَّا أَنَا فَأَمُدُّ فِي مَا مَعْدٍ لَقَدْ شَكَوْكَ فِي كُلِّ شَيْءٍ حَتَّى الصَّلاَةِ قَالَ أَمَّا أَنَا فَأَمُدُ فِي

الْأُولَيْيَنِ وَأَحْذِفُ فِي الْأَحْرَيْيَنِ وَلاَ آلُو مَا اقْتَدَيْتُ بِهِ مِنْ صَلاَةٍ رَسُولِ اللهِ ﷺ قَالَ صَدَقَتَ ذَاكَ الظُّنُّ بِكَ أَوْ ظَنَّى بكَ.

৭৭০. জাবির ইব্নু সামুরাহ (২) হতে বর্ণিত। তিনি বলেন, 'উমার (২) সা'দ (২)-কে বললেন, আপনার বিরুদ্ধে তারা (কৃফাবাসীরা) সর্ব বিষয়ে অভিযোগ করেছে, এমনকি সলাত সম্পর্কেও। সা'দ (২) বললেন, আমি প্রথম দু'রাক'আতে কিরাআত দীর্ঘ করে থাকি এবং শেষের দু' রাক'আতে তা সংক্ষেপ করি। আমি আল্লাহর রসূল (২)-এর পিছনে যেমন সলাত আদায় করেছি, তেমনই সলাত আদায়ের ব্যাপারে আমি ক্রটি করিনি। 'উমার (২) বললেন, আপনি ঠিকই বলেছেন, আপনার ব্যাপারে ধারণা এমনই, কিংবা (তিনি বলেছিলেন) আপনার সম্পর্কে আমার এ রকমই ধারণা। (৭৫৫) (আ.প্র. ৭২৬, ই.ফা. ৭৩৪)

हिंचू शानाभार हिंची वर्तन, नावी ﷺ पृतार् पृत পर्फ़रहन।

٧٧١. عرشا آدَمُ قَالَ حَدَّنَنَا شُغَبَةُ قَالَ حَدَّنَنَا سَيَّارُ بْنُ سَلاَمَةَ قَالَ دَحَلْتُ أَنَا وَأَبِي عَلَى أَبِي بَسرْزَةَ الْأَسْلَمِيِّ فَسَأَلْنَاهُ عَنْ وَقَتِ الصَّلُواتِ فَقَالَ كَانَ النَّبِيُّ عَلَى يُصلِّي الظَّهْرَ حِينَ تَزُولُ الشَّمْسُ وَالْعَصْرَ وَيَرْجِعُ الرَّجُلُ إِلَى أَقْصَى الْمَدينَةِ وَالشَّمْسُ حَيَّةٌ وَنَسِيتُ مَا قَالَ فِي الْمَغْرِبِ وَلاَ يُبَالِي بِتَأْخِيرِ الْعِشَاءِ إِلَى تُلُسِتُ اللَّيْلِ وَلاَ يُبَالِي بِتَأْخِيرِ الْعِشَاءِ إِلَى تُلُسِتُ اللَّيْلِ وَلاَ يُعَرِفُ الرَّجُلُ فَيَعْرِفُ جَلِيسَهُ وَكَانَ يَقْرَأُ اللَّيْلِ وَلاَ يُحِبُّ النَّوْمَ قَبْلَهَا وَلاَ الْحَدِيثَ بَعْدَهَا وَيُصَلِّي الصَّبْحَ فَيَنْصَرِفُ الرَّجُلُ فَيَعْرِفُ جَلِيسَهُ وَكَانَ يَقْرَأُ فِي الرَّحُعْتَيْنَ أَوْ إِحْدَاهُمَا مَا بَيْنَ السَّيِّينَ إِلَى الْمائَة.

৭৭১. সাইয়ার ইব্নু সালামাহ হাতে বর্ণিত। তিনি বলেন, আমি ও আমার পিতা আবৃ বারযা আসলামী হাত্র-এর নিকট উপস্থিত হয়ে সলাতসমূহের সময় সম্পর্কে জিজ্ঞেস করলাম। তিনি বললেন, নাবী হাত্র যুহরের সলাত সুর্য ঢলে গেলেই আদায় করতেন। আর 'আসর (এমন সময় য়ে, সলাতের শেষে) কোন ব্যক্তি সূর্য সতেজ থাকাবস্থায় মাদীনাহর প্রান্তে ফিরে আসতে পারতো। মাগরিব সম্পর্কে তিনি কী বলেছিলেন, তা আমি ভুলে গেছি। আর তিনি রাতের এক তৃতীয়াংশ পর্যন্ত 'ইশা বিলম্ব করতে কোন দ্বিধা করতেন না এবং 'ইশার পূর্বে ঘুমানো ও পরে কথাবার্তা বলা তিনি পছন্দ করতেন না। আর তিনি ফাজর আদায় করতেন এমন সময় য়ে, সলাত শেষে ফিরে য়েতে লোকেরা তার পার্শ্ববর্তী ব্যক্তিকে চিনতে পারতো। এর দু' রাক'আতে অথবা রাবী বলেছেন, এক রাক'আতে তিনি ষাট থেকে একশ' আয়াত পাঠ করতেন। (৫৪১) (আ.প্র. ৭২৭, ই.ফা. ৭৩৫)

٧٧٢. صَرْتُنَا مُسَدَّدٌ قَالَ حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ إِبْرَاهِيمَ قَالَ أَخْبَرَنَا ابْنُ جُرَيْجِ قَالَ أَخْبَرَنِي عَطَاءً أَنَّهُ سَمِعَ أَبَا هُرَيْرَةَ عَلَى أَخْبَرَنَا أَسْمَعْنَا رَسُولُ اللهِ عَلَى أَمْ وَمَا أَخْفَى عَنَّا أَخْفَيْنَا مَسُولُ اللهِ عَلَى أَمْ الْحُفَى عَنَّا أَخْفَيْنَا أَشُمَعْنَا رَسُولُ اللهِ عَلَى أَمْ الْحُرَامُ وَمَا أَخْفَى عَنَّا أَخْفَيْنَا وَسُولُ اللهِ عَلَى أَمْ الْقُرْآن أَخْزَأُتْ وَإِنْ زَدْتَ فَهُوَ خَيْرٌ.

৭৭২. আবৃ হুরাইরাই ( হেলা) হতে বর্ণিত। তিনি বলেন, প্রত্যেক সালাতেই কিরাআত পড়া হয়। তবে যে সব সলাত আল্লাহর রসূল ক্রি আমাদের শুনিয়ে পড়েছেন, আমরাও তোমাদের শুনিয়ে পড়ব। আর যে সব সলাতে আমাদের না শুনিয়ে পড়েছেন, আমরাও তোমাদের না শুনিয়ে পড়ব। যদি তোমরা সূরাহ্ আল-ফাতিহার উপরে আরো অধিক না পড়, সলাত আদায় হয়ে যাবে। আর যদি অধিক পড় তা উত্তম। (মুসলিম ৪/১১, হাঃ ৩৯৬) (আ.প্র. ৭২৮, ই.ফা. ৭৩৬)

المَجَهْرِ بِقِرَاءَةِ صَلاَةِ الْفَجْرِ ١٠٥/١٠ بَابِ الْجَهْرِ بِقِرَاءَةِ صَلاَةِ الْفَجْرِ ٥٥/٥٥. هلايا عَ ٥٥/٥٥٠ ما ٥٥/٥٥٠ ما ١٥/٥٥٠ ما ١٥/٥٥٠ ما ١٥/٥٠٠ ما ١٥/٥٠ ما ١٥/٠٠ ما ١٥

وَقَالَتَ أُمُّ سَلَمَةَ طُفْتُ وَرَاءَ النَّاسِ وَالنَّبِيُّ ﷺ يُصَلِّي وَيَقَرَأُ بِ ﴿الطُّورِ﴾.

উন্মু সালামাহ হ্রিক্স বলেন, আমি লোকদের পিছনে তাওয়াফ করছিলাম। নাবী হ্রিক্স তখন সলাত আদায় করছিলেন এবং সূরাহ্ তূর পাঠ করছিলেন।

٧٧٣. حرثنا مُسَدَّدٌ قَالَ حَدَّنَا أَبُو عَوَانَةَ عَنْ أَبِي بِشْرٍ هُوَ جَعْفَرُ بُنُ أَبِي وَحْشَيَّةً عَنْ سَعِد بْنِ جُبَيْرٍ عَنْ عَبْدِ اللهِ بْنِ عَبَّاسٍ رَضِيَ اللهُ عَنْهُمَا قَالَ انطَلَقَ النَّبِيُ عَلَيْ فِي طَائِفَة مِنْ أَصْحَابِهِ عَامِدِينَ إِلَى سُسوقِ عُكَاظِ وَقَدْ حِلَ بَيْنَ الشَّيَاطِينِ وَبَيْنَ حَبَرِ السَّمَاءِ وَأُرْسِلَتْ عَلَيْنَا الشَّهُبُ قَالُوا مَا حَالَ بَيْنَكُمْ وَبَيْنَ خَبَسِ فَقَالُوا مِيلَ بَيْنَنَا وَبَيْنَ حَبْرِ السَّمَاءِ وَأُرْسِلَتْ عَلَيْنَا الشَّهُبُ قَالُوا مَا حَالَ بَيْنَكُمْ وَبَيْنَ خَبَسِ فَقَالُوا مَا لَكُمْ فَقَالُوا مَا مَلَا اللهُ عَنْ مَعْوَلِ بَيْنَكُمْ وَبَيْنَ خَبَسِ السَّمَاءِ إِلاَّ شَيْءً حَدَثَ فَاضْرِبُوا مَشَارِقَ الْأَرْضِ وَمَغَارِبَهَا فَانْظُرُوا مَا هَذَا اللّذِي حَالَ بَيْنَكُمْ وَبَيْنَ خَبَسِ السَّمَاءِ إِلاَّ شَيْءً حَدَثَ فَاضْرِبُوا مَشَارِقَ الْأَرْضِ وَمَغَارِبَهَا فَانْظُرُوا مَا هَذَا اللّذِي حَالَ بَيْنَكُمْ وَبَيْنَ خَبَسِرِ السَّمَاءِ فَانْصَرَفَ أُولِيكَ الَّذِينَ تَوَجَّهُوا نَحْوَ تِهَامَةَ إِلَى النَّبِي عَلَى وَهُو بِنَحْلَةَ عَامِدِينَ إِلَى سُوقٍ عُكَاظِ وَهُو السَّمَاءِ فَهُ اللَّهِ اللّذِي حَالَ بَيْنَكُمْ وَبَيْنَ خَبَسِرِ يُسَلِّي بِأَصْحَابِهِ صَلاَةَ الْفَيْرِ فَلَمَ اللّهِ الْذِي حَالَ بَيْنَكُمْ وَبَيْنَ خَبَسِرِ يُسَلِّي بِأَصْحَابِهِ صَلاَةَ الْفَرْقِ إِلَى الْوَلَا اللّهُ عَلَى البَيْعِ فَلَا أَوْ عِيَ إِلَى اللّهُ اللّهُ عَلَى الرَّشِدِ فَآلُوا يَا قَوْمَنَا الْإِنَّا سَيْعَنَا قُرْآنًا عَجَبًا يَهْدِي إِلَى الرَّشِدِ فَآمَنَا لِيلَ عَرْمِهُمْ وَقَالُوا يَا قَوْمَنَا الْإِلَى الْمُولِي الْمُعُوا إِلَى الْمُعْولِ الْمُعُوا أَلُولُ اللّهُ عَلَى الْمُعْتَى نَبِيهِ فَلَ أُوحِيَ إِلَى اللّهُ عَلَى نَبِيهِ فَلَى أَوْمِي إِلَى اللّهُ السَمَعَ عَفَرٌ مِنَ الْحِرْ وَإِلَّهُ الْمُولِ الْمَذَى الْدِي وَاللّهِ الْمُعَلِي الْمُؤْلُ أَلْولِ اللّهُ عَلَى الْمُؤْلُولُ أَوجِيَ إِلَى اللّهُ السَمَاعِ عَلَى اللّهُ عَلَى الْمُؤْلُولُ اللّهُ اللّهُ عَلَى اللّهُ عَلَى اللّهُ عَلَى اللّهُ السَمَاعِ الْمُؤَلِ الللّهُ عَلَى اللّهُ عَلَى اللّهُ عَلَى اللّهُ عَلَى اللّهُ عَلَى الللّهُ عَلَى الللللّهُ عَلَى اللّهُ السَلَاقُ الللّهُ

৭৭৩. ইব্নু 'আব্বাস 🚌 হতে বর্ণিত। তিনি বলেন, নাবী 🚎 কয়েকজন সহাবীকে সঙ্গে নিয়ে উকায বাজারের উদ্দেশে রওয়ানা করেন। আর দুষ্ট জিন্নদের উর্ধ্বলোকের সংবাদ সংগ্রহের পথে প্রতিবন্ধকতা দেখা দেয় এবং তাদের দিকে অগ্নিপিও নিক্ষিপ্ত হয়। কাজেই শয়তানরা তাদের সম্প্রদায়ের নিকট ফিরে আসে। তারা জিজ্ঞেস করলো, তোমাদের কী হয়েছে? তারা বলল, আমাদের এবং আকাশের সংবাদ সংগ্রহের মধ্যে বাধা দেখা দিয়েছে এবং আমাদের দিকে অগ্নিপিণ্ড ছুঁড়ে মারা হয়েছে। তখন তারা বলল নিশ্চয়ই গুরুত্বপূর্ণ একটা কিছু ঘটেছে বলেই তোমাদের এবং আকাশের সংবাদ সংগ্রহের মধ্যে বাধা সৃষ্টি হয়েছে। কাজেই, পৃথিবীর পূর্ব এবং পশ্চিমাঞ্চল পর্যন্ত ঘুরে দেখ, কী কারণে তোমাদের ও আকাশের সংবাদ সংগ্রহের মধ্যে বাধা সৃষ্টি হয়েছে? তাই তাদের যে দলটি তিহামার দিকে গিয়েছিল, তারা নাবী 🚎 এর দিকে অগ্রসর হল। তিনি তখন 'উকায বাজারের পথে নাখ্লা নামক স্থানে সহাবীগণকে নিয়ে ফজরের সলাত আদায় করছিলেন। তারা যখন কুরআন শুনতে পেল, তখন সেদিকে মনোনিবেশ করলো। অতঃপর তারা বলে উঠলো, আল্লাহ্র শপথ। এটিই তোমাদের ও আকাশের সংবাদ সংগ্রহের মধ্যে বাধা সৃষ্টি করেছে। এমন সময় যখন তারা গোত্রেরর নিকট ফিরে আসল এবং বলল হে আমাদের সম্প্রদায়! আমরা এক আশ্চর্যজনক কুরআন শুনেছি, যা সঠিক পথ নির্দেশ করে, আমরা এতে ঈমান এনেছি এবং কখনো আমরা আমাদের প্রতিপালকের সঙ্গে কাউকে শরীক স্থির করব না। এ প্রসঙ্গেই আল্লাহ্ তা'আলা তাঁর নাবী 🚅 এর প্রতি فل أوجى إلى সূরাহ্ নাযিল করেন। মূলতঃ তাঁর নিকট জিনদের কথাবার্তাই ওয়াহীরূপে অবতীর্ণ করা হয়েছে। (৪৯২১; মুসলিম ৪/৩৩ হাঃ ৪৪৯) (আ.প্র. ৭২৯, ই.ফা. ৭৩৭)

٧٧٤. **عَرْمَ**ةَ عَنْ ابْنِ عَبَّاسٍ قَالَ حَدَّثَنَا إِسْمَاعِيلُ قَالَ حَدَّثَنَا أَيُّوبُ عَنْ عِكْرِمَةَ عَنْ ابْنِ عَبَّاسٍ قَالَ قَرَأَ النَّبِسِيُّ اللَّهِ أَسُولِ اللهِ أُسُوةً حَسَنَةً ﴾ ﴿ لَقَدْ كَانَ لَكُمْ فِي رَسُولِ اللهِ أُسُوةً حَسَنَةً ﴾

৭৭৪. ইব্নু 'আব্বাস হাতে বর্ণিত। তিনি বলেন, নাবী হাতে যেখানে কিরাআত পাঠের জন্য আদেশ পেয়েছেন, সেখানে পড়েছেন। আর যেখানে চুপ থাকতে আদেশ পেয়েছেন সেখানে চুপ থেকেছেন রয়েছেন। (আল্লাহ্ তা'আলার বাণী): "তোমার প্রতিপালক ভুল করেন না" – (স্রাহ্ মারইয়াম ১৯/৬৪)। "নিশ্চয় তোমাদের জন্য আল্লাহর রসূল-এর মধ্যে রয়েছে উত্তম আদর্শ।" (স্রাহ্ আল-আহ্যাব ৩৩/২১) (আ.প্র.৭৩০, ই.ফা. ৭৩৮)

• ١٠٦/١. بَابِ الْجَمْعِ بَيْنَ السُّورَتَيْنِ فِي الرَّكْعَةِ وَالْقِرَاءَةِ بِالْخَوَاتِيمِ وَبِسُورَةٍ قَبْلَ سُورَةٍ وَالْقِرَاءَةِ بِالْخَوَاتِيمِ وَبِسُورَةٍ قَبْلَ سُورَةٍ وَالْقِرَاءَةِ بِالْخَوَاتِيمِ وَبِسُورَةٍ وَبِلُورَةٍ وَالْقِرَاءَةِ فَالْسُورَةِ

১০/১০৬. অধ্যায় : এক রাক'আতে দু' সূরাহ্ মিলিয়ে পড়া, সূরাহ্র শেষাংশ পড়া, এক সূরাহ্র পূর্বে আরেক সুরা পড়া এবং সূরাহ্র প্রথমাংশ পড়া।

وَيُذْكَرُ عَنْ عَبْدِ اللهِ بْنِ السَّائِبِ قَرَأَ النَّبِيُّ ﷺ الْمُؤْمِنُونَ فِي الصَّبْحِ حَتَّى إِذَا جَاءَ ذِكْرُ مُوسَى وَهَارُونَ أَوْ ذِكْرُ عِيسَى أَخَذَتُهُ سَعْلَةٌ فَرَكَعَ وَقَرَأَ عُمَرُ فِي الرَّكْعَةِ الْأُولَى بِمِائَةٍ وَعِشْرِينَ آيَةً مِنَ الْبَقَرَةِ وَفِي النَّانِيَــةِ بِسُورَة مِنَ الْمَثَانِي وَقَرَأَ الْأَحْنَفُ بِالْكَهْفِ فِي الْأُولَى وَفِي النَّانِيَةِ بِيُوسُفَ أَوْ يُونُسَ وَذَكَرَ أَنَّهُ صَــلَّى مَــعَ عُمَرَةُ الصُّبُحَ بِهِمَا وَقَرَأَ ابْنُ مَسْعُود بِأَرْبَعِينَ آيَةً مِنَ الْأَثْفَالِ وَفِي النَّانِيَةِ بِسُورَةٍ مِنَ الْمُفَصَّلِ وَقَالَ قَتَــادَةُ فِيمَنْ يَقْرَأُ سُورَةً وَاحْدِدَةً فِي رَكْعَتَيْنِ أَوْ يُرَدِّدُ سُورَةً وَاحِدَةً فِي رَكْعَتَيْنِ كُلُّ كِتَابُ اللهِ

'আবদুল্লাহ্ ইব্র্ সায়ির্ব (২৯) হতে বর্ণিত যে, নাবী (১৯) ফাজ্রের সালাতে স্রাহ্ মু'মিন্ন পড়তে তরু করেন। যখন মূসা (১৯৯৯) ও হারূন (১৯৯৯) বা 'ঈসা (১৯৯৯)-এর আলোচনা এল, তাঁর কাশি উঠল আর তখন তিনি রুক্'তে চলে গেলেন। 'উমার (২৯) প্রথম রাক'আতে সূরাহ্ বাক্বারাহ্র একশ' বিশ আয়াত তিলাওয়াত করেন এবং দ্বিতীয় রাক'আতে মাসানী স্রাহ্হসমূহের কোন একটি তিলাওয়াত করেন। আহনাফ (রহ.) প্রথম রাক'আতে স্রাহ্ কাহ্ফ তিলাওয়াত করেন এবং দ্বিতীয় রাক'আতে স্রাহ্ ইউসুফ বা স্রাহ্ ইউসুফ বা স্রাহ্ ইউসুফ বা স্রাহ্ ইউনুস তিলাওয়াত করেন এবং তিনি বর্ণনা করেছেন যে, তিনি 'উমার (২৯)-এর পিছনে এ দু'টি স্রাহ্ দিয়ে ফাজরের সলাত আদায় করেন। ইব্নু মাস'উদ (২৯) (প্রথম রাক'আতে) স্রাহ্ আল-আনফালের চল্লিশ আয়াত পড়েন এবং দ্বিতীয় রাক'আতে মুফাস্সাল স্রাহ্ সমূহের একটি পড়েন। যে ব্যক্তি দু' রাক'আতে একই স্রাহ্ ভাগ করে পড়ে বা দু' রাক'আতে একই স্রাহ্ দুহরিয়ে পড়ে তার সম্পর্কে কাতাদাহ্ (রহ.) বলেন, সবই আল্লাহ্র কিতাব। (অর্থাৎ জায়িষ)।

٧٧٤م. وَقَالَ عُبَيْدُ الله عَنْ ثَابِت عَنْ أَنسِ بَنِ مَالِكَ ﴿ اللهُ عَنْ أَنسِ بَنِ مَالِكَ ﴿ اللهُ اللهُ عَنَ اللّهُ أَحَدُ اللّهُ اللّهُ عَنْ اللّهُ اللهُ اللّهُ اللهُ اللّهُ الللهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللللّهُ الللللّهُ الللهُ الللهُ الللهُ الللهُ الللهُ الللهُ الللهُ اللهُ الللهُ اللهُ الللهُ الللهُ الللهُ الللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ الللهُ اللهُ اللهُ الللهُ اللهُ الللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ الللهُ الللهُ الللهُ اللهُ الللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ الللهُ اللهُ اللهُ اللهُولِ اللهُ الللهُ اللهُ الللللهُ الللهُ اللهُ الللهُ اللهُ اللهُ ا

৭৭৪মীম। আনাস ( হেতে বর্ণিত। কুবার মাসজিদে এক আনসারী ব্যক্তি তাঁদের ইমামাত করতেন। তিনি সশব্দে কিরা-আত পড়া হয় এমন কোন সলাতে যখনই কোন সূরাহ্ তিলাওয়াত করতেন, ঠেনি ঠার সূরাহ্ দ্বারা শুরু করতেন। তা শেষ করে অন্য একটি সূরাহ্ এর সাথে মিলিয়ে পড়তেন। আর প্রতি রাক'আতেই তিনি এমন করতেন। তাঁর সঙ্গীরা এ ব্যাপারে তাঁর নিকট বললেন যে, আপনি এ সূরাহ্টি দিয়ে শুরু করেন, এটি যথেষ্ট হয় বলে আপনি মনে করেন না তাই আর একটি সূরাহ্ মিলিয়ে পড়েন। হয় আপনি এটিই পড়বেন, না হয় এটি বাদ দিয়ে অন্যটি পড়বেন। তিনি বললেন, আমি এটি কিছুতেই ছাড়তে পারব না। আমার এভাবে ইমামাত করা যদি আপনারা অপছন্দ করেন, তাহলে আমি আপনাদের ইমামাত ছেড়ে দেব। কিছু তাঁরা জানতেন যে, তিনি তাদের মাঝে উত্তম। তিনি ব্যতীত অন্য

কেউ তাদের ইমামাত করুক এটা তাঁরা অপছন্দ করতেন। পরে নাবী যখন তাঁদের এখানে আগমন করেন, তাঁরা বিষয়টি নাবী ক্রি-কে জানান। তিনি বললেন, হে, অমুক! তোমার সঙ্গীগণ যা বলেন তা করতে তোমাকে কিসে বাধা দেয়? আর প্রতি রাক'আতে এ স্রাহ্টি বাধ্যতামূলক করে নিতে কিসে উদ্বুদ্ধ করছে? তিনি বললেন, আমি এ স্রাহ্টি ভালবাসি। নাবী ক্রিক্র বললেন : এ স্রাহ্র ভালবাসা তোমাকে জান্নাতে প্রবেশ করাবে। (আ.প্র. অনুচ্ছেদ পৃষ্ঠা ৩৩৬, ই.ফা. অনুচ্ছেদ ৪৯৮)

٧٧٥. **طَرْثُنَا** آدَمُ قَالَ حَدَّثَنَا شُغْبَةُ عَنْ عَمْرِو بْنِ مُرَّةَ قَالَ سَمِعْتُ أَبَا وَاثِلِ قَالَ جَاءَ رَجُلَّ إِلَى ابْسِنِ مَسْعُود فَقَالَ قَرَأْتُ الْمُفَصَّلَ اللَّيْلَةَ فِي رَكْعَة فَقَالَ هَذَّا كَهَذّ الشَّعْرِ لَقَدْ عَرَفْتُ النَّظَائِرَ الَّتِي كَانَ النَّبِيُّ ﷺ يَقْرُنُ بَيْنَهُنَّ فَذَكَرَ عِشْرِينَ سُورَةً مِنَ الْمُفَصَّلِ سُورَتَيْنِ فِي كُلِّ رَكْعَةٍ.

৭৭৫. আবৃ ওয়াইল (রহ.) হতেঁ বর্ণিত। তির্নি বলেন, এক ব্যক্তি ইব্নু মার্স উদ ( এন নিকট এসে বলল, গতরাতে আমি মুফাস্সাল সূরাহ্ণুলো এক রাক আতেই তিলাওয়াত করেছি। তিনি বললেন, তাহলে নিশ্চয়ই কবিতার ন্যায় দ্রুত পড়েছ। নাবী প্রে পরস্পর সমত্ল্য যে সব সূরাহ্ মিলিয়ে পড়তেন, সেগুলো সম্পর্কে আমি জানি। এ বলে তিনি মুফাস্সাল সূরাহ্সমূহের বিশটি সূরাহ্ উল্লেখ পূর্বক বলেন, নাবী প্রে প্রতি রাক আতে এর দু টি করে সূরাহ্ পড়তেন। (৪৯৯৬, ৫০৪৩; মুসলিম ৬/৪৯ হাঃ ৮২২, আহমাদ ৪৪১০) (আ.গ্র. ৭৩১, ই.ফা. ৭৩৯)

#### . ١٠٧/١٠ بَابِ يَقْرَأُ فِي الْأُخْرَيَيْنِ بِفَاتِحَةِ الْكَتَابِ. ١٠٧/١٥ بَابِ يَقْرَأُ فِي الْأُخْرَيَيْنِ بِفَاتِحَةِ الْكَتَابِ. ١٥/١٥٥ بِعَالِمَ مِهْ الْكُتَابِ بَالْكُورَيْنِ بِفَاتِحَةِ الْكَتَابِ.

٧٧٦. طرثنا مُوسَى بْنُ إِسْمَاعِيلَ قَالَ حَدَّثَنَا هَمَّامٌ عَنْ يَحْيَى عَنْ عَبْد اللهِ بْنِ أَبِي قَتَادَةَ عَنْ أَبِيهِ أَنَّ اللهِ عَنْ يَحْيَى عَنْ عَبْد اللهِ بْنِ أَبِي قَتَادَةَ عَنْ أَبِيهِ أَنَّ النَّبِيَّ عَلَمْ كَانَ يَقْرَأُ فِي الظَّهْرِ فِي الْأَوْلَيْنِ بِأُمِّ الْكَتَابِ وَسُورَتَيْنِ وَفِي الرَّكُعَةَ النَّانِيَةِ وَهَكَذَا فِي الْأَكْمَ لِلَّ يُطُولُ فِي الرَّكُعَةِ النَّانِيَةِ وَهَكَذَا فِي الْعَصْرِ وَهَكَذَا فِي الرَّكُعَةِ النَّانِيَةِ وَهَكَذَا فِي الْعَصْرِ وَهَكَذَا فِي الصَّبُح.

৭৭৬. আবৃ কাতাদাহ ( হতে বর্ণিত যে, নাবী হত যুহরের প্রথম দু'রাক'আতে সূরাহ্ আল-ফাতিহা ও দু'টি সূরাহ্ পড়তেন এবং শেষ দু'রাক'আতে সূরাহ্ আল-ফাতিহা পাঠ করতেন এবং তিনি কোন কোন আয়াত আমাদের শোনাতেন, আর তিনি প্রথম রাক'আতে যত দীর্ঘ করতেন, দ্বিতীয় রাক'আতে তত দীর্ঘ করতেন না। 'আসরে এবং ফাজ্রেও এ রকম করতেন। (৭৫৯) (আ.প্র. ৭৩২, ই.ফা. ৭৪০)

### . ۱۰۸/۱۰ بَابِ مَنْ خَافَتَ الْقِرَاءَةَ فِي الظَّهْرِ وَالْعَصْرِ. ১০/১০৮. অধ্যায় : यूरुत्र ও 'আসत्नে নিঃশব্দে কিরাআত পড়া।

٧٧٧. **طَرْمُنَا** قُتَيْبَةُ بْنُ سَعِيدِ قَالَ حَدَّنَنَا جَرِيرٌ عَنِ الْأَعْمَشِ عَنْ عُمَارَةَ بْنِ عُمَيْرٍ عَنْ أَبِي مَعْمَرٍ قُلَـتُ لِحَبَّابٍ أَكَانَ رَسُولُ اللهِ ﷺ يَقْرَأُ فِي الظُّهْرِ وَالْعَصْرِ قَالَ نَعَمْ قُلْنَا مِنْ أَيْنَ عَلِمْتَ قَالَ بِاضْطِرَابِ لِحُيَّتِهِ. ৭৭৭. আবৃ মা'মার হাত বর্ণিত। তিনি বলেন, আমরা খাব্বাব হাত কি জিজ্ঞেস করলাম, আল্লাহর রসূল হাত কি যুহর ও আসরের সলাতে কিরাআত পড়তেন? তিনি বললেন, হাঁ। আমরা জিজ্ঞেস করলাম, কী করে বুঝলেন? তিনি বললেন, তাঁর দাড়ি নড়াচড়া দেখে। (৭৪৭) (আ.গ্র. ৭৩৩, ই.ফা. ৭৪১)

#### • ١٠٩/١. بَابِ إِذَا أَسْمَعَ الْإِمَامُ الْآيَةَ.

#### ১০/১০৯. অধ্যায় : ইমাম আয়াত শুনিয়ে পাঠ করলে।

٨١٠. حرثنا مُسْلِمُ بْنُ إِبْرَاهِيمَ قَالَ حَدَّثَنَا شُعْبَةُ عَنْ عَمْرٍو عَنْ طَاوُسٍ عَنْ ابْنِ عَبَّاسٍ رَضِيَ اللهُ عَنْهُمَا عَنْ النَّبِيِّ عَلَى اللهُ عَنْهُمَا عَنْ النَّبِيِّ عَلَى اللهُ عَنْهُمَا اللهِ عَنْ النَّبِيِّ عَلَى اللهُ عَنْهُمَا اللهُ عَنْهُمَا اللهِ عَنْهُمَا اللهُ عَنْهُمُ اللهُ عَنْهُمُ إِلَيْهِمِ عَلَى اللهُ عَنْهُمُ اللهُ عَنْهُمَا اللهُ عَنْهُمَا اللهُ اللهُ عَنْهُمُ اللهُ عَنْهُمَا اللهُ عَنْهُمُ اللهُ عَنْهُمُ اللهُ عَنْهُمَا اللهُ اللهُ عَنْهُمُ اللهُ عَنْهُمُ اللهُ اللهُ عَلَيْهُمُ اللهُ اللهُ اللهُ عَلَيْهُمُ اللهُ ال

৮১০. ইব্নু 'আব্বাস 📺 হতে বর্ণিত যে, নাবী 🚎 বলেছেন : আমরা সাতটি অঙ্গের দ্বারা সাজদাহ্ করতে এবং চুল ও কাপড় না গুটাতে নির্দেশিত হয়েছি। (৮০৯) (আ.প্র. ৭৬৫, ই.ফা. ৭৭৩)

٨١١. حرثنا آدَمُ حَدَّثَنَا إِسْرَائِيلُ عَنْ أَبِي إِسْحَانَ عَنْ عَبْدِ اللهِ بْنِ يَزِيدَ الْخَطْمِيِّ حَدَّثَنَا الْبَسِرَاءُ بُسنُ عَازِب وَهُوَ غَيْرُ كَذُوب قَالَ كُنّا نُصَلِّي خَلْفُ النَّبِيِّ عَلَىٰ النَّبِيِّ عَلَىٰ النَّبِيِّ عَلَىٰ النَّبِيِّ عَلَىٰ النَّبِيِّ عَلَىٰ الأَرْضِ.
 ظَهْرَهُ حَتَّى يَضَعَ النَّبِيُّ عَلَىٰ الْأَرْضِ.

৮১১. বারাআ ইব্নু 'আযিব 🚌 হতে বর্ণিত- যিনি অবশ্যই মিথ্যাবাদী ছিলেন না। তিনি বলেন, আমরা নাবী 🚎 এর পশ্চাতে সলাত আদায় করতাম। তিনি مَمْعَ اللهُ لِمَنْ حَمِدَةُ वलाর পর যতক্ষণ না কপাল মাটিতে স্থাপন করতেন, ততক্ষণ পর্যন্ত আমাদের কেউ সাজদাহ্র জন্য পিঠ ঝুঁকাত না। (৬৯০) (আ.প্র. ৭৬৬, ই.ফা. ৭৭৪)

#### . ١٣٤/١٠ بَابِ السُّجُودِ عَلَى الْأَلْفِ. ١٣٤/١٠ بَابِ السُّجُودِ عَلَى الْأَلْفِ. ١٥/١٥٥ بَالِيَّانِيَّةِ عَلَى الْأَلْفِ.

٨١٢. حَرْثُنَا مُعَلِّى بْنُ أَسَدَ قَالَ حَدَّثَنَا وُهَيْبٌ عَنْ عَبْدِ اللهِ بْنِ طَاوُسٍ عَنْ أَبِيهِ عَنْ ابْنِ عَبَّاسٍ رَضِسَىَ اللهُ عَنْهُمَا قَالَ النَّبِيُّ عَلَى أَنْهِ وَالْيَدَيْنِ وَالْهَالَ عَنْهُمَا قَالَ النَّبِيُّ عَلَى أَنْهُ وَالْيَدَيْنِ وَالْهَالَ عَلَى الْمَجْبَهَةِ وَأَشَارَ بِيَدِهِ عَلَى أَنْهُ وَالْيَدَيْنِ وَاللهُ عَنْهُمَا قَالَ النَّبِيُّ فَيْ أَنْهُ وَالْيَدَيْنِ وَالْمَرَافِ الْقَدَمَيْنِ وَلاَ نَكْفِتَ النَّيَابَ وَالشَّعَرَ.

৮১২. ইব্নু 'আব্বাস ( হল) হতে বর্ণিত। তিনি বলেন, নার্বী ইর্নশাদ করেছেন : আমি সাতটি অঙ্গের দারা সাজদাহ করার জন্য নির্দেশিত হয়েছি। কপাল দারা এবং তিনি হাত দিয়ে নাকের প্রতি ইশারা করে এর অন্তর্ভুক্ত করেন, আর দু' হাত, দু' হাঁটু এবং দু' পায়ের আঙ্গুলসমূহ দারা। আর আমরা যেন চুল ও কাপড় গুটিয়ে না নেই। (৮০৯) (আ.শ্র. ৭৬৭, ই.ফা. ৭৭৫)

# ١٣٥/١. بَابِ السُّجُودِ عَلَى الْأَنْفِ وَالسُّجُودِ عَلَى الطِّينِ. ١٣٥/١. بَابِ السُّجُودِ عَلَى الْأَنْفِ وَالسُّجُودِ عَلَى الطِّينِ. ١٥/১৩৫. অধ্যায় : নাক খারা কাদামাটির উপর সাজদাহ করা।

৮১৩. আবৃ সালামাহ হাতে বর্ণিত। তিনি বলেন, আর্মি আবৃ সা'ঈদ খুদ্রী হাত-এর নিকট উপস্থিত হয়ে বললাম, আমাদের সঙ্গে খেজুর বাগানে চলুন, (হাদীস সংক্রান্ত) আলাপ আলোচনা করব। তিনি বেরিয়ে আসলেন। আবৃ সালামাহ হাত বলেন, আমি তাকে বললাম, 'লাইলাতুল কাদ্র' সম্পর্কে নাবী হাতে যা ওনেছেন, তা আমার নিকট বর্ণনা করন। তিনি বললেন, আল্লাহর রসূল

রমাযানের প্রথম দশ দিন 'ইতিকাফ করলেন। আমরাও তাঁর সঙ্গে ই'তিকাফ করলাম। জিব্রীল (अध) এসে বললেন, আপনি যা তালাশ করছেন, তা আপনার সামনে রয়েছে। অতঃপর তিনি মধ্যবর্তী দশদিন ই'তিকাফ করলেন, আমরাও তাঁর সঙ্গে ই'তিকাফ করলাম। পুনরায় জিব্রীল (अध) এসে বললেন, আপনি যা তালাশ করছেন, তা আপনার সামনে রয়েছে। অতঃপর রমাযানের বিশ তারিখ সকালে নাবী খৃত্বা দিতে দাঁড়িয়ে বললেন, যারা আল্লাহ্র নাবীর সঙ্গে ই'তিকাফ করেছেন, তারা যেন ফিরে আসেন (আবার ই'তিকাফ করেন) কেননা, আমাকে স্বপ্নে লাইলাতুল কাদ্র' অবগত করানো হয়েছে। তবে আমাকে তা (নির্ধারিত তারিখটি) ভুলিয়ে দেয়া হয়েছে। নিঃসন্দেহে তা শেষ দশ দিনের কোন এক বেজোড় তারিখে। স্বপ্নে দেখলাম যেন আমি কাদা ও পানির উপর সাজদাহ করছি। তখন মাসজিদের ছাদ খেজুরের ডাল দ্বারা নির্মিত ছিল। আমরা আকাশে কোন কিছুই (মেঘ) দেখিনি, একখণ্ড হালকা মেঘ আসল এবং আমাদের উপর (বৃষ্টি) বর্ষিত হল। নাবী আমাদের নিয়ে সলাত আদায় করলেন। এমন কি আমি আল্লাহর রসূল তান এর কপাল ও নাকের অগ্রভাগে পানি ও কাদার চিহ্ন দেখতে পেলাম। এভাবেই তাঁর স্বপ্ন সত্যে রূপ লাভ করল। (৬৬৯) (আ.গ্র. ৭৬৮, ই.ফা. ৭৭৬)

اَلَيْهِ ثَوْبَهُ إِذَا خَافَ أَنْ تَنْكَشِفَ عَوْرَتُهُ. اَلَّمَابِ عَقْدِ الثِّيَابِ وَشَدَّهَا وَمَنْ ضَمَّ إِلَيْهِ ثَوْبَهُ إِذَا خَافَ أَنْ تَنْكَشِفَ عَوْرَتُهُ. ১০/১৩৬. অধ্যায় : কাপড়ে গিরা লাগানো ও তা বেঁধে নেয়া এবং সতর প্রকাশ হয়ে পড়ার ভয়ে কাপড় জড়িয়ে নেয়া।

٨١٤. **صَرَمُنَا** مُحَمَّدُ بَنُ كَثِيرِ قَالَ أَحْبَرَنَا سُفْيَانُ عَنْ أَبِي حَازِمٍ عَنْ سَهْلِ بَنِ سَعْد قَالَ كَانَ النَّسَاسُ يُصَلُّونَ مَعَ النَّبِيِّ فَشَّ وَهُمْ عَاقِدُوا أُزْرِهِمْ مِنْ الصِّغَرِ عَلَى رِقَابِهِمْ فَقِيلَ لِلنِّسَاءِ لاَ تَرْفَعْنَ رُّءُوسَــكُنَّ حَتَّــى يَسْتَويَ الرِّجَالُ جُلُوسًا.

৮১৪. সাহ্ল ইব্নু সা'দ ( হতে বর্ণিত। তিনি বলেন, সহাবীগণ নাবী হত্ত-এর সঙ্গে সলাত আদায় করতেন। কিন্তু ইযার বা লুঙ্গী ছোট হবার কারণে তা গলার সাথে বেঁধে নিতেন। আর নারীদেরকে বলে দেয়া হয়েছিল, তোমরা সাজদাহ হতে মাথা উঠাবে না যে পর্যন্ত পুরুষগণ ঠিকমত না বসবে। (৩৬২) (আ.শ্র. ৭৬৯, ই.ফা. ৭৭৭)

#### ١٣٧/١٠. بَابِ لاَ يَكُفُّ شَعَرًا.

১০/১৩৭. অধ্যায় : সলাতের মধ্যে মাথার চুল একত্র করবে না।

٥١٥. صَرَمُنَا أَبُو النَّعْمَانِ قَالَ حَدَّثَنَا حَمَّادُ وَهُوَ ابْنُ زَيْدِ عَنْ عَمْرِو بْنِ دِينَارٍ عَنْ طَاوُسٍ عَـــنَ ابْـــنِ عَبَّاسٍ قَالَ أُمِرَ النَّبِيُّ ﷺ أَنْ يَسْجُدَ عَلَى سَبْعَةٍ أَعْظُم وَلاَ يَكُفُّ تَوْبَهُ وَلاَ شَعَرَهُ.

৮১৫. ইব্নু 'আব্বাস হে হতে বর্ণিত। তির্নি বর্লেছেন, নাবী ক্রি সাতটি অর্কের সাহায্যে সাজদাহ্ করতে এবং সলাতের মধ্যে চুল একত্র না করতে এবং কাপড় টেনে না ধরতে নির্দেশ প্রাপ্ত হয়েছিলেন। (৮০৯) (আ.প্র. ৭৭০, ই.ফা. ৭৭৮)

## ٠ ١٣٨/١. بَابِ لاَ يَكُفُّ ثَوْبَهُ فِي الصَّلاَةِ.

#### ১০/১৩৮. অধ্যায় : সলাতের মধ্যে কাপড় টেনে না ধরা।

٨١٦. صرتنا مُوسَى بْنُ إِسْمَاعِيلَ قَالَ حَدَّنَنَا أَبُو عَوَانَةَ عَنْ عَمْرٍو عَنْ طَاوُسٍ عَنْ ابْنِ عَبَّاسٍ رَضِيَ اللهُ عَنْهُمَا عَنِ النَّبِيِّ ﷺ قَالَ أُمرْتُ أَنْ أَسْجُدَ عَلَى سَبْعَةِ لاَ أَكُفُّ شَعَرًا وَلاَ تُوبًا.

৮১৬. ইব্নু 'আব্বাস ( হে হতি বর্ণিত। নাবী ক্রিক্র বলেছেন: আমি সাঁত অঙ্গে সাঁজদাঁহ্ করতে, সলাতের মধ্যে চুল একত্র না করতে এবং কাপড় টেনে না ধরতে নির্দেশিত হয়েছি। (৮০৯) (আ.শ্র. ৭৭১, ই.ফা. ৭৭৯)

# رَ ۱۳۹/۱. بَابِ التَّسْبِيحِ وَالدُّعَاءِ فِي السُّجُودِ. ١٣٩/١. بَابِ التَّسْبِيحِ وَالدُّعَاءِ فِي السُّجُودِ. ١٣٩/١٠ عَلَامُهُمُ مُولاً عَلَى السُّجُودِ. ١٣٩/١٠ عَلَى السُّجُودِ.

٨١٧. حرثنا مُسَدَّدُ قَالَ حَدَّثَنَا يَحْيَى عَنْ سُفْيَانَ قَالَ حَدَّثَنِي مَنْصُورُ بْنُ الْبُعْتَمِرِ عَنْ مُسْلِمٍ هُوَ الْبَنُ صُبَيْحٍ أَبِي الضُّحَى عَنْ مَسْرُوق عَنْ عَائِشَةَ رَضِيَ اللهُ عَنْهَا أَنَّهَا قَالَتْ كَانَ النَّبِيُّ ﷺ يُكْثِرُ أَنْ يَقُولَ فِسِي رُكُوعِهِ وَسُجُودِهِ سُبُحَانَكَ اللَّهُمَّ رَبَّنَا وَبِحَمْدِكَ اللَّهُمَّ اعْفِرْ لِي يَتَأَوَّلُ الْقُرْآنَ.

৮১৭. 'আয়িশাহ জ্রিল্ল হতে বর্ণিত। তিনি বলেন, নাবী في তাঁর রুক্' ও সাঁজদাহ্য় অধিক পরিমাণে بَنْكَ اللَّهُمُّ رَبُّنَا وَبَحَمْدِكَ اللَّهُمُّ اعْفَرُ لِي "হে আল্লাহ্! হে আমাদের রব! আপনার প্রশংসাসহ পবিত্রতা ঘোষণা করছি। আপনি আমাকে ক্ষমা করুন" পাঠ করতেন। এতে তিনি পবিত্র কুরআনের নির্দেশ পালন করতেন। (৭৯৪; মুসিলম ৪/৪২, হাঃ ৪৮৪, আহ্মাদ ২৪২১৮) (আ.প্র. ৭৭২, ই.ফা. ৭৮০)

#### • ١ ٤ • /١ . بَابِ الْمُكْثِ بَيْنَ السَّجْدَتَيْن.

#### ১০/১৪০. অধ্যায় : দু' সাজদাহ্র মধ্যে অপেক্ষা করা।

٨١٨. حَرْمُنَا أَبُو التَّعْمَانِ قَالَ حَدَّثَنَا حَمَّادُ بْنُ زَيْدِ عَنْ أَيُّوبَ عَنْ أَبِي قِلاَبَةَ أَنَّ مَالِكَ بْنَ الْحُــوَيْرِثِ قَالَ لِأَصْحَابِهِ أَلاَ أُنَبِّكُمْ صَلاَةً رَسُولِ اللهِ عَلَّا قَالَ وَذَاكُ فِي غَيْرِ حِينِ صَلاَةً فَقَامَ ثُمَّ رَكَعَ فَكَبَّرَ ثُمَّ رَفَحَ وَاللهُ عَنْ فَكَارَ يُفَعَلُ رَأْسَهُ هُنَيَّةً فَصَلِّى صَلاَةً عَمْرِو بْنِ سَلِمَةَ شَيْحِنَا هَذَا قَالَ أَيُّوبُ كَانَ يَفْعَلُ شَيْئًا لَمْ أَرَهُمْ يَفْعَلُونَهُ كَانَ يَقْعُدُ فِي الثَّالِيَةِ وَالرَّابِعَةِ.

<sup>்</sup> এর ছারা সূরাত্ব নাসর-এর ৩ নং আয়াত (٣: النصرر) (النصرر) وفسَبَحُ بِحَمْدِ رَبَكَ وَاسْتَغْوْرُهُ إِنَّهُ كَانَ تَوْابًا) (আপনি আপনার প্রতিপাশকের প্রশংসাসহ তাঁর পবিত্রতা ও মহিমা ঘোষণা করুন এবং তাঁর ক্ষমা প্রার্থনা করুন। তিনি তো তাওবাহ কবুলকারী) এর দিকে ইঙ্গিত করা হয়েছে।

৮১৮. আবৃ ক্লিবাহ (রহ.) হতে বর্ণিত যে, মালিক ইব্নু হুয়াইরিস ( ) তাঁর সাথীদের বললেন, আল্লাহর রস্ল এই এর সলাত সম্পর্কে আমি কি তোমাদের অবহিত করব না? (রাবী) আবৃ কিলাবাহ (রহ.) বলেন, এ ছিল সলাতের সময় ছাড়া অন্য সময়। অতঃপর তিনি (সালাতে) দাঁড়ালেন, অতঃপর রুক্ করলেন, এবং তাক্বীর বলে মাথা উঠালেন আর কিছুক্ষণ দাঁড়িয়ে থাকলেন। অতঃপর সাজদাহ্য় গেলেন এবং সাজদাহ্ হতে মাথা উঠিয়ে কিছুক্ষণ বসে পুনরায় সাজদাহ্ করলেন। অতঃপর মাথা উঠিয়ে কিছুক্ষণ অপেক্ষা করলেন। এভাবে তিনি আমাদের এ শায়খ 'আম্র ইব্নু সালিমাহ্র সলাতের মত সলাত আদায় করলেন। আইয়ুব (রহ.) বলেন, 'আম্র ইব্নু সালিমাহ (রহ.) এমন কিছু করতেন যা অন্যদের করতে দেখিনি। তা হল তিনি তৃতীয় অথবা চতুর্থ রাক'আতে বসতেন। (৬৭৭) (আ.প্র.৭৭৩, ই.ফা. ৭৮১)

٨١٩. قَالَ فَأَتَيْنَا النَّبِيَّ ﷺ فَأَقَمْنَا عِنْدَهُ فَقَالَ لَوْ رَجَعْتُمْ إِلَى أَهْلِيكُمْ صَلُّوا صَلاَةً كَذَا فِي حِينِ كَــذَا صَلَّوا صَلاَةً كَذَا فِي حِينِ كَــذَا صَلَّوا صَلاَةً كَذَا فِي حِينِ كَذَا فَإِذَا حَضَرَتُ الصَّلاَةُ فَلْيُؤَذِّنْ أَحَدُكُمْ وَلْيَؤُمَّكُمْ أَكْبَرُكُمْ.

৮১৯. মালিক ইব্নু হুয়াইরিস হা বর্ণনা করেন, নাবী হা এর নিকট এসে কিছুদিন অবস্থান করলাম। তিনি আমাদের বললেন, তোমরা তোমাদের পরিবার পরিজনদের মধ্যে ফিরে যাবার পর অমুক সলাত অমুক সময়, অমুক সলাত অমুক সময় আদায় করবে। সময় হলে তোমাদের কেউ আযান দেবে এবং তোমাদের মধ্যে বয়োজ্যেষ্ঠ ব্যক্তি ইমামাত করবে।(৬২৮; মুসলিম ৬২৮) (আ.গ্র. ৭৭৩ শেষাংশ, ই.ফা. ৭৮১ শেষাংশ)

٠٨٢٠. صرتنا مُحَمَّدُ بْنُ عَبْدِ الرَّحِيمِ قَالَ حَدَّثَنَا أَبُو أَحْمَدَ مُحَمَّدُ بْنُ عَبْدِ اللهِ الزُّبَيْرِيُّ قَـالَ حَـدَّنَنَا أَبُو أَحْمَدَ مُحَمَّدُ بْنُ عَبْدِ اللهِ الزُّبَيْرِيُّ قَـالَ حَـدَّنَنَا أَبُو أَحْمَدَ مُحَمَّدُ بْنُ عَبْدِ اللهِ الزُّبَيْرِيُّ قَلَى وَرُكُوعُهُ وَقُعُودُهُ بَيْنَ مِسْعَرُّ عَنِ الْحَكَمِ عَنْ عَبْدِ الرَّحْمَٰنِ بْنِ أَبِي لَيْلَى عَنِ الْبَرَاءِ قَالَ كَانَ سُجُودُ النَّبِي فَلَى عَنْ عَبْدِ الرَّحْمَٰنِ بْنِ أَبِي لَيْلَى عَنِ الْبَرَاءِ قَالَ كَانَ سُجُودُ النَّبِي فَلَى عَنْ السَّواءِ. السَّحَدَتَيْنِ قَرِيبًا مِنْ السَّوَاءِ.

৮২০. বারাআ (ক্র) সূত্রে বর্ণিত, তিনি বলেন, নাবী (ক্রে-এর সাজদাহ্, রুক্' এবং দ্' সাজদাহ্র মধ্যে বসা প্রায় সমান (সময়ের) হতো। (৭৯২) (আ.প্র. ৭৭৪, ই.ফা. ৭৮২)

٨٢١. عَرْشَا سُلَيْمَانُ بُنُ حَرْبِ قَالَ حَدَّنَنَا حَمَّادُ بَنُ زَيْدِ عَنْ ثَابِتِ عَنْ أَنسِ بَنِ مَالِكَ اللَّهِ عَالَ إِنِّي لاَ اللَّهِ اللَّهُ مِنْ الرُّكُوعِ قَامَ حَتَّى يَقُولَ الْقَائِلُ قَدْ نَسِي وَبَيْنَ السَّحْدَتَيْنِ حَتَّى يَقُولَ الْقَائِلُ قَدْ نَسِي وَبَيْنَ السَّحْدَتِيْنِ حَتَّى يَقُولَ الْقَائِلُ قَدْ نَسِي وَبَيْنَ السَّعْدِيَ اللَّهُ الللْلَّ

৮২১. আনাস ইব্নু মালিক হাতে বর্ণিত। তিনি বলেন, আমি নাবী ক্রে-কে যেভাবে আমাদের নিয়ে সলাত আদায় করতে দেখেছি, কমবেশি না করে আমি তোমাদের সেভাবেই সলাত আদায় করে দেখাব। সাবিত (রহ.) বলেন, আনাস ইব্নু মালিক ( এমন কিছু করতেন যা তোমাদের করতে দেখিনা। তিনি রুক্' হতে মাথা তুলে দাঁড়িয়ে এত বিলম্ব করতেন যে, কেউ বলত, তিনি (সিজ্দাহ্র কথা) ভুলে গেছেন। (৮০০; মুসলিম ৪/৩৮, হাঃ ৪৭২, আহমাদ ১৩১০২) (আ.প্র.৭৭৫, ই.ফা. ৭৮৩)

# ١٤١/١٠. بَابِ لاَ يَفْتَرِشُ ذِرَاعَيْهِ فِي السُّجُودِ

১০/১৪১. অধ্যায় : সাজদাহ্য় কনুই বিছিয়ে না দেয়া।

وَقَالَ أَبُو حُمَيْدِ سَحَدَ النَّبِيُّ ﷺ وَوَضَعَ يَدَيْهِ غَيْرَ مُفْتَرِشٍ وَلاَ قَابِضِهِمَا.

আবৃ হুমাইদ ( বর্ণনা করেন, নাবী ( সাজদাহ্ করেছেন এবং তাঁর দু'হাত রেখেছেন, কিন্তু বিছিয়েও দেননি আর তা গুটিয়েও দেননি।

٨٢٢. عرثنا مُحَمَّدُ بْنُ بَشَّارِ قَالَ حَدَّنَنَا مُحَمَّدُ بْنُ جَعْفَرِ قَالَ حَدَّنَنَا شُعْبَةُ قَالَ سَمعْتُ قَتَادَةً عَــنَ أَسَرِ بْنِ مَالِكُ عَنِ النَّبِيِّ عَلَىٰ قَالَ اعْتَدَلُوا فِي السُّجُودِ وَلاَ يَبْسُطُّ أَحَدُكُمْ ذِرَاعَيْهِ انْبِسَاطَ الْكَلْبِ. أَنْسِ بْنِ مَالِكُ عَنِ النَّبِيِّ عَلَىٰ قَالَ اعْتَدَلُوا فِي السُّجُودِ وَلاَ يَبْسُطُّ أَحَدُكُمْ ذِرَاعَيْهِ انْبِسَاطَ الْكَلْبِ. هُمُ مَالِكُ عَنِ النَّبِيِّ عَلَىٰ الْمُعَلِيْ وَلاَ يَبْسُطُ أَحَدُكُمْ ذِرَاعَيْهِ انْبِسَاطَ الْكَلْبِ. هُمُ عَنِ النَّبِيِ عَلَىٰ هَا اللَّهُ عَنِ النَّبِي عَلَىٰ اللَّهُ اللَّهُ اللَّهُ عَنْ اللَّهُ عَلَىٰ اللَّهُ عَنِ النَّبِي عَلَىٰ اللَّهُ عَلَىٰ اللَّهُ عَلَىٰ اللَّهُ عَنِ النَّبِي عَلَىٰ اللَّهُ عَلَىٰ اللَّهُ عَلَىٰ اللَّهُ عَنِ النَّبِي عَلَىٰ اللَّهُ عَنِ اللَّهُ عَلَىٰ اللَّهُ عَلَىٰ اللَّهُ عَنِ اللَّهِ عَلَىٰ اللَّهُ عَلَىٰ اللَّهُ عَلَيْكُ عَلَىٰ اللَّهُ عَلَىٰ عَلَيْكُمْ عَلَىٰ اللَّهُ عَلَىٰ اللَّهُ عَلَىٰ اللَّهُ عَلَىٰ اللَّهُ عَلَىٰ اللَّهُ عَلَىٰ اللَّهُ عَلَيْلُولُونَا عَلَىٰ اللَّهُ عَلَىٰ عَلَىٰ اللَّهُ عَلَىٰ عَلَىٰ اللَّهُ عَلَى اللَّهُ اللَّهُ الْ

৮২২. আনাস হব্নু মালিক ক্রিট্র হতে বাণত। নাবা ক্রিট্র বলেছেন: সাজদাহ্য় (অঙ্গ প্রত্যঙ্গের) সামঞ্জস্য রক্ষা কর এবং তোমাদের মধ্যে কেউ যেন দু' হাত বিছিয়ে না দেয়, যেমন কুকুর বিছিয়ে দেয়। (২৪১) (আ.প্র. ৭৭৬, ই.ফা. ৭৮৪)

. ١٤٢/١٠ بَابِ مَنْ اسْتَوَى قَاعِدًا فِي وِثْرِ مِنْ صَلاَتِهِ ثُمَّ نَهَضَ. ১০/১৪২. অধ্যায় : সলাতের বেজোড় রাক'আতে সাজদাহ্ হতে উঠে বসার পর দপ্তায়মান হওয়া।

٨٢٣. حرثنا مُحَمَّدُ بْنُ الصَّبَّاحِ قَالَ أَخْبَرَنَا هُشَيْمٌ قَالَ أَخْبَرَنَا خَالِدُ الْحَدُّاءُ عَنْ أَبِي قِلاَبَةَ قَالَ أَخْبَرَنَا هُشَيْمٌ قَالَ أَخْبَرَنَا خَالِدُ الْحَدُّاءُ عَنْ أَبِي قِلاَبَةَ قَالَ أَخْبَرَنَا هُسَيْمٌ قَالَ أَخْبَرَنَا خَالِدُ الْحَدَّاءُ عَنْ أَبِي قِلاَبَةَ قَالَ أَخْبَرَنَا مُطَلِّتِهِ لَمْ يَنْهَضَ حَتَّى يَسْتَوِيَ مَا لَكُ بُنُ الْحُويَرِثِ اللَّيْفِيُّ أَنَّهُ رَأَى النَّبِيَّ عَلَيْ يُصَلِّي فَإِذَا كَانَ فِي وِثْرٍ مِنْ صَلاَتِهِ لَمْ يَنْهَضَ حَتَّى يَسْتَوِي

৮২৩. মালিক ইব্নু হয়াইরিস লাইসী (क्क) হতে বর্ণনা করেন যে, তিনি নাবী (ক্কি-কে সর্লাত আদায় করতে দেখেছেন। তিনি তাঁর সলাতের বেজোড় রাক'আতে (সাজ্দাহ হতে) উঠে না বসে দাঁড়াতেন না। (আ.প্র.৭৭৭, ই.ফা. ৭৮৫)

الرَّكْعَةِ. ١٤٣/١٠ بَابِ كَيْفَ يَعْتَمِدُ عَلَى الْأَرْضِ إِذَا قَامَ مِنْ الرَّكْعَةِ. ১০/১৪৩. অধ্যায় : রাক'আত শেষে কীরূপে জমিতে ভর দিয়ে দাঁড়াবে।

<sup>\*</sup> আমাদের দেশে বেশীর ভাগ মাসজিদে এ হাদীসের বিপরীত 'আমাল পরিলক্ষিত হয়। অথচ নাবী 😅 বেজোড় রাক'আতগুলোতে সাজদাহ শেষে উঠার পূর্বে জলসায়ে ইন্তিতিরাহাত করতেন।

<sup>(</sup>বৃধারী ১ম ১১৩ পৃষ্ঠা। আবৃ দাউদ ১১১,১১২ পৃষ্ঠা। নাসাই ১৭৩ পৃষ্ঠা। ইবনু মাজাহ ৬৪ পৃষ্ঠা। মেশকাত ৭৫ পৃষ্ঠা, মেশকাত নূর মোহাম্মদ আযমী ও মাদ্রাসা পাঠ্য ২য় খণ্ড হাদীস নং ৭৩৪,৭৪০। বৃখারী আযীয়ুল হক ১ম খণ্ড হাদীস নং ৪৭৩, বৃখারী আধুনিক প্রকাশনী ১ম খণ্ড হাদীস নং ৭৫৮, ৭৭৭, ৭৭৮। বৃখারী ইঃফাঃ হাদীস ৭৮৩; মুসলিম ইসলামিক ফাউন্ডেশন ২য় খণ্ড হাদীস নং ৭৬৯। আবৃ দাউদ ইসলামিক ফাউন্ডেশন ১ম খণ্ড হাদীস নং ৮৪২, ৮৪৪। তিরমিয়ী ইসলামিক ফাউন্ডেশন ১ম হাদীস নং ২৮। ইসলামিয়াত বি-এ, হাদীস পর্ব ১২৫ পৃষ্ঠা)

٨٢٤. عرشا مُعَلَّى بْنُ أَسَد قَالَ حَدَّنَنَا وُهَيْبٌ عَنْ أَيُوبَ عَنْ أَبِي قِلاَبَةَ قَالَ جَاءَنَا مَالكُ بْنُ الْحُويَرِتْ فَصَلَّى بِنَا فِي مَسْحِدنَا هَذَا فَقَالً إِنِي لَأُصَلِّي بِكُمْ وَمَا أُرِيدُ الصَّلاَةَ وَلَكِنَ أُرِيدُ أَنْ أُرِيكُمْ كَيْفَ رَأَيْتُ النَّبِيَّ فَصَلَّى بِنَا فِي مَسْحِدنَا هَذَا يَعْنِي عَمْرَو بُسنَ فَصَلَّى بِنَا فِي مَسْحِدنَا هَذَا يَعْنِي عَمْرَو بُسنَ فَعَلَّى قَالَ أَيُّوبُ فَقُلْتُ لِأَبِي قَلاَبَةَ وَكَيْفَ كَانَتْ صَلاَتُهُ قَالَ مِثْلَ صَلاَّة شَيْحِنَا هَذَا يَعْنِي عَمْرَو بُسنَ سَلِمَة قَالَ أَيُوبُ وَكَانَ ذَلِكَ الشَّيْخُ يُتِمُّ التَّكْبِيرَ وَإِذَا رَفَعَ رَأْسَهُ عَنْ السَّجْدَةِ النَّانِيَةِ جَلَسَ وَاعْتَمَسَدَ عَلَى الْأَرْضِ ثُمَّ قَامَ.

৮২৪. আবু কিলাবাহ হতে বর্ণিত। তিনি বলেন, ইব্নু হুয়াইরিস এসে আমাদের এ মাসজিদে আমাদের নিয়ে সলাত আদায় করেন। তিনি বললেন, আমি তোমাদের নিয়ে সলাত আদায় করেব। এখন আমার সলাত আদায়ের কোন ইচ্ছা ছিল না, তবে আল্লাহর রস্ল করেলত কেখেছি তা তোমাদের দেখাতে চাই। আইয়ুব (রহ.) বলেন, আমি আবু কিলাবাহ (রহ.)-কে জিজ্ঞেস করলাম, তাঁর [মালিক ইব্নু হুয়াইরিস —এর] সলাত কীরূপ ছিল? তিনি [আবু কিলাবাহ (রহ.)] বলেন, আমাদের এ শায়খ অর্থাৎ আম্র ইব্নু সালিমাহ (রহ.)-এর সলাতের মতো। আইয়ুব (রহ.) বললেন, শায়খ তাক্বীর পূর্ণ বলতেন এবং যখন দ্বিতীয় সাজদাহ্ হতে মাথা উঠাতেন তখন বসতেন, অতঃপর মাটিতে ভর দিয়ে দাঁড়াতেন। (৬৭৭) (আ.এ.৭৭৮, ই.ফা. ৭৮৬)

ا ١٤٤/١٠. بَابِ يُكَبِّرُ وَهُوَ يَنْهَضُ مِنْ السَّجْدَتَيْنِ ١٤٤/١٠. بَابِ يُكَبِّرُ وَهُوَ يَنْهَضُ مِنْ السَّجْدَتَيْنِ ١٥/٥٨٥. অধ্যায় : দু' সাজদাহর শেষে উঠার সময় তাক্বীর বলবে। وَكَانَ ابْنُ الزَّبَيْرِ يُكَبِّرُ فِي نَهْضَنَتِهِ.

ইব্নু যুবায়র (🚐) উঠার সময় তাক্বীর পাঠ করতেন।

٨٢٥. **طرثنا** يَحْيَى بْنُ صَالِحٍ قَالَ حَدَّنَنَا فُلَيْحُ بْنُ سُلَيْمَانَ عَنْ سَعِيدِ بْنِ الْحَارِثِ قَالَ صَلَّى لَنَا أَبُــو سَعِيد فَجَهَرَ بِالتَّكْبِيرِ حِينَ رَفَعَ رَأْسُهُ مِنْ السُّجُودِ وَحِينَ سَجَدَ وَحِينَ رَفَعَ وَحِينَ قَامَ مِنْ الرَّكَعَتَيْنِ وَقَــالَ هَكَذَاً رَأَيْتُ النَّبِيَّ اللَّهِيَّ اللَّهِيَّ اللَّهِيَّ اللَّهُ الللللَّهُ الللَّهُ اللَّهُ اللللْمُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَهُ اللَّهُ الللللْمُ الللللْمُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللللللْمُ اللَّهُ اللَّهُ اللَّ

৮২৫. সা'ঈদ ইব্নু হারিস হারিস হতে বর্ণিত। তিনি বলেন, একবার আবৃ সা'ঈদ হারিস সালাতে আমাদের ইমামাত করেন। তিনি প্রথম সাজদাহ হতে মাথা উঠানোর সময়, দিতীয় সাজদাহ করার সময়, দিতীয় সাজদাহ হতে মাথা উঠানোর সময় এবং দু' রাক'আত শেষে (তাশাহ্হদের বৈঠকের পর) দাঁড়ানোর সময় সশব্দে তাকবীর বলেন। তিনি বলেন, আমি এভাবেই নাবী ক্রি-কে (সলাত আদায় করতে) দেখেছি। (আ.প্র.৭৭৯, ই.ফা. ৭৮৭)

٨٢٦. **صَرَّنَا** سُلَيْمَانُ بْنُ حَرْبِ قَالَ حَدَّنَنَا حَمَّادُ بْنُ زَيْدِ قَالَ حَدَّثَنَا غَيْلَانُ بْنُ جَرِيرِ عَنْ مُطَرِّف قَالَ صَلَّيْتُ أَنَا وَعِمْرَانُ صَلاَةً خَلْفَ عَلِيٍّ بْنِ أَبِي طَالِبٍ عَلَيْهُ فَكَانَ إِذًا سَجَدَ كَبَّرَ وَإِذَا رَفَعَ كَبَّرَ وَإِذَا نَهَضَ مُــنْ الرَّكَعَتَيْنِ كَبَّرَ فَلَمَّا سَلَّمَ أَخَذَ عِمْرَانُ بِيَدِي فَقَالَ لَقَدْ صَلَّى بِنَا هَذَا صَلاَةَ مُحَمَّدٍ ﷺ أَوْ قَالَ لَقَدْ ذَكَرَنِسي هَذَا صَلاَةً مُحَمَّدٍ ﷺ

৮২৬. মুতার্রিফ (স্ক্র) হতে বর্ণিত। তিনি বলেন, আমি ও 'ইমরান (স্ক্র) একবার 'আলী ইব্নু আবৃ ত্বিব (স্ক্র)-এর পিছনে সলাত আদায় করি। তিনি সাজদাহ্ করার সময় তাক্বির বলেছেন। উঠার সময় তাক্বির বলেছেন এবং দু' রাক'আত শেষে দাঁড়ানোর সময় তাক্বির বলেছেন। সালাম ফিরানোর পর 'ইমরান (রহ.) আমার হাত ধরে বললেন, ইনি তো ('আলী) আমাকে মুহাম্মাদ ক্রিয়ে-এর সলাত স্মরণ করিয়ে দিলেন। (৭৮৪) (আ.প্র.৭৮০, ই.ফা. ৭৮৮)

. ١٤٥/١٠ بَابِ سُنَّةِ الْجُلُوسِ فِي التَّشَهُّدِ ১০/১৪৫. অধ্যায় : তাশাহ্হদে বসার নিয়ম।

وَكَانَتُ أُمُّ الدَّرْدَاءِ تَجْلِسُ فِي صَلاتِهَا جِلسَة الرَّجُلِ وَكَانَتْ فَقِيهَة.

উম্মু দারদা 🚌 তাঁর সলাতে পুরুষের মত বসতেন, তিনি ছিলেন দীন সম্পর্কে বিশেষ জ্ঞানী।

٨٢٧. **صرتنا** عَبْدُ الله بْنُ مَسْلَمَةَ عَنْ مَالِك عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ الْقَاسِمِ عَنْ عَبْدِ اللهِ أَنَّــهُ أَخْبَرَهُ أَنَّهُ كَانَ يَرَى عَبْدَ اللهِ بْنَ عُمَرَ رَضِيَ اللهُ عَنْهُمَا يَتَرَبَّعُ فِي الصَّلاَةِ إِذَا حَلَسَ فَفَعَلْتُهُ وَأَنَا يَوْمَعُذ حَديثُ السَّنِ فَنَهَانِي عَبْدُ اللهِ بْنُ عُمَرَ وَقَالَ إِنَّمَا سُنَّةُ الصَّلاَةِ أَنْ تَنْصِبَ رِحْلَكَ الْيُمْنَى وَتَثْنِيَ الْيُسْرَى فَقُلْتُ إِنَّــكَ السَّنِ فَنَهَانِي عَبْدُ اللهِ بْنُ عُمَرَ وَقَالَ إِنَّمَا سُنَّةُ الصَّلاَةِ أَنْ تَنْصِبَ رِحْلَكَ الْيُمْنَى وَتَثْنِيَ الْيُسْرَى فَقُلْتُ إِنَّــكَ تَفْعَلُ وَلَا تَحْمَلُانِي.

৮২৭. 'আবদুল্লাহ্ ইব্নু 'আবদুল্লাহ্ হতে বর্ণিত। তিনি 'আবদুল্লাহ্ ইব্নু উমার ভি কলাতে আসন পিঁড়ি করে বসতে দেখেছেন। 'আবদুল্লাহ্ ইব্নু 'আবদুল্লাহ্ ভি বলেন, আমি সে সময় অল্প বয়ক্ষ ছিলাম। আমিও মেন করলাম। 'আবদুল্লাহ্ ইব্নু 'উমার ভ আমাকে নিষেধ করলেন এবং তিনি বললেন, সলাতে (বসার) সুন্নাত তরীকা হল তুমি ডান পা খাড়া রাখবে এবং বাঁ পা বিছিয়ে রাখবে। তখন আমি বললাম, আপনি এমন করেন? তিনি বললেন, আমার দু'পা আমার ভার বহন করতে পারে না। (আ.গ্র.৭৮১, ই.ফা. ৭৮৯)

٨٢٨. عَرْشَا يَحْيَى بْنُ بُكَيْرٍ قَالَ حَدَّثَنَا اللَّيْثُ عَنْ خَالِدَ عَنْ سَعِيدَ عَنْ مُحَمَّدَ بْنِ عَمْرِو بْنِ حَلْحَلَـةَ عَنْ مُحَمَّدِ بْنِ عَمْرِو بْنِ عَطَاء وَحَدَّثَنَا اللَّيْثُ عَنْ يَزِيدَ بْنِ أَبِي حَبِيبٍ وَيَزِيدَ بْنِ مُحَمَّدِ عَنْ مُحَمَّـدِ بْسِنِ عَمْرِو بْنِ عَطَاء أَنَّهُ كَانَ جَالِسًا مَعَ نَفَرٍ مِنْ أَصْحَابُ النَّبِي عِلَى فَلَـذَكَرْنَا عَمْرِو بْنِ عَطَاء أَنَّهُ كَانَ جَالِسًا مَعَ نَفرٍ مِنْ أَصْحَابُ النَّبِي عِلَى فَلَـذَكَرْنَا صَلَاةَ النَّبِي عَلَى فَعَلَمُ النَّبِي عَلَى فَلَا كُنْتُ أَحْفَظُكُمْ لِصَلاَة رَسُولِ اللهِ عَلَى رَأَيْتُهُ إِذَا كَبَرَ جَعَلَى يَعُودَ كُلُّ يَدَيْهِ وَإِذَا رَكَعَ أَمُّكُنَ يَدَيْهِ مِنْ رُكْبَتَيْه ثُمَّ هَصَرَ ظَهْرَهُ فَإِذَا رَفَعَ رَأَسَهُ اسْتَوَى حَتَّى يَعُودَ كُلُّ يَدَيْهِ حِذَاءَ مَنْكِبَيْهِ وَإِذَا رَكَعَ أَمُّكُنَ يَدَيْهِ مِنْ رُكْبَتَيْه ثُمَّ هَصَرَ ظَهْرَهُ فَإِذَا رَفَعَ رَأَسَهُ اسْتَوَى حَتَّى يَعُودَ كُلُّ

فَقَارٍ مَكَانَهُ فَإِذَا سَحَدَ وَضَعَ يَدَيْهِ غَيْرَ مُفْتَرِشٍ وَلاَ قَابِضِهِمَا وَاسْتَقْبَلَ بِأَطْرَافِ أَصَابِعِ رِجْلَيْهِ الْقَبْلَــةَ فَــإِذَا حَلَسَ فِي الرَّكَعَتَيْنِ حَلَسَ عَلَى رِجْلِهِ الْيُسْرَى وَنَصَبَ الْيُمْنَى وَإِذَا حَلَسَ فِي الرَّكَعَةِ الْآخِرَةِ قَـــدَّمَ رِجْلَــهُ الْيُسْرَى وَنَصَبَ الْأَحْرَى وَقَعَدَ عَلَى مَقْعَدَته

وَسَمِعَ اللَّيْثُ يَزِيدَ بْنَ أَبِي حَبِيبِ وَيَزِيدُ مِنْ مُحَمَّدِ بْنِ حَلْحَلَةً وَابْنُ حَلْحَلَةَ مِنْ ابْنِ عَطَاءٍ قَـــالَ أَبُـــو صَالِحٍ عَنْ اللَّيْثِ كُلُّ فَقَارٍ وَقَالَ ابْنُ الْمُبَارِكِ عَنْ يَخْيَى بْنِ أَيُّوبَ قَالَ حَدَّثَنِي يَزِيدُ بْنُ أَبِـــي حَبِيـــبٍ أَنَّ مُحَمَّدُ بْنَ عَمْرُو حَدَّثَهُ كُلُّ فَقَارٍ.

৮২৮. মুহাম্মাদ ইব্নু 'আম্র ইব্নু 'আত্মা (রহ.) হতে বর্ণিত। তিনি নাবী ক্রি-এর একদল সহাবীর সঙ্গে বসা ছিলেন। তিনি বলেন, আমরা নাবী ক্রি-এর সলাত সম্পর্কে আলোচনা করছিলাম। তখন আবৃ হুমাইদ সা'ঈদী ক্রি বলেন, আমিই তোমাদের মধ্যে আল্লাহর রস্ল ক্রি-এর সলাত সম্পর্কে অধিক স্মরণ রেখেছি। আমি তাঁকে দেখেছি (সালাত শুরু করার সময়) তিনি তাক্বীর বলে দু' হাত কাঁধ বরাবর উঠাতেন। আর যখন রুকু' করতেন তখন দু' হাত দিয়ে হাঁটু শক্ত করে ধরতেন এবং পিঠ সমান করে রাখতেন। অতঃপর রুকু' হতে মাথা উঠিয়ে সোজা হয়ে দাঁড়াতেন যাতে মেরুদন্ডের হাড়গুলো স্ব-স্ব স্থানে ফিরে আসতো। অতঃপর যখন সাজদাহ করতেন তখন দু' হাত সম্পূর্ণভাবে মাটির উপর বিছিয়ে দিতেন না, আবার গুটিয়েও রাখতেন না। এবং তাঁর উভয় পায়ের আঙ্গুলির মাথা ক্বিবলাহ্মুখী করে দিতেন। যখন দু'রাকআতের পর বসতেন তখন বাম পা-এর উপর বসতেন আর ডান পা খাড়া করে দিতেন এবং যখন শেষ রাক'আতে বসতেন তখন বা পা এগিয়ে দিয়ে ডান পা খাড়া করে নিতম্বের উপর বসতেন।

লায়স (রহ.) ...... ইব্নু আত্বা (রহ.) হতে হাদীসটি শুনেছেন। আবূ সালিহ্ (রহ.) লায়স (রহ.) হতে كُلُّ فَفَارِ বলেছেন। আর ইব্নু মুবারক (রহ.) ..... মুহাম্মাদ ইব্নু 'আম্র (রহ.) হতে كُلُّ فَفَارِ বর্ণনা করেছেন। (আ.প্র.৭৮২, ই.ফা. ৭৯০)

• ١٤٦/١. بَابِ مَنْ لَمْ يَرَ التَّشَهُّدَ الْأَوَّلَ وَاجِبًا

১০/১৪৬. অধ্যায় : যারা প্রথম বৈঠকে তাশাহ্ছদ ওয়াজিব নয় বলে মনে করেন। لِأَنَّ النَّبِيَّ ﷺ قَامَ مِنْ الرَّكَعَتَيْنِ وَلَمْ يَرْجِعْ.

কেননা, নাবী হ্লেই দু' রাক'আত শেষে (তাশাহ্হদ না পড়ে) দাঁড়ালেন এবং আর (বসার জন্য) ফেরেননি।

٨٢٩. **صَرَمُنَا** أَبُو الْيَمَانِ قَالَ أَخْبَرَنَا شُعَيْبٌ عَنْ الزُّهْرِيِّ قَالَ حَدَّنَنِي عَبْدُ الرَّحْمَنِ بْنُ هُرُمُزَ مَوْلَى بَنِي عَبْدِ الْمُطَّلِبِ وَقَالَ مَرَّةً مَوْلَى رَبِيعَةَ بْنِ الْحَارِثِ أَنَّ عَبْدَ اللهِ ابْنَ بُحَيْنَةَ وَهُوَ مِنْ أَزْدِ شَنُوءَةً وَهُوَ حَلِيسَفُّ لِبَنِي عَبْدِ مَنَافِ وَكَانَ مِنْ أَصْحَابِ النَّبِيِ ﷺ أَنَّ النَّبِيَ ﷺ صَلَّى بِهِمْ الظَّهْرَ فَقَامَ فِي الرَّكَعَتَيْنِ الْأُولَيَيْنِ لَمْ يَجْلِسْ فَقَامَ النَّاسُ مَعَهُ حَتَّى إِذَا قَضَى الصَّلاَةَ وَانْتَظَرَ النَّاسُ تَسْلِيمَهُ كَبَّرَ وَهُوَ جَالِسٌ فَسَجَدَ سَجْدَتَيْنِ فَبَلَ أَنْ يُسَلِّمَ ثُمَّ سَلُمَ.

৮২৯. বানৃ 'আবদুল মুত্তালিবের আযাদকৃত দাস এবং রাবী কোন সময়ে বলেছেন রাবীয়া ইব্নু হারিসের আদাকৃত দাস, 'আবদুর রহমান ইব্নু হুরমুয ( হতে বর্ণিত যে, বনৃ 'আব্দ মানাফের বন্ধু গোত্র আয্দ শানআর লোক 'আবদুল্লাহ্ ইব্নু বুহাইনাহ ( যিনি নাবী ক্র-এর সহাবীগণের অন্যতম। তিনি বলেছেন, নাবী ক্র তাঁদের নিয়ে যুহরের সলাত আদায় করলেন। তিনি প্রথমে দু' রাকাআত পড়ার পর না বসে দাঁড়িয়ে গেলেন। মুক্তাদীগণ তাঁর সঙ্গে দাঁড়িয়ে গেলেন। এভাবে সলাতের শেষভাবে মুক্তাদীগণ সালামের জন্য অপেক্ষা করছিলেন। কিছু নাবী ক্র বসাবস্থায় তাক্বীর বললেন এবং সালাম ফিরানোর পূর্বে দু'বার সাজদাহ্ করলেন, এরপর সালাম ফিরালেন। (৮৩০, ১২২৪, ১২২৫, ১২৩০, ৬৬৭০) (আ.প্র.৭৮৩, ই.ফা. ৭৯১)

### . ١٤٧/١٠ بَابِ التَّشَهُّدِ فِي الْأُولَى. ১০/১৪৭. অধ্যায় : প্রথম বৈঠকে তাশাহ্ছদ পড়া।

. ٨٣٠. **صَرَّمُنَا** قُتَيْبَةُ بْنُ سَعِيد قَالَ حَدَّثَنَا بَكُرُّ عَنْ جَعْفَرِ بْنِ رَبِيعَةَ عَنِ الْأَعْرَجِ عَنْ عَبْدِ اللهِ بْنِ مَالِــكِ ابْنِ بُحَيْنَةَ قَالَ صَلِّى بِنَا رَسُولُ اللهِ ﷺ الظُّهْرَ فَقَامَ وَعَلَيْهِ جُلُوسٌ فَلَمَّا كَانَ فِي آخِرِ صَلاَتِهِ سَجَدَ سَجْدَتَيْنِ وَهُوَ جَالسٌ.

৮৩০. 'আবদুল্লাহ্ ইব্নু মালিক ( বিন ইব্নু বুহাইনা হতে বর্ণিত। তিনি বলেন, আল্লাহর রসূল আমাদের নিয়ে যুহরের সলাত আদায় করলেন। দু' রাক'আত পড়ার পর তিনি দাঁড়িয়ে গেলেন অথচ তাঁর বসা জরুরী ছিল। অতঃপর সলাতের শেষভাগে বসে তিনি দু'টো সাজদাহ্ করলেন। (৮২৯) (আ.প্র.৭৮৪, ই.ফা. ৭৯২)

### . ١٤٨/١٠ بَابِ التَّشَهُّدِ فِي الْآخِرَةِ. ১০/১৪৮. অধ্যায় : শেষ বৈঠকে তাশাহ্ছদ পড়া।

٨٣١. حَرَثُنَا أَبُو نُعَيْمٍ قَالَ حَدَّثَنَا الْأَعْمَشُ عَنْ شَقِيقِ بْنِ سَلَمَةَ قَالَ قَالَ عَبْدُ اللهِ كُنَّا إِذَا صَلَّيْنَا خَلْفَ النَّبِيِّ عَلَى أَلْكَانٍ وَفُلاَنٍ وَفُلاَنٍ فَالْتَفَتَ إِلَيْنَا رَسُولُ اللهِ عَلَى فَقَالَ إِنَّ اللهِ عَلَى خُلْنَ وَفُلاَنٍ فَالْتَفَتَ إِلَيْنَا رَسُولُ اللهِ عَلَى فَقَالَ إِنَّ اللهِ هُوَ السَّلاَمُ عَلَى فُلاَنٍ وَفُلاَنٍ وَفُلاَنٍ فَالْتَفَتَ إِلَيْنَا رَسُولُ اللهِ عَلَى خَدْكُمْ فَلَيْقُلْ

التَّحِيَّاتُ لِلْهِ وَالصَّلَوَاتُ وَالطَّيِّبَاتُ السَّلاَمُ عَلَيْكَ أَيُّهَا النَّبِيُّ وَرَحْمَـهُ اللهِ وَبَرَكَاتُـهُ السَّلاَمُ عَلَيْنَا وَعَلَى عِبَادِ اللهِ الصَّالِحِينَ السَّلاَمُ عَلَيْنَا وَعَلَى عِبَادِ اللهِ الصَّالِحِينَ

فَإِنَّكُمْ إِذَا قُلْتُمُوهَا أَصَابَتْ كُلَّ عَبْدٍ لِلهِ صَالِحٍ فِي السَّمَاءِ وَالْأَرْضِ أَشْهَدُ أَنْ لآ إِلَّهَ إِلاَّ اللهُ وَأَشْهَدُ أَنَّ مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ.

৮৩১. শাকীক ইব্নু সালামাহ হতে বর্ণিত। তিনি বলেন, 'আবদুল্লাহ্ (ইব্নু মাস'উদ) বলেন, আমরা যখন নাবী এত এর পিছনে সলাত আদায় করতাম, তখন আমরা বলতাম, "আস্সালামু আলা জিব্রীল ওয়া মিকাইল এবং আস্সালামু আলা ফুলান ওয়া ফুলান।" তখন আল্লাহর রসূল আমাদের দিকে তাকিয়ে বললেন: আল্লাহ্ নিজেই তো সালাম, তাই যখন তোমরা কেউ সলাত আদায় করবে, তখন সে যেন বলে-

التَّحِيَّاتُ لِلهِ وَالصَّلَوَاتُ وَالطَّيِبَاتُ السَّلاَمُ عَلَيْكَ أَيُّهَا النَّبِيُّ وَرَحْمَ ثُهُ اللهِ وَبَرَكَاتُـهُ السَّلاَمُ عَلَيْنَا وَعَلَى عِبَادِ اللهِ الصَّالِحِينَ

"সকল মৌখিক, দৈহিক ও আর্থিক 'ইবাদত আল্লাহর জন্য। হে নাবী! আপনার উপর আল্লাহর সালাম, রহমত ও বরকত বর্ষিত হোক। সালাম আমাদের এবং আল্লাহর নেক বান্দাদের উপর বর্ষিত হোক।" কেননা, যখন তোমরা এ বলবে তখন আসমান ও যমীনের আল্লাহর সকল নেক বান্দার নিকট পৌছে যাবে। এর সঙ্গে اللهُ وَأَلْمُ مَا اللهُ وَأَلْمُ مَا اللهُ وَأَلْمُ مَا اللهُ وَالْأَرْضِ أَشَهَدُ أَنْ كُمَّ دًا عَبْدُهُ وَرَسُولُهُ وَالْأَرْضِ أَشَهَدُ أَنْ كُمَا دَا عَبْدُهُ وَرَسُولُهُ وَالْأَرْضِ أَشَهَدُ أَنْ كُمَا دَا عَبْدَهُ وَرَسُولُهُ وَالْأَرْضِ أَشَهَدُ أَنْ كُمَا دَا عَبْدُهُ وَرَسُولُهُ وَالْأَرْضِ أَشَهُدُ أَنْ كُمَا دَا عَبْدُهُ وَرَسُولُهُ وَالْأَرْضِ أَشَهُ لَا اللهُ وَاللهُ وَلَا اللهُ وَاللهُ وَالل

. ١٤٩/١٠ بَابِ الدُّعَاءِ قَبُلَ السَّلاَمِ. ١٤٩/١٠ بَابِ الدُّعَاءِ قَبُلَ السَّلاَمِ. ١٥/١٤٥ : अंशांब्र : সালামের আগে দু'আ

ُ اللّٰهُمَّ إِنِّي أَعُودُ بِكَ مِن عَذَابِ الْقَبْرِ وَأَعُوذُ بِكَ مِنْ فِتْنَةِ الْمَسِيحِ الدَّجَّالِ وَأَعُودُ بِكَ مِنْ فِتْنَةِ الْمَسِيحِ الدَّجَّالِ وَأَعُودُ بِكَ مِنْ الْمَأْنَمِ وَالْمَعْرَمِ بِكَ مِنْ الْمَأْنَمِ وَالْمَعْرَمِ

فَقَالَ لَهُ قَائِلٌ مَا أَكْثَرَ مَا تَسْتَعِيذُ مِنَ الْمَغْرَمِ فَقَالَ إِنَّ الرَّجُلَ إِذَا غَرِمَ حَدَّثَ فَكَذَبَ وَوَعَدَ فَأَخْلَفَ

৮৩২. 'উরওয়াহ ইব্নু যুবাইর (রহ.) হতে বর্ণিত যে. নাবী 🚐 এর স্ত্রী 'আয়িশাহ 🚌 তাঁকে বলেছেন যে, আল্লাহর রসুল 🚝 সলাতে এ বলে দু'আ করতেন ঃ

اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ مِنْ عَذَابِ الْقَبْرِ وَأَعُوذُ بِكَ مِنْ فِتْنَةِ الْمَسِيحِ الدَّجَّالِ وَأَعُوذُ بِكَ مِـنْ فِتْنَةِ الْمَحْيَا وَفِتْنَةِ الْمَمَاتِ اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ مِنَ الْمَأْثَمِ وَالْمَغْرَمِ

"কবরের আযাব হতে, মাসীহে দাজ্জালের ফিত্না হতে এবং জীবন ও মৃত্যুর ফিত্না হতে ইয়া আল্লাহ! আপনার নিকট আশ্রয় প্রার্থনা করছি। হে আল্লাহ! গুনাহ ও ঋণগ্রস্ততা হতে আপনার নিকট আশ্রয় চাই ।"

তখন এক ব্যক্তি তাঁকে বলল, আপনি কতই না ঋণগ্রস্ততা হতে আশ্রয় প্রার্থনা করেন। তিনি (আল্লাহর রসূল 🚎) বললেন : যখন কোন ব্যক্তি ঋণগ্রস্ত হয়ে পড়ে তখন কথা বলার সময় মিথ্যা বলে এবং ওয়াদা করলে তা ভঙ্গ করে। (৮৩৩, ২৩৯৭, ৬৩৬৮, ৬৩৭৫, ৬৩৭৬, ৬৩৭৭, ৭১২৯) (আ.প্র.৭৮৬, ই.ফা. ৭৯৪)

٨٣٣. وَعَنْ الزُّهْرِيُّ قَالَ أَخْبَرَنِي عُرْوَةُ بْنُ الزُّبَيْرِ أَنَّ عَائشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا قَالَتْ سَمِعْتُ رَسُـــولَ اللهِ اللُّهُ يَسْتَعيذُ في صَلاَته منْ فَتْنَة الدَّجَّال.

৮৩৩. 'উরওয়াহ ইব্নু যুবায়র (রহ.) হতে বর্ণিত। 'আয়িশাহ জ্রিক্স বলেন, আল্লাহর রসূল 🚎 তাঁর সলাতে দাজ্জালের ফিতনা হতে আশ্রয় প্রার্থনা করতেন।

٨٣٤. صر أَن الْحَيْرِ عَنْ عَبْدِ اللهِ بْنِ اللَّهِ عَنْ عَبْدِ اللهِ بْنِ أَبِي حَبِيبٍ عَنْ أَبِي الْخَيْرِ عَنْ عَبْدِ اللهِ بْنِ اللهِ بْنِ عَمْرُو عَنْ أَبِي بَكُر الصَّدِّيقِ اللهُ عَالَ لرَسُول الله عَلَمْنِي دُعَاءً أَدْعُو بِهِ فِي صَلاَتِي قَالَ قُـلُ اللَّهُـمَّ إِنِّي ظَلَمْتُ نَفْسِي ظُلْمًا كَثِيرًا وَلاَ يَغْفِرُ الذُّنُوبَ إِلاَّ أَنْتَ فَاغْفِرْ لِي مَغْفِرَةً مِنْ عِنْدِكَ وَارْحَمْنِي إِنَّكَ أَنْتَ الْغَفُورُ الرَّحِيمُ. ৮৩৪. আব্ বাক্র সিদ্দীক (على عرب عرب عرب عرب عرب عرب الرَّحِيمُ. هم عرب عرب عرب عرب عرب الرّحيمُ الرّحيمُ الرّ

করলেন, আমাকে সলাতে পাঠ করার জন্য একটি দু'আ শিখিয়ে দিন। তিনি বললেন, এ দু'আটি বলবে-

قُلُ اللَّهُمَّ إِنِّي ظُلَمْتُ نَفْسي ظُلْمًا كَثيرًا وَلاَ يَغْفرُ الذُّنُوبَ إِلاَّ أَنْتَ فَاغْفِرْ لِي مَغْفِرَةً مِنْ عِنْدِكَ وَارْحَمْني إِنَّك أَنْتَ الْغَفُورُ الرَّحيمُ

"হে আল্লাহ। আমি নিজের উপর অধিক যুলম করেছি। আপনি ছাড়া সে অপরাধ ক্ষমা করার আর কেউ নেই। আপনার পক্ষ হতে আমাকে তা ক্ষমা করে দিন এবং আমার উপর রহমত বর্ষণ করুন। নিশ্চয়ই আপনি ক্ষমাশীল ও দয়াবান।" (৮৩৪, ৬৩২৬, ৭৩৮৮) (আ.প্র.৭৮৭, ই.ফা. ৭৯৫)

• ١ / • ٥٠ . بَابِ مَا يُتَخَيَّرُ مِنْ الدُّعَاءِ بَعْدَ التَّشَهُّد وَلَيْسَ بوَاجب.

১০/১৫০. অধ্যায় : তাশাহ্হদের পর যে দু'আটি বেছে নেয়া হয়, অথচ তা আবশ্যক নয়।

٨٣٥. حرثنا مُسَدَّدُ قَالَ حَدَّثَنَا يَحْيَى عَنِ الْأَعْمَشِ حَدَّثَنِي شَقِيقٌ عَنْ عَبْدِ اللهِ قَالَ كُنَّا إِذَا كُنَّا مَسِعَ النَّبِيِ عَلَى فَلاَنْ وَفُلاَنْ فَقَالَ النَّبِسِيُ عَلَى اللهِ مِنْ عَبَادِهِ السَّلاَمُ عَلَى فُلاَنْ وَفُلاَنْ فَقَالَ النَّبِسِيُ عَلَى اللهِ مَنْ عَبَادِهِ السَّلاَمُ عَلَى فُلاَنْ وَفُلاَنْ فَقَالَ النَّبِسِيُ عَلَى اللهِ فَإِنَّ اللهِ هُوَ السَّلاَمُ وَلَكِنْ قُولُوا السَّلاَمُ عَلَى اللهِ فَإِنَّ اللهِ هُوَ السَّلاَمُ وَلَكِنْ قُولُوا

التَّحِيَّاتُ لِلْهِ وَالصَّلَوَاتُ وَالطَّيِّبَاتُ السَّلاَمُ عَلَيْكَ أَيُّهَا النَّبِيُّ وَرَحْمَٰـةُ اللهِ وَبَرَكَاتُـهُ السَّلاَمُ عَلَيْنَا وَعَلَى عِبَادِ اللهِ الصَّالِحِينَ

فَإِنَّكُمْ إِذَا قُلْتُمْ أَصَابَ كُلُّ عَبْد فِي السَّمَاءِ أَوْ بَيْنَ السَّـمَاءِ وَالأَرْضِ أَشْـهَدُ أَنْ لا إِلٰهَ إِلاَّ اللهُ وَأَشْهَدُ أَنَّ مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ ثُمَّ يَتَخَيَّرُ مِنْ الدُّعَاءِ أَعْجَبُهُ إِلَيْهِ فَيَدْعُو.

৮৩৫. 'আবদ্লাহ্ ইব্নু মাস'উদ ( হতে বর্ণিত। তিনি বলেন, আমাদের অবস্থা এ ছিল যে, যখন আমরা নাবী এন নাবা পক্ষ হতে আল্লাহ্র প্রতি সালাম। সালাম অমুকের প্রতি, সালাম অমুকের প্রতি। এতে নাবী ক্রি বললেন: আল্লাহ্র প্রতি সালাম, তোমরা এরপ বল না। কারণ আল্লাহ্ নিজেই সালাম। বরং তোমরা বল-

"সমস্ত মৌথিক, দৈহিক ও আর্থিক ইবাদত আল্লাহ্র জন্য। হে নাবী! আপনার উপর প্রতি সালাম এবং আল্লাহ্র রহমত ও বরকত বর্ষিত হোক। সালাম আমাদের প্রতি এবং আল্লাহ্র নেক বান্দাগণের প্রতি।" তোমরা যখন তা বলবে তখন আসমান বা আসমান ও যমীনের মধ্যে আল্লাহ্র প্রত্যেক বান্দার নিকট তা পৌছে যাবে। (এরপর বলবে) "আমি সাক্ষ্য প্রদান করছি যে, আল্লাহ্ ব্যতীত আর কোন মাবৃদ নাই এবং আমি আরো সাক্ষ্য দিচ্ছি যে, নিশ্চয়ই মুহামাদ ক্রিছ আল্লাহ্র বান্দা ও রস্ল।" অতঃপর যে দু'আ তার পছন্দ হয় তা সে বেছে নিবে এবং পড়বে। (৮৩১) (আ.এ.৭৮৮, ই.ফা. ৭৯৬)

## • ١/١٥. بَابِ مَنْ لَمْ يَمْسَحْ جَبْهَتَهُ وَأَنْفَهُ حَتَّى صَلَّى

১০/১৫১. অধ্যায় : সলাত সমাপ্ত হওয়া অবধি যিনি কপাল ও নাকের ধূলাবালি মোছেননি। قَالَ أَبُو عَبْدِ اللَّهِ رَأَيْتُ الْحُمَيْدِيَّ يَحْتَجُّ بِهَذَا الْحَدِيثِ أَنْ لاَ يَمْسَحَ الْجَبْهَة فِي الصَّلاةِ.

আবৃ 'আবদুল্লাহ্ (রহ.) বলেন, আমি হুমাইদী (রহ.)-কে দেখেছি যে, সলাত শেষ হবার পূর্বে কপাল না মুছার ব্যাপারে এ হাদীস দিয়ে দলিল পেশ করতেন।

٨٣٦. صرتنا مُسْلِمُ بْنُ إِبْرَاهِيمَ قَالَ حَدَّثَنَا هِشَامٌ عَنْ يَحْيَى عَنْ أَبِي سَلَمَةَ قَالَ سَــأَلْتُ أَبَــا سَــعِيدٍ . الْحُدْرِيَّ فَقَالَ رَأَيْتُ رَسُولَ اللهِ ﷺ يَسْجُدُ فِي الْمَاءِ وَالطِّينِ حَتَّى رَأَيْتُ الْرَ الطِّينِ فِي جَبْهَتِهِ. ৮৩৬. আবৃ সালামাহ হতে বর্ণিত। তিনি বলেন, আমি আবৃ সা'ঈদ খুদ্রী হঠে-কে জিজ্ঞেস করলে তিনি বলেন, আমি আল্লাহর রসূল কঠে-কে পানি ও কাদার মধ্যে সাজদাহ্ করতে দেখেছি। এমন কি তাঁর কপালে কাদামাটির চিহ্ন লেগে থাকতে দেখেছি। (৬৬৯) (আ.এ.৭৮৯, ই.ফা. ৭৯৭)

## ١٥٢/١٠. بَابِ التَّسْلِيمِ.

#### ১০/১৫২. অধ্যায় : সালাম ফিরান।

٨٣٧. حارثنا مُوسَى بْنُ إِسْمَاعِيلَ حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ سَعْدِ حَدَّثَنَا الزُّهْرِيُّ عَنْ هِنْد بِنَـــتِ الْحَارِثِ أَنَّ أُمَّ سَلَمَةَ رَضِيَ اللهُ عَنْهَا قَالَتْ كَانَ رَسُولُ اللهِ ﷺ إِذَا سَلَّمَ قَامَ النِّسَـاءُ حِينَ يَقُضِي تَسْلِيمَهُ وَمَكَثَ يَسِيرًا قَبْلَ أَنْ يَقُومَ قَالَ ابْنُ شِهَابٍ فَأْرَى وَاللهُ أَعْلَمُ أَنَّ مُكْثَهُ لِكَيْ يَنْفُذَ النَّسَاءُ قَبْلَ أَنْ يُدْرِكَهُنَّ مَنْ انْصَرَفَ مَن الْقَوْم.

৮৩৭. উম্মু সালামাই হ্রান্ত্র হতে বর্ণিত। তিনি বলেন, আল্লাহর রস্ল হ্রান্ত যখন সালাম ফিরাতেন, তখন সালাম শেষ হলেই মহিলাগণ দাঁড়িয়ে পড়তেন। তিনি (হ্রান্ত) দাঁড়ানোর পূর্বে কিছুক্ষণ বসে অপেক্ষা করতেন। ইব্নু শিহাব (রহ.) বলেন, আল্লাহ্ই ভাল জানেন, আমার মনে হয়, তাঁর এ অপেক্ষা এ কারণে যাতে মুসাল্লীগণ হতে যে সব পুরুষ ফিরে যান তাদের পূর্বেই মহিলারা নিজ অবস্থানে পৌছে যেতে পারেন। (৮৩৭, ৮৪৯, ৮৫০, ৮৬৬, ৮৭০, ৮৭৪) (আপ্র.৭৯০, ই.ফা. ৭৯৮)

## • ١٥٣/١. بَابِ يُسَلِّمُ حِينَ يُسَلِّمُ الْإِمَامُ

১০/১৫৩. অধ্যায় : ইমামের সালাম ফিরানোর সময় মুক্তাদিগণও সালাম ফিরাবে।

وَكَانَ ابْنُ عُمَرَ رَضِيَ اللَّهُ عَنْهُمَا يَسْتَحِبُ إِذَا سَلَّمَ الْإِمَامُ أَنْ يُسَلِّمَ مَنْ خَلْفَهُ.

ইব্নু 'উমার 🖼 ইমামের সালাম ফিরানোর সময় মুক্তাদীগণের সালাম ফিরানো মুস্তাহাব মনে করতেন।

٨٣٨. حَرْثُنَا حِبَّانُ بْنُ مُوسَى قَالَ أَخْبَرَنَا عَبْدُ اللهِ قَالَ أَخْبَرَنَا مَعْمَرٌ عَنْ الزُّهْرِيِّ عَنْ مَحْمُسودِ بُسنِ الرَّبِيعِ عَنْ عِثْبَانَ بْنِ مَالِكِ قَالَ صَلَّيْنَا مَعَ النَّبِيِّ ﷺ فَسَلَّمْنَا حِينَ سَلَّمَ.

৮৩৮. ইত্বান ইব্নু মালিক 🚎 হতে বর্ণিত। তিনি বলেন, আমরা আল্লাহর রসূল 🚎 এর সঙ্গে সলাত আদায় করেছি। তিনি যখন সালাম ফিরান তখন আমরাও সালাম ফিরাই। (আ.প্র.৭৯১, ই.ফা. ৭৯৯)

. ١٥٤/١. بَابِ مَنْ لَمْ يَرَ رَدَّ السَّلاَمِ عَلَى الْإِمَامِ وَاكْتَفَى بِتَسْلِيمِ الصَّلاَةِ. ٥٥/১৫৪. অধ্যায় : যারা ইমামের সালামের জবাব দেয়া দরকার মনে করেন না

#### এবং সলাতের সালামকেই যথেষ্ট মনে করেন।

٨٣٩. **حَرَثُنَا** عَبْدَانُ قَالَ أَخْبَرَنَا عَبْدُ اللهِ قَالَ أَخْبَرَنَا مَعْمَرٌ عَنْ الزُّهْرِيِّ قَالَ أَخْبَرَنِي مَحْمُودُ بْنُ الرَّبِيعِ وَزَعَمَ أَنَّهُ عَقَلَ رَسُولَ اللهِ ﷺ وَعَقَلَ مَجَّةً مَجَّهَا مِنْ دَلُو كَانَ فِي دَارِهِمْ.

৮৩৯. মাহমূদ ইব্নু রাবী (क्ल) হতে বর্ণিত। তিনি বলেন, আল্লাহর রস্ল ক্লে-এর কথা তাঁর স্পষ্ট মনে আছে, যে তাঁদের বাড়িতে রাখা একটি বালতির (পানি নিয়ে) নাবী ক্লে কুল্লি করেছেন। (৭৭) (আ.এ.৭৯২, ই.ফা. ৮০০)

٨٤٠. قَالَ سَمِعْتُ عِبْبَانَ بْنَ مَالِكَ الْأَنْصَارِيَّ ثُمَّ أَحَدَ بَنِي سَالِمٍ قَالَ كُنْتُ أُصَلِي لِقَوْمِي بَنِي سَالِمٍ فَالَ كُنْتُ أُصَلِي لِقَوْمِي بَنِي سَالِمٍ فَالَ كُنْتُ أَصَلِي لِقَوْمِي بَنِي سَالِمٍ فَالَ كُنْتُ النَّبِي وَبَيْنَ مَسْجِد قَوْمِي فَلَوددْتُ أَنْكُ جَنْتُ النَّهِ عَلَيْ وَبَيْنَ مَسْجِد قَوْمِي فَلَوددْتُ أَنْكُ جَنْتَ فَصَلَيْتَ فِي بَيْتِي مَكَانًا حَتَّى أَتَحِذَهُ مَسْجِدًا فَقَالَ أَفْعَلُ إِنْ شَاءَ اللهُ فَغَدَا عَلَيَّ رَسُولُ اللهِ عَلَيْ وَأَبُو بَعْتَ فَصَلَيْتَ فِي بَيْتِي مَكَانًا حَتَّى اللهِ عَلَيْ وَالْبُولِ اللهِ عَلَيْ وَاللهِ مَنْ اللهِ عَلَيْ وَبِهِ فَقَامَ فَصَفَفَنَا خَلْفَهُ ثُمَّ سَلَمَ وَسَلَمْنَا حِينَ سَلَمَ. بَيْتِكَ فَأَشَارَ إِلَيْهِ مِنَ الْمَكَانِ اللّذِي أَحَبَّ أَنْ يُصَلِّي فِيهِ فَقَامَ فَصَفَفَنَا خَلْفَهُ ثُمَّ سَلَّمَ وَسَلَمْنَا حِينَ سَلَمَ.

৮৪০. তিনি বলেছেন, আমি 'ইত্বান ইব্নু মালিক আনসারী (ম) যিনি বনূ সালিম গোত্রের একজন, তাঁকে বলতে শুনেছি, আমি নাবী (ম) এর নিকট গিয়ে বললাম, আমার দৃষ্টি ক্ষীণ হয়ে গেছে এবং আমার বাড়ি হতে আমার কাওমের মাসজিদ পর্যন্ত পানি বাধা হয়ে দাঁড়িয়েছে। আমার একান্ত ইচ্ছা আপনি আমার বাড়িতে এসে এক জায়গায় সলাত আদায় করবেন যেটা আমি সলাত আদায় করার জন্য নির্দিষ্ট করে নিব। নাবী (ম) বললেন: ইন্শা আল্লাহ্, আমি তা করব। পরদিন রোদের তেজ বৃদ্ধি পেলে আল্লাহর রসূল (ম) এবং আবৃ বাক্র (ম) আমার বাড়িতে এলেন। নাবী (ম) প্রবেশের অনুমতি চাইলে আমি তাঁকে দিলাম। তিনি না বসেই বললেন: তোমার ঘরের কোন্ স্থানে তুমি আমার সলাত আদায় পছন্দ কর? তিনি পছন্দ মত একটি স্থান নাবী (ম) কে সলাত আদায়ের জন্য ইন্ধিত করে দেখালেন। অতঃপর তিনি দাঁড়ালেন আমরাও তাঁর পিছনে কাতারে দাঁড়ালাম। অবশেষে তিনি সালাম ফিরালান, আমরাও তাঁর সালামের সময় সালাম ফিরালাম। (৪২৪; মুসলিম ১/১০, হাঃ ৩১, ১৬৪৮১) (আ.প্র.৭৯২ শেষাংশ, ই.ফা.৮০০)

#### ٠ ١/٥٥/ . بَابِ الذِّكْرِ بَعْدَ الصَّلاَةِ. -

#### ১০/১৫৫. অধ্যায় : সালামের পর যিক্র।

٨٤١. طرثنا إِسْحَاقُ بْنُ نَصْرٍ قَالَ حَدَّنَنَا عَبْدُ الرَّزَّاقِ قَالَ أَخْبَرَنَا ابْنُ جُرَيْجٍ قَالَ أَخْبَرَنِي عَمْرُو أَنَّ أَبَا مَعْبَدٍ مَوْلَى ابْنِ عَبَّاسٍ أَخْبَرَنِي عَمْرُو أَنَّ أَبَا مَعْبَدٍ مَوْلَى ابْنِ عَبَّاسٍ أَخْبَرَهُ أَنَّ ابْنَ عَبَّاسٍ مَعْبَدٍ مَوْلَى ابْنِ عَبَّاسٍ كُنْتُ أَعْلَمُ إِذَا انْصَرَفُوا بِذَلِكَ إِذَا سَمِعْتُهُ. النَّاسُ مِنَ الْمَكْتُوبَةِ كَانَ عَلَى عَهْدِ النَّبِيِ ﷺ وَقَالَ ابْنُ عَبَّاسٍ كُنْتُ أَعْلَمُ إِذَا انْصَرَفُوا بِذَلِكَ إِذَا سَمِعْتُهُ.

৮৪১. ইব্নু 'আব্বাস () হতে বর্ণিত। তিনি বর্ণনা করেন যে, নাবী ্রি-এর সময় মুসল্লীগণ ফার্য সলাত শেষ হলে উচ্চৈঃস্বরে যিক্র করতেন। ইব্নু 'আব্বাস () বলেন, আমি এরূপ শুনে বুঝতাম, মুসল্লীগণ সলাত শেষ করেছেন। (আ.এ.৭৯৬, ই.ফা. ৮০১)

٨٤٢. صَرَمُنَا عَلِيُّ بْنُ عَبْدِ اللهِ قَالَ حَدَّثَنَا سُفْيَانُ حَدَّثَنَا عَمْرُو قَالَ أَخْبَرَنِي أَبُو مَعْبَدِ عَنْ ابْنِ عَبَّــاسِ رَضِيَ اللهُ عَنْهُمَا قَالَ كُثْتُ أَعْرِفُ انْقِضَاءَ صَلاَةِ النَّبِيِّ ﷺ بِالتَّكْبِيرِ قَالَ عَلِيٌّ حَدَّنَنَا سُفْيَانُ عَنْ عَمْرٍو قَالَ كَانَ أَبُو مَعْبَد أَصْدَقَ مَوَالِي ابْنِ عَبَّاسٍ قَالَ عَلَيٌّ وَاشْمُهُ نَافِذً.

৮৪২. ইব্নু 'আব্বাস হতে বর্ণিত। তিনি বলেন, তাক্বীর ওনে আর্মি বুঝতে পারতাম সলাত শেষ হয়েছে। 'আলী হ্রা বলেন, সুফ্ইয়ান (রহ.) সূত্রে বর্ণনা করেন যে, আবৃ মা'বাদ (রহ.) ইব্নু 'আব্বাস হ্রা-এর আযাদকৃত দাসসমূহের মধ্যে অধিক সত্যবাদী দাস ছিলেন। 'আলী (রহ.) বলেন, তার নাম ছিল নাফিয। (৮৪১; মুসলিম ৫/২৩, হাঃ ৫৮৪) (আ.প্র.৭৯৪, ই.ফা. ৮০২)

٨٤٣. حرثنا مُحَمَّدُ بَنُ أَبِي بَكُرِ قَالَ حَدَّنَنَا مُعْتَمِرٌ عَنْ عُبَيْدِ اللهِ عَنْ سُمَيِّ عَنْ أَبِي صَالِحٍ عَنْ أَبِي هُرَيْرَةَ عَلَيْهُ قَالُوا ذَهَبَ أَهْلُ الدُّنُورِ مِنَ الْأَمْوَالِ بِالدَّرَجَاتِ الْعُلَا وَالنَّعِيمِ الْمُقَيمِ يُصَلُّونَ كَمَا نُصُومُ وَلَهُمْ فَضْلُ مِنْ أَمْوَالَ يَحُجُّونَ بِهَا وَيَعْتَمِرُونَ وَيُحَاهِدُونَ الْمُقيمِ يُصَلُّونَ كَمَا نُصُومُ وَلَهُمْ فَضْلُ مِنْ أَمْوَالَ يَحُجُّونَ بِهَا وَيَعْتَمِرُونَ وَيُحَاهِدُونَ وَيَتَعَمِدُونَ وَيُحَاهِدُونَ وَيَتَعَمِدُونَ وَيُحَاهِدُونَ وَيَعَوَى وَيَعْتَمِرُونَ وَيُحَاهِدُونَ وَيَعْتَمِرُونَ وَيُحَاهِدُونَ وَيَعْتَمِرُونَ وَيُحَمِدُ مَنْ سَبَقَكُمْ وَلَمْ يُدْرِكُكُمْ أَحَدُ بَعْدَكُمْ وَكُمْ يَعْمَلُونَ وَيَعْتَمِرُونَ وَيُحَمِدُ مَنْ سَبَقَكُمْ وَلَمْ يُدْرِكُكُمْ أَحَدُ بَعْدَكُمْ وَكُمْ أَحَدُ بَعْدَكُمْ وَكُمْ أَعَدُ بَعْدَكُمْ وَكُونَ مِنْ سَبَقَكُمْ وَلَمْ يُدرِكُكُمْ أَحَدُ بَعْدَكُمْ وَكُمْ يَعْمَلُ مَنْ اللهِ وَاللّهُ يُسَبِّحُونَ وَتَحْمَدُونَ وَتُكَبِّرُونَ خَلْفَ كُلِّ صَلاَةً ثَلاَثِينَ وَتَلاَيْنَ وَتَحْمَدُ ثَلاَئِينَ وَتَحْمَدُ وَلَكُيْرُ وَنَ خَلْفَ كُلِّ صَلاَةً ثَلاَئِينَ فَرَجَعْتُ إِلَيْهِ فَقَالَ تَقُولُ مَنْ اللهُ وَاللّهُ وَاللّهُ وَاللّهُ وَاللّهُ وَاللّهُ وَاللّهُ وَاللّهُ وَعُمْدُ ثَلَاثِينَ وَنَكَبِرُ وَنَ خَلْونَ مُنْهُنَّ كُلِهِنَّ ثَلاَتُهِ وَلَاثِينَ فَرَجَعْتُ إِلَيْهِ فَقَالَ تَقُولُ مَنْهُمُ كُلِي اللهُ وَاللّهُ وَاللّهُ وَاللّهُ وَاللّهُ وَاللّهُ وَاللّهُ وَاللّهُ وَاللّهُ وَلَا يُعْرِفُونَ مِنْهُنَّ كُلِهِنَّ ثَلَاثُونَ وَنَاكُمْ وَلَا لَا اللهُ وَاللّهُ وَلَهُ وَلَا وَلَوْلُ وَلَا لَا وَاللّهُ وَاللّهُ وَاللّهُ وَاللّهُ وَاللّهُ وَاللّهُ وَاللّهُ وَاللّهُ وَلَا لَا مُعَلّقُ وَلَا مُولِولُونَ وَلَا مُعَلّقُولُ وَلَا مُولِولًا وَلَاللّهُ وَلَا اللّهُو

৮৪৩. আবৃ হুরাইরাহ্ (২০০) হতে বর্ণিত। তিনি বলেন, দরিদ্রলোকেরা নাবী (২০০) এর নিকট এসে বললেন, সম্পদশালী ও ধনী ব্যক্তিরা তাদের সম্পদের দ্বারা উচ্চমর্যাদা ও স্থায়ী আবাস লাভ করছেন, তাঁরা আমাদের মত সলাত আদায় করছেন, আমাদের মত সিয়াম পালন করছেন এবং অর্থের দ্বারা হাজ্জ, 'উমরাহ, জিহাদ ও সদাক্বাহ করার মর্যাদাও লাভ করছেন। এ শুনে তিনি বললেন, আমি কি তোমাদের এমন কিছু কাজের কথা বলব, যা তোমরা করলে, যারা নেক কাজে তোমাদের চেয়ে অগ্রগামী হয়ে গেছে, তাদের পর্যায়ে পৌছতে পারবে। তবে যারা পুনরায় এ ধরনের কাজ করবে তাদের কথা স্বতন্ত্র। তোমরা প্রত্যেক সলাতের পর তেত্রিশ বার করে তাসবীহ্ (সুবহানাল্লাহ্), তাহ্মীদ (আলহামদু ল্লিল্লাহ্) এবং তাক্বীর (আল্লাহ্ আকবার) পাঠ করবে। (এ নিয়ে) আমাদের মধ্যে মতানৈক্য সৃষ্টি হলো। কেউ বলল, আমরা তেত্রিশ বার তাসবীহ্ পড়ব। তেত্রিশ বার তাহ্মীদ আর চৌত্রিশ বার তাক্বীর পড়ব। অতঃপর আমি তাঁর নিকট ফিরে গেলাম। তিনি বললেন, ﴿ اللهُ اللهُ وَالْمَا اللهُ الْمَا اللهُ وَالْمَا اللهُ الْمَا اللهُ وَالْمَا اللهُ اللهُ وَالْمَا اللهُ اللهُ وَالْمَا ال

٨٤٤. **مدثنا** مُحَمَّدُ بْنُ يُوسُفَ قَالَ حَدَّثَنَا سُفْيَانُ عَنْ عَبْدِ الْمَلكِ بْنِ عُمَيْرِ عَنْ وَرَّادِ كَاتِبِ الْمُغِيرَةِ بْنِ شُغْبَةَ قَالَ أَمْلَى عَلَيَّ الْمُغِيرَةُ بْنُ شُعْبَةً فِي كِتَابٍ إِلَى مُعَاوِيَةً أَنَّ النَّبِيَّ ﷺ كَانَّ يَقُولُ فِي دُبُرِ كُلِّ صَلاَةٍ مَكْتُوبَة

لاَ إِلهَ إِلاَّ اللهُ وَحْدَهُ لاَ شَرِيكَ لَهُ لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ وَهُوَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرُ اَللّٰهُمَّ لاَ مَانِعَ لِمَا أَعْطَيْتَ وَلاَ مُعْطِى لِمَا مَنَعْتَ وَلاَ يَنْفَعُ ذَا الْجَدِّ مِنْكَ الْجَدُّ

وَقَالَ شُغْبَةُ عَنْ عَبْدِ الْمَلِكِ بْنِ عُمَيْرٍ بِهَذَا وَعَنِ الْحَكَمِ عَنِ الْقَاسِمِ بْنِ مُخَيْمِرَةَ عَنْ وَرَّادٍ بِهَذَا وَقَالَ الْحَسَنُ الْجَدُّ غَنِّي.

৮৪৪. মুগীরাহ ইব্নু শু'বাহ () এর কাতিব ওয়ার্রাদ () হতে বর্ণিত। তিনি বলেন, মুগীরাহ ইব্নু শু'বাহ () আমাকে দিয়ে মু'আবিয়াহ () কে একখানা পত্র লিখালেন যে, নাবী () প্রত্যেক ফার্য সলাতের পর বলতেন ঃ

"এক আল্লাহ্ ব্যতীত কোন ইলাহ্ নেই, সার্বভৌমত্ব একমাত্র তাঁরই, সমস্ত প্রশংসা একমাত্র তাঁরই জন্য, তিনি সব কিছুর উপরই ক্ষমতাশীল। হে আল্লাহ্! আপনি যা প্রদান করতে চান তা রোধ করার কেউ নেই, আর আপনি যা রোধ করেন তা প্রদান করার কেউ নেই। আপনার নিকট (সংকাজ ভিন্ন) কোন সম্পদশালীর সম্পদ উপকারে আসে না।"

ত'বাহ (রহ.) আবদুল মালিক (রহ.) হতে এ রকমই বলেছেন, আপনার নিকট (সৎ কাজ ছাড়া) এবং হাসান (রহ.) বলেন, ২২ অর্থ সম্পদ এবং ত'বাহ (রহ.)....ওয়ার্রাদ (রহ.) হতে এ হাদীস বর্ণনা করেছেন। (১৪৭৭, ২৪০৮, ৫৯৭০, ৬৩৩০, ৬৪৭৩, ৬৬১৫, ৭২৯২ মুসলিম ৫/২৬, হাঃ ৫৯৩, আহমাদ ১৮১৬২) । (আ.এ.৭৯৬ ই.ফা. ৮০৪)

## • ١٥٦/١. بَابِ يَسْتَقْبِلُ الْإِمَامُ النَّاسَ إِذَا سَلَّمَ.

১০/১৫৬. অধ্যায় : সালাম ফিরানোর পর ইমাম মুক্তাদিগণের দিকে ঘুরে বসবেন।

٨٤٥. صرتنا مُوسَى بْنُ إِسْمَاعِيلَ قَالَ حَدَّثَنَا جَرِيرُ بْنُ حَازِمٍ قَالَ حَدَّثَنَا أَبُو رَجَاءٍ عَنْ سَـــمُرَةَ بـــنِ حُنْدَب قَالَ كَانَ النَّبيُّ ﷺ إِذَا صَلَّى صَلاَةً أَقْبَلَ عَلَيْنَا بِوَجْهِه.

৮৪৫. সামুরাহ ইব্নু জুনদুব ( হেত বর্ণিত। তিনি বলেন, নাবী ক্লিউ যখন সলাত শেষ করতেন, তখন আমাদের দিকে মুখ ফিরাতেন। (১১৪৩, ১৩৮৬, ২০৮৫, ২৭৯১, ৩২৩৬, ৩৩৫৪, ৩৩৫৪, ৩৬৭৪, ৬০৯৬, ৭০৪৭) (আ.প্র.৭৯৭, ই.ফা. ৮০৫)

سَمَاء كَانَتْ مِنْ اللَّيْلَةِ فَلَمَّا انْصَرَفَ أَقْبَلَ عَلَى النَّاسِ فَقَالَ هَلْ تَدْرُونَ مَاذَا قَالَ رَبُّكُمْ قَالُوا الله وَرَحْمَتِهِ فَلَوْكَا بِنَوْء وَكَافِرٌ أَعْلَمُ قَالَ مُطِرْنَا بِفَصْلِ الله وَرَحْمَتِهِ فَلَوْكَ مُؤْمِنٌ بِي وَكَافِرٌ أَعْلَمُ قَالَ مُطِرْنَا بِفَصْلِ الله وَرَحْمَتِهِ فَلَوْكَ مُؤْمِنٌ بِي وَكَافِرٌ بِي وَكُونِرٌ بِالْكَوْكَبِ. بِالْكَوْكَبِ وَأُمُوْمَنُ بِالْكَوْكِبِ.

৮৪৬. যায়দ ইব্নু খালিদ জুহানী (রহ.) হতে বর্ণিত যে, তিনি বলেন, আল্লাহর রস্ল ক্রির রাতে বৃষ্টি হবার পর হুদায়বিয়াতে আমাদের নিয়ে ফাজরের সলাত আদায় করলেন। সলাত শেষ করে তিনি লোকদের দিকে ফিরে বললেন: তোমরা কি জান, তোমাদের পরাক্রমশালী ও মহিমাময় প্রতিপালক কি বলেছেন? তাঁরা বললেন: আল্লাহ্ ও তাঁর রস্লই বেশি জানেন। আল্লাহর রস্ল ক্রির বললেন: (রব) বলেন, আমার বান্দাদের মধ্য কেউ আমার প্রতি মু'মিন হয়ে গেল এবং কেউ কাফির। যে বলেছে, আল্লাহ্র করুণা ও রহমতে আমরা বৃষ্টি লাভ করেছি, সে হল আমার প্রতি বিশ্বাসী এবং নক্ষত্রের প্রতি অবিশ্বাসী। আর যে বলেছে, অমুক অমুক নক্ষত্রের প্রভাবে আমাদের উপর বৃষ্টিপাত হয়েছে, সে আমার প্রতি অবিশ্বাসী হয়েছে এবং নক্ষত্রের প্রতি বিশ্বাসী হয়েছে। (১০৩৮, ৪১৪৭, ৭৫০৩; মুসলিম ১/৩২ হাঃ ৭১, আহমাদ ১৭০৬০) (আ.প্র.৭৯৮, ই.ফা. ৮০৬)

٨٤٧. حَرَثُنَا عَبْدُ اللهِ بَنُ مُنِيرٍ سَمِعَ يَزِيدَ بَنَ هَارُونَ قَالَ أَخْبَرَنَا حُمَيْدٌ عَنْ أَنسِ بَنِ مَالِكِ قَالَ أَخَّــرَ رَسُولُ اللهِ ﷺ الصَّلاَةَ ذَاتَ لَكَةٍ إِلَى شَطْرِ اللَّيْلِ ثُمَّ خَرَجَ عَلَيْنَا فَلَمَّا صَلَّى أَقْبَلَ عَلَيْنَا بِوَجْهِهِ فَقَالَ إِنَّ النَّاسَ قَدْ صَلَّوْا وَرَقَدُوا وَإِنَّكُمْ لَنْ تَزَالُوا فِي صَلاَة مَا انْتَظَرْتُمْ الصَّلاَةَ.

৮৪৭. আনাস ইব্নু মালিক ( হেত বর্ণিত। তিনি বর্ণেন, আল্লাহর রসূল হৈত অর্ধরাত পর্যন্ত সলাত বিলম্ব করলেন। এরপর তিনি আমাদের সামনে বের হয়ে এলেন। সলাত শেষে তিনি আমাদের দিকে মুখ ফিরিয়ে বললেন, লোকেরা সলাত আদায় করে ঘুমিয়ে পড়েছে। কিন্তু তোমরা যতক্ষণ পর্যন্ত সলাতের অপেক্ষায় থাকবে ততক্ষণ তোমরা যেন সলাতে রত থাকবে। (৫ :২) (আ.প্র.৭৯৯ ই.ফা. ৮০৭)

الْإِمَامِ فِي مُصَلاَّهُ بَعْدَ السَّلاَمِ الْإِمَامِ فِي مُصَلاَّهُ بَعْدَ السَّلاَمِ مُكْثِ الْإِمَامِ فِي مُصَلاَّهُ بَعْدَ السَّلاَمِ ٥٥/٥٤٩. অধ্যায় : সালামের পরে ইমামের মুসাল্লায় বসে থাকা।

٨٤٨. بَاب مُكْثِ الْإِمَامِ فِي مُصلَاهُ بَعْدَ السَّلامِ وَقَالَ لَنَا آدَمُ حَدَّثْنَا شُعْبَهُ عَنْ أَيُّوبَ عَنْ نَافِعِ قَالَ كَانَ ابْنُ عُمَرَ يُصلَلِّي فِي مَكَانِهِ الَّذِي صلَّى فِيهِ القَريضلة وَفَعَلَهُ القَاسِمُ ويُذكَنُ عَنْ أَبِي هُرَيْرَةً رَقْعَهُ لا يَتَطَوَّعُ الْإِمَامُ فِي مَكَانِهِ وَلَمْ يَصِحَ

৮৪৮. নাফি' (রহ.) হতে বর্ণিত তিনি বলেন, ইব্নু 'উমার (क्क्र) যে স্থানে দাঁড়িয়ে ফার্য সলাত আদায় করতেন সেখানে দাঁড়িয়ে অন্য সলাত আদায় করতেন। এরূপ ক্বাসিম (রহ.) 'আমাল করেছেন। আবৃ হুরাইরাহ্ (क्क्र) হতে মারফূ' হাদীস বর্ণনা করা হয়ে থাকে যে, ইমাম তাঁর জায়গায় দাঁড়িয়ে নাফল

সালাত আদায় করবেন। ইিমাম বুখারী (রহ.) বলেন] এ হাদীসটি মারফ্' হিসেবে রিওয়ায়াত করা ঠিক নয়। (আ.প্র. ৮০০ ই.ফা. অনুচ্ছেদ ৫৪৯)

٨٤٩. **صَرَّمَا** أَبُو الْوَلِيدِ حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ سَعْدِ حَدَّثَنَا الزُّهْرِيُّ عَنْ هِنْد بِنْتِ الْحَارِثِ عَنْ أُمِّ سَلَمَةَ أَنَّ النَّهْرِيُّ عَنْ هِنْد بِنْتِ الْحَارِثِ عَنْ أُمِّ سَلَمَةَ أَنَّ النَّهِيَّ عَنْ هِنْد بِنْتِ الْحَارِثِ عَنْ أُمِّ سَلَمَةَ أَنْ النَّهِيَّ عَنْ هِنَد بِنْتِ الْحَارِثِ عَنْ أُمِّ سَلَمَةً أَنْ النَّهِيَّ عَنْ أَنْدَ مَنْ يَنْصَـرِفُ النَّبِيَّ اللَّهُ أَعْلَمُ لِكَيْ يَنْفُذَ مَنْ يَنْصَـرِفُ مِنْ النِّسَاء.

৮৪৯. উম্মূল মু'মিনীন উম্মু সালামাহ হ্রি হতে বর্ণিত। নাবী হ্রি সালাম ফিরানোর পর নির্জ্ব জায়গায় কিছুক্ষণ অপেক্ষা করতেন। ইব্নু শিহাব (রহ.) বলেন, আল্লাহর রসূল হ্রি-এর বসে থাকার কারণ আল্লাহ্ই অধিক জ্ঞাত। তবে আমার মনে হয় সলাতের পর মহিলাগণ যাতে ফিরে যাওয়ার সুযোগ পান। (৮৩৭) (আ.প্র. ৮০১ ই.ফা. ৮০৮)

٥٨٠. وَقَالَ ابْنُ أَبِي مَرْيَمَ أَخْبَرَنَا نَافِعُ بْنُ يَزِيدَ قَالَ أَخْبَرَنِي جَعْفَرُ بْنُ رَبِيعَةَ أَنَّ ابْنَ شَهَاب كَتُبَ إِلَيْهِ قَالَ حَدَّثَنِي هِنْدُ بِنْتُ الْحَارِثِ الْفِرَاسِيَّةُ عَنْ أُمِّ سَلَمَةَ زَوْجِ النَّبِي فَيُّ وَكَانَتَ مِنْ صَوَاحِبَاتِهَا قَالَّتَ كَلَامً فَيَنْصَرِفَ رَسُولُ اللهِ فَيْ وَقَالَ ابْنُ وَهُب عَنْ يُونُسَ عَنْ يُسِلِّمُ فَيَنْصَرِفَ النِّسَاءُ فَيَدَخُلْنَ بُيُوتَهُنَّ مِنْ قَبْلِ أَنْ يَنْصَرِفَ رَسُولُ اللهِ فَيْ وَقَالَ ابْنُ وَهُب عَنْ يُونُسَ عَنْ الْبُهْرِيِّ حَدَّتَنِي هِنْدُ الْفِرَاسِيَّةُ وَقَالَ عُثْمَانُ بْنُ عُمَرَ أَخْبَرَنَا يُونُسُ عَنْ الزُّهْرِيِّ حَدَّتَنِي هَنْدُ الْفِرَاسِيَّةُ وَقَالَ عُثْمَانُ بْنُ عُمَرَ أَخْبَرَنَا يُونُسُ عَنْ الزُّهْرِيِّ حَدَّتَنِي هَنْدُ الْفِرَاسِيَّةُ وَقَالَ عُثْمَانُ بْنُ عُمَرَ أَخْبَرَنَهُ وَكَانَتَ تَحْتَ مَعْبَدِ بْنِ الْمَقْدَادِ وَهُو وَقَالَ الرَّبِيدُ فَي أَخْبَرَنِي الزُهْرِيُّ أَنَّ هِنْدَ بَنْتَ الْحَارِثِ الْقُرَشِيَّةَ أَخْبَرَتُهُ وَكَانَتُ تَحْتَ مَعْبَدِ بْنِ الْمَقْدَادِ وَهُو وَقَالَ النَّيْدُ عَنْ الزُهْرِيِّ حَدَّتَنِي هِنْدُ الْفُواسِيَّةُ وَقَالَ اللَّيْتُ حَدَّيْنِي يَحْيَى بْنُ سَعِيدَ حَدَّتَنِي هَنْدُ الْفُرَاسِيَّةً وَقَالَ اللَّيْتُ حَدَّيْنِي يَحْيَى بْنُ سَعِيدَ حَدَّتُنِي هَنْ الزُّهُمِ عَنِ عَنِي عَنْ الزُهُرِيِّ عَنْ النَّهُمِ عَنِي عَنْ الزُهُرِيِّ عَنْ النَّهُمُ عَنْ النَّيْقُ عَنِ النَّيْقِ وَقَالَ اللَّيْثُ حَدَّيْنِي يَحْيَى بْنُ سَعِيدً حَدَّنَهُ عَنِ النَّبِي فَيْلُ اللَّيْنُ الْمُؤَاقِ مِنْ قُرْيَشِ حَدَّنَهُ عَنِ النَّيْقِ وَقَالَ اللَّيْتُ حَدَّيْنِي يَحْيَى بْنُ سَعِيدَ حَدَّنَهُ عَنِ النَّيْقِ وَقَالَ اللَّيْثُ حَدَّيْنِي يَحْيَى بْنُ سَعِيدً حَدَّنَهُ عَنِ النَّيْقُ عَنِ النَّهُ مِنْ الْمُولُ الْمُولُولُ الْمُولُ اللَّيْتُ مُولِ الْمُولُولُ اللَّيْنَ الْمُولُ اللَّيْنَ الْمُولُولُ اللَّيْنَ الْمُؤَالِقُ اللَّهُ الْمُولُ اللَّيْنَ عَنْ الرَّهُ اللَّيْنَ الْمُؤَالِقُ اللَّيْنُ الْمُ اللَّيْنُ الْمُولُولُ اللَّهُ اللَّيْنَ الْحَارِقُ اللَّيْنُ اللَّيْنَ اللَّهُ اللَّيْنَ اللَّهُ اللَّيْنُ اللَّهُ اللْفُولُ اللْفُولُ اللَّيْنَ الْمُولُولُ اللَّهُ اللْفُولُ اللَّيْنَ اللَ

৮৫০. হিন্দ বিন্ত হারিস ফিরাসিয়াই ক্রি যিনি উম্মু সালামাই ক্রি-এর বান্ধর্বী তাঁর সূর্ত্তে নার্বী পত্নী উম্মু সালামাই ক্রিল্কা হতে বর্ণিত। তিনি বলেন, আল্লাহর রস্ল সালাম ফিরাতেন, অতঃপর মহিলারা ফিরে গিয়ে তাঁদের ঘরে প্রবেশ করতেন, আল্লাহর রস্ল ক্রি-এর ফিরবার পূর্বেই। ইব্নু ওহাব (রহ.) ইউনুস (রহ.) সূত্রে শিহাব (রহ.) হতে বলেন যে, আমাকে হিন্দ ফিরাসিয়াই ক্রিল্কা বর্ণনা করেছেন এবং 'উসমান ইব্নু 'উমার (রহ.) বলেন, আমাকে ইউনুস (রহ.) যুহরী (রহ.) হতে বলেন যে, আমাকে হিন্দ ফিরাসিয়াই ক্রিল্কা বর্ণনা করেছেন, আর যুবাইদী (রহ.) বলেন, আমাকে যুহরী (রহ.) বর্ণনা করেছেন যে, হিন্দ বিনত হারিস কুরাশিয়াহ (রহ.) তাকে বর্ণনা করেছেন এবং তিনি মা'বাদ ইব্নু মিকদাদ (রহ.)-এর স্ত্রী। আর মা'বাদ বন্ যুহরার সাথে সন্ধি চুক্তিতে আবদ্ধ ছিলেন এবং তিনি (হিন্দ) নাবী ক্রি-এর সহধর্মিণীগণের নিকট যাতায়াত করতেন। ত'আয়ব (রহ.) যুহরী (রহ.) হতে বলেন যে, আমাকে হিন্দ কুরাশিয়াহ (রহ.) বর্ণনা করেছেন। আর ইব্নু আবু আতীক (রহ.) যুহরী (রহ.) সূত্রে হিন্দ ফিরাসিয়াহ

(রহ.) হতে বর্ণনা করেছেন যে, কুরাইশের এক মহিলা তাঁকে নাবী 🚎 হতে বর্ণনা করেছেন। (৮৩৭) (আ.প্র. নাই, ই.ফা. ৮০৮)

## ٠ ١ / ٨ ٥ ١. بَابِ مَنْ صَلَّى بِالنَّاسِ فَذَكَرَ حَاجَةً فَتَخَطَّاهُمْ

১০/১৫৮. অধ্যায় : মুসল্লীদের নিয়ে সলাত আদায়ের পর কোন জরুরী কথা মনে পড়লে তাদের ডিঙ্গিয়ে যাওয়া।

٨٥١. صَرَتُنَا مُحَمَّدُ بَنُ عُبَيْدِ بَنِ مَيْمُونَ قَالَ حَدَّنَنَا عِيسَى بَنُ يُونُسَ عَنْ عُمَرَ بَنِ سَعِيدِ قَالَ أَخْبَرَنِي الْهَدُينَةِ الْعَصْرَ فَسَلَّمَ ثُمَّ قَامَ مُسْرِعًا فَتَخَطَّى رِقَابَ النَّاسِ إِلَى مُلَيْكَةً عَنْ عُقْبَةً قَالَ صَلَّيْتُ وَرَاءَ النَّبِي ﷺ بِالْمَدِينَةِ الْعَصْرَ فَسَلَّمَ ثُمَّ قَامَ مُسْرِعًا فَتَخَطَّى رِقَابَ النَّاسِ إِلَى بَعْضِ حُجَرِ نِسَائِهِ فَفَزِعَ النَّاسُ مِنْ سُرْعَتِهِ فَخَرَجَ عَلَيْهِمْ فَرَأَى أَنَّهُمْ عَجِبُوا مِنْ سُرْعَتِهِ فَقَالَ النَّاسِ إِلَى بَعْضِ حُجَرِ نِسَائِهِ فَفَزِعَ النَّاسُ مِنْ سُرْعَتِهِ فَخَرَجَ عَلَيْهِمْ فَرَأَى أَنَّهُمْ عَجِبُوا مِنْ سُرِعَتِهِ فَقَالَ اللَّهُ مَنْ تَبْرَ عَنْدَنَا فَكَرَهْتُ أَنْ يَحْبَسَنِي فَأَمَرُتُ بقَسْمَتِه.

৮৫১. 'উকবাহ ( হতে বর্ণিত। তিনি বলেন, আমি মাদীনাহ্য় নাবী হ এর পিছনে আসরের সলাত আদায় করলাম। সালাম ফিরানোর পর তিনি তাড়াতাড়ি দাঁড়িয়ে যান এবং মুসল্লীগণকে ডিঙ্গিয়ে তাঁর সহধর্মিণীগণের কোন একজনের কক্ষে গেলেন। তাঁর এই দ্রুততায় মুসল্লীগণ ঘাবড়িয়ে গেলেন। নাবী হ তাঁদের নিকট ফিরে এলেন এবং দেখলেন যে, তাঁর দ্রুততার কারণে তাঁরা বিস্মিত হয়ে গেছেন। তাই তিনি বললেন: আমাদের নিকট রাখা কিছু স্বর্ণের কথা মনে পড়ে যায়। তা আমার জন্য বাধা হোক, তা আমি পছন্দ করি না। তাই আমি সেটার বন্টনের নির্দেশ দিলাম। (১২২১, ১৪৩০, ৬২৭৫) (আ.৪. ৮০২, ই.ফা. ৮০৯)

الشَّمَالِ وَالِانْصِرَافِ عَنِ الْيَمِينِ وَالشَّمَالِ وَالِانْصِرَافِ عَنِ الْيَمِينِ وَالشَّمَالِ ১০/১৫৯. অধ্যায় : সলাত শেষে ডান ও বাম দিকে ফিরে যাওয়া।

وَكَانَ أَنَسُ بْنُ مَالِكٍ يَنْفَتِلُ عَنْ يَمِينِهِ وَعَنْ يَسَارِهِ وَيَعِيبُ عَلَى مَنْ يَتُوَخَّى أَوْ مَنْ يَعْمِدُ الْفَتَالَ عَنْ يَمِينِهِ

আনাস ইব্নু মালিক ( কর্মানা ডান দিকে এবং কখনো বাম দিকে ফিরে যেতেন। নির্দিষ্ট করে ডান দিকে ফিরে যাওয়া দোষের মনে করতেন।

৮৫২. আসওয়াদ হাতে বর্ণিত। তিনি বলেন, 'আবদুল্লাহ্ (ইব্নু মাস'র্ডিদ) হার্ভি বলেছেন, তোমাদের কেউ যেন স্বীয় সলাতের কোন কিছু শয়তানের জন্য না করে। তা হল, কেবল ডান দিকে ফিরানো আবশ্যক মনে করা। আমি নাবী ক্রিড্রানে অধিকাংশ সময়ই বাম দিকে ফিরতে দেখেছি। (মুসলিম ৬/৭ হাঃ ৭০৭) (আ.এ.৮০৩ ই.ফা. ৮১০)

## • ١٦٠/١. بَابِ مَا جَاءَ فِي الثُّومِ النِّيِّ وَالْبَصَلِ وَالْكُرَّاتِ

#### ১০/১৬০. অধ্যায় ঃ কাঁচা রসুন, পিঁয়াজ ও দুর্গন্ধযুক্ত মসলা বা তরকারী।

وَقَوْلِ النَّبِيِّ ﷺ مَنْ أَكُلَ النُّومَ أَوْ الْبَصَلَ مِنَ الْجُوعِ أَوْ غَيْرِهِ فَلاَ يَقْرَبَنَّ مَسْجِدَنَا.

নাবী হার্ক্ত বলেছেন ঃ ক্ষুধা বা কোন কারণে অবশ্যই কেউ যেন রসুন বা পিঁয়াজ খেয়ে আমাদের মাসজিদের নিকটে না আসে ৷

٨٥٣. صرَّتنا مُسَدَّدٌ قَالَ حَدَّنَنَا يَحْيَى عَنْ عُبَيْدِ اللهِ قَالَ حَدَّنَنِي نَافِعٌ عَنْ ابْنِ عُمَرَ رَضِيَ اللهُ عَنْهُمَا أَنَّ النَّبِيَّ ﷺ قَالَ فِي غَزْوَةٍ خَيْبَرَ مَنْ أَكَلَ مِنْ هَذِهِ الشَّجَرَةِ يَعْنِي النُّومَ فَلاَ يَقْرَبَنَّ مَسْجِدَنَا.

৮৫৪. ইব্নু 'উমার (রাযি.) হতে বর্ণিত। নাবী হু খায়বারের যুদ্ধের সময় বলেন, যে ব্যক্তি এই জাতীয় বৃক্ষ হতে অর্থাৎ কাঁচা রসুন খায় সে যেন অবশ্যই আমাদের মাসজিদে না আসে। (৪২১৫, ৪২১৭, ৪২১৮, ৫৫২১, ৫৫২২ মুসলিম ৫/১৭ হাঃ ৫৬, আহমাদ ৪৭১৫) (আ.প্র.৮০৪, ই.ফা. ৮১১)

٨٥٤. حارَ عَبُدُ اللهِ بَنُ مُحَمَّد قَالَ حَدَّثَنَا أَبُو عَاصِمٍ قَالَ أَخْبَرَنَا ابْنُ جُرَيْجٍ قَالَ أَخْبَرَنِي عَطَاءُ قَالَ السَّعِدُ فَلَا يَعْشَانَا فِي مَسَاجِدِنَا سَمَعْتُ جَارِ بَنَ عَبْدِ اللهِ قَالَ قَالَ النَّبِيُ عَلَىٰ مَنْ أَكَلَ مِنْ هَذِهِ الشَّجَرَةِ يُرِيدُ النُّومَ فَلاَ يَعْشَانَا فِي مَسَاجِدِنَا قُلْتُ مَا يَعْنِي بِهِ قَالَ مَا أُرَاهُ يَعْنِي إِلاَ نِيعَهُ وَقَالَ مَحْلَدُ بَنُ يَزِيدَ عَنْ ابْنِ جُرَيْجٍ إِلاَ نَتْنَهُ.

৮৫৩. জাবির ইব্নু 'আবদুল্লাহ্ (রাযি.) হতে বর্ণিত। তিনি বলেন, নাবী ক্রি বলেছেন ঃ কেউ যদি এ জাতীয় গাছ হতে খায়, তিনি এ দ্বারা রসুন বুঝিয়েছেন, সে যেন আমাদের মাসজিদে না আসে। (রাবী আতা (রহ.) বলেন) আমি জাবির (রাযি.) কে জিজ্ঞেস করলাম, নাবী ক্রি-এর দ্বারা কী বুঝিয়েছেন (জাবির (রাযি.) বলেন, আমার ধারণা যে, নাবী ক্রি-এর দ্বারা কাঁচা রসুন বুঝিয়েছেন এবং মাখ্লাদ ইব্নু ইয়াযীদ (রহ.) ইব্নু জুরাইজ (রহ.) হতে দুর্গন্ধযুক্ত হবার কথা উল্লেখ করেছেন। (৮৫৫, ৫৪৫২, ৭৩৫৯; মুসলিম ৫/১৭, হাঃ ৫৬৪, আহমাদ ১৫২৯৯) (আ.এ.৮০৫, ই.ফা. ৮১২)

وَقَالَ أَحْمَدُ بَنُ صَالِحٍ عَنْ ابْنِ وَهْبٍ أُتِيَ بِبَدْرٍ وَقَالَ ابْنُ وَهْبِ يَعْنِي طَبَقًا فِيهِ حَضِرَاتٌ وَلَسمْ يَسَذَكُرِ اللَّيْتُ وَأَبُو صَفُوانَ عَنْ يُونُسَ قِصَّةَ الْقِدْرِ فَلاَ أَدْرِي هُوَ مِنْ قَوْلِ الزُّهْرِيِّ أَوْ فِي الْحَدِيثِ. ৮৫৫. জাবির ইব্নু 'আবদুল্লাহ্ হাতে বর্ণিত। তিনি বলেন, নাবী বালছেন: যে ব্যক্তি রসুন বা পিঁয়াজ খায় সে যেন আমাদের হতে দূরে থাকে অথবা বলেছেন, সে যেন আমাদের মাসজিদ হতে দূরে থাকে আর নিজ ঘরে বসে থাকে। (উক্ত সানাদে আরো বর্ণিত আছে যে,) নাবী ক্রি-এর নিকট একটি পাত্র যার মধ্যে শাক-সবৃজি ছিল আনা হলো। নাবী ক্রি-এর গন্ধ পেলেন এবং এ ব্যাপারে জিজ্ঞেস করলেন, তখন তাঁকে সে পাত্রে রক্ষিত শাক-সবৃজি সম্পর্কে জানানো হলো, তখন একজন সহাবা আবৃ আইয়ুব ক্রি-)-কে উদ্দেশ্য করে বললেন, তাঁর নিকট এগুলো পৌছে দাও। কিন্তু তিনি তা খেতে অপসন্দ করলেন, এ দেখে নাবী ক্রিক্ত বললেন: তুমি খাও। আমি যাঁর সাথে গোপনে আলাপ করি তাঁর সাথে তুমি আলাপ কর না (মালাইকাহ্র সাথে আমার আলাপ হয়, তাঁরা দুর্গন্ধকে অপছন্দ করেন)। (আ.প্র. ৮০৬)

আহ্মাদ ইব্নু সালিহ্ (রহ.) ইব্নু ওয়াহ্ব (রহ.) হতে বলেছেন, أَنَيُ بَسُدُر ইব্নু ওয়াহ্ব –এর অর্থ বলেছেন, খাঞ্চা যার মধ্যে শাক-সজী ছিল। আর লায়স ও আবৃ সাফওয়ান (রহ.) ইউনুস (রহ.) হতে রিওয়ায়াত বর্ণনায় الْقَدْرِ এর বর্ণনা উল্লেখ করেননি। ইমাম বুখারী (রহ.) বলেন। ومراحة والمراجة والمراجة (রহ.) -এর উক্তি না হাদীসের অংশ তা আমি বলতে পারছি না। (৮৫৪) (ই.ফা. ৮১৩)

٨٥٦. صَرَمْنَا أَبُو مَعْمَرٍ قَالَ حَدَّنَنَا عَبُدُ الْوَارِثِ عَنْ عَبْدِ الْعَزِيزِ قَالَ سَأَلَ رَجُلُ أَنسَ بْنَ مَالَــك مَـــا سَمِعْتَ نَبِيَّ اللَّه ﷺ يَقُولُ فِي التَّومِ فَقَالَ قَالَ النَّبِيُّ ﷺ مَنْ أَكُلَ مِنْ هَذِهِ الشَّحَرَةِ فَلاَ يَقْرَبْنَا أَوْ لاَ يُصَـــلِّينً مَعْنَا.

৮৫৬. 'আবদুল 'আযীয (রহ.) হতে বর্ণিত। তিনি বলেন, এক ব্যক্তি আনাস ইব্নু মালিক (ক্রা-কে জিজ্ঞেস করলেন, আপনি নাবী ক্রি-কে রসুন খাওয়া সম্পর্কে কী বলতে শুনেছেন? তখন আনাস ক্রিবলেন, নাবী ক্রিক্র বলেছেন: যে ব্যক্তি এ জাতীয় গাছ হতে খায় সে যেন অবশ্যই আমাদের নিকট না আসে এবং আমাদের সাথে সলাত আদায় না করে। (৫৪৫১ মুসলিম ৫/১৭, য়ঃ ৫৬৩, আয়মাদ ৯৫৪৯) (আ.এ.৮০৭, য়য়য়. ৮১৪)

١٦١/١. بَابِ وُضُوءِ الصِّبْيَانِ وَمَتَى يَجِبُ عَلَيْهِمْ الْغُسْلُ وَالطَّهُورُ وَحُضُورِهِمْ الْجَمَاعَةَ وَالْجَنَائِزَ وَصُفُوفِهِمْ.
 وَالْعِيلَائِنِ وَالْجَنَائِزَ وَصُفُوفِهِمْ.

১০/১৬১. অধ্যায় : শিশুদের উযু করা, কখন তাদের উপর গোসল ও পবিত্রতা অর্জন আবশ্যক হয় এবং সলাতের জামা'আতে, দু' 'ঈদে এবং জানাযায় তাদের উপস্থিত হওয়া এবং কাতারবন্দী হওয়া।

٨٥٧. **طَرْنَنَا** مُحَمَّدُ بْنُ الْمُثَنَّى قَالَ حَدَّثَنِي غُنْدَرٌ قَالَ حَدَّثَنَا شُعْبَةُ قَالَ سَمِعْتُ سُلَيْمَانَ الشَّيْبَانِيَّ قَالَ سَمِعْتُ الشَّعْبِيُّ قَالَ أَخْبَرَنِي مِنْ مَرَّ مَعَ النَّبِيِّ عَلَى قَبْرٍ مَنْبُوذٍ فَأَمَّهُمْ وَصَفُّوا عَلَيْهِ فَقُلْتُ يَا أَبَا عَمْرٍو مَنْ حَدَّثَكَ فَقَالَ ابْنُ عَبَّاس. ৮৫৭. শা'বী (রহ.) হতে বর্ণিত। তিনি বলেন, এমন এক ব্যক্তি আমাকে খবর দিয়েছেন, যিনি নাবী এত এর সঙ্গে একটি পৃথক কবরের নিকট গেলেন। নাবী হতে সেখানে লোকদের ইমামাত করেন। লোকজন কাতারবন্দী হয়ে তাঁর পিছনে দাঁড়িয়ে গেল। আমি জিজ্ঞেস করলাম, হে আবৃ 'আম্র! কে আপনাকে এ হাদীস বর্ণনা করেছেন? তিনি বললেন, ইব্নু 'আব্বাস (রাযি আল্লাহু তা'আলা 'আনহু)। (১২৪৭, ১৩১৯, ১৩২১, ১৩২২, ১৩২৬, ১৩৩৬, ১৩৪০ মুসলিম ১১/২৩, হাঃ ৯৫৪, আহমাদ ২৫৫৪) (আ.শু. ৮০৮, ই.ফা. ৮১৫)

٨٥٨. **طَرْثُنَا** عَلِيُّ بْنُ عَبْدِ اللهِ قَالَ حَدَّثَنَا سُفْيَانُ قَالَ حَدَّثَنِي صَفْوَانُ بْنُ سُلَيْمٍ عَنْ عَطَاءِ بْنِ يَسَارٍ عَنْ أَبِي سَعِيدِ الْخُدْرِيِّ عَنِ النَّبِيِّ ﷺ قَالَ الْغُسْلُ يَوْمَ الْجُمُعَةِ وَاحِبٌ عَلَى كُلِّ مُحْتَلِمٍ.

৮৫৮. আবৃ সা'ঈদ র্থুদ্রী ( সূত্রে নাবী হ হতে বর্ণিত। তিনি বলেন,জুমু আহ্র দিন প্রত্যেক বয়ঃপ্রাপ্ত (মুসলিমের) গোসল করা ওয়াজিব। (৮৭৯, ৮৮০, ৮৯৫, ২৬৬৫ মুসলিম ৭/১, হাঃ ৮৪৬, আহমাদ ১১২৫০) (আ.গ্র. ৮০৯, ই.ফা. ৮১৬)

٨٥٩. حارشا على بن عبد الله قال أخبر نا سفيان عن عمرو قال أخبرني كُريْب عن ابن عبّاس رضي الله عنهما قال بت عند خالتي ميمونة ليكة فقام النبي الله على فلمّا كان في بعض الليل قسام رسول الله الله عنهما قال بت عند خالتي ميمونة ليخففه عمرو ويُقلَله حدًّا ثم قام يُصلّي فقمت فتوضًات نحسوا ممّسا فتوضًا من شن معلّي وضوعًا خفيفًا يحقيفه عمرو ويُقلّله حدًّا ثم قام يُصلّي ما شاء الله ثم اضطحع فنام حتّسي توضًا ثم حثت فقمت عن يساره فحولني فحقلني عن يمينه ثم صلّى ما شاء الله ثم اضطحع فنام حتّسي نفخ فأتاه المنادي يأذنه بالصلاة فقام معه إلى الصلاة فصلّى وَلَمْ يَتوضأ قُلنا لعمرو إن ناسًا يقولون إن النبي المنام عينه وكم يَنه وكي المنام أني الأبياء وحي ثم قرأ الإلي

৮৫৯. ইব্নু 'আব্বাস হৈ হতে বর্ণিত। তিনি বলেন, আমি এক রাতে আমার খালা (উন্মূল মু'মিনীন) মাইমূনাহ এর নিকট রাত্র কাটালাম। সে রাতে নাবী ক্র-ও সেখানে নিদ্রা যান। রাতের কিছু অংশ অতিবাহিত হলে তিনি উঠলেন এবং একটি ঝুলন্ত মশ্ক হতে পানি নিয়ে হাল্কা উয় করলেন। 'আম্র (বর্ণনাকারী) এটাকে হাল্কা এবং অতি কম বুঝলেন। অতঃপর তিনি সলাতে দাঁড়ালেন। ইব্নু 'আব্বাস ক্রেলন, আমি উঠে তাঁর মতই সংক্ষিপ্ত উয়ু করলাম, অতঃপর এসে নাবী ক্রে-এর বামপাশে দাঁড়িয়ে গেলাম। তখন তিনি আমাকে ঘুরিয়ে তাঁর ডানপাশে করে দিলেন। অতঃপর যতক্ষণ আল্লাহ্র ইচ্ছা সলাত আদায় করলেন, অতঃপর বিছানায় শুয়ে ঘুমিয়ে পড়লেন। এমনকি শ্বাস-প্রশাসের আওয়ায হতে লাগল, অতঃপর মুআয্যিন এসে সলাতের কথা জানালে তিনি উঠে তাঁর সলাতের জন্য চলে গেলেন এবং সলাত আদায় করলেন। কিছু (নতুন) উয়ু করলেন না। সুফ্ইয়ান (রহ.) বলেন, আমি আমর (রহ.)-কে জিজ্জেস করেছিলাম, লোকজন বলে থাকেন, নাবী ক্রি-এর চোখ নিদ্রায় যেত কিছু তাঁর কাল্ব (হদয়) জাগ্রত থাকত। 'আম্র (রহ.) বললেন, 'উবায়দ ইব্নু 'উমার (রহ.)-কে আমি বলতে শুনেছি যে, নিকয়ই নাবীগণের স্বপু ওয়াহী। অতঃপর তিনি তিলাওয়াত করলেন

[ইব্রাহীম (ऋख), ইসমা'ঈল (ऋख)-কে বললেন] "আমি স্বপু দেখলাম, তোমাকে কুরবানী করছি।" (স্রাহ্ আস্ -সাক্ফাত ৩৭/১০২)। (১১৭) (আ.প্র. ৮১০, ই.ফা. ৮১৭)

مَا مَا اللَّهُ مَا إِسْمَاعِيلُ قَالَ حَدَّنَنِي مَالِكُ عَنْ إِسْحَاقَ بْنِ عَبْدِ اللهِ بْنِ أَبِي طَلْحَةَ عَنْ أَنسِ بْنِ مَالِكُ عَنْ إِسْحَاقَ بْنِ عَبْدِ اللهِ بْنِ أَبِي طَلْحَةَ عَنْ أَنسِ بْنِ مَالِكُ عَنْ إِسْحَاقً بُوعَتَهُ فَقَالَ قُومُوا فَلِأُصَلِّيَ بِكُمْ فَقُمْتُ إِلَى حَصِيرً لَنَ عَدَّنَهُ مُلِيكَةً دَعَتْ رَسُولُ اللهِ عَلَى اللهِ عَلَى اللهِ عَلَى وَالْعَحُوزُ مِنْ وَرَائِنَا فَصَلَّى بِنَا قَدُ السُودُ مِنْ طُولِ مَا لَبِثَ فَنَضَحْتُهُ بِمَاءٍ فَقَامَ رَسُولُ اللهِ عَلَى وَالْيَتِيمُ مَعِي وَالْعَجُوزُ مِنْ وَرَائِنَا فَصَلَّى بِنَا وَكَعْتَيْن.

৮৬০. আনাস ইব্নু মালিক (ক্রা) হতে বর্ণিত। ইসহাক (রহ.)-এর দাদী মুলাইকা (ক্রা) খাদ্য তৈরি করে আল্লাহর রসূল ক্রাই-কে দাওয়াত করলেন। তিনি তার তৈরি খাবার খেলেন। অতঃপর তিনি বললেন তোমরা উঠে দাঁড়াও, আমি তোমাদের নিয়ে সলাত আদায় করব। আনাস (ক্রা) বলেন, আমি একটি চাটাইয়ে দাঁড়ালাম যা অধিক ব্যবহারের কারণে কালো হয়ে গিয়েছিল। আমি এতে পানি ছিটিয়ে দিলাম। আল্লাহর রসূল ক্রাই সলাতে দাঁড়ালেন, আমার সঙ্গে একটি ইয়াতীম বাচ্চাও দাঁড়াল এবং বৃদ্ধা আমাদের পিছনে দাঁড়ালেন। আমাদের নিয়ে তিনি দু' রাক'আত সলাত আদায় করলেন। (৩৮০) (আ.প্র.৮১১, ই.ফা. ৮১৮)

٨٦١. صرتما عَبْدُ الله بْنُ مَسْلَمَةَ عَنْ مَالِك عَنْ ابْنِ شِهَابِ عَنْ عُبَيْدِ الله بْنِ عَبْدِ الله بْنِ عُنْبَةَ عَنْ ابْنِ عَبَّدِ الله بْنِ عَبْدِ الله بْنِ عَبْدَ الله بْنِ عَبْدَ الله بْنِ عَبْدَ الله عَنْهُمَا أَنَّهُ قَالَ أَقْبَلْتُ رَاكِبًا عَلَى حِمَارٍ أَتَانَ وَأَنَّا يَوْمَئِذَ قَدْ نَاهَزْتُ الْاحْتِلَامَ وَرَسُــولُ اللهِ عَبَّسِ رَضِيَ اللهُ عَنْهِ حِدَارٍ فَمَرَرْتُ بَيْنَ يَدَيْ بَعْضِ الصَّفِّ فَنَزَلْتُ وَأَرْسَــلْتُ الْأَتَــانَ تَرْتَــعُ وَدَخَلْتُ فِي الصَّفِّ فَلَمْ يُنْكِرْ ذَلِكَ عَلَى الْحَدُد.

৮৬১. 'আবদুল্লাহ্ ইব্নু 'আব্বাস 🕽 হতে বর্ণিত। তিনি বলেন, আমি একটি গার্ধার উপর আরোহণ করে অগ্রসর হলাম। তখন আমি প্রায় বয়ঃপ্রাপ্ত। এ সময় রস্লুল্লাহ্ 😂 মিনায় প্রাচীর ব্যতীত অন্য কিছু সামনে রেখে লোকদের নিয়ে সলাত আদায় করছিলেন। আমি কোন এক কাতারের সম্মুখ দিয়ে অগ্রসর হয়ে এক জায়গায় নেমে গেলাম এবং গাধাটিকে চরে বেড়ানোর জন্য ছৈড়ে দিলাম। অতঃপর আমি কাতারে ঢুকে পড়লাম। আমার এ কাজে কেউ আপত্তি করলেন না। (৭৬) (আ.প্র.৮১২, ই.ল. ৮১৯)

٨٦٢. عَرْمَنَا أَبُو الْيَمَانِ قَالَ أَخْبَرَنَا شُعَيْبٌ عَنْ الزُّهْرِيِّ قَالَ أَخْبَرَنِي عُرُوَةً بْنُ الزُّبَيْرِ أَنَّ عَائِشَةَ قَالَتْ أَعْتَمَ النَّبِيُ ﷺ وَقَالَ عَيَاشٌ حَدَّنَنَا عَبْدُ الْأَعْلَى حَدَّنَنَا مَعْمَرٌ عَنْ الزُّهْرِيِّ عَنْ عُرُوةً عَنْ عَائِشَةَ رَضِي اللهُ عَنْهَا قَالَتُ أَعْتَمَ رَسُولُ اللهِ ﷺ وَالصِّبْيَانُ فَخَرَجَ رَسُولُ اللهِ ﷺ فَعَلَى اللهِ اللهُ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهُ اللهِ اللهُ اللهِ اللهُ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهُ اللهُ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهُ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهُ اللهُ اللهِ اللهُ اللهِ اللهِ اللهُ اللهُ اللهِ اللهُ اللهِ اللهُ اللهُ اللهُ اللهِ اللهُ اللهُ

৮৬২. 'আয়িশাই ব্রিল্লী হতে বর্ণিত। তিনি বলেছেন, আল্লাহর রসূল ক্রি 'ইশার সলাত আদায়ে দেরি করলেন। অবশেষে 'উমার ক্রি) তাঁকে আহ্বান করে বললেন, নারী ও শিশুরা ঘুমিয়ে পড়েছে। 'আয়িশাই ক্রিলী বলেন, তখন আল্লাহর রসূল ক্রি বের হয়ে বললেন: তোমরা ছাড়া পৃথিবীতে কেউ আর এ সলাত আদায় করে না। (রাবী বলেন,) সে সময় মাদীনাবাসী ছাড়া আর কেউ সলাত আদায় করতো না। (৫৬৬) (আ.এ.৮১৩, ই.ফা. ৮২০)

٨٦٣. **طَرَثُنَا** عَمْرُو بَنُ عَلِي قَالَ حَدَّثَنَا يَحْيَى قَالَ حَدَّثَنَا سُفَيَانُ حَدَّثَنِي عَبْدُ الرَّحْمَنِ بَسِنُ عَسابِسٍ سَمِعْتُ ابْنَ عَبَّاسٍ رَضِيَ الله عَنْهُمَا قَالَ لَهُ رَجُلُ شَهِدَتَ الْخُرُوجَ مَعَ رَسُولِ اللهِ عَلَى قَالَ نَعَمْ وَلَوْلَا مَكَانِي سَمِعْتُ ابْنَ عَبَّاسٍ رَضِيَ الله عَنْهُمَّا قَالَ لَهُ رَجُلُ شَهِدَتَ الْخُرُوجَ مَعَ رَسُولِ اللهِ عَلَى قَالَ نَعَمْ وَلَوْلَا مَكَانِي مِنْ صَغِرِهِ أَتَى الْعَلَمَ الَّذِي عَنْدَ دَارِ كَثِيرِ بْنِ الصَّلْت ثُمَّ خَطَبَ ثُمَّ أَتَى النِسَاءَ فَوَعَظَهُنَّ وَذَكْرَهُنَّ وَأَمْرَهُنَّ أَنَ يَتَصَدَّقُنَ فَجَعَلَت الْمَرَّأَةُ تُهُوي بِيَدِهَا إِلَى حَلْقِهَا تُلْقِي فِي ثَوْبِ بِلَالٍ ثُمَّ أَتَسَى هُسوَ وَبِلاَلُ الْبَيْتَ.

৮৬৩. ইব্নু 'আব্বাস হাতে বর্ণিত যে, এক ব্যক্তি তাঁকে জিজ্ঞেস করল, আপনি নাবী এতি এর সাথে কখনো 'ঈদের মাঠে গমন করেছেন? তিনি বললেন, হাাঁ, গেছি। তবে তাঁর নিকট আমার যে মর্যাদা ছিল তা না থাকলে আমি অল্প বয়ঙ্ক হ্বার কারণে সেখানে যেতে পারতাম না। তিনি কাসীর ইব্নু সলাতের বাড়ির নিকট যে নিশানা ছিল সেখানে আসলেন (সলাত আদায়ের) পরে খুত্বা দিলেন। অতঃপর মহিলাদের নিকট গিয়ে তিনি তাদের ওয়ায ও নাসীহাত করেন। এবং তাদের সদাক্বাহ করতে নির্দেশ দেন। ফলে মহিলারা তাঁদের হাতের আংটি খুলে বিলাল (১৮) (আ.প্র.৮১৪ ই.ফা. ৮২১)

• ١٦٢/١. بَابِ خُرُوجِ النِّسَاءِ إِلَى الْمَسَاجِدِ بِاللَّيْلِ وَالْغَلَسِ.

১০/১৬২. অধ্যায় : রাতে ও অন্ধকারে মহিলাগণের মাসজিদের দিকে বের হওয়া।

٨٦٤. صر ثنا أَبُو الْيَمَانِ قَالَ أَخْبَرَنَا شُعَيْبٌ عَنْ الرُّهْرِيِّ قَالَ أَخْبَرَنِي عُرْوَةُ بْنُ الرُّبْيْرِ عَنْ عَائِشَةَ رَضِيَ اللهُ عَنْهَا قَالَتَ أَعْتَمَ رَسُولُ اللهِ عَلَى بِالْعَتَمَة حَتَّى نَادَاهُ عُمَرُ نَامَ النِّسَاءُ وَالصَّبْيَانُ فَخَرَجَ النَّبِيُّ عَلَىٰ فَقَالَ مَسَا اللهُ عَنْهُ عَنْهُ كُمْ مِنْ أَهْلِ الْأَرْضِ وَلاَ يُصَلِّى يَوْمَئِذُ إِلاَّ بِالْمَدِينَةِ وَكَانُوا يُصَلُّونَ الْعَتَمَةَ فِيمَا بَسِيْنَ أَنْ يَعْمِدُ إِلاَّ بِالْمَدِينَةِ وَكَانُوا يُصَلُّونَ الْعَتَمَةَ فِيمَا بَسِيْنَ أَنْ يَغِيبَ الشَّفَقُ إِلَى تُلُثِ اللَّيْلِ الْأَوَّلِ.

৮৬৪. 'আয়িশাহ্ ছিল্লী হতে বর্ণিত। তিনি বলেন, একদা আল্লাহর রস্ল হৈ ইশার সলাত আদায়ে দেরি করলেন। ফলে 'উমার (রা,) তাঁকে আহ্বান করে বললেন, মহিলা ও শিশুরা ঘুমিয়ে পড়েছে। তখন নাবী হৈ বেরিয়ে এসে বললেন : এ সলাতের জন্য পৃথিবীতে অন্য কেউ অপেক্ষারত নেই। সে সময় মাদীনাহ্বাসী ছাড়া অন্য কোথাও সলাত আদায় করা হতো না। তারা সুর্যান্তের পর পশ্চিম আকাশের লালিমা অদৃশ্য হবার সময় হতে রাতের প্রথম তৃতীয়াংশ পর্যন্ত সময়ের মধ্যে 'ইশা সলাত আদায় করতেন। (৫৬৬) (আ.প্র. ৮১৫, ই.ফা. ৮২২)

٨٦٥. **صرثنا** عُبَيْدُ اللهِ بْنُ مُوسَى عَنْ حَنْظَلَةَ عَنْ سَالِمِ بْنِ عَبْدِ اللهِ عَنْ ابْنِ عُمَرَ رَضِيَ اللهُ عَنْهُمَا عَنِ النَّبِيِّ فَالَ إِذَا اسْتَأَذَنَكُمْ نِسَاؤُكُمْ بِاللَّيْلِ إِلَى الْمَسْجِدِ فَأَذَنُوا لَهُنَّ تَابَعَهُ شُعْبَةُ عَنِ الْأَعْمَشِ عَنْ مُجَاهِدٍ عَنْ ابْنِي فَمَرَ عَنِ النَّبِي فَلَى.

৮৬৫. ইব্নু 'উমার 📻 হতে বর্ণিত। নাবী 🚗 বলেছেন : যদি তোমার্দের স্ত্রীরা রাতের বেলা মাসজিদে আসতে চায় তাহলে তাদের অনুমতি দিবে। শু'বাহ (রহ.)....ইব্নু 'উমার 📻 নাবী 🥰 হতে হাদীস বর্ণনায় 'উবাইদুল্লাহ্ ইব্নু মূসা (রহ.)-এর অনুসরণ করেছেন। (৮৭৩, ৮৯৯, ৯০০, ৫২৩৮; মুসলিম ৪/৩০, হাঃ ৪৪২, আহমাদ ৫২১১) (আ.শ্র. ৮১৬, ই.ফা. ৮২৩)

#### باب انتظارُ النَّاسِ قِيَامَ إِمَامِ العَالِمِ ١٦٣/١٠ . بَابِ انتظارُ النَّاسِ قِيَامَ إِمَامِ العَالِمِ ১৬৩/১০. অধ্যায় : ইমামের দাঁড়ানো পর্যন্ত মানুষের অপেক্ষা।

بَنْتُ الْحَارِثِ أَنَّ أُمَّ سَلَمَةَ زَوْجَ النَّبِيِّ اللَّهِ أَخْبَرَتُهَا أَنَّ النِسَاءَ فِي عَهْد رَسُولِ اللهِ اللهِ عَلَى كُنَّ إِذَا سَلَّمَنَ مَسِنَ الْحَارِثِ أَنَّ أُمَّ سَلَمَةَ زَوْجَ النَّبِيِّ اللهِ اللهِ اللهِ عَهْد رَسُولِ اللهِ اللهِ اللهِ عَلَى مِنْ الرِّحَالُ مَا شَاءَ اللهُ فَإِذَا قَامَ رَسُولُ اللهِ اللهِ قَامَ الرِّحَالُ. اللهُ فَامَ الرِّحَالُ. لَهُ فَمُنَ وَنَبْتَ رَسُولُ اللهِ اللهِ قَامَ الرِّحَالُ مَا شَاءَ اللهُ فَإِذَا قَامَ رَسُولُ اللهِ اللهِ قَامَ الرِّحَالُ. لَهُ كُنَّ إِذَا سَلَّمَنَ مَسْ الرِّحَالُ مَا شَاءَ اللهُ فَإِذَا قَامَ رَسُولُ اللهِ اللهِ قَامَ الرِّحَالُ. لَهُ اللهُ عَلَى مِنْ الرِّحَالُ مَا شَاءَ اللهُ فَإِذَا قَامَ رَسُولُ اللهِ اللهِ قَامَ الرِّحَالُ. لَهُ اللهُ ا

٨٦٧. **طَرَثُنَا** عَبْدُ اللهِ بَنُ مَسْلَمَةَ عَنْ مَالِكِ ح و حَدَّثَنَا عَبْدُ اللهِ بَنُ يُوسُفَ قَالَ أَخْبَرَنَا مَالِكَ عَسِنَ يَخْيَى بْنِ سَعِيد عَنْ عَمْرَةً بِنْتِ عَبْدِ الرَّحْمَنِ عَنْ عَائِشَةَ قَالَتْ إِنْ كَانَ رَسُولُ اللهِ ﷺ لَيُصَلِّي الصُّبْحَ فَيَنْصَرِفُ النِّسَاءُ مُتَلَفِّعَاتٍ بِمُرُوطِهِنَّ مَا يُعْرَفْنَ مِنَ الْغَلَسِ.

৮৬৭. 'আয়িশাহ হাত বর্ণিত। তিনি বলেন, আল্লাহর রসূল হাত যথঁন ফাজরের সলাত শেষ করতেন তখন নারীরা চাদরে সর্বাঙ্গ আচ্ছাদিত করে ঘরে ফিরতেন। অন্ধকারের দরুণ তখন তাঁদেরকে চেনা যেতো না। (৩৭২) (আ.প্র, ৮১৮ ই.ফা. ৮২৫)

٨٦٨. **حدثنا** مُحَمَّدُ بْنُ مِسْكِينِ قَالَ حَدَّثَنَا بِشْرُ بْنُ بَكْرٍ أَخْبَرَنَا الْأَوْزَاعِيُّ حَدَّثَنِي يَحْيَى بْنُ أَبِي كَثِيرٍ عَنْ عَبْدِ اللهِ بْنِ أَبِي قَتَادَةَ الْأَنْصَارِيَّ عَنْ أَبِيهِ قَالَ قَالَ رَسُولُ اللهِ ﷺ إِنِّي لَأَقُومُ إِلَى الصَّلاَةِ وَأَنَا أُرِيـــدُ أَنْ أُطَوِّلَ فِيهَا فَأَسْمَعُ بُكَاءَ الصَّبِيِّ فَأَتَحَوَّزُ فِي صَلاَتِي كَرَاهِيَةَ أَنْ أَشُقَّ عَلَى أُمِّهِ. ৮৬৮. আবৃ কাতাদাহ্ আনসারী ( হতে বর্ণিত। তিনি বলেন, আল্লাহর রসূল ক্ষ্ণেই বলেছেন: আমি সলাতে দাঁড়িয়ে তা দীর্ঘায়িত করব বলে ইচ্ছা করি, অতঃপর শিশুর কান্না শুনতে পেয়ে আমি সলাত সংক্ষিপ্ত করি এ আশংকায় যে, তার মা কষ্ট পাবে। (৭০৭) (আ.প্র.৮১৯ ই.ফা. ৮২৬)

٨٦٩. صر من عَبْدُ اللهِ بْنُ يُوسُفَ قَالَ أَخْبَرَنَا مَالِكُ عَنْ يَحْيَى بْنِ سَعِيدِ عَنْ عَمْرَةَ عَنْ عَائِشَةَ رَضِسَيَ اللهُ عَنْهَا قَالَتُ لِعَمْرَةً اللهِ عَنْهَا قَالَتُ لِعَمْرَةً لِعَمْرَةً لِعَمْرَةً وَسُولُ اللهِ عَلَى اللهِ عَلَى مَا أَحْدَثَ النِّسَاءُ لَمَنَعَهُنَّ كَمَا مُنِعَتُ نِسَاءُ بَنِي إِسْرَائِيلَ قُلْتُ لِعَمْرَةً وَمُنْعَنَ قَالَت نَعَمْ.

৮৬৯. 'আয়িশাই দ্রান্ত্রী হতে বর্ণিত। তিনি বলেন, যদি আল্লাহর রসূল ক্রি জানতেন যে, নারীরা কী অবস্থা সৃষ্টি করেছে, তাহলে বানী ইসরাঈলের নারীদের যেমন বারণ করা হয়েছিল, তেমনি এদেরও মাসজিদে আসা নিষেধ করে দিতেন। (রাবী) ইয়াইইয়া ইব্নু সা'ঈদ (রহ.) বলেন,) আমি 'আম্রাহ্ ক্রি-কে জিজ্জেস করলাম, তাদের কি নিষেধ করা হয়েছিল? তিনি বললেন, হাঁ। (মুসলিম ৪/৩০, হাঃ ৪৪৫, আহমাদ ২৬০৪১) (আ.শ্র. ৮২০, ই.ফা. ৮২৭)

. ١٦٤/١٠ بَابِ صَلَاَةِ النِّسَاءِ خَلَفَ الرِّجَالِ. ١٥/১৬৪. অধ্যায় : পুরুষদের পিছনে নারীদের সলাত ا

٠ ٨٧٠. حَدَّثَنَا يَحْيَى بْنُ قَرَعَةَ قَالَ حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ سَعْدِ عَنْ الزُّهْرِيِّ عَنْ هِنْد بِنْتِ الْحَارِثِ عَــنْ أُمِّ سَلَمَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا قَالَتْ كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا سَلَّمَ قَامَ النِّسَاءُ حِينَ يَقْضِي تَسْلِيمَهُ وَسَلَّمَ إِذَا سَلَّمَ قَامَ النِّسَاءُ حِينَ يَقْضِي تَسْلِيمَهُ وَيَمْكُثُ هُوَ فِي مَقَامِهِ يَسِيرًا قَبْلَ أَنْ يَقُومَ قَالَ نَرَى وَاللَّهُ أَعْلَمُ أَنَّ ذَلِكَ كَانَ لِكَيْ يَنْصَرِفَ النِّسَاءُ قَبْلَ أَنْ يُدُركَهُنَّ أَحَدُ مِنْ الرِّجَال.

৮৭০. উম্মু সালামাহ ক্রিন্তা হতে বর্ণিত। তিনি বলেন, নাবী ক্রে যখন সালাম ফিরাতেন, তখন মহিলারা তাঁর সালাম শেষ করার পর উঠে যেতেন। নাবী ক্রে দাঁড়ানোর পূর্বে স্বীয় স্থানে কিছুক্ষণ অবস্থান করতেন। রাবী যুহরী (রহ.) বলেন, আমাদের মনে হয়, তা এজন্য যে, অবশ্য আল্লাহ্ ভাল জানেন, যাতে পুরুষদের যাবার পূর্বেই নারীরা চলে যেতে পারে। (৮৩৭) (আ.এ.৮২১ ই.ফা. ৮২৮)

٨٧١. **عَرَثُنَا** أَبُو نُعَيْمٍ قَالَ حَدَّثَنَا آبَنُ عُنِيْنَةً عَنْ إِسْحَاقَ بَنِ عَبْدِ اللهِ عَنْ أَنَسِ بَنِ مَالِكٍ ﷺ قَالَ صَسلَى النَّبِيُّ اللهِ عَنْ أَنَسِ بَنِ مَالِكٍ ﷺ قَالَ صَسلَى النَّبِيُّ ﷺ فِي بَيْتِ أُمِّ سُلَيْمٍ خَلْفَنَا.

৮৭১. আনাস (ইব্নু মালিক) হেত বর্ণিত। তিনি বলেন, নাবী হৈছে উম্মু সুলাইম ক্রিক্স-এর ঘরে সলাত আদায় করেন। আমি এবং একটি ইয়াতীম তাঁর পিছনে দাঁড়ালাম আর উম্মু সুলাইম ক্রিক্স আমাদের পিছনে দাঁড়ালেন। (৩৮০) (আ.প্র. ৮২২, ই.ফা. ৮২৯)

الْمَسْجِد. بَابِ سُرْعَةِ انْصِرَافِ النِّسَاءِ مِنْ الصَّبْحِ وَقِلَّةِ مَقَامِهِنَّ فِي الْمَسْجِد. ১০/১৬৫. অধ্যায় : ফাজরের সলাত শেষে নারীদের তাড়াতাড়ি বাড়ীতে প্রত্যাবর্তন করা এবং মাসজিদে তাদের স্বল্পকাল অবস্থান করা।

৮৭২. 'আয়িশাহ্ ্রাক্সি হতে বর্ণিত। আল্লাহর রসূল ক্রাক্সি অন্ধকার থাকতেই ফাজরের সলাত আদায় করতেন। অতঃপর মু'মিনদের স্ত্রীগণ চলে যেতেন, অন্ধকারের জন্য তাদের চেনা যেতনা অথবা বলেছেন, অন্ধকারের জন্য তাঁরা একে অপরকে চিনতেন না। (৩৭২) (আ.প্র. ৮২৩ ই.ফা. ৮৩০)

. १२२/१ . بَابِ اسْتَنْذَانِ الْمَرْأَةِ زَوْجَهَا بِالْخُرُوجِ إِلَى الْمَسْجِدِ. ১০/১৬৬. অধ্যায় : মাসজিদে যাওয়ার জন্য স্বামীর নিকট মহিলার সম্মতি চাওয়া।

٨٧٣. **حدثنا** مُسَدَّدٌ حَدَّثَنَا يَزِيدُ بْنُ زُرَيْعٍ عَنْ مَعْمَرٍ عَنْ الزُّهْرِيِّ عَنْ سَالِمِ بْنِ عَبْدِ اللهِ عَنْ أَبِيهِ عَـــنِ النَّبِيِّ ﷺ إِذَا اسْتَأْذَنَتْ امْرَأَةُ أَحَدكُمْ فَلاَ يَمْنَعْهَا.

৮৭৩. 'আবদুল্লাহ্ 🚌 সূত্রে নাবী 🚎 হতে বর্ণিত। তিনি বলেন, তোমাদের কারো স্ত্রী যদি (সলাতের জন্য মাসজিদে যাবার) অনুমতি চায় তাহলে তার স্বামী তাকে যেন বাধা না দেয়। (৮৬৫) (আ.প্র. ৮২৪, ই.ফা. ৮৩১)

٨٧٤. حَرَثُنَا أَبُو نُعَيْمٍ قَالَ حَدَّثَنَا آبَنُ عُيَيْنَةَ عَنْ إِسْحَاقَ بَنِ عَبْدِ اللهِ عَنْ أَنَسِ بَنِ مَالِكِ اللهِ عَالَى صَــلَى اللهِ عَنْ أَنَسِ بَنِ مَالِكِ اللهِ عَلَى اللهِ عَلَى اللهِ عَنْ أَنَسِ بَنِ مَالِكِ اللهِ عَلَى اللهُ عَلَى اللهُ عَلَى اللهِ عَلَى الله

৮৭৪. আনাস (ইব্নু মালিক) হতে বর্ণিত। তিনি বলেন, নাবী হুত্রু উন্মু সুলাইম ক্রক্স-এর ঘরে সলাত আদায় করেন। আমি এবং একটি ইয়াতীম তাঁর পিছনে দাঁড়ালাম আর উন্মু সুলাইম ক্রিক্স আমাদের পিছনে দাঁড়ালেন। (৩৮০) (আ.প্র. ৮২২, ই.ফা. ৮২৯)

٥٧٥. حَدَّثَنَا يَحْيَى بْنُ قَزَعَةَ قَالَ حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ سَعْدِ عَنْ الزُّهْرِيِّ عَنْ هِنْد بِنْتِ الْحَارِثِ عَـــنْ أُمِّ سَلَمَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا قَالَتْ كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا سَلَّمَ قَامَ النِّسَاءُ حِينَ يَقْضِي تَسْلِيمَهُ وَسَلَّمَ إِذَا سَلَّمَ قَامَ النِّسَاءُ حَينَ يَقْضِي تَسْلِيمَهُ وَيَمْكُتُ هُوَ فِي مَقَامِهِ يَسِيرًا قَبْلَ أَنْ يَقُومَ قَالَ نَرَى وَاللَّهُ أَعْلَمُ أَنَّ ذَلِكَ كَانَ لِكَيْ يَنْصَرِفَ النِّسَاءُ قَبْلَ أَنْ يُثْورِكُهُنَّ الرِّحَالِ.

৮৭৫. উম্মু সালামাহ ক্রিব্র হতে বর্ণিত। তিনি বলেন, নাবী ক্রি যখন সালাম ফিরাতেন, তর্থন মহিলারা তাঁর সালাম শেষ করার পর উঠে যেতেন। নাবী ক্রি দাঁড়ানোর পূর্বে সীয় স্থানে কিছুক্ষণ অবস্থান করতেন। রাবী যুহরী (রহ.) বলেন, আমাদের মনে হয়, তা এজন্য যে, অবশ্য আল্লাহ্ ভাল জানেন, যাতে পুরুষদের যাবার পূর্বেই নারীরা চলে যেতে পারে। (৮৩৭) (আ.প্র.৮২১ ই.ফা. ৮২৮)

بِسْمِ اللهِ الرَّحْمٰنِ الرَّحِيمِ. পরম দয়াময় দয়ালু আল্লাহ্র নামে

# ا ا - كتاب الْجُمُعَة প্ৰ (১১) : জুমু আহ ١/١١. بَابِ فَرْضِ الْجُمُعَة.

১১/১. অধ্যায় : জুমু'আহ ফার্য হবার বিবরণ।

لِقَوْلِ اللهِ تَعَالَى ﴿ إِذَا نُودِيَ لِلصَّلَاةِ مِنْ يَوْمِ الْجُمُعَةِ فَاسْعَوْا إِلَى ذِكْرِ اللهِ وَذَرُوا الْبَيْعَ ذَلِكُمْ خَيْرٌ لَكُمْ إِنْ كُنْتُمْ تَعْلَمُونَ ﴾

#### فاسعوا : فامضوا

এ সম্পর্কে আল্লাহ্ তা'আলার বাণী: "জুমু'আহ্র দিনে যখন সলাতের জন্য আহ্বান করা হয়, তখন তোমরা আল্লাহ্র স্মরণের প্রতি ধাবিত হও এবং বন্ধ করে দাও বেচা- কেনা। এটাই তোমাদের জন্য উত্তম যদি তোমরা জানতে।" فاسعوا অর্থ ধাবিত হও। (সূরাহ্ আল-জুমু'আহ ৬২/৯)

٨٧٦. صَرَّمُ أَبُو الْيَمَانَ قَالَ أَخْبَرَنَا شُعَيْبٌ قَالَ حَدَّنَنَا أَبُو الزِّنَادَ أَنَّ عَبْدَ الرَّحْمَنِ بَنَ هُرُمُزَ الْأَعْسِرُونَ مَوْلَى رَبِيعَةَ بْنِ الْحَارِثِ حَدَّنَهُ أَنَّهُ سَمِعَ أَبَا هُرَيْرَةَ فَهِ أَنَّهُ سَمِعَ رَسُولَ اللهِ ﷺ يَقُسُولُ نَحْسُنُ الآخِسرُونَ السَّابِقُونَ يَوْمُ اللهِ عَلَيْهِمْ فَاخْتَلَفُوا فِيهِ فَهَدَانَا السَّابِقُونَ يَوْمُ الَّذِي فُرِضَ عَلَيْهِمْ فَاخْتَلَفُوا فِيهٍ فَهَدَانَا اللهِ فَالنَّاسُ لَنَا فِيهَ تَبَعُ الْيَهُودُ غَدًّا وَالنَّصَارَى بَعْدَ غَد.

৮৭৬. আবৃ হুরাইরাহ্ হতে বর্ণিত। তিনি আঁল্লাহর রস্ল ক্রি-কে বলতে ওর্নের্ছেন যে, আমরা দুনিয়ায় (আগমনের দিক দিয়ে) সর্বশেষ, কিছু কিয়ামাতের দিন আমরা মর্যাদার ব্যাপারে সবার পূর্বে। ব্যতিক্রম এই যে, আমাদের পূর্বে তাদের কিতাব প্রদান করা হয়েছে। অতঃপর তাদের সে দিন যে দিন তাদের জন্য ইবাদত ফার্য করা হয়েছিল তারা এ বিষয়ে মতভেদ করেছে। কিছু সে বিষয়ে আল্লাহ্ আমাদের হিদায়াত করেছেন। কাজেই এ ব্যাপারে লোকেরা আমাদের পশ্চাঘর্তী। ইয়াহ্দীদের (সম্মানীয় দিন হচ্ছে) আগামী কাল (শনিবার) এবং নাসারাদের আগামী পরত (রোববার)। (২৩৮; মুসলিম ৭/৫, হাঃ ৮৫৫, আহমাদ ৭৩১৪) (আ.প্র. ৮২৫, ই.ফা. ৮৩২)

. ٢/١١. بَابِ فَصْلِ الْغُسُلِ يَوْمَ الْجُمُعَةِ وَهَلْ عَلَى الصَّبِيِّ شُهُودُ يَوْمِ الْجُمُعَةِ أَوْ عَلَى النِّسَاءِ. ১/২. অধ্যায় : জুমু'আহ্র দিন গোসল করার তাৎপর্য। জুমু'আহ্র দিবসে শিশু কিংবা নারীদের সলাতের জন্য) উপস্থিতি কি প্রয়োজন?

٨٧٧. **طَرْمُنَا** عَبْدُ اللهِ بْنُ يُوسُفَ قَالَ أَخْبَرَنَا مَالِكٌ عَنْ نَافِعٍ عَنْ عَبْدِ اللهِ بْنِ عُمَرَ رَضِيَ اللهُ عَنْهُمَا أَنَّ رَسُولَ اللهِ ﷺ قَالَ إِذَا جَاءَ أَحَدُكُمُ الْجُمُعَةَ فَلْيَغْتَسلَ.

৮৭৭. 'আবদুল্লাহ্ ইব্নু 'উমার 🚗 হতে বর্ণিত। আল্লাহর রসূল 🚗 বলেছেন : তোমাদের মধ্যে কেউ জুমু'আহ্র সলাতে আসলে সে যেন গোসল করে। (৮৯৪, ৯১৯ মুসলিম ৭/৭, হাঃ ৮৪৪, ৪৫৫৩) (আ.প্র.৮২৬, ই.ফা. ৮৩৩)

٨٧٨. صرثنا عَبْدُ اللهِ بْنُ مُحَمَّدِ بْنِ أَسْمَاءَ قَالَ أَخْبَرَنَا جُويَرِيَةُ بْنُ أَسْمَاءَ عَنْ مَالِك عَنْ الرُّهْرِيِّ عَسْنَ سَالِمِ بْنِ عَبْدِ اللهِ بْنِ عُمْرَ عَنْ ابْنِ عُمْرَ رَضِيَ اللهُ عَنْهُمَا أَنَّ عُمْرَ بْنَ الْحَطَّابِ بَيْنَمَا هُوَ قَائِمٌ فِي الْحُطَبَةِ سَاعَةِ هَذِهِ قَسَالَمِ بْنِ عَبْدُ اللهِ بْنِ عُمْرُ أَيَّةُ سَاعَةٍ هَذِهِ قَسَالَ يَوْمَ الْحُمْعَةِ إِذْ دَخَلَ رَجُلٌ مِنَ الْمُهَاجِرِينَ الْأُولِينَ مِنْ أَصْحَابِ النَّبِي ﷺ فَنَادَاهُ عُمْرُ أَيَّةُ سَاعَةٍ هَذِهِ قَسَالَ إِنِي شُغِلْتُ فَلَمْ أَنْهُ اللهِ عَنْ اللهُ عَلَى عَلَى اللهُ عَنْ اللهُ عَلَى عَلَى اللهُ عَلَى عَلَى سَمِعْتُ التَّاذِينَ فَلَمْ أَزِدْ أَنْ تَوَضَّأَتُ فَقَالَ وَالْوُصُولِ وَ أَيْضًا وَقَسَدُ عَلَى مَاكُولُ اللهِ عَلَى كَانَ يَأْمُرُ بِالْغُسُلِ.

৮৭৮. ইব্নু 'উমার (২) হতে বর্ণিত। 'উমার ইব্নু খাঁত্তাব (২) জুমু'আহ্র দিন দাঁড়িয়ে খুত্বা দিচ্ছিলেন, এ সময় নাবী (২) এর প্রথম যুগের একজন মুহাজির সহাবা এলেন। 'উমার (২) তাঁকে ডেকে বললেন, এখন সময় কত? তিনি বললেন, আমি ব্যস্ত ছিলাম, তাই ঘরে ফিরে আসতে পারিনি। এমন সময় আযান ওনে কেবল উযু করে নিলাম। 'উমার (২) বললেন, কেবল উযুই? অথচ আপনি জানেন যে, আল্লাহর রসূল (২) গোসলের নির্দেশ দিতেন। (৮৮২; মুসলিম ৬/৫১, হাঃ ৮৪৫, আহমাদ ৫০৮৩) (আ.প্র. ৮২৭, ই.ফা. ৮৩৪)

٨٧٩. صَرَتْنَا عَبْدُ اللهِ بْنُ يُوسُفَ قَالَ أَخْبَرَنَا مَالِكٌ عَنْ صَفْوَانَ بْنِ سُلَيْمٍ عَنْ عَطَاءِ بْنِ يَسَارٍ عَنْ أَبِي سَعيد الْحُدْرِيِّﷺ أَنَّ رَسُولَ اللهِ ﷺ قَالَ غُسْلُ يَوْمِ الْجُمُعَةِ وَاجِبٌ عَلَى كُلِّ مُحْتَلِمٍ.

৮৭৯. আবৃ সা'র্ক্টদ খুদরী ( হতে বর্ণিত। আল্লাহর রস্ল ক্রে বলেছেন : জুর্ম্আহ্র দিনে প্রত্যেক সাবালকের জন্য গোসল করা ওয়াজিব। (৮৫৮) (আ.প্র. ৮২৮, ই.ফা. ৮৩৫)

## ٣/١١. بَابِ الطِّيبِ للْجُمُعَة.

## ১১/৩. অধ্যায় : জুমু'আহ্র জন্য সুগন্ধি ব্যবহার।

٨٨٠. حارثنا عَلِيُّ بْنُ عَبْدِ اللهِ بْنِ حَعْفَرٍ قَالَ حَدَّنَبَا حَرَمِيُّ بْنُ عُمَارَةَ قَالَ حَدَّنَنَا شُعْبَةُ عَنْ أَبِي بَكِرِ بَنِ الْمُنكَدِرِ قَالَ حَدَّنَنِي عَمْرُو بْنُ سُلَيْمٍ الأَنْصَارِيُّ قَالَ أَشْهَدُ عَلَى أَبِي سَعِيدٍ قَالَ أَشْهَدُ عَلَى رَسُولِ اللهِ اللهِ عَلَى رَسُولِ اللهِ عَلَى رَسُولِ اللهِ عَلَى اللهِ عَلَى عَمْرُو بْنُ سُلَيْمٍ الأَنْصَارِيُّ قَالَ أَشْهَدُ عَلَى وَسُولِ اللهِ عَلَى كُلِّ مُحْتَلِمٍ وَأَنْ يَسْتَنَ وَأَنْ يَمَسَّ طِيبًا إِنْ وَحَدَ

قَالَ عَمْرُو أَمَّا الْغُسْلُ فَأَشْهَدُ أَنَّهُ وَاحِبٌ وَأَمَّا الِاسْتِنَانُ وَالطِّيبُ فَاللَّهُ أَعْلَمُ أَوَاحِبٌ هُوَ أَمْ لاَ وَلَكِنْ هَكَذَا فِي الْحَدِيثِ

قَالَ أَبُو عَبْد اللهِ هُوَ أَخُو مُحَمَّدِ بْنِ الْمُنْكَدِرِ وَلَمْ يُسَمَّ أَبُو بَكْرٍ هَذَا رَوَاهُ عَنْهُ بُكَيْرُ بْنُ الْأَشَجِّ وَسَعِيدُ بْنُ أَبِي هِلَالٍ وَعِدَّةٌ وَكَانَ مُحَمَّدُ بْنُ الْمُنْكَدِرِ يُكْنَى بِأَبِي بَكْرٍ وَأَبِي عَبْدِ اللّهِ.

৮৮০. 'আমর ইব্নু সুলাইম আনসারী 🚍 হতে বর্ণিত। তিনি বলেন, আবৃ সা'ঈদ খুদ্রী 😂 বলেন, আমি এ মর্মে সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহর রসূল 😂 বলেছেন: জুমু'আহ্র দিন প্রত্যেক বালিগের জন্য গোসল করা কর্তব্য। আর মিস্ওয়াক করবে এবং সুগন্ধি পাওয়া গেলে তা ব্যবহার করবে।

'আম্র (ইব্নু সুলায়ম) (রহ.) বলেন, গোসল সম্পর্কে আমি সাক্ষ্য দিচ্ছি তা ওয়াজিব। কিন্তু মিস্ওয়াক ও সুগন্ধি ওয়াজিব কিনা তা আল্লাহ্ই ভাল জানেন। তবে হাদীসে এ রকমই আছে।

আবৃ 'আবদুল্লাহ্ বুখারী (রহ.) বলেন, আবৃ বাক্র ইব্নু মুনকাদির (রহ.) হলেন মুহাম্মাদ ইব্নু মুনকাদির (রহ.)-এর ভাই। কিন্তু তিনি আবৃ বাক্র হিসেবেই পরিচিত নন। বুকায়র ইব্নু আশাজ্জ, সা'ঈদ ইব্নু আবৃ হিলাল সহ অনেকে তাঁর হতে হাদীসটি বর্ণনা করেছেন। মুহাম্মাদ ইব্নু মুনকাদির (রহ.)-এর কুনিয়াত (উপনাম) ছিল আবৃ বাক্র ও আবৃ 'আবদুল্লাহ্। (মুসলিম ৭/১, হাঃ ৮৪৬, আহমাদ ১১২৫০) (আ.প্র. ৮২৯, ই.ফা. ৮৩৬)

# ٤/١١. بَابِ فَصْلِ الْجُمُعَةِ.

#### ১১/৪. অধ্যায় : জুমু'আহ্র মর্যাদা।

٨٨١. حَرَشًا عَبْدُ اللهِ بَنُ يُوسُفَ قَالَ أَخْبَرَنَا مَالكُ عَنْ سُمَى مَوْلَى أَبِي بَكْرِ بَنِ عَبْدِ الرَّحْمَنِ عَنْ أَبِي صَالِحِ السَّمَّانِ عَنْ أَبِي هُرَيْرَةَ هُانَ رَسُولَ اللهِ فَلَمْ قَالَ مَنْ اغْتَسَلُ يَوْمَ الْحُمُعَة غُسْلَ الْجَنَابَسِة تُسمَّ رَاحَ فَي السَّاعَة النَّالِيَة فَكَأَنَّمَا قَرَّبَ بَقَرَةً وَمَنْ رَاحَ فِي السَّاعَة النَّالِيَة فَكَأَنَّمَا قَرَّبَ بَقَرَةً وَمَنْ رَاحَ فِي السَّاعَة النَّالِيَة فَكَأَنَّمَا قَرَّبَ بَقَرَةً وَمَنْ رَاحَ فِي السَّاعَة النَّالِيَة فَكَأَنَّمَا قَرَّبَ كَبُشًا أَقْرَنَ وَمَنْ رَاحَ فِي السَّاعَة الْعَامِسَة فَكَأَنَّمَا قَرَّبَ مَعُونَ الذَّكُرَ.

৮৮১. আবৃ হুরাইরাহ্ হতে বর্ণিত। আর্লাহর রস্ল হঠে বলেছেন: যে ব্যক্তি জুমু আহ্র দিন জানাবাত গোসলের ন্যায় গোসল করে এবং সলাতের জন্য আগমন করে সে যেন একটি উট কুরবানী করল। যে ব্যক্তি দ্বিতীয় পর্যায়ে আগমন করে সে যেন একটি গাভী কুরবানী করল। তৃতীয় পর্যায়ে যে আগমন করে সে যেন একটি শিং বিশিষ্ট দুষা কুরবানী করল। চতুর্থ পর্যায়ে আগমন করল সে যেন একটি মুরগী কুরবানী করল। পঞ্চম পর্যায়ে যে আগমন করল সে যেন একটি ডিম কুরবানী করল। পরে ইমাম যখন খুত্বাহ দেয়ার জন্য বের হন তখন মালাইকাহ যিক্র শ্রবণের জন্য উপস্থিত হয়ে থাকে। (মুসলিম ৭/২, হাঃ ৮৫০, আহমাদ ৯৯৩৩) (আ.গ্র. ৮৩০, ই.ফা. ৮৩৭)

#### ০/١١ . بَاب ১১/৫. অধ্যায় ঃ

٨٨٢. حَدَّثَنَا أَبُو نُعَيْمٍ قَالَ حَدَّثَنَا شَيْبَانُ عَنْ يَحْيَى هُوَ ابْنُ أَبِي كَثِيرِ عَنْ أَبِي سَلَمَةَ عَنْ أَبِي هُرَيْرَةً أَنَّ عُمْرَ شَا أَبِي هُرَيْرَةً أَنَّ عُمْرَ شَا اللَّهِ عَمْرُ أَبُنُ الْخَطُّابِ عَلَيْهِ لَمْ تَحْتَبِسُونَ عَنْ الصَّلَاةِ عُمْرَ عَلَى السَّلَاةِ السَّيْمَا هُوَ يَخْطُبُ يُوْمَ الْجُمُعَةِ إِذْ ذَخَلَ رَجُلٌ فَقَالَ أَلَمْ تَسْمَعُوا النَّبِيَّ اللَّهُ قَالَ إِذَا رَاحَ أَحَدُكُمْ إِلَى الْمُعُوا النَّبِيَ اللَّهُ قَالَ إِذَا رَاحَ أَحَدُكُمْ إِلَى الْمُمُعَة فَلَيْغَتَسَلْ.

৮৮২. আবৃ হুরাইরাহ্ হতে বর্ণিত। জুমু'আহ্র দিন 'উমার ইব্নু খান্তাব হ্রা খুর্ত্বা দির্চ্ছিলেন, এ সময় এক ব্যক্তি মাসজিদে আসলে 'উমার হ্রা তাঁকে জিজ্ঞেস করলেন, সলাতে সময় মত আসতে তোমরা কেন বাধাগ্রস্ত হও? তিনি বললেন, আযান শোনার সঙ্গে সঙ্গেই আমি উযু করেছি। তখন 'উমার ক্রা বললেন, তোমরা কি নাবী হ্রা তক এ কথা বলতে শোননি যে, যখন তোমাদের কেউ জুমু'আহ্র সলাতে রওয়ানা দেয়, তখন সে যেন গোসল করে নেয়। (৮৭৮) (আ.প্র. ৮৩১, ই.ফা. ৮৩৮)

## ٦/١١. بَابِ الدُّهْنِ لِلْجُمُعَةِ.

#### ১১/৬. অধ্যায় : জুমু'আহ্র জন্য তৈল ব্যবহার করা।

٨٨٣. حرثنا آدَمُ قَالَ حَدَّنَنَا ابْنُ أَبِي ذِئْبِ عَنْ سَعِيدِ الْمَقْبُرِيِّ قَالَ أَخْبَرَنِي أَبِي عَنْ ابْنِ وَدِيعَةَ عَــنْ سَلَمَانَ الْفَارِسِيِّ قَالَ قَالَ النَّبِيُّ عَنَّهُ ابْنُ أَبِي كَنْ سَعِيدِ الْمَقْبُرِيِّ قَالَ أَلْفَارِسِيِّ قَالَ قَالَ النَّبِيُّ عَنَّهُ ابْنَ يَعْتَسِلُ رَجُلُ يَوْمَ الْجُمُعَةِ وَيَتَطَهَّرُ مَا اسْتَطَاعَ مِنْ طُهْرِ وَيَدَّهِنُ مِـنْ مُلْمَانُ الْفَارِسِيِّ قَالَ قَالَ النَّبِيُّ عَمْرُجُ فَلاَ يُفَرِّقُ بَيْنَ اثْنَيْنِ ثُمَّ يُصَلِّي مَا كُتِبَ لَهُ ثُمَّ يُنْصِتُ إِذَا تَكَلَّمَ الْإِمَامُ وَهُمْ وَبَيْنَ الْجُمُعَةِ الْأَخْرَى.

৮৮৩. সালমান ফারিসী ( হলে হতে বর্ণিত। তিনি বলেন, নাবী হলে বলেছেন: যে ব্যক্তি জুমু আহ্র দিন গোসল করে এবং যথাসাধ্য ভালরূপে পবিত্রতা অর্জন করে ও নিজের তেল হতে ব্যবহার করে বা নিজ ঘরের সুগন্ধি ব্যবহার করে, অতঃপর বের হয় এবং দু' জন লোকের মাঝে ফাঁক না করে, অতঃপর তার নির্ধারিত সলাত আদায় করে এবং ইমামের খুত্বা দেয়ার সময় চুপ থাকে, তা হলে তার সে জুমু আহ হতে আরেক জুমু আহ পর্যন্ত সময়ের যাবতীয় গুনাহ মাফ করে দেয়া হয়। (৯১০) (আ.প্র. ৮৩২ ই.ফা. ৮৩৯)

٨٨٤. حَرْمُنَا أَبُو الْيَمَانِ قَالَ أَخْبَرُنَا شُعَيْبٌ عَنْ الزُّهْرِيِّ قَالَ طَاوُسٌ قُلْتُ لِابْنِ عَبَّاسٍ ذَكَرُوا أَنَّ النَّبِيَّ اللَّهِيَّ قَالَ الْجَنُبُ وَأَصِيبُوا مِنْ الطِّيبِ قَالَ ابْنُ عَبَّساسٍ قَالَ الْجُنُهُ وَإِنْ لَمْ تَكُونُوا جُنْبًا وَأَصِيبُوا مِنْ الطِّيبِ قَالَ ابْنُ عَبَّساسٍ أَمَّا الْغُسْلُ فَنَعَمْ وَأَمَّا الطِّيبُ فَلاَ أَدْرِي.

৮৮৪. তাউস (রহ.) হতে বর্ণিত। তিনি বলেন, আমি ইব্নু 'আব্বাস (क्यू)-কে বললাম, সহাবীগণ বর্ণনা করেছেন যে, নাবী ক্ষ্পুর বলেছেন: জুমু'আহ্র দিন গোসল কর এবং মাথা ধুয়ে ফেল যদিও তোমরা জুনুবী না হয়ে থাক এবং সুগন্ধি ব্যবহার কর। ইব্নু 'আব্বাস (ক্ষ্পু) বললেন, গোসল সম্পর্কে নির্দেশ ঠিকই আছে, কিন্তু সুগন্ধি সম্পর্কে আমি জানি না। (৮৮৫) (আ.প্র. ৮৩৩, ই.ফা. ৮৪০)

٥٨٥. حَرْثُنَا إِبْرَاهِيمُ بْنُ مُوسَى قَالَ أَخْبَرَنَا هِشَامٌ أَنَّ ابْنَ جُرَيْجٍ أَخْبَرَهُمْ قَالَ أَخْبَرَنِي إِبْــرَاهِيمُ بْـــنُ مَيْسَرَةً عَنْ طَاوُسٍ عَنْ ابْنِ عَبَّاسٍ رَضِيَ اللهُ عَنْهُمَا أَنَّهُ ذَكَرَ قَوْلَ النَّبِيِّ ﷺ فِي الْغُسْلِ يَوْمَ الْجُمُعَةِ فَقُلْــتُ لِابْنِ عَبَّاسٍ أَيْمَسُ طِيبًا أَوْ دُهْنًا إِنْ كَانَ عِنْدَ أَهْلِهِ فَقَالَ لاَ أَعْلَمُهُ.

৮৮৫. তাউস (রহ.) হতে বর্ণিত। তিনি ইব্নু 'আব্বাস হ্রা হতে বর্ণনা করেন যে, তিনি যখন, জুমু'আহ্র দিন গোসল সম্বন্ধে নাবী হ্রা এর বাণীর উল্লেখ করেন তখন আমি ইব্নু 'আব্বাস হ্রা করেজস করলাম, নাবী হ্রা যখন পরিবার পরিজনের সঙ্গে অবস্থান করতেন তখনও কি তিনি সুগন্ধি বা তেল ব্যবহার করতেন? তিনি বললেন, আমি তা জানি না। (৮৮৫; মুসলিম ৭/১, হাঃ ৮৪৮, আহ্মাদ ৩০৫৯) (আ.প্র. ৮৩৪, ই.ফা. ৮৪১)

## ٧/١١. بَابِ يَلْبَسُ أَحْسَنَ مَا يَجِدُ.

## ১১/৭. অধ্যায় : যা আছে তার মধ্য থেকে উত্তম পোষাক পরিধান করবে।

٨٨٦. صرثنا عَبْدُ اللهِ بَنُ يُوسُفَ قَالَ أَخْبَرَنَا مَالِكُ عَنْ نَافِعٍ عَنْ عَبْدِ اللهِ بَنِ عُمَرَ أَنْ عُمَرَ بَنَ الْخَطَّابِ
رَأَى حُلَّةً سِيرَاءَ عِنْدَ بَابِ الْمَسْجِدِ فَقَالَ يَا رَسُولَ اللهِ لَوْ اشْتَرَيْتَ هَذِهِ فَلَبِسْتَهَا يَوْمَ الْجُمُعَةِ وَلِلْوَفْدِ إِذَا
قَدِمُوا عَلَيْكَ فَقَالَ رَسُولُ اللهِ عَلَيْ إِنَّمَا يَلْبَسُ هَذِهِ مَنْ لاَ خَلَاقَ لَهُ فِي الْآخِرَةِ ثُمَّ جَاءَت رَسُولَ اللهِ عَلَمُ مِنْهَا
حُلَلٌ فَأَعْطَى عُمَرَ بْنَ الْخَطَّابِ عَلَيْهِمُنْهَا حُلَّةً فَقَالَ عُمَرُ يَا رَسُولَ اللهِ كَسَوْتَنِيهَا وَقَدْ قُلْتَ فِي حُلَّةٍ عُطَارِدٍ مَا
قُلْتَ قَالَ رَسُولُ اللهِ عَلَيْ إِنِّي لَمْ أَكْسُكَهَا لِتَلْبَسَهَا فَكَسَاهَا عُمَرُ بْنُ الْخَطَّابِ عَلَيْهُا خُلُهُ بِمَكَّة مُشْرِكًا.

৮৮৬. 'আবদুল্লাহ্ ইব্নু 'উমার হাতে বর্ণিত যে, 'উমার ইব্নু খাত্তাব হা মাসজিদে নববীর দরজার নিকটে এক জোড়া রেশমী পোষাক (বিক্রি হতে) দেখে নাবী ক্রি-কে বললেন, হে আল্লাহ্র রসূল! যদি এটি আপনি খরিদ করতেন আর জুমু'আহ্র দিন এবং যখন আপনার নিকট প্রতিনিধি দল আসে তখন আপনি তা পরিধান করতেন। তখন আল্লাহর রসূল ক্রিকে বললেন: এটা তো সে ব্যক্তিই পরিধান করে, আখিরাতে যার (মঙ্গলের) কোন অংশ নেই। অতঃপর আল্লাহর রসূল ক্রি-এর নিকট এ ধরনের কয়েক জোড়া পোষাক আসে, তখন তার এক জোড়া তিনি 'উমার (ক্রি-কে প্রদান করেন। 'উমার (ক্রি) আর্য করলেন, হে আল্লাহ্র রসূল! আপনি আমাকে এটি পরতে দিলেন অথচ আপনি

উতারিদের (রেশম) পোষাক সম্পর্কে যা বলার তা তো বলেছিলেন। তখন আল্লাহর রসূল ক্রি বললেন: আমি তোমাকে এটি নিজের পরার জন্য দেইনি। 'উমার ইব্নু খান্তাব ক্রি তখন এটি মাক্কাহ্য় তাঁর এক ভাইকে দিয়ে দেন, যে তখন মুশরিক ছিল। (৯৪৮,২১০৪, ২৬১২, ২৬১৯, ৩০৫৪, ৫৮৪১, ৫৯৮১, ৬০৮১ মুসলিম ৩৭/ আওয়ালুল কিতাব?, হাঃ ২০৬৮, আহমাদ ৫৮০১) (আ.প্র. ৮৩৫ ই.ফা. ৮৪২)

٨/١١. بَابِ السَّوَاكِ يَوْمَ الْجُمُعَةِ

১১/৮. অধ্যায় : জুমু<sup>4</sup>আহ্র দিন মিসওয়াক করা।

وَقَالَ أَبُو سَعِيدٍ عَنِ النَّبِيِّ ﷺ يَسْتَنُّ.

আবূ সা'ঈদ খুদ্রী 🚌 নাবী 🚙 হতে বর্ণনা করেন যে, তিনি মিস্ওয়াক করতেন।

٨٨٧. صَرَمْنَا عَبْدُ اللهِ بْنُ يُوسُفَ قَالَ أَخْبَرَنَا مَالِكٌ عَنْ أَبِي الزِّنَادِ عَنِ الْأَعْرَجِ عَنْ أَبِي هُرَيْــرَةَ اللهُ أَنْ اللهِ عَنْ أَبِي هُرَيْــرَةَ اللهُ عَنْ أَبِي اللهِ اللهِ عَنْ أَبِي اللهِ اللهِ عَنْ أَلِنَ مَا اللهِ عَنْ أَبِي اللهِ عَنْ أَبِي اللهِ اللهِ عَنْ اللهِ عَنْ أَلِنْ مَا اللهُ اللهِ عَنْ أَلِي مَا اللهِ عَنْ أَلِي مَا اللهِ عَنْ أَلِي مَا اللهِ عَلَى النَّاسِ لَأَمَرْتُهُمْ بِالسَّوَاكِ مَعَ كُلِّ صَلاَةٍ.

৮৮৭. আবৃ হরাইরাহ্ হতে বর্ণিত। আল্লাহর রস্ল হক্ত বলেছেন: আমার উম্মাতের জন্য বা তিনি বলেছেন, লোকদের জন্য যদি কঠিন মনে না করতাম, তাহলে প্রত্যেক সলাতের সাথে তাদের মিস্ওয়াক করার হুকুম করতাম। (৭২৪০; মুসলিম ২/১৫, হাঃ ২৫২, আহমাদ ৭৪১৬) (আ.প্র. ৮৩৬, ই.ফা. ৮৪৩)

٨٨٨. حارثنا أَبُو مَعْمَر قَالَ حَدَّثَنَا عَبْدُ الْوَارِثِ قَالَ حَدَّثَنَا شُعَيْبُ بْنُ الْحَبْحَابِ حَدَّثَنَا أَنَسٌ قَالَ قَالَ رَسُولُ الله ﷺ أَكْثَرْتُ عَلَيْكُمْ في السَّواك.

৮৮৮. আনাস ( হেত বর্ণিত। তিনি বলেন, আল্লাহর রসূল ( বলেছেন : আমি মিস্ওয়াক সম্পর্কে তোমাদের যথেষ্ট বলেছি। (আ.প্র. ৮৩৭ ই.ফা. ৮৪৪)

٨٨٩. صَرَمُنَا مُحَمَّدُ بَنُ كَثِيرٍ قَالَ أَخْبَرَنَا سُفْيَانُ عَنْ مَنْصُورٍ وَحُصَيْنٍ عَنْ أَبِي وَائِلٍ عَنْ حُذَيْفَةَ قَــالَ كَانَ النَّبِيُّ ﷺ إِذَا قَامَ مِنْ اللَّيْلِ يَشُوصُ فَاهُ.

৮৮৯. হ্যাইফাহ 🕽 হতে বর্ণিত। তিনি বলেন, নাবী 🥰 যখন রাতে সলাতের জন্য উঠতেন তখন দাঁত মেজে মুখ পরিষ্কার করে নিতেন। (২৪৫) (জা.প্র. ৮৩৮, ই.ফা. ৮৪৫)

> . ٩/١١. بَابِ مَنْ تَسَوَّكَ بِسُوَاكَ غَيْرِهِ. كالهُ. অর্ধ্যায় : অর্ন্যের মিস্ওয়াক দিয়ে মিস্ওয়াক করা।

٨٩٠. صَرَمُنَا إِسْمَاعِيلُ قَالَ حَدَّنَنِي سُلَيْمَانُ بَنُ بِلَالِ قَالَ هِشَامُ بَنُ عُرُوَةً أَخْبَرَنِي أَبِي عَنْ عَائِشَةَ رَضِيَ اللهِ عَنْهَا اللهِ عَنْهَ اللهِ عَنْ عَائِشَةً رَضِيَ اللهِ عَنْهَا فَالَتُ عَنْهَا وَاللهِ وَسُولُ اللهِ عَنْهَا فَقُلْتُ

لَهُ أَعْطِنِي هَذَا السَّوَاكَ يَا عَبْدَ الرَّحْمَنِ فَأَعْطَانِيهِ فَقَصَمْتُهُ ثُمَّ مَضَغْتُهُ فَأَعْطَيْتُهُ رَسُولَ اللهِ ﷺ فَاسْتَنَّ بِهِ وَهُوَ مُسْتَسْنَدُ إِلَى صَدْرِي.

৮৯০. 'আয়িশাই দ্রান্ত্রী হতে বর্ণিত। তিনি বলেন, 'আবদুর রহমান ইব্নু আবৃ বাক্র ক্রি একটি মিস্ওয়াক হাতে নিয়ে দাঁত ঘষতে ঘষতে প্রবেশ করলেন। আল্লাহর রস্ল ক্রি-তার দিকে তাকালেন। আমি তাঁকে বললাম, হে 'আবদুর রহমান! মিস্ওয়াকটি আমাকে দাও। সে তা আমাকে দিল। আমি ব্যবহৃত অংশ ভেঙ্গে ফেললাম এবং তা চিবিয়ে আল্লাহর রস্ল ক্রি-কে দিলাম। তিনি আমার বুকে হেলান দিয়ে তা দিয়ে মিস্ওয়াক করলেন। (১৩৮৯, ৩১০০, ৩৭৭৪, ৪৪৩৮, ৪৪৪৬, ৪৪৪৯, ৪৪৫০, ৪৪৫১, ৫২১৭, ৬৫১০) (আ.প্র. ৮৩৯, ই.ফা. ৮৪৬)

#### . ١٠/١١. بَابِ مَا يُقْرَأُ فِي صَلاَةِ الْفَجْرِ يَوْمَ الْجُمُعَةِ. ١١٠/١٠ بَابِ مَا يُقْرَأُ فِي صَلاَةِ الْفَجْرِ يَوْمَ الْجُمُعَةِ. ١١/١٥. অধ্যায় : खूर्यु'আহ্র দিন ফাজরের সলাতে কী পড়তে হবে?

٨٩١. صَرَمُنَا أَبُو نُعَيْمٍ قَالَ حَدَّثَنَا سُفَيَانُ عَنْ سَعْدِ بْنِ إِبْرَاهِيمَ عَنْ عَبْدِ الرَّحْمَنِ هُوَ ابْنُ هُرْمُزَ الأَعْرَجُ عَنْ اللَّهِ مُورَيْرَةَ مَا اللَّهِ عَنْ اللَّهِ عَنْ عَبْدِ الرَّحْمَنِ هُوَ ابْنُ هُرْمُزَ الأَعْرَجُ عَنْ أَبِي هُرَيْرَةَ مَا اللَّهِ عَنْ اللَّهِ عَنْ اللَّهُ عَلَى اللَّهُ اللَّهُ اللَّهُ عَلَى الْإِنْسَانِ حِينٌ مِنْ الدَّهْرِ﴾ السَّحْدَةُ وَالْمُ مَا اللَّهُ اللَّهُ اللَّهُ عَلَى الْإِنْسَانِ حِينٌ مِنْ الدَّهْرِ﴾

৮৯১. আব্ হরাইরাহ্ হতে বর্ণিত। তিনি বলেন, নাবী به هِيْ खूम् 'আহ্র দিন ফাজ্রের সলাতে الم تَنْزِيلُ এবং وَهَلَ أَتَى عَلَى الْإِنْسَانِ حِينٌ مِنْ الدَّهْـرِ १७ पू वि प्रताद् তিলাওয়াত করতেন। (১০৬৮; মুসলিম ৭/৬৪, হাঃ ৮৮০) (আ.প্র. ৮৪০, ই.ফা. ৮৪৭)

## . ۱۱/۱۱. بَابِ الْجُمُعَةِ فِي الْقُرَى وَالْمُدُنِ. ১১/১১. অধ্যায় : গ্রামে ও শহরে জুমু'আহ্ব সলাত !

٨٩٢. **طَرْنَا** مُحَمَّدُ بْنُ الْمُثَنَى قَالَ حَدَّثَنَا أَبُو عَامِرِ الْعَقَادِيُّ قَالَ حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ طَهَمَانَ عَنْ أَبِي جَمْرَةَ الضَّبَعِيِّ عَنْ ابْنِ عَبَّاسٍ أَنَهُ قَالَ إِنَّ أَوَّلَ جُمُعَةٍ جُمِّعَتْ بَعْدَ جُمُعَةٍ فِي مَسْجِدِ رَسُولِ اللهِ عَلَيْ فِي مَسْجِدِ عَبْد الْقَيْس بِجُواثَى مِنَ الْبَحْرَيْنِ.

৮৯২. ইব্নু 'আব্বাস 📻 হতে বর্ণিত। তিনি বলেন, আল্লাহর রসূল 🚎 এর মাসজিদে জুমু'আহ্র সলাত অনুষ্ঠিত হবার পর প্রথম জুমু'আহ্র সলাত অনুষ্ঠিত হয় বাহ্রাইনে জুওয়াসা নামক স্থানে অবস্থিত আবদুল কায়স গোত্রের মাসজিদে। (৪৩৭১) (আ.প্র. ৮৪১ ই.ফা. ৮৪৮)

٨٩٣. صرشا بِشْرُ بْنُ مُحَمَّد الْمَرْوَزِيُّ قَالَ أَخْبَرَنَا عَبْدُ اللهِ قَالَ أَخْبَرَنَا يُونُسُ عَنَ الزُّهْرِيِّ قَالَ أَخْبَرَنَا عَبْدُ اللهِ قَالَ أَخْبَرَنَا يُونُسُ عَنَ الزُّهْرِيِّ قَالَ أَخْبَرَنَا عَبْدُ اللهِ عَنْ اللهِ عَنْ اللهِ عَنْ البُوعُ وَزَادَ اللَّيْثُ قَسَالَ سَالِمُ بْنُ عَبْدِ اللهِ عَنْ ابْنِ عُمَرَ ، فَرِي اللهُ عَنْهُمَا أَنْ رَسُولَ اللهِ عَلَمُ يَقُسُولُ كُلُّكُمْ رَاعٍ وَزَادَ اللَّيْثُ قَسَالَ

يُونُسُ كَتَبَ رُزَيْقُ بَنُ حُكَيْمٍ إِلَى ابْنِ شِهَابِ وَأَنَا مَعَهُ يَوْمَئِذ بِوَادِي الْقُرَى هَلْ تَرَى أَنْ أَجَمِّعَ وَرُزَيْقٌ عَامِلٌ عَلَى أَرْضٍ يَعْمَلُهَا وَفِيهَا جَمَاعَةً مِنَ السُّودَانُ وَغَيْرِهِمْ وَرُزَيْقٌ يَوْمَئِذ عَلَى أَيْلَةَ فَكَتَبَ ابْنُ شِهَابٍ وَأَنَا أَسْمَعُ يَاكُونُهُ أَنْ يُحَمِّعَ يُحْبِرُهُ أَنَّ سَالِمًا حَدَّنَهُ أَنَّ عَبْدَ اللهِ بَنَ عُمَرَ يَقُولُ سَمِعْتُ رَسُولَ اللهِ فَهُو مَشُؤلُ كُلُّكُمْ رَاعٍ وَمَسْئُولُ عَنْ رَعِيَّتِهِ وَالرَّجُلُ رَاعٍ فِي أَهْلِهِ وَهُو مَسْئُولٌ عَنْ رَعِيَّتِهِ وَالرَّجُلُ رَاعٍ فِي مَالِ سَيِّدِهِ وَمَسْئُولٌ عَنْ رَعِيَّتِهِ قَلَى وَالرَّجُلُ رَاعٍ فِي مَالٍ سَيِّدِهِ وَمَسْئُولٌ عَنْ رَعِيَّتِهِ وَالرَّجُلُ رَاعٍ فِي مَالٍ سَيِّدِهِ وَمَسْئُولٌ عَنْ رَعِيَّتِهِ قَلْ اللهِ عَنْ رَعِيَّتِهِ قَلْ وَالرَّجُلُ رَاعٍ فِي مَالٍ سَيِّدِهِ وَمَسْئُولٌ عَنْ رَعِيَّتِهِ وَالرَّجُلُ رَاعٍ فِي مَالٍ سَيِّدِهِ وَمَسْئُولٌ عَنْ رَعِيَّتِهِ قَلْ وَالرَّجُلُ رَاعٍ فِي مَالٍ سَيِّدِهِ وَمَسْئُولٌ عَنْ رَعِيَّتِهِ قَلْ وَالرَّجُلُ رَاعٍ فِي مَالٍ أَبِيهِ وَمَشْئُولٌ عَنْ رَعِيَّتِهِ وَكُلُكُمْ رَاعٍ وَمَشْئُولٌ عَنْ رَعِيَّتِهِ وَكُلُكُمْ رَاعٍ وَمَشْئُولٌ عَنْ رَعِيَّتِهِ وَعَلَى وَالرَّجُولُ عَنْ رَعِيَّتِهِ وَكُلُكُمْ رَاعٍ وَمَشْئُولٌ عَنْ رَعِيَّتِهِ وَكُلُولُ مِنْ اللهِ اللهُ اللهِ اللهِ اللهُ اللهِ اللهِ اللهِ اللهُ اللهِ اللهُ اللهُ اللهُ اللهِ اللهِ اللهِ اللهُ اللهِ اللهُ اللهِ اللهُ اللهُ اللهِ اللهُ

৮৯৩. 'উমার 🕮 হতে বর্ণিত যে, আমি আল্লাহর রসূল 😂 -কে বলতে শুনেছি, তোমরা সকলেই দায়িতুশীল। লায়স ইব্নু সা'দ ( আ) আরো অতিরিক্ত বলেন, (পরবর্তী রাবী) ইউনুস (রহ.) বলেছেন, আমি একদা ইব্নু শিহাব (রহ.)-এর সঙ্গে ওয়াদিউল কুরা নামক স্থানে ছিলাম। তখন রুযাইক (ইব্নু হুকায়ম (রহ.) ইবনু শিহাব (রহ.)-এর নিকট লিখলেন, আপনি কী মনে করেন, আমি কি (এখানে) জুমু'আহ্র সলাত আদায় করব? রুযায়ক (রহ.) তখন সেখানে তাঁর জমির কৃষি কাজের তত্ত্বাবধান করতেন। সেখানে একদল সুদানী ও অন্যান্য লোক বাস করত। রুযায়ক (রহ.) সে সময় আইলা শহরের (আমীর) ছিলেন। ইবুনু শিহাব (রহ.) তাঁকে জুমু'আহ কায়িম করার নির্দেশ দিয়ে লিখেছিলেন এবং আমি তাকে এ নির্দেশ দিতে শুনলাম। সালিম (রহ.) তার নিকট বর্ণনা করেছেন যে, 'আবদুল্লাহ্ ইব্নু 'উমার 🚌 বলেন, আমি আল্লাহর রসূল 🚎 কলতে ওনেছি, তোমরা সকলেই দায়িত্বশীল এবং তোমাদের প্রত্যেককেই অধীনস্থদের (দায়িতু) সম্বন্ধে জিজ্ঞেস করা হবে। ইমাম<sup>\*</sup> একজন দায়িত্বশীল ব্যক্তি, তাঁকে তাঁর অধীনস্থদের সম্পর্কে জিজ্ঞেস করা হবে। পুরুষ তার পরিবার বর্গের অভিভাবক, তাকে তার অধীনস্থদের সম্পর্কে জিজ্ঞেস করা হবে। নারী তার স্বামী-গৃহের কর্ত্রী, তাকে তার অধীনস্থদের সম্পর্কে জিজ্ঞেস করা হবে। খাদিম তার মনিবের ধন-সম্পদের রক্ষক, তাকেও তার মনিবের ধন-সম্পদ সম্পর্কে জিজ্ঞেস করা হবে। ইব্নু 'উমার 🕮 বলেন, আমার মনে হয়, রসূল্লাহ্ 🕰 আরো বলেছেন : পুত্র তার পিতার ধন-সম্পদের রক্ষক এবং এগুলো সম্পর্কে তাকে জিজ্ঞেস করা হবে। তোমরা সবাই দায়িতুশীল এবং সবাইকে তাদের অর্পিত দায়িত্ব সম্পর্কে প্রশ্ন করা হবে। (২৪০৯, ২৫৫৪, ২৫৫৮, ২৭৫১, ৫১৮৮, ৫৬০০, ৭১৩৮) (আ.প্র. ৮৪২, ই.ফা. ৮৪৯)

وَالصَّبَيَانِ وَغَيْرِهِمْ الْجُمُعَةَ غُسْلٌ مِنْ النِّسَاءِ وَالصَّبَيَانِ وَغَيْرِهِمْ الْجُمُعَةَ غُسْلٌ مِنْ النِّسَاءِ وَالصَّبَيَانِ وَغَيْرِهِمْ الْجُمُعَةَ غُسْلٌ مِنْ النِّسَاءِ وَالصَّبَيَانِ وَغَيْرِهِمْ الْجُمُعَةَ عُسْلٌ مِنْ النِّسَاءِ وَالصَّبَيَانِ وَغَيْرِهِمْ الْجُمُعَةَ عُسْلٌ مِنْ النِّسَاءِ وَالصَّبَيَانِ وَغَيْرِهِمْ الْجُمُعَةُ عُسْلٌ مِنْ النِّسَاءِ وَالصَّبَيَانِ وَغَيْرِهِمْ الْجُمُعُةُ عُسْلٌ مِنْ النِّسَاءِ وَالصَّبَيَانِ وَغَيْرِهِمْ الْجُمُعُةُ عُسْلٌ مِنْ النِّسَاءِ وَالصَّبَيَانِ وَغَيْرِهِمْ مُلْكُمْ عُلَى مَنْ لَمْ يَسْمُهُمُ الْجُمُعُةُ عُسْلٌ مِنْ النِّسَاءِ وَالصَّبَيَانِ وَغَيْرِهِمْ مُلْعُلِيمِ الْجُمُعُةُ عُسْلٌ مِنْ النِّسَاءِ وَالصَّبَيَانِ وَغَيْرِهِمْ مُلْكُمْ عُلْمُ اللّهُ الللّهُ الللّهُ اللّهُ اللّهُ اللللّهُ الللللّهُ اللّهُ اللّهُ اللللللللّهُ

 $<sup>^</sup>st$  'ইমাম' শূল রাষ্ট্রের কর্ণধার, যে কোন কাজের তত্ত্বাবধায়ক, ব্যবস্থাপক ও সলাতের ইমাম অর্থে ব্যবহৃত হয়।

## وَقَالَ ابْنُ عُمَرَ إِنَّمَا الْغُسْلُ عَلَى مَنْ تَحبُ عَلَيْهِ الْجُمُعَةُ.

ইব্নু 'উমার 🚌 বলেছেন, যাদের উপর জুমু'আহ্র সলাত ওয়াজিব, তথু তাদের গোসল করা প্রয়োজন।

٨٩٤. صَرَمُنَا أَبُو الْيَمَانِ قَالَ أَخْبَرَنَا شُعَيْبٌ عَنْ الزُّهْرِيِّ قَالَ حَدَّثَنِي سَالِمُ بْنُ عَبْدِ اللهِ أَنَّهُ سَمِعَ عَبْدَ الله بْنَ عُمَرَ رَضِيَ اللهُ عَنْهُمَا يَقُولُ سَمِعْتُ رَسُولَ اللهِ ﷺ يَقُولُ مَنْ جَاءَ مِنْكُمْ الْجُمُعَةَ فَلْيَغْتَسلْ. ৮৯৪. 'আবদুল্লাহ্ ইব্নু উমার 😂 হতে বর্ণিত। তিনি বলেন, আমি আল্লাহর রস্ল 😂 -কে

বলতে শুনেছি, "যে ব্যক্তি জুমু'আহ্র সলাতে আসবে সে যেন গোসল করে।" (৮৭৭) (আ.প্র. ৮৪৩, ই.ফা. b(0)

٥٩٥. صر من عَبْدُ اللهِ بْنُ مَسْلَمَةً عَنْ مَالِكِ عَنْ صَفْوَانَ بْنِ سُلَيْمٍ عَنْ عَطَاءِ بْنِ يَسَارٍ عَنْ أَبِي سَسِعِيدٍ 

জন্য জুমু'আহ্র দিন গোসল করা ওয়াজিব। (৮৫৮) (আ.প্র. ৮৪৪, ই.ফা. ৮৫১)

٨٩٦. صر أن أَسُلِمُ بْنُ إِبْرَاهِيمَ قَالَ حَدَّثَنَا وُهَيْبٌ قَالَ حَدَّثَنَا ابْنُ طَاوُسِ عَنْ أَبِيهِ عَنْ أَبِي هُرَيْرَةَ قَــالَ قَالَ رَسُولُ الله ﷺ نَحْنُ الْآحِرُونَ السَّابِقُونَ يَوْمَ الْقَيَامَة أُوتُوا الْكِتَابَ مِنْ قَبْلِنَا وَأُوتِينَاهُ مِنْ بَعْدِهِمْ فَهَـــذَا الْيَوْمُ الَّذي اخْتَلَفُوا فيه فَهَدَانَا اللَّهُ فَغَدًا لْلْيَهُود وَبَعْدَ غَد للنَّصَارَى فَسَكَتَ

৮৯৬. আবৃ হুরাইরাহ্ 🕮 হতে বর্ণিত। তিনি বলেন, আল্লাহর রস্ল 🕰 বলেছেন : আমরা দুনিয়ায় (আগমনের দিক দিয়ে) সর্বশেষে। কিন্তু কিয়ামাতের দিন মর্যাদার দিক দিয়ে সবার পূর্বে। তবে তাদের কিতাব দেয়া হয়েছে আমাদের পূর্বে এবং আমাদের তা দেয়া হয়েছে তাদের পরে। অতঃপর এই দিন (শুক্রবার নির্ধারণ) সম্বন্ধে তাদের মধ্যে মতানৈক্য হয়েছে। আল্লাহ্ আমাদের এ শুক্রবার সম্পর্কে হিদায়াত দান করেছেন। পরের দিন (শনিবার) ইয়াহূদীদের এবং তারপরের দিন (রোববার) নাসারাদের। অতঃপর কিছুক্ষণ নীরব থাকলেন। (২৩৮) (আ.প্র. ৮৪৫ ই.ফা. ৮৫২)

٨٩٧. ثُمَّ قَالَ حَقُّ عَلَى كُلِّ مُسْلِمٍ أَنْ يَغْتَسِلَ فِي كُلِّ سَبْعَةِ أَيَّامٍ يَوْمًا يَغْسِلُ فِيهِ رَأْسَهُ وَجَسَدَهُ ৮৯৭. অতঃপর আল্লাহর রসূল 🚎 বললেন প্রত্যৈক মুসলিমের উপর হাক্ব রয়েছে যে, প্রতি সাত দিনের এক দিন সে গোসল করবে, তার মাথা ও শরীর ধৌত করবে। (৮৯৮, ৩৪৮৭) (আ.প্র. ৮৪৫ শেষাংশ, ই.ফা. ৮৫২ শেষাংশ)

٨٩٨. رَوَاهُ أَبَانُ بْنُ صَالِحٍ عَنْ مُجَاهِدٍ عَنْ طَاوُسٍ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ قَالَ النَّبِيُّ ﷺ لِلَّهِ تَعَالَى عَلَـــى كُلِّ مُسْلِمٍ حَقُّ أَنْ يَغْتَسِلَ فِي كُلِّ سَبْعَةِ أَيَّامٍ يَوْمًا. ৮৯৮. আবৃ হুরাইরাহ্ হাত বর্ণিত। তিনি বলেন, নাবী হাত বলেছেন : প্রত্যেক মুসলিমের উপর আল্লাহ্র হক রয়েছে যে, প্রতি সাত দিনে একবার সে যেন গোসল করে। (৮৯৭ মুসলিম ৭/২, হাঃ ৮৪৯) (আ.গ্র. নাই, ই.ফা. নাই)

#### ١٣/١١. بَاب

#### ১১/১৩. অধ্যায় ঃ

٨٩٩. صرَّنا عَبْدُ اللهِ بْنُ مُحَمَّد حَدَّثَنَا شَبَابَةُ حَدَّثَنَا وَرْقَاءُ عَنْ عَمْرِو بْنِ دِينَارٍ عَنْ مُحَاهِدٍ عَنْ ابْسِنِ عُمَرَ عَنِ النَّبِيِّ ﷺ قَالَ اثْذَنُوا لِلنِّسَاءِ بِاللَّيْلِ إِلَى الْمَسَاجِدِ.

৮৯৯. ইব্নু 'উমার 🗯 সূত্রে নাবী 🥰 হতে বর্ণিত। তিনি বলেন, তোমরা মহিলাদেরকে রাতে (সলাতের জন্য) মাসজিদে যাওয়ার অনুমতি দিবে। (৮৬৫ মুসদিম ৪/, হাঃ ৪৪২) (আ.এ. ৮৪৬, ই.ফা. ৮৫৩)

. ٩٠. صرتنا يُوسُفُ بْنُ مُوسَى حَدَّثَنَا أَبُو أَسَامَةَ حَدَّثَنَا عُبَيْدُ اللهِ بْنُ عُمَرَ عَنْ نَافِعِ عَنْ ابْنِ عُمَرَ قَالَ كَانَتْ امْرَأَةٌ لِعُمَرَ تَشْهَدُ صَلَاةَ الصَّبْحِ وَالْعِشَاءِ فِي الْحَمَاعَةِ فِي الْمَسْجِدِ فَقِيلَ لَهَا لِمَ تَحْرُجِينَ وَقَدْ تَعْلَمِينَ أَنَّ عُمَرَ يَكُرَهُ ذَلِكَ وَيَغَارُ قَالَتْ وَمَا يَمْنَعُهُ أَنْ يَنْهَانِي قَالَ يَمْنَعُهُ قَوْلُ رَسُولِ اللهِ فَقَالًا تَمْنَعُ وا إِمَاءَ اللهِ مَسَاجِدَ اللهِ فَقَالُ اللهِ فَقَالُ اللهِ فَيَعَارُ فَالَتْ وَمَا يَمْنَعُهُ أَنْ يَنْهَانِي قَالَ يَمْنَعُهُ قَوْلُ رَسُولِ اللهِ فَقَالُ اللهِ فَيَعَارُ فَالَتْ وَمَا يَمْنَعُهُ أَنْ يَنْهَانِي قَالَ يَمْنَعُهُ قَوْلُ رَسُولِ اللهِ فَيَعَلَى لَلهُ اللهِ فَيَعَلَى لَهُ اللهِ فَيَعَارُ فَالَتْ وَمَا يَمْنَعُهُ أَنْ يَنْهَانِي قَالَ يَمْنَعُهُ قَوْلُ رَسُولِ اللهِ فَيَالُولُ اللهِ فَيَعَلَى لَهُ اللهُ اللهِ فَيَعَارُ فَالَتْ وَمَا يَمْنَعُهُ أَنْ يَنْهَانِي قَالَ يَمْنَعُهُ قَوْلُ رَسُولِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهُ اللهِ اللهِ اللهِ اللهُ اللهِ اللهِ اللهُ اللهِ اللهُ اللهُ اللهُ اللهُ اللهِ اللهُ الل

৯০০. ইব্নু 'উমার হাতে বর্ণিত। তিনি বলেন, 'উমার হাত-এর স্ত্রী (আতিকাহ্ বিনত যায়দ) ফাজ্র ও 'ইশার সলাতের জামা'আতে মাসজিদে হাযির হতেন। তাঁকে বলা হল, আপনি কেন (সলাতের জন্য) বের হন? অথচ আপনি জানেন যে, 'উমার হাত আপসন্দ করেন এবং মর্যাদা হানিকর মনে করেন। তিনি জবাব দিলেন, তা হলে কিসে বাধা দিচ্ছে যে, 'উমার হাত স্বয়ং আমাকে নিষেধ করছেন না? বলা হল, তাঁকে বাধা দেয় আল্লাহর রসূল হাত-এর বাণী: আল্লাহ্র দাসীদের আল্লাহ্র মাসজিদে যেতে বারণ করো না। (৮৬৫; মুসলিম ৪/৩০, হাঃ ৪৪২, আহমাদ ৪৬৫৫) (আ.শ্র. ৮৪৭, ই.ফা. ৮৫৪)

# ١٤/١١. بَابِ الرُّحْصَةِ إِنْ لَمْ يَحْضُرْ الْجُمُعَةَ فِي الْمَطَرِ.

১১/১৪. অধ্যায় : বৃষ্টির কারণে জুমু'আহ্র সলাতে উপস্থিত না হ্বার অবকাশ।

٩٠١. مرثنا مُسَدَّدٌ قَالَ حَدَّثَنَا إِسْمَاعِيلُ قَالَ أَخْبَرَنِي عَبْدُ الْحَمِيدِ صَاحِبُ الزِّيَادِيِّ قَالَ حَدَّثَنَا عَبْسَدُ اللهِ بَنُ الْحَارِثِ ابْنُ عَمِّ مُحَمَّد بْنِ سِيرِينَ قَالَ ابْنُ عَبَّاسٍ لِمُؤذِّنِه فِي يَوْمٍ مَطِيرٍ إِذَا قُلْتَ أَشْهَدُ أَنَّ مُحَمَّدًا اللهِ بْنُ الْحَارِثِ ابْنُ عَمِّ مُحَمَّد بْنِ سِيرِينَ قَالَ ابْنُ عَبَّاسٍ لِمُؤذِّنِه فِي يَوْمٍ مَطِيرٍ إِذَا قُلْتَ أَشْهَدُ أَنَّ مُحَمَّد بْنِ سِيرِينَ قَالَ ابْنُ عَبِّاسٍ لِمُؤذِّنِهِ فِي يَوْمٍ مَطِيرٍ إِذَا قُلْتَ أَشْهَدُ أَنَّ مُحَمَّد بَنِ سَيرِينَ قَالَ ابْنُ عَبْدُ مِنْ هُو خَيْرٌ مِنِي رَسُولُ اللهِ فَلاَ تَقُلُ حَيَّ عَلَى الصَّلَاةِ قُلْ صَلُّوا فِي بُيُوتِكُمْ فَكَأَنَّ النَّاسَ اسْتَنْكُرُّوا قَالَ فَعَلَهُ مَنْ هُو خَيْرٌ مِنِي إِنَّ الْحُمْعَةَ عَرْمَةً وَإِنِي كَرِهْتُ أَنْ أُحْرِجَكُمْ فَتَمْشُونَ فِي الطِّينِ وَالدَّحَضِ.
 إنَّ الْجُمْعَةَ عَرْمَةً وَإِنِي كَرِهْتُ أَنْ أُحْرِجَكُمْ فَتَمْشُونَ فِي الطِّينِ وَالدَّحَضِ.

৯০১. ইব্নু 'আব্বাস হতে বর্ণিত। তিনি তাঁর মুয়ায্যিনকে এক প্রবল বর্ষণের দিনে বললেন, যখন তুমি (আযানে) 'আশহাদু আন্না মুহাম্মাদার রস্লুল্লাহ বলবে, তখন 'হাইয়া আলাস্ সালাহ' বলবে না, বলবে, "সাল্লু ফী বুয়ুতিকুম" (তোমরা নিজ নিজ বাসগৃহে সলাত আদায় কর)। তা লোকেরা অপছন্দ করল। তখন তিনি বললেন: আমার চেয়ে উত্তম ব্যক্তিই (রস্লুল্লাহ ক্রি) তা করেছেন। জুমু'আহ নিঃসন্দেহে জরুরী। আমি অপছন্দ করি তোমাদেরকে মাটি ও কাদার মধ্য দিয়ে যাতায়াত করার অসুবিধায় ফেলতে। (৬১৬) (আ.প্র. ৮৪৮, ই.ফা. ৮৫৫)

# ١٥/١١. بَابِ مِنْ أَيْنَ تُؤْتَى الْجُمُعَةُ وَعَلَى مَنْ تَجِبُ

১১/১৫. অধ্যায় : কতদূর হতে জুমু'আহ্র সলাতে আসবে এবং জুমু'আহ কার উপর ওয়াজিব?

لِقَوْلِ اللهِ حَلُّ وَعَزَّ ﴿ إِذَا نُودِيَ لِلصَّلاَةِ مِنْ يَوْمِ الْحُمُعَةِ فَاسْعَوْا إِلَى ذِكْرِ اللهِ

وَقَالَ عَطَاءً إِذَا كُنْتَ فِي قَرْيَة جَامِعَة فَنُودِيَ بِالصَّلاَةِ مِنْ يَوْمِ الْجُمُعَة فَحَقُّ عَلَيْكَ أَنْ تَشْهَدَهَا سَمِعْتَ النَّدَاءَ أَوْ لَمْ تَسْمَعْهُ وَكَانَ أَنَسُ وَهُمَّ فِي قُصْرِهِ أَحْيَانًا يُحَمِّعُ وَأَحْيَانًا لاَ يُحَمِّعُ وَهُوَ بِالرَّاوِيَةِ عَلَى فَرْسَخَيَنِ. النِّدَاءَ أَوْ لَمْ تَسْمَعْهُ وَكَانَ أَنَسُ وَهُمَّ فِي قُصْرِهِ أَحْيَانًا يُحَمِّعُ وَأَحْيَانًا لاَ يُحَمِّعُ وَهُوَ بِالرَّاوِيَةِ عَلَى فَرْسَخَيَنِ. (مَهُ اللَّهُ اللهُ يُحَمِّعُ وَأَحْيَانًا لاَ يُحَمِّعُ وَهُوَ بِالرَّاوِيَةِ عَلَى فَرْسَخَيَنِ. (مَهُ اللهُ اللهُ يُحَمِّعُ وَهُو بِالرَّاوِيَةِ عَلَى فَرْسَخَيْنِ. (مَهُ اللهُ اللهُ يُعَلِّيُ وَاللهُ وَكَانَ أَنَسُ وَهُو بَالرَّاوِيَةِ عَلَى فَرْسَخَيْنِ. (مَهُ اللهُ يُعَلِّي فَاللهُ اللهُ يُعَلِي اللهُ اللهُ يَعْمُ وَهُو بِالرَّاوِيَةِ عَلَى فَرْسَخَيْنِ. (مَا اللهُ اللهُ يَعْمُ وَكَانَ أَنَسُ وَهُو بَالرَّاوِيَةِ عَلَى فَرُسَخَيْنِ وَهُو اللهُ اللهُ اللهُ يَعْمُ وَهُو بَالرَّاوِيَةِ عَلَى فَرْسَخَيْنِ . (مَعْمَ الللهُ اللهُ عَلَيْهُ وَكَانَ أَنَاللهُ عَلَيْهُ وَكُونَ أَنِي اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ عَلَى اللهُ اللهُ اللهُ اللهُ عَلَى اللهُ اللهُ

'আত্ম (রহ.) বলেছেন, যখন তুমি কোন বড় শহরে বাস কর, জুমু'আহ্র দিন সলাতের জন্য আযান দেয়া হলে, তা তুমি শুনতে পাও বা না পাও, তোমাকে অবশ্যই জামা'আতে হাযির হতে হবে। আনাস ্থান (বস্রা হতে) দু' ফারসাখ্ (ছয় মাইল) দূরে অবস্থিত জাবিয়া নামক স্থানে তাঁর বাড়িতে অবস্থান করতেন, তখন কখনো জুমু'আহ পড়তেন, কখনো পড়তেন না।

٩٠٢. صر أَبِي حَعْفَرِ أَنْ مُحَمَّدُ بْنُ صَالِحِ قَالَ حَدَّنَنَا عَبْدُ اللهِ بْنُ وَهْبِ قَالَ أَخْبَرَنِي عَمْرُو بْنُ الْحَارِثِ عَنْ عُبَيْدِ اللهِ بْنِ أَبِي جَعْفَرِ أَنْ مُحَمَّدَ بْنَ جَعْفَرِ بْنِ الزُّبَيْرِ حَدَّنَهُ عَنْ عُرُورَةً بْنِ الزُّبَيْرِ عَنْ عَائِشَةَ زَوْجِ النَّبِي عَلَمْ قَالَتَ كَانُ النَّاسُ يَنْتَابُونَ يَوْمَ الْخُبَارُ وَالْعَرَقُ فَيَخْرُجُ مِنْهُمْ الْغُبَارِ يُصِيبُهُمْ الْغُبَارُ وَالْعَرَقُ فَيَخْرُجُ مِنْهُمْ الْعَبَارِ يُصِيبُهُمْ الْغُبَارُ وَالْعَرَقُ فَيَخْرُجُ مِنْهُمْ الْعَرَقُ فَيَخْرُجُ مِنْهُمْ الْعَبَارِ يُصِيبُهُمْ اللهِ عَلَيْ إِنْسَانً مِنْهُمْ وَهُو عَنْدي فَقَالَ النَّبِي عَلَيْ لَوْ أَنْكُمْ تَطَهَّرُتُمْ لِيَوْمَكُمْ هَذَا.

৯০২. নাবী ত্রি-এর স্ত্রী 'আয়িশাই ক্রিল্রি হতে বর্ণিত। তিনি বর্লেন, লোকজন তাদের বাড়ি ও উঁচু এলাকা হতেও জুমু'আহ্র সলাতের জন্য পালাক্রমে আসতেন। আর যেহেতু তারা ধুলো-বালির মধ্য দিয়ে আগমন করতেন, তাই তারা ধূলি মলিন ও ঘর্মাক্ত হয়ে যেতেন। তাঁদের দেহ হতে ঘাম বের হত। একদা তাদের একজন আল্লাহর রস্ল ক্রি-এর নিকট আসেন। তখন নাবী ক্রি আমার নিকট ছিলেন। তিনি তাঁকে বললেন: যদি তোমরা এ দিনটিতে পরিষ্কার-পরিচ্ছন্ন থাকতে। (৭/১, হাঃ ৮৪৭) (আ.প্র. ৮৪৯, ই.ফা. ৮৫৬)

 وَكَذَلكَ يُرْوَى عَنْ عُمَرَ وَعَلَيَّ وَالتَّعْمَان بْنِ بَشِير وَعَمْرُو بْنِ حُرَيْتْ رَضِيَ اللهُ عَنْهُمْ. 'উমার, 'আলী, नু'মান ইব্নু বাশীর এবং 'আম্র ইব্নু হুরায়স ﷺ হতেও অনুরূপ উল্লেখ রয়েছে।

٩.٣. مرثنا عَبْدَانُ قَالَ أَخْبَرَنَا عَبْدُ اللهِ قَالَ أَخْبَرَنَا يَحْيَى بْنُ سَعِيدِ أَنَّهُ سَأَلَ عَمْرَةَ عَنِ الْغُسْلِ يَـــوْمَ اللهُ عَلَى أَخْبَرَنَا عَبْدُ اللهِ قَالَ أَخْبَرَنَا يَحْيَى بْنُ سَعِيدِ أَنَّهُ سَأَلُ عَمْرَةً عَنِ الْغُسْلِ يَـــوْمَ اللهُ عَنْهَا كَانَ النَّاسُ مَهْنَةً أَنْفُسِهِمْ وَكُانُوا إِذَا رَاحُوا إِلَى الْحُمُعَةِ رَاحُوا فِي هَيْمَتُهمْ فَقيلَ لَهُمْ لَوْ اغْتَسَلَتُمْ.
 في هَيْمَتُهمْ فَقيلَ لَهُمْ لَوْ اغْتَسَلَتُمْ.

৯০৩. ইয়াহ্ইয়া ইব্নু সা'ঈদ (রহ.) হতে বর্ণিত। তিনি 'আম্রাহ (রহ.)-কে জুমু'আহ্র দিনে গোসল সম্পর্কে জিজ্ঞেস করেন। 'আম্রাহ (রহ.) বলেন, 'আয়িশাহ্ ছিল্ট্রা বলেছেন যে, লোকজন নিজেদের কাজকর্ম নিজেরাই করতেন। যখন তারা দুপুরের পরে জুমু'আহ্র জন্য যেতেন তখন সে অবস্থায়ই চলে যেতেন। তাই তাঁদের বলা হল, যদি তোমরা গোসল করে নিতে। (২০৭১; মুসলিম ৭/১, হাঃ) (আ.এ. ৮৫০, ই.ফা. ৮৫৭)

٩٠٤. صرتنا سُرَيْجُ بْنُ النُّعْمَانِ قَالَ حَدَّنَنَا فُلْيَحُ بْنُ سُلَيْمَانَ عَنْ عُثْمَانَ بْنِ عَبْدِ الرَّحْمَنِ بْنِ عُثْمَانَ النَّيْمِ بَنِ عَثْمَانَ النَّيْمِ بَنِ عَثْمَانَ النَّيْمِ عَنْ أَنسِ بْنِ مَالِكِ هُواَنُ النَّيِيَّ فَلَمْ كَانَ يُصَلِّى الْحُمُعَةَ حِينَ تَمِيلُ الشَّمْسُ.

৯০৪. আনাস ইব্নু মালিক ( হতে বর্ণিত যে, আল্লাহর রস্ল হ জুমু আহ্র সলাত আদায় করতেন, যখন সূর্য হেলে যেতো। (আ.প্র. ৮৫১, ই.ফা. ৮৫৮)

٩٠٥. صرتنا عَبْدَانُ قَالَ أَخْبَرَنَا عَبْدُ اللهِ قَالَ أَخْبَرَنَا حُمَيْدٌ عَنْ أَنْسِ بْنِ مَالِكٍ قَالَ كُنَّا نُبَكِّرُ بِالْجُمُعَةِ وَنَقيلُ بَعْدَ الْجُمُعَةِ.

৯০৫. আনাস ইব্নু মালিক ( হেত বর্ণিত। তিনি বলেন, আমরা প্রথম ওয়াক্তেই জুমু'আহ্র সলাতে যেতাম এবং জুমু'আহ্র পরে কাইলূলা (দুপুরের বিশ্রাম) করতাম। (৯৪০) (আ.প্র. ৮৫২, ই.ফা. ৮৫৯)

## ١٧/١١. بَابِ إِذَا اشْتَدُّ الْحَرُّ يَوْمَ الْجُمُعَةِ.

## ১১/১৭. অধ্যায় : জুমু'আহ্র দিন যখন সূর্যের উত্তাপ প্রখর হয়।

٩٠٦. حارثنا مُحَمَّدُ بْنُ أَبِي بَكْرِ الْمُقَدَّمِيُّ قَالَ حَدَّنَنَا حَرَمِيُّ بْنُ عُمَارَةَ قَالَ حَدَّنَنَا أَبُو خَلْدَةَ هُوَ خَالِدُ بَنُ دِينَارٍ قَالَ سَمِعْتُ أَنَسَ بْنَ مَالِكَ يَقُولُ كَانَ النَّبِيُّ ﷺ إِذَا اشْتَدَّ الْبَرْدُ بَكْرَ بِالصَّلَاةِ وَإِذَا اشْتَدَّ الْحَرُّ أَبْرَدَ بِالصَّلَاةِ وَإِذَا اشْتَدَّ الْحَرُّ أَبْرَدَ بِالصَّلَاةِ وَلَمْ يَذَكُرُ الْحُمُعَةَ وَقَالَ بِشُرُ بْنُ بِالصَّلَاةِ يَعْنِي الْجُمُعَةَ قَالَ يُونُسُ بْنُ بُكَيْرٍ أَخْبَرَنَا أَبُو خَلْدَةً فَقَالَ بِالصَّلاَةِ وَلَمْ يَذْكُرُ الْحُمُعَة وَقَالَ بِشُرُ بْنُ أَبُو حَلَّدَةً فَقَالَ بِالصَّلاَةِ وَلَمْ يَذْكُرُ الْحُمُعَة وَقَالَ بِشُرُ بْنُ أَنْ النَّبِي الطَّهُرَ الْمُعْرَدُهُ وَلَا اللّهِ عَلَيْهِ اللّهُ يُصَلّى الظَّهْرَ.

৯০৬. আনাস ইব্নু মালিক ( হতে বর্ণিত। তিনি বলেন, নাবী হক্ত প্রচণ্ড শীতের সময় প্রথম ওয়াক্তেই সলাত আদায় করতেন। আর তীব্র গরমের সময় ঠাণ্ডা করে (বিলম্ব করেন সলাত আদায় করতেন। অর্থাৎ জুমু'আহ্র সলাত। ইউনুস ইব্নু বুকায়র (রহ.) আমাদের বলেছেন, আর তিনি সলাত শব্দের উল্লেখ করেছেন, জুমু'আহ শব্দের উল্লেখ করেননি। আর বিশ্র ইব্নু সাবিত (রহ.) বলেন, আমাদের নিকট আবৃ খালদাহ (রহ.) বর্ণনা করেছেন যে, জুমু'আহ্র ইমাম আমাদের নিয়ে সলাত আদায় করেন। অতঃপর তিনি আনাস ( কে)-কে বলেন, নাবী হক্ত যুহরের সালাত কিরূপে আদায় করতেন ? (আ.গ্র. ৮৫৩, ই.ফা. ৮৬০)

ا ۱۸/۱۱. بَابِ الْمَشْيِ إِلَى الْجُمُعَةِ. ১১/১৮. অধ্যায় : জুমু'আহর জন্য পায়ে হেঁটে চলা

وَقُولِ اللهِ جَلَّ ذِكْرُهُ ﴿فَاشَعَوْا إِلَى ذِكْرِ اللهِ.﴾ وعرد اللهِ. اللهِ عَلَى اللهُ عَلَى اللهِ عَلْمُ عَلَى اللهِ عَلَى الللهِ عَلَى اللهِ عَلَى اللهِ عَلَى اللهُه

وَمَنْ قَالَ السَّعْيُ الْعَمَلُ وَالذَّهَابُ لِقَوْلِهِ تَعَالَى ﴿ وَسَعَى لَهَا سَعْيَهَا ﴾ (سورة الإسراء: ١٩) وَقَـــالَ البَــنُ عَبَّاسٍ رَضِيَ اللهُ عَنْهُمَا يَحْرُمُ الْبَيْعُ حِينَئِذَ وَقَالَ عَطَاءٌ تَحْرُمُ الصِّنَاعَاتُ كُلُّهَا وَقَالَ إِبْرَاهِيمُ بْنُ سَعْدٍ عَـــنُ الزُّهْرِيِّ إِذَا أَذَّنَ الْمُؤَذِّنُ يَوْمَ الْجُمُعَةِ وَهُوَ مُسَافِرٌ فَعَلَيْهِ أَنْ يَشْهَدَ.

যিনি বলেন, 'সাঈ এর অর্থ কাজ করা, গমন করা। কেননা, আল্লাহ্র বাণী : ﴿وَسَعَى لَهَا سَعَنَهَا -এর অন্তর্গত সাঈ-এর অর্থ হচ্ছে কাজ করা। ইব্নু 'আব্বাস (क्क्ला) বলেন, তখন (জুমু'আহ্র আযানের পর) যাবতীয় ক্রয়-বিক্রয় হারাম হয়ে যায়। আত্বা (রহ.) বলেন, শিল্প-কারিগরির যাবতীয় কাজই তখন নিষিদ্ধ হয়ে যায়। ইব্রাহীম ইব্ন সা'দ (রহ.) যুহরী (রহ.) হতে বর্ণনা করেন, জুমু'আহ্র দিন যখন মুআ্য্যিন সফররত অবস্থায় আযান দেয় তখন তার জন্য জুমু'আহ্র সলাতে উপস্থিত হওয়া উচিত।

٩٠٧. **صَرَثُنَا** عَلِيُّ بْنُ عَبْدِ اللهِ قَالَ حَدَّثَنَا الْوَلِيدُ بْنُ مُسْلِمٍ قَالَ حَدَّثَنَا يَزِيدُ بْنُ أَبِي مَرْيَمَ الأَنْصَـــارِيُّ قَالَ حَدَّثَنَا عَبَايَةُ بْنُ رِفَاعَةَ قَالَ أَدْرَكَنِي أَبُو عَبْسٍ وَأَنَا أَذْهَبُ إِلَى الْحُمُعَةِ فَقَالَ سَمِعْتُ النَّبِيَّ ﷺ يَقُولُ مَنْ اغْبَرَّتْ قَدَمَاهُ فِي سَبِيلِ اللهِ حَرَّمَهُ اللهُ عَلَى النَّارِ.

৯০৭. আবায়া ইব্নু রিফা'আহ (রহ.) হতে বর্ণিত। তিনি বলেন, আমি জুমু'আহ্র সলাতে যাবার কালে আবৃ আব্স্ ( ব্রু-এর সঙ্গে সাক্ষাৎ হলে তিনি বললেন, আমি আল্লাহর রসূল ক্রু-কে বলতে শুনেছি যে, যার দু'পা আল্লাহ্র পথে ধূলি ধূসরিত হয়, আল্লাহ্ তার জন্য জাহান্নাম হারাম করে দেন। (২৮১১) (জা.গ্র. ৮৫৪, ই.ফা. ৮৬১)

٩٠٨. صر شُنَا آدَمُ قَالَ حَدَّثَنَا آبُنُ أَبِي ذَئب قَالَ الزُّهْرِيُّ عَنْ سَعيد وَأَبِي سَلَمَةَ عَنْ أَبِي هُرَيْرَةَ فَضَاءَ نِ النَّبِيِّ فَقَلَا عَنْ الزُّهْرِيِّ قَالَ أَخْبَرَنِي أَبُو سَلَمَةَ بَنُ عَبْدِ الرَّحْمَنِ أَنَّ النَّبِيِّ فَقَلَا حَرَيْرَنِي أَبُو سَلَمَةَ بَنُ عَبْدِ الرَّحْمَنِ أَنَّ النَّبِيِّ فَقَلَا اللهِ عَنْ الزَّهْرِيِّ قَالَ أَخْبَرَنِي أَبُو سَلَمَةَ بَنُ عَبْدِ الرَّحْمَنِ أَنَّ النَّهِ عَلْمَ اللهِ عَلَى يَقُولُ إِذَا أُقِيمَتُ الصَّلاَةُ فَلاَ تَأْتُوهَا تَسْعَوْنَ وَأَتُوهَا تَمْشُونَ عَلَى يَكُمْ السَّكِينَةُ فَمَا أَدْرَكَتُمْ فَصَلُوا وَمَا فَاتَكُمْ فَأَتَمُوا.

৯০৮. আবৃ হুরাইরাহ্ হাত বর্ণিত। তিনি বলেন, আমি আল্লাহর রস্ল ক্রি-কে বলতে শুনেছি, যখন সলাত শুরু হয়, তখন দৌড়িয়ে গিয়ে সলাতে যোগদান করবে না, বরং হেঁটে গিয়ে সলাতে যোগদান করবে। সলাতে ধীর-স্থিরভাবে যাওয়া তোমাদের জন্য অপরিহার্য। কাজেই জামা আতের সাথে সলাত যতটুকু পাও আদায় কর, আর যা ছুটে গেছে, পরে তা পূর্ণ করে নাও। (আ.এ. ৮৫৫, ই.ফা. ৮৬২)

٩٠٩. صرشا عَمْرُو بْنُ عَلَي قَالَ حَدَّثَنِي أَبُو قُتَيْبَةَ قَالَ حَدَّثَنَا عَلَيُّ بْنُ الْمُبَارَكِ عَنْ يَحْيَى بْنِ أَبِي كَثِيرِ عَنْ عَبْدِ اللهِ بْنِ أَبِي قَنَادَةَ لاَ أَعْلَمُهُ إِلاَّ عَنْ أَبِيهِ عَنِ النَّبِي ﷺ قَالَ لاَ تَقُومُوا حَثَّى تَرَوُنِي وَعَلَيْكُمْ السَّكِينَةُ.
 عَنْ عَبْدِ اللهِ بْنِ أَبِي قَنَادَةَ لاَ أَعْلَمُهُ إِلاَّ عَنْ أَبِيهِ عَنِ النَّبِي ﷺ قَالَ لاَ تَقُومُوا حَثَّى تَرَوُنِي وَعَلَيْكُمْ السَّكِينَةُ.
 هُ٥٥. আव् क्वार्जामाइ
 ﴿ ﴿ وَمَا لَا كَالُولُو اللّهِ عَنْ النَّبِي اللّهِ عَنِ النَّبِي اللّهِ قَالَ لاَ تَقُومُوا حَثَّى تَرَوُنِي وَعَلَيْكُمْ السَّكِينَةُ.
 ﴿ ﴿ وَمَا لَمُبَارَكِ عَنْ يَحَدَى بُنِ أَبِي كَنِي أَلِى عَنْ النَّبِي قَنَادَةً لاَ أَعْلَمُهُ إِلاَّ عَنْ أَبِيهِ عَنِ النَّبِي قَالَ لاَ تَقُومُوا حَثَّى تَرَوُنِي وَعَلَيْكُمْ السَّكِينَةُ.
 ﴿ ﴿ وَمَا لَمُنَا وَهِ اللّهِ لَهُ اللّهُ عَنْ أَبِيهِ عَنِ النَّبِي قَالَ لاَ تَقُومُوا حَثَّى تَرَوُنِي وَعَلَيْكُمْ السَّكِينَةُ .
 ﴿ وَمَالَمُ عَنْ اللّهِ بَنِ أَلِي قَنَادَةً لاَ أَعْلَمُهُ إِلاَ عَنْ أَبِيهِ عَنِ النَّبِي قَالَ لاَ تَقُومُوا حَتَّى تَرَوْنِي وَعَلَيْكُمْ السَّكِينَةُ .
 ﴿ وَمَا لَا اللّهِ اللّهُ اللّهُ عَلَى اللّهُ عَلَى اللّهُ عَلَيْكُمُ السَّلَّكُونَا اللّهُ اللّهُ عَلَى اللّهُ الللّهُ اللّهُ الللللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ الللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ الللللللّهُ اللّهُ اللّهُ اللللللّهُ اللللّهُ الللللّهُ الللللّهُ اللللللّهُ الللللّهُ

# ١٨/١١. بَابِ لاَ يُفَرَّقُ بَيْنَ اثْنَيْن يَوْمَ الْجُمُعَة.

১১/১৯. অধ্যায় : জুমু'আহ্র দিন দু'জনের মাঝে ফাঁক করে না।

٩١٠. حرثنا عَبْدَانُ قَالَ أَخْبَرَنَا عَبْدُ اللهِ قَالَ أَخْبَرَنَا ابْنُ أَبِي ذَبْبِ عَنْ سَعِيد الْمَقْبُرِيِّ عَنْ أَبِيهِ عَنْ ابْنِ وَدِيعَةَ حَدَّنَنَا سَلْمَانُ الْفَارِسِيُّ قَالَ قَالَ رَسُولُ اللهِ عَلَىٰ مَنْ اغْتَسَلَ يَوْمَ الْحُمُعَةِ وَتَطَهَّرَ بِمَا اسْتَطَاعَ مِنْ طُهْرٍ وَدِيعَةَ حَدَّنَنَا سَلْمَانُ الْفَارِسِيُّ قَالَ وَسُولُ اللهِ عَلَىٰ مَنْ اثْنَيْنِ فَصَلَّى مَا كُتِبَ لَهُ ثُمَّ إِذَا خَرَجَ الْإِمَامُ أَنْصَتَ غُفِرَ ثُمَّ النَّهُ وَبَيْنَ الْحُمُعَة الْأُخْرَى.
 لَهُ مَا بَيْنَهُ وَبَيْنَ الْحُمُعَة الْأُخْرَى.

৯১০. সালমান ফারিসী হাতে বর্ণিত। তিনি বলেন, আল্লাহর রসূল করি বলেছেন: যে ব্যক্তি জুমু'আহ্র দিন গোসল করে এবং যথাসম্ভব উত্তমরূপে পবিত্রতা অর্জন করে, অতঃপর তেল মেখে নেয় অথবা সুগন্ধি ব্যবহার করে, অতঃপর (মাসজিদে) যায়, আর দু'জনের মধ্যে ফাঁক করে না এবং তার ভাগ্যে নির্ধারিত পরিমাণ সলাত আদায় করে। আর ইমাম যখন (খুত্বাহ্র জন্য) বের হন তখন চুপ থাকে।তার এ জুমু'আহ এবং পরবর্তী জুমু'আহ্র মধ্যবর্তী সকল গুনাহ ক্ষমা করে দেয়া হয়। (৮৮৩) (আ.গ্র. ৮৫৭, ই.ফা. ৮৬৪)

٢٠/١١. بَابِ لاَ يُقِيمُ الرَّجُلُ أَخَاهُ يَوْمَ الْجُمُعَةِ وَيَقْعُدُ فِي مَكَانِهِ.

১১/২০. অধ্যায় : জুমু'আহ্র দিন কোন ব্যক্তি তার ভাইকে উঠিয়ে দিয়ে তার জায়গায় বসবে না।

٩١١. **طَرْنَا** مُحَمَّدٌ هُوَ ابْنُ سَلَامٍ قَالَ أَخْبَرَنَا مَخْلَدُ بْنُ يَزِيدَ قَالَ أَخْبَرَنَا ابْنُ جُرَيْجِ قَالَ سَمِعْتُ نَافِعًا يَقُولُ سَمِعْتُ ابْنَ عُمَرَ رَضِيَ اللهُ عَنْهُمَا يَقُولُ نَهَى النَّبِيُّ ﷺ أَنْ يُقِيمَ الرَّجُلُ أَخَاهُ مِنْ مَقْعَدِهِ وَيَحْلِسَ فِيهِ قُلْتُ لنَافِعِ الْجُمُعَةَ قَالَ الْجُمُعَةَ وَغَيْرَهَا.

৯১১. ইব্নু 'উমার ( হেত বর্ণিত। তিনি বলেন, নাবী হেত নিষেধ করেছেন, যেন কির্ড তার ভাইকে স্বীয় বসার স্থান হতে উঠিয়ে দিয়ে নিজে সে জায়গায় না বসে। ইব্নু জুরাইজ (রহ.) বলেন, আমি নাফি' (রহ.)-কে জিজ্ঞেস করলাম, এ কি শুধু জুমু'আহ্র ব্যাপারে? তিনি বললেন, জুমু'আহ ও অন্যান্য (সালাতের) ব্যাপারেও। (৬২৬৯, ৬২৭০) (আ.প্র. ৮৫৮, ই.কা. ৮৬৫)

## . ۲۱/۱۱ بَابِ الْأَذَانِ يَوْمَ الْجُمُعَةِ. ১১/২১. অধ্যায় : জুমু'আহুর দিনের আযান।

٩١٢. صر ثنا آدَمُ قَالَ حَدَّنَنَا آبَنُ أَبِي ذَبُ عَنْ الزُّهْرِيِّ عَنْ السَّائِبِ بَنِ يَزِيدَ قَالَ كَانَ النِّسدَاءُ يَسوْمَ الْحُمُعَةِ أَوَّلُهُ إِذَا جَلَسَ الْإِمَامُ عَلَى الْمَنْبَرِ عَلَى عُهْدِ النَّبِيِّ عَلَى النَّهِ وَأَبِي بَكْرَ وَعُمَرَ رَضِيَ اللهُ عَنْهُمَا فَلَمَّا كَسانَ عُثْمَانُ وَلَيْ اللهِ الزَّوْرَاءِ قَالَ أَبُو عَبْدِ اللهِ الزَّوْرَاءُ مَوْضِعٌ بِالسُّوقِ بِالْمَدِينَةِ.

৯১২. সায়িব ইব্নু ইয়াযীদ হাতে বর্ণিত। তিনি বলেন, নাবী আবৃ বাক্র আবৃ বাক্র এবং উমর এর সময় জুমু'আহ্র দিন ইমাম যখন মিম্বরের উপর বসতেন, তখন প্রথম আযান দেয়া হত। পরে যখন 'উসমান আবৃ খলীফাহ হলেন এবং লোকসংখ্যা বৃদ্ধি পেল, তখন তিনি 'যাওরাহ' হতে তৃতীয় আযান বৃদ্ধি করেন। আবৃ 'আবদুল্লাহ্ (ইমাম বুখারী) (রহ.) বলেন, 'যাওরাহ' হল মাদীনার অদ্রে বাজারের একটি স্থান। (৯১৩, ৯১৫, ৯১৬) (আ.শ্র. ৮৫৯, ই.ফা. ৮৬৬)

## ٢ ٢/١١. بَابِ الْمُؤَذِّنِ الْوَاحِدِ يَوْمَ الْجُمُعَةِ.

## ১১/২২. অধ্যায় : জুমু আহুর দিন একজন মুয়ায্যিনের আযান দেয়া।

٩١٣. صرتنا أَبُو نُعَيْمٍ قَالَ حَدَّثَنَا عَبْدُ الْعَزِيزِ بْنُ أَبِي سَلَمَةَ الْمَاجِشُونُ عَنْ الزُّهْرِيِّ عَنْ السَّائِبِ بُــنِ يَزِيدَ أَنَّ الَّذِي زَادَ التَّأْذِينَ النَّالِثَ يَوْمَ الْحُمُعَةِ عُثْمَانُ بْنُ عَفَّانَ ﴿ صَلَّا كَثُرَ أَهْلُ الْمَدِينَةِ وَلَمْ يَكُنْ لِلنَّبِي ۖ الْمُؤَدِّنُ عَيْرَ وَاحِدٍ وَكَانَ التَّأْذِينُ يَوْمَ الْحُمُعَةِ حِينَ يَحْلِسُ الْإِمَامُ يَعْنِي عَلَى الْمِنْبَرِ.

৯১৩. সায়িব ইব্নু ইয়াযীদ (ﷺ) হতে বর্ণিত। মাদীনাহ্র অধিবাসীদের সংখ্যা যখন বৃদ্ধি পেল, তখন জুমু'আহ্র দিন তৃতীয় আযান যিনি বৃদ্ধি করলেন, তিনি হলেন, উসমান ইব্নু 'আফ্ফান ﷺ।

<sup>&</sup>lt;sup>\*</sup> এর পূর্বে কেবল খুতবাহুর আযান ও ইক্বামাত প্রচলন ছিল। এখান থেকে তৃতীয় অর্থাৎ সপাতের জন্য বর্তমানে প্রচলিত আযানের প্রচলন শুরু হয়।

নাবী 🚝 এর সময় (জুমু'আহ্র জন্য) একজন ব্যতীত মুয়ায্যিন ছিল না এবং জুমু'আহ্র দিন আযান দেয়া হত যখন ইমাম বসতেন অর্থাৎ মিম্বরের উপর খুত্বাহ্র পূর্বে। (৯১২) (আ.প্র. ৮৬০, ই.ফা. ৮৬৭)

# ٢٣/١١. بَابِ يُجِيبُ الْإِمَامُ عَلَى الْمِثْبَرِ إِذَا سَمِعَ النَّدَاءَ.

১১/২৩. অধ্যায় : ইমাম মিম্বারের উপর বসে জবাব দিবেন, যখন আযানের আওয়ায শ্রবণ করবেন।

٩١٤. حَرَثُنَا مُحَمَّدُ بَنُ مُقَاتِلِ قَالَ أَخْبَرَنَا عَبْدُ اللهِ قَالَ أَخْبَرَنَا أَبُو بَكْرِ بَنُ عُثَمَانَ بَنِ سَهْلِ بَنِ حُنَيْفِ عَنْ أَبِي أَمَامَةَ بَنِ سَهْلِ بَنِ حُنَيْفِ قَالَ سَمِعْتُ مُعَاوِيَةً بَنَ أَبِي سُفْيَانَ وَهُوَ حَالِسٌ عَلَى الْمِنْبَرِ أَذَّنَ الْمُؤذِّنُ أَبِي عَنْ أَبِي سُفْيَانَ وَهُوَ حَالِسٌ عَلَى الْمِنْبَرِ أَذَّنَ الْمُؤذِّنُ اللهُ وَقَالَ مُعَاوِيَةً وَأَنَى اللهُ وَقَالَ اللهُ أَكْبَرُ اللهُ أَكْبَرُ قَالَ أَشْهَدُ أَنْ لاَ إِلَهَ إِلاَّ اللهُ فَقَالَ مُعَاوِيَةً وَأَنَى اللهُ أَكْبَرُ قَالَ أَشْهَدُ أَنْ لاَ إِلَهَ إِلاَّ اللهُ فَقَالَ مُعَاوِيَةً وَأَنَى اللهُ فَقَالَ مُعَاوِيَةً وَأَنَى اللهُ فَقَالَ مُعَاوِيَةً وَأَنَى اللهُ فَقَالَ مَعْوَيَةً وَأَنَى اللهُ فَقَالَ مُعَاوِيَةً وَأَنَا فَلَمَّا أَنْ قَضَى التَّأَذِينَ قَالَ يَا أَيُهَا النَّاسُ إِنِي سَمِعْتُ رَسُولُ اللهِ فَقَالَ مُعَاوِيَةً وَأَنَا فَلَمَّا أَنْ قَضَى التَّأَذِينَ قَالَ يَا أَيُهَا النَّاسُ إِنِي سَمِعْتُ رَسُولُ اللهِ فَقَالَ مُعَاوِيَةً وَأَنَا فَلَمَّا أَنْ قَضَى التَّأَذِينَ قَالَ يَا أَيُهَا النَّاسُ إِنِي سَمِعْتُ رَسُولُ اللهِ فَقَالَ مُعَاوِيَةً وَأَنَا فَلَمَا أَنْ قَضَى التَّاذِينَ قَالَ يَا أَيُهَا النَّاسُ إِنِي سَمِعْتُ رَسُولُ اللهِ فَقَالَ مُعَاوِيَةً وَأَنَا فَلَمَا أَنْ قَضَى التَّادِينَ قَالَ يَا أَيُهَا النَّاسُ إِنِي سَمِعْتُ رَسُولُ اللهِ فَقَالَ مُعَاوِيَةً وَأَنَا فَلَمَا أَنْ قَضَى مِنْ مَقَالَتَى.

৯১৪. মু'আবিয়াহ ইব্নু আবৃ সুফ্ইয়ান হাতে বর্ণিত। তিনি মিম্বারে বসা অবস্থায় মুয়ায্যিন আযান দিলেন। মুয়ায্যিন বললেন, "আল্লাহু আকবার, আল্লাহু আকবার" মু'আবিয়াহ হাল বললেন, "আল্লাহু আকবার, আল্লাহু আকবার, আল্লাহু আকবার।" মুয়ায্যিন বললেন, "আশ্হাদু আল্ লা- ইলা-হা ইল্লাল্লাহ)। মুয়ায্যিন বললেন, "আশ্হাদু আন্না মুহাম্মাদুর রস্লুল্লাহ" তখন মু'আবিয়াহ বললেন এবং আমিও বললাম। যখন (মুয়ায্যিন) আযান শেষ করলেন, তখন মু'আবিয়াহ হালেনে, হে লোক সকল! তোমরা আমার হতে যে বাক্যগুলো শুনেছ, তা আল্লাহর রস্ল হাল-কে মুয়ায্যিনের আযানের সময় এ মজলিসে বাক্যগুলো বলতে আমি শুনেছি। (৬১২) (আ.প্র. ৮৬১, ই.ফা. ৮৬৮)

#### . ٢٤/١١. بَابِ الْجُلُوسِ عَلَى الْمِنْبَرِ عِنْدَ التَّأْذِينِ. ١ الجُلُوسِ عَلَى الْمِنْبَرِ عِنْدَ التَّأْذِينِ. ١ الجَارِةِ अथांत : আযানের সময় মিমারের উপর বসা

٩١٥. **طرثنا** يَحْيَى بْنُ بُكَيْرٍ قَالَ حَدَّثَنَا اللَّيْثُ عَنْ عُقَيْلٍ عَنْ ابْنِ شِهَابِ أَنَّ السَّائِبَ بْنَ يَزِيدَ أَخْبَرَهُ أَنْ التَّأْذِينَ التَّأْذِينَ التَّأْذِينَ التَّأْذِينَ التَّأْذِينَ يَوْمَ الْحُمُعَةِ أَمَرَ بِهِ عُثْمَانُ بْنُ عَفَّانَ عَفَّانَ عَلَيْهِ حِينَ كُثُرَ أَهْلُ الْمَسْجِدِ وَكَانَ التَّأْذِينُ يَسوْمَ الْحُمُعَةِ حِينَ يَجْلَسُ الْإِمَامُ.

৯১৫. সায়িব ইব্নু ইয়াযীদ ( হতে বর্ণিত। তিনি বলেন, মাসজিদে মুসল্লীদের সংখ্যা বৃদ্ধি পেলে, 'উসমান ( জুমু'আহ্র দিন দ্বিতীয় আযানের নির্দেশ দেন। অথচ (ইতোপূর্বে) জুমু'আহ্র দিন ইমাম যখন (মিম্বারের উপর) বসতেন, তখন আযান দেয়া হতো। (৯১২) (আ.গ্র. ৮৬২ ই.ফা. ৮৬৯)

## . ۲ ه/ ۲ . بَابِ التَّأْذِينِ عِنْدَ الْخُطْبَةِ. ১১/২৫. অধ্যায় : খুত্বার সময় আযান।

٩١٦. صَرَبُنَا مُحَمَّدُ بَنُ مُقَاتِلِ قَالَ أَخْبَرَنَا عَبْدُ اللهِ قَالَ أَخْبَرَنَا يُونُسُ عَنْ الزُّهْرِيِّ قَالَ سَمِعْتُ السَّائِبَ بَنَ يَوْمَ الْجُمُعَةِ كَانَ أَوَّلُهُ حِينَ يَجْلِسُ الْإِمَامُ يَوْمَ الْجُمُعَةِ عَلَى الْمَنْبَرِ فِي عَهْدِ رَسُولِ بَنَ يَوْمَ الْجُمُعَةِ عَلَى الْمَنْبَرِ فِي عَهْدِ رَسُولِ اللهِ عَلَى اللهُ عَنْهُمَا فَلَمَّا كَانَ فِي خَلَافَةٍ عُثْمَانَ بَنِ عَفَّانَ وَعُمْ وَكُثُرُوا أَمَرَ عُثْمَانُ يَوْمَ الْجُمُعَةِ بِالْأَذَانِ النَّالِثِ فَأَذِنَ بِهِ عَلَى الزَّوْرَاءِ فَنَبَتَ الْأَمْرُ عَلَى ذَلِكَ.

৯১৬. সায়িব ইব্নু ইয়াযীদ হৈতে বর্ণিত। তিনি বর্লেন, আল্লাহর রস্ল ক্রি আবৃ বার্ক্র এবং উমার ক্রি-এর যুগে জুমু'আহ্র দিন ইমাম যখন মিম্বারের উপর বসতেন, তখন প্রথম আযান দেয়া হত। অতঃপর যখন 'উসমান ক্রি-এর খিলাফাতের সময় এল এবং লোকসংখ্যা বৃদ্ধি পেল, তখন জুমু'আহ্র দিন তৃতীয়<sup>\*</sup> আযানের নির্দেশ দেন। 'যাওরা' নামক স্থান হতে এ আযান দেয়া হয়, পরে এ আযানের সিলসিলা চলতে থাকে। (৯১২) (আ.প্র. ৮৬৩ ই.ফা. ৮৭০)

۲٦/۱۱. بَابِ الْخُطْبَةِ عَلَى الْمِنْبَرِ ١٤-١٤ بَابِ الْخُطْبَةِ عَلَى الْمِنْبَرِ ١٤-١٤ بَابِ بَابِ الْخُطْبَةِ عَلَى الْمِنْبَرِ

وَقَالَ أَنسُ اللَّهِي النَّبِيُّ اللَّهِيُّ عَلَى الْمِنْبَرِ.

আনাস 🚍 বলেছেন, নাবী 🚎 মিম্বার হতে খুত্বাহ দিতেন।

٩١٧. حرثنا قُتْيَبَةُ بَنُ سَعِيد قَالَ حَدَّنَنَا يَعْقُوبُ بَنُ عَبْدِ الرَّحْمَنِ بَنِ مُحَمَّد بَنِ عَبْدِ اللهِ بَسِ عَبْدِ اللهِ بَسِ عَبْدِ اللهِ بَسِعُدَ السَّاعِدِيَّ وَقَدَّ الْقَارِيُّ الْقَرَشِيُّ الْإِشْكَنْدَرَانِيُّ قَالً حَدَّنَنَا أَبُو حَازِمِ بَنُ دِينَارِ أَنْ رِجَالًا أَتُوا سَهْلَ بَنَ سَعْد السَّاعِدِيَّ وَقَدَ الْقَارِيُ اللهِ اللهِ اللهِ عَدْهُ فَسَأَلُوهُ عَنْ ذَلِكَ فَقَالَ وَاللهِ إِنِّي لَكُوفُ مِمَّا هُوَ وَلَقَدْ رَأَيْتُهُ أُولً يَوْمٍ وَضَعَ وَأُولً المَثَرَوا فِي الْمَثَبَرِ مِمَّ عُودُهُ فَسَأَلُوهُ عَنْ ذَلِكَ فَقَالَ وَاللهِ إِنِي لَكُوفُ مِمَّا هُو وَلَقَدْ رَأَيْتُهُ أُولًا يَوْمٍ وَضَعَ وَأُولً يَوْمٍ وَسَعُ وَأُولًا عَلَى اللهِ عَلَيْهِ اللهُ عَلَى النَّاسِ فَقَالَ وَاللهِ عَلَيْهِ اللهِ عَلَيْهِ وَمُولَ اللهِ عَلَيْهَا وَكَبَر وَهُو عَلَيْهَا وَكَبَر وَهُو عَلَيْهَا وَكَبَر وَهُو عَلَيْهَا النَّاسُ إِنَّمَا صَنَعْتُ هَذَا لِتَأْتَمُوا وَلِتَعَلَّمُوا صَلاَتِي.

<sup>&</sup>lt;sup>\*</sup> সে যুগে ইকামাতকে আযান হিসাবে গণ্য করা হজো। ফর্মা- ১/৩১

৯১৭. আবৃ হাযিম ইব্নু দীনার হাতে বর্ণিত যে, (একদিন) কিছু লোক সাহল ইব্নু সা'দ সা'ঈদীর নিকট আগমন করে এবং মিম্বরটি কোন্ কাঠের তৈরি ছিল, এ নিয়ে তাদের মনে প্রশ্ন জেগেছিল। তারা এ সম্পর্কে তাঁর নিকট জিজ্ঞেস করলে তিনি বললেন, আল্লাহ্র শপথ! আমি সম্যুকরূপে অবগত আছি যে, তা কিসের ছিল। প্রথম যেদিন তা স্থাপন করা হয় এবং প্রথম যেদিন এর উপর আল্লাহ্র রসূল বসেন তা আমি দেখেছি। আল্লাহর রসূল আনসারদের অমুক মহিলার (বর্ণনাকারী বলেন, সাহল তার নামও উল্লেখ করেছিলেন) নিকট লোক পাঠিয়ে বলেছিলেন, তোমার কাঠমিদ্রি গোলামকে আমার জন্য কিছু কাঠ দিয়ে এমন জিনিস তৈরি করার নির্দেশ দাও, যার উপর বসে আমি লোকদের সাথে কথা বলতে পারি। অতঃপর সে মহিলা তাকে আদেশ করেন এবং সে (মাদীনাহ হতে নয় মাইল দ্রবর্তী) গাবা'র ঝাউ কাঠ দ্বারা তা তৈরি করে নিয়ে আসে। মহিলাটি আল্লাহর রসূল এবা নিকট তা পাঠিয়েছেন। নাবী ব্রু-এর আদেশে এখানেই তা স্থাপন করা হয়। অতঃপর আমি দেখেছি, এর উপর আল্লাহর রস্ল সলাত আদায় করেছেন। এর উপর উঠে তাকবীর দিয়েছেন এবং এখানে (দাঁড়িয়ে) রুকুণ করেছেন। অতঃপর পিছনের দিকে নেমে এসে মিম্বারের গোড়ায় সাজদাহ্ করেছেন এবং (এ সাজদাহ্) পুনরায় করেছেন, অতঃপর সলাত শেষ করে সমবেত লোকদের দিকে ফিরে বলেছেন: হে লোক সকল! আমি এটা এ জন্য করেছি যে, তোমরা যেন আমার অনুসরণ করতে এবং আমার সলাত শিখে নিতে পার। (৩৭৭; মুদলিম ৫/০ হাঃ ৫৪৪৪, জহমাদ ২২১৩৪) (আ.প্র. ৮৬৪, ই.ফা. ৮৭১)

٩١٨. **طرثنا** سَعِيدُ بْنُ أَبِي مَرْيَمَ قَالَ حَدَّنَنَا مُحَمَّدُ بْنُ جَعْفَرٍ قَالَ أَخْبَرَنِي يَحْيَى بُـنُ سَعِيدِ قَــالَ أَخْبَرَنِي اَبْنُ أَنسٍ أَنَّهُ سَمِعَ جَابِرَ بْنَ عَبْدِ اللهِ قَالَ كَانَ جِذْعٌ يَقُومُ إِلَيْهِ النَّبِيُّ فَظَا قُلَمًا وُضِعَ لَهُ الْمِثْبَرُ سَمِعْنَا لِحَذْعِ مِثْلَ أَضُوَاتِ الْعِشَارِ حَتَّى نَزَلَ النَّبِيُّ فَظَا فُوضَعَ يَدَهُ عَلَيْهِ قَالَ سُلَيْمَانُ عَنْ يَحْيَى أَخْبَرَنِي حَفْصُ بْنُ لِلْجِذْعِ مِثْلَ أَصُواتِ الْعِشَارِ حَتَّى نَزَلَ النَّبِيُّ فَظَا فُوضَعَ يَدَهُ عَلَيْهِ قَالَ سُلَيْمَانُ عَنْ يَحْيَى أَخْبَرَنِي حَفْصُ بْنُ عُبْدِ اللهِ بْنِ أَنسٍ أَنَّهُ سَمِعَ حَابِرَ بْنَ عَبْدِ اللهِ.

৯১৮. জাবির ইব্নু 'আবদুল্লাহ্ হাতে বর্ণিত। তিনি বলেন, (মাসজিদে নাববীতে) এমন একটি (খেজুর গাছের) খুঁটি ছিল যার সাথে হেলান দিয়ে নাবী ক্রি দাঁড়াতেন। অতঃপর যখন তাঁর জন্য মিম্বর স্থাপন করা হল, আমরা তখন খুঁটি হতে দশ মাসের গর্ভবতী উট্নীর মত ক্রন্দন করার শব্দ শুনতে পেলাম। এমনকি নাবী ক্রি মিম্বার হতে নেমে এসে খুঁটির উপর হাত রাখলেন। (৪৪৯) (আ.প্র. ৮৬৫, ই.ফা. ৮৭২)

٩١٩. حَرْمُنَا آدَمُ بْنُ أَبِي إِيَاسٍ قَالَ حَدَّنَنَا ابْنُ أَبِي ذِئْبٍ عَنْ الزُّهْرِيِّ عَنْ سَالِمٍ عَنْ أَبِيهِ قَالَ سَمِعْتُ النَّبِيَّ الْمُنْ يَخْطُبُ عَلَى الْمِنْبَرِ فَقَالَ مَنْ جَاءَ إِلَى الْجُمُعَة فَلْيَغْتُسلْ.

৯১৯. 'আবদুল্লাহ্ ইব্নু 'উমার ( হেত বর্ণিত। তিনি বলেন, আমি নাবী হৈ কে মিম্বারের উপর হতে খুত্বাহ দিতে ওনেছি। তিনি বলেছেন, যে ব্যক্তি জুমু'আহ্র সলাতে আসে সে যেন গোসল করে নেয়। (৮৭৭) (আ.প্র. ৮৬৬, ই.ফা. ৮৭৩)

## ٢٧/١١. بَابِ الْخُطْبَةِ قَائمًا

## ১১/২৭. অধ্যায় : দাঁড়িয়ে খুত্বাহ প্রদান করা।

وَقَالَ أَنَسُ بَيْنَا النَّبِيُ ﷺ يَخْطُبُ قَائمًا. आनाम ( वंलाइन, नावी ﴿ بَيْنَا النَّبِيُ بِهَا प्रानाम اللهِ عَرْضَا اللهِ عَلَيْهِ اللهِ عَلَيْهِ اللهِ اللهِ

. ٩٢. صَرَّنَا عُبَيْدُ اللهِ بْنُ عُمَرَ الْقَوَارِيرِيُّ قَالَ حَدَّثَنَا خَالِدُ بْنُ الْحَارِثِ قَالَ حَدَّثَنَا عُبَيْدُ اللهِ بُــنُ عُمَرَ عَنْ اَبْنِ عُمَرَ رَضِيَ اللهُ عَنْهُمَا قَالَ كَانَ النَّبِيُّ ﷺ يَخْطُبُ قَائِمًا ثُمَّ يَقُعُدُ ثُمَّ يَقُومُ كَمَـــا تَفْعَلُونَ الآنَ.
تَفْعَلُونَ الآنَ.

৯২০. 'আবদুল্লাহ্ ইব্নু 'উমার 🚌 হতে বর্ণিত। তিনি বলেন, নাবী হ্লাড় দাঁড়িয়ে খুত্বাহ দিতেন। অতঃপর বসতেন এবং পুনরায় দাঁড়াতেন। যেমন তোমরা এখন করে থাক। (৯২৮ মুসলিম ৭/১০, হাঃ ৮৬১, আহমাদ ৫৭৩০) (আ.প্র. ৮৬৭, ই.ফা. ৮৭৪)

٢٨/١١. بَابِ يَسْتَقْبِلُ الْإِمَامُ الْقَوْمَ وَاسْتِقْبَالِ النَّاسِ الْإِمَامَ إِذَا خَطَبَ

১১/২৮. অধ্যায় : খুত্বাহর সময় মুসল্লীগণের ইমামের দিকে আর ইমাম মুসল্লীগণের দিকে মুখ করা।

وَاسْتَقْبَلَ ابْنُ عُمَرَ وَأَنَسُّ رَضِيَ اللهُ عَنْهُمُ الْإِمَامَ. ইব্নু 'উমার ও আনাস (عَنَّهُ كَاللَّهُ كَاللَّهُ كَاللَّهُ الْعَامَ كَاللَّهُ كَاللَّهُ كَاللَّهُ كَاللَّهُ كَا

٩٢١. صرتنا مُعَادُ بْنُ فَضَالَةَ قَالَ حَدَّثَنَا هِشَامٌ عَنْ يَخْيَى عَنْ هِلَالِ بْنِ أَبِي مَيْمُونَةَ حَدَّثَنَا عَطَاءُ بُــنُ يَسَارٍ أَنَّهُ سَمِعَ أَبَا سَعِيدٍ الْخُدْرِيُّ قَالَ إِنَّ النَّبِيُّ ﷺ جَلَسَ ذَاتَ يَوْمٍ عَلَى الْمِنْبَرِ وَجَلَسْنَا حَوْلَهُ.

৯২১. আব্ সা'ঈদ খুদ্রী 📺 হতে বর্ণিত। তিনি বলেন, নাবী 🚎 একদা মিম্বারের উপর বসলেন এবং আমরা তাঁর চারদিকে (মুখ করে) বসলাম। (১৪৬৫, ২৮৪২, ৬৪২৭) (আ.প্র. ৮৬৮, ই.ফা. ৮৭৫)

٢٩/١١. بَابِ مَنْ قَالَ فِي الْخُطْبَةِ بَعْدَ الثَّنَاءِ أَمَّا بَعْدُ.

১১/২৯. অধ্যায় : খুত্বায় আল্লাহ্র হাম্দের পর 'আম্মা বা'দু' বলা।

رَوَاهُ عِكْرِمَةُ عَنْ ابْنِ عَبَّاسٍ عَنِ النَّبِيِّ ﷺ

'ইক্রিমাহ (রহ.) ইব্নু 'আব্বাস 🕮-এর সূত্রে নাবী 😂 হতে বর্ণনা করেছেন।

٩٢٢. وَقَالَ مَحْمُودٌ حَدَّنَنَا أَبُو أُسَامَةَ قَالَ حَدَّنَنَا هِشَامُ بْنُ عُرُوَةً قَالَ أَخْبَرَتْنِي فَاطِمَةُ بِنْتُ الْمُنْذِرِ عَنْ أَسْمَاءَ بِنْتِ أَبِي بَكْرٍ الصِّدِيقِ قَالَتْ دَخَلْتُ عَلَى عَائِشَةَ رَضِيَ اللهُ عَنْهَا وَالنَّاسُ يُصَلُّونَ قُلْتُ مَـــا شَأْنُ النَّاسِ فَأَشَارَتْ بِرَأْسِهَا إِلَى السَّمَاءِ فَقُلْتُ آيَةً فَأَشَارَتْ بِرَأْسِهَا أَيْ نَعَمْ قَالَتْ فَأَطَالَ رَسُولُ اللهِ عَنَّى تَجَلَّانِي الْغَشَيُ وَإِلَى جَنْبِي قِرْبَةً فِيهَا مَاءً فَفَتَحْتُهَا فَجَعَلْتُ أَصُبُّ مِنْهَا عَلَى رَأْسِي فَانْصَرَفَ رَسُولُ اللهِ عَنَّى وَعَدَ تَنْجَلَّتُ الشَّمْسُ فَحَطَبَ النَّاسَ وَحَمَدَ اللهِ بِمَا هُوَ أَهْلُهُ ثُمَّ قَالَ أَمَّا بَعْدُ قَالَتْ وَلَغَطَ نِشُوهً مِنَ اللهِ فَقَدُ وَلَيْتُهُ فَلَيْنَ فَقُلْتُ لِعَائِشَةَ مَا قَالَ قَالَتْ قَالَ مَا مِنْ شَيْء لَمْ أَكُنْ أُرِيتُهُ إِلاَّ قَدْ رَأَيْتُهُ فِي اللهِ هُو مَنْ اللهِ هُو اللهُ وَاللهُ وَإِنَّهُ قَدْ أُوحِي إِلَيَّ أَنْكُمْ نُفْتَنُونَ فِي الْقَبُورِ مِثْلَ أَوْ قَرِيبَ مِنْ فَتَنَة الْمَسِيحِ الدَّجَّالِ مُقَالِمُ لَهُ مَا عَلَمُكُ بِهِذَا الرَّجُلِ فَأَمَّا الْمُؤْمِنُ أَوْ قَالَ الْمُوقِنُ شَكَّ هِشَامٌ فَيَقُولُ هُو رَسُولُ اللهِ هُو مُنَى أَحْدُكُمْ فَيْقَالُ لَهُ مَا عَلْمُكَ بِهِذَا الرَّجُلِ فَأَمَّا الْمُؤْمِنُ أَوْ قَالَ الْمُوقِنُ شَلَكَ هِشَامٌ فَيَقُولُ هُو رَسُولُ اللهِ هُو مُنَا مَا عَلْمُكَ بِهِذَا الرَّجُلِ فَأَمَّا الْمُوقِنُ شَلَعَ هِنَا الرَّجُلِ فَقَدُ أَوْمِي اللهِ هُو مَا مُنْ اللهُ هُو مَنْ اللهُ عَلَى اللهُ عَلَى الْمُؤْمِنُ أَوْ قَالَ الْمُوقِنُ شَلْعُ فَيْقَالُ لَهُ مَا عِلْمُكَ بِهِذَا الرَّجُلِ فَقَالُ لَهُ مَا عَلْمُكَ بِهِذَا الرَّجُلِ فَقَلْ الْمُوقِينُ الْمَامُ فَيْقَالُ لَهُ مَا عَلْمُكَ بِهِذَا الرَّجُلِ فَقَلْ الْمُونِ مُنْ الْمُؤْمِنُ مِنَامً فَلَقَدْ قَالَتُ إِلَى قَالَتُ إِلَى قَالَتُ إِلَى قَالَتُ إِلَى الْمُؤْمِنُ مُ عَلَى الْمُوقِينَ مُ عَلَى الْمَوالِ اللْهُ مُولُونَ شَيْعًا فَقَلْتُ قَالَ الْمُرْتَابُ شَلَعًا فَالَتُ إِلَى الْمُونَالُ فَا فَالْمَالُومَ فَى الْفَالِمُ الْمُ الْمُؤْمِنُ مَا عَلَيْهُ الْمُعَلِي الْمُعَلِّلُ عَلَى الْمُوالِى الْمُؤْمِنُ اللهُ الْمُؤْمِلُ اللْمُ الْمُؤْمِنُ اللهُ الْمُ الْمُؤْمِلُ اللهُ الْمُؤْمِلُ اللْمُؤْمِلُ اللْمُؤْمِلُ الْمُؤْمِلُ الْمُؤْمِلُ الْمُؤْمِلُ اللْمُؤْمِلُ الْمُؤْمِلُ اللْمُؤْمِلُ اللْمُؤْمِلُ الْمُؤْمِلُ الْمُؤْمِلُ اللْمُؤْمِلُ اللْمُؤْمِلُ الْمُؤْمِلُ الْمُؤْمِلُ الْمُؤْمِلُ الْمُؤْمِلُ الْمُؤْمِلُ

৯২২. আস্মা বিন্ত আবূ বাক্র 😂 হতে বর্ণিত। তিনি বলেন, আর্মি (একদিন) 'আয়িশাহ্ 🖼 🗔 এর নিকট গেলাম। লোকজন তখন সলাত আদায় করছিলেন। আমি জিজ্ঞেস করলাম, লোকদের কী হয়েছে? তখন তিনি মাথা দিয়ে আকাশের দিকে ইঙ্গিত করলেন। আমি জিজ্ঞেস করলাম, এটা কি কোন নিদর্শন? তিনি মাথা দিয়ে ইঙ্গিত করে, হাাঁ বললেন। (এরপর আমিও তাঁদের সঙ্গে সলাত যোগ দিলাম) অতঃপর রসূল্ল্লাহ্ 😂 সলাত এত দীর্ঘায়িত করলেন যে, আমি প্রায় অজ্ঞান হতে যাচ্ছিলাম। আমার পার্শ্বেই একটি চামড়ার মশকে পানি রাখা ছিল। আমি সেটা খুললাম এবং আমার মাথায় পানি দিতে লাগলাম। অতঃপর যখন সূর্য উজ্জ্বল হয়ে উঠলো তখন আল্লাহর রসূল 🚐 সলাত সমাপ্ত করলেন এবং লোকজনের উদ্দেশ্যে খুত্বা পেশ করলেন। প্রথমে তিনি আল্লাহ্র যথোপযুক্ত প্রশংসা করলেন। অতঃপর বললেন, আম্মা বা'দু। আসমা 🚎 বলেন, তখন কয়েকজন আনসারী মহিলা শোরগোল করছিলেন। তাই আমি চুপ করাবার উদ্দেশে তাঁদের প্রতি ঝুঁকে পড়লাম। অতঃপর 'আয়িশাহ্ কে জিজ্ঞেস করলাম, তিনি নাবী 😂 কী বললেন? 'আয়িশাহ্ 📆 বললেন, তিনি বলেছেন, এমন কোন জিনিস নেই যা আমাকে দেখানো হয়নি আমি এ জায়গা হতে সব কিছুই দেখেছি। এমন কি জান্নাত ও জাহান্নাম দেখলাম। আমার নিকট ওয়াহী পাঠান হয়েছে যে, তোমাদেরকে কবরে মাসীহ্ দাজ্জালের ফিত্নার ন্যায় অথবা তিনি বলেছেন, সে ফেত্নার কাছাকাছি ফিতনায় ফেলা হবে। (অর্থাৎ তোমাদেরকে পরীক্ষার সম্মুখীন করা হবে) তোমাদের প্রত্যেককে (কবরে) উঠানো এবং প্রশ্ন করা হবে, এ ব্যক্তি (রস্লুল্লাহ্) সম্পর্কে তুমি কী জান? তখন মু'মিন অথবা মুকিন (নাবী 🚝 এ দু'টোর মধ্যে কোন শব্দটি বলেছিলেন এ ব্যাপারে বর্ণনাকারী হিশামের মনে সন্দেহ রয়েছে) বলবে, তিনি হলেন, আল্লাহ্র রস্ল, তিনি মুহাম্মাদ 🚝 , তিনি আমাদের নিকট সুস্পষ্ট দালীল ও হিদায়াত নিয়ে এসেছিলেন। অতঃপর আমরা ঈমান এনেছি, তাঁর আহ্বানে সাড়া দিয়েছি, তাঁর আনুগত্য করেছি এবং তাঁকে সত্য বলে গ্রহণ করেছি। তখন তাঁকে বলা হবে, তুমি ঘুমিয়ে থাক, যেহেতু তুমি নেককার। তুমি যে তাঁর প্রতি ঈমান এনেছ তা আমরা অবশ্যই জানতাম। আর মুনাফিক বা মুরতাব (সন্দেহ পোষণকারী) (এ দু'টোর মধ্যে কোন্ শব্দটি বলেছিলেন এ সম্পর্কে বর্ণনাকারী হিশামের মনে সন্দেহ রয়েছে)—কেও প্রশ্ন করা হবে যে, এ ব্যক্তি সম্পর্কে তুমি কী জান? উত্তরে সে বলবে, আমি কিছুই জানি না। অবশ্য মানুষকে তাঁর সম্পর্কে কিছু বলতে শুনেছি, আমিও তাই বলতাম। হিশাম (রহ.) বলেন, ফাতিমা ক্রিক্স আমার নিকট যা বলেছেন, তা সবটুকু আমি উত্তমরূপে স্মরণ রেখেছি। তবে তিনি ওদের প্রতি যে কঠোরতা করা হবে তাও উল্লেখ করেছেন। (৮৬) (আ.প্র. ৮৬৯, ই.ফা. অনুচ্ছেদ ৫৮৪)

٩٢٣. حَرَّنَا مُحَمَّدُ بَنُ مَعْمَرِ قَالَ حَدَّثَنَا أَبُو عَاصِمٍ عَنْ جَرِيرِ بَنِ حَازِمٍ قَالَ سَمِعْتُ الْحَسَنَ يَقُــولُ حَدَّنَنَا عَمْرُو بَنُ تَعْلِبَ أَنَّ رَسُولَ اللهِ عَلَيْهِ أَتِيَ بِمَالِ أَوْ سَبْيِ فَقَسَمَهُ فَأَعْطَى رِجَالاً وَتَرَكَ رِجَالاً فَبَلَغَــهُ أَنَّ الْذِينَ تَرَكَ عَتَبُوا فَحَمِدَ اللهَ ثُمَّ أَنْنَى عَلَيْهِ ثُمَّ قَالَ أَمَّا بَعْدُ فَوَاللهِ إِنِي لَأَعْطِي الرَّجُلَ وَأَدَعُ الرَّجُلَ وَالَّذِي أَدَعُ اللهِ عَلَيْهِ ثُمَّ قَالَ أَمَّا بَعْدُ فَوَاللهِ إِنِي لَأَعْطِي الرَّجُلَ وَأَدَعُ الرَّجُلَ وَالَّذِي أَدَعُ اللهِ عَلَى مَن الَّذِي أَعْطِي وَلَكِنْ أَعْطِي أَقُوامًا لِمَا أَرَى فِي قُلُوبِهِمْ مِنَ الْجَزَعِ وَالْهَلَعِ وَأَكِلُ أَقُوامًا إِلَى مَا جَعَلَ اللهِ فِي قُلُوبِهِمْ مِنَ الْغَنِي وَلَكِنْ أَعْطِي وَلَكِنْ أَعْطِي عَمْرُو بَنُ تَعْلِبَ فَوَاللهِ مَا أُحِبُ أَنَّ لِي بِكَلِمَةٍ رَسُسُولِ اللهِ عَلَى اللهُ فِي قُلُوبِهِمْ مِنَ الْغَنِي وَالْحَيْرِ فِيهِمْ عَمْرُو بَنُ تَعْلِبَ فَوَاللهِ مَا أُحِبُ أَنَّ لِي بِكَلِمَةٍ رَسُسُولِ اللهِ عَلَى اللهُ فِي قُلُوبِهِمْ مِنَ الْعَنِي وَالْحَيْرِ فِيهِمْ عَمْرُو بَنُ تَعْلِبَ فَوَاللهِ مَا أُحِبُ أَنَّ لِي بِكَلِمَةٍ رَسُسُولِ اللهِ عَلَى مَا اللهُ فِي قُلُوبِهِمْ مِنَ الْعَنِي وَلَيْهِ مَا يَوْلُولُهُ مِنَ الْعَنِي وَلَوْلِهُ مَا أُولِكُولُ أَنْ لِي بِكُلِمَةً رَسُلُولِ اللهِ عَلَيْهِ مَا بَعَهُ يُونُسُ.

৯২৩. 'আম্র ইব্নু তাগলিব ( হতে বর্ণিত। তিনি বলেন, আল্লাহর রস্ল ক্র-এর নিকট কিছু মাল বা কিছু সংখ্যক যুদ্ধবন্দী উপস্থিত করা হলে তিনি তা বন্টন করে দিলেন। বন্টনের সময় কিছু লোককে দিলেন এবং কিছু লোককে বাদ দিলেন। অতঃপর তাঁর নিকট সংবাদ পৌছলো যে, যাদের তিনি দেননি, তারা অসভুষ্ট হয়েছে। তখন আল্লাহর রস্ল ক্রে আল্লাহ্র প্রশংসা করলেন ও তাঁর মহিমা বর্ণনা করলেন, অতঃপর বললেন: আম্মা বা'দ। আল্লাহ্র শপথ! আমি কোন লোককে দেই আর কোন লোককে দেই না। যাকে আমি দেই না, সে যাকে আমি দেই তার চেয়ে আমার নিকট অধিক প্রিয়। তবে আমি এমন লোকদের দেই যাদের অন্তরে অধৈর্য ও মালের প্রতি লিন্সা দেখতে পাই; আর কিছু লোককে আল্লাহ্ যাদের অন্তরে অমুখাপেক্ষিতা ও কল্যাণ রেখেছেন, তাদের সে অবস্থার উপর ন্যস্ত করি। তাদের মধ্যে আম্র ইব্নু তাগলিব একজন। বর্ণনাকারী 'আম্র ইব্নু তাগলিব ক্রেন, আল্লাহ্র শপথ! আল্লাহর রস্ল ক্রে-এর এ বাণীর পরিবর্তে আমি লাল উটও পছন্দ করি না। (৩১৪৫, ৭৫৩৫) (আ.প্র. ৮৭০, ই.ফা. ৮৭৬)

97٤. صُرَّنَا يَحْيَى بْنُ بُكَيْرِ قَالَ حَدَّثَنَا اللَّيْثُ عَنْ عُقَيْلِ عَنْ ابْنِ شِهَابِ قَالَ أَخْبَرَنِي عُرُوَةُ أَنَّ عَائِشَةَ أَخْبَرَتُهُ أَنَّ رَسُولَ اللهِ ﷺ خَرَجَ ذَاتَ لَيْلَة مِنْ جَوْفِ اللَّيْلِ فَصَلَّى فِي الْمَسْجِدِ فَصَلَّى رِجَالٌ بِصَلاَتِهِ فَأَصْبَحَ النَّاسُ فَتَحَدَّثُوا فَكُثْرَ أَهْلُ الْمَسْجِدِ مِنْ اللَّيْلَةِ النَّالِيَّةِ النَّالِيَّةِ النَّالِيَّةِ النَّالِيَّةِ النَّالِيَّةِ وَسُولُ اللهِ ﷺ فَصَلَّوا بِصَلاَتِهِ فَلَمَّا كَانَتُ اللَّيْلَةُ الرَّابِعَةُ عَجَزَ الْمَسْجِدُ عَنْ أَهْلِهِ حَتَّى خَرَجَ رَسُولُ اللهِ ﷺ فَصَلُوا بِصَلاَتِهِ فَلَمَّا كَانَتُ اللَّيْلَةُ الرَّابِعَةُ عَجَزَ الْمَسْجِدُ عَنْ أَهْلِهِ حَتَّى خَرَجَ

 $<sup>^</sup>st$  তৎকাপীন আরবের সবচেয়ে মূল্যবান সম্পদ।

لِصَلاَةِ الصَّبُحِ فَلَمَّا قَضَى الْفَحْرَ أَقَبَلَ عَلَى النَّاسِ فَتَشَهَّدَ ثُمَّ قَالَ أَمَّا بَعْدُ فَإِنَّهُ لَمْ يَخْفَ عَلَيَّ مَكَانُكُمْ لَكَنِّي خَشِيتُ أَنْ تُفْرَضَ عَلَيْكُمْ فَتَعْجِزُوا عَنْهَا قَالَ أَبُو عَبْد اللهِ تَابَعَهُ يُونُسُ.

৯২৪. 'আয়িশাহ ক্রিল্লা হতে বর্ণিত। আল্লাহর রস্ল ক্রে কোন এক রাতের মধ্যভাগে বের হলেন এবং মাসজিদে গিয়ে সলাত আদায় করলেন। তাঁর সঙ্গে সহাবীগণও সলাত আদায় করলেন, সকালে তাঁরা এ নিয়ে আলোচনা করলেন। ফলে (দিতীয় রাতে) এর চেয়ে অধিক সংখ্যক সহাবা একত্রিত হলেন এবং তাঁর সঙ্গে সলাত আদায় করলেন। পরের দিন সকালেও তাঁরা এ সম্পর্কে আলোচনা করলেন। ফলে তৃতীয় রাতে মাসজিদে লোকসংখ্যা অত্যধিক বৃদ্ধি পেল। আল্লাহর রস্ল ক্রে বের হলেন এবং সহাবীগণ তাঁর সঙ্গে সলাত আদায় করলেন। চতুর্থ রাতে মাসজিদে মুসল্লীগণের স্থান সংকূলান হচ্ছিল না। অবশেষে তিনি ফাজ্রের সলাতের জন্য বের হলেন এবং ফাজ্রের সলাত শেষ করে লোকদের দিকে ফিরলেন। অতঃপর আল্লাহ্র হামদ ও সানা বর্ণনা করলেন। অতঃপর বললেন: আম্মা বা'দ (তারপর বক্তব্য এই যে) এখানে তোমাদের উপস্থিতি আমার নিকট গোপন ছিল না, কিন্তু আমার আশংকা ছিল, তা তোমাদের জন্য ফার্য করে দেয়া হয় আর তোমরা তা আদায় করতে অপারগ হয়ে পড়। (৭২৯ মুসলিম ৬/২৫, হাঃ ৭৬১, আহমাদ ৪৫৪১৭) (আ.প্র. ৮৭১, ই.ফা. ৮৭৭)

9۲٥. **طَرْمُنَا** أَبُو الْيَمَانِ قَالَ أَخْبَرَنَا شُعَيْبُ عَنْ الزُّهْرِيِّ قَالَ أَخْبَرَنِي عُرْوَةُ عَنْ أَبِي حُمَيْدِ السَّساعِديِّ أَنَّهُ أَخْبَرَهُ أَنَّ رَسُولَ اللهِ ﷺ قَالَ أَمَّا بَعْدُ تَابَعَهُ أَنَّهُ عَلَى اللهِ بِمَا هُوَ أَهْلُهُ ثُمَّ قَالَ أَمَّا بَعْدُ تَابَعَهُ أَنَّهُ أَخْبَرَهُ أَنَّ رَسُولَ اللهِ ﷺ قَالَ أَمَّا بَعْدُ تَابَعَهُ الْعَدَنِيُّ أَبُو مُعَاوِيَةً وَأَبُو أَسَامَةَ عَنْ هِشَامٍ عَنْ أَبِيهِ عَنْ أَبِي حُمَيْدِ السَّاعِدِيِّ عَنِ النَّبِيِّ ﷺ قَالَ أَمَّا بَعْدُ تَابَعَهُ الْعَدَنِيُّ عَنْ سُفْيَانَ في أَمَّا بَعْدُ.

৯২৫. আবৃ হুমায়দ সা'ঈদ ( হতে বর্ণিত। এক সন্ধ্যায় সলাতের পর আল্লাহর রসূল ক্ষ্রি দাঁড়ালেন এবং শাহাদাত বাণী পাঠ করলেন। আর যথাযথভাবে আল্লাহ্র প্রশংসা করলেন। অতঃপর বললেন, 'আম্মা বা'দ'। (১৫০০, ২৫৯৭, ৬৬৩৬, ৬৯৭৯, ৭১৭৪, ৭১৯৭) (আ.প্র. ৮৭২, ই.ফা. ৮৭৮)

٩٢٦. صَرَّمُنَا أَبُو الْيَمَانِ قَالَ أَخْبَرَنَا شُعَيْبٌ عَنْ الزُّهْرِيِّ قَالَ حَدَّنَنِي عَلِيُّ بَنُ حُسَيْنِ عَنِ الْمِسْوَرِ بُــنِ مَخْرَمَةَ قَالَ قَامَ رَسُولُ اللهِ ﷺ فَسَمِعْتُهُ حِينَ تَشَهَّدَ يَقُولُ أَمَّا بَعْدُ تَابَعَهُ الزُّبَيْدِيُّ عَنْ الزُّهْرِيِّ.

৯২৬. মির্সওয়ার ইব্নু মাখ্রামাহ ( হেত বর্ণিত। তিনি বলেন, আল্লাহর রস্ল হেত দাঁড়ালেন। অতঃপর আমি তাঁকে তাওহীদের সাক্ষ্য বাণী পাঠান্তে বলতে শুনলাম, 'আম্মা বা'দ'। (৩১১০, ৩৭১৪, ৩৭২৯,৩৭৬৭, ৫২৩০, ৫২৭৮) (আ.শু. ৮৭৩, ই.ফা. ৮৭৯)

٩٢٧. صَرَّمُا إِسْمَاعِيلُ بْنُ أَبَانَ قَالَ حَدَّثَنَا ابْنُ الْغَسِيلِ قَالَ حَدَّثَنَا عِكْرِمَةُ عَنْ ابْنِ عَبَّاسِ رَضِـــــىَ اللهُ عَنْهُمَا قَالَ صَعِدَ النَّبِيُّ ﷺ الْمِنْبَرَ وَكَانَ آحِرَ مَحْلِسٍ حَلَسَهُ مُتَعَطِّفًا مِلْحَفَةً عَلَى مَنْكَبَيْهِ قَدْ عَصَبَ رَأُسَـــهُ بِعِصَابَةٍ دَسِمَةٍ فَحَمِدَ اللهُ وَأَثْنَى عَلَيْهِ ثُمَّ قَالَ أَيُهَا النَّاسُ إِلَىَّ فَثَابُوا إِلَيْهِ ثُمَّ قَالَ أَمَّا بَعْدُ فَإِنَّ هَذَا الْحَيَّ مِـــنَ الأَنْصَارِ يَقِلُونَ وَيَكُثُرُ النَّاسُ فَمَنْ وَلِيَ شَيْئًا مِنْ أُمَّةِ مُحَمَّدٍ ﷺ فَاسْتَطَاعَ أَنْ يَضُرَّ فِيهِ أَحَدًا أَوْ يَنْفَسعَ فِيهِ أَحَدًا فَلْيَقْبَلْ مِنْ مُحْسِنِهِمْ وَيَتَحَاوَزْ عَنْ مُسِيِّهِمْ.

৯২৭. ইব্নু 'আববাস হাতে বর্ণিত। তিনি বলেন, নাবী হাত মিম্বরের উপর আরোহণ করলেন। এ ছিল তাঁর জীবনের শেষ মাজলিস। তিনি বসেছিলেন, তাঁর দু' কাঁধের উপর বড় চাদর জড়ানো ছিল এবং মাথায় বাঁধা ছিল কালো পট্টি। তিনি আল্লাহ্র গুণকীর্তন করলেন এবং তাঁর মহিমা বর্ণনা করলেন, অতঃপর বললেন, হে লোক সকল! তোমরা আমার নিকট আস। লোকজন তাঁর নিকট একত্র হলেন। অতঃপর তিনি বললেন: 'আম্মা বা'দ'। শুনে রাখ, এ আনসার গোত্র সংখ্যায় কমতে থাকবে এবং অন্য লোকেরা সংখ্যায় বাড়তে থাকবে। কাজেই যে ব্যক্তি মুহাম্মাদ হামাতের কোন বিষয়ের কর্তৃত্ব লাভ করবে এবং সে এর সাহায্যে কারো ক্ষতি বা উপকার করার সুযোগ পাবে, সে যেন এই আনসারদের সং লোকদের ভাল কাজগুলো গ্রহণ করে এবং তাদের মন্দ কাজগুলো মাফ করে দেয়। (৩৬২৮, ৩৮০০) (আ.প্র. ৮৭৪, ই.ফা. ৮৮০)

## . ٣٠/١١ بَابِ الْقَعْدَةِ بَيْنَ الْخُطْبَتَيْنِ يَوْمَ الْجُمُعَةِ. ١ الْجُمُعةِ: अंश्राय: क्यूं वाड्त फिन फूं খুত্বাহ্র মধ্যখানে বসা

٩٢٨. صَرَمُنَا مُسَدَّدٌ قَالَ حَدَّنَنَا بِشُرُ بَنُ الْمُفَصَّلِ قَالَ حَدَّنَنَا عُبَيْدُ اللهِ بَنُ عُمَرَ عَنْ نَافِعٍ عَنْ عَبَــدِ اللهِ بَنُ عُمَرَ رَضِيَ اللهُ عَنْهُمَا قَالَ كَانَ النَّبِيُّ اللهِ يَخْطُبُ خُطْبَتَيْنِ يَقْعُدُ بَيْنَهُمَا.

৯২৮. 'আবদ্লাহ্ ইব্নু 'উমার 😂 হতে বর্ণিত। তিনি বলেন, নাবী 😂 দু' খুত্বাহ দিতেন আর দু' খুত্বাহ্র মধ্যখানে বসতেন। (৯২০) (আ.প্র. ৮৭৫, ই.ফা. ৮৮১)

## . ۳۱/۱۱. بَابِ الِاسْتِمَاعِ إِلَى الْخُطْبَةِ. ১১/৩১. অধ্যায় : মনোযোগের সাথে খুত্বাহ শোনা।

٩٢٩. **طَرَثنَا** آدَمُ قَالَ حَدَّثَنَا آبَنُ أَبِي ذَئَب عَنْ الزُّهْرِيِّ عَنْ أَبِي عَبْدِ اللهِ الْأَغَرِّ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ قَالَ اللهِ النَّبِيُّ اللهِ الْأَعْلَ عَنْ أَبِي عَبْدِ اللهِ الْأَعْلِ عَنْ أَبِي هُرَيْرَةً قَالَ اللهُ عَنْ اللهُ اللهُ اللهُ عَنْ اللهُ اللهُ عَنْ اللهُ عَنْ اللهُ اللهُ عَنْ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ عَنْ اللهُ اللهُ عَنْ اللهُ اللهُ عَنْ اللهُ عَنْ اللهُ عَنْ اللهُ اللهُ عَنْ اللهُ اللهُ عَنْ اللهُ اللهُ اللهُ عَنْ اللهُ اللهُ عَنْ اللهُ اللهُ عَنْ اللهُ الل

৯২৯. আবৃ হুরাইরাহ্ ( হতে বর্ণিত। তিনি বলেন, নাবী ক্রি বলেন, জুমু'আহ্র দিন মাসজিদের দরজায় মালাইকাহ অবস্থান করেন এবং ক্রমানুসারে পূর্বে আগমণকারীদের নাম লিখতে থাকেন। যে সবার পূর্বে সে আসে ঐ ব্যক্তির ন্যায় যে একটি মোটাতাজা উট কুরবানী করে। অতঃপর যে আসে সে ঐ ব্যক্তির ন্যায় যে একটি গাভী কুরবানী করে। অতঃপর আগমনকারী ব্যক্তি মুরগী দানকারীর

ন্যায়। অতঃপর আগমনকারী ব্যক্তি একটি ডিম দানকারীর ন্যায়। অতঃপর ইমাম যখন বের হন তখন মালাইকাহ তাঁদের খাতা বন্ধ করে দিয়ে মনোযোগ সহকারে খুত্বাহ শ্রবণ করতে থাকে। (৩২১১) (আ.প্র. ৮৭৬, ই.ফা. ৮৮২)

٣٢/١١. بَابِ إِذَا رَأَى الْإِمَامُ رَجُلاً جَاءَ وَهُوَ يَخْطُبُ أَمَرَهُ أَنْ يُصَلِّيَ رَكْعَتَيْنِ.

১১/৩২. অধ্যায় : ইমাম খুত্বাহ দেয়ার সময় কাউকে আসতে দেখলে তাকে দু' রাক'আত সলাত আদায়ের নির্দেশ দেয়া।

٩٣٠. **صَرَمُنَا** أَبُو النَّعْمَانِ قَالَ حَدَّثَنَا حَمَّادُ بْنُ زَيْدِ عَنْ عَمْرِو بْنِ دِينَارِ عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللهِ قَالَ جَاءَ رَجُلٌّ وَالنَّبِيُّ ﷺ يَخْطُبُ النَّاسَ يَوْمَ الْجُمُعَةِ فَقَالَ أَصَلَيْتَ يَا فُلاَنُ قَالَ لاَ قَالَ لَهُ قَارُكُعْ رَكْعَتَيْنِ.

৯৩০. জাবির ইব্নু 'আবদুল্লাহ্ ( হতে বর্ণিত। তিনি বলেন, (কোন এক) জুমু'আহ্র দিন নাবী লোকদের সামনে খুত্বাহ দিচ্ছিলেন। এ সময় এক ব্যক্তি আসলে তিনি তাকে জিজ্ঞেস করলেন, হে অমুক! তুমি কি সলাত আদায় করেছ? সে বলল, না; তিনি বললেন, উঠ, সলাত আদায় করে নাও। \* (৯৩১, ১১৬৬; মুসলিম ৭/১৪, হাঃ ৮৭৫, আহমাদ ১৪৯১২) (আ.শ্র. ৮৭৭, ই.ফা. ৮৮৩)

٣٣/١١. بَابِ مَنْ جَاءَ وَالْإِمَامُ يَخْطُبُ صَلَّى رَكْعَتَيْنِ خَفِيفَتَيْنِ.

১১/৩৩. অধ্যায় : ইমাম খুত্বাহ দেয়ার সময় যিনি মাসজিদে আগমন করবেন তার সংক্ষেপে দু' রাক'আত সলাত আদায় করা।

٩٣١. **صَرَّمُنَا** عَلِيُّ بْنُ عَبْدِ اللهِ قَالَ حَدَّثَنَا سُفْيَانُ عَنْ عَمْرُو سَمِعَ جَابِرًا قَالَ دَخَلَ رَجُلَّ يَوْمَ الْجُمُعَةِ وَالنَّبِيُّ ﷺ يَخْطُبُ فَقَالَ أَصَلَّيْتَ قَالَ لَا قَالَ قُمْ فَصَلَّ رَكْعَتَيْن.

<sup>&</sup>lt;sup>\*</sup> আধুনিক প্রকাশনী বুখারীর ৮৭৭ নং হাদীসের টীকায় লিখেছেন : হাদীসের অন্য কতিপয় বর্ণনার ভিত্তিতে হানাফী মাযহাবে এই সময়ে সলাত না আদায় করাকে অধিকতর বিশুদ্ধ রীতি বলে গণ্য করা হয়েছে।

কিন্তু এটি নিতান্তই অনুবাদকের নিজস্ব মনগড়া মত ও সহীহ হাদীস বিরোধী কথা। বরং কোন সহীহ হাদীস নেই, একটি জাল হাদীসে রয়েছে।

মাসজিদে প্রবেশ করে দু রাক'আত সলাত পড়া সুন্নাত। নাবী 😂 মাসজিদে প্রবেশ করে দু'রাক'আত সলাত পড়ার পূর্বে বসতে নিষেধ করেছেন এবং বসার পূর্বে সলাত পড়ার নির্দেশ দিয়েছেন। যেমন নাবী 😂 এর বাণী ঃ

আবৃ ক্বাতাদাহ 🚌 হতে বর্ণিত। তিনি বলেন, রসূল 👄 বলেছেন: তোমাদের মধ্যে কেউ যখন মসজিদে প্রবেশ করে যতক্ষণ পর্যন্ত সে দু রাক'আত সলাত না পড়ে ততক্ষণ পর্যন্ত যেন না বসে।

আবৃ কাতাদাহ তা হতে বর্ণিত। নিশ্চয় রসৃপ হ বলেছেন: যখন তোমাদের মধ্যে কেউ মাসজিদে প্রবেশ করে, সে যেন বসার পূর্বে দু রাক'আত সলাত পড়ে। (বুখারী ১ম খত ৬৩, ১৫৬ পৃষ্ঠা। মিশকাত ৬৮ পৃষ্ঠা। বুখারী আঃ হক হাদীস নং ২৮৯। বুখারী ইঃ ফাঃ হাদীস নং ১০৮৯)

অতঃপর উক্ত হাদীসের উপর আমলার্থে জুমু'আর খুতবাহ চলাকালীনও এ সলাত আদায় করতে হবে।

আর এ কথা সর্বজন স্বীকৃত যে, বুখারী ও মুসলিম যে হাদীসের ব্যাপারে ইন্তিফাক হয়েছেন সে সকল হাদীস অন্য সকল হাদীস হতে বেশী শক্তিশালী।

৯৩১. জাবির ইব্নু 'আবদুল্লাহ্ হে বর্ণিত। তিনি বলেন, এক জুমু'আহ্র দিন নাবী হ খুত্বাহ দেয়ার সময় এক ব্যক্তি প্রবেশ করলে তিনি তাকে জিজ্ঞেস করলেন, সলাত আদায় করেছ কি? সে বলল, না; তিনি বললেন: উঠ, দু' রাক'আত সলাত আদায় কর। (৯৩০) (আ.প্র. ৮৭৮, ই.ফা. ৮৮৪)

# ٣٤/١١. بَابِ رَفْعِ الْيَدَيْنِ فِي الْخُطْبَةِ.

## ১১/৩৪. অধ্যায় : খুত্বাহ্য় দু' হাত উত্তোলন করা।

٩٣٢. **صَرْمُنَا** مُسَدَّدٌ قَالَ حَدَّنَنَا حَمَّادُ بْنُ زَيْدِ عَنْ عَبْدِ الْعَزِيزِ بْنِ صُهَيْبِ عَنْ أَنَسِ وَعَنْ يُونُسَ عَسَنْ تَّابِتِ عَنْ أَنَسٍ قَالَ بَيْنَمَا النَّبِيُّ ﷺ يَخْطُبُ يَوْمَ الْجُمُعَةِ إِذْ قَامَ رَجُلٌ فَقَالَ يَا رَسُولَ اللهِ هَلَــكَ الْكُـسرَاعُ وَهَلَكَ الشَّاءُ فَادْعُ اللهَ أَنْ يَسْقِيَنَا فَمَدَّ يَدَيْهِ وَدَعَا.

৯৩২. আনাস ( হতে বর্ণিত। তিনি বলেন, এক জুমু'আহ্র দিন নাবী হতু খুত্বাহ দিচ্ছিলেন। তখন এক ব্যক্তি দাঁড়িয়ে বলল, হে আল্লাহর রসূল! (পানির অভাবে) ঘোড়া মরে যাচ্ছে, ছাগল বকরীও মরে যাচ্ছে। কাজেই আপনি দু'আ করুন, যেন আল্লাহ্ আমাদেরকে বৃষ্টি দান করেন। তখন তিনি দু' হাত প্রসারিত করলেন এবং দু'আ করলেন। (৯৩৩, ১০১৩, ১০১৪, ১০১৫, ১০১৬, ১০১৭, ১০১৮, ১০১৯, ১০২১, ১০২১, ১০৩৩, ৩৫৮২, ৬০৯৩, ৬৩৪২) (আ.শ্র. ৮৭৯, ই.ফা. ৮৮৫)

# ٣٥/١١. بَابِ اللَّشِيشَقَاءِ فِي الْخُطْبَةِ يَوْمَ الْجُمُعَةِ.

## ১১/৩৫. অধ্যায় : জুমু'আহ্র দিন খুত্বায় বৃষ্টির জন্য দু'আ পাঠ করা।

৯৩৩. আনাস ইব্নু মালিক ( হেত বর্ণিত। তিনি বলেন, নাবী ক্ষ্ণু-এর যুগে একবার দুর্ভিক্ষ দেখা দেয়। সে সময় কোন এক জুমু'আহ্র দিন নাবী ক্ষ্ণু খুত্বাহ দিচ্ছিলেন। তখন এক বেদুইন উঠে দাঁড়াল এবং আরয করল, হে আল্লাহ্র রসূল! (বৃষ্টির অভাবে) সম্পদ ধ্বংস হয়ে যাচ্ছে। পরিবার পরিজনও অনাহারে রয়েছে। তাই আপনি আল্লাহ্র নিকট আমাদের জন্য দু'আ করুন। তিনি দু' হাত তুললেন। সে সময় আমরা আকাশে এক খণ্ড মেঘণ্ড দেখিনি। যাঁর হাত আমার প্রাণ, তাঁর শপথ (করে বলছি)! (দু'আ শেষে) তিনি দু' হাত (এখনও) নামান নি, এমন সময় পাহাড়ের ন্যায় মেঘের বিরাট বিরাট খণ্ড উঠে আসল। অতঃপর তিনি মিম্বার হতে নীচে নামেননি, এমন সময় দেখতে পেলাম তাঁর দাড়ির উপর ফোঁটা ফোঁটা বৃষ্টি পড়ছে। সে দিন আমাদের এখানে বৃষ্টি হল। এর পরে ক্রমাণত দু'দিন এবং পরবর্তী জুমু'আহ পর্যন্ত প্রত্যেক দিন। (পরবর্তী জুমু'আহ্র দিন) সে বেদুইন অথবা অন্য কেউ উঠে দাঁড়াল এবং আরয় করল, হে আল্লাহ্র রসূল! (বৃষ্টির কারণে) এখন আমাদের বাড়ি ঘর ধ্বসে পড়ছে, সম্পদ ছুবে যাচ্ছে। তাই আপনি আমাদের জন্য আল্লাহ্র নিকট দু'আ করুন। তখন তিনি দু' হাত তুললেন এবং বললেন : হে আল্লাহ্ আমাদের পার্শ্ববর্তী এলাকায় (বৃষ্টি দাও), আমাদের উপর নয়। (দু'আর সময়) তিনি মেঘের এক একটি খণ্ডের দিকে ইশারা করছিলেন, আর সেখানকার মেঘ কেটে যাচ্ছিল। এর ফলে চতুর্দিকে মেঘ পরিবেষ্টিত অবস্থায় ঢালের ন্যায় মাদীনাহ্র আকাশ পরিদ্ধার হয়ে গেলে এবং কানাত উপত্যকার পানি একমাস ধরে প্রবাহিত হতে লাগল, তখন (মাদীনাহ্র) চারপাশের যে কোন অঞ্চল হতে যে কেউ এসেছে, সে এ প্রবল বৃষ্টির কথা আলোচনা করেছে। (৯৩২; মুসলিম ৯/২, হাঃ ৮৯৭, আহমাদ ১৩৬৯৪) (আ.৪. ৮৮০, ই.ফা. ৮৮৬)

٣٦/١١. بَابِ الْإِنْصَاتِ يَوْمَ الْجُمُعَةِ وَالْإِمَامُ يَخْطُبُ

১১/৩৬. অধ্যায় : জুমু আহ্র দিন ইমাম খুত্বাহ দেয়ার সময় অন্যকে চুপ করানো।

وَإِذَا قَالَ لِصَاحِبِهِ أَنْصِتْ فَقَدْ لَغَا وَقَالَ سَلْمَانُ عَنِ النَّبِيِّ ﷺ يُنْصِتُ إِذَا تَكَلَّمَ الْإِمَامُ.

যদি কেউ তার সাথীকে (মুসল্লীকে বলে) চুপ থাক, তাহলে সে একটি অনর্থক কথা বললো। সালমান ফারসী 🚌 নাবী 🚎 হতে বর্ণনা করেন, যখন ইমাম কথা বলবেন, তখন চুপ থাকবে।

٩٣٤. مرثنا يَحْيَى بْنُ بُكَيْرٍ قَالَ حَدَّنَنَا اللَّيْثُ عَنْ عُقَيْلٍ عَنْ ابْنِ شِهَابٍ قَالَ أَحْبَرَنِي سَعِيدُ بْنُ الْمُستَّبِ أَنَّ أَبِا هُرَيْرَةَ أَحْبَرَهُ أَنَّ رَسُولَ اللهِ ﷺ قَالَ إِذَا قُلْتَ لِصَاحِبِكَ يَوْمَ الْحُمُعَةِ أَنْصِّتْ وَالْإِمَامُ يَحْطُبُ فَقَدْ لَغَوْتَ.

৯৩৪. আবৃ হুরাইরাহ্ হতে বর্ণিত। আল্লাহর রসূল ক্রে বলেছেন : জুমু'আহ্র দিন যখন তোমার পাশের মুসল্লীকে চুপ থাক বলবে, অথচ ইমাম খুত্বাহ দিচ্ছেন, তা হলে তুমি একটি অনর্থক কথা বললে। (মুসলিম ৭/৩, হাঃ ৮৫১, আহমাদ ৭৬৯০) (আ.গ্র. ৮৮১, ই.ফা. ৮৮৭)

. ٣٧/١١. بَابِ السَّاعَةِ الَّتِي فِي يَوْمِ الْجُمُعَةِ. ١ ١ /٥٩. अध्यात : जुर्मु जारुत मिलत সে मुट्टुर्जि ا ٩٣٥. **طرثنا** عَبْدُ اللهِ بْنُ مَسْلَمَةَ عَنْ مَالِك عَنْ أَبِي الزِّنَادِ عَنِ الْأَعْرَجِ عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ رَسُــولَ اللهِ عَنْ أَبِي الزِّنَادِ عَنِ الْأَعْرَجِ عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ رَسُــولَ اللهِ عَنْ اللهُ تَعَالَى شَيْعًا إِلاً أَعْطَاهُ اللهِ ذَكَرَ يَوْمَ الْجُمُعَةِ فَقَالَ الله تَعَالَى شَيْعًا إِلاَّ أَعْطَاهُ إِلَّا أَعْطَاهُ إِلَّا أَعْطَاهُ إِللهُ وَأَشَارَ بِيَده يُقَلِّلُهَا.

৯৩৫. আবৃ হুরাইরাহ্ হতে বর্ণিত। আল্লাহর রস্ল হ্রু জুমু'আহ্র দিন সম্পর্কে আলোচনা করেন এবং বলেন, এ দিনে এমন একটি মুহূর্ত রয়েছে, যে কোন মুসলিম বান্দা যদি এ সময় সলাতে দাঁড়িয়ে আল্লাহ্র নিকট কিছু প্রার্থনা করে, তবে তিনি তাকে অবশ্যই তা দিয়ে থাকেন এবং তিনি হাত দিয়ে ইঙ্গিত করে বুঝিয়ে দিলেন যে, সে মুহূর্তটি খুবই সংক্ষিপ্ত। (৫২৯৪, ৬৪০০; মুসলিম ৭/৪, হাঃ ৮৫২, আহমাদ ১০৩০৬) (আ.প্র. ৮৮২, ই.ফা. ৮৮৮)

. ٣٨/١١ بَابِ إِذَا نَفَرَ النَّاسُ عَنِ الْإِمَامِ فِي صَلاَةِ الْجُمُعَةِ فَصَلاَةُ الْإِمَامِ وَمَنْ بَقِيَ جَائِزَةً. ১১/৩৮. অধ্যায় : জুমু'আহ্র সলাতে কিছু মুসল্পী যদি ইমামের নিকট হতে চলে যায় তাহলে ইমাম ও অবশিষ্ট মুসল্পীগণের সলাত বৈধ হবে।

٩٣٦. **صرثنا** مُعَاوِيَةُ بْنُ عَمْرِو قَالَ حَدَّثَنَا زَائِدَةُ عَنْ حُصَيْنِ عَنْ سَالِمِ بْنِ أَبِي الْجَعْدِ قَالَ حَدَّثَنَا جَابِرُ بْنُ عَبْدِ اللهِ قَالَ بَيْنَمَا نَحْنُ نُصَلِّي مُعَ النَّبِيِّ فَلَمُ إِذْ أَقْبَلَتْ عِيرٌ تَحْمِلُ طَعَامًا فَالْتَفَتُوا إِلَيْهَا حَتَّى مَا بَقِي مَسِعَ النَّبِيِّ فَلَمُ إِلَّا اثْنَا عَشَرَ رَجُلاً فَنَزَلَتْ هَذِهِ الْآيَةُ ﴿ وَإِذَا زَأُوا يَجَارَةً أَوْ لَهُوًا انْفَضُّوا إِلَيْهَا وَتَرَكُوكَ قَائِمًا ﴾.

৯৩৬. জাবির ইব্নু 'আবদুল্লাহ্ হতে বর্ণিত। তিনি বলেন, আমি নাবী এই এর সঙ্গে (জুমু'আহ্র) সলাত আদায় করছিলাম। এমন সময় খাদ্য দ্রব্য বহণকারী একটি উটের কাফিলা হাযির হল এবং তারা (মুসল্লীগণ) সে দিকে এত অধিক মনোযোগী হলেন যে, নাবী হৈ এর সঙ্গে মাত্র বারোজন মুসল্লী অবশিষ্ট ছিলেন। তখন এ আয়াত অবতীর্ণ হলো: "এবং যখন তারা ব্যবসা বা খেল তামাশা দেখতে পেল তখন সে দিকে দ্রুত চলে গেল এবং আপনাকে দাঁড়ানো অবস্থায় রেখে গেল" – (স্রাহ্ জুমু'আহ ৬২/১১)। (২০৫৮, ২০৬৪, ৪৮৯৯; মুসলিম ৭/১১, হাঃ ৮৬৩ আহমাদ ১৪৯৮২) (আ.প্র. ৮৮৩, ই.ফা. ৮৮৯)

٣٩/١١. بَابِ الصَّالاَة بَعْدَ الْجُمُعَة وَقَبَلَهَا.

১১/৩৯. অধ্যায় : জুমু'আহ্র (ফরয সলাতের) পূর্বে ও পরে সলাত আদায় করা।

٩٣٧. **طَرْشُنَا** عَبْدُ اللهِ بْنُ يُوسُفَ قَالَ أَخْبَرَنَا مَالِكُ عَنْ نَافِعِ عَنْ عَبْدِ اللهِ بْنِ عُمَرَ أَنَّ رَسُــولَ اللهِ ﷺ كَانَ يُصَلِّي قَبْلَ الظُّهْرِ رَكَعَتَيْنِ وَبَعْدَ الْمَعْرِبِ رَكَعَتَيْنِ فِي بَيْتِهِ وَبَعْدَ الْعِشَاءِ رَكَعَتَيْنِ وَكَانَ لَا يُصَلِّي بَعْدَ الْجُمُعَةِ حَتَّى يَنْصَرِفَ فَيُصَلِّي رَكَعَتَيْنِ. لاَ يُصَلِّي بَعْدَ الْجُمُعَةِ حَتَّى يَنْصَرِفَ فَيُصَلِّي رَكَعَتَيْنِ. ৯৩৭. 'আবদুল্লাহ্ ইব্নু 'উমার ( হেন্স) হতে বর্ণিত। আল্লাহর রসূল ক্ষ্রেই যুহরের পূর্বে দু' রাক'আত ও পরে দু' রাক'আত, মাগরিবের পর নিজের ঘরে দু' রাক'আত এবং 'ইশার পর দু' রাক'আত সলাত আদায় করতেন। আর জুমু'আহ্র দিন নিজের ঘরে ফিরে না যাওয়া পর্যন্ত সলাত আদায় করতেন না। (ঘরে গিয়ে) দু' রাক'আত সলাত আদায় করতেন। \*(১১৬৫, ১১৭২, ১১৮০) (আ.এ. ৮৮৪ ই.ফা. ৮৯০)

٩٣٨. حرثنا سَعِيدُ بْنُ أَبِي مَرْيَمَ قَالَ حَدَّنَنَا أَبُو غَسَّانَ قَالَ حَدَّنَنِي أَبُو حَازِمٍ عَنْ سَهْلِ بْنِ سَعْدِ قَالَ كَانَتْ فِينَا الْمَرَأَةُ تَجْعَلُ عَلَى أَرْبِعَاءَ فِي مَرْرَعَةً لَهَا سِلْقًا فَكَانَتْ إِذَا كَانَ يَوْمُ جُمُعَة تَنْزِعُ أَصُولَ السِّلْقِ عَرْقَهُ وَكُنَّا نَشَرِفُ مِنْ صَلاَةٍ فَتَحُعَلُهُ فِي قِدْرٍ ثُمَّ تَجْعَلُ عَلَيْهِ قَبْضَةً مِنْ شَعِيرٍ تَطْحَنُهَا فَتَكُونُ أَصُولُ السِّلْقِ عَرْقَهُ وَكُنَّا نَشَرِفُ مِنْ صَلاَةٍ الْجُمُعَة فَنُسَلِّمُ عَلَيْهَا فَتُقَرِّبُ ذَلِكَ الطَّعَامَ إِلَيْنَا فَنَلْعَقُهُ وَكُنَّا نَتَمَنَى يَوْمَ الْجُمُعَة لطَعَامِهَا ذَلِكَ.

৯৩৮. সাহল হতে বর্ণিত। তিনি বলেন, আমাদের মধ্যে বসবাসকারিণী জনৈকা মহিলা একটি ছোট নহরের পাশে ক্ষেতে বীটের চাষ করতেন। জুমু'আহ্র দিনে সে বীটের মূল তুলে এনে রান্নার জন্য ডেগে চড়াতেন এবং এর উপর এক মুঠো যবের আটা দিয়ে রান্না করতেন। তখন এ বীট মূলই এর গোশ্ত (গোশতের বিকল্প) হয়ে যেত। আমরা জুমু'আহ্র সলাত হতে ফিরে এসে তাঁকে সালাম দিতাম। তিনি তখন খাদ্য আমাদের সামনে রাখতেন এবং আমরা তা খেতাম। আমরা সে খাদ্যের আশায় জুমু'আর দিন উদগ্রীব থাকতাম। (৯৩৯, ৯৪১, ২৩৪৯, ৫৪০৩, ৬২৪৮, ৬২৭৯) (আ.প্র. ৮৮৫, ই.ফা. ৮৯১)

٩٣٩. **صرْننا** عَبْدُ اللهِ بْنُ مَسْلَمَةَ قَالَ حَدَّثَنَا ابْنُ أَبِي حَازِمٍ عَنْ أَبِيهِ عَنْ سَهْلٍ بِهَذَا وَقَالَ مَا كُنَّا نَقِيلُ وَلاَ نَتَغَدَّى إلاَّ بَعْدَ الْجُمُعَة.

৯৩৯. সাহল ইব্নু সা'দ ( হতে এ হাদীস বর্ণিত, তিনি আরো বলেছেন, জুমু'আহ (সালাতের) পরই আমরা কায়লূলাহ (দুপুরের শয়ন ও হাল্কা নিদ্রা) এবং দুপুরের আহার্য গ্রহণ করতাম। (৯৩৮; মুসলিম ৭/৯, হাঃ ৮৫৯) (আ.শ্র. ৮৮৬, ই.ফা. ৮৯২)

١ ١/١١. بَابِ الْقَائِلَة بَعْدَ الْجُمُعَة.

১১/৪১. অধ্যায় : জুমু'আহ্র পরে কায়লুলাহ (দুপুরে শয়ন ও হাল্কা নিদ্রা)।

<sup>্</sup>বাধুনিক প্রকাশনীর বুখারীর ৮৮৪ নং হাদীসের টীকায় লিখেছেন : জুমু'আহ্ব আগে ও পরে ৪/২ রাক'আত সুন্নাত পড়া বিশুদ্ধতর। কিন্তু জুমু'আর পূর্বে দু'রাকআত তাহিয়াতুল মাসজিদ ব্যতীত চার রাক'আত বলে নির্দিষ্ট করে কোন সংখ্যার সলাত সহীহ হাদীস দ্বারা প্রমাণিত নয়। বরং এ মর্মে বর্ণিত হাদীসগুলো বাতিশ ও অগ্রহণযোগ্য।

٩٤٠. **طَرْمُنَا** مُحَمَّدُ بْنُ عُقْبَةَ الشَّيْبَانِيُّ الْكُوفِيُّ قَالَ حَدَّنَنَا أَبُو إِسْحَاقَ الْفَزَارِيُّ عَـــنْ حُمَيْـــدٍ قَـــالَ سَمِعْتُ أَنَسًا يَقُولُ كُنَّا نُبَكِّرُ إِلَى الْجُمُعَة ثُمَّ نَقيلُ.

১০১৪. আনাস ইব্নু মালিক 🚌 হতে বর্ণিত। এক ব্যক্তি জুমু'আহ'র দিন দারুল কাযা (বিচার করার স্থান)-এর দিকের দরজা দিয়ে মাসজিদে প্রবেশ করল। এ সময় আল্লাহর রসূল 🚎 দাঁড়িয়ে খুত্বা দিচ্ছিলেন। লোকটি আল্লাহর রসূল 😂 এর দিকে মুখ করে দাঁড়িয়ে বলল, হে আল্লাহ্র রসূল। ধন-সম্পদ নষ্ট হয়ে গেল এবং রাস্তাঘাট বন্ধ হয়ে গেল। আপনি আল্লাহ্র নিকট দু'আ করুন যেন তিনি আমাদের বৃষ্টি দান করেন।তখন আল্লাহর রসূল 🚝 দু' হাত তুলে দু'আ করলেন, হে আল্লাহ্! আমাদের বৃষ্টি দান করুন। হে আল্লাহ্! আমাদের বৃষ্টি দান করুন। হে আল্লাহ্! আমাদের বৃষ্টি দান করুন। আনাস 🕽 বলেন, আল্লাহ্র কসম! আমরা তখন আকাশের দিকে তাকিয়ে দেখলাম, মেঘ নেই, মেঘের সামান্য টুক্রাও নেই। অথচ সাল'আ পর্বত ও আমাদের মধ্যে কোন ঘরবাড়ি ছিল না। তিনি বলেন, হঠাৎ সাল'আর ওপাশ হতে ঢালের মত মেঘ উঠে এল এবং মধ্য আকাশে এসে ছড়িয়ে পড়লো। অতঃপর প্রচুর বর্ষণ হতে লাগল। আল্লাহ্র কসম! আমরা ছয়দিন সূর্য দেখতে পাইনি। এর পরের জুমু'আয় সে দরওয়াজা দিয়ে এক ব্যক্তি প্রবেশ করল। আল্লাহর রসূল 😂 তখন দাঁড়িয়ে খুত্বা দিচ্ছিলেন। লোকটি তাঁর সম্মুখে দাঁড়িয়ে বলল, হে আল্লাহ্র রসূল! ধন-সম্পদ ধ্বংস হয়ে গেল এবং রাস্তাঘাট বিচ্ছিন্ন হয়ে গেল। কাজেই আপনি বৃষ্টি বন্ধের জন্য আল্লাহ্র নিকট দু'আ করুন। আনাস 🕮 বলেন, আল্লাহর রসূল তখন দু' হাত তুলে দু'আ করলেন, হে আল্লাহ্! আমাদের আশে পাশে, আমাদের উপর নয়। হে আল্লাহ্! টিলা, মালভূমি, উপত্যকায় এবং বনভূমিতে বর্ষণ করুন। আনাস 🚌 বলেন, তখন বৃষ্টি বন্ধ হয়ে গেল এবং আমরা বেরিয়ে রোদে চলতে লাগলাম। (রাবী) শরীক (রহ.) বলেন, আমি আনাস 🚌-কে জিজ্ঞেস করলাম, এ লোকটি কি আগের সেই লোক? তিনি বললেন, আমি জানি না। (৯৩২) (জা.প্র. ৯৫৩, ই.ফা. ৯৫৯)

. ٨/١٥ بَابِ الْاسْتِسْقَاءِ عَلَى الْمِنْبَرِ. ٨/١٥ كَلْمُ الْمِنْبَرِ. ١٩٤١ عَلَى الْمِنْبَرِ. ١٩٤١ عَلَى الْمِنْبَرِ. ١٩٤١ عَلَى الْمِنْبَرِ.

١٠١٥. حدثنا مُسَدَّدُ قَالَ حَدَّثَنَا أَبُو عَوَانَةَ عَنْ قَتَادَةَ عَنْ أَنسِ بْنِ مَالِكُ قَالَ بَيْنَمَا رَسُولُ اللهِ عَنَى اللهِ عَنَا فَمُطِرْنَا فَمَا يَخْطُبُ يَوْمَ الْجُمُعَةِ إِذْ جَاءَهُ رَجُلٌ فَقَالَ يَا رَسُولَ اللهِ قَحَطَ الْمَطَرُ فَادْعُ الله أَنْ يَسْقَيَنَا فَدَعَا فَمُطِرْنَا فَمَا كِذَنا أَنْ نَصِلَ إِلَى مَنَازِلِنَا فَمَا زِلْنَا نُمْطَرُ إِلَى الْجُمُعَةِ الْمُقْبِلَةِ قَالَ فَقَامَ ذَلِكَ الرَّجُلُ أَوْ غَيْرُهُ فَقَالَ يَا رَسُولَ اللهِ عَلَيْنَا قَالَ فَلَقَدْ رَأَيْتُ السَّحَابَ يَتَقَطِّعُ اللهُ الْمُعَدِّ وَالْكِنَا وَاللهُ يَعْلَى اللهُ عَلَيْنَا قَالَ فَلَقَدْ رَأَيْتُ السَّحَابَ يَتَقَطِّعُ عَنَا وَسُولُ اللهِ عَلَيْنَا وَاللهُ عَلَيْنَا قَالَ فَلَقَدْ رَأَيْتُ السَّحَابَ يَتَقَطِّعُ عَيْنًا وَشَمَالًا يُمْطَرُونَ وَلَا يُمْطَرُ أَهْلُ الْمَدينَة.

১০১৫. আনাস ইব্নু মালিক (ত্রু) হতে বর্ণিত তিনি বলেন, আল্লাহর রসূল (ক্রু) জুমু'আহ'র দিন খুত্বাহ দিচ্ছিলেন। এ সময় এক ব্যক্তি এসে বললেন, হে আল্লাহ্র রসূল! বৃষ্টি বন্ধ হয়ে গেছে। আপনি আল্লাহ্র নিকট দু'আ করুন। তিনি যেন আমাদেরকে বৃষ্টি দান করেন। তিনি তখন দু'আ করলেন। ফলে এত অধিক বৃষ্টি হল যে, আমাদের নিজ নিজ ঘরে পৌছতে পারছিলাম না। এমনকি পরের জুমু'আ পর্যন্ত বৃষ্টি হতে থাকল। আনাস (ক্রে) বলেন, তখন সে লোকটি অথবা অন্য একটি লোক দাঁড়িয়ে বলল, হে আল্লাহ্র রসূল! আপনি দু'আ করুন, আল্লাহ্ যেন আমাদের উপর হতে বৃষ্টি সরিয়ে দেন। তখন আল্লাহর রসূল কলেন। হে আল্লাহ্! আমাদের আশে পাশে, আমাদের উপর নয়। আনাস (ক্রে) বলেন, আমি তখন দেখতে পেলাম, মেঘ ডানে ও বামে পৃথক হয়ে বৃষ্টি হতে লাগল, মাদীনাহ্বাসীর উপর বর্ষণ হচ্ছিল না। (৯৩২) (আ.প্র.,৯৫৪ ই.ফা. ৯৬০)

#### . ٩/١٥. بَابِ مَنَ اكْتَفَى بِصَلاَةِ الْجُمُعَةِ فِي النَّسَشَقَاءِ. ১৫/৯. অर्थ्যाয় : वृष्टि প्रार्थनात জन्য खूर्यु'আহ'त সলাতকে যথেষ্ট মনে করা।

١٠١٦. صرشنا عَبْدُ اللهِ بْنُ مَسْلَمَة عَنْ مَالِك عَنْ شَرِيكِ بْنِ عَبْدِ اللهِ عَنْ أَنسِ بْنِ مَالِك قَسالَ جَاءَ رَجُلٌ إِلَى النَّبِي عَبْدُ اللهِ عَنْ أَنسِ بْنِ مَالِك قَسالَ جَاءَ رَجُلٌ إِلَى النَّبِي عَبْدُ اللهِ عَنْ أَلْصُواشِي وَتَقَطَّعَتْ السُّبُلُ فَدَعَا فَمُطِرْنَا مِنَ الْجُمُعَة إِلَى الْجُمُعَة ثُمَّ جَساءَ فَقَالَ اللّهُ سَمَّ عَلَى اللّهُ يُمْسِكُهَا فَقَامَ عَلَى اللّهُ سَمَّ عَلَى الْعَسَانُ وَهَلَكَتْ السُّبُلُ وَهَلَكَتْ الْمَواشِي فَادْعُ الله يُمْسِكُهَا فَقَامَ عَلَى اللّهُ فَقَالَ اللّهُ سَمَّ عَلَى الْعَدِينَةِ الْجَيَابُ النَّهُ وَالطَّرَابِ وَالْأَوْدِيَةِ وَمَنَابِتِ الشَّحْرِ فَانْجَابَتْ عَنِ الْمَدِينَةِ الْجَيَابُ النَّوْب.

১০১৬. আনাস ইব্দু মালিক হ্রি হতে বর্ণিত। তিনি বর্লেন, আল্লাহর রস্ল হ্রি-এর নিকর্ট এক ব্যক্তি এসে বলল, গৃহপালিত পশুগুলো মরে যাছে এবং রাস্তাগুলোও বন্ধ হয়ে যাছে। তখন তিনি দু'আ করলেন। ফলে সে জুমু'আহ হতে পরবর্তী জুমু'আহ পর্যন্ত আমাদের উপর বৃষ্টি বর্ষিত হতে থাকল। অতঃপর সে ব্যক্তি আবার এসে বলল, (অতি বৃষ্টির ফলে) ঘরবাড়ী ধ্বংস হয়ে যাছে, রাস্তা অচল হয়ে যাছে এবং পশুগুলোও মরে যাছে। তখন আল্লাহর রস্ল হ্রি দাঁড়িয়ে বললেন। হে আল্লাহ্! টিলা, মালভূমি, উপত্যকা এবং বনভূমিতে বর্ষণ করুন। তখন মাদীনাহ হতে মেঘ এমনভাবে কেটে গেল, যেমন কাপড় ছিড়ে ফাঁক হয়ে যায়। (৯৩২) (আ.প্র. ৯৫৫, ই.ফা. ৯৬১)

#### ٥ ١ . / ١ بَابِ الدُّعَاء إذَا تَقَطَّعَتْ السُّبُلُ مِنْ كَثْرَة الْمَطَر.

১৫/১০. অধ্যায় : অধিক বৃষ্টির ফলে রাস্তার যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে গেলে দু'আ করা।

الله عَنْ أَبِي نَمْ عَنْ أَنَسِ بَنِ مَالِكُ عَنْ شَرِيكِ بَنِ عَبْدِ اللهِ بَنِ أَبِي نَمْ عَنْ أَنَسِ بَنِ مَالِكُ عَنْ شَرِيكِ بَنِ عَبْدِ اللهِ بَنِ أَبِي نَمْ عَنْ أَنَسِ بَنِ مَالِكُ عَنْ شَرِيكِ بَنِ عَبْدِ اللهِ بَنِ أَبِي نَمْ عَنْ أَنَسُ بَنِ مَالِكُ عَنْ اللهِ هَلَكَتْ الْمَوَاشِي وَانْقَطَعَتْ السَّبُلُ فَادْعُ اللهِ فَصَالَ اللهِ عَلَى رَسُولُ اللهِ فَقَالَ يَا رَسُولَ اللهِ تَهَدَّمَتُ السَّبُلُ وَهُلَكَتْ الْمَوَاشِي فَقَالَ رَسُولُ اللهِ فَظَى اللّهُمَّ عَلَى رُءُوسِ الْحَبَالِ وَالْآكَامِ وَبُطُونِ اللّهُ عَلَى رُءُوسِ الْحَبَالِ وَالْآكَامِ وَبُطُونِ اللّهُ عَلَى رُءُوسِ الْحَبَالِ وَالْآكَامِ وَبُطُونِ اللّهُ عَلَى رُءُوسِ الْحَبَالِ وَالْآكَامِ وَبُطُونِ اللّهِ عَلَى رُءُوسِ الْحَبَالِ وَالْآكَامِ وَبُطُونِ اللّهُ عَلَى رُءُوسِ الشَّحَرِ فَانْحَابَتْ عَنِ الْمَدِينَةِ انْحَيَابَ النَّوْبَ.

১০১৭. আনাস ইব্নু মালিক ( হতে বর্ণিত। তিনি বর্লেন, এক ব্যক্তি আল্লাহর রস্ল হতে এর নিকট এসে বলল, হে আল্লাহর রস্ল! পতগুলো মারা যাচ্ছে, এবং রাস্তাগুলো বন্ধ হয়ে যাচছে। কাজেই আপনি আল্লাহর নিকট দু'আ করন। তখন আল্লাহর রস্ল হতে দু'আ করলেন। ফলে সে জুমু'আ হতে পরবর্তী জুমু'আ পর্যন্ত তাদের উপর বৃষ্টি বর্ষিত হতে থাকল। অতঃপর এক ব্যক্তি আল্লাহর রস্ল হতে এর নিকট এসে বলল, হে আল্লাহ্র রস্ল! ঘরবাড়ি ধ্বসে পড়েছে, রাস্তাঘাট বিচ্ছিন্ন হয়ে যাচ্ছে এবং পতগুলোও মরে যাচ্ছে। আল্লাহর রস্ল হতে তখন বললেন : হে আল্লাহ্! পাহাড়ের চূড়ায়, টিলায়, উপত্যকায় এবং বনভূমিতে বৃষ্টি বর্ষণ করুন। অতঃপর মাদীনার আকাশ হতে মেঘ সরে গেল, যেমন কাপড় ছিঁড়ে ফাঁক হয়ে যায়। (৯৩২) (আ.গ্র. ৯৫৬, ই.ফা. ৯৬২)

النَّبِيَّ ﷺ لَمْ يُحَوِّلُ رِدَاءَهُ فِي الاسْتَسْقَاءِ يَوْمَ الْجُمُعَةِ. ﴿كَارَاءَهُ فِي الاسْتَسْقَاءِ يَوْمَ الْجُمُعَةِ. ১৫/১১. অধ্যায় : বলা হয়েছে, জুমু'আহ্র দিবসে বৃষ্টির জন্য দু'আ করার সময় নাবী ﷺ তাঁর চাদর উল্টাননি।

١٠١٨. عرشنا الْحَسَنُ بْنُ بِشْرِ قَالَ حَدَّثَنَا مُعَافَى بْنُ عِمْرَانَ عَنِ الْأَوْزَاعِيِّ عَنْ إِسْحَاقَ بْنِ عَبْدِ اللهَ بْنِ أَبِي طَلْحَةَ عَنْ أَنْسِ بْنِ مَالِكٍ أَنَّ رَجُلاً شَكَا إِلَى النَّبِيِّ ﷺ هَلاَكَ الْمَالِ وَجَهْدَ الْعِيَالِ فَدَعَا اللهَ يَسْتَسْقَى وَلَمْ يَذْكُرُ أَنَّهُ حَوَّلَ رِدَاءَهُ وَلاَ اسْتَقَبَلَ الْقَبْلَةَ.

১০১৮. আনাস ইব্নু মালিক হাতে বর্ণিত। এক ব্যক্তি নাবী ক্রি-এর নিকট সম্পর্দ বিনষ্ট হবার এবং পরিবার-পরিজনের দুঃখ-কষ্টের অভিযোগ জানান। তখন তিনি আল্লাহ্র নিকট বৃষ্টির জন্য দু'আ করলেন। বর্ণনাকারী এ কথা বলেননি, তিনি (আল্লাহ্র রসূল ক্রি) তাঁর চাদর উল্টিয়ে ছিলেন এবং এও বলেননি, তিনি কিবুলাহ্মুখী হয়েছিলেন। (১০২) (আ.প্র. ১৫৭, ই.ফা. ১৬৩)

٥ ١ / / ١. بَابِ إِذَا اسْتَشْفَعُوا إِلَى الْآمَامِ لِيَسْتَسْقِيَ لَهُمْ لَمْ يَرُدَّهُمْ.

১৫/১২. অধ্যায় : বৃষ্টির জন্য ইমামকে দু'আ করার অনুরোধ করা হলে তা প্রত্যাখ্যান না করা।

١٠١٩. عرشنا عَبْدُ اللهِ بَنُ يُوسُفَ قَالَ أَخْبَرَنَا مَالِكٌ عَنْ شَرِيكِ بَنِ عَبْدِ اللهِ بَنِ أَبِي نَمِ عَنْ أَنْسِ بَنِ مَالِكِ أَنَّهُ قَالَ حَاءَ رَجُلٌ إِلَى رَسُولِ اللهِ عَنْ أَنَهُ قَالَ يَا رَسُولَ اللهِ هَلَكَتَ الْمَوَاشِي وَتَقَطَّعَتُ السَّبُلُ فَادْعُ اللهِ فَدُعًا اللهِ قَالَ يَا رَسُولَ اللهِ عَنَى الْبَيْوِتُ فَقَالَ يَا رَسُولَ اللهِ تَهَدَّمَتُ الْبُيُسُوتُ فَدَعًا اللهِ عَلَى ظُهُورِ الْجِبَالِ وَالْآكَامِ وَبُطُونِ الْأَوْدِيَةِ وَمُنَابِتِ الشَّجَرِ فَانْحَابَتُ عَنِ الْمَدينَة انْحَيَابَ النَّوْبِ.

১০১৯. আনাস ইব্নু মালিক হাতে বর্ণিত । তিনি বর্লেন, আল্লাহর রস্ল হাত-এর নির্কট এক ব্যক্তি এসে বলল, হে আল্লাহর রস্ল! পশুগুলো মরে যাচ্ছে এবং রাস্তাগুলো বন্ধ হয়ে যাচছে। তাই আপনি আল্লাহর নিকট (বৃষ্টির জন্য) দু'আ করুন। তখন তিনি দু'আ করলেন। ফলে এক জুমু'আহ হতে পরের জুমু'আহ পর্যন্ত আমাদের উপর বৃষ্টিপাত হতে থাকল। অতঃপর এক ব্যক্তি আল্লাহর রস্ল হাত্ত এবং নিকট এসে বলল, হে আল্লাহর রস্ল! ঘরবাড়ি নষ্ট হয়ে যাচ্ছে এবং রাস্তাঘাট বিচ্ছিন্ন হয়ে যাচ্ছে এবং পশুগুলোও মরে যাচ্ছে। আল্লাহর রস্ল হাত্ত তখন দু'আ করলেন, হে আল্লাহ্! পাহাড়ের উপর, টিলার উপর, উপত্যকায় এবং বনভূমিতে বর্ষণ করুন। ফলে মাদীনাহ হতে মেঘ এমনভাবে কেটে গেল যেমন কাপড় ছিড়ে ফাঁক হয়ে যায়। (৯৩২) (আ.শ্র. ৯৫৮, ই.ফা. ৯৬৪)

. ١٣/١٥ بَابِ إِذَا اسْتَشْفَعَ الْمُشْرِكُونَ بِالْمُسْلِمِينَ عِنْدَ الْقَحْطِ. ١٣/١٥ هز/٥٥. অধ্যां : पूर्खित्कंत पूर्ट्र भूगितिक्ता पूर्याय निक्र वृष्टित জन্য पूर्वात नित्वनन জानाला।

١٠٢٠. عرشنا مُحَمَّدُ بَنُ كَثِيرِ عَنْ سُفْيَانَ حَدَّنَنَا مَنْصُورٌ وَالْأَعْمَشُ عَنْ أَبِي الضُّحَى عَنْ مَسْرُوق قَالَ أَثَيْتُ ابْنَ مَسْعُود فَقَالَ إِنَّ قُرْيَشًا أَبْطَنُوا عَنِ الإِسْلَامِ فَدَعَا عَلَيْهِمْ النَّبِيُّ فَقَلًا فَأَحَذَتُهُمْ سَنَةً حَتَّى هَلَكُوا فيهَا وَأَكُلُوا الْمَيْنَةَ وَالْعَظَامَ فَحَاءَهُ أَبُو سُفْيَانَ فَقَالَ يَا مُحَمَّدُ جَنْتَ تَأْمُرُ بِصِلَةِ الرَّحِمِ وَإِنَّ قَوْمَكَ هَلَكُوا فَا الله فَقَرَأَ وَالْمَنْ عَوْمَ تَاتِي السَّمَاءُ بِدُخَانِ مُبِينِ ﴾ ثُمَّ عَادُوا إلى كُفْرَهِمْ فَذَلِكَ قَوْلُهُ تَعَالَى وَيَوْمَ نَبْطِشُ الله فَقَرا وَقَالَ الله فَقُوا الله فَالْمَاءُ بِدُخَانٍ مُبِينٍ ﴾ ثُمَّ عَادُوا إلى كُفْرَهُمْ فَذَلِكَ قَوْلُهُ تَعَالَى وَيَهُمْ نَبْطِشُ الله فَقَرا الله فَالْهُمْ عَوْلَهُ تَعَالَى وَيَوْمَ نَبْطِشُ اللّهُمْ عَنْ مَنْصُورٍ فَدَعَا رَسُولُ الله فَسَقُوا النَّاسُ كَثْرَةَ الْمَطَرِ قَالَ اللّهُمَّ حَوَالَيْنَا وَلاَ عَلَيْنِ اللهُ عَنْ مَا النَّاسُ كَثْرَةَ الْمَطَرِ قَالَ اللّهُمَّ حَوَالَيْنَا وَلاَ عَلَيْنِ الْمُنْتَقِعُونَ النَّاسُ حَوْلَهُ النَّاسُ كَثْرَةَ الْمَطَرِ قَالَ اللّهُمَّ حَوَالَيْنَا وَلاَ عَلَيْنِا فَانْحَدَرَتُ السَّعَابُهُ عَنْ رَأْسِه فَسُقُوا النَّاسُ حَوْلَهُمْ.

১০২০. ইব্নু মাস'উদ 😂 হতে বর্ণিত। তিনি বলেন, কুরাইশরা যখন ইসলাম গ্রহণে দেরি করছিল, তখন নাবী 🥰 তাদের বিরুদ্ধে দু'আ করলেন। পরিণামে তাদেরকে দুর্ভিক্ষ এমনভাবে গ্রাস করল যে, তারা ধ্বংস হতে লাগল এবং মৃত দেহ ও হাড়গোড় খেতে লাগল। তখন আবূ সুফ্ইয়ান (ইসলাম গ্রহণের পূর্বে) নাবী 😂 এর নিকট এসে বলল, হে মুহাম্মাদ! তুমি তো আরীয়দের সাথে সদ্ধ্যবহার করার নির্দেশ দিয়ে থাক। অথচ তোমার জাতি ধ্বংস হয়ে যাচ্ছে। তুমি মহান আল্লাহ্র নিকট দু'আ কর। তখন তিনি তিলাওয়াত করলেন, "তুমি অপেক্ষা কর সে দিনের যে দিন আসমানে প্রকাশ্য ধোঁয়া দেখা দিবে"— (স্বাহ্ দুখান ৪৪/১০)। অতঃপর (আল্লাহ্ যখন তাদের বিপদমুক্ত করলেন তখন) তারা আবার কুফরীর দিকে ফিরে গেল। এর পরিণতি স্বরূপ আল্লাহ্র এ বাণী: "যেদিন আমি কঠোরভাবে পাকড়াও করব"— (স্বাহ্ দুখান ৪৪/১৬) অর্থাৎ বদরের দিন। মানসূর (রহ.) হতে (বর্ণনাকারী) আসবাত (রহ.) আরো বলেছেন, আল্লাহ্র রসূল দু আ করেন। ফলে লোকজনের উপর বৃষ্টিপাত হয় এবং অবিরাম সাতদিন পর্যন্ত বর্ষিত হতে থাকে। লোকেরা অতিবৃষ্টির বিষয়টি পেশ করল। তখন নাবী দু দু'আ করে বলেন, হে আল্লাহ্! আমাদের আশে পাশে, আমাদের উপর নয়। অতঃপর তাঁর মাথার উপর হতে মেঘ সরে গেল। তাঁদের পার্শ্ববর্তী লোকদের উপর বর্ষিত হল। (১০০৭) (আ.প্র. ৯৫৯, ই.কা. ৯৬৫)

٥ 1 ٤/١. بَابِ الدُّعَاءِ إِذَا كَثُرَ الْمَطَرُ حَوَالَيْنَا وَلاَ عَلَيْنَا.

১৫/১৪. অধ্যায় : অধিক বর্ষণের সময় এরূপ দু'আ করা "যেন পাশের এলাকায় বৃষ্টি হয় আমাদের এলাকায় নয়।"

١٠٢١. مرثنا مُحَمَّدُ بَنُ أَبِي بَكْرِ حَدَّنَنَا مُعْتَمِرً عَنْ عُبَيْدِ اللهِ عَنْ ثَابِت عَنْ أَنسِ بَنِ مَالِكُ قَالَ كَانَ النّبِيُ عَلَيْ يَخْطُبُ يَوْمَ جُمُعَة فَقَامَ النّاسُ فَصَاجُوا فَقَالُوا يَا رَسُولَ اللهِ قَحَطَ الْمَطَرُ وَاحْمَرَّتُ الشَّحَاءُ وَهَلَكَت الْبَهَاثُمُ فَادْعُ اللهِ يَسْقَينَا فَقَالَ اللّهُمَّ اسْقَنَا مَرَّتَيْنِ وَايْمُ اللهِ مَا نَرَى فِي السَّمَاء قَزَعَةً مِنْ سَحَابٍ وَهَلَكَت الْبَهَاثُمُ فَادْعُ الله يَسْقينَا فَقَالَ اللّهُمَّ اسْقِنَا مَرَّتَيْنِ وَايْمُ اللهِ مَا نَرَى فِي السَّمَاء قَزَعَةً مِنْ سَحَابٍ فَنَشَأَت سَحَابَةً وَأَمْطَرَت وَنَزَلَ عَنِ الْمَنْبَرِ فَصَلّى فَلَمَّا انْصَرَفَ لَمْ تَزَلُ تُمْطِرُ إِلَى الْجُمُعَةِ الَّتِي تَلِيهَا فَلَمَّا فَنَا اللّهُ مَا اللّهُ اللّهُ يَعْفِي اللّهُ اللّهُ اللّهُ يَعْفِي اللّهُ عَلَى اللّهُ اللّهُ اللّهُ اللّهُ يَعْفِي اللّهُ اللّهُ اللّهُ اللّهُ عَلَيْنَا فَكَشَطَت الْمَدِينَةُ فَحَعَلَتْ تَمْطُرُ حَوْلَهَا وَلاَ تَمْطُرُ بِالْمَدِينَةِ قَطْرَةً فَنَظَرَتُ اللّهُ اللهُمْ حَوَالَيْنَا وَلاَ عَلَيْنَا فَكَشَطَت الْمَدِينَة فَحَعَلَتْ تَمْطُرُ حَوْلَهَا وَلاَ تَمْطُرُ بِالْمَدِينَة قَطْرَةً فَنَظَرَتُ اللهُ اللّهُ مَ مَوْلُ اللّهُ عَلَيْنَا فَكَشَطَت الْمَدِينَة فَعَعَلَتْ تَمْطُرُ حَوْلَهَا وَلاَ تَمْطُرُ بِالْمَدِينَة قَطْرَةً فَنَظَرَتُ اللّهُ اللّهُ اللّهُ عَلَيْنَا وَلاَ عَلَيْنَا فَكَشَطَت الْمَدِينَة فَعَعَلَتْ تَمْطُرُ حَوْلَهَا وَلاَ تَمْطُرُ بِالْمَدِينَة قَطْرَةً فَنَطَرِي

১০২১. আনাস ইব্নু মালিক ( হলে) হতে বর্ণিত। তিনি বলেন, জুমু'আহ্র দিন আল্লাহর রস্ল হুলু খুত্বাহ দিচ্ছিলেন। তখন লোকেরা দাঁড়িয়ে উচ্চেঃম্বরে বলতে লাগল, হে আল্লাহর রস্ল! বৃষ্টি বন্ধ হয়ে গেছে, গাছপালা লাল হয়ে গেছে এবং পতগুলো মারা যাচছে। তাই আপনি আল্লাহ্র নিকট দু'আ করুন, যেন তিনি আমাদের উপর বৃষ্টি বর্ষণ করুন। এভাবে দু'বার বললেন। (বর্ণনাকারী বলেন,) আল্লাহ্র কসম! আমরা তখন আকাশে এক খণ্ড দেখতে পাচ্ছিলাম, না। হঠাৎ মেঘ দেখা দিল এবং বর্ষণ হলো। তিনি (রস্লুল্লাহ্) মিম্বার হতে নেমে সলাত আদায় করলেন। অতঃপর যখন তিনি চলে গেলেন, তখন হতে পরবর্তী জুমু'আহ পর্যন্ত বৃষ্টি হতে থাকে। অতঃপর যখন তিনি (দাঁড়িয়ে) জুমু'আহ্র খুত্বাহ দিচ্ছিলেন, তখন লোকেরা উচ্চৈঃম্বরে তাঁর নিকট নিবেদন করল, ঘরবাড়ী বিধ্বস্ত হচ্ছে, রাস্তা বিচ্ছিন্ন হয়ে যাচ্ছে। তাই আপনি আল্লাহ্র নিকট দু'আ করুন যেন আমাদের হতে তিনি বৃষ্টি বন্ধ করেন। তখন নাবী হ্লেই মৃদু হেসে বললেন: হে আল্লাহ্!

আমাদের আশে পাশে, আমাদের উপর নয়। তখন মাদীনাহ্র আকাশ মুক্ত হলো আর এর আশে পাশে বৃষ্টি হতে লাগল। মাদীনাহ্য় তখন এক ফোঁটা বৃষ্টিও হচ্ছিল না। আমি মাদীনাহ্র দিকে তাকিয়ে দেখলাম, মাদীনাহ যেন মুকুটের ন্যায় শোভা পাচ্ছিল। (৯৩২) (আ.প্র. ৯৬০, ই.ফা. ৯৬৬)

د ١ م ١ م ١ باب الدُّعَاءِ في الاسْتَسْقَاءِ قَائمًا. ১৫/১৫. অধ্যায় : দাঁড়িয়ে ইস্তিক্ষার দু'আ করা।

١٠٢٢. وَقَالَ لَنَا أَبُو نَعَيْمٍ عَنْ زُهَيْرٍ عَنْ أَبِي إِسْحَاقَ خَرَجَ عَبْدُ اللهِ بْنُ يَزِيدَ الأَنْصَارِيُّ وَخَرَجَ مَعَــهُ اللهِ بْنُ يَزِيدَ الأَنْصَارِيُّ وَخَرَجَ مَعَــهُ اللهِ بْنُ عَازِبِ وَزَيْدُ بْنُ أَرْقَمُ رَضِيَ اللهُ عَنْهُمْ فَاسْتَسْقَى فَقَامَ بِهِمْ عَلَى رِجْلَيْهِ عَلَى غَيْرِ مِنْبَرٍ فَاسْتَغْفَرَ ثُمَّ صَلَّى رَجْلَيْهِ عَلَى غَيْرِ مِنْبَرٍ فَاسْتَغْفَرَ ثُمَّ صَلَّى رَكَعَتَيْنِ يَجْهَرُ بِالْقِرَاءَةِ وَلَمْ يُؤَذِّنُ وَلَمْ يُقِمْ قَالَ أَبُو إِسْحَاقَ وَرَأَى عَبْدُ اللهِ بْنُ يَزِيدَ الأَنْصَارِيُّ النَّبِــيَّ صَلَّى رَكَعَتَيْنِ يَجْهَرُ بِالْقِرَاءَةِ وَلَمْ يُؤَذِّنُ وَلَمْ يُقِمْ قَالَ أَبُو إِسْحَاقَ وَرَأَى عَبْدُ اللهِ بْنُ يَزِيدَ الأَنْصَارِيُّ النَّبِــيَ

১০২২. আবৃ ইসহাক (রহ.) হতে বর্ণিত। 'আবদুল্লাহ্ ইব্নু ইয়াযীদ আনসারী ( বের হলেন এবং, বারাআ ইব্নু 'আযিব ও যায়দ ইব্নু আরকাম ( ও তাঁর সঙ্গে বের হলেন। তিনি মিম্বার ছাড়াই পায়ের উপরে দাঁড়িয়ে তাঁদের সঙ্গে নিয়ে বৃষ্টির জন্য দু'আ করলেন। অতঃপর ইন্তিগফার করে আযান ও ইকামাত ব্যতীত সশব্দে কিরাআত পড়ে দু' রাক'আত সলাত আদায় করেন। (রাবী) আবৃ ইসহাক (রহ.) বলেন, 'আবদুল্লাহ্ ইব্নু ইয়াযীদ (আনসারী) ( নাবী ( নাবী ( মুক্তিন ৬৫০)

١٠٢٣. حرثنا أبُو الْيَمَانِ قَالَ أَخْبَرَنَا شُعَيْبٌ عَنْ الزُّهْرِيِّ قَالَ حَدَّثَنِي عَبَّادُ بْنُ تَمِيمٍ أَنَّ عَمَّهُ وَكَانَ مِنْ أَصْحَابِ النَّبِيِّ ﷺ أَخْبَرَهُ أَنَّ النَّبِيِّ ﷺ خَرَجَ بِالنَّاسِ يَسْتَسْقِي لَهُمْ فَقَامَ فَدَعَا اللهَ قَائِمًا ثُمَّ تَوَجَّهُ قِبَلَ مَنْ أَصْحَابِ النَّبِيِّ ﷺ أَخْبَرَهُ أَنَّ النَّبِيِّ ﷺ خَرَجَ بِالنَّاسِ يَسْتَسْقِي لَهُمْ فَقَامَ فَدَعَا اللهَ قَائِمًا ثُمَّ تَوَجَّهُ قِبَلَ اللهِ عَنْ اللهِ عَلَيْ اللهِ اللهُ اللهِ الل

১০২৩. 'আব্বাদ ইব্নু তামীম হতে বর্ণিত। তাঁর চাচা নাবী ক্র-এর একজন সহাবী ছিলেন, তিনি তার নিকট বর্ণনা করেছেন যে নাবী ক্রে সহাবীগণকে নিয়ে তাঁদের জন্য বৃষ্টির দু'আর উদ্দেশে বের হলেন। তিনি দাঁড়ালেন এবং দাঁড়িয়েই আল্লাহ্র নিকট দু'আ করলেন। অতঃপর ক্বিব্লাহ্মুখী হয়ে নিজ চাদর উল্টিয়ে দিলেন। অতঃপর তাদের উপর বৃষ্টি বর্ষিত হল। (১০০৫) (আ.প্র. ৯৬১, ই.ফা. ৯৬৭)

٥ / / ٦ . بَابِ الْجَهْرِ بِالْقِرَاءَةِ فِي الِاسْتِسْقَاءِ.

১৫/১৬. অধ্যায় : বৃষ্টি প্রার্থনার সলাতে শব্দ সহকারে কিরাআত পাঠ।

١٠٢٤. صرثنا أَبُو نُعَيْمٍ حَدَّثَنَا آبَنُ أَبِي ذِئْبِ عَنْ الزُّهْرِيِّ عَنْ عَبَّادِ بْنِ تَمِيمٍ عَنْ عَمِّهِ قَالَ خَرَجَ النَّبِيُّ يَشْتَسْقِي فَتَوَجَّهَ إِلَى الْقِبْلَةِ يَدْعُو وَحَوَّلَ رِدَاءَهُ ثُمَّ صَلَّى رَكَعَتَيْنِ جَهَرَ فِيهِمَا بِالْقِرَاءَةِ. ১০২৪. 'আব্বাদ ইব্নু তামীম ( তাঁর চাচা হতে বর্ণনা করেন, নাবী হাই বৃষ্টির দু'আর জন্য বের হলেন, ব্বিব্লাহ্মুখী হয়ে দু'আ করলেন এবং নিজের চাদরখানি উল্টে দিলেন। অতঃপর দু'রাক'আত সলাত আদায় করলেন। তিনি উভয় রাক'আতে সশব্দে কিরাআত পাঠ করলেন। (১০০৫) (আ.প্র. ৯৬২, ই.ফা. ৯৬৮)

#### . ۱۷/۱٥. بَابِ كَيْفَ حَوَّلَ النَّبِيُّ ﷺ ظَهْرَهُ إِلَى النَّاسِ. ১৫/১৭. অধ্যায় : नांवी ﴿ مَعْدَدُ किভाবে মানুষের দিকে তাঁর পিঠ ফিরিয়েছেন।

١٠٢٥. صرثنا آدَمُ قَالَ حَدَّثَنَا آبَنُ أَبِي ذِئْبِ عَنْ الزُّهْرِيِّ عَنْ عَبَّادِ بْنِ تَمِيمٍ عَنْ عَمَّهِ قَالَ رَأَيْتُ النَّبِيَّ النَّبِيِّ عَنْ عَبَّادِ بْنِ تَمِيمٍ عَنْ عَمَّهِ قَالَ رَأَيْتُ النَّبِي فَلْمَرَهُ وَاسْتَقْبَلَ الْقِبْلَةَ يَدْعُو ثُمَّ حَوُّلَ رِدَاءَهُ ثُمَّ صَلَّى لَنَسَا
 رَكْعَتَيْنِ جَهَرَ فِيهِمَا بِالْقِرَاءَةِ.

১০২৫. 'আব্বাদ ইব্নু তামীম (রহ.) তাঁর চাচা হতে বর্ণনা করেন, তির্নি বর্লেন, নাবী ক্রি বৈদিন বৃষ্টির দু'আর উদ্দেশে বের হয়েছিলেন, আমি তা দেখেছি। বর্ণনাকারী বলেন, তিনি লোকদের দিকে তাঁর পিঠ ফিরালেন এবং ক্বিব্লাহ্মুখী হয়ে দু'আ করলেন। অতঃপর তিনি তাঁর চাদর উল্টে দিলেন। আমাদের নিয়ে দু'রাক'আত সলাত আদায় করলেন। তিনি উভয় রাক'আতে সশব্দে কিরাআত পাঠ করেন। (১০০৫) (আ.প্র. ৯৬৩, ই.ফা. ৯৬৯)

### . بَابِ صَلاَةِ الْاسْتِسْقَاءِ رَكْعَتَيْنِ. ١٨/١٥ بَابِ صَلاَةِ الْاسْتِسْقَاءِ رَكْعَتَيْنِ. ১৫/১৮. অধ্যায় : বৃষ্টি প্রার্থনার সলাত দু'রাক'আত ।

١٠٢٦. صَرَّمُنَا قُتَيْبَةُ بْنُ سَعِيدُ قَالَ حَدَّثَنَا سُفْيَانُ عَنْ عَبْدِ اللهِ بْنِ أَبِي بَكْرٍ سَمِعَ عَبَّادَ بْنَ تَمِيمٍ عَـــنْ عَمّه أَنَّ النَّبِيِّ ﷺ اسْتَسْقَى فَصِلِّى رَّكَعَتَيْن وَقَلَبَ ردَاءَهُ.

১০২৬. 'আব্বাদ ইব্নু তামীম (রহ.) তাঁর চাচা হতে বর্ণনা করেন, নাবী ক্রে বৃষ্টির জন্য দু 'আ করলেন। অতঃপর তিনি দু'রাক'আত সলাত আদায় করলেন এবং চাদর উল্টিয়ে নিলেন। (১০০৫) (আ.প্র. ৯৬৪, ই.ফা. ৯৭০)

# المُصَلَّى. ١٩/١٥ بَابِ الاسْتَسْقَاءِ فِي الْمُصَلَّى. ١٩/١٥ كر/١٥ علامًا عَلَيْهِ الْمُصَلَّى. ١٩/١٥ علامًا علامًا المُحالِمُ ال

١٠٢٧. **صرثنا** عَبْدُ اللهِ بْنُ مُحَمَّدِ قَالَ حَدَّثَنَا سُفْيَانُ عَنْ عَبْدِ اللهِ بْنِ أَبِي بَكْرٍ سَمِعَ عَبَّادَ بْنَ تَمِيمٍ عَنْ عَمِّهِ قَالَ خَرَجَ النَّبِيُّ فِلِمَّا إِلَى الْمُصَلَّى يَسْتَسْقِي وَاسْتَقْبَلَ الْقِبْلَةَ فَصَلَّى رَكْعَتَيْنِ وَقَلَبَ رِدَاءَهُ قَالَ سُلْفَيَانُ فَأَخْبَرَنِي المَسْعُودِيُّ عَنْ أَبِي بَكْرٍ قَالَ جَعَلَ الْيَمِينَ عَلَى الشِّمَالِ. ১০২৭. 'আব্বাদ ইব্নু তামীম (রহ.) তাঁর চাচা হতে বর্ণনা করেন, তিনি বলেন, নাবী হ্রিস্চিস্কার জন্য ঈদ্গাহ্র ময়দানে গমন করেন। তিনি কিব্লামুখী হলেন, অতঃপর দু'রাক'আত সলাত আদায় করলেন এবং তাঁর চাদর উল্টিয়ে নিলেন। সুফ্ইয়ান (রহ.) বলেন, আবৃ বাক্র ( হরে) হতে মাস'উদ আমাদের বলেছেন, তিনি (চাদর পাল্টানোর ব্যাপারে) বলেন, ডান পাশ বাঁ পাশে দিলেন। (১০০৫) (আ.প্র. ৯৬৫, ই.ফা. ৯৭১)

# . ۲۰/۱٥ بَابِ اسْتِقْبَالِ الْقِبْلَةِ فِي الاسْتِسْقَاءِ. ۲۰/۱٥ . كراب اسْتِقْبَالِ الْقِبْلَةِ فِي الاسْتِسْقَاءِ. ১৫/২০. অধ্যায় : वृष्ठित জन्य पूर्णात पूर्ण वित्नार्भ्यी रुख्या ।

١٠٢٨. عرشنا مُحَمَّدُ بْنُ سَلاَمٍ قَالَ أَخْبَرَنَا عَبْدُ الْوَهَّابِ قَالَ حَدَّنَنَا يَحْيَى بْنُ سَعِيدَ قَالَ أَخْبَرَنِي أَبُو بَكْرِ بْنُ مُحَمَّدُ أَنَّ عَبَّادَ بْنَ تَمِيمٍ أَخْبَرَهُ أَنَّ عَبْدَ اللهِ بْنَ زَيْدِ الأَيْصَارِيَّ أَخْبَرَهُ أَنَّ النَّهِ عَبْدَ اللهِ عَبْدَ اللهِ بْنَ زَيْدِ الْأَيْصَارِيَّ أَخْبَرَهُ أَنَّ اللهِ عَبْدُ اللهِ عَبْدُ اللهِ بْنُ زَيْدِ الْمُصَلِّى يُصلِّي وَأَنَّهُ لَمَّا دَعَا أَوْ أَرَادَ أَنْ يَدْعُو اسْتَقْبَلَ الْقِبْلَةَ وَحَوَّلَ رِدَاءَهُ قَالَ أَبُو عَبْدَ اللهِ عَبْدُ اللهِ بْنُ زَيْدِ هَذَا مَازِنِيٌّ وَالْأُولُ كُوفِيٌّ هُو ابْنُ يَزِيدَ.

১০২৮. 'আবদুল্লাহ্ ইব্নু যায়দ আনসারী ( হলে হতে বর্ণিত। তিনি বলেন, নাবী ( সলাতের জন্য ঈদগাহের উদ্দেশে বের হলেন। তিনি যখন দু'আ করলেন অথবা দু'আ করার ইচ্ছা করলেন তখন ক্বিব্লাহ্মুখী হলেন এবং তাঁর চাদর উল্টিয়ে নিলেন। ইমাম বুখারী (রহ.) বলেন, এ (হাদীসের বর্ণনাকারী) 'আবদুল্লাহ্ ইব্নু যায়দ মাযিন গোত্রীয়। পূর্বের হাদীসের বর্ণনাকারী হলেন কুফী এবং তিনি ইব্নু ইয়াযীদ। (১০০৫) (আ.প্র. ৯৬৬, ই.ফা. ৯৭২)

#### . ٢ ١/١٥ . بَابِ رَفْعِ النَّاسِ أَيْدِيَهُمْ مَعَ الْإِمَامِ فِي السَّتِسْقَاءِ. ১৫/২১. অধ্যায় : বৃষ্টির পানি প্রার্থনায় ইমামের সাথে লোকদের হাত উত্তোলন করা।

١٠٢٩. بَابِ رَفْعِ النَّاسِ أَيْدِيَهُمْ مَعَ الْإِمَامِ فِي الاسْتَسْقَاءِ قَالَ أَيُّوبُ بْنُ سُلَيْمَانَ حَدَّثَنِي أَبُو بَكُرِ بْنُ أَبِي أُويَسِ عَنْ سُلَيْمَانَ بَنِ بِلَالِ قَالَ يَحْيَى بَنُ سَعِيدَ سَمِعْتُ أَنْسَ بْنَ مَالِكَ قَالَ أَتَلَى رَحُلُ أَعْرَابِيُّ مِنْ أَهْلِ الْبَدُو إِلَى رَسُولُ اللهِ عَلَيْ يَوْمَ الْجُمُعَةِ فَقَالَ يَا رَسُولَ اللهِ هَلَكَّتُ الْمَاشِيةُ مَرَّكُ أَعْرَابِيُّ مِنْ أَهْلِ الْبَدُو إِلَى رَسُولُ اللهِ عَلَيْهِ يَوْمَ الْجُمُعَةِ فَقَالَ يَا رَسُولَ اللهِ هَلَكَتُ الْمَاشِيةُ هَلَكَ النَّاسُ أَيْدِيهُمْ مَعَهُ يَدْعُونَ قَالَ فَمَا خَرَجْنَا مِنَ الْمَسْجِدِ حَتَّى مُطِرْنَا فَمَا زِلْنَا نُمْطَرُ حَتَّى كَانَتُ الْجُمُعَةُ الْأَخْرَى فَأَتَى الرَّجُلُ إِلَى نَبِي خَرَجْنَا مِنَ الْمَسْجِدِ حَتَّى مُطِرْنَا فَمَا زِلْنَا نُمْطَرُ حَتَّى كَانَتُ الْجُمُعَةُ الْأَخْرَى فَأَتَى الرَّجُلُ إِلَى نَبِي اللهِ فَقَالَ يَا رَسُولَ اللهِ بَشْقَ الْمُسَافِرُ وَمُنعَ الطَّرِيقُ.

১০২৯. আনাস ইব্নু মালিক ( হেত বর্ণিত। তিনি বলেন, এক বেদুঈন জুমু'আহ'র দিন রসূল্ল্লাহ্ ক্লে-এর নিকট উপস্থিত হয়ে বলল, হে আল্লাহ্র রসূল! (অনাবৃষ্টিতে) পশুগুলো মরে যাচ্ছে,

পরিবার-পরিজন মারা যাচ্ছে, মানুষ ধ্বংস হয়ে যাচছে। তখন আল্লাহর রসূল কু দু'আর জন্য দু'হাত উঠালেন। লোকজনও দু'আর জন্য আল্লাহর রসূল কু এর সঙ্গে হাত উঠিয়ে দু'আ করতে লাগলেন। বর্ণনাকারী বলেন, আমরা মাসজিদ হতে বের হবার পূর্বেই বৃষ্টি আরম্ভ হয়ে গেল, এমন কি পরবর্তী জুমু'আ পর্যন্ত আমাদের উপর বৃষ্টি হতে থাকল। তখন লোকটি আল্লাহর নাবী কু এর নিকট এসে বলল, হে আল্লাহর রসূল! মুসাফির ক্লান্ত হয়ে যাচেছ, রাস্তাঘাট বন্ধ হয়ে গেছে। ﴿
كَانِّ -এর অর্থ ক্লান্ত হয়ে যাচেছ (১৩২) (আ.এ. ১৬৭, ই.ফা. ১৭৩)

١٠٣٠. وَقَالَ الْأُوَيْسِيُّ حَدَّثَنِي مُحَمَّدُ بْنُ جَعْفَرٍ عَنْ يَحْيَى بْنِ سَعِيدٍ وَشَرِيكٍ سَمِعَا أَنَسًا عَنِ النَّبِسَيِّ اللَّهُ رَفَعَ يَدَيْهِ حَتَّى رَأَيْتُ بَيَاضَ إِبْطَيْهِ.

১০৩০. আনাস হাতে বর্ণিত যে, নাবী হাত তাঁর উর্ভয় হাত উঠিয়েছিলেন, এমন কি আমরা তাঁর বগলের শুদ্রতা দেখতে পেয়েছি। (আ.প্র. নাই, ই.ফা. ৯৭৩ শেষাংশ)

> . ۲۲/۱٥ بَابِ رَفْعِ الْإِمَامِ يَدَهُ فِي الْاسْتِسْقَاءِ. ১৫/২২. অধ্যায় : वृष्टित शीनि क्षार्थनाग्न ইমামের হাত উত্তোলন করা।

١٠٣١. **مرثنا** مُحَمَّدُ بْنُ بَشَّارٍ حَدَّثَنَا يَحْيَى وَابْنُ أَبِي عَدِيٍّ عَنْ سَعِيد عَنْ قَتَادَةَ عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ قَالَ كَانَ النَّبِيُّ ﷺ لَاَ يَرْفَعُ يَدَيْهِ فِي شَيْءٍ مِنْ دُعَائِهِ إِلاَّ فِي الِاسْتِسْقَاءِ وَإِنَّهُ يَرْفَعُ حَتَّى يُرَى بَيَاضُ إِبْطَيْهِ.

১০৩১. আনাস ইব্নু মালিক (হা) হতে বর্ণিত। তিনি বলেন, নাবী ক্রিট্র ইসতিস্কা ছাড়া অন্য কোথাও দু'আর মধ্যে হাত উঠাতেন না। তিনি হাত এতটুকু উপরে উঠাতেন যে, তাঁর বগলের শুদ্রতা দেখা যেত। (৩৫৬৫, ৬৩৪১ মুসলিম ৯/১, হাঃ ৮৯৫) (আ.প্র. ৯৬৮, ই.ফা. ৯৭৪)

٧٣/١٥. بَابِ مَا يُقَالُ إِذَا مَطَرَتْ.

১৫/২৩. অধ্যায় : বৃষ্টিপাতের সময় কী বলতে হয়।

وَقَالَ ابْنُ عَبَّاسٍ ﴿ كُصَيِّبٍ ﴾ الْمَطَرُ وَقَالَ غَيْرُهُ صَابَ وَأَصَابَ يَصُوبُ.

ইব্নু 'আব্বাস ( হেত বর্ণিত। কুরআনের আয়াত گُصَيِّبِ অর্থ বৃষ্টি (সূরাহ আল-বাকারাহ ১৯)। অন্যরা বলেছেন كَصَيِّب শব্দিট مَابَ يَصُوبُ প্রকটি صَابَ وَأَصَابَ يَصُوبُ

١٠٣٢. عَرْمُنَا مُحَمَّدٌ هُوَ ابْنُ مُقَاتِلٍ أَبُو الْحَسَنِ الْمَرْوَزِيُّ قَالَ أَخْبَرَنَا عَبْدُ اللهِ قَالَ أَخْبَرَنَا عَبْدُ اللهِ قَالَ الْحَبَرَنَا عَبْدُ اللهِ عَنْ اللهِ عَنْ اللهُ عَنْ اللهُ عَنْ نَافِع عَنِ الْقَاسِمِ بْنِ مُحَمَّد عَنْ عَائِشَةً أَنَّ رَسُولَ اللهِ عَلَىٰ كَانَ إِذَا رَأَى الْمَطَرَ قَالَ اللَّهُمَّ صَيِّبًا نَافِعُ اللهِ عَنْ اللهُ عَنْ نَافِع. تَابَعَهُ اللهُ عَنْ نَافِع.

১০৩২. 'আয়িশাহ ভিন্তা হতে বর্ণিত। আল্লাহর রস্ল ক্ষ্রি দেখলে বলতেন, হে আল্লাহ্! মুষলধারায় কল্যাণকর বৃষ্টি দাও। ক্বাসিম ইব্নু ইয়াহ্ইয়া (রহ.) 'উবাইদুল্লাহ্র সূত্রে তার বর্ণনায় 'আবদুল্লাহ্ (রহ.)-এর অনুসরণ করেছেন এবং 'উকায়ল ও আওযায়ী (রহ.) নাফি' (রহ.) হতে তা বর্ণনা করেছেন। (আ.এ. ৯৬৯, ই.ফা. ৯৭৫)

# ٥ ٢٤/١. بَابِ مَنْ تَمَطُّرَ فِي الْمَطَرِ حَتَّى يَتَحَادَرَ عَلَى لِحْيَتِهِ.

১৫/২৪. অধ্যায় : বৃষ্টিতে কেউ এমনভাবে ভিজে যাওয়া যে, দাড়ি বেয়ে পানি ঝরলো।

١٠٣٣. عرشنا مُحَمَّدُ بَنُ مُقَاتِلٍ قَالَ أَخْبَرَنَا عَبْدُ اللهِ بَنُ الْمُبَارِكِ قَالَ أَخْبَرَنَا الْأَوْزَاعِيُّ قَالَ حَدَّنَنِي أَسُ بَنُ مَالِكُ قَالَ أَصَابَتُ النَّاسَ سَنَةً عَلَى عَهْدِ رَسُولِ اللهِ عَلَى فَبَيْنَا رَسُولُ اللهِ عَلَى الْمُنْبَرِ يَوْمَ الْحُمُعَةِ قَامَ أَعْرَابِيٌّ فَقَالَ يَا رَسُولَ اللهِ هَلَكَ اللهَ اللهِ عَلَى الْمُنْبَرِ يَوْمَ الْحُمُعَةِ قَامَ أَعْرَابِيٌّ فَقَالَ يَا رَسُولَ اللهِ هَلَكَ اللهَ اللهِ عَلَى الْمُنْبَرِ عَلَى الْمُنْبَرِ عَلَى السَّمَاءِ قَزَعَةً قَالَ فَشُارَ اللهِ عَلَى السَّمَاءِ قَزَعَةً قَالَ فَشُالَ اللهُ عَلَى السَّمَاءِ قَزَعَةً قَالَ فَنَا أَنْ يَسْتَقِينَا قَالَ فَرَغَى رَسُولُ اللهِ عَلَى لِكَيْبَةِ وَمَا فِي السَّمَاءِ قَزَعَةً قَالَ فَلَا فَلَكَ اللهُ عَلَى لَكَيْبَةً وَاللّهُ عَلَى اللهُ عَلَى لَكُيْبَةً وَاللّهُ عَلَى لَاكُنِي يَلِيهِ إِلَى الْجُمُعَةِ الآخْرَى فَقَامَ ذَلِكَ الْأَعْرَابِيُّ أَوْ رَجُلُ غَيْرُهُ فَقَالَ يَا رَسُولَ اللهِ تَهَدَّمَ الْبَنَاءُ وَعَرِقَ الْمَالُ فَادْعُ اللّهُ اللهُ عَلَى اللهُمُ حَوَالَيْنَا وَلا عَلَيْنَا قَالَ فَمَا اللهُ عَلَى اللهُ عَلَى اللهُمُ حَوَالَيْنَا وَلاَ عَلَيْنَا قَالَ فَمَا اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ اللهُ عَلَى اللهُ اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ اللهُ

১০৩৩. আনাস ইব্নু মালিক হ্রা হতে বর্ণিত তিনি বলেন, আল্লাহর রস্ল হ্রা-এর যুগে একবার লোকেরা অনাবৃষ্টিতে পতিত হল। সে সময় আল্লাহর রস্ল হ্রা একবার মিম্বারে দাঁড়িয়ে জুমু'আহ'র খুত্বা দিচ্ছিলেন। তখন এক বেদুঈন দাঁড়িয়ে বলল, হে আল্লাহর রস্ল! (অনাবৃষ্টিতে) ধন-সম্পদ বিনষ্ট হয়ে যাছে । পরিবার-পরিজন ক্ষুধার্ত । আপনি আল্লাহ্র নিকট দু'আ করুন, তিনি যেন আমাদের বৃষ্টি দান করেন। তখন আল্লাহর রস্ল হ্রা তাঁর দু' হাত তুললেন। সে সময় আকাশে একখণ্ড মেঘও ছিল না। বর্ণনাকারী বলেন, হঠাৎ পাহাড়ের মত বহু মেঘ একত্রিত হল। আল্লাহর রস্ল হ্রা মিম্বার হতে নামার আগেই বৃষ্টি তরু হলো। এমনকি আমি দেখলাম, নাবী হ্রা-এর দাড়ি বেয়ে বৃষ্টির পানি ঝরছে। বর্ণনাকারী আরো বলেন, সেদিন, তার পরের দিন, তার পরের দিন এবং পরবর্তী জুমু'আহ পর্যন্ত বৃষ্টি হল। অতঃপর সে বেদুঈন বা অন্য কেউ দাঁড়িয়ে বলল, হে আল্লাহ্র রস্ল! ঘর-বাড়ি বিধ্বস্ত হয়ে গেল, সম্পদ ডুবে গেল, আপনি আল্লাহ্র নিকট আমাদের জন্য দু'আ করুন। আল্লাহর রস্ল হ্রা তখন তাঁর দু'হাত তুলে বললেন হে আল্লাহ্য আমাদের আশে পাশে, আমাদের উপর নয়। অতঃপর তিনি হাত দিয়ে আকাশের যে দিকে

ইশারা করলেন, সে দিকের মেঘ কেটে গেল। এতে সমগ্র মাদীনার আকাশ মেঘ মুক্ত চালের মত হয়ে গেল এবং কানাত উপত্যকায় এক মাস ধরে বৃষ্টি প্রবাহিত হতে থাকে। বর্ণনাকারী বলেন, তখন যে এলাকা হতে লোক আসত, কেবল এ প্রবল বর্ষণের কথাই বলাবলি করত। (৯৩২) (আ.প্র. ৯৭০, ই.ফা. ৯৭৬)

# ٥ / / ٧٥. إِذَا هَبَّتْ الرَّيخُ.

#### ১৫/২৫. অধ্যায়: যখন বাতাস প্রবাহিত হয়।

١٠٣٤. صَرَمُنَا سَعِيدُ بْنُ أَبِي مَرْيَمَ قَالَ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ جَعْفَرٍ قَالَ أَخْبَرَنِي حُمَيْدٌ أَنَّهُ سَمِعَ أَنَسَ بْنَ مَالِكٍ يَقُولُ كَانَتَ الرِّيحُ الشَّدِيدَةُ إِذَا هَبَّتْ عُرِفَ ذَلِكَ فِي وَجْهِ النَّبِيِّ ﷺ.

১০৩৪. আনাস ইব্নু মালিক ( হতে বর্ণিত। তিনি বলেন, যখন প্রবল গতিতে বায়ু প্রবাহিত হত তখন নাবী হক্ত-এর চেহারায় তার প্রতিক্রিয়া দেখা দিত। (ভয়ের চিহ্ন দেখা দিত)। (আ.প্র. ৯৭১, ই.ফা. ৯৭৭)

## ٢٦/١٥. بَابِ قَوْلِ النَّبِيِّ اللَّهِ مُصِرْتُ بِالصَّبَا.

১৫/২৬. অধ্যায় : নাবী ্ল্ল্ড্র-এর উক্তি, "আমাকে পূর্ব দিক হতে আগত হাওয়ার মাধ্যমে সাহায্য করা হয়েছে"।

١٠٣٥. **طرثنا** مُسْلِمٌ قَالَ حَدَّثَنَا شُعْبَةُ عَنِ الْحَكَمِ عَنْ مُحَاهِدٍ عَنْ ابْنِ عَبَّــاسٍ أَنَّ النَّبِـــيَّ ﷺ قَـــالَ نُصِرْتُ بِالصَّبَا وَأَهْلِكَتْ عَادُ بالدَّبُور.

১০৩৫. ইব্নু 'আব্বাস হাত বর্ণিত নাবী হাত বলেন, আমাকে পূর্বের হাওয়া দিয়ে সাহায্য করা হয়েছে। আর আদ জাতিকে পশ্চিমা হাওয়া দিয়ে ধ্বংস করা হয়েছে। (৩২০৫, ৩৩৪৩, ৩১০৫; মুসলিম ৯/৪, হাঃ ১০০, আহমাদ ১৯৫৫, ২০১৩, ২৯৮৪) (আ.প্র. ৯৭২, ই.ফা. ৯৭৮)

#### . ۲۷/۱٥. بَابِ مَا قِيلَ فِي الزَّلاَزِل وَالآيَات. ১৫/২৭. অধ্যায়: ভূমিকর্ম্প ও কিয়ার্মতের নিদর্শন সম্পর্কে যা বর্ণিত হয়েছে।

١٠٣٦. صرفنا أَبُو الْيَمَان قَالَ أَخْبَرَنَا شُعَيْبٌ قَالَ أَخْبَرَنَا أَبُو الزِّنَادِ عَنْ عَبْدِ الرَّحْمَنِ الْأَعْرَجِ عَنْ أَبِي هُرْيَرَةَ قَالَ قَالَ النَّبِيُّ ﴿ عَلَيْلَا تَقُومُ السَّاعَةُ حَتَّى يُقْبَضَ الْعِلْمُ وَتَكْثُرَ الزَّلَازِلُ وَيَتَقَارَبَ الزَّمَانُ وَتَظْهَرَ الْفِسَتَنُ وَيَكْثُرَ الْهَرْجُ وَهُوَ الْقَتْلُ الْقَتْلُ حَتَّى يَكْثُرَ فيكُمْ الْمَالُ فَيَفيضَ.

১০৩৬. আবৃ হুরাইরাহ্ ক্রিট্রা হতে বর্ণিত। তিনি বলেন, নাবী ক্রিট্র বলেছেন: ক্রিয়ামাত কায়িম হবে না, যে পর্যন্ত না ইল্ম উঠিয়ে নেয়া হবে, অধিক পরিমাণে ভূমিকম্প হবে, সময় সংকুচিত হয়ে আসবে, ফিত্না প্রকাশ পাবে এবং হারজ বৃদ্ধি পাবে। হারজ খুন-খারাবী। তোমাদের ধন-সম্পদ এত বৃদ্ধি পাবে যে, উপচে পড়বে। (৮৫) (আ.প্র. ৯৭৩, ই.ফা. ৯৭৯)

١٠٣٧. صرثنا مُحَمَّدُ بْنُ الْمُثَنَّى قَالَ حَدَّنَنَا حُسَيْنُ بْنُ الْحَسَنِ قَالَ حَدَّنَنَا ابْنُ عَوْن عَنْ نَافِعٍ عَنْ ابْنِ عُمَرَ قَالَ اللَّهُمَّ بَارِكْ لَنَا فِي شَامِنَا وَفِي يَمَنِنَا قَالَ قَالُوا وَفِي نَجْدِنَا قَالَ قَالَ اللَّهُمَّ بَارِكْ لَنَا فِي شَسامِنَا وَفِي يَمَنِنَا قَالَ اللَّهُمَّ بَارِكْ لَنَا فِي شَسامِنَا وَفِي يَمَنِنَا قَالَ اللَّهُمَّ بَارِكْ لَنَا فِي شَسامِنَا وَفِي يَمَنِنَا قَالَ اللَّهُمَّ بَارِكُ لَنَا فِي شَلَادِلُ وَالْفِتَنُ وَبِهَا يَطْلُعُ قَرْنُ الشَّيْطَانِ.

১০৩৭. ইব্নু 'উমার ( হতে বর্ণিত। নাবী হক্ত বলেন, হে আল্লাহ্! আমাদের শামে (সিরিয়া) ও ইয়ামনে বরকত দান করুন। লোকেরা বলল, আমাদের নজদেও। নাবী হক্ত বললেন : হে আল্লাহ্! আমাদের শামদেশে ও ইয়ামনে বরকত দান করুন। লোকেরা তখন বলল, আমাদের নজদেও। রাবী বলেন, নাবী হক্ত তখন বললেন : সেখানে তো রয়েছে ভূমিকম্প ও ফিত্না-ফাসাদ আর শয়তানের শিং সেখান হতেই বের হবে (তার উত্থান ঘটবে)। (৬০৯৪) (আ.গ্র. ৯৭৪, ই.ফা. ৯৮০)

٥ / ٢٧/ . بَابِ قَوْلِ اللهِ تَعَالَى: ﴿ وَتَجْعَلُونَ رِزْقَكُمْ أَنَّكُمْ تُكَذِّبُونَ ﴾

১৫/২৮. অধ্যায় : আল্লাহ্ তা'আলার বাণী : "এবং তোমরা মিথ্যারোপকেই তোমাদের উপজীব্য করেছ"। (স্রাহ্ আল-ওয়াকিয়াহ ৫৬/৮২)

قَالَ ابْنُ عَبَّاسِ شُكْرَ كُمْ. ইব্নু 'আব্বাস ﷺ বলেন, 'রিয্ঁক' দ্বারা এখানে 'কৃতজ্ঞতা' বুঝানো হয়েছে।

١٠٣٨. صر أن الشه أن عَبَد الله أن عَن مالك عَن صالح بن كَيْسَانَ عَنْ عُبَيْد الله بَن عَبْد الله بن عُتَبَة بَسِن مَسْعُود عَنْ زَيْد بَن خَالِد الْحُهنِيِّ أَنَّهُ قَالَ صَلَّى لَنَا رَسُولُ الله عَنْ صَلاَةَ الصُّبَح بِالْحُدَيْبِيَةِ عَلَى إِثْرِ سَسماء كَانَتُ مِنْ اللَّيْلَةِ فَلَمَّا انْصَرَفَ النَّبِيُ عَنَى أَقَبَلَ عَلَى النَّاسِ فَقَالَ هَلْ تَدْرُونَ مَاذَا قَالَ رَبُّكُمْ قَالُوا الله وَرَسُولُهُ كَانَتُ مِنْ اللَّيْلَةِ فَلَمَّا انْصَرَفَ النَّبِي عَلَى النَّاسِ فَقَالَ هَلْ تَدْرُونَ مَاذَا قَالَ رَبُّكُمْ قَالُوا الله وَرَسُولُهُ أَعْلَمُ قَالُ الله وَرَحْمَتِهِ فَذَلِكَ مُؤْمِنُ بِي كَافِرُ أَعْلَمُ عَالَ مُطِرْنَا بِفَضْلِ الله وَرَحْمَتِهِ فَذَلِكَ مُؤْمِنُ بِي كَافِر بِي مُؤْمِنُ بِلْكُوكُ كَب وَأَمَّا مَنْ قَالَ مُومِنْ بِي مُؤْمِنُ بِالْكَوْكِ .

১০৩৮. যায়দ ইব্দু খালিদ জুহানী ( হল) হতে বর্ণিত। তিনি বলেন, আল্লাহর রস্ল ( রাতে বৃষ্টিপাতের পরে আমাদের নিয়ে হুদাইবিয়ায় ফজরের সলাত আদায় করেন। অতঃপর নাবী ক্রি সালাম ফিরিয়ে লোকদের দিকে মুখ করে বললেন: তোমরা কি জান, তোমাদের রব কী বলেছেন? তাঁরা বললেন, আল্লাহ্ এবং তাঁর রস্লই ভাল জানেন। তিনি তখন বললেন, (আল্লাহ্ বলেছেন) আমার কিছু সংখ্যক বান্দা বিশ্বাসী এবং অবিশ্বাসী হয়ে গেল। যে ব্যক্তি বলে, আল্লাহ্র ফযল ও রহমতে আমাদের উপর বৃষ্টি বর্ষিত হয়েছে, সে আমার প্রতি বিশ্বাসী এবং নক্ষত্রের প্রতি অবিশ্বাসী। আর যে ব্যক্তি বলে, অমুক অমুক নক্ষত্র উদয়ের ফলে (বৃষ্টি হয়েছে) সে ব্যক্তি আমার প্রতি অবিশ্বাসী এবং নক্ষত্রের প্রতি বিশ্বাসী। (৮৪৬) (আ.প্র. ৯৭৫, ই.ফা. ৯৮১)

# প ११/० . بَابِ لاَ يَدْرِي مَتَى يَجِيءُ الْمَطَرُ إِلاَّ اللهُ ১৫/২৯. অধ্যায় : কখন বৃষ্টি হবে তা মহান আল্লাহ্ ছাড়া কেউ অবগত নয়। وَقَالَ أَبُو هُرَيْرَةَ عَنِ النَّبِيّ ﷺ خَمْسٌ لاَ يَعْلَمُهُنَّ إِلاَّ اللهُ.

আবৃ হুরাইরাহ্ ( নাবী হ্রু হতে বর্ণনা করেছেন, পাঁচটি এমন বিষয় রয়েছে, যে সম্পর্কে আল্লাহ্ ছাড়া কেউ জানে না।

١٠٣٩. صر ثنا مُحَمَّدُ بْنُ يُوسُفَ قَالَ حَدَّثَنَا سُفَيَانُ عَنْ عَبْدِ اللهِ بْنِ دِينَارِ عَنْ ابْنِ عُمَرَ قَالَ قَالَ قَالَ مَرْسُولُ اللهِ عَلَىٰ مِفْتَاحُ الْغَيْبِ حَمْسٌ لاَ يَعْلَمُهَا إِلاَّ اللهُ لاَ يَعْلَمُ أَحَدُّ مَا يَكُونُ فِي غَد وَلاَ يَعْلَمُ أَحَدُ مَا يَكُونُ فِي عَد وَلاَ يَعْلَمُ أَحَدُ مَا يَكُونُ فِي الْأَرْحَامِ وَلاَ تَعْلَمُ نَفْسٌ مَاذَا تَكُسِبُ غَدًا وَمَا تَدْرِي نَفْسٌ بِأَيِّ أَرْضٍ تَمُوتُ وَمَا يَدْرِي أَحَدُ مَتَسَى يَحَى الْمَطَرُ.

১০৩৯. ইব্নু 'উমার হ্লা হতে বর্ণিত। তিনি বলেন, নাবী হল বলেছেন : গায়বের চাবি হল পাঁচটি, যা আল্লাহ্ ছাড়া কেউ জানে না। (১) কেউ জানে না যে, আগামীকাল কী ঘটবে। (২) কেউ জানে না যে, আগামীকাল সে কী অর্জন করবে। (৩) কেউ জানে না যে, মায়ের গর্ভে কী আছে। (৪) কেউ জানে না যে, সে কোথায় মারা যাবে। (৫) কেউ জানে না যে, কখন বৃষ্টি হবে। (৪৬২৭, ৪৬৯৭, ৪৭৭৮, ৭৩৭৯) (আ.এ. ৯৭৬, ই.ফা. ৯৮২)

بِسْمِ اللهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ পরম দয়ালু কুরুণাময় আল্লাহর নামে الكسئوف পর্ব (১৬) : সূর্যহাহণ

١/١٦. بَابِ الصَّالاَةِ فِي كُسُوفِ الشَّمْسِ.

১৬/১. অধ্যায় : সূর্যগ্রহণের সময় সলাত।

١٠٤٠. حرثنا عَمْرُو بْنُ عَوْن قَالَ حَدَّنَنا حَالدٌ عَنْ يُونُسَ عَنِ الْحَسَنِ عَنْ أَبِي بَكْرَةَ قَالَ كُنَّا عِنْ عَنْ رُونَا وَلَهُ عَنْ يُونُسَ عَنِ الْحَسَنِ عَنْ أَبِي بَكْرَةً قَالَ كُنَّا عِنْ عَنْ رَسُولِ اللهِ عَلَى فَانْكَسَفَتُ الشَّمْسُ فَقَامَ النَّبِيُ عَلَى يَخُرُّ رِدَاءَهُ حَتَّى دَخَلَ الْمَسْجِدَ فَلَـدَخَلْنَا فَصَلَى بِنَا رَكُعْتَيْنِ حَتَّى الْجَلَتُ الشَّمْسُ فَقَالَ عَلَى إِنَّ الشَّمْسُ وَالْقَمْرَ لاَ يَنْكَسِفَانِ لِمَوْتِ أَحَدٍ فَإِذَا رَأَيْتُمُوهُمَا فَصَلُوا وَادْعُوا حَتَّى يُكْشَفَ مَا بِكُمْ.
 وَادْعُوا حَتَّى يُكْشَفَ مَا بِكُمْ.

১০৪০. আবৃ বাকরাহ হতে বর্ণিত। তিনি বলেন, আমরা নাবী ক্র-এর নিকট ছিলাম, এ সময় সূর্যগ্রহণ শুরু হয়। নাবী ক্রি তখন উঠে দাঁড়ালেন এবং নিজের চাদর টানতে টানতে মাসজিদে প্রবেশ করলেন এবং আমরাও প্রবেশ করলাম। তিনি আমাদেরকে নিয়ে সূর্য প্রকাশিত হওয়া পর্যন্ত দু'রাক'আত সলাত আদায় করলেন। অতঃপর নাবী ক্রি বললেন: কারো মৃত্যুর কারণে কখনো সূর্যগ্রহণ বা চন্দ্রগ্রহণ হয় না। তোমরা যখন সূর্যগ্রহণ দেখবে তখন এ অবস্থা দূর না হওয়া পর্যন্ত সলাত আদায় করবে এবং দু'আ করতে থাকবে। (১০৪৮,১০৬২, ১০৬৩, ৫৭৮৫) (আ.প্র. ৯৭৭, ই.ফা. ৯৮৩)

١٠٤١. **صرثنا** شهابُ بَنُ عَبَّاد قَالَ حَدَّنَنَا إِبْرَاهِيمُ بَنُ حُمَيْد عَنْ إِسْمَاعِيلَ عَنْ قَيْسٍ قَالَ سَمِعْتُ أَبَا مَسْعُود يَقُولُ قَالَ النَّبِيُّ اللَّهُ إِنَّ الشَّمُّسَ وَالْقَمَرَ لاَ يَنْكَسِفَانِ لِمَوْتُ أَحَدٍ مِنْ النَّاسِ وَلَكِنَّهُمَّا آيَتَانِ مِنْ آيَاتِ الله فَإِذَّا رَأَيْتُمُوهُمَا فَقُومُوا فَصَلُّوا.

১০৪১. আবৃ মাস'উদ ( হাত বর্ণিত। তিনি বলেন, নাবী ক্রি বলেছেন: কোন লোকের মৃত্যুর কারণে কখনো সূর্যগ্রহণ বা চন্দ্রগ্রহণ হয় না। তবে তা আল্লাহ্র নিদর্শনসমূহের মধ্যে দু'টি নিদর্শন। তাই তোমরা যখন সূর্যগ্রহণ বা চন্দ্রগ্রহণ হতে দেখবে, তখন দাঁড়িয়ে যাবে এবং সলাত আদায় করবে। (১০৫৭, ৩২০৪; মুসলিম ১০/৫, হাঃ ৯১১, আহমাদ ১৭১০) (আ.গ্র. ৯৭৮, ই.ফা. ৯৮৪)

١٠٤٢. صر*شنا* أَصْبَغُ قَالَ أَخْبَرَنِي ابْنُ وَهْبِ قَالَ أَخْبَرَنِي عَمْرُو عَنْ عَبْدِ الرَّحْمْنِ بْنِ الْقَاسِمِ حَدَّثَــهُ عَنْ أَبِيهِ عَنْ ابْنِ عُمَرَ رَضِيَ اللهُ عَنْهُمَا أَنَّهُ كَانَ يُخْبِرُ عَنِ النَّبِيِّ ﷺ إِنَّ الشَّمْسَ وَالْقَمَرَ لَا يَحْسِفَانِ لِمَوْتِ أَحَدُ وَلَا لِحَيَاتِهِ وَلَكِنَّهُمَا آيَتَانِ مِنْ آيَاتِ اللهِ فَإِذَا رَأَيْتُمُوهَا فَصَلُّوا. ১০৪২. ইব্নু 'উমার 🚗 হতে বর্ণিত। তিনি নাবী 🥰 হতে বর্ণনা করেন যে, সূর্যগ্রহণ ও চন্দ্রগ্রহণ কারো মৃত্যু বা জন্মের কারণে হয় না। তবে তা আল্লাহ্র নিদর্শনসমূহের মধ্যে দু'টি নিদর্শন। কাজেই তোমরা যখনই গ্রহণ হতে দেখবে তখনই সলাত আদায় করবে। (৩২০১) (আ.প্র. ৯৭৯, ই.ফা. ৯৮৫)

1.٤٣. مَرْمُنَا عَبْدُ اللهِ بْنُ مُحَمَّدِ قَالَ حَدَّنَنَا هَاشِمُ بْنُ الْقَاسِمِ قَالَ حَدَّثَنَا شَيْبَانُ أَبُو مُعَاوِيَةَ عَنْ زِيَادِ بَنِ عَلَاقَةَ عَنِ اللهِ عَلَى عَهْدِ رَسُولِ اللهِ عَلَى عَهْدِ وَسُولُ اللهِ عَلَى عَهْدِ رَسُولُ اللهِ عَلَى عَلَى عَهْدِ رَسُولُ اللهِ عَلَى مَالُولُ وَاللّهُ عَلَى اللهِ عَلَى عَلَى عَلَى عَلَى عَلَى عَلَى عَلَى اللهِ عَلَى اللهِ عَلَى عَلْ

১০৪৩. মুগীরাহ ইব্নু ত'বাহ তে বর্ণিত। তিনি বলেন, আল্লাহর রসূল তে-এর সময় যে দিন (তাঁর পুত্র) ইবরাহীম ত ইন্তিকাল করেন, সেদিন সূর্যগ্রহণ হয়েছিল। লোকেরা তখন বলতে লাগল, ইব্রাহীম ত এর মৃত্যুর কারণেই সূর্যগ্রহণ হয়েছে। তখন আল্লাহর রসূল ত বললেন: কারো মৃত্যু অথবা জন্মের কারণে সূর্য বা চন্দ্রগ্রহণ হয় না। তোমরা যুখন তা দেখবে, তখন সলাত আদায় করবে এবং আল্লাহ্র নিকট দু'আ করবে। (১০৬০, ৬১৯৯; মুসলিম ১০,৫, হাঃ ৯১৫, আহমদ ১৮১৬৫, ১৮২০২) (আ.প্র. ৯৮০, ই.মা. ৯৮৬)

#### ۲/۱٦. بَابِ الصَّدَقَة في الْكُسُوف. ১৬/২. र्ज्थाय : সূর্য্যহ্ণের সময় দান-খয়রাত করা।

خَسَفَتْ الشَّمْسُ فِي عَهْدِ رَسُولِ اللهِ عَنْ مَالِكُ عَنْ هِشَامِ بْنِ عُرْوَةً عَنْ أَبِيهِ عَنْ عَائِشَةَ أَنَّهَا قَالَاتُ خَسَفَتْ الشَّمْسُ فِي عَهْدِ رَسُولِ اللهِ عَنَّ مَالِكُ عَنْ هِشَامِ بْنِ عُرُونَ عَلَمْ بِالنَّاسِ فَقَامَ فَأَطَالَ الْقَيَامَ ثُمَّ رَكَعَ فَأَطَالَ السُّكُوعَ وَهُوَ دُونَ الرُّكُوعِ الأُولِ ثُمَّ رَكَعَ فَأَطَالَ الرُّكُوعَ وَهُو دُونَ الرُّكُوعِ الأُولِ ثُمَّ اللَّكُوعَ ثُمَّ فَعَلَ فِي الرَّكَعَةَ النَّانِيَةِ مِثْلَ مَا فَعَلَ فِي الآولَى ثُمَّ انْصَرَفَ وَقَدْ الْحَلَتُ الشَّسَمُسُ فَخَطَبَ النَّاسَ فَحَمَدَ الله وَأَثْنَى عَلَيْهِ ثُمَّ قَالَ إِنَّ الشَّمْسَ وَالْقَمَرَ آيَتَانِ مِنْ آيَاتِ الله لاَ يَخْسَفَانِ لَمَوْتِ أَحَد فَخَطَبَ النَّاسَ فَحَمَدَ الله وَأَثْنَى عَلَيْهِ ثُمَّ قَالَ إِنَّ الشَّمْسَ وَالْقَمَرَ آيَتَانِ مِنْ آيَاتِ الله لاَ يَخْسَفَانِ لَمَوْتِ أَحَد فَخَطَبَ النَّاسَ فَحَمَدَ الله وَأَثْنَى عَلَيْهِ ثُمَّ قَالَ إِنَّ الشَّمْسَ وَالْقَمَرَ آيَتَانِ مِنْ آيَاتِ الله لاَ يَخْسَفَانِ لَمَوْتِ أَحَد أَعْلَ لِكَوْلَ وَتَعْمَلُوا وَتَصَدَّقُوا ثُمَّ قَالَ يَا أُمَّةً مُحَمَّدُ وَاللهِ مَنْ أَيْلُ لَا يَخْسَفَانِ لَمَوْتَ أَعْلَ فَلَ يَا أُمَّةً مُحَمَّدُ وَاللهِ أَنْ يَرْنِي عَبْدُهُ أَوْ تَرْنِي أَمْتُهُ يَا أُمَّةً مُحَمَّدُ وَاللهِ لَوْ تَعْلَمُونَ مَا أَعْلَمُ لَصَحَكَتُمْ قُلِيلاً وَلَكَكُمُ عَلَيْهُ وَلَا لَيْكُونُ مَا أَعْلَمُ لَوْمَحَكُتُمْ قَلْيلاً وَلَكَكُمُ وَلَا لَكُولُونَ مَا أَعْلَمُ لَوْمَحَكُتُمْ قُلِيلاً وَلَكَيْمُ كَثِيرًا.

১০৪৪. 'আয়িশাহ ক্রিক্রা হতে বর্ণিত। তিনি বলেন, আল্লাহর রস্ল ক্রি-এর সময় একবার সূর্যগ্রহণ হল। তখন আল্লাহর রস্ল ক্রি লোকদের নিয়ে সলাত আদায় করেন। তিনি দীর্ঘ সময় কিয়াম করেন, অতঃপর দীর্ঘক্ষণ রুক্ করেন। অতঃপর পুনরায় (সলাতে) তিনি উঠে দাঁড়ান এবং দীর্ঘ কিয়াম করেন। অবশ্য তা প্রথম কিয়াম চেয়ে অল্লস্থায়ী ছিল। আবার তিনি রুক্ করেন এবং এ রুক্ ও দীর্ঘ করেন। তবে তা প্রথম রুক্ র চেয়ে অল্লস্থায়ী ছিল। অতঃপর তিনি সাজদাহ্ করেন এবং সাজদাহ্ও

দীর্ঘক্ষণ করেন। অতঃপর তিনি প্রথম রাকা'আতে যা করেছিলেন তার অনুরূপ দ্বিতীয় রাকা'আতে করেন এবং যখন সূর্য প্রকাশিত হয় তখন সলাত শেষ করেন। অতঃপর তিনি লোকজনের উদ্দেশে খুত্বা দান করেন। প্রথমে তিনি আল্লাহ্র প্রশংসা ও গুণ বর্ণনা করেন। অতঃপর তিনি বলেনঃ সূর্য ও চন্দ্র আল্লাহ্র নিদর্শন সমূহের মধ্যে দু'টি নিদর্শন। কারো মৃত্যু বা জন্মের কারণে সূর্যগ্রহণ ও চন্দ্রগ্রহণ হয় না। কাজেই যখন তোমরা তা দেখবে তখন তোমরা আল্লাহ্র নিকট দু'আ করবে। তাঁর মহত্ব ঘোষণা করবে এবং সলাত আদায় করবে ও সদাক্বাহ প্রদান করবে। অতঃপর তিনি আরো বললেন : হে উম্মাতে মুহাম্মাদী! আল্লাহ্র কসম, আল্লাহ্র কোন বান্দা যিনা করলে কিংবা কোন নারী যিনা করলে, আল্লাহ্র চেয়ে অধিক অপছন্দকারী কেউ নেই। হে উম্মাতে মুহাম্মাদী! আল্লাহ্র কসম, আমি যা জানি তা যদি তোমরা জানতে তাহলে তোমরা অবশ্যই হাসতে কম এবং বেশী করে কাঁদতে। (১০৪৬, ১০৪৭, ১০৫০, ১০৫০, ১০৫৬, ১০৫৮, ১০৬৪, ১০৬৫, ১০৬৬, ১২১২, ৩২০৩, ৪৬২৪, ৫২২১, ৬৬৫৩১; মুসলিম ১০/১, হাঃ ৯০১, আহমাদ ২৫৩৬৭, ২৫৪০৬) (আ.প্র. ৯৮১, ই.ফা. ৯৮৭)

# ٣/١٦. بَابِ النِّدَاءِ بِ الصَّلاَةُ جَامِعَةٌ فِي الْكُسُوفِ. ১৬/৩. অধ্যায় : সুৰ্যহ্মহণের সলাতে 'আস্-সালাতু জামিয়াতুন' বলে ডাকা।

١٠٤٥. صر أن إسْحَاقُ قَالَ أَخْبَرَنَا يَحْيَى بْنُ صَالِحٍ قَالَ حَدَّنَنَا مُعَاوِيَةُ بْنُ سَلاَمٍ بُسِنِ أَبِسِ سَلاَمٍ الْحَبَشِيُّ الدِّمَشَقِيُّ قَالَ حَدَّنَنَا يَحْيَى بْنُ أَبِي كَثِيرٍ قَالَ أَخْبَرَنِي أَبُو سَلَمَةَ بْنُ عَبْدِ الرَّحْمَنِ بْنِ عَوْفِ الرُّهْرِيُّ الْحَبْشِيُّ الدِّمَشَقِيُّ قَالَ حَدَّنَنَا يَحْيَى بْنُ أَبِي كَثِيرٍ قَالَ أَخْبَرَنِي أَبُو سَلَمَةَ بْنُ عَبْدِ الرَّحْمَنِ بْنِ عَوْفِ الرُّهْرِيُّ عَنْ عَبْدِ اللهِ عَنْ عَبْدِ اللهِ عَنْ عَبْدِ اللهِ عَنْ عَبْدِ اللهِ اللهُ اللهِ اللهُ اللهِ اللهِ

১০৪৫. 'আবদুল্লাহ্ ইব্নু 'আম্র (হ্রা) হতে বর্ণিত। তিনি বলেন, আল্লাহর রসূল হ্রা) এর সময় যখন সূর্যগ্রহণ হলো, তখন 'আস্-সলাতু জামি'আতুন' বলে (সলাতে সমবেত হবার জন্য) আহ্বান জানানো হল। (১০৫১; মুসলিম ১০/৪, হাঃ ৯১০, আহমাদ ৭০৬৭) (আ.প্র. ৯৮২, ই.ফা. ৯৮৮)

الکُسُوفِ . ٤/١٦ بَابِ خُطْبَةِ الْإِمَامِ فِي الْکُسُوفِ ১৬/৪. অধ্যায় : সূর্যহাহণের সময় ইমামের খুৎবাহ।

وَقَالَتَ عَائِشَةُ وَأَسْمَاءُ خَطَبَ النَّبِيُّ ... 'আয়িশাহ ও আসমা (রাযিয়াল্লাহু 'আনহুমা) বলেন, নাবী 🚗 খুত্বাহ দিয়েছিলেন।

١٠٤٦. **مرثنا** يَحْيَى بْنُ بُكْيْرٍ قَالَ حَدَّثَنِي اللَّيْثُ عَنْ عُقَيْلٍ عَنْ ابْنِ شِهَابٍ ح و حَدَّثَنِي أَحْمَدُ بُسنُ صَالِحٍ قَالَ حَدَّثَنَا عَنْبَسَةُ قَالَ حَدَّثَنَا يُونُسُ عَنْ ابْنِ شِهَابٍ حَدَّثَنِي عُرْوَةُ عَنْ عَائِشَةَ زَوْجٍ النَّبِيِّ ﷺ قَالَتْ خَسَفَتْ الشَّمْسُ فِي حَيَاةِ النَّبِيِ عَلَمُ فَخَرَجَ إِلَى الْمَسْجِدِ فَصَفَّ النَّاسُ وَرَاءَهُ فَكَبَّرَ فَاقَتَرَأَ رَسُولُ اللهِ عَلَمُ وَرَكَعَ رُكُوعًا طَوِيلاً ثُمَّ قَالَ سَمِعَ اللَّهُ لِمَنْ حَمِدَهُ فَقَامَ وَلَمْ يَسْجُدُ وَقَرَأَ قِرَاءَةً طَوِيلاً وَهُوَ أَدْنَى مِنْ الرَّكُوعِ الْأَوَّلِ ثُمَّ قَالَ سَمِعَ اللهُ هِي أَدْنَى مِنْ الرَّكُوعِ الْأَوَّلِ ثُمَّ قَالَ سَمِعَ اللهُ لِمَنْ حَمِدَهُ رَبَّنَا وَلَكَ الْحَمْلُ ثُمَّ سَجَدَ ثُمَّ قَالَ فِي الرَّكَعةِ الآخِرةِ مِثْلَ ذَلِكَ فَاسْتَكُمَلَ أَرْبَعَ رَكَعَات فِسِي لَمَنْ حَمِدَهُ وَبَّنَا وَلَكَ السَّحْمَلُ ثُمَّ سَجَدَ ثُمَّ قَالَ فِي الرَّكَعةِ الآخِرةِ مِثْلَ ذَلِكَ فَاسْتَكُمَلَ أَرْبَعَ رَكَعَات فِسِي لَمَنْ حَمِدَاتِ وَانْحَلَتُ السَّمْسُ قَبْلَ أَنْ يَنْصَرِفَ ثُمَّ قَامَ فَأَثْنَى عَلَى اللهِ بِمَا هُوَ أَهْلُهُ ثُمَّ قَالَ هُمَا آيَتَانِ مِنْ أَرْبَعِ سَجَدَات وَانْحَلَتُ السَّمْسُ قَبْلَ أَنْ يَنْصَرِفَ ثُمَّ قَامَ فَأَثْنَى عَلَى اللهِ بِمَا هُوَ أَهْلُهُ ثُمَّ قَالَ هُمَا آيَتَانِ مِنْ أَنْ عَنْ اللهِ لِمَ يَخْسَفَانِ لِمَوْتَ أَحَد وَلاَ لِحَيَاتِهِ فَإِذَا رَأَيْتُمُوهُمَا فَافْزَعُوا إِلَى الصَّلاَةِ وَكَانَ يُحَدِّثُ كَثِيرُ بُسَنُ أَنَّ عَلَى الشَّوْسُ مِنْ عَبْلُ حَدِيثَ عُرُونَ أَنْ يُحَدِّثُ كَتَيْنِ مِثُلُ الصَّبَحِ قَالَ أَحَلُ لِلللهِ أَنْ يَحْدَبُ مِنْ اللهِ بَعْدَوا لِللهِ مَنْ الشَّوْمِ عَلَى اللهُ يَعْدَلُ اللهِ الْمُعْرِقِ أَلِكُ لِمُ الْمَلِيلَةِ لَمْ يَرَدُ عَلَى رَكَعَتَيْنِ مِثْلَ الصَّبَحِ قَالَ أَحَلُ لِللَّهُ لَلْ الْعَلْمَ عَلَى الْعَلْمَ لَلْ الْعَلْمَ الْعَلْمَ لَا الْعَلَامُ عَلَى اللهُ عَلَى مَلْكَ اللهِ الْعَلْمُ لَا لَعَلَمُ الْعَلَامُ الْعَلَى الْمَلِيلَةُ لَمْ الْعَلَى اللهِ الْعَلْمَ عَلَى الْمُلْولِ الْعَلْمَ لَا الْعَلَى الْعَلَى الْعَلَالُ الْعَلْمُ الْمُلْولِلَ اللهُ الْعَلْمَ لَمُ الْمَالِقُ الْمَالِ الْمُلْعَلِيمُ الْمُ الْعُلُولُ اللهُ الْمُمَالِقُولُ اللهُ الْعَلْمُ الْمُ الْعَلْمُ الْمُ الْمُعْلَى الْمُ الْمُعْمَلِ الللهُ الْعَلْمُ الْمُعْمَلِ الْمُلْعُ اللهُ الْمُلْلُهُ الْمُ الْمُؤْمُ الْمُ الْمُ الْمُؤْمُ الْمُ الْمُ الْمُ الْمُلْمُ الْمُؤْمُ الْمُؤْمُ الْمُؤْمُ الْمُؤْمُ الْمُؤْمُ ا

১০৪৬. নাবী ক্রে-এর সহধর্মিণী 'আয়িশাহ্ ক্রিল্রী হতে বর্ণিত। তিনি বলেন, নাবী ক্রে-এর জীবদ্দশায় একবার সূর্যগ্রহণ হয়। তখন তিনি মাসজিদে গমন করেন। বর্ণনাকারী বলেন, অতঃপর লোকেরা তাঁর পিছনে সারিবদ্ধ হলো। তিনি তাক্বীর বললেন। অতঃপর আল্লাহর রসূল দীর্ঘ কিরাআত পাঠ করলেন। অতঃপর তাক্বীর বললেন এবং দীর্ঘক্ষণ কক্'তে থাকলেন। অতঃপর المَرْ حَسَدُ مَا عَمْ وَاللهُ وَ

রাবী বর্ণনা করেন, কাসীর ইব্নু 'আব্বাস (क्य) বলতেন, 'আবদুল্লাহ্ ইব্নু 'আব্বাস (ক্य) সূর্যগ্রহণ সম্পর্কে 'আয়িশাহ্ ক্রিল্লা হতে 'উরওয়াহ (রহ.) বর্ণিত হাদীসের অনুরূপ বর্ণনা করেছেন। তাই আমি 'উরওয়াহ্কে জিজ্জেস করলাম, আপনার ভাই ('আবদুল্লাহ্ ইব্নু যুবায়র) তো মাদীনাহ্য় যেদিন সূর্যগ্রহণ হয়েছিল, সেদিন ফাজ্রের সলাতের ন্যায় দু'রাক'আত সলাত আদায়ের অতিরিক্ত কিছু করেননি। তিনি বললেন, তা ঠিক, তবে তিনি সুন্নাত অনুসরণ করতে ভুল করেছেন। (১০৪৪) (ই.ফা. ৯৮৯)

### ٦/١٦. بَابِ هَلْ يَقُولُ كَسَفَتْ الشَّمْسُ أَوْ خَسَفَتْ

১৬/৫. অধ্যায় : 'কাসাফাতিশ্ শামসু' বলবে, না 'খাসাফাতিশ্ শামসু' বলবে?

وَقَالَ اللهُ تَعَالَى وَخَسَفَ الْقَمَرُ.

আল্লাহ্ তা'আলা বলেছেন, "আর চন্দ্র নিম্প্রভ হয়ে পড়বে"। (সূরাহ্ বি্যামাহ ৭৫/৮)

١٠٤٧. عرشنا سعيدُ بن عُفيْر قَالَ حَدَّثَنَا اللَّيثُ حَدَّثَنِي عُفَيْلُ عَنْ ابْنِ شِهَابِ قَالَ أَخْبَرَنِي عُرُوةُ بَنُ اللهِ عَلَيْ صَلَّى يَوْمَ خَسَفَتْ الشَّمْسُ فَقَامَ فَكَبَّرَ فَقَرَأُ قِرَاءَةً طَوِيلَةً ثُمَّ رَكَعَ رُكُوعًا طَوِيلاً ثُمَّ رَفَعَ رَأْسَهُ فَقَالَ سَمِعَ الله لِمَنْ حَمِدَهُ وَقَامَ كَمَا هُوَ ثُمَّ قَرَأً قِرَاءَةً طَوِيلَةً وَهِي أَدْنَى مِنْ الرَّكَعَةِ الآولَى ثُمَّ سَجَدَ سُجُودًا طَوِيلاً وَهِي أَدْنَى مِنْ الرَّكَعَةِ الآولَى ثُمَّ سَجَدَ سُجُودًا طَوِيلاً وَهِي أَدْنَى مِنْ الرَّكَعَةِ الآولَى ثُمَّ سَجَدَ سُجُودًا طَوِيلاً وَهِي أَدْنَى مِنْ الرَّكَعَةِ الآولَى ثُمَّ سَجَدَ سُجُودًا طَوِيلاً وَهِي أَدْنَى مِنْ الرَّكُعَةِ الآولَى ثُمَّ سَجَدَ سُجُودًا طَوِيلاً فَهَى الرَّكُعةِ الآولَى ثُمَّ سَجَدَ سُجُودًا طَوِيلاً ثُمَّ فَعَلَ فِي الرَّكُعَةِ الآولَى ثُمَّ سَجَدَ سُجُودًا طَوِيلاً وَهِي أَدْنَى مِنْ الرَّكُعةِ الآولَى ثُمَّ سَجَدَ سُجُودًا طَوِيلاً ثُمَّ فَعَلَ فِي الرَّكُعَةِ الآولَى ثُمَّ سَلَمَ وَقَدْ تَجَلَّتُ الشَّمْسُ فَخَطَبَ النَّاسَ فَقَالَ فِي كُسُونِ الشَّالَ فِي الرَّكُعَةِ الآقِمَرِ إِنَّهُمَا آيَتَانِ مِنْ آيَاتِ اللهِ لاَ يَحْسِفَانِ لِمَوْتِ أَحَدُ وَلاَ لِحَيَاتِهِ فَإِذَا رَأَيْتُمُوهُمَا فَافَزَعُوا إِلَى الصَّلاَةِ.

১০৪৭. নাবী ত্রি-এর সহধর্মিণী 'আয়িশাহ্ ক্রিল্লা হতে বর্ণিত। তিনি বলেন, আল্লাহর রস্ল স্থাহবেরের সময় সলাত আদায় করেন। তিনি দাঁড়িয়ে তাক্বীর বললেন। অতঃপর দীর্ঘ কিরাআত পাঠ করেন। অতঃপর তিনি দীর্ঘ রুক্ 'করলেন। অতঃপর মাথা তুললেন, আর কর্মানিতর করের দাঁড়ালেন এবং দীর্ঘ কিরাআত পাঠ করলেন। তবে তা পূর্বের করিরাআতের চেয়ে অল্পস্থায়ীছিল। আবার তিনি দীর্ঘ রুক্ 'করলেন, তবে এ রুক্ 'প্রথম রুক্ 'র চেয়ে কম দীর্ঘ ছিল। অতঃপর তিনি দীর্ঘ সাজদাহ্ করলেন। অতঃপর তিনি শেষ রাক'আতে প্রথম রাক'আতের অনুরূপ করলেন এবং সালাম ফিরালেন। তখন স্থ্রহণ মুক্ত হয়ে গেল। অতঃপর লোকদের উদ্দেশে তিনি খুত্বাহ দিলেন। খুত্বায় তিনি স্র্যাহণ ও চন্দ্রগ্রহণ সম্পর্কে বললেন, এ হচ্ছে আল্লাহ্র নিদর্শন সমূহের মধ্যে দু'টি নিদর্শন। কারো মৃত্যু কিংবা জন্মের কারণে গ্রহণ হয় না। কাজেই যখন তোমরা তা দেখবে তখন তোমরা ভীত অবস্থায় সলাতের দিকে গমন করবে। (১০৪৪) (আ.প্র. ৯৮৪, ই.ফা. ৯৯০)

٦/١٦. بَابِ قَوْلِ النَّبِيِّ ﷺ يُخَوِّفُ اللهُ عِبَادَهُ بِالْكُسُوفِ

১৬/৬. অধ্যায় : নাবী ্র্ট্রে-এর উক্তি : আল্লাহ্ তা'আলা সূর্যগ্রহণ দিয়ে তাঁর বান্দাদের ইশিয়ার করেন।

وَقَالَ أَبُو مُوسَى عَنِ النَّبِيِّ ﷺ.

আবৃ মৃসা আশ'আরী 🚌 নাবী 🚎 হতে তা বর্ণনা করেছেন।

١٠٤٨. مرشنا قُتْيَبَةُ بْنُ سَعِيد قَالَ حَدَّثَنَا حَمَّادُ بْنُ زَيْدِ عَنْ يُونُسَ عَنِ الْحَسَنِ عَنْ أَبِي بَكْرَةَ قَالَ قَالَ رَسُولُ اللهِ إِنَّ الشَّمْسَ وَالْقَمَرَ أَيْتَانِ مِنْ آيَاتِ اللهِ لاَ يَنْكُسِفَانِ لِمَوْتِ أَحَد وَلاَ لِحَيَاتِهِ وَلَكِنَّ اللهَ تَعَالَى رَسُولُ اللهِ إِنَّ الشَّمْسَ وَالْقَمَرَ أَيْتَانِ مِنْ آيَاتِ اللهِ لاَ يَنْكُسِفَانِ لِمَوْتِ أَحَد وَلاَ لِحَيَاتِهِ وَلَكِنَّ اللهَ تَعَالَى يُحَوِّفُ بِهَا عِبَادَهُ وَ قَالَ أَبُو عَبْد اللهِ وَحَمَّادُ بْنُ سَلَمَةَ عَنْ يُونُسَ يُحَوِّفُ اللهَ بِهَا عِبَادَهُ وَتَابَعَهُ أَشْعَتُ عَنِ الْحَسَنِ وَتَابَعَهُ مُوسَى عَنْ مُبَارِكُ عَنِ الْحَسَنِ قَالَ عَنِهُ اللهِ بَعَالَى يُحَوِّفُ بِهِمَا عِبَادَهُ.
 أَخْبَرَنِي أَبُو بَكْرَةً عَنِ النَّهِ عِنَالَةً يَعَالَى يُحَوِّفُ بِهِمَا عِبَادَهُ.

১০৪৮. আবূ বাকরাহ ( হতে বর্ণিত। তিনি বলেন, আল্লাহর রসূল বলেছেন : সূর্য ও চন্দ্র আল্লাহর নিদর্শন সমূহের মধ্যে দু'টি নিদর্শন। কারো মৃত্যুর কারণে এ দু'টির গ্রহণ হয় না। তবে এ দিয়ে আল্লাহ্ তা'আলা তাঁর বান্দাদের সতর্ক করেন। ইমাম বুখারী (রহ.) বলেন, 'আবদুল্লাহ্ ওয়ারিস, শু'আইব, খালিদ ইব্নু 'আবদুল্লাহ্, হাম্মাদ ইব্নু সালাম (রহ.) ইউনুস (রহ.) হতে 'এ দিয়ে আল্লাহ্ তাঁর বান্দাদেরকে সতর্ক করেন' বাক্যটি বর্ণনা করেননি; আর মূসা (রহ.) মুবারক (রহ.) স্থলে হাসান (রহ.) হতে ইউনুস (রহ.)-এর অনুসরণ করেছেন। তিনি বলেন, আমাকে আবৃ বাক্রা ( নাবী হিছু হতে বলেন, নিশ্চয় আল্লাহ্ এ দিয়ে তাঁর বান্দাদেরকে সতর্ক করেন। (১০৪০) (আ.শ্র. ৯৮৫, ই.শা. ৯৯১)

. ٧/١٦. بَابِ التَّعَوُّذِ مِنْ عَذَابِ الْقَبْرِ فِي الْكُسُوفِ. ১৬/٩. अंथाय़ : সূর্য্যহণের সময় কবরের আযাব হতে পরিত্রাণ চাওয়া।

. ٩/١٩. بَابِ طُولِ الْقِيَامِ فِي صَلاَةِ اللَّيْلِ. ১৯/৯. অধ্যায় : তাহাজ্জুদের সলাত দীর্ঘ করা।

١١٣٥. صرثنا سُلَيْمَانُ بْنُ حَرْبِ قَالَ حَدَّثَنَا شُعْبَةُ عَنِ الْأَعْمَشِ عَنْ أَبِي وَائِلٍ عَنْ عَبْدِ الله ﷺ قَلَاتُ مَعَ النَّبِيِ ﷺ لَيْلَةً فَلَمْ يَزَلْ قَائِمًّا حَتَّى هَمَمْتُ بِأَمْرِ سَوْءٍ قُلْنَا وَمَا هَمَمْتَ قَالَ هَمَمْتُ أَنَ أَقَعُدَ وَأَذَرَ النَّبِيِ ﷺ. النَّبِيَّ ﷺ.

١١٣٦. صَرَّمَنَا حَفْصُ بْنُ عُمَرَ قَالَ حَدَّثَنَا خَالِدُ بْنُ عَبْدِ اللهِ عَنْ حُصَــيْنِ عَـــنْ أَبِـــي وَاقِـــلٍ عَـــنْ حُذَيْفَةَ عَلَيْمَانُ النَّبِيَّ عَلَىٰ كَانَ إِذَا قَامَ لِلتَّهَجُّدِ مِنْ اللَّيْلِ يَشُوصُ فَاهُ بِالسِّوَاكِ.

১১৩৬. ছ্যাইফাহ ( হতে বর্ণিত। তিনি বলেন, নাবী ( রাতের বেলা যখন তাহাজ্জুদ সলাতের জন্য উঠতেন তখন মিস্ওয়াক দ্বারা তাঁর মুখ পরিষ্কার করে নিতেন। (২৪৫) (আ.শ্র. ১০৬৫, ই.ফা. ১০৭০)

. بَابِ كَيْفَ كَانَ صَلاَةُ النَّبِيِّ ﴿ وَكَمْ كَانَ النَّبِيُ ﴿ يُصَلِّي مِنَ اللَّيْلِ. ١٠/١٩ كَيْفَ كَانَ صَلاَةُ النَّبِيِّ ﴿ وَكَمْ كَانَ النَّبِيُ ﴿ يُصَلِّي مِنَ اللَّيْلِ. ১৯/১০. অধ্যায় : নাবী ﴿ مَعْ صَاللَهُ عَلَيْهِ عَلَيْهِ مَا اللَّيْلِ عَلَيْهِ مَا اللَّيْلِ عَلَيْهِ مَا اللَّيْلِ مِنْ اللَّيْلِ. كَانَ مَا اللَّهُ عَلَيْهِ مَا اللَّهُ اللللللَّهُ اللَّهُ الللللللَّهُ اللللللْمُولِ اللللللْمُ اللللللْمُ اللللللْمُ الللللللْمُلِلْمُ اللللللْمُلْمُ اللللللْمُلْمُ اللللللْمُ اللللللْمُ الللللللْمُ اللللللْمُلْمُ اللللللْمُلِمُ اللللللْمُ اللللللْمُلْمُ اللللللْمُ اللللللْمُلِلَّهُ الللللللْمُلْمُ الللللللْمُ اللللللللِمُ الللللللللْمُ الللل

١١٣٧. صَرَّمَا أَبُو الْيَمَانِ قَالَ أَخْبَرَنَا شُعَيْبٌ عَنْ الزُّهْرِيِّ قَالَ أَخْبَرَنِي سَالِمُ بْنُ عَبْدِ اللهِ أَنَّ عَبْدَ اللهِ أَنَّ عَبْدَ اللهِ أَنَّ عَبْدَ اللهِ أَنَّ عَبْدَ اللهِ أَنْ عَبْدَ اللهِ عَنْ أَنَّ مَثْنَى مَثْنَى فَالَ إِنَّ رَجُلاً قَالَ يَا رَسُولَ اللهِ كَيْفَ صَلاَةُ اللَّيْلِ قَالَ مَثْنَى مَثْنَى فَا إِذَا خِفْتَتَ اللهِ عَمْرَ رَضِيَ اللهُ عَنْهُمَا قَالَ إِنَّ رَجُلاً قَالَ يَا رَسُولَ اللهِ كَيْفَ صَلاَةُ اللَّيْلِ قَالَ مَثْنَى مَثْنَى فَا إِذَا خِفْتَتَ اللهِ اللهِ اللهِ عَلَى اللهِ عَبْدَ اللهِ اللهِ عَنْهُمَا قَالَ إِنَّ رَجُلاً قَالَ يَا رَسُولَ اللهِ كَيْفَ صَلاَةُ اللَّيْلِ قَالَ مَثْنَى مَثْنَى فَا إِنْ رَجُلاً قَالَ يَا رَسُولَ اللهِ عَلَى اللهِ اللهُ اللهِ اللهُ اللهِ اللهِ

১১৩৭. 'আবদুল্লাহ্ ইব্নু 'উমার 🕽 বলেন, একজন জিজ্ঞেস করলেন, হে আল্লাহ্র রসূল! রাতের সলাতের পদ্ধতি কী? তিনি বললেন : দু' দু' রাক'আত করে। আর ফাজর হয়ে যাওয়ার আশঙ্কা করলে এক রাক'আত মিলিয়ে বিত্র করে নিবে। (৪৭২) (আ.প্র. ১০৬৬, ই.ফা. ১০৭১)

١١٣٨. ص*رتنا مُسَدَّدٌ قَ*الَ حَدَّثَنَا يَحْيَى عَنْ شُعْبَةَ قَالَ حَدَّثَنِي أَبُو جَمْرَةَ عَنْ اثْبَنِ عَبَّــاسٍ رَضِـــيَ اللهُ عَنْهُمَا قَالَ كَانَتْ صَلاَةُ النَّبِيِّ ﷺ ثَلاَثَ عَشْرَةَ رَكْعَةً يَعْنِي بِاللَّيْلِ.

১১৩৮. ইব্নু 'আব্বাস 🚌 হতে বর্ণিত। তিনি বলেন, নাবী 🥰 এর সলাত ছিল তের রাক'আত অর্থাৎ রাতে। (মুসলিম ৬/২৬, হাঃ ৭৬৪) (আ.প্র. ১০৬৭, ই.ফা. ১০৭২)

١١٣٩. عرثنا إِسْحَاقُ قَالَ حَدَّثَنَا عُبَيْدُ اللهِ بْنُ مُوسَى قَالَ أَخْبَرَنَا إِسْرَائِيلُ عَنْ أَبِي حَصِينِ عَنْ يَخْيَى بَنِ وَتُّابٍ عَنْ مَسْرُوقِ قَالَ سَأَلْتُ عَائِشَةَ رَضِيَ اللهُ عَنْهَا عَنْ صَلاَةٍ رَسُولِ اللهِ ﷺ بِاللَّيْلِ فَقَالَـــُتْ سَـــبُعُ وَيَّدَى عَشْرَةً سِوَى رَكْعَتِي الْفَحْرِ.

১১৩৯. মাসরক (রহ.) হতে বর্ণিত। তিনি বলেন, আমি 'আয়িশাহ্ ক্রিল্লা-কে আল্লাহর রসূল ক্রি-এর রাতের সলাত সম্পর্কে জিজ্ঞেস করলে তিনি বললেন, ফাজরের দু' রাক'আত (সুন্নাত) বাদে সাত বা নয় কিংবা এগার রাক'আত। (মুসলিম ৬/১৭, হাঃ ৭৩৮) (আ.শু. ১০৬৮, ই.ফা. ১০৭৩)

١١٤٠. صرثنا عُبَيْدُ الله بَنُ مُوسَى قَالَ أَخْبَرَنَا حَنْظَلَةُ عَنِ الْقَاسِمِ بَنِ مُحَمَّد عَنْ عَائِشَةَ رَضِـــيَ اللهُ عَنْهَا قَالَتْ كَانَ النَّبِيُّ ﷺ يُصَلِّي مِنْ اللَّيْلِ ثَلاَثَ عَشْرَةَ رَكْعَةً مِنْهَا الْوِثْرُ وَرَكْعَتَا الْفَحْرِ.

১১৪০. 'আয়িশাহ্ ক্রিক্স হতে বর্ণিত। তিনি বলেন, নাবী ক্রিক্স রাতের বেলা তের রাক'আত সলাত আদায় করতেন, যার ভিতর আছে বিত্র এবং ফাজ্রের দু' রাক'আত (সুন্নাত)। (মুসলিম ৬/১৭, হাঃ ৭৩৮) (আ.প্র. ১০৬৯, ই.ফা. ১০৭৪)

মহান আল্লাহ্র বাণী: "হে চাদর আবৃত রসূল! রাতে সলাতে দণ্ডায়মান থাকুন সামান্য পরিমাণে রাত বাদ দিয়ে। অর্ধ রাত্রি কিংবা তার চেয়ে কিছু কম। অথবা তার চেয়ে কিছু বৃদ্ধি করুন। আর কুরআন পাঠ করুন ধীরে ধীরে, খুব স্পষ্টভাবে। অবশ্যই আমি আপনার প্রতি অচিরেই এক গুরুভার বাণী অবতীর্ণ করছি। নিশ্চয় রাত্রি জাগরণ প্রবৃত্তি দলনে প্রবলতর এবং বক্তব্যের ব্যাপারে বিশেষ ক্রিয়াশীল। দিনের বেলায় তো রয়েছে আপনার বহু কাজ।" (স্রাহ্ মুয্যান্দিল ৭৩/১-৭)। আল্লাহ তা'আলার বাণী: "তিনি অবগত আছেন যে, তোমরা এর যথাযথ হিসাব রাখতে পার না। অতএব, তিনি তোমাদের প্রতি ক্ষমাপরায়ণ হয়েছেন। স্তরাং কুরআনের যতটুকু তোমাদের পক্ষে পাঠ করা সহজ, ততটুকু পাঠ করো। তিনি অবগত আছেন যে, তোমাদের মধ্যে কেউ কেউ অসুস্থ হয়ে পড়বে। কেউ কেউ আল্লাহর অনুগ্রহ সন্ধানে দেশভ্রমণ করবে এবং কেউ কেউ আল্লাহ্র পথে জিহাদ করবে। অতএব, কুরআনের যতটুকু তিলাওয়াত করা সহজ, ততটুকু তোমরা তিলাওয়াত করো। আর তোমরা সলাত কায়িম কর, যাকাত দাও

এবং আল্লাহ্কে উত্তম কর্জ দাও। আর তোমরা নিজেদের মঙ্গলের জন্য যা কিছু নেক কাজ অগ্রে প্রেরণ করবে, আল্লাহ্র কাছে তা তোমরা পাবে তদপেক্ষা উত্তম ও শ্রেষ্ঠ পুরস্কার হিসেবে। তোমরা আল্লাহ্র কাছে ক্ষমা প্রার্থনা কর। নিশ্চয় আল্লাহ পরম ক্ষমাশীল, পরম দয়ালু।" (সুরাহু মুয্যামিল ৭৩/২০)।

ইব্নু 'আব্বাস (علم) বলেন, হাব্শী ভাষার مَنْ শব্দটির অর্থ وَنْ (উঠে দাঁড়াল) আর وَنَاءُ শব্দের অর্থ হল কুরআনে অধিক অনুকূল। অর্থাৎ তাঁর কান, চোখ এবং হৃদয়ের অধিক অনুকূল এবং তাই তা কুরআনের মর্ম অনুধাবনে অধিকতর উপযোগী। بُرُواطِئُ وَالْمُ سُوا শব্দের অর্থ হল 'যাতে তারা সামঞ্জস্য বিধান করতে পারে'।

١١٤١. صرتنا عَبْدُ الْعَزِيزِ بْنُ عَبْدِ اللهِ قَالَ حَدَّنَنِي مُحَمَّدُ بْنُ جَعْفَرِ عَنْ حُمَيْدِ أَنَّهُ سَمِعَ أَنَـسَ بُـنَ مَالِكَ فَلْجَهُ يَقُولُ كَانَ رَسُولُ اللهِ فَلْمُ يُفَطِرُ مِنْ الشَّهْرِ حَتَّى نَظُنَّ أَنْ لاَ يَصُومُ مِنْهُ وَيَّصُومُ حَتَّى نَظُنَّ أَنْ لاَ يَصُومُ مِنْهُ وَيَّصُومُ حَتَّى نَظُنَّ أَنْ لاَ يَشُولُ مَنْهُ شَيْعًا وَكَانَ لاَ تَشَاءُ أَنْ تَرَاهُ مِنْ اللَّيْلِ مُصَلِّيًا إِلاَّ رَأَيْتَهُ وَلاَ نَائِمًا إِلاَّ رَأَيْتَهُ وَلاَ نَائِمًا إِلاَّ رَأَيْتَهُ تَابَعَهُ سُلَيْمَانُ وَأَبُو خَالِدِ اللهَ عَنْ حُمَيْد.

১১৪১. আনাস হাত বর্ণিত। তিনি বলেন, আল্লাহর রসূল ক্রি কোন কোন মাসে সিয়াম পালন করতেন না। এমন কি আমরা ধারণা করতাম যে, সে মাসে তিনি সিয়াম পালন করবেন না। আবার কোন কোন মাসে সিয়াম পালন করতে থাকতেন, এমন কি আমাদের ধারণা হত যে, সে মাসে তিনি সিয়াম ছাড়বেন না। তাঁকে তুমি সলাত রত অবস্থায় দেখতে চাইলে তাই দেখতে পেতে এবং ঘুমন্ত অবস্থায় দেখতে চাইলে তাও দেখতে পেতে। সুলাইমান ও আবৃ খালিদ আহ্মার (রহ.) হুমায়দ (রহ.) হতে হাদীস বর্ণনায় মুহাম্মাদ ইব্নু জা'ফার (রহ.)-এর অনুসরণ করেছেন। (১৯৭২, ১৯৭৩, ৩৫৬১) (জা.প্র. ১০৭০, ই.ফা. ১০৭৫)

#### ١ ٢/١٩. بَابِ عَقْد الشَّيْطَان عَلَى قَافِيَة الرَّأْسِ إِذَا لَمْ يُصَلِّ بِاللَّيْلِ.

১৯/১২. অধ্যায় : রাতে সলাত না আদায় করলে ঘাড়ের পশ্চাদংশে শয়তানের গ্রন্থী বেঁধে দেয়া।

١١٤٢. صرشنا عَبْدُ اللهِ بَنُ يُوسُفَ قَالَ أَخْبَرَنَا مَالِكُ عَنْ أَبِي الزِّنَادِ عَنِ الْأَعْرَجِ عَنْ أَبِي هُرَيْرَةَ عَلَىٰهُأَنَّ رَسُولَ اللهِ عَلَىٰ قَالَ يَعْقَدُ الشَّيْطَانُ عَلَى قَافِيَة رَأْسِ أَحَدَكُمْ إِذَا هُوَ نَامَ ثَلاَثَ عُقَدَ يَضْرِبُ كُلَّ عُقْدَة عَلَيْكَ لَيُولُ طَوِيلٌ فَارْقُدْ فَإِنْ اسْتَيْقَظَ فَذَكَرَ الله انْحَلَّتُ عُقَدَةً فَإِنْ تَوَضَّأُ انْحَلَّتُ عُقْدَةً فَإِنْ صَلَّى انْحَلَّتُ عُقْدَةً فَإِنْ اللهِ عَلَىٰ انْحَلَّتُ عُقَدَةً فَإِنْ صَلَّى انْحَلَّتُ عُقْدَةً فَإِنْ صَلَّى انْحَلَّتُ عُقْدَةً فَإِنْ صَلَّى الْحَلَّتُ عُقْدَةً فَإِنْ صَلَّى الْحَلَّتُ عُقْدَةً فَإِنْ اللهِ اللهِ اللهُ اللهِ اللهُ الللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ الله

১১৪২. আবৃ হুরাইরাহ্ হাত বর্ণিত। আল্লাহর রস্ল হাত বলেছেন: তোমাদের কেউ যখন ঘুমিয়ে পড়ে তখন শয়তান তার ঘাড়ের পশ্চাদংশে তিনটি গিঠ দেয়। প্রতি গিঠে সে এ বলে চাপড়ায়, তোমার সামনে রয়েছে দীর্ঘ রাত, অতএব তুমি শুয়ে থাক। অতঃপর সে যদি জাগ্রত হয়ে আল্লাহ্কে স্মরণ করে একটি গিঠ খুলে যায়, পরে উয় করলে আর একটি গিঠ খুলে যায়, অতঃপর সলাত আদায় করলে

আর একটি গিঠ খুলে যায়। তখন তার প্রভাত হয়, উৎফুল্প মনে ও অনাবিল চিন্তে। অন্যথায় সে সকালে উঠে কলৃষ কালিমা ও আলস্য সহকারে। (৩২৬৯; মুসলিম ৬/২৮, হাঃ ৭৭৬, আহমাদ ৭৩১২) (আ.প্র. ১০৭১. , ই.ফা. ১০৭৬)

١١٤٣. صر ثنا مُؤمَّلُ بْنُ هِ شَامٍ قَالَ حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ عُلَيَّةَ قَالَ حَدَّثَنَا عَوْفٌ قَالَ حَدَّثَنَا أَبُو رَجَاء قَالَ حَدَّثَنَا سَمُرَةُ بْنُ حُنْدَب ﴿ عَنِ النَّبِي ﴿ اللَّهِ عَلَى الرُّوْيَا قَالَ أَمَّا الَّذِي يُثْلَغُ رَأْسُهُ بِالْحَجَرِ فَإِنَّهُ يَأْخُهُ لَا اللَّهِ عَنْ الصَّلَاةَ الْمَكْتُوبَة. الْقُرْآنَ فَيَرْفضُهُ وَيَنَامُ عَنْ الصَّلَاةَ الْمَكْتُوبَة.

১১৪৩. সামুরাহ ইব্নু জুনদাব ( সূত্রে নাবী হ হতে বর্ণিত। তিনি তাঁর স্বপু বর্ণনার এক পর্যায়ে বলেছেন, যে ব্যক্তির মাথা পাথর দিয়ে বিচূর্ণ করা হচ্ছিল, সে হল ঐ লোক যে কুরআন শিখে তা পরিত্যাগ করে এবং ফার্য সলাত আদায় না করে ঘুমিয়ে থাকে। (৮৪৫) (আ.প্র. ১০৭২. , ই.ফা. ১০৭৭)

#### ١٣/١٩. بَابِ إِذَا نَامَ وَلَمْ يُصَلِّ بَالَ الشَّيْطَانُ في أُذُنه.

১৯/১৩. অধ্যায় : সলাত আদায় না করে ঘুমিয়ে পড়লে তার কানে শয়তান পেশাব করে দেয় :

١١٤٤. صرثنا مُسكَدَّدُ قَالَ حَدَّثَنَا أَبُو الْأَحْوَصِ قَالَ حَدَّثَنَا مَنْصُورٌ عَنْ أَبِي وَائِلٍ عَنْ عَبْدِ اللهِ ﷺ قَالَ ذُكِرَ عِنْدَ النَّبِيِّ ﷺ رَجُلٌ فَقِيلَ مَا زَالَ نَائِمًا حَتَّى أَصْبَحَ مَا قَامَ إِلَى الصَّلاَةِ فَقَالَ بَالَ الشَّيْطَانُ فِي أُذُنِهِ.

১১৪৪. 'আবদুল্লাহ্ ইব্নু মাস'উদ ( হতে বর্ণিত। তিনি বলেন, নাবী ( এর সামনে এক ব্যক্তির ব্যাপারে আলোচনা করা হল- সকাল বেলা পর্যন্ত সে ঘুমিয়েই কাটিয়েছে, সলাতের জন্য জাগ্রত হয়নি, তখন তিনি (নাবী ( ইব্রু)) ইরশাদ করলেন: শয়তান তার কানে পেশাব করে দিয়েছে। (৩২৭০; মুসলিম ৬/২৮, হাঃ ৭৭৪) (আ.প্র. ১০৭৩, ই.ফা. ১০৭৮)

#### اللَّيْلِ. ١٤/١٦ . بَابِ الدُّعَاءِ فِي الصَّلاَةِ مِنْ آخِرِ اللَّيْلِ. ১৯/১৪. অধ্যায় : রাতের শেষভাগের ও সলাতে দু'আ করা।

وَقَالَ اللهُ عَزَّ وَحَلُ ﴿ كَانُوا قَلِيلاً مِنَ اللَّيْلِ مَا يَهْجَعُونَ ﴾ أَيْ مَا يَنَامُونَ وَبِالْأَسْحَارِ هُمْ يَسْتَغْفَرُونَ. আর্ল্লাহ্ তা'আলা ইরশাদ করেছেন : "রাতের সামান্য পরিমাণ তাঁরা নিদ্রারত থাকেন, শেষ রাতে তাঁরা ইসতিগ্ফার করেন।" (সূরাহ্ আয্-যারিয়াত ৫১/১৮)

١١٤٥. حرثنا عَبْدُ اللهِ بْنُ مَسْلَمَة عَنْ مَالِك عَنْ ابْنِ شِهَابِ عَنْ أَبِي سَلَمَة وَأَبِي عَبْدِ اللهِ ا

<sup>ै</sup> रानीमि विश्वास अश्रम वित्सव উन्निविक रख़रह, পूर्वात्र रानीम बख़रह عتاب الجنائز -এ ١

১১৪৫. আবৃ হুরাইরাহ্ হ্রে হতে বর্ণিত। আল্লাহর রসূল হ্রেই বলেছেন : মহামহিম আল্লাহ্ তা'আলা প্রতি রাতে রাতের শেষ তৃতীয়াংশ অবশিষ্ট থাকাকালে পৃথিবীর নিকটবর্তী আসমানে অবতরণ করে ঘোষণা করতে থাকেন : কে আছে এমন, যে আমাকে ডাকবে? আমি তার ডাকে সাড়া দিব। কে আছে এমন যে, আমার নিকট চাইবে? আমি তাকে তা দিব। কে আছে এমন আমার নিকট ক্ষমা চাইবে? আমি তাকে ক্ষমা করব। (৬৩২১, ৭৪৯৪; মুসলিম ৬/২৩, হাঃ ৭৫৮, আহমাদ ৭৫৯৫) (আ.প্র. ১০৭৪, ই.ফা. ১০৭৯)

#### ١٥/١٩. بَابِ مَنْ نَامَ أُوَّلَ اللَّيْلِ وَأَحْيَا آخِرَهُ

১৯/১৫. অধ্যায় : যে ব্যক্তি রাতের প্রথমাংশে ঘুমিয়ে থাকে এবং শেষ অংশকে (সলাত ও যিক্রের মাধ্যমে) প্রাণবম্ভ করে।

وَقَالَ سَلْمَانُ لِأَبِي الدَّرْدَاءِ رَضِيَ اللهُ عَنْهُمَا نَمْ فَلَمَّا كَانَ مِنْ آخِرِ اللَّيْلِ قَالَ قُمْ قَالَ النَّبِيُّ ﷺ صَـــدَقَ سَلْمَانُ.

সালমান ( বাত্ বাব্ দারদা ( বাতের প্রথমাংশে) বললেন, (এখন) ঘুমিয়ে পড়, শেষ রাত হলে তিনি বললেন, (এখন) উঠে পড়। (বিষয়টি অবগত হয়ে) নাবী হু ইরশাদ করলেন : সালমান যথার্থ বলেছে।

١١٤٦. صر ثنا أَبُو الْوَلِيدِ حَدَّثَنَا شُعْبَةُ ح و حَدَّثَنِي سُلَيْمَانُ قَالَ حَدَّثَنَا شُعْبَةُ عَنْ أَبِي إِسْحَاقَ عَــنِ الْأَسْوَدِ قَالَ سَأَلْتُ عَائِشَةَ رَضِيَ اللهُ عَنْهَا كَيْفَ كَانَتْ صَلاَةُ النَّبِي ﷺ بِاللَّيْلِ قَالَتْ كَانَ يَنَامُ أَوَّلُهُ وَيَقُــومُ الْأَسْوِدِ قَالَ سَأَلْتُ عَائِشَةَ رَضِيَ اللهُ عَنْهَا كَيْفَ كَانَتْ صَلاَةُ النَّبِي ﷺ بِاللَّيْلِ قَالَتْ كَانَ يَنَامُ أَوَّلُهُ وَيَقُــومُ الْمُؤذِّنُ وَثَبَ فَإِنْ كَانَ بِهِ حَاجَةً اغْتَسَلَ وَإِلاَّ تَوَضَّأً وَخَرَجَ.

১১৪৬. আসওয়াদ হাতে বর্ণিত। তিনি বলেন, 'আয়িশাহ্ ক্রিল্লা-কে জিজ্ঞেস করলাম, রাতে নাবী ক্রি-এর সলাত কেমন ছিল? তিনি বলেন, তিনি প্রথমাংশে ঘুমাতেন, শেষাংশে জেগে সলাত আদায় করতেন। অতঃপর তাঁর শয্যায় ফিরে যেতেন, মুআয্যিন আযান দিলে শীঘ্র উঠে পড়তেন, তখন তাঁর প্রয়োজন থাকলে গোসল করতেন, নইলে উয়ু করে (মাসজিদের দিকে) বেরিয়ে যেতেন। (মুসলিম ৬/১৭, য়ঃ ৭৩৯, আহমাদ ২৬২১৮) (আ.প্র. ১০৭৫, য়.য়া. ১০৮০)

#### ١٦/١٩. بَابِ قِيَامِ النَّبِيِّ ﷺ بِاللَّيْلِ فِي رَمَضَانَ وَغَيْرِهِ.

১৯/১৬. অধ্যায় : রমাযানে ও অন্যান্য সময়ে নাবী 🚐 এর রাত্রি জেগে ইবাদাত করা।

١١٤٧. صرشنا عَبْدُ اللهِ بْنُ يُوسُفَ قَالَ أَخْبَرَنَا مَالِكُ عَنْ سَعِيدِ بْنِ أَبِي سَعِيدِ الْمَقَبُرِيِّ عَنْ أَبِي سَلَمَةَ ابْنَ عَبْدِ اللهِ عَنْ أَبِي سَلَمَةً بُنِ عَنْ أَبِي سَلَمَةً بُنِ عَبْدِ الرَّحْمَنِ أَنَّهُ أَخْبَرَهُ أَنَّهُ سَأَلَ عَائِشَةَ رَضِيَ اللهُ عَنْهَا كَيْفَ كَانَتْ صَلاَةُ رَسُولِ اللهِ عَلَى فِي رَمَضَانَ وَلا فِي غَيْرِهِ عَلَى إِحْدَى عَشْرَةً رَكْعَةً يُصَلِّي أَرْبَعُ ا فَسلاً فَسَلاَ مَا كَانَ رَسُولُ اللهِ عَلَى يَزِيدُ فِي رَمَضَانَ وَلا فِي غَيْرِهِ عَلَى إِحْدَى عَشْرَةً رَكْعَةً يُصَلِّي أَرْبَعُ ا فَسلاَ

تَسَلُ عَنْ حُسْنِهِنَّ وَطُولِهِنَّ ثُمَّ يُصَلِّي أَرْبَعًا فَلاَ تَسَلُ عَنْ حُسْنِهِنَّ وَطُولِهِنَّ ثُمَّ يُصَلِّي ثَلاَثًا قَالَتَ عَائِشَــةُ فَقُلْتُ يَا رَسُولَ الله أَتَنَامُ فَبْلَ أَنْ تُوتَرَ فَقَالَ يَا عَائِشَةُ إِنَّ عَيْنَيَّ تَنَامَانِ وَلاَ يَنَامُ قَلْبِي.

১১৪৭. আবৃ সালামাহ্ ইব্নু আবদ্র রাহমান হ্রি হতে বর্ণিত। তিনি 'আয়িশাহ্ ক্রিল্রা-কে জিজ্ঞেস করেন, রমাযান মাসে আল্লাহর রস্ল হ্রি-এর সলাত কেমন ছিল? তিনি বললেন, আল্লাহর রস্ল ব্রেমাযান মাসে এবং অন্যান্য সময় (রাতে) এগার রাক'আতের অধিক সলাত আদায় করতেন না। তিনি চার রাক'আত সলাত আদায় করতেন। তুমি সেই সলাতের সৌন্দর্য ও দীর্ঘতা সম্পর্কে আমাকে প্রশ্ন করো না। তারপর চার রাক'আত সলাত আদায় করতেন, এর সৌন্দর্য ও দীর্ঘতা সম্পর্কে আমাকে প্রশ্ন করো না। আতঃপর তিনি তিন রাক'আত (বিত্র) সলাত আদায় করতেন। 'আয়িশাহ্ ক্রিল্রা বলেন, (একদা) আমি জিজ্ঞেস করলাম, হে আল্লাহ্র রস্ল! আপনি কি বিত্রের পূর্বে ঘুমিয়ে থাকেন? তিনি ইরশাদ করলেন : আমার চোখ দু'টি ঘুমায়, কিন্তু আমার হৃদয় ঘুমায় না। (২০১৩, ৩৫৬৯) (আ.প্র. ১০৭৬, ই.ফা. ১০৮১)

١١٤٨. صر ثنا مُحَمَّدُ بْنُ الْمُثَنَّى حَدَّثَنَا يَحْيَى بْنُ سَعِيد عَنْ هِشَامٍ قَالَ أَخْبَرَنِي أَبِي عَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا قَالَتَ مَا رَأَيْتُ النَّبِيَّ ﷺ يَقْرَأُ فِي شَيْء مِنْ صَلاَة النَّيْلِ جَالِسًا حَتَّى إِذَا كَبِرَ قَرَأُ جَالِسًا فَإِذَا بَقِيَ عَلَيْه مِنْ السُّورَة ثَلاَثُونَ أَوْ أَرْبَعُونَ آيَةً قَامَ فَقَرَأُهُنَّ ثُمَّ رَكَعَ.

১১৪৮. উম্মুল মু'মিনীন 'আয়িশাহ ক্রিক্সা হতে বর্ণিত। তিনি বলেন, রাতের কোন সলাতে আমি আল্লাহর রস্ল ক্রিক্স-কে বসে কিরা'আত পড়তে দেখিনি। অবশ্য শেষ দিকে বার্ধক্যে উপনীত হলে তিনি বসে কিরা'আত পড়তেন। যখন (পঠিত) সূরাহ্র ত্রিশ চল্লিশ আয়াত অবশিষ্ট থাকত, তখন দাঁড়িয়ে যেতেন এবং সেগুলো পড়ার পর রুকু' করতেন। (১১১৮) (আ.প্র. ১০৭৭, ই.ফা. ১০৮২)

. ١٧/١٩. بَابِ فَصْلِ الطُّهُورِ بِاللَّيْلِ وَالنَّهَارِ وَفَصْلِ الصَّلاَةِ بَعْدَ الْوُضُوءِ بِاللَّيْلِ وَالنَّهَارِ. ١٧/١٩. نَابِ فَصْلِ الطُّهُورِ بِاللَّيْلِ وَالنَّهَارِ وَفَصْلِ الصَّلاَةِ بَعْدَ الْوُصُوءِ بِاللَّيْلِ وَالنَّهَارِ. ১৯/১٩. অধ্যায় : রাতে ও দিনে তাহারাত (পবিত্রতা) হাসিল করার মর্যাদা
এবং উযু করার পর রাতে ও দিনে সলাত আদায়ের ফাযীলাত।

١١٤٩. مرثنا إِسْحَاقُ بْنُ نَصْرٍ حَدَّنَنَا أَبُو أَسَامَةَ عَنْ أَبِي حَيَّانَ عَنْ أَبِي زُرْعَةَ عَنْ أَبِي هُرَيْرَةَ فَضَّهُ أَنَّ النَّبِيَّ ﷺ قَالَ لِبَلَالِ عَنْدَ صَلاَة الْفَحْرِ يَا بِلَالُ حَدَّثَنِي بِأَرْجَى عَمَلٍ عَمْلَتَهُ فِي الإِسْلاَمِ فَإِنِّي سَـمعْتُ دَفَّ نَعْلَيْكَ بَيْنَ يَدَيَّ فِي الْإِسْلاَمِ فَإِنِّي سَـمعْتُ دَفَّ نَعْلَيْكَ بَيْنَ يَدَيَّ فِي الْإِسْلاَمِ فَإِنِّي سَاعَةِ لَيْلٍ أَوْ نَهَالٍ نَعْلَيْكَ بَيْنَ يَدَيَّ فِي الْمَعُورِ مَا كُتِبَ لِي أَنْ أُصَلِّي قَالَ أَبُو عَبْد اللهِ دَفَّ نَعْلَيْكَ يَعْنِي تَحْرِيكَ.

১১৪৯. আবৃ হুরাইরাহ্ ( হতে বর্ণিত। নাবী হু একদা ফাজরের সলাতের সময় বিলাল ( ক্রি)-কে জিজ্জেস করলেন, হে বিলাল! ইসলাম গ্রহণের পর সর্বাধিক সন্তুষ্টিব্যঞ্জক যে 'আমাল তুমি করেছ, তার কথা আমার নিকট ব্যক্ত কর। কেননা, জান্নাতে (মি'রাজের রাতে) আমি আমার সামনে তোমার পাদুকার আওয়াজ শুনতে পেয়েছি। বিলাল ( বলাল বলালন, আমার নিকট এর চেয়ে (অধিক) সন্তুষ্টিব্যঞ্জক হয় এমন কিছুতো আমি করিনি। দিন রাতের যে কোন প্রহরে আমি তাহারাত ও পবিত্রতা অর্জন করেছি, তখনই সে তাহারাত দ্বারা সলাত আদায় করেছি, যে পরিমাণ সলাত আদায় করা আমার তাক্দীরে লেখা ছিল। (মুসলিম ৪৪/২১, হাঃ ২৪৫৮, আহমাদ ৯৬৭৮) (আ.প্র. ১০৭৮, ই.ফা. ১০৮৩)

### ١٨/١٩. بَابِ مَا يُكْرَهُ مِنْ التَّشْدِيدِ فِي الْعِبَادَةِ.

#### ১৯/১৮. অধ্যায় : ইবাদাতে কঠোরতা অবলম্বন করা অপছন্দনীয়।

١١٥٠. عرشنا أبُو مَعْمَر حَدَّنَا عَبْدُ الْوَارِثِ حَدَّنَنا عَبْدُ الْعَزِيزِ بْنُ صُهَيْبِ عَنْ أَنْسِ بْنِ مَالِك ﷺ قَالَ دَخَلَ النَّبِيُ ﷺ فَإِذَا حَبْلُ لِزَيْنَبَ فَلَا إِذَا فَتَلَ مَا هَذَا الْحَبْلُ قَالُوا هَذَا حَبْلُ لِزَيْنَبَ فَلَا إِذَا فَتَلَ مَا هَذَا الْحَبْلُ قَالُوا هَذَا حَبْلُ لِزَيْنَبَ فَلَا إِذَا فَتَلَ مَا هَذَا الْحَبْلُ قَالُوا هَذَا حَبْلُ لِزَيْنَبَ فَلَا إِذَا فَتَلَ مَا هَذَا النَّبِيُ ﷺ لَا حُلُوهُ لِيُصَلِّ أَحَدُكُمْ نَشَاطَهُ فَإِذَا فَتَرَ فَلْيَقْعُدْ.

১১৫০. আনাস ইব্নু মালিক হাত বর্ণিত। নাবী হাত (মাসজিদে) প্রবেশ করে দেখতে পেলেন যে, দু'টি স্তন্তের মাঝে একটি রশি টাঙানো রয়েছে। তিনি জিজ্ঞেস করলেন, এ রশিটি কী কাজের জন্য? লোকেরা বললো, এটি যায়নাবের রশি, তিনি ('ইবাদাত করতে করতে) অবসন্ন হয়ে পড়লে এটির সাথে নিজেকে বেঁধে দেন। নাবী হাত ইরশাদ করলেন: না, ওটা খুলে ফেল। তোমাদের কারো প্রাণবন্ত থাকা পর্যন্ত ইবাদাত করা উচিত। যখন সে ক্লান্ত হয়ে পড়ে তখন যেন সে বসে পড়ে। (মুসলিম ৬/৩১, যাঃ ৭৮৪, আহমাদ ১১৯৮৬) (আ.প্র. ১০৭৯, ই.ফা. ১০৮৪)

١١٥١. صَرَّمُنَا عَبُدُ اللهِ بَنُ مَسْلَمَةً عَنْ مَالكَ عَنْ هِشَامِ بَنِ عُرْوَةً عَنْ أَبِيهِ عَنْ عَائِشَةَ رَضِيَ اللهُ عَنْهَا قَالَتُ عَنْهَا عَنْدي امْرَأَةٌ مِنْ بَنِي أَسَد فَدَخَلَ عَلَيَّ رَسُولُ اللهِ ﷺ فَقَالَ مَنْ هَذِهِ قُلْتُ فُلاَنَةُ لاَ تَنَامُ بِاللَّيــلِ فَالْتَ كَانَتْ عِنْدي امْرَأَةٌ مِنْ بَنِي أَسَد فَدَخَلَ عَلَيَّ رَسُولُ اللهِ ﷺ فَقَالَ مَنْ هَذِهِ قُلْتُ فُلاَنَةُ لاَ تَنَامُ بِاللَّيــلِ فَذُكِرَ مِنْ صَلاَتِهَا فَقَالَ مَهُ عَلَيْكُمْ مَا تُطيقُونَ مِنَ الْأَعْمَالِ فَإِنَّ اللهِ لاَ يَمَلُّ حَتَّى تَمَلُّوا.

১১৫১. উন্মূল মু'মিনীন 'আয়িশাহ ছাত্রী হতে বর্ণিত। তিনি বলেন, বনূ আসাদের এক মহিলা আমার নিকট উপস্থিত ছিলেন, তখন আল্লাহর রসূল আমার নিকট আসলেন এবং তিনি জিজ্ঞেস করলেন, এ মহিলাটি কে? আমি বললাম, অমুক। তিনি রাতে ঘুমান না। তখন তাঁর সলাতের কথা উল্লেখ করা হলে তিনি (নাবী ক্রি) বললেন: রাখ রাখ। সাধ্যানুযায়ী 'আমল করতে থাকাই তোমাদের কর্তব্য। কেননা, আল্লাহ্ তা'আলা (সাওয়াব দানে) ক্লান্ত হন না, যতক্ষণ না তোমরা ক্লান্ত হয়ে পড়। (৪৩) (আ.প্র. ১০৭৯ শেষাংশ, ই.ফা. ১০৮৪ শেষাংশ)

#### ١٩/١٩. بَابِ مَا يُكْرَهُ مِنْ تَرْكِ قِيَامِ اللَّيْلِ لِمَنْ كَانَ يَقُومُهُ.

১৯/১৯. অধ্যায় : রাত জেগে সর্লাত আর্দার্য়ে অভ্যন্ত ব্যক্তির 'ইবাদাত পরিত্যাগ করা মাকরুহ।

١١٥٢. صَرَتُنَا عَبَّاسُ بْنُ الْحُسَيْنِ حَدَّثَنَا مُبَشِّرُ بْنُ إِسْمَاعِيلَ عَنِ الْأَوْزَاعِيِّ حِ و حَدَّنَنِي مُحَمَّدُ بْنُ مُفَاتِلٍ أَبُو الْحَسَنِ فَالَ أَخْبَرَنَا عَبْدُ اللهِ أَخْبَرَنَا الْأَوْزَاعِيُّ قَالَ حَدَّثَنِي يَحْيَى بْـــنُ أَبِـــي كَثِيرٍ قَـــالَ حَدَّثَنِي

أَبُوسَلَمَةَ بَنُ عَبْدِ الرَّحْمَنِ قَالَ حَدَّنَنِي عَبْدُ اللهِ بَنُ عَمْرِو بَنِ الْعَاصِ رَضِيَ اللهُ عَنْهُمَا قَالَ قَالَ لِي رَسُولُ اللهِ أَبُوسَلَمَةَ بَنُ عَبْدَ اللهِ لَا تَكُنْ مِثْلَ فُلَانِ كَانَ يَقُومُ اللَّيْلَ فَتَرَكَ قِيَامَ اللَّيْلِ وَقَالَ هِشَامٌ حَدَّثَنَا ابْنُ أَبِسَي الْعِشْرِينَ حَدَّثَنَا الأَوْزَاعِيُّ قَالَ حَدَّثَنَا الأَوْزَاعِيُّ قَالَ حَدَّثَنَا الأَوْزَاعِيُّ قَالَ حَدَّثَنِي الْبُو سَلَمَةَ مِثْلُهُ وَتَابَعَهُ عَمْرُو بَنُ أَبِي سَلَمَةً عَن الأَوْزَاعِيِّ.

১১৫২. 'আবদুল্লাহ্ ইব্নু 'আম্র ইব্নু আ'স হাত বর্ণিত। তিনি বর্লেন, আল্লাহর রসূল ক্ষ্রি আমাকে বললেন: হে 'আবদুল্লাহ্! তুমি অমুক ব্যক্তির মত হয়ো না, সে রাত জেগে 'ইবাদাত করত, পরে রাত জেগে 'ইবাদাত করা ছেড়ে দিয়েছে। আবৃ সালামাহ ক্ষ্রি হতেও এ রকম বর্ণিত আছে। (১১৩১) (আ.শ্র. ১০৮০, ই.ফা. ১০৮৫)

#### ، ۲۰/۱۹ بَابِ ১৯/২০. অধ্যায় ঃ

#### . ۲۱/۱۹. بَابِ فَضَلِ مَنْ تَعَارَّ مِنْ اللَّيْلِ فَصَلِّى. ১৯/২১. অধ্যায় : যে ব্যক্তি ব্লাত জেগে সলাত আদায় করে তাঁর ফাযীলাত।

١١٥٤. مِرْنَا صَدَفَةُ بْنُ الْفَضُلِ أَخْبَرَنَا الْوَلِيدُ هُوَ ابْنُ مُسْلِمٍ حَدَّنَنَا الْأَوْزَاعِيُّ قَالَ حَدَّنَنِي عُمَيْرُ بُسنُ هَانِئِ قَالَ حَدَّنَنِي جُنَادَةُ بْنُ الصَّامِتِ عَنِ النَّبِيِّ فَقَالَ مَنْ تَعَارَّ مِنْ اللَّيْلِ فَقَالَ لَا يَهُ وَحَدَّةُ لِاَ أَبِي أُمَيَّةً حَدَّنَنِي عُبَادَةُ بْنُ الصَّامِتِ عَنِ النَّبِيِّ فَقَالَ مَنْ تَعَارَّ مِنْ اللَّيْلِ فَقَالَ لَا يَا اللّٰهُ وَحَدَةً لاَ شَرِيكَ لَهُ لَهُ الْمُلْكُ وَلَهُ الْجَمْدُ وَهُوَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرً الْحَمْدُ لِللهِ وَسُبْحَانَ اللّٰهِ وَحَدَةً لِا اللهِ وَلا اللهُ مَا اللهُ اللهُ اللهُ اللهُ مَا اللهُ ال

১১৫৪. উবাদাহ ইব্নু সামিত ( হেত বর্ণিত। তিনি বলেন, নাবী ( বেলেছেন : যে ব্যক্তি রাতে জেগে ওঠে (উপরোক্ত) দু'আ পড়ে−

(দু'আর অর্থ) "এক আল্লাহ্ ব্যতীত প্রকৃত কোন ইলাহ নেই। তিনি এক তাঁর কোন শরীক নেই। রাজ্য তাঁরই। যাবতীয় প্রশংসা তাঁরই। তিনিই সব কিছুর উপরে শক্তিমান। যাবতীয় হাম্দ আল্লাহ্রই জন্য, আল্লাহ্ তা'আলা পবিত্র, আল্লাহ্ ব্যতীত সত্য কোন ইলাহ নেই। আল্লাহ্ মহান, গুনাহ হতে বাঁচার এবং নেক কাজ করার কোন শক্তি নেই আল্লাহ্র তাওফীক ব্যতীত।" অতঃপর বলে, "হে আল্লাহ্! আমাকে ক্ষমা করুন।" বা (অন্য কোন) দু'আ করে, তাঁর দু'আ কবৃল করা হয়। অতঃপর উযূ করে (সলাত আদায় করলে) তার সলাত কবৃল করা হয়। (আ.প্র. ১০৮২, ই.ফা. ১০৮৭)

إِذَا انْشَقَّ مَعْرُوفٌ مِنَ الْفَحْرِ سَاطِعُ بِهِ مُوقِنَاتُ أَنَّ مَا قَالَ وَاقِعُ إِذَا اسْتَثْقَلَتْ بِالْمُشْرِكِينَ الْمَضَاحِعُ

وَفِينَا رَسُولُ اللهِ يَتَــلُو كِــتَابَــهُ أَرَانَا الْهُدَى بَعْدَ الْعَمَى فَقُلُوبُنَـــا يَبيتُ يُحَافي جَنْبَهُ عَنْ فـــرَاشـــه إ

تَابَعَهُ عُقَيَلٌ وَقَالَ الزُّبَيْدِيُّ أَخْبَرَنِي الزُّهْرِيُّ عَنْ سَعِيدٍ وَالْأَعْرَجِ عَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ.

১১৫৫. হায়সাম ইব্নু আবৃ সিনান (क्क) হতে বর্ণিত। তিনি বর্লেন, আবৃ হুরাইরাহ (क्क) তাঁর ওয়ায বর্ণনাকালে আল্লাহর রসূল ক্কি-এর আলোচনা প্রসঙ্গে বলেন, তোমাদের এক ভাই অর্থাৎ 'আবদুল্লাহ্ ইবনু রাওয়াহা (क्क) অনর্থক কথা বলেননি। \*

"আর আমাদের মধ্যে রয়েছেন আল্লাহ্র রসূল,

যিনি তিলাওয়াত করেন তাঁর (আল্লাহ্র) কিতাব,

যখন ফাজ্রের আলো উদ্ভাসিত হয় ।

তিনি আমাদের গোমরাহীর পর হিদায়াতের পথ দেখিয়েছেন,

তাই আমাদের অন্তরগুলো তাঁর প্রতি এ বিশ্বাস রাখে যে

যা তিনি বলেছেন তা অবশ্যই সত্য।

তিনি রাত যাপন করেন পার্শ্বদেশকে শ্যা হতে দূরে সরিয়ে রেখে,

যখন মুশরিকরা থাকে আপন শ্যাসমূহে নিদ্রামগ্ন ।"

<sup>° &#</sup>x27;আবদুল্লাহ ইবনু রাওরাহা 🚐 আনসারী কর্তৃক রস্লুল্লাহ 🥽-এর প্রশংসায় রচিত কবিতার কয়েকটি পংক্তি তিনি মুতা যুদ্ধে শাহাদাত বরণ করেন।

আর 'উকায়ল (রহ.) ইউনুস (রহ.)-এর অনুসরণ করেছেন। যুবাইদী (রহ.)....আবৃ হুরাইরাহ্ 🖼 সূত্রেও তা বর্ণনা করেছেন। (৬১৫১) (আ.প্র. ১০৮৩, ই.ফা. ১০৮৮)

١١٥٦. صر ثنا أبُو النُّعْمَانِ حَدَّنَنَا حَمَّادُ بَنُ زَيْدٍ عَنْ أَيُوبَ عَنْ نَافِعٍ عَنْ ابْنِ عُمَرَ رَضِيَ اللهُ عَنْهُمَا قَالُ رَأَيْتُ عَلَى عَهْدِ النَّبِيِ عَلَى كَأَنَّ بِيَدِي قِطْعَهَ إِسْتَبْرُق فَكَأَنِّي لاَ أُرِيدُ مَكَانًا مِنَ الْحَنَّةِ إِلاَّ طَسارَتْ إِلَيْهِ قَالَ رَأَيْتُ عَلَى عَهْدِ النَّبِي عَلَى كَأَنَّ بِيَدِي قِطْعَهَ إِسْتَبْرُق فَكَأَنِّي لاَ أُرِيدُ مَكَانًا مِنَ الْحَنَّةِ إِلاَّ طَسارَتْ إِلَيْهِ وَرَأَيْتُ كَأَنَّ الْنَادِ فَتَلَقَّاهُمَا مَلَكُ فَقَالَ لَمْ تُرَعْ خَلِيًا عَنْهُ.

১১৫৬. ইব্নু 'উমার ( হতে বর্ণিত। তিনি বলেন, নাবী হত-এর সময়ে আমি (এক রাতে) স্বপ্নে দেখলাম যেন আমার হাতে একটুকরা মোটা রেশমী কাপড় রয়েছে এবং যেন আমি জান্নাতের যে কোন স্থানে যেতে ইচ্ছা করছি কাপড় (আমাকে) সেখানে উড়িয়ে নিয়ে যাচ্ছে। অপর একটি স্বপ্নে আমি দেখলাম, যেন দু'জন মালাক আমার নিকট এসে আমাকে জাহান্নামের দিকে নিয়ে যেতে চাচ্ছেন। তখন অন্য একজন মালাক তাঁদের সামনে এসে বললেন, তোমার কোন ভয় নেই। (আর ঐ দু'জনকে বললেন) তোমরা ওকে ছেড়ে দাও। (৪৪০) (আ.প্র. ১০৮৪, ই.ফা. ১০৮৯)

١١٥٧. فَقَصَّتْ حَفْصَةُ عَلَى النَّبِيِ ﷺ إِحْدَى رُؤْيَايَ فَقَالَ النَّبِيُ ﷺ نِعْمَ الرَّحُلُ عَبْدُ اللهِ لَــوْ كَــانَ يُصَلِّي مِنْ اللَّيْلِ فَكَانَ عَبْدُ اللهِ فَصَلِّي مِنْ اللَّيْلِ.

১১৫৭. (উম্মূল মু'মিনীন) হাফসাহ ক্রিল্ল আমার স্বপুদ্বের একটি নাবী ক্রি-এর নিকট বর্ণনা করলে তিনি বললেন : 'আব্দুল্লাহ্ কত ভাল লোক! যদি সে রাতের সলাত (তাহাজ্জুদ) আদায় করত। তারপর হতে 'আবদুল্লাহ্ ক্রিল্লী রাতের এক অংশে সলাত আদায় করতেন। (১১২২) (আ.প্র. ১০৮৪ দিতীয় অংশ, ই.ফা. ১০৮৪)

النّبي عَلَى اللّهَ السّابِعَة مِنَ الْعَشْرِ الْأُواخِرِ فَقَالَ اللّهَ السَّابِعَة مِنَ الْعَشْرِ الْأُواخِرِ فَقَالَ النّبي عَلَى النّبي اللّهَ السّابِعَة مِنَ الْعَشْرِ الْأُواخِرِ فَقَالَ النّبي اللّهَ السَّابِعَة مِنَ الْعَشْرِ الْأُواخِرِ فَقَالَ الْعَشْرِ الْأُواخِرِ فَقَنْ كَانَ مُتَحَرِّبِهَا فَلْيَتَحَرَّهَا مِنَ الْعَشْرِ الْأُواخِرِ فَقَالَ النّبي الْعَشْرِ الْأُواخِرِ فَقَنْ كَانَ مُتَحَرِّبِهَا فَلْيَتَحَرَّهَا مِنَ الْعَشْرِ الْأُواخِرِ فَقَالَ اللّهَ اللّهِ الْعَشْرِ الْأُواخِرِ فَقَالَ اللّهُ اللّهَ اللّهِ الْعَشْرِ الْأُواخِرِ فَقَالَ اللّهُ الللللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللللللّهُ اللللللللهُ الللللهُ اللللللهُ اللللهُ اللللهُ اللللهُ الللهُ اللللهُ الللهُ الللهُ الللهُ اللللهُ الللهُ اللهُ الللهُ اللهُ الللهُ اللهُ اللهُ الللهُ الللهُ الللهُ الللهُ الللهُ الللهُ الللهُ الللهُ اللهُ الللهُ الللهُ الللهُ الللهُ الللهُ الللهُ اللهُ الللهُ الللهُ الللهُ اللللهُ الللهُ الللهُ الللهُ الللهُ الللللهُ الللهُ الللهُ الللهُ الللهُ الللهُ اللللهُ الللهُ الللللهُ

. ۲۲/۱۹ بَابِ الْمُدَاوَمَةِ عَلَى رَكَعَتَيْ الْفَجْرِ. ٢٢/١٩ بَابِ الْمُدَاوَمَةِ عَلَى رَكَعَتَيْ الْفَجْرِ. ১৯/২২. অধ্যায় : দু' রাক'আত ফাজ্রের (সুন্নাত) অব্যাহতভাবে আদায় করা ।

١١٥٩. صرثنا عَبْدُ اللهِ بْنُ يَزِيدَ حَدَّثَنَا سَعِيدٌ هُوَ ابْنُ أَبِي أَيُّوبَ قَالَ حَدَّثَنِي جَعْفَرُ بْنُ رَبِيعَةَ عَنْ عِرَاكِ بْنِ مَالِك عَنْ أَبِي سَلَمَةَ عَنْ عَائِشَةَ رَضِيَ اللهُ عَنْهَا قَالَتْ صَلَّى النَّبِيُ ﷺ الْعِشَاءَ ثُمَّ صَلَّى ثَمَانِيَ رَكَعَـاتٍ وَرَكَعَتَيْنَ جَالِسًا وَرَكَعَتَيْنِ بَيْنَ النِّدَاءَيْنِ وَلَمْ يَكُنْ يَدَعْهُمَا أَبَدًا.

১১৫৯. 'আয়িশাহ জ্বিল্লী হতে বর্ণিত। তিনি বলেন, নাবী ক্রিক্র 'ইশার সলাত আদায় করলেন, অতঃপর আট রাক'আত সলাত আদায় করেন এবং দু'রাক'আত আদায় করেন বসে। আর দু'রাক'আত সলাত আদায় করেন আযান ও ইক্বামাত-এর মাঝে। এ দু'রাক'আত তিনি কখনো পরিত্যাগ করতেন না। (৬১৯) (আ.প্র. ১০৮৫, ই.ফা. ১০৯০)

. ٢٣/١٩ بَابِ الضَّجْعَةِ عَلَى الشَّقِّ الْأَيْمَنِ بَعْدَ رَكْعَتَيْ الْفَجْرِ. ٢٣/١٩ . بَابِ الضَّجْعَةِ عَلَى الشَّقِّ الْأَيْمَنِ بَعْدَ رَكْعَتَيْ الْفَجْرِ. ১৯/২৩. অধ্যায় : ফাজ্রের দু' রাক'আত সুত্নাতের পর ডান কাতে শোয়া।

الزُّبَيْرِ عَنْ عَائِشَةَ رَضِيَ اللهُ عَنْهَا قَالَتْ كَانَ النَّبِيُ ﷺ إِذَا صَلَّى رَكَعَتَى ٱلْفَجْرِ اضْطَحَعَ عَلَى شَقِّهِ ٱلْأَيْمَنِ. الرُّبَيْرِ عَنْ عَائِشَةَ رَضِيَ اللهُ عَنْهَا قَالَتْ كَانَ النَّبِيُ ﷺ إِذَا صَلَّى رَكَعَتَى ٱلْفَجْرِ اضْطَحَعَ عَلَى شَقِّهِ ٱلْأَيْمَنِ. كَانُهُ النَّبِيُ ﷺ إِذَا صَلَّى رَكَعَتَى ٱلْفَجْرِ اضْطَحَعَ عَلَى شَقِّهِ ٱلْأَيْمَنِ. كَانُهُ وَ اللهُ عَنْهَا قَالَتْ كَانَ النَّبِي ﷺ إِذَا صَلَّى رَكَعَتَى ٱلْفَجْرِ اضْطَحَعَ عَلَى شَقِّهِ ٱلْأَيْمَنِ. كَانُهُ وَ عَنْهُ مَا اللهُ عَنْهَا قَالَتْ كَانَ النَّبِي ﷺ إِذَا صَلَّى رَكَعَتَى ٱلْفَجْرِ اضْطَحَعَ عَلَى شَقِّهِ ٱلْأَيْمَنِ. كَانُهُ اللهُ عَنْهَا قَالَتْ كَانَ النَّبِي عَلَى اللهُ عَنْهُ اللهُ عَلَى اللهُ عَنْهُ اللهُ عَنْهُ اللهُ عَنْهَا قَالَتْ كَانَ النَّبِي اللهُ عَنْهُ إِذَا صَلَّى رَكَعَتَى اللهُ عَنْهُ اللهُ عَنْهَا قَالَتْ كَانَ النَّبِي اللهُ عَنْهُ اللهُ عَنْهُ اللهُ عَنْهَا قَالَتْ كَانَ النَّبِي اللهُ عَنْهُ إِنْهُ اللهُ عَنْهُ اللهُ عَنْهُ اللهُ اللهُ اللهُ عَنْهُ اللهُ عَنْهُ اللهُ عَنْهُ اللهُ عَنْهُ اللهُ عَنْهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ عَنْهُ اللهُ اللهُ اللهُ عَلَى اللهُ ا

#### ٢٤/١٩. بَابِ مَنْ تَحَدَّثَ بَعْدَ الرَّكْعَتَيْنِ وَلَمْ يَضْطَجِعْ.

১৯/২৪. অধ্যায় : দু'রাক'আত (ফাজ্রের সুন্নাত) এরপর কথাবার্তা বলা এবং নিদ্রা না যাওয়া।

١١٦١. صر أنا بِشْرُ بْنُ الْحَكَمِ حَدَّنَنَا سُفْيَانُ قَالَ حَدَّنَنِي سَالِمٌ أَبُو النَّضْرِ عَنْ أَبِي سَلَمَةَ عَنْ عَائِشَــةَ رَضِيَ اللهُ عَنْهَا أَنَّ النَّبِيَّ اللهُ كَانَ إِذَا صَلَّى فَإِنْ كُنْتُ مُسْتَيْقِظَةً حَدَّثَنِي وَإِلاَّ اضْطَحَعَ حَتَّى يُؤْذَنَ بِالصَّلاَةِ.

১১৬১. 'আয়িশাহ্ হ্রিক্স হতে বর্ণিত। তিনি বলেন, নাবী হ্রিক্স (ফাজ্রের সুন্নাত) সলাত আদায় করার পর আমি জেগে থাকলে, তিনি আমার সাথে কথাবার্তা বলতেন, নতুবা সলাতের সময় হওয়া সম্পর্কে অবগত করানো পর্যন্ত শুয়ে থাকতেন। (১১১৮) (আ.প্র. ১০৮৭, ই.ফা. ১০৯২)

#### ٢٥/١٩. بَابِ مَا جَاءَ فِي التَّطَوُّعِ مَثْنَى مَثْنَى.

১৯/২৫. অধ্যায় : নফল সলাত দু' দু' রাক'আত করে আদায় করা।

قَالَ مُحَمَّدٌ وَيُذْكَرُ ذَلِكَ عَنْ عَمَّارٍ وَأَبِي ذَرِّ وَأَنسٍ وَحَابِرِ بْنِ زَيْدٍ وَعِكْرِمَةَ وَالزُّهْرِيِّ رَضِيَ اللهُ عَنْهُمْ وَقَالَ يَحْيَى بْنُ سَعِيدٍ الْأَنْصَارِيُّ مَا أَدْرَكْتُ فُقَهَاءَ أَرْضِنَا إِلاَّ يُسَلِّمُونَ فِي كُلِّ اثْنَتَيْنِ مِنْ النَّهَارِ মুহাম্মাদ ইমাম বুখারী (রহ.) বলেন, বিষয়টি আম্মার আবৃ যার্র, আনাস, জাবির ইব্নু যায়দ ( বিষ: 'ইকরিমাহ ও যুহ্রী (রহ.) হতেও উল্লিখিত হয়েছে। ইয়াহ্ইয়া ইব্নু সা'ঈদ আনসারী (রহ.) বলেছেন, আমাদের শহরের (মাদীনাহ্র) ফকীহ্গণকে দিনের সলাতে প্রতি দু'রাক'আত শেষে সালাম ফিরাতেতে দেখেছি।

١١٦٢. حرثنا قُتَيْبَةُ قَالَ حَدَّنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ أَبِي الْمَوَالِي عَنْ مُحَمَّدِ بْنِ الْمُنْكَدِرِ عَنْ جَابِرِ بُسنِ عَبْدِ اللهِ رَضِيَ اللهُ عَنْهُمَا قَالَ كَانَ رَسُولُ اللهِ عَنْهُمَا السُسورةَ فِي الْآمُورِ كُلِّهَا كَمَا يُعَلِّمُنَا السُسورةَ مِنَ الْقُرْآنِ يَقُولُ إِذَا هَمَّ أَحَدُكُمْ بِالْأَمْرِ فَلْيَرْكَعْ رَكْعَتَيْنِ مِنْ غَيْرِ الْفَرِيضَةِ ثُمَّ لِيقُلُ اللهُمَّ إِنِسي أَستجيرُكَ بِعَلْمِكَ وَأَسْتَقْدِرُكَ بِقُدْرَتِكَ وَأَسْأَلُكَ مِنْ فَضْلِكَ الْعَظِيمِ فَإِنَّكَ تَقْدِرُ وَلاَ أَقْدِرُ وَتَعْلَمُ وَلاَ أَعْلَمُ وَالْتَ عَلَّمُ اللهُمَّ إِنْ كُنْتَ تَعْلَمُ أَنْ هَذَا الْأَمْرَ حَيْرٌ لِي فِي دِينِي وَمَعَاشِي وَعَاقِبَةٍ أَمْرِي أَوْ قَالَ عَاجِلِ أَسْرِي اللّهُمَّ إِنْ كُنْتَ تَعْلَمُ أَنْ هَذَا الْأَمْرَ شَرُّ لِي فِي دِينِي وَمَعَاشِي وَعَاقِبَةٍ أَمْرِي أَوْ قَالَ عَاجِلِ أَسْرِي اللّهُمَّ إِنْ كُنْتَ تَعْلَمُ أَنْ هَذَا الْأَمْرَ شَرُّ لِي وَيَسِرْهُ لِي فَي دِينِسي وَمَعَاشِي وَعَاقِبَةٍ أَمْرِي أَوْ قَالَ عَاجِلِ أَسْرِي وَعَاقِبَةٍ أَمْرِي أَوْ قَالَ فِي عَاجِلِ أَمْرِي وَآجِلِهِ فَاصْرِفَهُ عَنِي وَاصْرِفَنِي عَنْهُ وَاقْدُرُ لِي الْحَيْرَ حَيْثُ كَانَ ثُلِي وَيَعْمَى حَاجِلِ أَمْرِي وَآجِلِهِ فَاصُرْفَهُ عَنِي وَاصْرِفَنِي عَنْهُ وَاقْدُرُ لِي الْحَيْرَ حَيْثُ كَانَ ثُلِي وَيَعْمَى حَاجَتَهُ أَمْرِي وَآجِلِهِ فَاصْرُفَهُ عَنِي وَاصْرِفَنِي عَنْهُ وَاقْدُرُ لِي الْحَيْرَ حَيْثُ كَانَ ثُمْ الْمُولِ وَالْمُونِي قَالَ وَيُسَمِّى حَاجَتَهُ أَنْ وَيُسَمِّى حَاجَتَهُ أَنْ وَيُسَمِّى حَاجَتَهُ أَلْ

১১৬২. জাবির ইব্নু 'আবদুল্লাহ্ হতে বর্ণিত। তিনি বলেন, আল্লাহর রসূল আমাদের সব কাজে ইস্তিখারাহ্\* শিক্ষা দিতেন। যেমন পবিত্র কুরআনের সূরাহ্ আমাদের শিখাতেন। তিনি বলেছেন: তোমাদের কেউ কোন কাজের ইচ্ছা করলে সে যেন ফার্য নয় এমন দু'রাক'আত সলাত আদায় করার পর এ দু'আ পড়ে: "প্রভু হে! আমি তোমার জ্ঞানের ওয়াসিলাহতে তোমার অনুমতি কামনা করছি; তোমার কুদরতের ওয়াসিলায় শক্তি চাচ্ছি আর তোমার অপার করুণা ভিক্ষা করছি। কারণ তুমিই সর্বশক্তিমান আর আমি দুর্বল। তুমিই জ্ঞানী আর আমি অজ্ঞ এবং তুমিই সর্বজ্ঞ। প্রভু হে! তুমি যদি মনে কর যে, এই জিনিসটি আমার দীন ও দুনিয়ায়, ইহকালে ও পরকালে সত্বর কিংবা বিলম্বে আমার পক্ষে মঙ্গলজনক হবে তা হলে আমার জন্য তা নির্ধারিত করে দাও এবং তার প্রাপ্তি আমার জন্য সহজতর করে দাও। অতঃপর তুমি তাতে বারাকাত দাও। আর যদি তুমি মনে কর এই জিনিসটি আমার দীন ও দুনিয়ায় ইহকালে ও পরকালে আমার জন্য ক্ষতিকর হবে শীঘ্র কিংবা বিলম্বে তাহলে তুমি তাকে আমা হতে দূর করে দাও এবং আমাকে তা হতে দূরে রাখো; অতঃপর তুমি আমার জন্য যা মঙ্গলজনক তা ব্যবস্থা কর—সেটা যেখান থেকেই হোক না কেন এবং আমাকে তার প্রতি সভুষ্টচিত্ত করে তোল।"

তিনি ইরশাদ করেন هَذَا الْأَمْسِرَ তার প্রয়োজনের কথা উল্লেখ করবে। (৬৩৮২, ৭৩৯০) (আ.প্র. ১০৮৮, ই.ফা. ১০৯৩)

<sup>\*</sup> সঙ্গাত ও দু'আর মাধ্যমে উদ্দিষ্ট বিষয়ের কঙ্গ্যাণ চাওয়া।

١١٦٣. صرتنا الْمَكِّيُّ بْنُ إِبْرَاهِيمَ عَنْ عَبْدِ اللهِ بْنِ سَعِيدَ عَنْ عَامِرِ بْنِ عَبْدِ اللهِ بْنِ الزُّبَيْرِ عَنْ عَمْرِو بْنِ سَعِيدَ عَنْ عَامِرِ بْنِ عَبْدِ اللهِ بْنِ الزُّبَيْرِ عَنْ عَمْرِو بْنِ سَلَيْمٍ الزُّرَقِيِّ سَمِعَ أَبَا قَتَادَةَ بْنَ رِبْعِيِّ الْاَنْصَارِيُّ ﷺ قَالَ قَالَ النَّبِيُّ ﷺ إِذَا دَخَلَ أَحَدُكُمْ الْمَسْحِدَ فَسلاَ يَجْلَسُ حَتَّى يُصَلِّي رَكْعَتَيْنِ.

১১৬৩. আবৃ কাতাদাহ ইব্নু রিব'আ আনসারী ( হতে বর্ণিত। তিনি বলেন, নাবী হতে ইরশাদ করেছেন: তোমাদের কেউ মাসজিদে প্রবেশ করলে দু' রাক'আত সলাত (তাহিয়্যাতুল-মাসজিদ) আদায় করার পূর্বে বসবে না। (৪৪৪) (আ.প্র. ১০৮৯, ই.ফা. ১০৯৪)

١١٦٤. صرتنا عَبْدُ اللهِ بْنُ يُوسُفَ قَالَ أَخْبَرَنَا مَالِكٌ عَنْ إِسْحَاقَ بْنِ عَبْدِ اللهِ بْنِ أَبِي طَلْحَةَ عَنْ أَنْسِ بْنِ مَالِكِ اللهِ بْنِ أَبِي طَلْحَةَ عَنْ أَنْسِ بْنِ مَالِكِ اللهِ عَنْدُ اللهِ عَنْدُ اللهِ عَلَيْنِ ثُمَّ انْصَرَفَ.

১১৬৪. আনাস ইব্নু মালিক ( হেটা হতে বর্ণিত। তিনি বলেন, আল্লাহর রসূল হৈটা আমাদের নিয়ে দু'রাক'আত সলাত আদায় করলেন, তারপর চলে গেলেন। (৩৮০) (আ.প্র. ১০৯০, ই.ফা. ১০৯৫)

١١٦٥. **مرثنا** يَحْيَى بْنُ بُكْيْرِ حَدَّثَنَا اللَّيْثُ عَنْ عُقَيْلِ عَنْ ابْنِ شِهَابِ قَالَ أَخْبَرَنِي سَالِمٌ عَنْ عَبْدِ اللهِ بْنِ عُمَرَ رَضِيَ اللهُ عَنْهُمَا قَالَ صَلَّيْتُ مَعَ رَسُولِ اللهِ ﷺ رَكْعَتَيْنِ قَبْلَ الظَّهْرِ وَرَكْعَتَيْنِ بَعْدَ الظَّهْرِ وَرَكْعَتَيْنِ بَعْدَ الظَّهْرِ وَرَكْعَتَيْنِ بَعْدَ الْعُشَاءِ. بَعْدَ الْجُمُعَةِ وَرَكْعَتَيْنِ بَعْدَ الْمَعْرِبِ وَرَكْعَتَيْنِ بَعْدَ الْعِشَاءِ.

১১৬৫. 'আবদুল্লাহ্ ইব্নু 'উমার ( হেত বর্ণিত। তিনি বলেন, আমি আল্লাহর রসূল ক্ষ্রে-এর সঙ্গে যুহ্রের পূর্বে দু'রাক'আত, যুহ্রের পরে দু'রাক'আত, জুমু'আর পরে দু'রাক'আত, মাগরিবের পরে দু'রাক'আত এবং 'ইশার পরে দু'রাক'আত (সুনাত) সলাত আদায় করেছি। (৯৩৭) (আ.প্র. ১০৯১, ই.ফা. ১০৯৬)

١١٦٦. ص*رثنا* آدَمُ قَالَ أَخْبَرَنَا شُعْبَةُ أَخْبَرَنَا عَمْرُو بْنُ دِينَارٍ قَالَ سَمِعْتُ جَابِرَ بْنَ عَبْدِ اللهِ رَضِيَ اللهُ عَنْهُمَا قَالَ قَالَ رَسُولُ اللهِ ﷺ وَهُو يَخْطُبُ إِذَا جَاءَ أَحَدُكُمْ وَالْآمَامُ يَخْطُبُ أَوْ قَدْ خَرَجَ فَلْيُصَلِّ رَكْعَتَيْنِ.

১১৬৬. জাবির ইব্নু 'আবদুল্লাহ্ ক্রি হতে বর্ণিত। তিনি বলেন, আল্লাহর রসূল ক্রি তাঁর খুত্বাহ প্রদানকালে ইরশাদ করলেন : তোমরা কেউ এমন সময় মাসজিদে উপস্থিত হলে, যখন ইমাম (জুমু'আহ্র) খুত্বা দিচ্ছেন, কিংবা মিম্বরে আরোহণের জন্য (হুজরাহ হতে) বেরিয়ে পড়েছেন, তাহলে সে তখন যেন দু' রাক'আত সলাত আদায় করে নেয়। (৯৩০) (আ.গ্র. ১০৯২, ই.ফা. ১০৯৭)

١١٦٧. صرثنا أَبُو نُعَيْمٍ قَالَ حَدَّنَنَا سَيْفُ بْنُ سُلَيْمَانَ سَمِعْتُ مُجَاهِدًا يَقُولُ أَتِيَ ابْنُ عُمَرَ رَضِيَ اللهُ عَنْهُمَا فِي مَنْزِلِهِ فَقِيلَ لَهُ هَذَا رَسُولُ اللهِ ﷺ قَدْ دَخَلَ الْكَعْبَةَ قَالَ فَأَقْبَلْتُ فَأَجِدُ رَسُولَ اللهِ ﷺ قَدْ خَــرَجَ وَأَجِدُ بِلَالاً عِنْدَ الْبَابِ قَاتُمًا فَقُلْتُ يَا بِلَالُ أَصَلَّى رَسُولُ اللهِ ﷺ فِي الْكَعْبَةِ قَالَ نَعَمْ قُلْتُ فَأَيْنَ قَالَ بَسَيْنَ هَاتَيْنَ الْآسْطُوَانَتَيْنَ ثُمَّ خَرَجَ فَصَلَّى رَكَعَتَيْن في وَجْه الْكَعْبَة

قَالَ أَبُو عَبْد اللهِ قَالَ أَبُو هُرَيْرَةَ ﷺ بِرَكْعَتَيْ النَّبِيُّ ﷺ بِرَكْعَتَيْ الضُّحَى وَقَالَ عِثْبَانُ بْنُ مَالِكِ غَدَا عَلَيَّ رَسُولُ اللهِ ﷺ وَأَبُو بَكْرِﷺ مَا امْتَدَّ النَّهَارُ وَصَفَفْنَا وَرَاءَهُ فَرَكَعَ رَكْعَتَيْنِ.

১১৬৭. মুজাহিদ (রহ.) হতে বর্ণিত। তিনি বলেন, এক ব্যক্তি ইব্নু 'উমার () এর বাড়িতে এসে তাঁকে খবর দিল, এইমাত্র আল্লাহর রসূল ক কা'বা শরীফে প্রবেশ করলেন। ইব্নু 'উমার () বলেন, আমি অগ্রসর হলাম। তখন আল্লাহর রসূল ক কা'বা ঘর হতে বের হয়ে পড়েছেন। বিলাল () দরজার নিকট দাঁড়িয়ে আছেন। আমি বললাম, হে বিলাল! রস্লুল্লাহ্ ক কা'বার ভিতরে সলাত আদায় করেছেন কি? তিনি বললেন, হাঁ। আমি জিজ্ঞেস করলাম, কোন স্থানে? তিনি বললেন, দু'স্তম্ভের মাঝখানে। তারপর তিনি বেরিয়ে এসে কা'বার সামনে দু' রাক'আত সলাত আদায় করলেন। (৩৯৭)

ইমাম বুখারী (রহ.) বলেন, আবৃ হুরাইরাহ্ ( বলেছেন, নাবী আমাকে দু'রাক'আত সলাত্য্ যুহা (চাশ্ত-এর সলাত)-এর আদেশ করেছেন। ইতবান (ইব্নু মালিক আনসারী) ( বলেন, একদা অনেকটা বেলা হলে নাবী আ আবৃ বাক্র এবং 'উমার ( আ আমার এখানে আসলেন। আমরা তাঁর পিছনে কাতারে দাঁড়ালাম আর তিনি (আমাদের নিয়ে) দু'রাক'আত সলাত (চাশ্ত) আদায় করলেন। (আ.প্র. ১০৯৬, ই.ফা. ১০৯৮)

۲٦/۱۹. بَابِ الْحَدِيثِ (يَعْنِي) بَعْدَ رَكْعَتَيْ الْفَجْرِ كه/২৬. অধ্যায় : ফাজ্রের (সুন্নাত) দু'রাক'আতের পর কথাবার্তা বলা ।

١١٦٨. صر ثنا عَلِيُّ بْنُ عَبْدِ اللهِ حَدَّنَنَا سُفْيَانُ قَالَ أَبُو النَّضْرِ حَدَّثَنِي عَنْ أَبِي سَلَمَةَ عَنْ عَائِشَةَ رَضِيَ اللهُ عَنْهَا أَنَّ النَّبِيَّ عَلَىٰ بَنُ عَبْدِ اللهِ حَدَّثَنِي فَإِنْ كُنْتُ مُسْتَيْقِظَةً حَدَّثَنِي وَإِلاَّ اضْطَجَعَ قُلْتُ لِسُلْفَيَانَ فَلْإِنْ كُنْتُ مُسْتَيْقِظَةً حَدَّثَنِي وَإِلاَّ اضْطَجَعَ قُلْتُ لِسُلْفَيَانَ فَلْإِنْ كُنْتُ مُسْتَيْقِظَةً حَدَّثَنِي وَإِلاَّ اضْطَجَعَ قُلْتُ لِسُلْفَيَانَ هُو ذَاكَ.

১১৬৮. 'আয়িশাহ্ ক্রিল্লী হতে বর্ণিত। তিনি বলেন, নাবী (ক্রি) (ফাজ্রের) দু' রাক'আত (সুন্নাত) সলাত আদায় করতেন। অতঃপর আমি জেগে থাকলে আমার সাথে কথাবার্তা বলতেন, নইলে (ডান) কাতে শয়ন করতেন। (বর্ণনাকারী 'আলী বলেন), আমি সুফ্ইয়ান (রহ.)-কে জিজ্ঞেস করলাম, কেউ কেউ এ হাদীসে (দু'রাক'আত স্থলে) ফাজ্রের দু' রাক'আত রিওয়ায়াত করে থাকেন। (এ বিষয়ে আপনার মন্তব্য কী?) সুফ্ইয়ান (রহ.) বললেন, এটা তা-ই। (১১১৮) (আ.প্র. ১০৯৪, ই.ফা. ১০৯৯)

<sup>ঁ</sup> কা'বার অভ্যন্তরের সারিতে ছয়টি শুশু রয়েছে। সামনের সারিতে দু'টি শুশু ডানে এবং একটি শুশু বামে রেখে দাঁড়ালে তা দরজা বরাবরে সামনের দু'শুশুর মাঝখানে হয়। রসূলুল্লাহ 😂 দরজা বরাবর অগ্রসর হয়ে দেয়ালের কাছে সলাত আদায় করেছিলেন।

# الْفَجْرِ وَمَنْ سَمَّاهُمَا تَطَوُّعًا بَابِ تَعَاهُدِ رَكْعَتَى الْفَجْرِ وَمَنْ سَمَّاهُمَا تَطَوُّعًا كه\< ৭. স্বায় : ফাজ্রের (সুন্নাত) দু'রাক'আতের হিফাযাত করা আর যারা এ দু'রাক'আতকে নাফ্ল বলেছেন।

١١٦٩. **صَرْنَنَا** بَيَانُ بَنُ عَمْرٍو حَدَّثَنَا يَحْيَى بَنُ سَعِيدٍ حَدَّثَنَا ابْنُ جُرَيْجٍ عَنْ عَطَاءٍ عَنْ عُبَيْدِ بَنِ عُمَيْـــرٍ عَنْ عَائِشَةَ رَضِيَ اللهُ عَنْهَا قَالَتْ لَمْ يَكُنْ النَّبِيُّ ﷺ عَلَى شَيْءٍ مِنْ النَّوَافِلِ أَشَدَّ مِنْهُ تَعَاهُدًا عَلَـــى رَكَعَتَــــيُّ الْهَجْرِ.

১১৬৯. 'আয়িশাহ্ ্র্র্ল্ল্রে হতে বর্ণিত। তিনি বলেন, নাবী ্র্র্ল্রে কোন নফল সলাতকে ফার্জরের দু'রাক'আত সুনাতের চেয়ে অধিক গুরুত্ব প্রদান করতেন না। (মুসলিম ৬/১৪, হাঃ ৭২৪) (আ.প্র. ১০৯৫, ই.ফা. ১১০০)

#### ٢٨/١٩. بَابِ مَا يُقْرَأُ فِي رَكْعَتَيْ الْفَجْرِ

১৯/২৮. অধ্যায় : ফাজ্রের (সুন্নাত) দু'রাক'আতে কতটুকু কিরা'আত পড়া প্রয়োজন।

١١٧٠. صرفنا عَبْدُ اللهِ بَنُ يُوسُفَ قَالَ أَخْبَرَنَا مَالِكُ عَنْ هِشَامٍ بْنِ عُرُوَةَ عَنْ أَبِيهِ عَنْ عَائِشَةَ رَضِي اللهُ عَنْهَا قَالَتْ كَانَ رَسُولُ اللهِ ﷺ يُصلِّي بِاللَّيْلِ ثَلاَثَ عَشْرَةً رَكْعَةً ثُمَّ يُصلِّي إِذَا سَمِعَ النِّسَدَاءَ بِالصُّسَبْحِ رَكْعَتَيْنِ خَفِيفَتَيْنِ.

১১৭০. 'আয়িশাহ্ ক্রিক্সা হতে বর্ণিত। তিনি বলেন, আল্লাহর রস্ল ক্রিক্র রাতে তের রাক 'আত সলাত আদায় করতেন, অতঃপর সকালে আযান শোনার পর সংক্ষিপ্তভাবে দু'রাক 'আত সলাত আদায় করতেন। (৬২৬) (আ.প্র. ১০৯৬, ই.ফা. ১১০১)

١١٧١. صرتنا مُحَمَّدُ بَنُ بَشَّارِ قَالَ حَدَّنَنَا مُحَمَّدُ بَنُ جَعْفَرِ حَدَّنَنَا شُعْبَةُ عَنْ مُحَمَّدِ بَنِ عَبْدِ الرَّحْمَنِ عَنْ عَمْرَةً عَنْ عَائِشَةً رَضِيَ اللَّهُ عَنْهَا قَالَتْ كَانَ النَّبِيُّ عَلَىٰ حَدَّثَنَا أَحْمَدُ بَنُ يُونُسَ حَدَّثَنَا زُهَيْــرٌ عَنْ عَمْرَةً عَنْ عَائِشَةَ رَضِيَ اللهُ عَنْهَا قَالَتْ كَــانَ حَدَّثَنَا يَحْيَى هُوَ ابْنُ سَعِيد عَنْ مُحَمَّدِ بَنِ عَبْدِ الرَّحْمَنِ عَنْ عَمْرَةً عَنْ عَائِشَةً رَضِيَ اللهُ عَنْهَا قَالَتْ كَــانَ النَّبِيُ عَلَيْ يُخَفِّفُ الرَّكَعَتِينُ اللَّتِينِ قَبْلَ صَلاَةِ الصَّبْحِ حَتَّى إِنِي لَأَقُولُ هَلْ قَرْأً بِأُمِّ الْكَتَابِ.

১১৭১. 'আয়িশাহ ্ৰান্ত্ৰা হতে বর্ণিত। তিনি বলেন, নাবী ক্ষ্তু ফাজ্রের সলাতের পূর্বের দু'রাক'আত (সুনাত) এত সংক্ষিপ্ত করতেন এমনকি আমি (মনে মনে) বলতাম, তিনি কি (শুধু) উম্মূল কিতাব (সূরাহ্ ফাতিহা) তিলাওয়াত করলেন? (আ.প্র. ১০৯৭, ই.ফা. ১১০২)

#### أبوَابُ التَطَوَّعُ بَعْدَ

#### (নাফ্ল সলাতের অধ্যায়সমূহ)

٢٩/١٩. بَابِ التَطَوَّعُ بَعْدَ الْمَكْتُوبَةِ.

১৯/২৯. অধ্যায় : ফার্য সলাতের পর নফল সলাত।

١١٧٢. عَرْمُنَا مُسَدَّدٌ قَالَ حَدَّثَنَا يَحْيَى بْنُ سَعِيدَ عَنْ عُبَيْدِ اللهِ قَالَ أَخْبَرَنَا نَافِعٌ عَنْ ابْنِ عُمَرَ رَضِيَ اللهُ عَنْهُمَا قَالَ صَلَّيْتُ مَعَ النَّبِيِ عَلَى سَجْدَتَيْنِ قَبْلَ الظُّهْرِ وَسَجْدَتَيْنِ بَعْدَ الظُّهْرِ وَسَجْدَتَيْنِ بَعْدَ الطُّهْرِ وَسَجْدَتَيْنِ بَعْدَ الْمُعْسَنِ بَعْدَ الْمُعْسَنِ بَعْدَ الْمُعْسَنِ بَعْدَ الْمُعْسَاءُ فَفَى بَيْتِه

১১৭২. ইবনু 'উমার (क्रिं) হতে বর্ণিত। তিনি বলেন, আমি নাবী ক্ষেত্র-এর সঙ্গৈ যুহরের পূর্বে দু'রাক'আত, যুহরের পর দু'রাক'আত, মাগরিবের পর দু'রাক'আত, 'ইশার পর দু'রাক'আত এবং জুমু'আহ্র পর দু'রাক'আত সলাত আদায় করেছি। তবে মাগরিব ও 'ইশার পরের সলাত তিনি তাঁর ঘরে আদায় করতেন। (১৩৭) (আ.প্র. ১০১৭, ই.ফা. ১১০৩)

١١٧٣. وَحَدَّنَتْنِي أُخْتِي حَفْصَةُ أَنَّ النَّبِيَّ ﷺ كَانَ يُصَلِّي رَكَعَتَيْنِ خَفِيفَتَيْنِ بَعْدَ مَــا يَطْلُـــعُ الْفَجْــرُ وَكَانَتْ سَاعَةً لاَ أَدْخُلُ عَلَى النَّبِيِّ ﷺ فِيهَا وَقَالَ ابْنُ أَبِي الزِّنَادِ عَنْ مُوسَى بْنِ عُقْبَةَ عَنْ نَافِعِ بَعْدَ الْعِشـــاءِ في أَهْله تَابَعَهُ كَثِيرُ بْنُ فَرْقَدِ وَأَيُّوبُ عَنْ نَافع.

১১৭৩. ইব্নু 'উমার ( ) আরও বলেন, আমার বোন (উম্মূল মু'মিনীন) হাফসাহ ( ) আমারে হাদীস গুনিয়েছেন যে, নাবী হাজ ফাজ্র হবার পর সংক্ষিপ্ত দু'রাক'আত সলাত আদায় করতেন। (ইব্নু 'উমার ( ) বলেন, ) এটি ছিল এমন একটি সময়, যখন আমরা কেউ নাবী হাজ এর খিদমতে হাযির হতাম না। ইব্নু আবু যিনাদ (রহ.) বলেছেন, মূসা ইব্নু 'উক্বাহ ( ) নাফি' (রহ.) হতে 'ইশার পরে তাঁর পরিজনের মধ্যে কথাটি বর্ণনা করেছেন। (৬১৮; মুসলিম ৬/১৫, হাঃ ৭২৯) (আ.প্র. ১০৯৭ শেষাংশ, ই.ফা. ১১০৩ শেষাংশ)

## ٣٠/١٩. بَابِ مَنْ لَمْ يَتَطَوَّعْ بَعْدَ الْمَكْتُوبَةِ.

১৯/৩০. অধ্যায় : ফার্যের পর নাফল সলাত না আদায় করা।

١١٧٤. صر ثنا علي بن عَبْدِ الله قال حَدَّثَنا سُفْيَانُ عَنْ عَمْرٍ و قَالَ سَمِعْتُ أَبَا الشَّعْثَاءِ جَابِرًا قَالَ سَمِعْتُ ابْنَ عَبَّاسٍ رَضِيَ الله عَنْهُمَا قَالَ صَلَّيْتُ مَعَ رَسُولِ الله عَلَىٰ ثَمَانِيًا جَمِيعًا وَسَبْعًا جَمِيعًا قُلْتُ يَا أَبِا الشَّعْثَاءِ أَظُنَّهُ أَخَرَ الظَّهْرَ وَعَجَّلَ الْعَصْرَ وَعَجَّلَ الْعِشَاءَ وَأَخَرَ الْمَعْرِبَ قَالَ وَأَنَا أَظُنَّهُ.

১১৭৪. ইব্নু 'আব্বাস ( হতে বর্ণিত। তিনি বলেন, আমি আল্লাহর রসূল এ এর সঙ্গে আট রাক'আত একত্রে (যুহ্র ও 'আসরের) এবং সাত রাক'আত একত্রে (মাগরিব-'ইশার) সলাত আদায় করেছি। (সে ক্ষেত্রে সুনাত আদায় করা হয়নি।) 'আম্র (রহ.) বলেন, আমি বললাম, হে আবুশ্ শা'সা! আমার ধারণা, তিনি যুহ্র শেষ ওয়াক্তে এবং আসর প্রথম ওয়াক্তে আর 'ইশা প্রথম ওয়াক্তে ও মাগরিব শেষ ওয়াক্তে আদায় করেছিলেন। তিনি বলেছেন, আমিও তাই মনে করি। (৫৪৩) (আ.প্র. ১০৯৯, ই.ফা. ১১০৪)

#### . ٣١/١٩. بَابِ صَلاَةِ الضُّحَى فِي السَّفَرِ. ١ الصُّحَى فِي السَّفَرِ. ٦٥/١٩. بَابِ صَلاَةٍ الضُّحَى فِي السَّفَرِ.

١١٧٦. صرثنا آدَمُ حَدَّثَنَا شُعْبَةُ حَدَّثَنَا عَمْرُو بْنُ مُرَّةَ قَالَ سَمِعْتُ عَبْدَ الرَّحْمَنِ بْنَ أَبِي لَيْلَى يَقُولُ مَا حَدَّثَنَا أَحَدُ أَنَّهُ رَأَى النَّبِيَّ ﷺ ذَخَلَ بَيْتَهَا يَوْمَ فَـــتْحِ مَدَّنَا أَحَدُ أَنَّهُ يَاتُمُ النَّبِيِّ ﷺ ذَخَلَ بَيْتَهَا يَوْمَ فَـــتْحِ مَكَّةَ فَاغْتَسَلَ وَصَلَّى ثَمَانِيَ رَكَعَاتَ فَلَمْ أَرَ صَلاَةً قَطَّ أَخَفَّ مِنْهَا غَيْرَ أَنَّهُ يُتِمُّ الرُّكُوعَ وَالسُّجُودَ.

১১৭৬. 'আবদুর রাহমান ইব্নু আবৃ লায়লা (রহ.) হতে বর্ণিত। তিনি বলেন, উন্মু হানী হ্রিল্র ব্যতীত অন্য কেউ নাবী ক্রিল্র-কে চাশ্তের সলাত আদায় করতে দেখেছেন, এমন আমাদের নিকট কেউ বর্ণনা করেননি। তিনি উন্মু হানী হ্রিল্র অবশ্য বলেছেন, নাবী ক্রিল্র মাক্কাহ বিজয়ের দিন (পূর্বাহ্নে) তাঁর ঘরে গিয়ে গোসল করেছেন। (তিনি বলেছেন) যে, আমি আর কখনো (তাঁর) অনুরূপ সংক্ষিপ্ত সলাত দেখিনি। তবে কিরা'আত ছাড়া তিনি রুকু' ও সাজদাহ্ পূর্ণাঙ্গরূপে আদায় করছিলেন। (১১০৩) (আ.প্র. ১১০১, ই.ফা. ১১০৬)

> ১৯/৩২. অধ্যায় : যারা যুহা সলাত আদায় করেন না, তবে বিষয়টিকে প্রশন্ত মনে করেন (কারো ইচ্ছাধীন মনে করেন)।

١١٧٧. صرتنا آدَمُ قَالَ حَدَّنَنَا آبَنُ أَبِي ذِئْبٍ عَنْ الزُّهْرِيِّ عَنْ عُرْوَةَ عَنْ عَائِشَةَ رَضِيَ اللهُ عَنْهَا قَالَتْ مَا رَأَيْتُ رَسُولَ اللهِ ﷺ سَبَّحَ سُبْحَةَ الضَّحَى وَإِنِّي لَأُسَبِّحُهَا. ১১৭৭. 'আয়িশাহ্ ্রিল্লা হতে বর্ণিত। তিনি বলেন, আল্লাহর রসূল ক্রিট্র-কে যুহা-এর সলাত আদায় করতে আমি দেখিনি। তবে আমি তা আদায় করে থাকি। (১১২৮) (আ.প্র. ১১০২, ই.ফা. ১১০৭)

#### ٣٣/١٩. بَاب صَلاَةِ الضُّحَى فِي الْحَضَرِ.

১৯/৩৩. অধ্যায় : মুকীম অবস্থায় যুহা সলাত আদায় করা।

قَالَهُ عَتْبَانُ بْنُ مَالِكِ عَنِ النَّبِيِّ عَلَى.

'ইতবান ইব্নু মালিক 🚐 বিষয়টি নাবী 🚎 হতে উল্লেখ করেছেন।

١١٧٨. **عرثنا** مُسْلِمُ بْنُ إِبْرَاهِيمَ أَخْبَرَنَا شُعْبَةُ حَدَّثَنَا عَبَّاسٌ الْجُرَيْرِيُّ هُوَ ابْنُ فَرُّوخَ عَنْ أَبِي عُثْمَانَ النَّهْدِيِّ عَنْ أَبِي هُرَيْرَةَ هُوَ ابْنُ فَرُّوخَ عَنْ أَبِي عُثْمَانَ النَّهْدِيِّ عَنْ أَبِي هُرَيْرَةَ هُوَّةً أَيَّامٍ مِنْ كُلِّ شَهْرٍ النَّهْدِيِّ عَنْ أَبِي هُرَيْرَةً هُوَّةً مَانَ أَوْصَانِي خَلِيلِي بِثَلاَثٍ لاَ أَدَعُهُنَّ حَتَّى أَمُوتَ صَوْمٍ ثَلاَثَةٍ أَيَّامٍ مِنْ كُلِّ شَهْرٍ وَصَلاَة الضُّحَى وَنَوْم عَلَى وثر.

১১৭৮. আবৃ হুরাইরাহ্ ( হতে বর্ণিত। তিনি বলেন, আমার খলীল ও বন্ধু (নাবী হ ) আমাকে তিনটি কাজের ওসিয়্যাত (বিশেষ আদেশ) করেছেন, মৃত্যু পর্যন্ত তা আমি পরিত্যাগ করব না। (তা হল) (১) প্রতি মাসে তিন দিন সিয়াম, (২) সলাতু্য্-যুহা এবং (৩) বিত্র (সালাত) আদায় করে শয়ন করা। (১৯৮১; মুসলিম ৬/১৩, হাঃ ৭২১) (আ.শ্র. ১১০৬, ই.কা. ১১০৮)

১১৭৯. আনাস ইব্নু মালিক হ্রি হতে বর্ণিত। তিনি বলেন, জনৈক স্থুল দেহ বিশিষ্ট আনসারী নাবী এন এর নিকট আরয্ করলেন, আমি আপনার সঙ্গে (জামা'আতে) সলাত আদায় করতে পারি না। তিনি নাবী হ্রি-এর উদ্দেশে খাবার তৈরি করে তাঁকে দাওয়াত করে নিজ বাড়িতে নিয়ে এলেন এবং একটি চাটাই এর এক অংশে (কোমল ও পরিচ্ছন্ন করার উদ্দেশে) পানি ছিটিয়ে (তা বিছিয়ে) দিলেন। তখন তিনি (নবী হ্রি)-এর উপরে দু'রাক'আত সলাত আদায় করলেন। ইব্নু জারুদ (রহ.) আনাস ইব্নু মালিক (ক্রি)-কে জিজ্ঞেস করলেন নাবী হ্রি কি চাশ্ত-এর সলাত আদায় করতেন? আনাস হ্রি বললেন, সেদিন বাদে অন্য সময়ে তাঁকে এ সলাত আদায় করতে দেখিনি। (৬৭০) (আ.প্র. ১১০৪, ই.ফা. ১১০৯)

٣٤/١٩. بَابِ الرَّكْعَتَيْنِ قَبْلَ الظُّهْرِ.

১৯/৩৪. অধ্যায় : যুহরের (ফারযের) পূর্বে দু'রাক'আত সলাত।

١١٨٠. حرثنا سُلَيْمَانُ بْنُ حَرْبِ قَالَ حَدَّثَنَا حَمَّادُ بْنُ زَيْدِ عَنْ أَيُّوبَ عَنْ نَافِعِ عَنْ ابْنِ عُمَرَ رَضِسَيَ اللهُ عَنْهُمَا قَالَ حَفِظْتُ مِنْ النَّبِيِّ ﷺ عَشْرَ رَكَعَات رَكَعَتَيْنِ قَبْلُ الظَّهْرِ وَرَكَعَتَيْنِ بَعْدَهَا وَرَكَعَتَسْنِ بَعْدَ الْعَشَاءِ فِي بَيْتِهِ وَرَكَعَتَيْنِ قَبْلُ صَلاَةِ الصَّبُحِ وَكَانَتْ سَاعَةً لاَ يُدْخَلُ عَلَسَى النَّبِي النَّبِي اللهُ اللهُ اللهُ المُثَبِّحِ وَكَانَتْ سَاعَةً لاَ يُدْخَلُ عَلَسَى النَّبِي اللهُ الله

১১৮০. ইব্নু 'উমার ( হতে বর্ণিত। তিনি বলেন, নাবী হতে হতে আমি দশ রাক'আত সলাত আমার স্মৃতিতে সংরক্ষণ করে রেখেছি। যুহরের পূর্বে দু'রাক'আত পরে দু' রাক'আত, মাগরিবের পরে দু'রাক'আত তাঁর ঘরে, 'ইশার পরে দু'রাক'আত তাঁর ঘরে এবং দু'রাক'আত সকালের (ফাজ্রের) সলাতের পূর্বে। [ইব্নু 'উমার ( বলেন) আর সময়টি ছিল এমন, যখন নাবী হতে-এর নিকট (সচরাচর) কোন লোককে প্রবেশ করতে দেয়া হত না। (৯৩৭) (আ.প্র. ১১০৫, ই.ফা. ১১১০)

١١٨١. حَدَّثَنِي حَفْصَةُ أَنَّهُ كَانَ إِذَا أَذَّنَ الْمُؤَذِّنُ وَطَلَعَ الْفَحْرُ صَلَّى رَكَعَتَيْنِ.

১১৮১. উম্মুল মু'মিনীন হাফ্সাহ ক্রিক্ত্র আমার নিকট বর্ণনা করেছেন যে, যখন মুআয্যিন আযান দিতেন এবং ফাজ্র উদিত হত তখন নাবী ক্রিক্ত্র দু'রাক'আত সলাত আদায় করতেন। (আ.প্র. ১১০৫ শেষাংশ, ই.ফা. ১১১০ শেষাংশ)

١١٨٢. صرتنا مُسَدَّدُ قَالَ حَدَّنَنَا يَحْيَى عَنْ شُعْبَةَ عَنْ إِبْرَاهِيمَ بْنِ مُحَمَّدِ بْنِ الْمُنْتَشِرِ عَنْ أَبِيــهِ عَـــنْ عَائِشَةَ رَضِيَ اللهُ عَنْهَا أَنَّ النَّبِيَّ ﷺ كَانَ لاَ يَدَعُ أَرْبَعًا فَبْلَ الظُّهْرِ وَرَكْعَتَيْنِ قَبْلَ الْغُذَاةِ تَابَعَهُ ابْنُ أَبِي عَدِيٍّ وَعَنْ شُعْبَةَ.

১১৮২. 'আয়িশাহ্ ক্রিক্স হতে বর্ণিত। তিনি বলেন, নাবী ক্রিক্স যুহরের পূর্বে চার রাক'আত এবং (ফাজ্রের পূর্বে) দু'রাক'আত সলাত ছাড়তেন না। ইব্নু আবৃ আদী ও 'আম্র (রহ.) শু'বাহ (রহ.) হতে হাদীস বর্ণনায় ইয়াহুইয়া (রহ.)-এর অনুসরণ করেছেন। (মুসলিম ৬/১৩, হাঃ ৭৩০) (আ.প্র. ১১০৬, ই.ফা. ১১১

# . ٢٥/١٩ بَابِ الصَّلَاةِ قَبْلَ الْمَعْرِبِ. ٣٥/١٩ كه/٥٤. অধ্যায় : মাগরিবের (ফরয এর) পূর্বে সলাত।

الْمُزَنِيُّ عَنِ النَّبِيِّ ﷺ قَالَ صَلَّوا قَبَلَ صَلاَةِ الْمَعْرِبِ قَالَ فِي النَّالِثَةِ لِمَنْ شَاءَ كَرَاهِيَةَ أَنْ يَتَّخِذَهَا النَّاسُ سُنَّةً. اللهُ عَنِ النَّبِيِّ عَلَى صَلَّاةِ الْمَعْرِبِ قَالَ فِي النَّالِثَةِ لِمَنْ شَاءَ كَرَاهِيَةَ أَنْ يَتَّخِذَهَا النَّاسُ سُنَّةً. كَمُهُ عَنِ النَّبِيِّ عَنِ النَّبِيِّ عَنِ النَّبِيِّ عَلَى صَلَّاةِ الْمَعْرِبِ قَالَ صَلَاةِ عَرْقِ الْمَعْرِبِ قَالَ فِي النَّالِثَةِ لِمَنْ شَاءَ كَرَاهِيَةَ أَنْ يَتَّخِذَهَا النَّاسُ سُنَّةً. كَمُوهُ عَنِ النَّبِيِّ عَنِ النَّبِيِّ عَنِ النَّبِيِّ عَلَى صَلَّاقِ اللَّهُ اللَّهُ عَلَى مَعْرِ عَنْ اللَّهِ لَهُ عَلَى مَنْ اللَّهُ عَلَى مَا اللَّهُ عَلَى مَا اللَّهُ عَلَى مَا اللَّهُ عَلَى اللَّهُ اللَّهُ لَمَنْ شَاءً كَرَاهِيَةَ أَنْ يَتَّخِذَهَا النَّاسُ سُنَّةً . كَاللَّهُ لِمَنْ شَاءَ عَلَى مَالْمَ عَلَيْهِ اللَّهُ عَلَيْهُ اللَّهُ اللللَّهُ اللللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللللَّهُ الللللَّهُ الللللَّهُ الللللَّهُ اللَّهُ اللللللللَّهُ الللَّهُ الللَّهُ الللَّهُ اللللللللللَّهُ اللَّهُ اللللللللللللللللل

١١٨٤. مرشا عَبْدُ اللهِ بْنُ يَزِيدَ هُوَ الْمُقْرِئُ قَالَ حَدَّنَنَا سَعِيدُ بْنُ أَبِي أَيُّوبَ قَالَ حَدَّنَبِي يَزِيدُ بْنُ أَبِي حَبِيل بَنُ أَبِي اللهِ عَلَى عَامِر الْحُهَنِيَّ فَقُلْتُ أَلاَ أَعْجِبُكَ مِنْ أَبِسِي عَبِيل قَالَ مُقْبَةً إِنَّا كُنَّا نَفْعَلُهُ عَلَى عَهْدِ رَسُولِ اللهِ عَلَى قَلْتُ فَمَا يَمْنَعُكَ تَمِيم يَرْكَعُ رَكَعَتَيْنِ قَبْلَ صَلاَةِ المُعْرِبِ فَقَالَ عُقْبَةً إِنَّا كُنَّا نَفْعَلُهُ عَلَى عَهْدِ رَسُولِ اللهِ عَلَى اللهِ عَلَى اللهِ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهِ اللهُ اللهِ اللهُ اللهِ اللهُ اللهِ اللهُ اللهُ اللهِ اللهُ اللهُ اللهُ اللهُ اللهِ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهِ اللهُ اللهِ اللهُ اللهُ اللهُ اللهُ اللهِ اللهُ الللهُ اللهُ اللهُ اللهُ الللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهِ الللهُ

১১৮৪. মার্সাদ ইব্নু 'আবদুল্লাহ্ ইয়াযানী (রহ.) হতে বর্ণিত। তিনি বলেন, আমি 'উক্বাহ ইব্নু জুহানী ( ক্রা)-এর নিকট গিয়ে তাঁকে বললাম, আবৃ তামীম (রহ.) সম্পর্কে এ কথা বলে কি আমি আপনাকে বিশ্বিত করে দিব না যে, তিনি মাগরিবের (ফর্য) সলাতের পূর্বে দু' রাক'আত (নফল) সলাত আদায় করে থাকেন। 'উক্বাহ ( ক্রা) বললেন, (এতে বিশ্বয়ের কী আছে?) আল্লাহর রস্ল ক্রা সময়ে তো আমরা তা আদায় করতাম। আমি প্রশ্ন করলাম, তা হলে এখন কিসে আপনাকে বাধা দিচ্ছে? তিনি বললেন, কাজকর্মের ব্যস্ততা। (আ.প্র. ১১০৮, ই.কা. ১১১৩)

٣٦/١٩. بَابِ صَلاَة النَّوَافِلِ جَمَاعَةً.

১৯/৩৬. অধ্যায় : নফল সলাত জামা'আতের সাথে আদায় করা।

ذَكَرَهُ أَنَسٌ وَعَاتِشَةُ رَضِيَ اللهُ عَنْهُمَا عَنِ النَّبِيِّ ﷺ. এ विষয়ে আনাস ও 'আয়িশাহ ﷺ नावी ہے۔

الرَّبِيعِ الأَنْصَارِيُّ أَنَّهُ عَقَلَ رَسُولَ اللهِ ﴿ وَعَقَلَ مَحَّهَا فِي وَجَهِهِ مِنْ بِعُرِ كَانَتُ فِي دَارِهِمْ. الرَّبِيعِ الأَنْصَارِيُّ أَنَّهُ عَقَلَ رَسُولَ اللهِ ﴿ وَعَقَلَ مَحَّهَا فِي وَجَهِهِ مِنْ بِعُرِ كَانَتُ فِي دَارِهِمْ. كَاكُورُ بَعُ اللهِ ﴿ كَانَتُ فِي دَارِهِمْ. كَاكُورُ بَعُ اللهُ ﴿ كَانَتُ فِي دَارِهِمْ. كَاكُورُ بَعُ اللّهُ ﴿ كَانَتُ فِي دَارِهُمْ. كَاكُورُ بَعُ اللّهُ ﴿ كَانَتُ فِي دَارِهُمْ. كَاكُورُ بَعُ اللّهُ ﴿ كَانَتُ فِي دَارِهُمْ بَعُ اللّهُ اللهُ كَاكُورُ بَعُولُ اللهُ ﴿ كَانَتُ فِي دَارِهُمْ وَكُولُ اللهُ اللهُ اللهُ عَقَلَ رَسُولَ اللهُ ﴿ كَاكُورُ مَا اللهُ اللهُ اللهُ عَلَى كَاكُورُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ عَلَى كَاكُورُ اللهُ اللهُ

١١٨٦. فَزَعَمَ مَحْمُودٌ أَنَّهُ سَمِعَ عِنْبَانَ بَنَ مَالِكَ الْأَنْصَارِيَّ اللهِ عَنَى اللهِ عَنْ اللهِ عَنْ اللهِ عَنَى اللهِ عَنْ اللهِ عَنْ اللهِ عَنْ اللهِ عَنَى اللهِ عَنَى اللهِ عَنْ اللهِ عَنْ اللهِ عَنْ اللهِ عَنَى اللهِ عَنْ اللهِ عَنَى اللهِ عَنْ اللهِ عَنْ اللهِ عَنْ اللهِ عَنْ اللهِ عَنْ اللهُ عَنْ اللهِ عَنْ اللهُ عَلَى اللهُ عَا عَلَى اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ عَا

১১৮৬. মাহমূদ (রহ.) বলেন যে, ইতবান ইব্নু মার্লিক আনসারী 🚌 কে (যিনি ছিলেন বদর জিহাদে আল্লাহর রসূল 😂 এর সঙ্গে উপস্থিত বদরী সহাবীগণের অন্যতম) বলতে ওনেছেন যে, আমি আমার কাওম বনূ সালিমের সলাতে ইমামাত করতাম। আমার ও তাদের (কাওমের মাসজিদের) মধ্যে ছিল একটি উপত্যকা। বৃষ্টি হলে উপত্যকা আমার মাসজিদ গমনে বাধা সৃষ্টি করতো এবং এ উপত্যকা অতিক্রম করে তাদের মাসজিদে যাওয়া আমার জন্য কষ্টকর হতো। তাই আমি আল্লাহর রসূল 😂 এর খিদমতে হাযির হয়ে আর্য করলাম, (হে আল্লাহ্র রসূল!) আমি আমার দৃষ্টিশক্তির কমতি অনুভব করছি (উপরভু) আমার ও আমার গোত্রের মধ্যকার উপত্যকাটি বৃষ্টি হলে প্লাবিত হয়ে যায়। তখন তা পার হওয়া আমার জন্য কষ্টকর হয়ে পড়ে। তাই আমার একান্ত আশা যে আপনি শুভাগমন করে আমার ঘরের কোন স্থানে সলাত আদায় করবেন; আমি সে স্থানটিকে সলাতের স্থানরূপে নির্ধারিত করে নিব। আল্লাহর রসূল 😂 ইরশাদ করেন, শীঘ্রই তা করবো। পরের দিন সূর্যের উত্তাপ যখন বেড়ে গেল, তখন আল্লাহর রসূল 😂 এবং আবৃ বাক্র 😝 আসলেন। আল্লাহর রসূল 😂 (প্রবেশের) অনুমতি চাইলে আমি তাঁকে স্বাগত জানালাম, তিনি উপবেশন না করেই আমাকে জিজ্ঞেস করলেন, তোমার ঘরের কোন্ জায়গায় আমার সলাত আদায় করা তুমি পছন্দ কর? যে স্থানে সলাত আদায় করা আমার মনঃপৃত ছিল, তাঁকে আমি সে স্থানের দিকে ইঙ্গিত করে দিলাম। আল্লাহর রসূল 😂 দাঁড়িয়ে তাক্বীর বললেন, আমরা সারিবদ্ধভাবে তাঁর পিছনে দাঁড়ালাম। তিনি দু'রাক'আত সলাত আদায় করে সালাম ফিরালেন। তাঁর সালাম ফেরানোর সময় আমরাও সালাম ফিরালাম। অতঃপর তাঁর উদ্দেশে যে খাযীরা প্রস্তুত করা হচ্ছিল তা আহারের জন্য তাঁর প্রত্যাগমনে আমি বিলম্ব ঘটালাম। ইতিমধ্যে মহল্লার লোকেরা আমার বাড়িতে আল্লাহর রসূল 🚎 এর অবস্থানের সংবাদ শুনতে পেয়ে তাঁদের কিছু লোক এসে গেলেন। এমন কি আমার

ঘরে অনেক লোকের সমাগম ঘটলো। তাঁদের একজন বললেন, মালিক (ইবনু দুখায়শিন) করল কী? তাকে দেখছি না যে? তাঁদের একজন জবাব দিলেন, সে মুনাফিক! আল্লাহ্ ও তাঁর রসলকে ভালবাসে না। আল্লাহর রসূল 🚐 ইরশাদ করলেন : এমন কথা বলবে না। তুমি কি লক্ষ্য করছ না যে, আল্লাহর সন্তুষ্টি কামনায় 'লা- ইলা-হা ইল্লাল্লাহু' উচ্চারণ করেছে। সে ব্যক্তি বলল, আল্লাহ ও তাঁর রসুলই অধিক অবগত। তবে আল্লাহ্র কসম! আমরা মুনাফিকদের সাথেই তার ভালবাসা ও আলাপ-আলোচনা দেখতে পাই। আল্লাহর রসূল 😂 ইরশাদ করলেন: আল্লাহ্ তা'আলা সে ব্যক্তিকে জাহান্নামের জন্য হারাম করে দিয়েছেন, যে ব্যক্তি আল্লাহ্র সন্তুষ্টির উদ্দেশে 'লা- ইলা-হা ইল্লাল্লাহু' উচ্চারণ করে। মাহমূদ 🚌 বলেন, এক যুদ্ধ চলাকালীন সময়ে একদল লোকের নিকট বর্ণনা করলাম তাঁদের মধ্যে রস্লুল্লাহ 🚟 এর সহাবী আবু আইয়ুব (আনসারী) 🕽 ছিলেন। তিনি সে যুদ্ধে ওফাত পেয়েছিলেন। আর ইয়াযীদ ইবুনু মু'আবিয়া 🚌 রোমানদের দেশে তাদের আমীর ছিলেন। আবূ আইয়ুব 🚌 আমার বর্ণিত হাদীসটি অস্বীকার করে বললেন, আল্লাহুর কসম! তুমি যে কথা বলেছ তা যে আল্লাহুর রসূল 🚎 ইরশাদ করেছেন, তা আমি বিশ্বাস করতে পারি না। ফলে তা আমার নিকট ভারী মনে হল। তখন আমি আল্লাহর নামে প্রতিজ্ঞা করলাম যে, যদি এ যুদ্ধ হতে প্রত্যাবর্তন পর্যন্ত তিনি আমাকে নিরাপদ রাখেন, তাহলে আমি ইতবান ইবনু মালিক 😂 কে তাঁর কাউমের মাসজিদের বিষয়ে জিজ্ঞেস করবো, যদি তাঁকে জীবিত অবস্থায় পেয়ে যাই। অতঃপর আমি ফিরে চললাম এবং হাজ্জ কিংবা উমরার নিয়্যাতে ইহরাম করলাম। অতঃপর সফর করতে করতে আমি মাদীনাহ্য় উপনীত হয়ে বনু সালিম গোত্রে উপস্থিত হলাম। দেখতে পেলাম 'ইত্বান 🚌 যিনি তখন একজন বৃদ্ধ ও অন্ধ ব্যক্তি কাউমের সলাতে ইমামাত করছেন। তিনি সলাত সমাপ্ত করলে আমি তাঁকে সালাম দিলাম এবং আমার পরিচয় দিয়ে উক্ত হাদীস সম্পর্কে তাঁকে জিজ্ঞেস করলাম। তিনি প্রথমবারের মতই হাদীসটি আমাকে শুনালেন। (৪২৪) (আ.প্র. ১১০৯ শেষাংশ, ই.ফা. 7778)

#### ٣٧/١٩. بَابِ التَّطُوُّعِ فِي الْبَيْتِ.

১৯/৩৭. অধ্যায় : নফল সলাত ঘরের মধ্যে আদায় করা।

١١٨٧. ص*رثنا* عَبْدُ الأَعْلَى بْنُ حَمَّاد حَدَّثَنَا وُهَيْبٌ عَنْ أَيُّوبَ وَعُبَيْدِ الله عَنْ نَافِعِ عَنْ ابْنِ عُمَرَ رَضِيَ . اللهُ عَنْهُمَا قَالَ قَالَ رَسُولُ اللهِ ﷺ اجْعَلُوا ۚ فِي بُيُوتِكُمْ مِنْ صَلاَتِكُمْ وَلاَ تَتَّخِذُوهَا قُبُورًا تَابَعَهُ عَبْدُ الْوَهَّابِ عَنْ أَيُّوبَ.

১১৮৭. ইব্নু 'উমার হ্রা হতে বর্ণিত। তিনি বলেন, আল্লাহর রস্ল হ্রা ইরশাদ করেছেন : তোমরা তোমাদের কিছু কিছু সলাত তোমাদের ঘরে আদায় করবে, তোমাদের ঘরগুলোকে কবর বানাবে না। 'আবদুল ওহ্হাব (রহ.) আইউব হ্রা হতে হাদীস বর্ণনায় ওয়াহ্ব (রহ.)-এর অনুসরণ করেছেন। (৩৩২) (আ.শু. ১১১০, ই.ফা. ১১১৫)

#### بِسْمِ اللهِ الرَّحْمٰنِ الرَّحِيمِ. পরম দয়ালু করুণাময় আল্লাহ্র নামে

## • ٢ - كتاب فَضل الصَّلاة في مستجد مكَّة وَالْمَدينَة.

## পর্ব (২০) : মাক্কাহ ও মাদীনাহ্র মাসজিদে সলাতের মর্যাদা

• ١/٢. بَابِ فَضْلِ الصَّلاَةِ فِي مَسْجِدِ مَكَّةَ وَالْمَدينَةِ.

২০/১. অধ্যায় : মাক্কাহ ও মাদীনাহুর মাসজিদে সলাতের মর্যাদা।

١١٨٨. صر*ثنا* حَفُصُ بْنُ عُمَرَ حَدَّثَنَا شُعْبَهُ قَالَ أَخْبَرَنِي عَبْدُ الْمَلِكِ بْنُ عُمَيْرٍ عَنْ قَزَعَةَ قَالَ سَمِعْتُ أَبَا سَعِيدٍ اللَّهِ عَنْ النَّبِيِّ عَلَى النَّبِيِّ اللَّهِ عَنْدَوَةً عَشَرَةً غَزُوةً ح.

১১৮৮. কার্য'আ (রহ.) হতে বর্ণিত। তিনি বলেন, আমি আবৃ সা'ঈদ খুদ্রী (ক্রা)-কে চারটি (বিষয়) বলতে শুনেছি। তিনি বলেছেন, আমি নাবী ক্রা হতে শুনেছি। আবৃ সা'ঈদ খুদ্রী (ক্রা) নাবী ক্রা এর সঙ্গে বারটি যুদ্ধে অংশগ্রহণ করেছিলেন। (৫৮৬) (আ.এ. নাই, ই.ফা. ১১১৬)

١١٨٩. صرشنا عَلِيُّ حَدَّثَنَا سُفْيَانُ عَنْ الزُّهْرِيِّ عَنْ سَعِيدِ عَنْ أَبِي هُرَيْرَةَ ﷺ عَنِ النَّبِيِّ ﷺ قَــالَ لاَ تُشَدُّ الرِّحَالُ إِلاَّ إِلَى ثَلاَثَةِ مَسَاجِدَ الْمَسْجِدِ الْحَرَامِ وَمَسْجِدِ الْرَّسُولِ ﷺ وَمَسْجِدِ الْأَقْصَى.

১১৮৯. আবৃ হুরাইরাহ্ হতে বর্ণিত। তিনি নাবী হ হতে বর্ণনা করেন যে, তিনি বলেছেন, মাসজিদুল হারাম, মাসজিদুর রসূল এবং মাসজিদুল আক্সা (বায়তুল মাক্দিস) তিনটি মাসজিদ ব্যতীত অন্য কোন মাসজিদে (সলাতের) উদ্দেশে হাওদা বাঁধা যাবে না (অর্থাৎ সফর করা যাবে না)। (আ.প্র. ১১১১–১১২, ই.ফা. ১১১৬ শেষাংশ)

١١٩٠. حارثنا عَبْدُ اللهِ بْنُ يُوسُفَ قَالَ أَخْبَرَنَا مَالِكٌ عَنْ زَيْدِ بْنِ رَبَاحٍ وَعُبَيْدِ اللهِ بْنِ أَبِسِي عَبْدِ اللهِ اللهِ بَنْ أَبِي عُرَيْرَةً عَنْ أَبِي هُرَيْرَةً عَلَى النَّبِيَ عَنْ أَبِي عَبْدِ اللهِ الْأَعْرِ عَنْ أَبِي هُرَيْرَةً عَلَى النَّبِي عَلَى صَلاَةً فِي مَسْجِدِي هَذَا خَيْرٌ مِنَ الْسَفِ صَلاَةٍ فِيمَا سِوَاهُ إِلاَّ الْمَسْجِدَ الْحَرَام.

১১৯০. আবৃ হুরাইরাহ্ ক্র্রাই হতে বর্ণিত। আল্লাহর রসূল ক্র্রাই বলেছেন: মাসজিদুল হারাম ব্যতীত আমার এ মাসজিদে সলাত আদায় করা অপরাপর মাসজিদে এক হাজার সলাতের চেয়ে উত্তম। (মুসলিম ১৫/৯৩, হাঃ ১৩৯৪, অহমাদ ৭৭৩৭) (আ.প্র. ১১১৩, ই.ফা. ১১১৭)

#### . ۲/۲ باب مَسْجِد قُبَاء. ২০/২. অধ্যায় : কুবা মাসজিদ।\*

١١٩١. حرثنا يَعْقُوبُ بْنُ إِبْرَاهِيمَ هُوَ الدَّوْرَقِيُّ حَدَّثَنَا ابْنُ عُلَيَّةَ أَخْبَرَنَا أَيُوبُ عَنْ نَافِعٍ أَنَّ ابْنَ عُمَــرَ رَضِيَ اللهُ عَنْهُمَا كَانَ لاَ يُصَلِّي مِنْ الضُّحَى إِلاَّ فِي يَوْمَيْنِ يَوْمَ يَقْدَمُ بِمَكَّةَ فَإِنَّهُ كَانَ يَقْدَمُهَا ضُحَى فَيَطُوفُ بِالْبَيْتِ ثُمَّ يُصَلِّي رَكْعَتَيْنِ حَلَفَ الْمَقَامِ وَيَوْمَ يَأْتِي مَسْجِدَ قُبَاءٍ فَإِنَّهُ كَانَ يَأْتِيهِ كُلُّ سَــبْتِ فَـــإِذَا دَحَــلَ بِالْبَيْتِ ثُمَّ يُصَلِّي وَيهِ قَالَ وَكَانَ يُحَدِّثُ أَنَّ رَسُولَ اللهِ عَلَىٰ كَانَ يَحُرُجَ مِنْهُ حَتَّى يُصَلِّي فِيهِ قَالَ وَكَانَ يُحَدِّثُ أَنَّ رَسُولَ اللهِ عَلَىٰ كَــانَ يَــزُورُهُ رَاكِبُــا وَمَا اللهِ عَلَىٰ كَــانَ يَــزُورُهُ رَاكِبُــا وَمَا اللهِ عَلَىٰ كَـانَ يَحْدِثُ أَنَّ رَسُولَ اللهِ عَلَىٰ كَــانَ يَــزُورُهُ رَاكِبُــا وَمَا اللهِ عَلَىٰ مَا مَنْهُ مَالَاقِ مَا يَوْمَ يَأْتِي مَسْجِدَ كُوهِ أَنْ يَخُرُجَ مِنْهُ حَتَّى يُصَلِّي فِيهِ قَالَ وَكَانَ يُحَدِّثُ أَنَّ رَسُولَ اللهِ عَلَىٰ كَــانَ يَــزُورُهُ رَاكِبُــا وَمَا لَهُ إِلَيْهِ عَلَىٰ مَاللَّهُ وَلَىٰ مَالِيْنَ عَلَىٰ مَالِيَةً عَلَىٰ مَالَالِيْهُ عَنْ يَعْمِلُونَ اللهِ عَلَىٰ مَالِي اللهُ عَلَىٰ اللهُ عَلَىٰ لَا لَهُ عَلَىٰ مَاللَاقِ مَالِكُونَ عَلَىٰ مَالِيْهِ عَلَىٰ اللهُ عَلَيْهُ عَلَىٰ كَــانَ يَحْدَوْهُ وَالْهُ وَكَانَ لَكُوبُكُونَ أَنَّ يُسْتِي فَالَعُونَ مَالْهُ وَكَانَ يَعْمَلُونَ اللهُ عَلَى مَالِدَ وَالْهُ وَلَا وَكَانَ لَاللّهِ عَلَىٰ مَالِيْكُولُونَ الْمَالَاقِ اللّهُ وَلَالُولُ وَلَا لَهُ عَلَى اللّهُ وَكَانَ لَيْهُ عَلَىٰ مَالِيلًا اللّهِ اللّهُ الللّهُ اللّهُ اللهُ اللّهُ اللّهُ ا

১১৯১. নাফি' (রহ.) হতে বর্ণিত যে, ইব্নু 'উমার দু' দিন ছাড়া অন্য সময়ে চাশ্তের সঁলাত আদায় করতেন না, যে দিন তিনি মাক্কাহ্য় আগমন করতেন। তাঁর অভ্যাস ছিল যে, তিনি চাশ্তের সময় মাক্কাহ্য় আগমন করতেন। তিনি বাইতুল্লাহ্ তুওয়াফ করার পর মাকামে ইব্রাহীম-এর পিছনে দাঁড়িয়ে দু'রাক'আত সলাত আদায় করতেন। আর যে দিন তিনি কুবা মাসজিদে গমন করতেন। তিনি প্রতি শনিবার সেখানে গমন করতেন এবং সেখানে সলাত আদায় না করে বেরিয়ে আসা অপছন্দ করতেন। নাফি' (রহ.) বলেন, তিনি (ইব্নু 'উমার ( হাদীস বর্ণনা করতেন যে, আল্লাহর রসূল হাদী কুবা মাসজিদ যিয়ারাত করতেন কখনো সওয়ারীতে, কখনো পদব্রজে। (১১৯৩, ১১৯৪, ৭৩২৬) (আ.প্র. ১১১৪, ই.ফা. ১১১৮)

١١٩٢. قَالَ وَكَانَ يَقُولُ إِنَّمَا أَصْنَعُ كَمَا رَأَيْتُ أَصْحَابِي يَصْنَعُونَ وَلاَ أَمْنَعُ أَحَدًا أَنْ يُصَلِّيَ فِـــي أَيِّ سَاعَةِ شَاءَ مِنْ لَيْلِ أَوْ نَهَارٍ غَيْرَ أَنْ لاَ تَتَحَرَّوْا طُلُوعَ الشَّمْسِ وَلاَ غُرُوبَهَا.

১১৯২. নাফি' (রহ.) বলেন, তিনি (ইব্নু 'উমার (क्क्र) তাঁকে আরো বলতেন, আমি আমার সাথীদেরকে যেমন করতে দেখেছি তেমন করব। আর কাউকে আমি দিন রাতের কোন সময়ই সালাত আদায় করতে বাধা দিইনা, তবে তাঁরা যেন সূর্যোদয় ও সূর্যান্তের সময় (সলাতের) ইচ্ছা না করে। (৫৮২; মুসলিম ১৫/৯৭, হাঃ ১৩৯৯, আহমাদ ৪৪৮৫) (আ.প্র. ১১১৪ শেষাংশ, ই.ফা. ১১১৮ শেষাংশ)

. ٣/٢٠ بَابِ مَنْ أَتَى مَسْجِدَ قُبَاءِ كُلَّ سَبْت. ٣/٢٠ بَابِ مَنْ أَتَى مَسْجِدَ قُبَاءِ كُلَّ سَبْت. ২০/৩. অধ্যায় : প্ৰতি मनिবার যিনি কুবা মাসঞ্জিদে আগমন করেন।

<sup>ঁ</sup> কুবা মাসজিদ : মাসজিদে নাবাবী থেকে প্রায় তিন মাইল দূরে অবস্থিত মদীনার প্রথম মাসজিদ এবং মদীনায় হিজরাতকালে রস্লুক্সাহ 😂-এর প্রথম অবস্থান স্থল।

١١٩٣. **صَرَّمُنَا** مُوسَى بْنُ إِسْمَاعِيلَ حَدَّثَنَا عَبْدُ الْعَزِيزِ بْنُ مُسْلِمٍ عَنْ عَبْدِ اللهِ بْنِ دِينَارِ عَنْ ابْنِ عُمَـــرَ رَضِيَ اللهُ عَنْهُمَا قَالَ كَانَ النَّبِيُّ ﷺ يَأْتِي مَسْجِدَ قُبَاءٍ كُلُّ سَبْتٍ مَاشِيًّا وَرَاكِبًا وَكَانَ عَبْدُ اللهِ بْـــنُ عُمَـــرَ رَضَىَ اللهُ عَنْهُمَا يَفْعَلُهُ.

১১৯৩. ইব্নু 'উমার 😂 হতে বর্ণিত। তিনি বলেন, নাবী 🕰 প্রতি শনিবার কুবা মাসর্জিদে আসতেন, কখনো পদব্রজে, কখনো সওয়ারীতে। 'আবদুল্লাহ্ ইব্নু 'উমার 😂 ও ঐরপ করতেন। (১১৯১) (আ.প্র. ১১১৫, ই.ফা. ১১১৯)

#### • ٤/٢. بَابِ إِتْيَانَ مَسْجِدَ قُبَاءَ مَاشِيًا وَرَاكَبًا.

#### ২০/৪. অধ্যায় : পদব্রজে কিংবা সওয়ারীতে করে কুবা মাসজিদে আগমন করা।

١١٩٤. **صرثنا** مُسَدَّدٌ حَدَّنَنَا يَحْيَى بْنُ سَعِيدٍ عَنْ عُبَيْدِ اللهِ قَالَ حَدَّثَنِي نَافِعٌ عَنْ ابْنِ عُمَرَ رَضِي اللهُ عَالَ مَدَّرٍ حَدَّثَنَا عُبَيْدُ اللهِ عَنْ نَافِعٍ فَيُصَلِّي فِيهِ عَنْهُمَا قَالَ كَانَ النَّبِيُ ﷺ يَأْتِي مَسْجِدَ قُبَاءٍ رَاكِبًا وَمَاشِيًا زَادَ ابْنُ نُمَيْرٍ حَدَّثَنَا عُبَيْدُ اللهِ عَنْ نَافِعٍ فَيُصلِّي فِيهِ رَكُعْتَيْن.

১১৯৪. ইব্নু 'উমার 🕽 হতে বর্ণিত। তিনি বলেন, নাবী 🥰 আরোহণ করে কিংবা পার্য়ে হেঁটে কুবা মাসজিদে আসতেন। ইব্নু নুমায়র (রহ.) নাফি' (রহ.) হতে অতিরিক্ত বর্ণনা করেছেন যে, নাবী স্থোনে দু' রাক'আত সলাত আদায় করতেন। (১১৯১) (আ.প্র. ১১১৬, ই.ফা. ১১২০)

#### • ٧/٥. بَابِ فَضْلِ مَا بَيْنَ الْقَبْرِ وَالْمِنْبَرِ.

#### ২০/৫. অধ্যায় : ক্বর ও (মাসজিদে নাবাবীর) মিমরের মধ্যবর্তী স্থানের ফাযীলাত।

١١٩٥. صر من عَبْدُ اللهِ بَنُ يُوسُفَ أَخْبَرَنَا مَالِكُ عَنْ عَبْدِ اللهِ بَنِ أَبِي بَكْرٍ عَنْ عَبَّادِ بَنِ تَمِيمٍ عَنْ عَبْدِ اللهِ بَنِ أَبِي بَكْرٍ عَنْ عَبَّادِ بَنِ تَمِيمٍ عَنْ عَبْدِ اللهِ بَنِي وَمِثْبَرِي رَوْضَةً مِنْ رِيَاضِ الْحَتَّةِ.

১১৯৫. 'আবদুল্লাহ্ ইব্নু যায়দ-মাযিনী (क्क्स) হতে বর্ণিত। আল্লাহর রসূল क्क्सि বলেছেন: আমার ঘর ও মিম্বার-এর মধ্যবর্তী স্থানটুকু জান্লাতের বাগানগুলোর একটি বাগান। (মুসলিম ১৫/৯২, হাঃ ১৩৯০, আহমাদ ১৬৪৩৩) (আ.প্র. ১১১৭, ই.ফা. ১১২১)

١١٩٦. صر أن مُسَدَّدٌ عَنْ يَحْيَى عَنْ عُبَيْدِ اللهِ بْنِ عُمَرَ قَالَ حَدَّثَنِي خُبَيْبُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ عَنْ حَفْصِ بُنِ عَاصِمٍ عَنْ أَبِي هُرَيْرَةَ فَضِ عَنْ النَّبِيِّ عَلَى اللهِ عَلَى اللهِ عَنْ مَيْبَرِي وَمِثْبَرِي وَوْضَةٌ مِنْ رِيَاضِ الْحَنَّةِ وَمِثْبَرِي عَلَى حَوْضِي.

১১৯৬. আবৃ হুরাইরাহ্ হতে বর্ণিত। নাবী হ্রু বলেছেন: আমার ঘর ও মিম্বরের মধ্যবর্তী স্থান জান্নাতের বাগানগুলোর একটি বাগান আর আমার মিম্বর অবস্থিত আমার হাউয (কাউসার)-এর উপরে। (১৮৮৮, ৬৫৮৮, ৭৩৩৫; মুসলিম ১৫/৯২, হাঃ ১৩৯১, আহমাদ ৭২২৭) (আ.প্র. ১১১৮, ই.ফা. ১১২২)

# ٠ ٦/٢. بَابِ مَسْجِدِ بَيْتِ الْمَقْدِسِ.

#### ২০/৬. অধ্যায় : বায়তুল মাকদিসের মাসজিদ।

١١٩٧. صرفنا أبُو الْوَلِيد حَدَّثَنَا شُعْبَةُ عَنْ عَبْد الْمَلْكِ سَمَعْتُ قَزَعَةَ مَوْلَى زِيَاد قَالَ سَمِعْتُ أَبَا سَعِيد الْحُدْرِيَّ اللَّهِيَ عَنِ النَّبِي قَلَّا فَأَعْجَبْنَنِي وَآنَقَنَنِي قَالَ لاَ تُسَافِر الْمَرْأَةُ يَوْمَّيْنِ إِلاَّ مَعَهَا زَوْجُهَا أَوَّ الْحُدْرِيَّ الْمَرْأَةُ يَوْمَيْنِ إِلاَّ مَعَهَا زَوْجُهَا أَوْ ذُو مَحْرَمٍ وَلاَ صَوْمَ فِي يَوْمَيْنِ الْفَطْرِ وَالْأَضْحَى وَلاَ صَلاَةً بَعْدَ صَلاَتَيْنِ بَعْدَ الصَّبُح حَتَّى تَطْلُعَ الشَّسَمُسُ وَبَعْدَ الْعَصْرِ حَتَّى تَعْرُب وَلاَ تُسْتَدُّ الرِّحَالُ إِلاَّ إِلَى ثَلاَتْةِ مَسَاجِدَ مَسْحِدِ الْحَسرامِ وَمَسْحِدِ الْأَقْصَى وَمَسْحِدي .

১১৯৭. যিয়াদের আযাদকৃত দাস কাযা'আহ হতে বর্ণিত। তিনি বলেন, আমি আর্ সা'ঈদ খুদ্রী ক্র-কে নাবী হৈ হতে চারটি বিষয় বর্ণনা করতে শুনেছি, যা আমাকে আনন্দিত ও মুগ্ধ করেছে। তিনি বলেছেন: নারীরগণ স্বামী কিংবা মাহ্রাম ব্যতীত দু'দিনের দূরত্বের পথে সফর করবে না। 'ঈদুল ফিত্র ও 'ঈদুল আযহার দিনগুলোতে সিয়াম নেই। দু' (ফরয) সলাতের পর কোন (নফল ও সুনাত) সলাত নেই। ফায্রের পর সূর্যোদয় পর্যন্ত এবং 'আসরের পর সূর্যান্ত পর্যন্ত । এবং ১. মাসজিদুল হারাম, ২. মাসজিদুল আক্সা এবং ৩. আমার মাসজিদ ছাড়া অন্য কোন মাসজিদে (যিয়ারাতের উদ্দেশে) হাওদা বাধা যাবে না। (সফর করা যাবে না)। (৫৮৬; মুসলিম ৬/৫১, হাঃ ৮২৭, আহমাদ ১১০৪০) (আ.প্র. ১১১৯, ই.ফা. ১১২৩)

#### بِسْمِ اللهِ الرَّحْمٰنِ الرَّحِيمِ পরম দয়ালু করুণাময় আল্লাহ্র নামে

# ٢١ –أَبْوَابُ الْعَمَلِ فِي الصَّلاَةِ. পর্ব (২১) : সলাতের সাথে সংশ্লিষ্ট কাজ

١/٢١. بَابِ اسْتِعَائَةِ الْيَدِ فِي الصَّلاَةِ إِذَا كَانَ مِنْ أَمْرِ الصَّلاَّةِ.

২১/১. অধ্যায় : সলাতের সাথে সংশ্লিষ্ট কাজে সলাতের মধ্যে হাতের সাহায্য নেয়া।

وَقَالَ ابْنُ عَبَّاسٍ رَضِيَ اللهُ عَنْهُمَا يَسْتَعِينُ الرَّجُلُ فِي صَلاَته مِنْ جَسَده بِمَا شَاءً وَوَضَعَ أَبُو إِسْحَاقَ وَقَالَ ابْنُ عَبَّاسٍ رَضَعَ اللهُ عَلَى رُسْعِه الْأَيْسَرِ إِلاَّ أَنَ يَحُكُ جَلَدًا أَوْ يُصَلِّحَ تَوْبًا.

हेर्न 'आक्वाम क्लि वरलहिन, र्कान वर्जि जात मलाएवत मर्रा मतीरतत एक-श्रिक प्रांता (मलाएक मरिन्ने कार्का) माश्या निएक भारत । आवृ हेम्होक (त्रह.) मलाए आमायति खर्का के हेमी नामिरत रतत्थिहिलन এवर छा छूल माथाय निराहिलन । 'आली क्लि (मलाएक) माथाति छिन होति (छान होति कार्का) भाषा वाम हाएवत किन्त छेभरत ताथरूक, एरव कथरना मतीत हूलकारूक हरल वा काभफ़ ठिक कतरूक हरल क्वरूकन ।

১১৯৮. ইব্নু 'আব্বাস 😂 হতে বর্ণিত। তিনি বলেন, তিনি তাঁর খালা মু'মিনদের মা মাইমূনাহ

এবং তাঁর সহধর্মিণী বালিশের দৈর্ঘ্যে শয়ন করলেন। অতঃপর আল্লাহর রস্ল শ্রুমধ্যরাত বা তার কিছু আগ বা পর পর্যন্ত ঘূমিয়ে থাকলেন। অতঃপর আল্লাহর রস্ল জেগে উঠে বসলেন এবং দু'হাতে মুখমণ্ডল মুছে ঘূমের রেশ দূর করলেন। অতঃপর তিনি সূরাহ্ আলে ইমরানের শেষ দশ আয়াত তিলাওয়াত করলেন। পরে একটি ঝুলন্ত মশ্কের দিকে এগিয়ে গেলেন এবং এর পানি দ্বারা উত্তমরূপে উয়্ করে সলাতে দাঁড়িয়ে গেলেন। 'আবদুল্লাহ্ ইব্নু 'আব্বাস লাক বলেন, আমিও উঠে পড়লাম এবং তিনি যেমন করেছিলেন, আমিও তেমন করলাম। অতঃপর আমি গিয়ে তাঁর পাশে দাঁড়ালাম। তখন আল্লাহর রস্ল তাঁর ডান হাত আমার মাথার উপরে রেখে আমার ডান কানে মোচড়াতে লাগলেন (এবং আমাকে তাঁর পিছন হতে ঘূরিয়ে এনে তাঁর ডানপাশে দাঁড় করিয়ে দিলেন)। তিনি তখন দু'রাক'আত সলাত আদায় করলেন, অতঃপর দু'রাক'আত, অতঃপর দু'রাক'আত, অতঃপর দু'রাক'আত, অতঃপর দু'রাক'আত, অতঃপর দু'রাক'আত, করেঃ পড়লেন। শেষে (ফাজ্রের জামা'আতের জন্য) মুআ্য্যিন এলেন। তিনি দাঁড়িয়ে সংক্ষিপ্ত (কিরাআতে) দু'রাক'আত (ফাজ্রের সুনাত) আদায় করলেন। অতঃপর বেরিয়ে গেলেন এবং ফাযরের সলাত আদায় করলেন। (১১৭) (আ.প্র. ১১২০, ই.ফা. ১১২৪)

#### . ٢/٢ باب مَا يُنْهَى عَنْهُ مِنَ الْكَلاَمِ فِي الصَّلاَةِ. ٤٥/٤. अर्थाय: जनात्क कथा वना निशिक शुद्रा।

١١٩٩. مرثنا ابْنُ نُمَيْرٍ حَدَّثَنَا ابْنُ فُضَيْلٍ حَدَّثَنَا الْأَعْمَشُ عَنْ إِبْرَاهِيمَ عَنْ عَلْقَمَةَ عَنْ عَبْدِ اللهِ اللهُ اللهِ الل

حَدَّثَنَا هُرَيْمُ بُنُ سُفَيَانَ عَنِ الْأَعْمَشِ عَنَ إِبْرَاهِيمَ عَنْ عَلَقَمَةً عَنْ عَبُد اللهِ هُ عَنِ النَّبِي اللهُ عَن النَّبِي اللهُ عَن النَّبِي اللهُ عَن عَبُد الله عَن عَبُد الله عَن عَبُد الله عَن عَبُد الله عَلَى كَهُمُهُ. 'আবদুল্লাহ্ ইব্নু মা্স'উদ ( হেত বিণিত। তিনি বলেন, আমরা নাবী ( কেত - কে তার সলাতরত অবস্থায় সালাম করতাম; তিনি আমাদের সালামের জওয়াব দিতেন। পরে যখন আমরা নাজাশীর নিকট হতে ফিরে এলাম, তখন তাঁকে (সলাতে) সালাম করলে তিনি আমাদের সালামের জবাব দিলেন না এবং পরে ইরশাদ করলেন: সলাতে আছে নিমগ্নতা। (১২১৬, ৩৮৭৫) (আ.প্র. ১১২১, ই.লা. ১১২৫)

'আবদুল্লাহ্ ( সূত্রে নাবী ক্রিক্ট হতে অনুরূপ হাদীস বর্ণনা করেছেন। (মুসলিম ৫/৭, হাঃ ৫৩৮, আহমাদ ৩৫৬৩) (ই.ফা. ১১২৬)

١٢٠٠ عَنْ إِسْمَاعِيلُ عَنْ الْمُوسَى أَخْبَرُنَا عِيسَى هُوَ ابْنُ يُونُسَ عَنْ إِسْمَاعِيلَ عَنِ الْحَارِثِ بْنِ شُـبَيْلٍ عَنْ أَبِي عَمْرُو الشَّيْبَانِي قَالَ قَالَ لِي زَيْدُ بْنُ أَرْقَمَ إِنْ كُنَّا لَنَتَكَلَّمُ فِي الصَّلَةِ عَلَى عَهْدِ النَّبِسِي فَلْ يُكَلِّسُمُ عُنْ أَبِي عَمْرُو الشَّيْبَانِي قَالَ قَالَ لِي زَيْدُ بْنُ أَرْقَمَ إِنْ كُنَّا لَنَتَكَلَّمُ فِي الصَّلَةِ الْوَسْطَى فَهُ وَقُومُوا لِلَّهِ قَانِتِينَ فَأُمْرِنَا الصَّلَوَاتِ وَالصَّلَاةِ الْوُسْطَى وَقُومُوا لِلَّهِ قَانِتِينَ فَأَمْرَنَا السَّكُوت.

১২০০. যায়দ ইব্নু আরক্ষম হতে বর্ণিত। তিনি বলেন, আমরা নাবী ত্রু-এর সময়ে সলাতের মধ্যে কথা বলতাম। আমাদের যে কেউ তার সঙ্গীর সাথে নিজ দরকারী বিষয়ে কথা বলত। অবশেষে এ আয়াত নাযিল হল- "তোমরা তোমাদের সলাতসমূহের সংরক্ষণ কর ও নিয়ানুমবর্তিতা রক্ষা কর; বিশেষ মধ্যবর্তী ('আসর) সলাতে, আর তোমরা (সলাতে) আল্লাহ্র উদ্দেশে একাগ্রচিত্ত হও"— (স্রাহ্ আল-বাক্ষার্হ ২/২৩৮)। অতঃপর আমরা সলাতে নীরব থাকতে আদেশপ্রাপ্ত হলাম। (৪৫৩৪; মুসলিম ৫/৭, হাঃ ৫৩৯, আহমাদ ১৯২৯৮) (আ.প্র. ১১২২, ই.ফা. ১১২৭)

#### . ٣/٢١. بَابِ مَا يَجُوزُ مِنْ التَّسْبِيحِ وَالْحَمْدِ فِي الصَّلاَةِ لِلرِّجَالِ. عهري مَا يَجُوزُ مِنْ التَّسْبِيحِ وَالْحَمْدِ فِي الصَّلاَةِ لِلرِّجَالِ. عهري مِهمانه على مِهمانه على مِهمانه على التَّسْبِيحِ وَالْحَمْدِ فِي الصَّلاَةِ لِلرِّجَالِ.

الله عَن أبيه عَنْ سَهْلِ بَنِي مَسْلَمَة حَدَّنَنَا عَبْدُ الْعَزِيزِ بْنُ أَبِي حَازِمٍ عَنْ أَبِيهِ عَنْ سَهْلِ بْنِ سَسَعْدُ ﷺ وَحَانَتُ الصَّلَاةُ فَجَاءَ بِلاَلْ أَبَا بَكُرٍ رَضِيَ الله عَنهُمَا فَقَالَ حُبِسَ النَّبِي ﷺ يُصْلُحُ بَيْنَ بَنِي عَمْرِو بْنِ عَوْف بْنِ الْحَارِثِ وَحَانَتُ الصَّلاَةُ فَتَقَدَّمَ أَبُو بَكُرٍ رَضِيَ الله عَنْهُمَا فَقَالَ حُبِسَ النَّبِي ﷺ فَعَنَّمُ النَّاسَ قَالَ نَعَمْ إِنْ شَيْتُمْ فَأَقَامَ بِلاَلُ الصَّلاَةَ فَتَقَدَّمَ أَبُو بَكُرٍ ﴿ فَهُ فَصَلَّى فَحَاءَ النَّبِي ﷺ يَمْشِي فِي الصَّفُوفِ يَشُقُهَا شَقًا حَتَّى قَامَ فِي الصَّفِّ الْأُوّلِ فَأَخَذَ النَّاسُ بِالتَّصْفِيحِ قَالَ فَعَامَ اللهُ عَنْهُ لاَ يَلْتَفِتُ فِي صَلاَتِهِ فَلَمَّا أَكُوْ سَهُلُ هَلْ تَدْرُونَ مَا التَّصَفِيحُ هُو التَّصَفِيقُ وَكَانَ أَبُو بَكُرٍ رَضِيَ الله عَنْهُ لاَ يَلْتَفِتُ فِي صَلاَتِهِ فَلَمَّا أَكُوْ لَا يَلْتُونُ وَمَا اللهُ ثُمَّ رَجَعَ الْقَهْقَرَى وَرَاءَهُ النَّهِ بَكُو بَكُو بَكُو بَكُو يَدَيْهِ فَحَمِدَ الله ثُمَّ رَجَعَ الْقَهْقَرَى وَرَاءَهُ وَتَقَدَّمَ النَّبِي ﷺ فِي الصَّفِ فَأَسَارَ إِلَيْهِ مَكَانَكَ فَرَفَعَ أَبُو بَكُو يَدَيْهِ فَحَمِدَ الله ثُمَّ رَجَعَ الْقَهْقَرَى وَرَاءَهُ وَتَقَدَّمَ النَّبِي عَنْ السَقِي فَلَى الصَّفِ فَقَالَ عَبْسَ اللّهِ عَلَيْهُ اللهُ فَي الصَّفِ فَأَسُارَ إِلَيْهِ مَكَانَكَ فَرَفَعَ أَبُو بَكُو يَدَيْهِ فَحَمِدَ اللهُ ثُمَّ رَجَعَ الْقَهْقَرَى وَرَاءَهُ وَتَقَدَّمَ النَّبِي عَلَى السَّفَ فَعَلَى الْعَلَاقُ عَلَى الْعَلَقَامَ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ فَصَلَى .

১২০১. সাহল ইব্নু সা'দ হাত বর্ণিত। তিনি বলেন, নাবী বা বন্ বন্ আমর ইব্নু আওফের মধ্যে মীমাংসা করে দেয়ার উদ্দেশে বের হলেন, ইতোমধ্যে সলাতের সময় উপস্থিত হল। তখন বিলাল আব বাক্র এন-এর নিকট এসে বললেন, নাবী কর্মব্যস্ত হয়ে পড়েছেন। আপনি লোকদের সলাতে ইমামাত করবেন? তিনি বললেন, হাঁ, যদি তোমরা চাও। তখন বিলাল সলাতের ইক্মাত বললেন, আব বাক্র সামনে এগিয়ে গিয়ে সলাত ওরু করলেন। ইতোমধ্যে নাবী আসলেন এবং কাতার ফাঁক করে সামনে এগিয়ে গিয়ে প্রথম কাতারে দাঁড়ালেন। মুসল্লীগণ 'তাসফীহ' করতে লাগলেন। সাহল বাক্র বালনেন, তাসফীহ্ কী তা তোমরা জান? তা হল 'তাস্ফীক' (তালি বাজান) আব বাক্র সলাতে এদিক সেদিক লক্ষ্য করতেন না। মুসল্লীগণ অধিক তালি বাজালে তিনি সে দিকে লক্ষ্য করলে নাবী করলেন এবং পিছ হেঁটে চলে একে। আব বাক্র সামনে এগিয়ে গিয়ে সলাত আদার হাম্দ বর্ণনা করলেন এবং পিছ হেঁটে চলে এলেন। নাবী সামনে এগিয়ে গিয়ে সলাত আদায় করলেন। (৬৮৪) (আ.প্র. ১১২৩, ই.ফা. ১১২৮)

<sup>\* &#</sup>x27;তাস্ফীক' (تصفيت ) এক হাতের তালু দারা অন্য হাতের তালুতে আঘাত করা।

# ১/۲۱. بَابِ مَنْ سَمَّى قَوْمًا أَوْ سَلَّمَ فِي الصَّلاَةِ عَلَى غَيْرِهِ مُواجَهَةً وَهُوَ لاَ يَعْلَمُ. الك الك عَلَمُ: সলাতে যে ব্যক্তি প্রত্যক্ষভাবে কারো নাম নিলো অপবা কাউকে সালাম করল অপচ সে তা অবগতও নয়।

١٢٠٢. صر أنا عَمْرُو بَنُ عِيسَى حَدَّثَنَا أَبُو عَبْدِ الصَّمَدِ عَبْدُ الْعَزِيزِ بَنُ عَبْدِ الصَّمَدِ حَدَّثَنَا حُصَيْنُ بَـنُ عَبْدِ الصَّمَدِ عَنْ أَبِي وَائِلٍ عَنْ عَبْدِ اللهِ بَنِ مَسْعُود ﷺ قَالَ كُنَّا نَقُولُ التَّحِيَّةُ فِي الصَّلَاةِ وَنُسَمِّي وَيُسَـلِّمُ بَعْضُنَا عَلَى بَعْضٍ فَسَمِعَهُ رَسُولُ اللهِ ﷺ فَقَالَ قُولُوا :

التَّحِيَّاتُ لِلَّهِ وَالصَّلَوَاتُ وَالطَّيِّبَاتُ السَّلاَمُ عَلَيْكَ أَيُّهَا النَّبِيُّ وَرَحْمَةُ اللهِ وَبَرَكَاتُهُ السَّلاَمُ عَلَيْنَا وَعَلَـــى عِبَادِ اللهِ الصَّالِحِينَ أَشْهَدُ أَنْ لاَ إِلَهَ إِلاَّ اللهُ وَأَشْهَدُ أَنْ مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ

فَإِنَّكُمْ إِذَا فَعَلْتُمْ ذَلِكَ فَقَدْ سَلَّمْتُمْ عَلَى كُلِّ عَبْدٍ لِلَّهِ صَالِحٍ فِي السَّمَاءِ وَالأَرْضِ.

১২০২. 'আবদুল্লাহ্ ইব্নু মাস্'উদ (क्क) হতে বর্ণিত। তিনি বলেন, আমরা সলাতের (বৈঠকে) আত্তাহিয়্যাতু.....বলতাম, তখন আমাদের একে অপরকে সালামও করতাম। আল্লাহর রস্ল ক্কিতা তা তনে ইরশাদ করলেন: তোমরা বলবে-

"যাবতীয় মৌখিক, দৈহিক ও আর্থিক ইবাদত আল্লাহ্রই জন্য। হে (মহান) নাবী! আপনার প্রতি সালাম এবং আল্লাহ্র রহমত ও বরকত (বর্ষিত)— হোক। সালাম আমাদের প্রতি এবং আল্লাহ্র সালিহ্ বান্দাদের প্রতি; আমি সাক্ষ্য দিচ্ছি যে, এক আল্লাহ্ ব্যতীত অন্য কোন প্রকৃত ইলাহ্ নেই। এবং আমি আরও সাক্ষ্য দিচ্ছি যে, মুহাম্মাদ ভূক্তে তাঁর বান্দা ও রস্তল।"

কেননা, তোমরা এরপ করলে আসমান ও যমীনে আল্লাহ্র সকল নেক বান্দাকে তোমরা যেন সালাম করলে। (৮৩১) (আ.প্র. ১১২৪, ই.ফা. ১১২৯)

#### ٥/٢١. بَابِ التَّصْفيقُ للنَّسَاء.

২১/৫. অধ্যায় : সলাতে মহিলাদের 'তাসফীক' (হাত তালি দেয়া)।

١٢٠٣. صرثنا عَلِيُّ بْنُ عَبْدِ اللهِ حَدَّثَنَا سُفْيَانُ حَدَّثَنَا الزُّهْرِيُّ عَنْ أَبِي سَلَمَةَ عَنْ أَبِي هُرَيْرَةَ ﷺ عَـــنِ النَّبِيِّ ﷺ قَالَ التَّسْبِيحُ لِلرِّحَالِ وَالتَّصْفِيقُ لِلنِّسَاءِ.

১২০৩. আবৃ হুরাইরাহ্ হাত বর্ণিত। নাবী হাত ইরশাদ করেছেন: (ইমামের দৃষ্টি আকর্ষণের জন্য) পুরুষদের বেলায় তাস্বীহ্-সুবহানাল্লাহ্ বলা। তবে মহিলাদের বেলায় 'তাসফীক' (এক হাতের তালু দিয়ে অন্য হাতের তালুতে মারা)। (আ.প্র. ১১২৫, ই.ফা. ১১৩০)

١٢٠٤. صرتنا يَحْيَى أَحْبَرَنَا وَكِيعُ عَنْ سُفْيَانَ عَنْ أَبِي حَازِمٍ عَنْ سَهْلِ بْنِ سَعْدٍ ﴿ قَالَ قَالَ النَّبِسِيُّ التَّسْبَيحُ للرِّحَال وَالتَّصْفيحُ للنّسَاء.

১২০৪. সাহল ইব্নু সা'দ (क्क्को হতে বর্ণিত। তিনি বলেন, নাবী ﴿ বিলছেন : সলাতে (লোকমা দেয়ার জন্য) পুরুষদের জন্য 'তাসবীহ্' আর মহিলাদের জন্য তাসফীক। (৬৮৪) (আ.প্র. নাই, ই.ফা. ১১৩১)

باب مَنْ رَجَعَ الْقَهْقَرَى فِي صَلاَتِهِ أَوْ تَقَدَّمَ بِأَمْرٍ يَنْزِلُ بِهِ الْهَهْقَرَى فِي صَلاَتِهِ أَوْ تَقَدَّمَ بِأَمْرٍ يَنْزِلُ بِهِ عِلَى اللهِ عَلَى اللهُ عَلَى اللهِ عَلَى اللهُ عَلَى اللهِ عَلَى اللهِ عَلَى اللهِ عَلَى اللهُ عَلَى اللهُ عَلَى اللهِ عَلَى اللهُ عَلَى ال

رَوَاهُ سَهْلُ بْنُ سَعْدِ عَنِ النَّدِيَ ﷺ. এ বিষয়ে সাহল ইব্নু সা'দ ( নাবী جَيْفِ হতে রিওয়ায়াত করেছেন।

١٢٠٥. صرشنا بِشَرُ بَنُ مُحَمَّد أَخْبَرَنَا عَبْدُ اللهِ قَالَ يُونُسُ قَالَ الزُّهْرِيُّ أَخْبَرَنِي أَنَسُ بِسِنُ مَالِكُ أَنَّ الْمُسْلِمِينَ بَيْنَا هُمْ فِي الْفَحْرِ يَوْمَ اللَّأْنَيْنِ وَأَبُو بَكْرٍ فَضَّهُ يُصَلِّي بِهِمْ فَفَحِنَهُمْ النَّبِيُّ فَشَى قَدْ كَشَفَ سِتْرَ حُجْرَةِ عَائِشَةَ رَضِيَ الله عَنْهَا فَنَظَرَ إِلَيْهِمْ وَهُمْ صُفُوفٌ فَتَبَسَّمَ يَضْحَكُ فَنَكُصَ أَبُو بَكْرٍ فَهُ عَلَى عَقِبَيْهِ وَظَلَّ أَنُ اللهُ عَنْهَا فَنَظَرَ إِلَيْهِمْ وَهُمْ صُفُوفٌ فَتَبَسَّمَ يَضْحَكُ فَنَكُصَ أَبُو بَكْرٍ فَهُ عَلَى عَقِبَيْهِ وَظَلَّ أَنُ أَنْ أَنْ يَفْتَنُوا فِي صَلاَتِهِمْ فَرَحًا بِالنَّبِي فَلَى حَبِينَ رَسُولَ اللهِ فَلَى عَلَيْهِمْ فَرَحًا بِالنَّبِي فَلَا حَبِينَ رَسُولَ اللهِ فَلَى عَلَيْهِمْ فَرَحًا بِالنَّبِي فَلَى حَبِينَ وَلُولِي اللهِ فَي صَلاَتِهِمْ فَرَحًا بِالنَّبِي فَلَى حَبِينَ وَلُولَى اللهِ فَلَا اللهِ فَي صَلاَتِهِمْ فَرَحًا بِالنَّبِي فَلَى الصَّلاَةِ وَهُمَّ الْمُسْلِمُونَ أَنْ يَفْتَنُوا فِي صَلاَتِهِمْ فَرَحًا بِالنَّبِي فَلَى حَبِينَ وَلُولِي اللهُ عَنْهَا وَبَوْلَ اللهِ فَلْهُ عَلَى اللهُ اللهِ عَلَى عَقِبَيْهِ وَهُمْ اللهُ اللهُ اللهِ عَلَى عَقِبَيْهِ وَلَا اللهِ فَيْ عَلَيْهُ فِي فَلَى اللهُ اللهِ اللهِ عَلَى عَقَبِيهِ وَلَوْلَى اللهِ اللهِ اللهِ اللهِ عَلَى اللهِ اللهِ اللهِ اللهِ اللهُ عَلَيْهُ اللهُ اللهِ اللهِ اللهِ اللهُ عَنْهَا اللهِ اللهِ اللهِ اللهُ ال

১২০৫. আনাস ইব্নু মালিক হাতে বর্ণিত; মুসলিমগণ সোমবার (রস্লুল্লাহ্ এ-এর ওফাতের দিন) ফাজ্রের সলাতে ছিলেন, আবৃ বাক্র ভাদের নিয়ে সলাত আদায় করছিলেন। নাবী গোয়াশাহ্ দ্রি-এর হুজরার পর্দা সরিয়ে তাঁদের দিকে তাকালেন। তখন তাঁরা সারিবদ্ধ ছিলেন। তা দেখে তিনি মৃদু হাসলেন। তখন আবৃ বাক্র ভা তাঁর গোড়ালির উপর ভর দিয়ে পিছে সরে আসলেন। তিনি ধারণা করলেন যে, আল্লাহর রস্ল সলাতের জন্য আসার ইচ্ছা করছেন। নাবী ক্রি-কে দেখার আনন্দে মুসলিমগণের সলাত ভেঙ্গে যাওয়ার উপক্রম হয়েছিল। তখন তিনি সলাত সুসম্পন্ন করার জন্য তাদের দিকে হাতে ইন্ধিত করলেন। অতঃপর তিনি হুজরায় প্রবেশ করেন এবং পর্দা ছেড়ে দেন আর সে দিনই তাঁর মৃত্যু হয়। (৬৮০) (আ.প্র. ১১২৬, ই.কা. ১১৩২)

. ٧/٢١. بَابِ إِذَا دَعَتُ الْأُمُّ وَلَدَهَا فِي الصَّلاَةِ. عند المُعْرَبِ المَّلاةِ: মা তার সলাত রত সম্ভানকে ডাকলে। ১২০৬. আবৃ হুরাইরাহ্ তে বর্ণিত। তিনি বলেন, আল্লাহর রস্ল তে বলেছেন: এক মহিলা তার ছেলেকে ডাকল। তখন তার ছেলে গীর্জায় ছিল। বলল, হে জুরায়জ! ছেলে মনে মনে বলল, হে আল্লাহ্! (এক দিকে) আমার মা (এর ডাক) আর (অন্য দিকে) আমার সলাত! মা আবার ডাকলেন, হে জুরাইজ! ছেলে বলল, হে আল্লাহ্! আমার মা আর আমার সলাত! মা আবার ডাকলেন, হে জুরায়জ! ছেলে বলল, হে আল্লাহ্! আমার মা ও আমার সলাত। মা বললেন, হে আল্লাহ্! পতিতাদের সামনে দেখা না যাওয়া পর্যন্ত যেন জুরায়জের মৃত্যু না হয়। এক রাখালিনী যে বকরী চরাতো, সে জুরায়জের গীর্জায় আসা যাওয়া করত। সে একটি সন্তান প্রসব করল। তাকে জিজ্ঞেস করা হল– এ সন্তান কার ঔরসজাত? সে জবাব দিল, জুরায়জের ঔরসের। জুরায়জ তাঁর গীর্জা হতে নেমে এসে জিজ্ঞেস করলো, কোথায় সে মেয়েটি, যে বলে যে, তার সন্তানটি আমার? (সন্তানসহ মেয়েটিকে উপস্থিত করা হলে) জুরায়জ বলেন, হে বাবৃস! তোমার পিতা কে? সে বলল, বকরীর অমুক রাখাল। (২৪৮২, ৩৪৩৬, ৩৪৬৬; মুসলিম ৪৫/২, হাঃ ২৫৫০) (আ.প্র. ১১২৭, ই.ফা. ১১৩৩)

# . নৈ/ ১ নিক্রি في الصَّلاَة. ﴿ ٨/٢ ﴾ . بَابِ مَسْحِ الْحَصَا في الصَّلاَة. ﴿ ٩٤/٥. عَلَمُ الْحَصَا فِي الصَّلاَةِ .

١٢٠٧. صرتنا أَبُو نُعَيْمٍ حَدَّثَنَا شَيْبَانُ عَنْ يَحْتَى عَنْ أَبِي سَلَمَةَ قَالَ حَدَّثَنِي مُعَيْقِيبٌ أَنَّ النَّبِيَّ ﷺ قَالَ فِي الرَّجُلِ يُسَوِّي التُّرَابَ حَيْثُ يَشْجُدُ قَالَ إِنْ كُنْتَ فَاعِلاً فَوَاحِدَةً.

১২০৭. মু'আইকিব ( হতে বর্ণিত। নাবী ( সে ব্যক্তি সম্পর্কে বলেছেন, যে সাজদাহ্র স্থান হতে মাটি সমান করে। তিনি বলেন, যদি তোমার একান্তই করতে হয়, তবে একবার। (মুসলিম ৫/১২, হাঃ ৫৪৬, আহমাদ ১৫৫০৯) (আ.প্র. ১১২৮, ই.ফা. ১১৩৪)

#### . ٩/٢١. بَابِ بَسُطِ الثَّوْبِ فِي الصَّلاَةِ لِلسُّجُودِ. ا अ/৯. অধ্যায় : সলাতে সাজদাহুর জন্য কাপড় বিছানো ا

١٢٠٨. صر أن مُسَدَّدٌ حَدَّثَنَا بِشَرُّ حَدَّثَنَا غَالِبُّ الْقَطَّانُ عَنْ بَكْرِ بْنِ عَبْدِ اللهِ عَنْ أَنسِ بْنِ مَالِكَ اللهِ عَنْ أَنسِ بْنِ مَالِكَ اللهِ عَنْ أَنسِ بْنِ مَالِكَ اللهِ عَنْ أَنْ يُمَكِّنَ وَجْهَهُ مِنَ الْأَرْضِ بَسَطَ ثَوْبُكُ فَالَ كُنَّا نُصَلِّي مَعَ النَّبِيِ اللهِ عَنْ الْأَرْضِ بَسَطَ ثَوْبُكُ فَالَ كُنَّا نُصَلِّي مَعَ النَّبِي اللهِ عَنْ الْأَرْضِ بَسَطَ ثَوْبُكُ فَالَ كُنَّا نُصَلِّي مَعَ النَّبِي اللهِ عَنْ الْأَرْضِ بَسَطَ ثَوْبُكُ فَاللهِ عَنْ اللهِ عَلَيْهِ عَلَيْهِ اللهِ عَلَيْهِ اللهِ عَلَيْهِ اللهِ عَلَيْهِ عَلَيْهِ عَلَيْهِ عَنْ اللهِ عَلَيْهُ اللّهِ عَلَيْهِ اللّهِ عَلَيْهِ عَلَيْهِ اللهِ عَلَيْهِ الللهِ عَلَيْهِ الللهِ عَلَيْهِ اللهِ عَلَيْهِ عَلَيْهِ عَلَيْهِ اللّهِ عَلَيْهِ اللّهِ عَلَيْهِ عَلَيْهِ عَلَيْهِ عَلَيْهِ عَلَيْهِ عَلَيْهِ عَلَيْهِ عَلَيْهِ عَلَيْهُ عَلَيْهِ عَلَيْهِ عَلَيْهِ عَلْهُ اللّهِ عَلَيْهِ عَلَ

১২০৮. আনাস ইব্নু মালিক (ক্রা) হতে বর্ণিত। তিনি বলেন, প্রচণ্ড গরমের মধ্যে আমরা আল্লাহর রসূল ক্রা-এর সঙ্গে সলাত আদায় করতাম। আমাদের কেউ মাটিতে তার চেহারা (কপাল) স্থির রাখতে সক্ষম না হলে সে তার কাপড় বিছিয়ে তার উপর সাজদাহ করত। (৩৮৫) (আ.প্র. ১১২৯, ই.ফা. ১১৩৫)

#### . ١٠/٢١. بَابِ مَا يَجُوزُ مِنَ الْعَمَلِ فِي الصَّلاَةِ. ২১/১০. অধ্যায় : সলাতে যে কাজ বৈধ।

١٢٠٩. صر*َثنا* عَبْدُ اللهِ بْنُ مَسْلَمَةَ حَدَّثَنَا مَالِكُ عَنْ أَبِي النَّضْرِ عَنْ أَبِي سَلَمَةَ عَنْ عَائِشَةَ رَضِي اللهُ عَنْهَا قَالَتْ كُنْتُ أُمُدُّ رِجْلِي فِي قِبْلَةِ النَّبِيِّ ﷺ وَهُوَ يُصَلِّي فَإِذَا سَجَدَ غَمَزَنِي فَرَفَعْتُهَا فَإِذَا قَامَ مَلَدَثُهَا.

১২০৯. 'আয়িশাহ্ ক্রিক্স হতে বর্ণিত। তিনি বলেন, নাবী ক্রিক্স সলাত আদায়কালে আমি তাঁর কিব্লার দিকে পা ছড়িয়ে রাখতাম; তিনি সাজদাহ্ করার সময় আমাকে খোঁচা দিলে আমি পা সরিয়ে নিতাম; তিনি দাঁড়িয়ে গেলে আবার পা ছড়িয়ে দিতাম। (৩৮২) (আ.প্র. ১১৩০, ই.ফা. ১১৩৬)

١٢١٠. صرفنا مَحْمُودٌ حَدَّنَنَا شَبَابَةُ حَدَّثَنَا شُعْبَةُ عَنْ مُحَمَّدِ بْنِ زِيَادِ عَنْ أَبِي هُرَيْرَةَ ظَهْ عَنِ النَّبِسِيِّ اللهِ مَرْمَودٌ حَدَّنَا شُعْبَةُ عَلَى لِيَقْطَعَ الصَّلَاةَ عَلَى فَأَمْكَنَنِي اللهِ مِنْهُ فَذَعَتُهُ وَلَقَدْ اللهِ اللهِ مَنْهُ فَذَعَتُهُ وَلَقَدْ مَمْتُ أَنْ أُوثِقَهُ إِلَى سَارِيَة حَتَّى تُصْبِحُوا فَتَنْظُرُوا إِلَيْهِ فَذَكَرْتُ قَوْلَ سُلَيْمَانَ عَلَيْهِ السَّلاَم ﴿ رَبِّ هَـبْ لِي مُمْتَ اللهُ عَاسِيًا مُلْكًا لاَ يَنْبَغِي لِأَحَدِ مِنْ بَعْدِي ﴾ فَرَدَّهُ الله خَاسِيًا

ثُمَّ قَالَ النَّضْرُ بْنُ شُمَيْلِ فَذَعَتُهُ بِالذَّالِ أَيْ حَنَقْتُهُ وَفَدَعَّتُهُ مِنْ قَوْلِ اللهِ ﴿ لِيَـوْمَ يُــدَعُّونَ ﴾ أَيْ يُـــدْفَعُونَ وَالصَّوَابُ فَدَعَتُهُ إِلاَّ أَنَهُ كَذَا قَالَ بِتَشْدِيدِ الْعَيْنِ وَالتَّاءِ.

১২১০. আবৃ হুরাইরাহ্ হতে বর্ণিত। নাবী و একবার সলাত আদায় করার পর বললেন : শয়তান আমার সামনে এসে আমার সলাত বিনষ্ট করার জন্য আমার উপর আক্রমণ করল। তখন আল্লাহ্ আমাকে তার উপর ক্ষমতা দান করলেন, আমি তাকে ধাক্কা দিয়ে মাটিতে ফেলে গলা চেপে ধরলাম। আমার ইচ্ছা হয়েছিল, তাকে কোন স্তম্ভের সাথে বেঁধে রাখি। যাতে তোমরা সকাল বেলা উঠে তাকে দেখতে পাও। তখন সুলাইমান 'আলাইহিস সালাম-এর এ দু'আ আমার মনে পড়ে গেল, الكنادي المُحَدِّم مِنْ بَعْدِي لا كَثَر مِنْ بَعْدِي لا تَعْدِي لا تَعْدِي لا تَعْدِي لا تَعْدِي لا تَعْدِي لا تَعْدِي الْحَدِّمِينْ بَعْدِي لا تَعْدِي ١٠ তখন আল্লাহ্ তাকে (শয়তানকে) অপমানিত করে দূর করে দিলেন। (আ.এ. ১১৩১)

নায্র ইব্নু শুমায়ল (রহ.) বলেন, وَالُ শব্দটি زَالُ সহ অর্থাৎ তাকে ধাক্কা দিয়ে মাটিতে ফেলে গলা চেপে ধরলাম এবং غَذَعَتُهُ আল্লাহ্র কালাম يَوْمَ يُدَعُونَ হতে অর্থাৎ তাদেরকে ধাক্কা মেরে নিয়ে যাওয়া হবে এবং সঠিক হল তবে عين অক্ষর দু'টি তাশদীদ সহ পাঠ করেছেন। (৪৬১) (ই.ফা. ১১৩৭) ফর্মা- ১/৪০

## الدَّابَّةُ فِي الصَّلاَةِ. ١١/٢١. بَابِ إِذَا انْفَلَتَتْ الدَّابَّةُ فِي الصَّلاَةِ. ١١/٢١. عَلَيْهِ عَلَيْه ١ अवाख शंकाकाल পশু ছুটে পালালে دد/د২

وَقَالَ قَتَادَةُ إِنْ أَحِذَ تُوْبُهُ يَتْبَعُ السَّارِقَ وَيَدَعُ الصَّلاَّةَ.

ক্বাতাদাহ (রহ.) বলেন, কাপড় যদি (চুরি করে) নিয়ে যাওঁয়া হয়, তবে সলাত ছেড়ে দিয়ে চোরকে অনুসরণ করবে।

١٢١١. صرشنا آدَمُ حَدَّنَنَا شُعْبَةُ حَدَّنَنَا الْأَرْرَقُ بَنُ قَيْسٍ قَالَ كُنَّا بِالْأَهْوَازِ نُقَاتِلُ الْحَرُورِيَّةَ فَبَيْنَا أَنَّكَ عَلَى جُرُفِ نَهْرٍ إِذَا رَجُلَّ يُصَلِّي وَإِذَا لِجَامُ دَابَّتِهِ بِيدِهِ فَجَعَلَتْ الدَّابَّةُ تُنَازِعُهُ وَجَعَلَ يَثْبَعُهَا قَالَ شُعْبَةُ هُوَ أَبُو عَلَى جُرُف نَهْرٍ إِذَا رَجُلٌ مِنَ الْحَوَارِجِ يَقُولُ اللَّهُمَّ افْعَلْ بِهِذَا الشَّيْخِ فَلَمَّا انْصَرَفَ الشَّسْيُخُ قَالَ إِيِّسِي مُرْزَةَ الأَسْلَمِيُّ فَجَعَلَ رَجُلٌ مِنَ الْحَوَارِجِ يَقُولُ اللَّهُمُّ افْعَلْ بِهِذَا الشَّيْخِ فَلَمَّا انْصَرَفَ الشَّسْيُخُ قَالَ إِيِّسِي مَرْزَةً لَا شَعْبَ فَوَلَكُمْ وَإِنِي غَزَوْتُ مَعَ رَسُولِ اللهِ ﴿ اللهِ عَزَوَاتُ أَوْ سَبْعَ غَزَوَاتٍ وَثَمَانِي وَشَهِدْتُ تَيْسِيمِهُ وَإِنِّي إِنْ كُنْتُ أَنْ أَرَاحِعَ مَعَ دَابَّتِي أَحَبُ إِلَى مَنْ أَنْ أَدَعَهَا تَرْجُعُ إِلَى مَأْلُفِهَا فَيَشُقُ عَلَيْ.

১২১১. আযরাক্ ইব্নু ক্র্য়স হতে বর্ণিত। তিনি বলেন, আমরা আহওয়ায শহরে হারুরী (খারিজী) সম্প্রদায়ের বিরুদ্ধে যুদ্ধরত ছিলাম। যখন আমরা নহরের তীরে ছিলাম তখন সেখানে এক ব্যক্তি এসে সলাত আদায় করতে লাগল আর তার বাহনের লাগাম তার হাতে আছে। বাহনটি (ছুটে যাওয়ার জন্য) টানাটানি করতে লাগল, তিনিও তার অনুসরণ করতে লাগলেন। রাবী ও'বাহ (রহ.) বলেন, তিনি ছিলেন আবু বারযাহ আসলামী ( ) এ অবস্থা দেখে এক খারিজী বলে উঠলো, ইয়া আল্লাহ্! এ বৃদ্ধকে কিছু করুন। বৃদ্ধ সলাত শেষ করে বললেন- আমি তোমাদের কথা ওনেছি। আমি আল্লাহর রসূল এর সঙ্গে ছয়, সাত কিংবা আট যুদ্ধে অংশগ্রহণ করেছি এবং আমি তাঁর সহজীকরণ লক্ষ্য করেছি। আমার বাহনটির সাথে আগপিছ হওয়া বাহনটিকে তার চারণ ভূমিতে ছেড়ে দেয়ার চেয়ে আমার নিকট অধিক প্রিয়। কেননা, তার আমার জন্য কষ্টদায়ক হবে। (৬১২৭) (আ.প্র. ১১৩২, ই.ফা. ১১৩৮)

١٢١٢. صر أن مُحمَّدُ بَنُ مُقَاتِلِ أَخْبَرُنَا عَبْدُ الله أَخْبَرُنَا يُونُسُ عَنْ الزُّهْرِيِّ عَنْ عُرُوةً قَالَ قَالَتْ عَائِشَةُ خَسَفَتْ الشَّمْسُ فَقَامَ النَّبِيُ فَشَّا فَقَرَأُ سُورَةً طَوِيلَةً ثُمَّ رَكَعَ فَأَطَالَ ثُمَّ رَفَعَ رَأْسَهُ ثُمَّ اسْتَفْتَحَ بِسُورَة أُخْرَى خَسَفَتْ الشَّمْسُ فَقَامَ النَّبِيُ فَقَلَ فَلِلَ فِي النَّانِيَة ثُمَّ قَالَ إِنَّهُمَا آيَتَانِ مِنْ آيَاتِ اللهِ فَإِذَا رَأَيْتُهُمُ ذَلِكَ فِي النَّانِيَة ثُمَّ قَالَ إِنَّهُمَا آيَتَانِ مِنْ آيَاتِ اللهِ فَإِذَا رَأَيْتُهُمُ ذَلِكَ فِي النَّانِيَة ثُمَّ قَالَ إِنَّهُمَا آيَتَانِ مِنْ آيَاتِ اللهِ فَإِذَا رَأَيْتُهُمُ ذَلِكَ فِي النَّانِيَة ثُمَّ قَالَ إِنَّهُمَا آيَتَانِ مِنْ آيَاتِ اللهِ فَإِذَا رَأَيْتُهُمُ فَلَا مَلَى اللَّانِيَة ثُمَّ قَالَ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ وَاللهُ عَلَى اللهُ وَاللهُ اللهُ وَاللهُ عَلَى اللهُ وَاللهُ اللهُ اللهُ وَاللهُ اللهُ وَاللهُ اللهُ وَاللهُ اللهُ وَاللهُ وَاللهُ اللهُ وَاللهُ وَاللهُ وَاللهُ وَاللهُ وَاللهُ وَاللهُ وَاللهُ وَاللهُ وَاللهُ اللهُ وَاللهُ وَاللهُ وَاللهُ وَاللهُ وَاللهُ وَاللهُ وَلِلْهُ وَاللهُ وَاللّهُ وَاللّهُ وَلَقُولُولُ اللهُ وَاللّهُ وَلِكُ وَاللّهُ وَلِلْهُ وَاللّهُ وَاللّه

১২১২. 'আয়িশাহ ক্রিক্স হতে বর্ণিত। তিনি বলেন, একবার সূর্যগ্রহণ হলো। আল্লাহর রসূল প্রেক্স (সালাতে) দাঁড়ালেন এবং দীর্ঘ সূরাহ্ পাঠ করলেন, অতঃপর রুক্ 'করলেন, আর তা দীর্ঘ করলেন। অতঃপর রুক্ 'হতে মাথা তুলেন এবং অন্য একটি সূরাহ্ পাঠ করতে শুরু করলেন। পরে রুক্ 'সমাপ্ত করে সাজদাহ্ করলেন। দ্বিতীয় রাকা 'আতেও এরপ করলেন। অতঃপর বললেন: এ দু টি (চন্দ্রগ্রহণ ও সূর্যগ্রহণ) আল্লাহ্র নিদর্শনসমূহের অন্যতম। তোমরা তা দেখলে গ্রহণ মুক্ত না হওয়া পর্যন্ত সলাত আদায় করবে। আমি আমার এ স্থানে দাঁড়িয়ে, আমাকে যা ওয়াদা করা হয়েছে তা সবই দেখতে পেয়েছি। এমনকি যখন তোমরা আমাকে সামনে এগিয়ে যেতে দেখেছিলে তখন আমি দেখলাম যে, জানাতের একটি (আঙ্গুর) গুচ্ছ নেয়ার ইচ্ছা করছি এবং জাহান্নামে দেখতে পেলাম যে, তার একাংশ অন্য অংশকে ভেঙ্গে চুরমার করে ফেলছে। আর যখন তোমরা আমাকে পিছনে সরে আসতে দেখেছিলে আমি দেখলাম সেখানে আম্র ইব্নু লুহাইকে যে সায়িবাহ পথা প্রবর্তন করেছিল। (১০৪৪) (আ.প্র. ১১৩৩, ই.ফা. ১১৩৯)

## . ١ ٢/٢١. بَابِ مَا يَجُوزُ مِنَ الْبُصَاقِ وَالنَّفْخِ فِي الصَّلاَةِ. ا ١ ٢/٢٩. अध्याय : সলাতে থাকাবস্থায় थू थू निक्किंश कदा ও कूँ দেয়া ا

وَيُذَكِّرُ عَنْ عَبْدِ اللهِ بْنِ عَمْرِو نَفَخَ النَّبِيُّ ﷺ فِي سُجُودِهِ فِي كُسُوفٍ.

'আবদুল্লাহ্ ইব্নু 'আম্র 🚎 হতে বির্ণিত । নাবী 🚎 সূর্য গ্রহণের সলাতের সাজদাহ্র সময় ফুঁ দিয়েছিলেন।

١٢١٣. عرشنا سُلَيْمَانُ بَنُ حَرْبِ حَدَّثَنَا حَمَّادٌ عَنْ أَيُوبَ عَنْ نَافِعٍ عَنْ ابْنِ عُمَرَ رَضِيَ اللهُ عَنْهُمَا أَنَّ النَّبِيَّ عَلَى رَأَى نُخَامَةً فِي قَبْلَةِ الْمَسْجِدِ فَتَغَيَّظَ عَلَى أَهْلِ الْمَسْجِدِ وَقَالَ إِنَّ اللهَ قَبَلَ أَحَدِكُمْ فَإِذَا كَانَ فِي صَلاَتِهِ فَلاَ يَبْرُفَنَ أَوْ قَالَ لاَ يَتَنَخَّمَنَ ثُمَّ نَزَلَ فَحَتَّهَا بِيَدِهِ وَقَالَ ابْنُ عُمَرَ رَضِيَ اللهُ عَنْهُمَا إِذَا بَزَقَ أَحَدُكُمْ فَلْيَبْرُقُ عَلَى يَسَاره.

১২১৩. ইব্নু 'উমার হতে বর্ণিত। নাবী শ্রে মাসজিদের কিব্লার দির্কে নাকের শ্রেমা দেখতে পেয়ে মাসজিদের লোকদের উপর রাগান্বিত হলেন এবং বললেন: আল্লাহ্ তোমাদের প্রত্যেকের সামনে রয়েছেন, কাজেই তোমাদের কেউ সলাতে থাকাকালে থুথু ফেলবে না বা বর্ণনাকারী বলেছেন, নাক ঝাড়বে না। এ কথা বলার পর তিনি (মিম্বার হতে) নেমে এসে নিজের হাতে তা ঘষে ঘষে পরিষ্কার করলেন এবং ইব্নু 'উমার শ্রে বলেন, তোমাদের কেউ যখন থুথু ফেলে তখন সে যেন তার বাঁ দিকে ফেলে। (৪০৬) (আ.প্র. ১১৩৪, ই.ফা. ১১৪০)

<sup>ै</sup> السُّوَائبُ বছ্বচন, একবচনে السَّائبَةُ অর্থ বিমুক্ত, পরিত্যান্ত, বাঁধনমুক্ত। স্কাহিলী যুগে দেব-দেবীর নামে উট ছেড়ে দেয়ার কু-প্রথা ছিল। এসব উটের দুধ পান করা এবং তার্কে বাহনরূপে ব্যবহার করা অবৈধ মনে করা হত।

١٢١٤. ص*ائنًا مُحَمَّدٌ حَدَّثَنَا غُنْدَرٌ حَدَّثَنَا شُغْبَةُ* قَالَ سَمِعْتُ قَتَادَةً عَنْ أَنسِ بْنِ مَالِكِ فَشِهُ عَنِ النَّبِسِيِّ عَلَىٰ إِذَا كَانَ فِي الصَّلَاّةِ فَإِنَّهُ يُنَاجِي رَبَّهُ فَلاَ يَبْرُقَنَّ بَيْنَ يَدَيْهِ وَلاَ عَنْ يَمِينِهِ وَلَكِنْ عَنْ شُسِمَالِهِ تَحْسَتُ قَدَمه الْيُشْرَى.

১২১৪. আনাস ইব্নু মালিক হাতে বর্ণিত। নাবী হাত বলেছেন: তোমাদের কেউ র্যখন সলাতে থাকে, তখন তো সে তার রবের সাথে নিবিড় আলাপে মশগুল থাকে। কাজেই সে যেন তার সামনে বা ডানে থু থু না ফেলে; তবে (প্রয়োজনে) বাঁ দিকে বা পায়ের নীচে ফেলবে। (২৪১) (আ.প্র. ১১৩৫, ই.ফা. ১১৪১)

١٣/٢١. بَاب مَنْ صَفَّقَ جَاهِلاً مِنْ الرِّجَالِ فِي صَلاَتِهِ.

২১/১৩. অধ্যায় : যে ব্যক্তি অর্জান্তে সলাতে হাততালি দেয় তার সলাত বিনষ্ট হয় না।

١٤/٢١. بَابِ إِذَا قِيلَ لِلْمُصلِّي تَقَدَّمْ أَوْ الْتَظِرْ فَالْتَظَرَ فَلاَ بَأْسَ.

২১/১৪. অধ্যায় : মুসল্লীকে সম্মুখে এগোতে অথবা অপেক্ষা করতে বলা হলে সে যদি অপেক্ষা করে তবে এতে গুনাহ নেই।

١٢١٥. صر ثنا مُحَمَّدُ بْنُ كَثير أَخْبَرَنَا سُفْيَانُ عَنْ أَبِي حَازِمٍ عَنْ سَهْلِ بْنِ سَعْد ﷺ قَالَ كَانَ النَّــاسُ يُصَلُّونَ مَعَ النَّبِيِّ ﷺ وَهُمْ عَاقِدُو أَزْرِهِمْ مِنْ الصِّغَرِ عَلَى رِقَابِهِمْ فَقِيلَ لِلنِّسَاءِ لاَ تَرْفَغُنَ رُءُوسَــكُنَّ حَتَّــى يَسْتَويَ الرِّحَالُ جُلُوسًا.

১২১৫. সাহল ইব্নু সা'দ ( হতে বর্ণিত। তিনি বলেন, সহাবীগণ নাবী হৈছে-এর সঙ্গে সঁলাত আদায় করতেন এবং তাঁরা তাদের লুঙ্গি ছোট হবার কারণে ঘাড়ের সাথে বেঁধে রাখতেন। তাই মহিলাগণকে বলা হল, পুরুষগণ সোজা হয়ে না বসা পর্যন্ত তোমরা (সাজ্দাহ হতে) মাথা তুলবে না। (৩৬২) (আ.শু. ১১৩৬, ই.ফা. ১১৪২)

الصَّلاَةِ. ١٥/٢١. بَابِ لاَ يَرُدُّ السَّلاَمَ فِي الصَّلاَةِ. ২১/১৫. অধ্যায় : সলাতে সালামের উত্তর দিবে না।

١٢١٦. صرشنا عَبْدُ اللهِ بْنُ أَبِي شَيْبَةَ حَدَّثَنَا ابْنُ فُضَيْلٍ عَنِ الْأَعْمَشِ عَنْ إِبْرَاهِيمَ عَنْ عَلْقَمَةَ عَنْ عَبْدِ اللهِ قَالَ كُنْتُ أُسَلِّمُ عَلَى النَّبِيِ عَلَى وَهُوَ فِي الصَّلَاةِ فَيَرُدُ عَلَيَّ فَلَمَّا رَجَعْنَا سَلَّمْتُ عَلَيْهِ فَلَمْ يَرُدُّ عَلَيَّ وَقَالَ إِنَّ فِي الصَّلَاةِ فَيْرُدُ عَلَيَّ فَلَمَّا رَجَعْنَا سَلَّمْتُ عَلَيْهِ فَلَمْ يَرُدُّ عَلَيَّ وَقَالَ إِنَّ فِي الصَّلَاةِ لَسُغَلَاّ.

১২১৬. 'আবদুল্লাহ্ ক্রি) হতে বর্ণিত। তিনি বলেন, আমি নাবী ক্রি-কে তাঁর সলাতে সালাম করতাম। তিনি আমাকে সালামের জবাব দিতেন। আমরা (আবিসিনিয়া হতে) ফিরে এসে তাঁকে (সলাতে) সালাম করলাম। তিনি জওয়াব দিলেন না এবং পরে বললেন: সলাতে আছে নিমগ্নতা। (১১৯৯; মুসলিম ৫/৭, হাঃ ৫৪০, আহমাদ ১৪৫৯৪) (আ.প্র. ১১৩৭, ই.ফা. ১১৪৩)

١٢١٧. صر ثنا أبُو مَعْمَر حَدَّنَنَا عَبْدُ الْوَارِثِ حَدَّنَنَا كَثِيرُ بْنُ شَنْظِيرِ عَنْ عَطَاءِ بْنِ أَبِي رَبَاحٍ عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللهِ رَضِيَ اللهُ عَنْهُمَا قَالَ بَعَنْنِي رَسُولُ اللهِ عَلَى خَاجَة لَهُ فَانَطُلَقْتُ ثُمَّ رَجَعْتُ وَقَلَ تَضَيْبُهَا فَاللهُ عَبْدِ اللهِ رَضِيَ اللهِ عَنْهُمَا قَالَ بَعَنْنِي رَسُولُ اللهِ عَلَى مَا اللهُ أَعْلَمُ بِهِ فَقُلْتُ فِي تَفْسِي لَعَلُ رَسُولَ اللهِ فَأَتَيْتُ النَّبِيَ عَلَى فَسَلَّمْتُ عَلَيْهِ فَلَمْ يَرُدَّ عَلَيَّ فَوَقَعَ فِي قَلْبِي أَشَدُ مِنَ الْمَرَّةِ الآولِي اللهِ عَلَى وَحَدَ عَلَى أَنِي أَبْطُأْتُ عَلَيْهِ فَلَمْ يَرُدًّ عَلَيْ فَلَمْ يَرُدًّ عَلَى فَوْقَعَ فِي قَلْبِي أَشَدُ مِنَ الْمَرَّةِ الآولِي عُنْسِ سَلَّمْتُ عَلَيْهِ فَرَدًّ عَلَيْ فَقَالَ إِنَّمَا مَنَعْنِي أَنْ أَرُدًّ عَلَيْكَ أَنِي كُنْتُ أُصَلِّي وَكَانَ عَلَى رَاحِلَتِهِ مُتَوَجِّهًا إِلَى غَيْرِ سَلَّمْتُ عَلَيْ فَوَالَ إِنَّمَا مَنَعْنِي أَنْ أَرُدًّ عَلَيْكَ أَنِي كُنْتُ أُصَلِّي وَكَانَ عَلَى رَاحِلَتِهِ مُتَوَجِّهًا إِلَى غَيْرِ الْقَلْمَةُ عَلَيْ فَوَالَ إِنَّمَا مَنَعْنِي أَنْ أَرُدً عَلَيْكَ أَنِي كُنْتُ أُصَلِّي وَكَانَ عَلَى رَاحِلَتِهِ مُتَوَجِّهًا إِلَى غَيْرِ الْقَلْةَ إِنَّهُ مَا لَكُولُ اللهِ اللهِ اللهُ ال

১২১৭. জাবির ইব্নু 'আবদুল্লাহ্ হতে বর্ণিত। তিনি বলেন, আল্লাহর রসূল আমার্কে তাঁর একটি কাজে পাঠালেন, আমি গেলাম এবং কাজটি সেরে ফিরে এলাম। অতঃপর নাবী করলাম। করলাম। তিনি জওয়াব দিলেন না। এতে আমার মনে এমন খটকা লাগল যা আল্লাহ্ই ভাল জানেন। আমি মনে মনে বললাম, সম্ভবত আমি বিলম্বে আসার কারণে নাবী আমার উপর অসভুষ্ট হয়েছেন। আবার আমি তাঁকে সালাম করলাম; তিনি জওয়াব দিলেন না। ফলে আমার মনে প্রথম বারের চেয়েও অধিক খটকা লাগল। (সলাত শেষে) আবার আমি তাঁকে সালাম করলাম এবার তিনি সালামের জওয়াব দিলেন এবং বললেন: সলাতে ছিলাম বলে তোমার সালামের জওয়াব দিতে পারিনি। তিনি তখন তাঁর বাহনের পিঠে কিব্লা হতে অন্যমুখে ছিলেন। (মুসলিম ৫/৭, হাঃ ৫৪০, আহমাদ ১৪৫৯৪) (আ.প্র. ১১৩৮, ই.ফা. ১১৪৪)

#### باب رَفْعِ الْآيْدِي فِي الصَّلاَةِ لِأَمْرِ يَنْزِلُ بِهِ. ١٦/٢١. بَاب رَفْعِ الْآيْدِي فِي الصَّلاَةِ لِأَمْرِ يَنْزِلُ بِهِ. جاءَدُهُ عَلَيْهُ عَلِيْهُ عَلَيْهُ عَلَيْكُ عَلَيْهِ عَلَيْهُ عَلَيْهُ عَلَيْهِ عَلَيْهُ عَلَيْهُ عَلَيْهُ عَلَيْهِ عَلَيْهِ عَلَيْهِ عَلَيْهُ عَلَيْهِ عَلَيْهُ عَلَيْهُ عَلَيْهِ عَلَيْهِ عَلَيْهُ عَلَيْهُ عَلَيْهُ عَلَيْهِ عَلَيْهُ عَلَيْهُ عَلَيْهِ عَلَيْهُ عَلَيْهُ عَلَيْهِ عِلَيْهِ عَلَيْهِ عَلِيهِ عَلَيْهِ عَلَيْهِ عَلَيْهِ عَلَيْهِ عَلَيْهِ عَلَيْهِ عَل عَلَيْهِ عَل

١٢١٨. صرتنا قُتَيْبَةُ حَدَّثَنَا عَبْدُ الْعَزِيزِ عَنْ أَبِي حَازِمٍ عَنْ سَهَلِ بْنِ سَعْدَ ﴿ قَالَ بَلْغَ رَسُولَ اللهِ اللهِ اللهِ اللهِ عَمْرِو بْنِ عَوْف بِقُبَاء كَانَ بَيْنَهُمْ شَيْءٌ فَخَرَجَ يُصَلِّحُ بَيْنَهُمْ فِي أَنَاسٍ مِنْ أَصْحَابِهِ فَحُبِسَ رَسُولُ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهُ عَنْهُمَا فَقَالَ يَا أَبَا بَكُر إِنَّ رَسُولَ اللهِ اللهِ اللهُ عَنْهُمَا فَقَالَ يَا أَبَا بَكُر إِنَّ رَسُولَ اللهِ اللهِ اللهُ عَنْهُمَا فَقَالَ يَا أَبَا بَكُر إِنَّ رَسُولَ اللهِ اللهِ عَلَى قَدْ حُبِسَ وَقَدْ حَانَتُ الصَّلاَةُ فَهَلَ لَكَ أَنْ تَوُمَّ النَّاسَ قَالَ نَعْمُ إِنْ شَفْتَ فَأَقَامَ بِلاَلُ الصَّلاَةُ وَتَقَدَّمَ أَبُو بَكُر وَضِي اللهُ عَنْهُ اللهُ الصَّلاَةُ وَتَقَدَّمَ أَبُو بَكُر وَضِي اللهِ عَنْهُ لاَ يَلْتَفِتُ فِي الصَّفِ فَأَخَذَ النَّاسُ فِي التَّصْفِيحِ لَلنَّاسِ وَجَاءَ رَسُولُ اللهِ عَلَى النَّاسُ فِي الصَّفُوفِ يَشُقُهَا شَقًا حَتَّى قَامَ فِي الصَّفِ فَأَخَذَ النَّاسُ فِي التَّصْفِيحِ لَلنَّاسُ وَحَاءَ رَسُولُ اللهِ عَلَى التَّعْمَفِيقُ قَالَ وَكَانَ أَبُو بَكُر رَضِيَ اللهُ عَنْهُ لاَ يَلْتَفِتُ فِي صَلاَتِهِ فَلَمَّا أَكْثَرَ النَّاسُ اللهِ اللهِ فَلَا فَأَشَارَ إِلَيْهِ يَأْمُرُهُ أَنْ يُصَلِّي فَرَفَعَ أَبُو بَكُر عَلِي يَدُهُ فَحَمِدَ اللهَ ثُمَارَ إِلَيْهِ يَأْمُرُهُ أَنْ يُصَلِّي فَرَفَعَ أَبُو بَكُر عَلَى يَدَهُ فَحَمِدَ اللهَ ثُمَّ رَجَعَ الْقَهَقَدَرَى

وَرَاءَهُ حَتَّى قَامَ فِي الصَّفِّ وَتَقَدَّمَ رَسُولُ اللهِ ﷺ فَصَلَّى لِلنَّاسِ فَلَمَّا فَرَغَ أَقْبَلَ عَلَى النَّاسِ فَقَالَ يَا أَيُّهَا النَّاسُ مَا لَكُمْ حِينَ نَابَكُمْ شَيْءٌ فِي الصَّلَاةِ أَخَذَتُمْ بِالتَّصْفِيحِ إِنَّمَا التَّصْفِيحُ لِلنَّسَاءِ مَنْ نَابَهُ شَيْءٌ فِي صَلاَتِه فَلْيَقُلْ سُبْحَانَ اللهِ ثُمَّ الْتَفَتَ إِلَى أَبِي بَكْرِ اللهِ فَقَالَ يَا أَبَا بَكُر مَا مَنَعَكَ أَنْ تُصَلِّيَ لِلنَّاسِ حِينَ أَشَرْتُ إِلَيْكَ قَالَ أَبُو بَكُرٍ مَا كَانَ يَنْبَغِي لِابْنِ أَبِي قُحَافَةً أَنْ يُصَلِّيَ بَيْنَ يَدَيُّ رَسُولِ اللهِ ﷺ.

১২১৮. সাহল ইবনু সা'দ 😂 হতে বর্ণিত। তিনি বলেন, আল্লাহর রসূল 😂 এর নিকট এ সংবাদ পৌছল যে, কুবায় বনৃ আমর ইব্নু আওফ গোত্রে কোন ব্যাপার ঘটেছে। তাদের মধ্যে মীমাংসার উদ্দেশে তিনি কয়েকজন সহাবীসহ বেরিয়ে গেলেন। আল্লাহর রসূল 🚐 সেখানে কর্মব্যস্ত হয়ে পড়েন। ইতোমধ্যে সলাতের সময় হয়ে গেল। বিলাল 😂 আবৃ বাক্র 😂 এর নিকট এসে বললেন, হে আবৃ বাক্র! আল্লাহর রসুল 🚎 কর্মব্যস্ত রয়েছেন। এদিকে সলাতের সময় উপস্থিত। আপনি কি লোকদের ইমামাত করবেন? তিনি বললেন, হাঁ, যদি তুমি চাও। তখন বিলাল 🚌 সলাতের ইক্বামাত বললেন এবং আবু বাকর 🕮 এগিয়ে গেলেন এবং তাক্বীর বললেন। তখন আল্লাহর রসূল 😂 আনলেন এবং কাতার ফাঁক করে সামনে এগিয়ে গিয়ে কাতারে দাঁড়ালেন। মুসল্লীগণ তখন তাস্ফীহ্ করতে লাগলেন। সাহ্ল 🚌 বলেন, তাস্ফীহ্ মানে তাস্ফীক (হাতে তালি দেয়া) তিনি আরো বললেন, আবূ বাক্র 📾 সলাতে এদিক সেদিক তাকাতেন না। মুসল্লীগণ অধিক (তালি দেয়া) করবে, তিনি লক্ষ্য করে রসূলুল্লাহ্ 🚐 -কে দেখতে পেলেন। তিনি তাঁকে ইঙ্গিতে সলাত আদায় করার আদেশ দিলেন। তখন আবৃ বাক্র 📺 তাঁর দু'হাত তুললেন এবং আল্লাহ্র হাম্দ বর্ণনা করলেন। অতঃপর পিছু হেঁটে পিছনে চলে এসে কাতারে দাঁড়ালেন। আর আল্লাহর রসূল 😂 সামনে এগিয়ে গেলেন এবং মুসল্লীগণকে নিয়ে সলাত আদায় করলেন। সলাত শেষ করে তিনি মুসল্লীগণের দিকে মুখ করে বললেন : হে লোক সকল! তোমাদের কী হয়েছে? সলাতে কোন ব্যাপার ঘটলে তোমরা হাত চাপড়াতে শুরু কর কেন? হাত চাপড়ানো তো মেয়েদের জন্য। সলাতে আদায়রত অবস্থায় কারো কিছু ঘটলে পুরুষরা সুব্হানাল্লাহ্ বলবে। অতঃপর তিনি আবৃ বাক্র 🕮 এর দিকে লক্ষ্য করে তাঁকে জিজ্ঞেস করলেন, হে আবৃ বাক্র! তোমাকে আমি ইঙ্গিত করা সত্ত্বেও কিসে তোমাকে সলাত আদায়ে বাধা দিল? আবৃ বাক্র 🖼 বললেন, আল্লাহর রসুল 🚝 এর সামনে দাঁড়িয়ে সলাত আদায় করা ইব্নু আবূ কুহাফার<sup>\*</sup> জন্য সমীচীন নয়। (৬৮৪) (আ.প্র. ১১৩৯, ই.ফা. ১১৪৫)

> . ۱۷/۲۱ . بَابِ الْخَصْرِ فِي الصَّلاَةِ. ২১/১৭. অধ্যায় : সলাতে কোমরে হাত রাখা।

